 রাবণ, মাতা কর্তৃক দুঃখ ও কোধ সহকারে
 কথিত উক্ত প্রকার কটুবাক্য শ্রবণ করত,
 মনে মনে অতিশয় অপমান বোধ করিয়া
 তপস্বী করিতে কৃতনিশ্চয় হইয়া কহিল—
 “মাতঃ! আমার সংসর্গ উক্তি শ্রবণ কর।
 যখন আমরা তোমার তিন পুত্র বর্ষমান,
 তখন তুমিই মা রত্নগর্ভা, তদ্বিশেষে কোন
 সন্দেহ নাই। ঐ কৌটত্বলা কুবের অংবার
 কে? উহার ক্ষুদ্র তপস্বাই বা কি? নির্দিষ্ট
 কতিপয় সেবক-সমর্ষিত অতি ক্ষুদ্র উহার
 লক্ষ্যরাজ্যই বা কি? উহা ত অতি সামান্ত।
 হে দয়াময়ি মাতঃ! তুমি কটু বাক্যে আমাকে
 উত্তেজিত করিয়া যথেষ্ট পুত্রবৎসল্য
 প্রদর্শন করিলে। আমি উৎসাহ সহকারে
 তোমার নিকটে প্রতিজ্ঞা করিতেছি—
 এরূপ প্রতিজ্ঞা আর কেহ করণ করে নাই।
 হে মাতঃ কৈকসি! তুমি মহাভাগ্যবতী;
 আমার প্রতিজ্ঞা শ্রবণ কর। আমি নিদ্রা
 ক্রৌড়া, এমনি কি অরজল পর্যাপ্ত পরিভ্যাগ-
 পূর্বক ব্রহ্মার সন্তোষকর দুহর তপস্বী

পাতালখণ্ড

চেতন্য শিভলোকস্থ ষাভাৎ পাপং ভবেন্নম ।
কুস্তকর্ণেহপি কৃতবান্ বিভীষণসমভিতঃ ।
রাবণোহথ সহ ত্রাজেত্যাকাগাদ্-

গিরিকাননম্ ॥ ৪০

অগস্ত্য উবাচ ।

অধোগ্রঃ স তপো দৈত্যা দশবর্ষসহস্রকম্ ।
চকার ভাস্কর্য্যং চ পশুস্বর্জং পদে স্থিতঃ ॥ ৪৪
কুস্তকর্ণেহপি কৃতবাস্তপঃ পরমহুস্তরম্ ।
বিভীষণস্ত ধর্ম্মায়া চচার পরমং তপঃ ॥ ৪৫
তদা প্রসন্নো ভগবান্ দেবদেবঃ প্রজ্ঞাপতিঃ ।
দেবদানবযক্ষাদিমুক্তৈঃ পরিসেবিতঃ ॥ ৪৬
দদৌ রাজ্যং চ সুমন্দভুবনত্রয়ভাস্বরম্ ।
বপুচ কৃতবান রম্যং দেবদানবসেবিতম্ ॥ ৪৭
তদা সন্ত্য পতো ভ্রাতা ধনদো ধর্ম্মবুদ্ধিমান ।
বিমানং তু ততো নীতং লক্ষ্য চ নগরী হর্ষাৎ ॥

করিয়া, যদি ত্রিভুবন বশীভূত করিতে না পারি, তাহা হইলে যেন আমার পিতৃ-হত্যার পাপ হয়। ৩৬—৪২। বিভীষণ ও কুস্তকর্ণও মাতার নিকটে ঐরূপ প্রতিজ্ঞা করিল। অনন্তর রাবণ ভ্রাতৃদ্বয়ের সহিত গিরিকাননে গমন করিল। অগস্ত্য কহিলেন,—অনন্তর সেই রাবণ, উর্দ্ধদিকে সূর্য্যাভিমুখে দৃষ্টিপাতপূর্ব্বক একপদে দণ্ডায়মান হইয়া দশ সহস্র বৎসর কঠোর তপস্বা করিল। কুস্তকর্ণ ও ধর্ম্মায়া বিভীষণও ঐরূপে কঠোর তপস্বা করিতে লাগিল। অনন্তর দেব, দৈত্যা, যক্ষগন্ধর্বাদি সকলেই পদানত হইয়া যাহার সেবা করিতে ব্যগ্র হয়, সেই ভগবান্ দেবদেব প্রজ্ঞাপাত রাবণাদির উক্ত প্রকার কঠোরতম তপস্বায় সাতিশয় স্ত্রীত হইয়া সাক্ষাৎকার প্রদর্শনপূর্ব্বক ত্রিভুবনের আধিপত্য প্রদান করিলেন এবং তাহাদিগের শরীর দেবদানব-সেবিত অতি রমণীয় করিয়া দিলেন। ৪০—৪৭। অনন্তর দুর্ভাষা রাবণ তপঃপ্রভাবে দুর্ভব হইয়া ধর্ম্ম-বুদ্ধি কুবেদকে অশেষপ্রকারে উৎপীড়ন

ভুবনঃ তাপিতঃ সর্গঃ দেবার্ষ্টব দিবো গতাঃ
হতবান্ ত্রাক্ষণকুলঃ মুনীনাং মূলকৃন্তনঃ ॥ ৪৯
তদাতিত্বঃখিতা দেবাঃ সেন্সা ব্রহ্মাণমাযযুঃ ।
ঋতিং চক্রুর্হাষ্মানো দণ্ডবৎপ্রণাতং গতাঃ ॥
তে তুষ্টিবুঃ সুরাঃ সর্গে বাগ্ভিরিষ্টাভিরাদৃতাঃ
ততঃ প্রসন্নো ভগবান্ কিং করে'মীতি

চাশ্ববীৎ ॥ ৫১ ॥

ততো নিবেদয়াক্রুর্ভ্রঙ্কণে বিবুধাঃ পুরা ।
দশগ্রীবাস্ত সঙ্কষ্টং তথা নিজপরাভবম্ ॥ ৫২
ক্ষণং ধায়া যযৌ ব্রহ্মা কৈলাসং ত্রিদিশঃ সহ
তস্ত শৈলস্ত পার্শ্বে তু বৈচিত্র্যেণ সমাকুলাঃ ।
স্থিতাঃ সঙ্কষ্টবুদ্ধিবাঃ শচুঃ শক্রপুরোগামাঃ ॥
নমো ভবায় শর্কীয় মীলগ্রীবায় তে নমঃ ।
নমঃ স্কলায় স্কন্মায় বহরুপায় তে নমঃ ॥ ৫৪

করিতে লাগিল, পুষ্পক বিমান কাড়িয়া লইয়া লঙ্কারাজ্য হইতে তাঁহাকে তাড়াইয়া দিল এবং স্বয়ং সেই লঙ্কানগরীতে অবস্থানপূর্ব্বক সমস্ত ভগ্নতে উপ্দ্ৰব করিতে আরম্ভ করিল। দেবগণ তাহার ভয়ে স্বর্গ হইতে পলায়ন করিলেন। অনেকে ত্রাক্ষণ রাবণ-হস্তে নিহত হইলেন। বহুতর মুনি রাবণ হস্তে নিহত হইলেন। তখন ইন্দ্রাদি দেব-গণ সাতিশয় দুঃখিত হইয়া ব্রহ্মার নিকটে গমনপূর্ব্বক দণ্ডবৎ প্রণত হইয়া তাঁহাকে স্তব করিতে লাগিলেন। মহাশয় দেবগণ মধুর বচনে ভক্তিপূর্ব্বক ব্রহ্মার স্তব করিলে ভগবান্ ব্রহ্মা প্রসন্ন হইয়া দেবতাদিগকে বলিলেন,—‘তোমাদের কি কার্য্য করিব বল।’ অনন্তর দেবগণ ব্রহ্মার নিকটে বাণ হইতে আপনাদের দুর্গতি ও পরাভব নিবেদন করিলে, ব্রহ্মা ক্ষণকাল চিন্তা করিয়া পরে দেবগণ সন্তোষসাধারে কৈলাসে গমন করিলেন। ইন্দ্রাদি দেবগণ তথায় গমনপূর্ব্বক সেই কৈলাস পর্ব্বতের পার্শ্বদেশে অবস্থানপূর্ব্বক পর্ব্বত-শোভা দর্শনে বিস্ময়বহুল হইয়া শত্বর্কে স্তব করিতে লাগিলেন। ৪৮—৫০। ‘হে দেব! আপনি ভব, শর এবং

ইতি সৰ্বমুখেনোক্তাং বাণীমাকৰ্ণ্য শঙ্করঃ ।
 শ্রোষাচ নন্দিনং দেবানানয়েতি মমাস্তিকম্ ॥
 এতস্মিন্নস্তরে দেবা আহুতা নন্দিনা ক্রবম্ ।
 এবিশ্ৰান্তঃপুরে দেব দদৃশুর্কিম্বিত্তেষ্কণাঃ ॥৫৬
 ব্রহ্মাগতা দদর্শাথ শঙ্করং লোকশঙ্করম্ ।
 গণকোটিসহস্রৈশ্চ সেবিতং যোদশালিভিঃ ॥ ৫৭
 মগ্নৈরিক্রপৈঃ কুটিলৈধু সঠৈরিকটেস্তথা ।
 প্রণিপত্যাগ্ৰতঃ শ্বিত্বা সহ দেবৈঃ পিতামহ ॥৫৮
 উবাচ দেবদেবেশ পশ্চাৎস্বাং দিবৌকসাম্ ।
 কৃপাং কুরু মহাদেব শরণাগতবৎসল ॥ ৫৯
 বৃষ্টলৈত্যাবধাৰ্ণং চ সমুদ্রযোগং বিধেহুতঃ ।
 সোহপি তদ্বচনং ব্রহ্মা দৈন্ত্রশোকসমর্দিতম্ ॥৬০
 ত্রিদশৈঃ সঙ্কিতঃ সঠৈরাজগাম হংসেঃ পদম্ ।
 তুইবুর্নয়ঃ সৰ্বৈঃ সপুৰোরয়কিন্নরঃ ॥ ৬১
 জয় মাধব দেবেশ জগত্কুজনাক্তিহন ।

মৌল্যীব, আপনাকে নমস্কার ; আপনি স্থূল
 হৃদয়—বহুরূপী, আপনাকে নমস্কার।" মহা-
 দেব দেবগণের স্তুত্বইরূপ স্ততিবাক্য শ্রবণ
 করিয়া, দেবগণকে নিকটে আনয়ন করিবার
 জন্ত নন্দীকে আদেশ করিলেন। হে দেব!
 ব্রহ্মাদি দেবগণ নন্দী কর্তৃক আহুত হইয়া
 মহাদেবের অন্তঃপুরে প্রবেশ করিয়া বিস্মিত-
 নেত্রে দেখিলেন,—লোককল্যাণকারী শঙ্কর,
 সৰ্বদাই আনন্দমত্ত নগ্ন বিকৃতাকার কৃকপ
 কুটিল সহস্রকোটি প্রমথগণে পরিবেষ্টিত
 হইয়া অবস্থিতি করিতেছেন। ব্রহ্মা দেব-
 গণ সমতিবাহ্যারে অগ্রে অবস্থানপূরক
 প্রণাম করিয়া দেবদেব মহাদেবকে কহিলেন,
 —“হে শরণাগতবৎসল, মহাদেব! অল্পগ্রহ
 করিয়া দেবগণের ত্তরবস্থা অবলোকনপূরক
 বৃষ্ট দৈত্যদিগের বধের নিমিত্ত উদ্যোগ
 করুন।" মহাদেব ব্রহ্মার শোকপ্রকাশক
 কাতরোক্তি শ্রবণ করিয়া সমস্ত দেবগণকে
 লক্ষে লইয়া বৈকুণ্ঠধামে বিষ্ণুর নিকটে গমন
 করিলেন। তথায় গিয়া ব্রহ্মাদি দেবগণ,
 স্তূতিপণ্ড ও গন্ধকরণ প্রভৃতি সকলেই নারায়-
 ণকে স্তব করিতে লাগিলেন। ৫৪—৬১।

কৃপাং কুরু মহাদেব বিলোকয় স্বসেবকান্ ॥৬২
 ইত্বাচ্চৈর্জগদুঃ সৰ্বৈঃ দেবাঃ শৰ্বপুৰোগমাঃ ॥৬৩
 ইত্বাক্রমাকৰ্ণ্য সুধাধিনাথো ।
 দুগ্ধাং সুরাৰ্ক্তিং পরিচিন্ত্য বিষ্ণুঃ ।
 জগাদ দেবান জলদোচ্ছা গিরা
 দুঃখং তু তেবাং প্রশমং নয়স্বিব ॥ ৬৪
 ভো ব্রহ্মশৰ্বৈস্তপুৰোগমায়রাঃ
 শূন্য বাচং ভবতাং হিতে রতাম্ ।
 জানে দশগ্ৰীবভয়ং কৃতং ব-
 স্ত্রাশয়ামাদা কৃপাবতারঃ ॥ ৬৫
 পুরী অযোধ্যা রবিবংশজাতি-
 নুপৈর্নৃগাদানমখাদিসংক্রিঃ ॥
 প্রপালিতা ভূতলমণ্ডলালয়া
 বিরাজতে রাজতভূমিভাগৈঃ ॥ ৬৬
 তস্তাং দশরথো রাজানিঃপতাঃ শ্রিগাশ্বিতঃ ।
 পালয়ত্বানু রাজ্যং দিক্ ক্রং জঘবান বিভূঃ ॥

“হে মাধব! হে দেবেশ! আপনি শুভ-
 কৃন্দের আক্ৰিণিবারক, আপনায় জয় হউক!
 হে দেবকুলচূড়ামণে! আমরা আপনার
 সেবক, অল্পগ্রহ করিয়া আমাদের দিকে
 দৃষ্টিপাত করুন।" মহাদেব প্রভৃতি দেবগণ
 কর্তৃক উচ্চৈঃস্বরে কথিত এই বাক্য শ্রবণ
 করিয়া দেবেশ্বর বিষ্ণু, দেবগণের নিদারূপ
 মনঃকণ্ঠের বিষয় চিন্তা করিয়া, জলদগুণ্ডীর
 স্বরে যেন তাঁহাদের দুঃখ সঙ্গে সঙ্গে উপ-
 শমিত করত কহিলেন,—হে ব্রহ্মন! মহে-
 শ্বর, ইন্দ্রাদি দেবগণ! তোমাদের হিত
 কথা শ্রবণ কর। ষাঁহার বড় বড় বস্ত্র
 দানাদি সংকল্প করিয়া বিখ্যাত, সেই হৃৎ-
 বংশীর রাজগণ কর্তৃক প্রতীপালিত যে
 অযোধ্যা নগরী রজতময় ভূভাগ ও উৎকৃষ্ট
 সুরমা ভূভাগ দ্বারা শোভা পাইতেছে, সেই
 অযোধ্যানগরীতে অপত্যবতীন রাজকী-
 সম্পন্ন দশরথ নামে রাজা আছেন। সেই
 শ্রবল বিক্রান্ত দিগ্বিজয়ী বীর দশরথ এক্ষণে
 সমস্ত রাজ্যপালন করিতেছেন। ৬২—৬৭।

স তু বহ্ন্যাভ্যাশুশ্রুং প্রার্থিতাং পুত্রকাময়া ।
 পুত্রেষ্ট্যাং বিধিনা যজ্ঞা মহাবলসমৰিভঃ ॥ ৬৮
 ততোহহং প্রার্থিতঃ পূৰ্ণং তপসা তেন তোঃ
 সুরাঃ ।
 পত্নীষু ভূষা তিস্বষু চতুর্ধপি ভবৎকৃতে ॥ ৬৯
 রামলক্ষ্মণশক্রয়-ভয়তাখ্যাসমৰিভঃ ।
 কর্তাশ্চি রাবণোদ্ধারং সমূলবলবাহনম্ ॥ ৭০
 ভবন্তোহপি স্বকৈরংশৈশবতীষ্য চরাস্বহ ।
 ঋক্ষবানররূপেণ সৰ্বত্র পৃথিবীতলে ॥ ৭১
 ইত্যাঙ্ক। বিররামাশু নভসৌরিতবাস্থনে ।
 দেবাঃ ঋষা মহঋক্যং সৰ্গে বৈ হৃষ্টমানসাঃ ॥ ৭২
 প্রচক্রুর্গদ্বিতং ষাট্শুদেবানবেন ধীমতা ।
 ষৈঃ শৈশরংশৈশ্বর্হী পূর্ণা ঋক্ষবানররূপিভঃ ॥ ৭৩
 যোহসৌ বিষ্ণুর্নহাদেবো দেবানাং হুঃখনাশনঃ ।

যথাবিধি যজ্ঞকার্যে দীক্ষিত সেই রাজা
 পুত্রকামনায় ঋষাশুশ্রু মুনিকে আনাইয়া
 তাঁহা ব্যাধি পুত্রেষ্টী যাগ করাইতেছেন ।
 হে সুররাজ! পূর্বে তিনি কঠোর তপস্যায়
 আমাকে সুপ্রীত করিয়া আমাকে পুত্ররূপে
 পাইবার নিমিত্ত প্রার্থনা করিয়া রাখিয়াছেন ;
 সেই কারণে এবং তোমাদের কাৰ্য্যসিদ্ধির জন্ত
 আমি তাঁহার তিন পত্নীর গর্ভে চারি মূর্তিতে
 জন্মগ্রহণ করিয়া রাম, লক্ষ্মণ, ভরত ও শক্রয়
 এই চারি নামে অভিহিত হইয়া সমূলে রাবণ-
 বংশ ধ্বংস করিব, তাহার সৈন্য সামন্ত
 কিছুই বাঁচিব না। তোমরাও স্ব স্ব অংশে
 ভক্ত ও বানররূপে পৃথিবীতে অবতীর্ণ
 হইয়া বিরলে চারিদিকে বিচরণ করিতে
 থাক। হে মুনে! ভগবান নারায়ণ শূন্য-
 পথে এইরূপ বাক্য বলিয়া মোনাবলম্বন
 করিলেন। দেবগণ তাঁহার বাক্য শ্রবণ
 করিয়া সান্তিশয় আনন্দিত হইলেন।
 এবং দেবদেব ধীমান নারায়ণ বাহা বলিয়া-
 ছিলেন, তাহাই করিলেন। তাঁহার নিজ
 নিজ অংশে ভক্ত ও বানররূপে পৃথিবীতে
 অবতীর্ণ হইয়া পৃথিবীর চারিদিকে অবস্থান
 করিতে লাগিলেন। ৬৮—৭৩। হে মহারাজ ।

স ত্বমেব মহারাজ ভগবান কৃতবিগ্রহঃ ॥ ৭৪
 ভয়তোহহং লক্ষ্মণশ শক্রয়শ মহামতে ।
 তাবকানংশো দশগ্রীবো নিহতশ্চ সুরার্ভিধঃ ॥ ৭৫
 পূৰ্ণবৈরাগ্নুবন্ধেন জানকীং হৃতবান-পুনঃ ॥ ৭৬
 স ত্বয়া নিহতো দৈভ্যো ব্রহ্মরাক্ষসজাতিমানঃ ।
 ব্রাহ্মণানাং সুখং তদ্বনুনীনাং তাপসং বলম্ ।
 শিবানি সৰ্বভৌধানি সৰ্গে যজ্ঞাঃ সুসংহিতাঃ ।
 পুলস্ত্যপুত্রো দৈভ্যোশ্চৈঃ সৰ্বলৌকিককণ্টকঃ ।
 পাতিতঃ পৃথিবী সৰ্বা সুখমাণ মহেশ্বরঃ ॥ ৭৮
 ত্বয়ি রাক্ষি জগৎ সৰ্বং সদেবাসুরমাভূষম্ ।
 সুখং প্রপেদে বিশ্বান্ধন জগদ্ব্যোনে নরোত্তমঃ ।
 এতন্তে সৰ্বমাখ্যাতং যৎপৃষ্টোহহং ত্বয়নঘ ।
 উৎপত্তিশ্চ বিপত্তিশ্চ ময়া মত্যানুসারতঃ ॥ ৮০

আপনিই সেই ভগবান দেবদেব নারায়ণ—
 দেবতাদিগের হুঃখ দূর করিবার জন্তই
 মূর্তিমান হইয়া পৃথিবীতে অবতীর্ণ হইয়া-
 ছেন। হে মহামতে! এই ভরত, লক্ষ্মণ
 ও শক্রয়—উঁহারাও আপনার অংশ ।
 দেবগণের পীড়নকারী সেই দাঁশানন পূৰ্বতন
 শক্রতাবশে আপনার জানকীকে হরণ
 করিয়া, আপনার হস্তে নিহত হইয়াছে ।
 ব্রহ্মরাক্ষসজাতীয় সেই রাবণকে বধ করিয়া
 আপনি ব্রাহ্মণগণকে সুখী করিলেন, কুনি-
 দিগের তপোবল বৃদ্ধি করিলেন, মহালক্ষ্মণ
 তীর্থ সকল এবং সমুদয় যজ্ঞের সুরক্ষা
 করিলেন। হে মহেশ্বৰ্ধাশালিন! নিখিল
 লোকের একমাত্র কণ্টক পুলস্ত্যতনয়
 দৈভ্যোশ্চৈ রাবণকে নিপাত করায় আপনি
 সমগ্র পৃথিবীকে সুখী করিলেন। হে
 নরোত্তম! হে জগন্নিদান! হে বিষ্ণু-
 রূপিন! আপনি রাজা হওয়াতে নিখিল
 জগৎসারী দেব দৈভ্যমানব সকলেই
 সান্তিশয় সুখী হইয়াছে। হে অনঘ!
 আপনি রাবণের জন্ম ও বিনাশের বিষয় ঘাণ-
 জিজ্ঞাসা করিয়াছিলেন, তৎপমন্তই যথার্থ
 আপনায় ঐনিকটে কীৰ্ত্তন করিলাম। ৭৩—

ইংখ নিশমা দিত্তিজেন্দ্ৰকুমারকারি-

বার্তা: মহাপুরুষ ঈশ্বর ঈশিতা চ।

সংস্কৃতবাস্পগলদক্ষমুখারবিন্দো

-ভূমো পণাত সদসি প্রবিত্তপ্রভাব: । ৮১

শেষ উবাচ।

বাৎসায়ন মুনিশ্রেষ্ঠ কথা পাপ প্রণালিনী।

ব্রহ্মদেবদেবস্ত সর্গধর্মৈকরক্ষিত: । ৮২

রাজান: মুর্চ্ছিত: দৃষ্টা কুলজয়া তপোনিধি:।

শনৈ:শনৈ: কব্ৰোগত পম্পর্শাক জগাদ চ । ৮৩

তো রামাশিসিহি কিপ্রং কিমর্থমত্র সৌদসি।

ভবান দৈত্যকুলচ্ছেতা মহাবিষ্ণু: সনাতনঃ। ৮৪

কৃতং ভবা: ভবৈচ্চব জগৎ শাসু চতিষ্ণু চ।

তদুত্তে নাস্তি নক রি কিমর্থমিত মুর্চ্ছিত: । ৮৫

ক্ষমা বাক্য: মহারাজ: কুলজয়সমীরসম।

উত্তমৌ বিগলয়েত্রবাস্পপুরিতস্মৃৎ: । ৮৬

উবাচ দীনদীনঞ্চ বিস্পষ্টাক্ষরবিন্দয়ম্।

ত্রপাতরনমনূহী ব্রহ্মদেহপরাশুখ: । ৮৭

ক্রীরাম উবাচ।

অহো মে পশুভাজ নং বিমূঢ়ো দুরাঙ্গন:।

যদ্বাক্ষ্যকুলে রুচ হতবান কামলৌপুণ: । ৮৮

মহিলার্থে 'দুঃ' বিপ্র বেদশাস্ত্রবিবেকবান।

হতবান বাভাকুল: বুদ্ধিহীনোহতিহর্ম্মতি: । ৮৯

ইক্ষাকুপাং কুলে জাতো ব্রাহ্মণে ন হুক্তিত্তাক্ব

ঐদৃশং কুলতা কর্ম ময়েতৎ সুকলততম্ । ৯০

যে ব্রাহ্মণস্ত পূজার্থা দানসম্মানভোজনৈ:।

তে ময়া নিহতা বিপ্রা: শরসম্মাতসংগৈঃতঃ ৯১

কাংক্ষ লোকান গমিয্যামি কৃত্বীপাকোহপি

দু:সত:।

নেদৃশং তৌর্ধমপ্যস্ত যন্মাং পাবতিত্বং ক্ষমম্ ৯২

ন যন্তো ন তপো দান: ন দেবপ্রতিমাদিকম্।

৮০। ঐশ্বর্যসম্পন্ন বিখ্যাত প্রভাবশালী

ঈশ্বর মহাপুরুষ রাম এই প্রকার রাবণ-বার্তা

শ্রবণ করিয়া, ভূতলে পতিত হইলেন।

ঈশ্বার বদনমণ্ডল দরদরিত্ত বিগলিত অক্ষ-

প্রবাহে প্রাবিত্ত হইয়া গেল। অনন্ত

দেব কহিলেন,—হে মুনিবর বাৎসায়ন।

নিখিল ধর্ম্মের একমাত্র রক্ষাকর্ত্তী ব্রহ্মদেব

দেব রামের পবিত্র কথা শ্রবণে পাপস্রাশির

ক্ষয় হয়। অনন্তর তপোনিধি কৃষ্ণযোনি

অগস্ত্য রামকে মুর্চ্ছিত দেখিয়া করছারা দীরে

ধীরে তদীয় অক্ষমার্জনা করত কহিলেন,—

হে রাম! আপনি সহর আশ্রয় হউন,

কাতরভাবে বলিতে লাগিলেন,—অহো!

আমার কি তর্কুকি, আমি অতি দুঃখী;

আমার অজ্ঞানতা আপনারা অবলোকন

করুন। আমি বেদশাস্ত্রবেত্তা বিবেকী

হইয়াও কামবৃত্তি চরিত্রাধিকারিবার জন্ত

(সংযত) মহিলার নিমিত্ত ব্রাহ্মণসম্মানকে

বধ করিয়াছি। আমি ব্রাহ্মণবংশ সমূলে

নির্ধূল করিয়াছি। আমি অতি হর্ম্মিত,

আমার স্তায় নিমেষ আর নাই। ৮১—৮২।

যে ইক্ষাকুবংশে ব্রাহ্মণের সম্মান চিরদিন

সমভাবে বর্ত্তমান রহিয়াছে, কদাপি কোন

ব্রাহ্মণই কটুবাণ্যে অভিগত হন নাই;

আমি ঐদৃশ ব্রহ্মণ্যতা করিয়া সেই ইক্ষাকু-

বংশ ঘোর কলঙ্কিত করিয়াছি। যে ব্রাহ্মণ-

দিগকে উপযুক্ত ভোজন দান ও সম্মান দ্বারা

পূজা করা উচিত, আমি ঈর্ষাদিগকে শর

দ্বারা নিহত করিয়াছি। ন জানি, আমার

কোন লোকে গতি হইবে। কৃত্তীপাক

নরকেও আমার স্থান হইবে না। এমন

তীর্ধও ত দেখি না, বাহা আমাকে পবিত্র

করিতে সমর্থ হইবে। এরূপ বক্ত, দান,

যত্র বৈ ব্রাহ্মণদ্রোণীর্শ্রুত্বম পাবনতারকম্ ॥ ২০
 যৈঃ কোপিতং ব্রহ্মকুলং নৈরনিরয়গামিভিঃ ।
 তে নয়া বহুশো ভুংখং ভোক্ত্যস্তি নিরয়ং গতাঃ
 বেদা মূলস্ত ঋশ্মাণাঃ বর্ণাশ্রমবিবেকিনাম্ ।
 তুংলং ব্রাহ্মণকুলং সর্ববেদৈকশাখিনঃ ॥ ২৫
 মূলচ্ছেদ্বুর্শ্রমৌক্ত্যং কো লোকো হু

ভবিষ্যতি ।

কিং মহা করণীয়ং বৈ যেন মে তি শিবং ভবেৎ
 শেব উবাচ ।

বিলাপস্তং ভুংখং রামং রাজেশ্বরং যশুপুঙ্গবম্ ।
 মায়ামহুযাবপুংসু কুন্তজয়ারবীধতঃ ॥ ২৭
 অগস্ত্য উবাচ ।

মা বিবাদঃ মহাবীর কুর রাজন্ মহামতে ।
 ন তে ব্রাহ্মণহত্যা স্মাদ্ভবীনাঃ নাশমিচ্ছতঃ ।
 ত্বং পুমান পুরুষঃ সাক্ষাদৌষধঃ প্রকৃতেঃ পরঃ
 কর্তা হস্তাবিতা সাক্ষাৎপ্রশংসঃ স্বেচ্ছয়া শুণী ॥২৯

তপস্তা, বা দেবপূজাও ত সেধি না, যাহা
 যা এই ব্রহ্মহত্যা-পাপ হইতে নিষ্কৃতি পাই ।
 যে সকল মানব ব্রাহ্মণকুলের কোপোৎপাদন
 করিয়াছে, তাহারা নরকে গমন করিয়া
 অশেষ তপ ভোগ করিবে, সন্দেহ নাই ।
 বেদ,—বর্ণাশ্রমধর্মের মূল ; ব্রাহ্মণকুল, সেই
 বেদের মূল ; আমি সেই বেদের শাখাবল-
 হনকারী হইয়া ঔদ্ধত্যবশতঃ তাহার মূলচ্ছেদ
 করিয়াছি, আমার কি গতি হইবে । আমি কি
 করিব ? কি করিলে আমার মঙ্গল হইবে ?
 ২০—২৬ । অনন্তদেব কহিলেন,—মায়া-
 মহুযারূপী যশুনাথ রাম এইরূপে সাতিশয়
 বিলাপ করিতেছেন দেখিয়া, কুন্তসম্ভব
 অগস্ত্য তাঁহাকে সাবুনা করিয়া কহিলেন,—
 হে রাজন্ ! আপনি মহামতি ও মহাবীর
 হইয়া কি নিমিত্ত এরূপ শোক করিতেছেন ;
 আপনি বিষয় হইবেন না । আপনি কুন্তের
 নিধন করিয়াছেন, ইহাতে আপনার ব্রহ্ম-
 হত্যা করা হয় নাই । আপনি প্রকৃতির
 অতীত সাক্ষাৎ ঔষধ নিশংগ পরমপুরুষ ।
 আপনি নিজ ইচ্ছায় সত্ত্বগতাব ধারণ করিয়া-

সুরাপো ব্রহ্মহত্যাং কুং শর্নস্তেঘী মহাঘকুং ।
 সর্কে ব্রহ্মামবাদেন পুতাঃ শীঘ্রং ভবন্তি হি ।
 ইয়ং দেবী জনকজা মহাবিদ্যা মহামতে ।
 যশাঃ অরশমাত্রেণ মুক্তা যাস্তি সগতিম্ ॥
 রাবণেহপি ন বা নৈত্যো বৈকুঠে ভব

সেবকঃ ।

শুঘীনাঃ শাপতোহং বাপুঃ দৈত্যত্বঃ দমুজাস্তক
 তস্তামুগহকর্তা হং ন তু হস্তা দ্বিজয়নঃ ।
 এবাং সক্ষিস্তা মা ভূয়ো নিজং শোচিতুমর্হসি ।
 ইতি ক্রুদ্যা ততো বাক্যং রামঃ পরপূরণয়ঃ ।
 উবাচ পরমং বাক্যং গঙ্গাদম্বরভাষিতম্ ॥২০৪
 রাম উবাচ ।

পাতকং দ্বিবিধং প্রোক্তং জ্ঞাতজ্ঞাতবিভেদতঃ
 জ্ঞাতং যদ্বিক্রিপূর্বকং হি যজ্ঞাতং তদ্বিক্রিতম্ ॥
 বুদ্ধিপূর্বকং কৃতং কশ্ম ভোগেনৈব বিনশতি ।

ছেন । আপনি সৃষ্টি, পালন ও সংহারের
 কর্তা । আপনার নাম উচ্চারণ করিলে
 সুরাপায়ী, ব্রহ্মহত্যাচারী, ঘণাপহারী, ষোড়-
 শতর পাতকীও অবিলম্বে পাপমুক্ত হইয়
 ২০—১০০ । তে মহামতে ॥ এই দেবী
 জনকন্দিনী সাক্ষাৎ মহাবিদ্যাশরুপা ;
 ইহাকে অরণ করিলেই জীবগণ ভববন্ধন
 হইতে মুক্ত হয় । রাবণও সামান্য দৈত্য
 নহে, বৈকুঠবাসী আপনারই একজন
 সেবক ; ক'শ্মিনেগের অভিসম্পাতে দৈত্য
 হইয়াছে । হে দমুজাস্তক ! আপনি উহাকে
 বধ করিয়া উহার উপরে অমুগ্রহ প্রকাশই
 করিয়াছেন, তাহাতে আপনার ব্রহ্মহত্যা
 করা হয় নাই । এই সমস্ত ভাবিয়া
 দোষিলে আপনার শোক করিবার কিছু-
 মাত্র কারণ নাই ।" শকুবিজয়ী রাম,
 অগস্ত্য ঔষধ উক্ত বাক্য শ্রবণ করিয়া
 গঙ্গাদম্বরে পুনরপি পরমবাক্য বলিতে
 লাগিলেন ।—পাতক দুই প্রকার, জ্ঞাত ও
 অজ্ঞাত ; যাহা বুদ্ধিপূর্বক অর্থাৎ জানিয়া
 করা হয়, তাহা "নাম জ্ঞাত আর যাহা
 অবুদ্ধিপূর্বক না জানিয়া করা হয়, তাহাকে

বসন্তকাল হইতে বসন্তকাল পর্যন্ত সময় হইতে :

দশমশতাব্দীর বিচারিতান্ধা বৈবেগান্ধা মধ্যবলান্ধা

অন্যদিকে পশ্চিম বঙ্গের বিচারিতান্ধা বৈবেগান্ধা

কিম্বদন্তী কৌশলমেককঃ স্ত্রীতপিতাঃ ।

কিম্বদন্তী কৌশলমেককঃ স্ত্রীতপিতাঃ ।

মুনিব্রিতি মনসোহস্তি অং প্রাপ পঙ্কন ১১৩০

একতঃ শোণবহানাঃ বাজিনাং পঞ্জিকস্তমা ।

একতঃ স্ত্রীমকর্ণানাঃ কল্লুরীকান্তস প্রভাঃ ১১৩৪

একতঃ কনকাত্মাশ্চ বভূভো নীলবর্ণিনঃ ।

একতঃ শবলৈর্কর্ণৈশ্চানির্কর্ণৈর্কাজিভিবৃত্তাঃ ।

এবং পঙ্কনমুনিঃ সন্ধান কৌতুকবিত্তমানসঃ ।

যযাবভক্তজ্ঞান ভট্টং যযোগোয়ান্ধা হযান্ধা মুনিঃ

দর্শন তত্র শতশো বভূঃ স্ত্রীদর্শনকান্ধা ।

মুনিঃ বিশ্বমাপেদে বিস্ময়াগ্ৰহিতাককঃ ১০৭

একতঃ স্ত্রীমবর্ণাশ্চ সন্ধানৈঃ পরপ্রতান ।

করিয়া যোগযোগ্য শুভ অং দেবিতার নিমিত্ত

গাত্ৰোখানপূর্কক রামচন্দ্রের সম্মতিব্যাধারে

অর্থশালার গিয়া মনের জায় গোয়ামী মধ্য

বলশালী বিভিন্ন বর্ণে রচিত অং সকল

বেধিতে লাগিলেন । অগতঃ দেব রামের

অর্থশালার গিয়া, বেতকাই অং দর্শন করত

বিশ্বিত হইয়া নানাবিধ বিতর্ক করিতে লাগি-

লেন । তাহািলেন,—এই কৈ বাজিতাজ

উকৈঃমহার বঃ শবরণগ কৃতলে অবতীর্ণ হই-

য়াছে, না রঘুনাথদিগের কৌর্তিরাশি একর

পুলীকৃত রহিয়াছে অথবা সমুদ্রের অমৃতরাশি

আরুপে পরিপত হইয়া রহিয়াছে । একদিকে

রক্তবর্ণ উত্তম অং সমুদ্র বিরাজ করিতেছে,

অপরদিকে স্ত্রীমবর্ণ কল্লুরীবে অং সকল অং-

কান করিতেছে, অস্তিতিকে সুবর্ণবর্ণ অং

কোনদিকে নীলবর্ণ অং, কোথাও বা বিচর-

বর্ণ অং সমুদ্র শোভা পাইতেছে । মুনিব

অংশা এইরূপ অং সকল দর্শন করত

কৌর্তিবর্ণ হইয়া, অপরদিকে যজ্ঞোপ-

যোদী অং দেবতার নিমিত্ত গমন করিলেন ।

১০ — সমুদ্রশোষণকারী মুনিব্রু-

অংশা অং সকল মিশ্রিত করিয়া

পীতপুচ্ছান মুখে রক্তান্ধা শুভলক্ষণবিক্তান্ধা

নিরীক্য পরিভোক্তমখান্ধা বিমগনীরামান্ধা

প্রভক্তনমনোজবান্ধা বিমলকৌর্তিবর্ণাভান্ধা

পয়োনিধিবিশোষকো মুনিব্রুচ চৌর্তিব্রিতি

বিচিত্রবর্ণদর্শনাক্রুতিনেত্রবক্রপ্রভাঃ ১০৪

অগত্যা উবাচ ।

হয়মেধকৃতোর্থোগ্যান্ধা বাহাংস্তে বঃ পঃ পঙ্কন

পঙ্কতো নেত্রবোর্ধেহদ্য তুপ্তিনাং কপকন

রামচন্দ্রে মহাভাগ্যে স্ত্রীমসুদ্রমমদ্য

যত্র কৃত মহাতাজ হযমেধং সুব্রহ্মচর্যং

সুবর্ণবর্ণিব সন্ধান মদ্রসজ্ঞান কারিণ

কপন ইব সুপকারাভিত্তোহয়ং যিব্রহ্মচর্য

হঃ পঃ পঙ্কনমুখাং সাম্প্রতায় বিজিতা

কিত্তিতলসুখভোগ্য কুরিন্দঃ কুরিত্তে

ইতোবা বাকানাদেন পরিভূর্তা পঙ্কিত

সন্ধান বৈ যত্র সন্ধানাজ্ঞানার মাং পঙ্কন

মুর্গব্রিত্তো মহাতাজঃ সংযুক্তীরমা

সুবর্ণলাক্টলটুয়িং বিচকর্ষ মদীয়

১০৪

বেতকাই বায়ু ও মনের জায়

নির্মূল কৌর্তির স্তায় প্রতাপালী

সকল অংলোকন করিয়া

হইয়া নীলপতি রামচন্দ্রকে

রঘুনাথ । আপনার অর্থশালায়

উপযুক্ত বস্তুর উত্তম অং

করিয়া আমার নয়নের

না । হে সুভাগ্যবলিত্ত মহা

হে মহারাজ ! আপনি সুবিদ

যজ্ঞের আরম্ভ করুন ।

শালিন । আপনি দেবরাজ

নিখিল যজ্ঞকাণ্ডের অঙ্কন

স্তায় দৈত্যরূপ সলিলের

অংশায়ে প্রবল শক্তিবর্গকে

তলে সুখভোগ করুন ।

অংশা মুনির এইরূপ প্রশং

শ্রুত হইয়া সুচাক্ষুরূপে

উপকরণ আহরণ করিতে

সঙ্গে হইয়া সমুদ্র

১০৪

বিলিখ্য ভূমিং বহুশক্তুধোজনসাম্বিতাম্ ।
 মণ্ডপান্ রচয়ামাস যজ্ঞার্থং স নরোত্তমঃ ॥১৪৬
 কুণ্ডস্ত বিধিবৎ কৃৎস্বা ঘোনিমেখলয়াবিতম্ ।
 অনেকরত্নরচিতং সর্বশোভাসমম্বিতম্ ॥ ১৪৭
 মুনীশ্বরো মহাভাগো বশিষ্ঠঃ সুমহাতপাঃ ।
 সর্বং তৎ কারয়ামাস বেদশাস্ত্রাবধিষ্ঠিতম্ ॥
 প্রোথিতাস্তেন মুনিনা শিষ্যা মুনিবরাশ্রমান ।
 কথয়ামাসু কদম্বুকঃ কথমেবে তপ্তমম্ ॥ ১৪৮
 আকারিতাস্তদা সৰ্বা ঋষয়স্তপতঃ বরাঃ ।
 অজ্ঞানঃ পরমেশস্ত দর্শনে হৃদিলালসাঃ ॥১৫০
 নারদোহসিতনামা চ পৰিতঃ কপিলো মুনিঃ ।
 জাতুকর্ণাঙ্গিরা ব্যাস আষ্টিষেনোহত্রগোতমৌ
 হারীতৌ যাজ্ঞবল্ক্যচ সংবর্ত্তঃ শুকসংজ্ঞকঃ ।
 ইত্যেবমাদদৌ রাম-হৃদমেধবরঃ যযুঃ ॥ ১৫২

সুবর্ণময় লাকুল দ্বারা যজ্ঞের উপযুক্ত মনো-
 রম স্থান কর্ষণ করিয়া লইলেন। চতুর্ধোজন-
 পরিমিত স্থান পরিষ্কার করিয়া, যজ্ঞোপযোগী
 গৃহ সকল নির্মাণ করাইলেন। ১৩৭—১৪৬।
 নরোত্তম রাম তথায যথাবধানে যোনি ও
 মেখলাসম্বিত করিয়া এক যজ্ঞকুণ্ড নির্মাণ
 করাইলেন। সেই কুণ্ড অনেকবিধ রত্নে ও
 সর্ববিধ শোভায় সুশোভিত হইল। অমিত-
 তপোবল সম্বিত মহাভাগ মুনিবর বশিষ্ঠ
 বেদশাস্ত্রবিধানে যজ্ঞের আয়োজন করাইয়া
 লইলেন। পরে নিজ শিষ্যদিগকে প্রধান
 প্রধান মুনিদিগের আশ্রমে প্রেরণ করিয়া
 নিমন্ত্রণ করিলেন। বশিষ্ঠের শিষ্যগণ, মূনি-
 দিগের আশ্রমে গমনপূর্বক রত্ননাথের অশ্ব-
 মেধযজ্ঞের উদ্যোগবার্ত্তা জ্ঞাপন করিয়া নিম-
 ত্রণ করিয়া আসিলেন। অনন্তর তপস্বি-
 প্রবর ঋষিগণ আহূত হইয়া অতি ভ্রাসহ-
 কারে পত্রমেধরকে দর্শন করিবার জন্ত
 নিত্যন্ত উৎসুক হইয়া আগমন করিলেন।
 নারদ, অসিতনামা, পরিত, কপিল, জাতুকর্ণা,
 অঙ্গিরা, ব্যাস, আষ্টিষেন, অত্রি, গোতম,
 হারীত, যাজ্ঞবল্ক্য, সংবর্ত্ত, শুক ইত্যাদি বহু-
 ৩৪ ঋষিগণ রামের অশ্বমেধযজ্ঞে আগমন

তান সর্মান পূজয়ামাস রত্নরাজো মহামুদা ।
 প্রত্নাখানাভিবাভ্যামর্ঘ্যাবিত্তরকাসনৈঃ ॥১৫০
 গাঃ হিরণ্যঃ দদৌ তেভ্যঃ প্রায়শো দৃষ্টবিক্রমঃ
 মহদ্ভাগ্যঃ তদা মেহস্তি যদম্বুতঃ দর্শনং গতাঃ ॥
 শেষ উবাচ ।
 এবং সমাকুলে ব্রহ্মন ঋষিবর্ষ্যসমাগমে ।
 ধর্ম্মবার্ত্তা বভূবোগে বর্ণাশ্রমসুসম্মতা ॥ ১৫১
 বাৎস্ফায়ন উবাচ ।
 কা ধর্ম্মবার্ত্তা তত্রাসীৎ কিং বা কথিতমভূতম্ ।
 সাধবঃ সর্ললোকানাং কারুণ্যাৎ কিমুতাক্রবন্ ।
 শেষ উবাচ ।
 তান সমেতান মুনীন দৃষ্ট্বা বামো দাশরথির্ষ্রীহান
 পপ্রচ্ছ সর্বধর্ম্মাশ্চ সর্ববর্ণাশ্রমোচিতান ॥ ১৫৭
 তে তু পৃষ্ঠা হি রামেণ ধর্ম্মান প্রোচুর্ষ্রীহাণ্ডগান্ ।
 তানপ্রবক্ষ্যামি ত্তে সর্মান যব'র্গাণ শুব্ধ তান

করিলেন। মহারাজ রাম, প্রত্নরাজম, অতি-
 বাদন, অর্ঘ্য ও আসনদান দ্বারা পরমানন্দে
 সেই ঋষিদিগকে পূজা করিলেন। বিখ্যাত-
 বিক্রম রাম তাঁহাদিগকে বহুতর গো ও
 হিরণ্য দান করিয়া দাখিলেন, আমার অদ্য
 পরম সৌভাগ্য যে, আপনাদিগের দর্শনলাভ
 করিলাম। ১৪৭—১৫৪। অনন্তদেব কহি-
 লেন,—ব্রহ্মন এইরূপ নানাদেশীয় বিখ্যাত
 মহর্ষিগণের সমাগম হইলে, সেই যজ্ঞসভায়
 বর্ণাশ্রমধর্ম্মসম্বন্ধীয় নানা কথা হইয়াছিল।
 বাৎস্ফায়ন জিজ্ঞাসাসিলেন, তথায কিরূপ
 ধর্ম্মকথা হইয়াছিল? সাধু মহর্ষিগণ নিখিল
 লোকের উপরে দয়া করিয়া কিপ্রকারে সেই
 ধর্ম্মকথা বলিয়াছিলেন? তাহার মধ্যে
 অদ্ভুত কথা কি হইয়াছিল, আপান বলুন।
 অনন্তদেব কহিলেন,—মহাশ্বা দাশরথি রাম,
 সেই মুনিবর্গকে উপস্থিত দেখিয়া তাঁহাদিগের
 নিকটে বর্ণাশ্রমকথা জিজ্ঞাসা করেন; ঋষি-
 গণ তৎক্ষণে নিখিলগুণসম্পন্ন যে সকল ধর্ম্ম-
 কথা বলিয়াছেন, আমি আপনাদিগের নিকটে
 তাহা অবিকল বলিতেছি, শবৎ করুন।

ঋষয় উচুঃ ।

ব্রাহ্মণেন সদা কার্য্যঃ বজ্রনাধ্যাপনাদিকম্ ।
বেদান পঠিত্বাঃ বিরজ্জেন্নো বা গার্হস্থ্যমাবিশেৎ
ব্রাহ্মণেন সদা ত্যাজ্যঃ নীচসেবান্নজীবনম্ ।
আপন্নাতোহপি জীবত ন স্বকৃত্য্য কদাচন ।
ঋতুকালান্তিগমনং ধর্ষ্মোহয় গৃহিণঃ পরঃ ।
দ্রাণাং বরমন্নস্মৃত্যাপত্যকামোহথবা ভবেৎ ।
দিবাভিগমনং পুংসামনায়ুস্যকরং মতম্ ।
ব্রাহ্মাহঃ সৰ্পকর্মাণি যচ্ছাস্ত্যাজ্ঞানি ধীমতা ॥ ১৬২
তত্র গচ্ছন স্ত্রিয়ং মোহানর্ষ্ম্যাপ্রচ্যবতে পরাৎ
ঋতুকালান্তিগামী যঃ স্বদারনিরতশ্চ যঃ ॥ ১৬৩
স সদা ব্রহ্মচারীহ বিজ্ঞেয়ঃ সদগৃহাশ্রমী ।
ঋতুঃ ষোড়শযামিচ্ছচ্ছত্রস্তাসু গহিতাঃ ॥ ১৬৪
পুত্রদাস্তাসু যা যুগ্মা অযুগ্মাঃ কস্ত্যাকপ্রদাঃ ।
তাস্কান চন্দ্রমসং দৃষ্টং মঘাং মূলং বিহায় চ ॥ ১৬৫
শুচিঃ শরীরিশেৎ পত্ন্যাং পুরামক্কে বিশেষতঃ
শুচিঃ পুত্রঃ প্রসূয়েত পুত্রবার্ষপ্রসাধনম্ ॥ ১৬৬

১৫৫—১৫৮ । ঋষিগণ বলিয়াছিলেন,—
বজ্রম-অধ্যাপনাদি ব্রাহ্মণের নিত্য কার্য্য ।
ব্রাহ্মণ বেদপাঠের পর বৈরাগ্যমার্গ অবলম্বন
করিবেম অথবা গৃহস্থ হইবেন । নীচ সেবা-
দায়ী জীবিকা নির্বাহ করা ব্রাহ্মণের পক্ষে
একান্ত নিষিদ্ধ ; বিপন্ন হইলেও ব্রাহ্মণ
কখনই ঋণগ্রহণ—অর্থাৎ চাকুরী অবলম্বন
করিবেন না । অপত্য কামনায় ঋতুকালে
জীগমনই গৃহীর পক্ষে পরম ধর্ম্ম । দিবাভাগে
জীগমনে আত্মক্লয় হয়, শ্রাদ্ধদিনে বা পর-
দিনে জীগমন একান্ত নিষিদ্ধ ; মোহবশতঃ
উক্ত দিবসে জীগমন করিলে ধর্ম্মহানি হয় ।
যে ব্যক্তি স্বদার-নিরত এবং ঋতুকালে
অভিগমনকারী, সে উৎকৃষ্ট গৃহাশ্রমী ব্রহ্ম-
চারী বালয়া পরিগণিত হয় । ষোড়শ রাত্রি,
—ঋতুকাল ; উন্নধ্যে প্রথম চারি রাত্রি
নিষিদ্ধ, তৎপরবর্ত্তী ষোড়শ দিনের মধ্যবর্ত্তী
যুগ্মদিনে জীসক্কে পুত্র, এবং অযুগ্মদিনে
ত্রীসক্কে কস্ত্য জন্মে । মঘামূলাদি কতিপয়
নক্ষত্রে ব্যতীত শুভ পুনার্যক

আর্ষে বিবাহে গোহ স্বং যজুক্রং তৎপ্রশস্ততে ।
শুকমথপি কস্ত্যায়াঃ কস্ত্যাবিক্রেতৃপাপকৃৎ ॥ ১৬৭
বাণিজ্যং নৃপতেঃ সেবা বেদানধ্যয়নং তথা ।
কুবিবাহঃ ক্রিয়ালোপঃ কুলপাতনহেতবঃ ॥ ১৬৮
অন্নোদকপয়োমূল-কলৈকীপি গৃহাশ্রমী ।
গোদানেন তু ষৎপুণ্যং পাত্নায় বিধিপূর্যকম্ ।
অনার্কিতোহতিথির্গোহস্তয়াশো যশ্চ গচ্ছতি ।
আজন্মসঞ্চিতাৎ পুণ্যাৎ ক্ণণাৎস হি বহির্ভবেৎ
পিতৃদেবমন্নুষ্যোভ্যো দশাশ্রীতামৃতং গৃহী ।
স্বাৰ্ধং পরমঘঃ স্তুজেক্ত কেবলং শ্বোদরস্তরিঃ ।
ঘট্যষ্টমোক্ষিশেৎ পাপা তৈলে মাংসে সদৈবহি
চতুর্দশাং তথামায়াং ত্যজ্জেত স্ক্রমঙ্গনাম্ ॥ ১৭২
রজশলাঃ ন সেবেত নান্নীয়াৎ সহ ভার্ঘ্যায় ।

নক্ষত্রে পুরুষের চন্দ্রশুক্লিযুক্ত দিকসে পবিত্র
ভাবে থাকিয়া জীসক্কেম করিলে পুরুষার্থনাধক
শুচি পুত্রের উৎপত্তি হয় । ১৫২—১৬৬ ।
আর্ষ বিবাহে দুইটা গো-দান করিবে ।
ষৎসামান্ত পুণ গ্রহণ করিয়াও কস্ত্যার বিবাহ
দিলে কস্ত্যাবিক্রয়ের পাপ হইবে । বাণিজ্য,
রাজসেবা, বেদপাঠ না করা, কুবিবাহ, ক্রিয়া-
লোপ এ কয়েটীতে বংশ পতিত হইল ।
গৃহস্থ অন্ন, জল, দ্রব্য অভাবে ফল-মূল
দ্বারাও যথাবিধি উপযুক্ত অতিথিকে পরি-
তুষ্ট করিলে গোদানের ফললাভ করিতে
পারে । অতিথি যাহার গৃহ হইতে অপূজিত
হইয়া ভগ্নমনোরথে ফিরিয়া যায়, তাহার
আজন্ম সঞ্চিত পুণ্য ক্ণকাল মধ্যে নষ্ট
হইয়া যায় । গৃহস্থ দেবতা, পিতৃলোক ও
মহুষ্যকে দানপূর্যক যাহা ভোজন করিবে,
তাহা অমৃত স্বরূপ হইবে ; দেবতা, পিতৃলোক
ও মহুষ্যাদিগকে বঞ্চনা করিয়া কেবল
নিজের উদরপূরণে ব্যস্ত হইয়া যাহা ভক্ষণ
করে, তাহা পাপ বলিয়া গণ্য হয় । যজী,
অষ্টমী, চতুর্দশী ও অমাবস্ত্যার ত্রী, তৈল ও
মাংসসেবন ও কৌর্যকার্য্য করিবে না ।
১৬৭—১৭২ । রজশলাগমন, ভার্ঘ্যার সঙ্কিত
একত্র ভোজন সর্ব্বতোভাবে নিষিদ্ধ । এক-

একবাসা ন ভুক্তীত ন ভুক্তীতোৎকটাসনে ।
 নান্দ্রশীঃ স্ত্রীঃ সমীক্ষেত তেজঃকামো নরোরুতমঃ
 মুখেনোপধমেমরাগিঃ নয়ান্ নেক্ষেত যোষিতম্ ॥
 নাচক্ষীত ধ্বস্তীঃ গাং নেল্লচাপং প্রদর্শয়েৎ ।
 ন দিবোক্তাঃ সারঙ্গ ভক্ষয়েদধি নো নিশি ॥১৭৪
 নাশ্বিঃ প্রতাপযেদগ্নৌ ন বস্তুশুচি নিক্ষিপেৎ
 প্রানিহিংসাং ন কুপবীত ন স্ত্রীবাৎ সক্ষায়েদ্বিহৌঃ
 স্ত্রীধন্থীকীং নাভিবাৎসেদাদাদাত্তপ্তি রাক্ষিযু ।
 তৌর্ধাবকরিষে ন স্ত্যং কাংস্তে পাদৌ ন
 ধাবয়েৎ ।

ন ধারয়েদস্তু ভুং বাসশেচাপানগাবপি ।
 ন ভিন্নভাজনোহস্তীয়ারশ্মাশান্যাবদুর্ষিতে ॥ ১৭৮
 সর্পিশেন্নর্জচরণো নোচ্চকঃ কচিদাবজেৎ ।

বস্তু হইয়া বা ভয় অপবিত্র আসনে বসিয়া
 ভোজন করবে না। তেজঃকামী মানব,
 স্ত্রীর ভোজনকালে, তাহাকে দেখিবে না।
 মুখ দিয়া অনলে ফুৎকার দিবে না। বিবস্ত্রা
 রঙ্গীর দিকে দৃষ্টিপাত করিবে না। গোবৎস
 দুগ্ধপান করিতেছে দেখিলে, তৎস্বামীকে
 বলিয়া দিবে না; ইন্দ্রবহু কাংহাকেও দেখা-
 টবে না। রাত্রিকালে দধি ভক্ষণ করিবে না
 এবং যাহার সার অর্থাৎ নবতীত উদ্ধৃত করিয়া
 লওয়া হইয়াছে, ঐদৃশ দধি দিবাভাগেও
 ভোজন করিবে না। অগ্নিতে পদ উত্তপ্ত
 করিবে না, অগ্নিতে অশুচি বস্তু নিক্ষেপ
 করিবে না, প্রানি হিংসা কাববে না, উভয়
 সক্ষায় আশার করবে না। ১৭৩—১৭৮।
 গুতুমতী নারীকে অভিজ্ঞান করিবে না।
 বাহ্যকালে পর্যাপ্ত পরিমাণে আহার করবে
 না। নৃত্য-গীত বাদ্যে আসক্ত হইবে না।
 নাশ্বপাত্রে পদপ্রক্ষালন করবে না। পদ-
 রের ব্যবহৃত পাত্রাদি বা বস্তু ব্যবহার করিবে
 না। ভয় বা অপবিত্র পাত্রে ভোজন করিবে
 না। আর্জচরণ হইয়া শবন করিবে না। উচ্চ
 মুখে বা উচ্ছ্রিত হস্তে কোথাও গমন করবে
 না। শয়ান হইয়া ভোজন করিবে না,
 উচ্ছ্রিত-আস্থায় নিজ মস্তক স্পর্শ করিবে

শয্যামো বা ন চাস্ত্রীয়াস্মোচ্ছ্রিতঃ সংস্পৃশেচ্ছিরঃ
 ন মনুস্যস্কতিং কুর্গামাস্তানমবমানয়েৎ ।
 অত্ৰ্যাদ্যস্তং ন প্রণমেৎ পরমশ্মাণি নো বদেৎ ॥
 এবং গার্হস্থ্যমাশ্রিত্য বানপ্রস্থঃশমং ব্রজেৎ ।
 সস্ত্রীকৌ বিগতস্ত্রীকৌ বিরজেত ততঃ পরম্ ।
 ইকৌবমাদয়ো বর্ষা গর্দভা ঋষিতিস্তদা ।
 ক্ষতী বামেণ মহতা সপোনোকৃতিঃস্বিনা ॥১৮২
 শেগ উবাচ ।
 ইথং সংশ্রুত্বো বস্মান বসন্তঃ সমুপস্থিতঃ ।
 যত্র যজ্ঞক্রিয়াদীনাং প্রাবস্তঃ সুমহাশ্রনাম্ ॥১৮৩
 দৃষ্ট্বী তং সময়ঃ ধীমান্ বশিষ্ঠঃ কলশোভবঃ ।
 রামং লোকমহারাজং প্রত্নাবাচ যথোচিতম্ ॥
 বশিষ্ঠ উবাচ ।

রামচন্দ্র মহাবাহো সময়ঃ পর্যভূত্ব ব ।
 হয়ো যত্র প্রমুচ্যেত যজ্ঞাণঃ পরিপূজিতঃ ॥১৮৫
 সামগ্ৰী বিযতাঃ ক্রজ আহরস্থং ত্বিজোত্তমঃ ।
 ারোতি পুত্রাঃ ভগবান্ ব্রাহ্মণানাং যথোচিতম

না। মনুষ্যের স্কতি করিবে না, আত্মাকে
 অবজ্ঞা করিবে না। উদীয়মান সূর্যকে
 প্রণাম করিবে না, যাহাতে পরের মশ্বপীড়া
 হয়, একপ কোন কথা বলিবে না। ১৭৭—
 ১৮০। প্রথমে গার্হস্থ্য ধর্ম করিয়া পরে
 সন্ন্যাস অথবা অস্ত্রীক হইয়া বানপ্রস্থ ধর্ম
 গ্রহণ করিবে। সর্বলোকহিতৈষী মহাত্মা
 রাম তৎকালে ঋষিগণের নিকটে ইত্যাদি-
 রূপ বর্ণাশ্রমধর্ম (যন্ত্রপুস্তক) শ্রবণ করিয়া-
 ছিলেন। অনন্তদেব কাহলেন,—এইরূপ
 যজ্ঞকথা শুনিতে শুনিতে বসন্তকাল উপস্থিত
 হইল, সেই বসন্তকালেই মহাত্মা মুনিগণ
 বজ্রকার্য আরম্ভ করিয়া দিলেন। ধীমান্
 বশিষ্ঠ যজ্ঞোপযোগী বসন্তকাল উপস্থিত
 দেখিয়া মহারাজ রামকে কাহলেন, হে মহা-
 বাহু রাম! এক্ষণে অশ্বমেধ যজ্ঞের অশ্ব
 পূজা করিয়া ছাড়িয়া দিবার সময় উপস্থিত
 হইয়াছে। অতএব তুমি যজ্ঞোপযোগী
 সামগ্ৰী আহরণ করিয়া উপযুক্ত ব্রাহ্মণদিগকে
 আহ্বান কর এবং ব্রাহ্মণদিগের যথায়:

দীনাঙ্করূপগাণাং চ দানং স্বাস্ত্যসমুপগতম্ ।
 দদাতু বিধিবন্তেষাং প্রতিপূজ্যাধিবাসনৈঃ ॥১৮৭
 ভবান কনকসংপত্ত্যা দীক্ষিতোহত্র ব্রতং চর ।
 ভূমিশায়ী ব্রহ্মচারী বনুভোগবিবার্জিতঃ ॥১৮৮
 মৃগশৃঙ্গধরঃ কট্যাং মেখলাঙ্জিনদগুভুৎ ।
 করোতু সর্বসন্তারঃ সর্বদব্যাসমারিতঃ ॥ ১৮৯
 ইতি ঋদ্ধা মহদ্ধাক্যং বাসিষ্ঠশ্চ যথার্থকম্ ।
 উবাচ লক্ষ্মণং ধীমান্নানার্থপরিবৃৎহিতম্ ॥ ১৯০
 শ্রীরাম উবাচ ।
 শৃগু লক্ষণ মহদ্ধাক্যং ঋদ্ধা তৎ কুরু সহস্রম্ ।
 হয়মানয় যতেন বাজিমেষবক্রিয়ৌচিতম্ ॥১৯১ ॥
 শেষ উবাচ ।
 ঋদ্ধা বাকং রথুপতেঃ শক্জিলক্ষ্মণস্তদা ।
 সেনাপতিমুবাচেদং বচো বিবিধবর্ণনম্ ॥ ১৯২
 লক্ষ্মণ উবাচ ।
 বীর্যাকর্ণয় মে বচঃ সুমধুরং ঋদ্ধা ত্বরাতঃ পুনঃ
 কুর্বন্ত ক্ৰিপালমৌলিমুকুটপ্রেচ্ছাংশি রামাজয়

সেনাং কালবলপ্রঘাতনবলপ্রোদ্যৎসমখাঙ্কিনীঃ
 সজ্জাং সদ্রথহস্তিপত্তিহয়িনীমারাদ্বিধেহাবিতঃ ॥
 সজ্জীকৃত্য-বায়ুজবাস্তরঙ্গা-
 ঋবঙ্গমালা ললিতাজ্বপাতাঃ ।
 সদৃশচ্যায়ৈর্করুৎশস্ত্রবারিভিঃ
 সংরোহিতা বৈরিবলপ্রহারিভিঃ ॥ ১৯৭
 সংলক্ষ্যন্ত্যং হৃৎমনঃ পবনতাভা
 আধোরণৈঃ প্রাসকুস্তাগ্রহস্তৈঃ ।
 শূরৈঃ শ্রংসদ্ব্যরিদানোপহারাঃ
 ক্ষৌবাণাস্তে সর্বশস্ত্রানুপূর্ণঃ ॥১৯৫
 বিততবহুসমুদ্ধিত্রীজমানা রথা মে
 পবনজবনবেগৈরাজিভির্গুজ্জদেহাঃ ।
 বিবৃধরিপুর্বিদাশম্মারকৈরায়ুধাতৈস্-
 ত্তূতবলভিবিভাগা নীঘতাং স্মতরুদ্ভেদাঃ ॥১৯৬
 পতয়ঃ শতশো মহামায়াভ্রাত্ত্রানুপার্ণয়ঃ ।
 হয়মেধাইবাহস্ম রক্ষণে বিততোদ্যামাঃ ॥১৯৭

পূজা কর। ১৮১—১৮৬। দীন দরিদ্র অক্ষ
 ব্যক্তদিগকে মনোমত বস্তু দান কর। যথা-
 যোগ্য অর্থ ও বস্ত্র দান করিয়া তাহাদিগের
 পূজা ও সমাদর কর এবং তুমি সৌভাগ্য
 কনকময়ী প্রতিমা পত্নীর প্রতিনিধি করিয়া
 তৎসহ যজ্ঞে দীক্ষিত হইয়া ভোগবিলাস
 পরিত্যাগপূর্বক কটীহটে মেখলা ও মৃগচর্ম
 পরিধান, মৃগশৃঙ্গ ধারণ, ও ভুলে শয়ন
 করত ব্রহ্মচর্যা অবলম্বন কর এবং যজ্ঞোপ-
 যোগী সমস্ত বস্ত্র আহরণপূর্বক যজ্ঞের
 অল্পস্থান করিতে থাক। ধীমান রাম বিশিষ্ট-
 দেবের উজ্জ্বলপ্রকার যথার্থ সদৃশাক্য শ্রবণ
 করিয়া সদ্যুজ্জ্বলপূর্ণ বচনে লক্ষ্মণকে কহি-
 লেন, —লক্ষ্মণ! তুমি আমার কথা শ্রবণ
 করিয়া সহস্র অশ্বশালা হইতে অশ্বমেধযজ্ঞের
 উপযোগী উত্তম অশ্ব বাছিয়া আনয়ন কর ।
 ১৮৭—১৯১। অনন্তদেব কহিলেন,—শক্-
 জিৎ লক্ষ্মণ রামের বাক্য শুনিয়া সেনাপতিকে
 বলিলেন,—হে বীর! তুমি আমার সূর্মধুর
 বাক্য শ্রবণ কর; রামের আজ্ঞানুসারে

তুমি সহস্র অশ্বক-তুল্য প্রবল শক্দিগের
 দলনসমগ্ৰ উত্তম রথ সহ হস্তী অশ্ব ও পদা-
 তিক সেনা সুসজ্জিত কর। সেই সুসজ্জিত
 সেনাগণ বলদর্পে প্রতিদ্বন্দ্বী তুপালবর্গের
 মৌলিমুকুটে বিরাজ করুক। যাহাদের পদ-
 বিক্ষেপ তরঙ্গভঙ্গের স্তায় মনোহর, বায়ুর
 স্তায় বেগগামী ঈদৃশ অশ্বসকল সুসজ্জিত
 হউক, শক্দিগের দলনসমর্থ প্রবলবিক্রম
 অঝোরোত্তী সৈন্তগণ বহুতর অশ্বশূলহীয়া
 সেই সকল অশ্বের উপরে আরোহণপূর্বক
 শোভা পাইতে থাকুক। বহুদক্ষায়া পক্ষত-
 তুল্য দ্রুতকায় উগ্রহস্তী সকল, বহুতর
 অশ্বশূল পৃষ্ঠে বহনপূর্বক প্রাসকুস্তানুপার্ণী
 পগাকান্ত হস্তপক সহ বিরাজ করিতে
 থাকুক। আমাদের যে সকল অশ্ব দর্শন
 করিলে লোকেই দৈত্যপুঙ্কেব কথা মনে হয়,
 সর্বা গণ সেই সকল অশ্বের বলভিভাগ পূর্ণ
 করিয়া সুসজ্জিত বিবিধ ধনবস্ত্রপূর্ণ উত্তম
 রথে পবনের স্তায় বেগগামী উত্তম অশ্ব
 সকল যোজনা করুক। শার্বক শস্ত্রপাণি
 পদাতিক দৈত্য অশ্বমেধ যজ্ঞের অশ্ব রক্ষা

ইত্যাকর্ণ্য বচস্তস্ত লক্ষণস্য মনঃশব্দঃ ।
 সেনানীঃ কালজিরায়া কারয়ামাস সজ্জিতম্ ॥
 দশক্ষবকমণ্ডিতো লঘুসুরেমশোভাধিতো
 বিবিক্তগলশুক্ৰিভিত্তককঠকোশে মণিঃ ।
 মুখে বিশদকর্ণস্থয়ক শিতিসুহৃৎকর্ণদ্বয়ো-
 ব্যরাজত তদা হযো ধুতনরাগ্রারামাচ্ছটঃ ॥১৯৯॥
 কবলাশোভিতমুখং সুরদ্রুদ্রাবিশোভিতম্ ।
 মুক্ৰাকলানাং মাল্যভিঃ শোভিতো নিবযৌ হযঃ
 শেত্রাপত্রয়তিঃ সিতচামরশোভিতম্ ।
 বহুশোভাপত্রীতাক্ষো নিযযৌ হারয়াত্রি ততঃ ।
 অগ্রতো মধ্যতশ্চৈকে পৃষ্ঠতঃ সৈনিকাস্থবা ।
 দেবা হরিরং যথা পুংং সেবন্তে সেবনোচিতম্
 অথ সৈন্তং সমাহুয় সমীক্ষ্যাপযত্বণা ।
 হস্তাশ্বরথপত্নীনাং বুদ্ধৈঃ সুবহুসদৃশম্ ॥২০০॥
 ততস্ততঃ সমেতানাম্ সৈন্তানাং শ্রীযতে ধ্বনিঃ

কারবার নিমিত্ত উদ্যত হইয়া আমার নিকটে
 আগমন করুক । ১৯২—১৯৭ । মহাত্মা
 লক্ষণের এইরূপ আদেশ শ্রবণ করিয়া সেনা-
 পতি কালজিৎ অবিলম্বে সমস্ত কার্য সম্পন্ন
 করিলেন, — যজ্ঞীয় অথ সুসজ্জিত হইয়া
 আনাত হইল ; সেই অশ্বের অঙ্গে দশটা
 ক্ষবক চিহ্ন, গলদেশে, পবিত্র শুক্তি চিহ্ন,
 গৌবাদেশে মণি এবং সন্মীক্ষে সুন্দর সুন্দ
 সুন্দ রোমরাজি বিরাজমান ; হারয় কর্ণখুগল
 শ্রামবর্ণ এবং অতি থল, মুখে শ্বেতবর্ণ
 কাষ্ঠি, এবং অঙ্গ হইতে অভিনব জ্যোতি
 বাহির হইতেছে ; মুখে প্রদত্ত খাদ্যাগ্রাস
 শোভা পাইতেছে, শ্বেত ছত্র ও শ্বেত চামরে
 সুশোভিত ও সন্মীক্ষে বিবিধ রত্ন এবং
 গলদেশে মুক্ৰামালা দ্বারা সুশোভমান,
 সুসজ্জিত সেই অশ্বরাজ বহির্গত হইলেন, —
 দেবগণ যেমন হরির চতুঃপাশ্বে বেষ্টন
 করিয়া অবস্থায় করেন, তজপ সৈনিকগণ
 সেই হরির অর্থাৎ অশ্বের অগ্র পশ্চাৎ,
 এবং পাশ্বেদেশ বেষ্টন করিয়া বিরাজ
 করিতে লাগিল । অনন্তর হস্তী, অশ্ব, রথ
 এবং পদাতিক গণে অতিসঙ্খল সেই সৈন্তগণ

ততো হৃদ্বভিনাদোহভূতস্মিন পুরবরে
 তদা ॥ ২০৪ ॥
 ভিন্নিনাদেন শূরাণাঃ প্রিয়ৈশ্চ মহতা তদা ।
 কম্পন্তে গিরয়শ্চক্ষাঃ প্রাসাদা বিচলান্ত চ ॥২০৫॥
 হ্রেষারবো মং নিাসীর্বা জিনাং মুহ্যতাং নৃপ ।
 রথান্দ্রবতসুদ্রুপ্তা ধরা সঞ্চলতীব সা ॥ ২০৬ ॥
 চলন্তে গজযুধেশ্চ পৃথ্বী কৃদ্ধা সমস্ততঃ ।
 রজস্ত প্রচলন্তত্র জনাশুকীনা মাদধাৎ ॥ ২০৭ ॥
 নিজ্জগাম মহাগৈশ্চত্ব ছত্রৈঃ সঙ্ঘাদ্য ভাস্করম্ ।
 সেনান্তা কালজিরায়া প্রেরিতং জনসঙ্খলম্ ॥
 গজস্তস্তত্র বীর্যাগ্যাঃ কুর্ষন্তো রণসমভ্রমম্ ।
 রঘুনাথস্ত যাগায় সজ্জান্তে প্রযয়ুর্দা ॥ ২০৯ ॥
 যুগমদময়ম্ স্বেষঙ্গরাগং দধানাঃ
 কুঙ্গুমবিনমলাশোভিনশ্চোক্তমাঙ্গাঃ ।
 মুক্ৰটকটকভূনাভূবতঙ্গাঃ সমস্তা
 যযুরবানপতেশ্চৈব ব্রাজয়া চাপি সর্বে ॥২১০॥

তখন উর্জেষ্টের ডাকিয়া সকলকে আদেশ
 করিতে লাগিল । অনন্তর সেই অঘোষণা-
 মগরীতে চতুর্দিক হইতে আগত সৈন্তগণের
 কোলাহল, এবং হৃদ্বভিন্দ্রা হইতে লাগিল ।
 ১৯৮—২০৬ । বীরপ্রিয় সেই উচ্চ হৃদ্বভি-
 নিনাদে দর্শিত কম্পিত ও উচ্চ প্রাসাদ সকল
 বিচলিত হইয়া গেল । রণোচ্ছিন্ন অশ্বগণের
 হ্রেষারব এবং রথচক্রসমূহের ঘর্ঘরধ্বনিতে
 চতুর্দিক তুমুল হইয়া উঠিল, পৃথিবী কম্পিত
 হইতে লাগিল । প্রচলিত গজযুধে পৃথিবী
 চারিদিকে কঁদু হইয়া গেল । বুলিরাশি উচ্চান
 হওয়ায় লোক সকল অদৃশ্য হইয়া গেল ।
 সেনাপতি কালজিৎ কর্তৃক প্রণোদিত
 সেই জনসঙ্খল সৈন্ত বর্গ ছত্রসমূহে সূর্যা-
 দেবকে আচ্ছন্ন করিয়া বহির্গত হইল ।
 রঘুনাথের যজ্ঞের নিমিত্ত সজ্জিত সেই
 সকল বিখ্যাত বীরগণ বীরদর্পে গজজন
 করত লোকের মনে সংগ্রাম-শঙ্কা উৎ-
 পাদনপূর্বক পরমানন্দে নির্গত হইতে
 লাগিলেন । ২০৫—২০৯ । সেই বীর-
 গণের অঙ্গে কস্তুরীর অঙ্গরাগ, গলে উৎ-

ইত্যেবং তে মহারাজং যযুঃ সেনাচরাস্বয়াঃ ।
 ধনুর্দ্ধরাঃ পাশধরাঃ খড়্গধরাঃ কুটুম্বমাঃ ॥১১১
 এবং শনৈঃ শনৈঃ প্রাপ্তৌ মগুপং বাগ-

চিহ্নতম্

হয়ঃ খুরক্ষততলাং ভূমিং কুর্দধনং প্রবন্ ॥১১২
 রামো দৃষ্ট্য হরিং প্রাপ্তং বহুসমুদ্রমানসঃ ।
 বসিষ্ঠং প্রেরয়ামাস ক্রিয়াকর্তব্যতাং স্মৃতি ॥১১৩
 বসিষ্ঠৌ রামমাহুয় স্বর্ণপত্নীসমাস্বতম্ ।
 প্রয়োগং কারয়ামাস ব্রহ্মতাপানোদনম্ ॥১১৪
 ব্রহ্মচর্য্য ব্রতধরে মৃগশৃঙ্গধারণঃ ।
 তৎকর্ম্ম কারয়ামাস রামঃ পরপুঞ্জয়ঃ ॥ ১১৫ ॥
 প্রারেভে যাগকর্ম্মাণি কুণ্ডং মগুপসম্মতম্ ।
 তত্রাচার্য্যোহভবদ্ব্যামান বেদশাস্ত্রবিচারিবৎ ॥
 বসিষ্ঠৌ রপুনাত্মশ্চ কুলপুঙ্গবকুর্দধনঃ ।
 ব্রহ্মস্তুত্রাচরদ্বার্য্যং কস্ম্যাস্ত্যস্তপোনিধিঃ ॥

বায়ৌকির্দুনিরপকর্দুনিঃ কল্পস্ত দ্বারপঃ ।
 অগ্নৌ দ্বারিণি তদ্বাদন শতোরণশ্চানি
 বৈ ॥ ১১৬ ॥

দ্বারি দ্বারি দ্বয়ং বিপ্র বায়বপাপিঃস্ববিৎ ।
 পুপিদ্বাবে মুনিশ্রেষ্ঠৌ দেবলাসিতসংক্রতো ॥
 দক্ষিণদ্বারি ভূমানৌ বশুপাত্নৌ তপোনিধী ।
 পশ্চিমদ্বারি কবতো জাতুকর্ণোহবজাজলিঃ ।
 উত্তরদ্বারি মুনৌ শৌ দিতৌককত্বাপসৌ ॥১২০
 এবং দ্বারবিবিং কুমা বসিষ্ঠং কুস্তসম্ভবঃ ।
 হনাব্যাত্য সংপূজ্যং বর্জুমারভত দ্বিজ ॥১২১॥
 সুবাসিনস্ত্যস্ময়ত্ত্বং বাসোহনকারশোভিতাঃ ।
 হবিঃস্ম্যক্তগাম্বাদ্যৌ পূজয়াম্যুর্দ্বারচ্ছিতম্ ॥১২২
 নীবাঞ্জনং তন্তে কত্বা পূণ্যিহ্মাঙ্করুম্মণৈঃ ।
 বর্কপিণং জনা নেশ্যৌচেকুস্তা বাডবাক্সমা ॥১২৩

কৃষ্ট পুষ্পমালা, মস্তকে মুকুট,—এবং
 হস্তাদি অবয়বে বেসরাপি ভূষণ। তাহার
 নকলে রাজ্যব আদেশে যজ্ঞভাজ্য গমন
 করিতে সাজ্জত হইলেন। এইকালে সেনা-
 গণ, ধনু পাশ ও খড়্গাদি যস্ত্র লক্ষ্য গ্রহণ
 পূর্বক অবলম্বে মহারাজের নিবর্তি পিসা
 উপস্থিত হইল। সুসাজ্জত যজ্ঞীয় অৰণ্ড
 সবেগগাত দ্বারা আকাশে উৎপ্লান এবং
 খুরাঘাতে ভূবিদারণ করত ধীরে ধীরে
 যজ্ঞক্ষেত্রে উপস্থিত হইল। রাম যজ্ঞীয়
 অৰণ উপস্থিত দেখিয়া সান্ত্রিশয় আস্থাদিত
 হওত বাশষ্ঠমুনিকে যজ্ঞের ইতিকর্তব্য সম্পা-
 দন করিতে আদেশ করিলেন। বশিষ্ঠ,
 সুবর্ণময়ী পত্নীসমবিত রামকে আহ্বান
 করিয়া ব্রহ্মহত্যা-পাপনাশক কার্য্য সকল
 অগ্রে সম্পাদিত করিলেন। ১০—১১৪।
 শক্রবিজয়ী রামও ব্রহ্মচর্য্য ব্রত অবলম্বে-
 পূর্বক মৃগশৃঙ্গ ধারণ করিয়া, বশিষ্ঠদেব যে
 ক্রমে কার্য্য করিতে বলিলেন, তৎসমস্তই কর-
 লেন। অনন্তর সেই যজ্ঞমগুপের অল্পকণ
 যজ্ঞীয় কুণ্ডে প্রকৃত যাগ আরম্ভ হইল। বেদ-
 শাস্ত্রে পারদর্শী রামের কুলগুরু ধীমান

বশিষ্ঠমুনি সেই ব্যপোগে পাচাৰ্য্য হইলেন।
 সে গ্রন্থনা তপোনিধি অগস্ত্যদেব বর্ক-
 পিণ্ডে যা বর্কিলেন। বায়ৌকি মুনি গোত্র-
 বন্যে বর্তী হইলেন। বহুমুনি দ্বাররক্ষ-
 দেব শিবি কাবলে নামসনেন। সেই বজ্র-
 গুণে উভয় কোবাপুত্র হাতটা দাব নিশ্চিত
 হইলছিল। সে বিপ্রা প্রত্যেক করে এক
 একজন মস্তক পানব হাবিষ্ঠত পরিগেল।
 পূর্ণদিকেব তপ দ্বারে দেবল ও অসিত
 নামক দুই মুন, দক্ষিণপদ দুই প্রাবে তপো-
 নিধি কাশ্মীরে ও পশ্চিমদক্ষিণ দ্বারদ্বয়ে
 জাতকণ ও জাজনি, এবং উত্তরদিকের দ্বার-
 দুইদৌদ্রৌক ও একত মুন নিয়ুক্ত হইলেন।
 ১১৪—১২০ কে দ্বিজ। এইকালে দ্বাররক্ষণের
 বাবস্থা করিয়া বশিষ্ঠ ও অগস্ত্যমুনি যজ্ঞীয়
 অশ্বের পূজা করিতে আরম্ভ করিলেন।
 সুবাসিনী বিলম্বমণী রম্যমুণ বপুলঙ্কারে
 বিচুম্বিত শত্রু পাগমন করন কার্ভাদিগের
 আদেশামুদ্বারে হরিদা অক্ষত ও গাম্বাদি-
 দারা সেই পূজিত যজ্ঞীয় অশ্বের পূজা করিয়া
 নীবাঞ্জন (বরণ) ও মগুপ পূণ্যারা বর্কনা
 করিল। তৎপরে কুছুমাদি অগুক্ষ জব্য-

এবং সম্পূজা বিমলে ভালে চন্দনচর্চকৈ ।
 কুঙ্কমাদিকগন্ধচৌ সর্গশোভাসমবিশে ॥২০৪
 ববন্ধ ভাস্কর পত্র তপ্তহাটকনিশাশ্ব ।
 তত্রালিখদ্ধাশরণে প্ৰশাপবনমুক্তকম্ম ॥২০৫
 সূর্যবংশধরজো বন্যে বহুদিশে শুভৌর্ভকঃ ।
 যং দেবঃ সাস্করঃ সপ্তে নমান্তি মণিমৌলিভিঃ
 তপ্তাশ্রজো বীববল পর্ণগাবী রঘুবহঃ ।
 রামচন্দ্রো মহাভাগঃ সর্গশর্কশিরোমণিঃ ॥২০৬
 তন্মাতা কৌশলনৃপ গম্ভীরাসমুদ্রযুগ ।
 তপ্তাঃ কৃষ্ণভবং বরঃ রামঃ শকবহঃ ॥২০৮
 করোতি ত্রয়মেবং দেব ভ্রাক্ষাশেন সূর্শিক্ষিতঃ ।
 রাবণভিবিবেশেদন বরাণশপনুভবে ॥ ২০৯ ॥
 মোচিতেস্থেন বাহানং পুত্রাঃ সৌভাগ্যমাং বরঃ
 মহাবনপরীবীর পারশ্যাতঃ সুরক্ষিতঃ ॥ ২১০ ॥
 তদক্ষকোহাঁপ হুদ্ভ্রাতাঃ শকব্রা নবনাভয়ঃ ।
 হস্তাপরথপাদান-সত্যবসনাসারিতঃ ॥ ২১১ ॥
 যত্র রাজ্ঞ ইতি বসৌ নান্যঃ প্রাচন্দ্রবৎসরাশ্ব ॥

দিলেবিন চন্দনচর্চকৈ - প্রশোভিত অর্থ-
 লগ্নাটে টেলে চন্দনচর্চকৈ অর্থাৎ চন্দন
 কাঁববা দেওয়া বসলে সেই পুটে যথেষ্ট
 বন্য ও প্রহাটের মতো একটুও গন্ধ
 হইয়াছিল। ২০২-২০৫। যিনি কুঙ্ক-
 মাদিদিগ দীকার করিতেও শুভ, দেব-
 দৈতাগণ বাহাছে নমস্কারে প্রায় করে,
 সেই সূর্যকৃষ্ণধর বাজা দশরথের পুত্র
 নিপল বীরের শিবোমণি কৌশলী নন্দন
 শকবজয়ী মহাভাগ রামচন্দ্র, বাকনের
 আদেশে রাবণরূপ বিবস্বজনিভ পাপের
 ফালন নিমিত্ত অশ্রমে যজ্ঞ করিতে
 প্রবৃত্ত হইয়া এই যজ্ঞীয় অগ্নি উৎসর্গ কাঁববা
 ছাড়িয়া দিয়াছেন,- হাঁকার লগ্নাবিনয়ী
 ভ্রাতা শকব, বৃত্তবহুশী অশ্ব ও পার্ব্বাটিক
 সৈন্ত-পরিবৃত্ত হইয়া এই অগ্নি রক্ষা কারবার
 জন্ত নিযুক্ত হইয়াছেন--“আমি বড় বীর,
 আমি শত্ৰুহরদিগের শ্রেষ্ঠ, আমার স্তায়
 যোদ্ধা আর কেহ নাই”,--এইরূপ বাহাদের
 বলগর্ভী আছে, এইরূপ অভিমানে যে রাজা

পূবা বন্য বন্যকাঁববর্ষে বয়মিহোৎকটাঃ ॥২০২
 নে গুহুগ্ৰং বন্যবন্যে বন্যমানাবিভূসিতম্ ।
 মনৌবেদেঃ স মনবা নপগতাশিভাশ্বরম্ ॥২০
 ততো মোর্শিলা ভ্রাতা শকব্রো লৌলয়া হৃষ্টাৎ ।
 শরাসনবানবিকলবৎসদন্তপ্তঃ তৎপরঃ ॥ ২০৪
 ইতোবমাদ চ পালথা মনুনীল্লঃ
 শ্রীগমেচন্দ্রগাবানশং ব্রহ্মপম্ ।
 শৌভাগ্যবানমিনো নাতনবাবীঘবেগং
 পাতালিঃ ক্ৰোধাৎ পথবগো মুমোচ ॥ ২০৫
 শকব্রমাদিদেখান রামঃ শপ্তভূতাং বরঃ ।
 যাং বাহুগা রক্ষার্থে পুর্নিত্তে প্ৰেচ্ছয়া গতোঃ ॥
 শকব্র গজ্ঞ বাহুগা মাংস ভদং ভবেৎ তব ।
 ভবেতাং শকব্রব্রৌ রিপুকর্ষণে তে তুজৌ ॥
 যে যোদ্ধারঃ শ্রীতবগতাংস্তে বহা বারণীয়া
 বাহুঃ রক্ষ শকব্রগণবঃ সখুঃ সন্মহোষণাম্

নাদাঃ উন্নত সাছেন, তিনি আসুন;
 মনসরা এই বন্যমানাভূতি মনের স্তায়
 বোগ্যমাদিগের পক্ষের পক্ষাভিনয়ে শিক্ষিত
 যবেচ্ছাভিনয় অধ্বাশকব্র বনপৃমক গ্রহণ
 করুন, মনোর পক্ষাশকব্র ভাইর নিকট
 হইতে আনিবারকেন শকব্রনে ভাহাকে
 ছিন্ন ভিন্ন করিতে অগ্নি করিয়া লইবেন।”
 ২০৮-২০৯। বাহুগা মনস দেব, শ্রীরাম-
 চন্দ্রের বন্যভিনয় হইলে বাহুগার পত্র অশ্ব-
 ভালে পরিচালনা, পালন হুঁতল সর্ষত্র
 মনসিলা ভ্রাতা শকব্রবন্যোভাগিভ বায়ু
 মপেক্ষাও বোগ্যমাদি অগ্নির ছাড়িয়া
 দিলেন। ২০৫। শকব্রাশ্ববর রাম
 শকব্রনে মনোর পক্ষবন, বন্যপা ভূমি
 এই যজ্ঞীয় অগ্নি উৎসর্গ করিমিত্ত ইহার
 পশ্চাৎ পশ্চাৎ গমন হইবে, অর্থ যে দিকে
 যাইবে, সেই দিকেই গমন করিও, ইহার
 যথেষ্ট গমনের ব্যাঘাত করিত না, যাও
 তোমার মঙ্গল হইবে। হে রিপুদমন! এই
 অশ্বরক্ষা করিতে গয়া ভূমি বাহুবলে অনেক
 শক্ৰ জয় করবে। যে সকল যোদ্ধা অশ্ব
 কাড়িয়া লইবার জন্ত তোমার সহিত যুদ্ধ

সুপ্তান্ ভ্রষ্টান্ বিগতবগনান্ ভীতভীতান্

প্রণতান্ ॥

মা হস্তাস্তান্ স্মৃতিকৃতিনো যেন শংসন্তি কৰ্ম্ম
 বিরথান্ রথসংহৃত্তং যে বদন্তি বয়ং তব ।
 তে ত্বয়া ন নিহন্তব্যাস্তাঃ শক্রেন স্মৃকৃতিযথা ॥২৩৯
 যো হস্তাদ্ধিমদং মত্তং সুপ্তাঃ ভয়ভরাতুরম্ ।
 তাবকোহহং ক্রবানসু স রজ্যভ্যধমাঃ গতিম্ ॥
 পরশ্বে চিত্তবৃত্তিঃ স মা কৃপাঃ বরদারকৈ ।
 নাচে র্যসি মা বিদব্যাসঃ সমসদ্বন্দ্বনদ্যিত্ত ॥
 পুৰ্ব্বং প্রচারঃ পুৰ্ণানাম্ মা কুবাবা খরিত্ত্বং ।
 পূজ্যপূজাব্যাজ্ঞকাম্য মা বিবেহি দয়ানিত্ত ॥
 গাং বিপ্রঃ স্বং নমদৰ্ঘ্যা বৈষ্ণবঃ দশ্ৰাদঃপুতম্ ।
 অভিবাদ্য যতো গচ্ছেত্তত্র সিদ্ধিমবাপুয়াং ॥
 বিষ্ণুঃ সন্মেশ্বরঃ সাক্ষী সন্নব্যাপকদেহভূৎ ।
 যে তদীয়া মহাবাহো তজ্ঞাপা বিচরন্তি হি ॥ ২৪৪

করিতে আসিবে, তুমি নিজের গুণপন্ন
 দেখাইয়া তাহাদিগকে পরাজিত করিয়া অশ্ব-
 রক্ষা করিবে, তুমি সুপ্ত, পলায়িত, ভয়ে
 গলিতবসন, প্রণত এবং যাহারা সংকল্পে
 অল্পরাগী মহাত্মা একপ লোককে প্রহার
 করিও না । রথখীনের সাহচর্য্যাকট হইয়া
 যুদ্ধ করিও না; তুমি সংকল্পরত, তোমাকে
 এবিধে উপদেশ করা বাল্যন্যমাত্র । তথাপি
 বলিতেছি, —সুপ্ত, মত্ত, ভয়ভর, এবং যে
 ভয়ে শরণাগত হইয়াছে ও যাহার আদৌ
 বলগৰ্ব্ব নাই; একপ ব্যক্তিকে বধ করিলে
 অন্তিমে অবোগতি হইয়া থাকে । ২৩৯-২৪০
 হে অরিদমন! তুমি সম্ভাবন পদ্বণে
 ভূষিত, তোমাকে অধিক আশঙ্কিত বানব,
 পরধনে বা পরদায়ে কদাচ লোভ করিও
 না । নিরুপ্ত লোকের সহবাস করিও না ।
 বয়োজ্যেষ্ঠ ব্যক্তিকে অশ্রু প্রহার করিও
 না । সৰ্বদা সদয় ভাবে থাকিবে । নৃশংসতা
 প্রকাশ করিবে না এবং পূজনীয় ব্যক্তিকে
 পূজার ক্রটি করিও না । তুমি গো, বিপ্র,
 ও ধার্ম্মিক বৈষ্ণব দেখিলে প্রণাম করিবে ।
 ইহাদিগকে প্রণাম করিয়া যেখানে যাইবে,

যে স্মরন্তি মহাবিষ্ণুং সৰ্ব্বভূতহৃদি স্থিতম্ ।

তে মন্তব্যাস্তা মহাবিষ্ণু-সমরূপা রথুত্তম ॥ ২৪৫

যশ স্মীযো ন পারক্যো যশ মিত্রসমো রিপুঃ ।
 তে বৈষ্ণবাঃ ক্ষণাদেব পাণিনং পাবরন্তি হি ॥
 যেসোঃ শিবা ভাগবতং তেবাং বৈ
 ব্রাহ্মণাঃ প্রিয়াঃ
 বৈকুণ্ঠাৎ প্রোবিতান্তেহত্র লোকপাবনহেতবে
 যেথা যুগে হরেনাম হৃদি বিষ্ণুঃ সনাতনঃ ।
 উদরে বিষ্ণু-নৈবেদ্যঃ স পাপাকোহপি বৈষ্ণবঃ
 যেসোঃ বেদাঃ প্রিহতমান চ সংসারজং সুখম্ ।
 সৰ্বস্মানরতা যেহত্র তারমস্কৃষ্ণিহাধিতান্ ॥ ২৪৯
 শিবে বিকো ন বা ভেদো ন চ ব্রহ্মমহেশয়োঃ

তথায় অশীষ্ট সিদ্ধ হইবে । হে মহাবাহো!
 সপেশ্বর বিষ্ণু সৰ্বব্যাপী দেহ ধারণপূৰ্বক
 সকলের অন্তর্ধ্যামিরূপে বিরাজ করিতেছেন,
 যাহারা তাহার সাহচর্য্যে ঘনিষ্ঠ সহস্রগুণ অর্থাৎ
 সক্ষমা সেই নিখিল প্রাণীর হৃদয়বাহারী
 মহাবিষ্ণুকে স্মরণ করিয়া থাকেন; তাহারা
 বিদূষকপ হইয়া বিচরণ করেন । হে রথুত্তম!
 তুমি সেই বিষ্ণুভক্ত মহাত্মাদিগকে মহাবিষ্ণু-
 রূপে জান করিবে । যাহার নিকটে আশ্রয়
 পর সবই এক, অবিক কি অনিষ্টকারী
 শত্রুও মিত্র বলিয়া পরিগণিত; সেই বিষ্ণু-
 ভক্ত ব্যক্তির সংসর্গে দাপী ব্যক্তি ক্ষণকাল
 মধ্যেই পবিত্র হইয়া যায় । ভাগবত ষাঁহাদের
 প্রিয় বস্তু, ব্রাহ্মণকে যাহারা ভক্তি করেন,
 তাহারা সামান্ত ব্যক্তি নহেন, তাহারা
 লোকদিগকে পবিত্র করার নিমিত্ত, বৈকুণ্ঠ
 হইতে বিষ্ণুকর্কুক প্রেরিত । যাহার যুগে
 সৰ্বদা হারাম, হৃদয়ে সনাতন বিষ্ণু, এবং
 উদরে বিষ্ণু-নৈবেদ্য অর্থাৎ যাহারা খাদ্যবস্তু
 বিষ্ণুকে নিবেদন করিয়া আহার করেন,
 ত্রিনি জাতিতে চণ্ডাল হইলেও গরম
 বৈষ্ণব । ২৪১—২৪৮ । যাহারা বেদব্যাক্যকে
 প্রিয়তম জান করেন, সংসারসুখ তুচ্ছ মনে
 করেন, এবং স্বয়ং নিরত থাকেন, তুমি
 তাহাদিগকে প্রণাম করিও । শিবে এবং

তেষাং পাদরজঃ পুতং বহাম্যঘবিনাশনম ॥২৫॥

গোব্রী গঙ্গা মহালক্ষ্মীরস্থ নাস্তি পৃথঙ্কয়া ।

তে মন্তব্যানরাঃ সৰ্বে স্বৰ্গলোকাদিহামরাঃ ।

শরণাগতরক্ষী চ মহাদানপরায়ণঃ ।

যথাশক্তি হরেঃ ক্রীতৈয স জ্ঞেয়ো বৈষ্ণবোত্তমঃ ।

যশা নাম মহাপাপ-বাশিঃ দহতি সহস্রম্ ।

তদীয়চরণধন্দে ভক্তিবশ্য স বৈষ্ণবঃ ॥ ২৫৩

ইন্দ্রিয়ানি বশে যেষাং মনোহপি হরিচিন্তকম্ ।

তান নমস্কৃত্য পুয়াং স আজন্মসরণান্তকম্ ॥

পরশ্রিয়ং ত্বং করবালবভ্যজয়

ভবেবর্ষশোভুষণভূতভূমিঃ ।

এবং মমাদেশ খাচেরংচ

লভেঃ পরং ধাম সুযোগমীড়ম্ ॥ ২৫৫

ইতি ক্রীপ্নদ্যে পাতালখণ্ডে চতুর্গোহধ্যায়ঃ ।

বিষ্ণুতে কোনও ভেদ নাই, ব্রহ্মা ও মহেশ্বরে কোন পার্থক্য নাই। আমি তাঁহাদের পবিত্র পদরজ মস্তকে ধারণ করি। ষাঁহার গোব্রী, গঙ্গা ও মহালক্ষ্মীকে অভিন্ন জ্ঞান করেন, তাঁহাদিগকে স্বর্গ লোক হইতে আগত দেবতা জ্ঞান করিবে। যিনি শরণাগত ব্যক্তিকে রক্ষা করেন, এবং বিষ্ণুর ক্রীতিকামনায় যথাশক্তি প্রচুর দান করেন, তাঁহাকে বৈষ্ণবোত্তম বলিয়া জানিবে। ষাঁহার নাম উচ্চারণ করিলে অবিলম্বে মহাপাপরাপি নষ্ট হয়, তাদৃশ মহাশ্বার চরণযুগলে যিনি ভক্তিমান, তিনি বৈষ্ণব। ষাঁহার জিতেন্দ্রিয়, এবং মনে মনে সদা হরিচিন্তায় মগ্ন, তাহাদিগকে নমস্কার করিলে জন্ম হইতে মৃত্যু পর্যন্ত সঞ্চিত পাপরাশি বিনষ্ট হয়। হে ভ্রাতাঃ! তুমি পরশ্রীকে স্মৃতিগতরবারির স্মায় জ্ঞান করিয়া, পরিত্যাগ করুত আমার আদেশমত কার্য কর, তাহা হইলে ইহলোকে অসীম যশসী হইয়া অস্তে প্রশংসনীয় পরম ধামে গমন করিতে পারিবে। ২৪৯—২৫৫।

চতুর্থ অধ্যায় সমাপ্ত ।

পঞ্চমোহধ্যায়ঃ ।

শেষ উবাচ ।

এবমাজ্ঞাপ্য ভগবান্ রামশচামিত্রকর্ণণঃ ।

বীবানালোকয়ন ভূয়ো জগাদ শুভয়া গিরা ॥১

শক্ৰশ্চ মম ভ্রাতৃক্ষ্যাজি রক্ষাকরশ্চ বৈ ।

কো গস্তা পৃষ্ঠতো রক্ষস্কারদেশপ্রপালকঃ ॥২

যঃ সর্ববীরান প্রতিন্মুখ্যমাগতান্

বিনিজ্জয়েন্নশ্চিভিদম্ সটৈষ্যঃ ।

গৃহ্নাস্বসৌ মে করবীটকং তদ-

ভূমৌ যশঃ সম্প্রথয়ন সুবিস্তরম্ ॥ ৩

ইত্যাঙ্কবতি রামে তু পুকলো ভরতাঙ্কজঃ ।

জগ্রাহ বীটকং তস্মাদপুৰাজকরাপুজাং ॥ ৪

স্বামিন্ গচ্ছামি শক্ৰ-পৃষ্ঠরক্ষাং কয়োম্যহম্ ।

সন্নদ্য সর্গতঃ শপ-চাপবাণবরঃ প্রভো ॥ ৫

সর্বমদ্য ক্ষিতিলঃ ত্বংপ্রতাপো বিজেষ্যতে

এতে নিমিত্তভূতা বৈ রামলক্ষ্ম মহামতে ॥ ৬

পঞ্চম অধ্যায় ।

অনন্ত দেব কহিলেন,—শক্ৰবিজয়ী ভগবান্ রাম, ভ্রাতা শক্ৰকে এইরূপ আদেশ করিয়া বীরদিগের প্রতি দৃষ্টিপাত করত শুভবাব্যে কহিলেন, ‘আমার ভ্রাতা শক্ৰ অশ্বরক্ষায় নিযুক্ত হইয়া যাইতেছেন, কে ইহার আদেশ পালন করত অন্নগামী হইতে চাহেন? যিনি ইহার অন্নগমন করত মর্শ্বভেদী অক্ষসমূহদ্বারা পরাভবোদ্যত বীরবর্গকে জয় করিতে পারিবেন, তিনি আমুন, আমার হস্ত হইতে তাসুল-বীটিকা গ্রহণ করুন, তাসুল বীটিকা লইয়া ভূতলে যশোপ্রাপ্তি বিস্তার করুন।’ রামের এই প্রকাব বাক্য শ্রবণ করিয়া ভগবতের পুত্র পুন্দরামের করপদ্য হইতে বীটিকা গ্রহণপূর্বক কহিলেন,—স্রোষ্ঠভাত মহাশয়! আমিই ধনুর্ধার ধারণপূর্বক সূক্ষ্মজিত হইয়া কনিষ্ঠ-পিতৃব্যমহাশয়ের অন্নসরণ করত ইহার পৃষ্ঠরক্ষা করিব। ১—৫। “হে মহামতি রাজাবিভাজ! আমরা কেবল নিমিত্ত মাত্র,

ভবৎকপাতঃ সকলং সমুদ্রাসুরমালুধম্ ।
 উপস্থিতং প্রযুক্তার্থং নিবারণক্ষমো হহম্ ॥ ৭
 সর্বং স্বামী ক্র. গসি যস্মৈ বিকমদর্শনাৎ ।
 এষ গম্ভাস্মি শকল্প-পৃষ্ঠবক্ষা প্রকারকঃ ॥ ৮
 এবং লবণং ভরনাম্বজং স
 প্রস্তুয় সার্বিকতালুমোদমঃ ॥
 শব্দং স সংগে ক.
 প্রভঞ্জনোদ্ধৃতমুগানং হিংস্রং ॥৯
 ভো হনুমতগণবীর গুণং মদ্যকামাদৃ
 ত্বং প্রসাদাময়া প্রাপ্তমিদং রাজ্যমকটকম্ ॥১০
 সীতারাম মম সংযোগো যোহভবজ্ঞানধিরৈঃ ।
 তারিতস্তদলং বেদ্যি সর্বং তব কপীশ্বর ॥ ১১
 ত্বং গচ্ছ মম মৈত্রস্ত পালকস্তম্মমাংসা ।
 শকল্পঃ সোদরো মহ্যং পালনীয়ত্বং যথা ॥ ১২
 যত্র যত্র মন্ত্রিভ্রংশঃ শকল্পস্ত স্তজ যতে ।
 তত্র তত্র প্রবেশিবো নাতা মম মগধাতে ॥১৩

আপনার জগদ্বাপী পুত্রপই সমস্ত ভূমণ্ডল
 জয় করিবে। আপনার রূপায় আমি দেব,
 দৈত্য, মনুষ্য—যে কেবল মুকার্গ সম্মুখীন
 হইবে, তাহাকে পরাধীন করিতে পারিবে।
 আপনি আমার বিক্রমেব বিষয় সমস্তই
 অবগত আছেন, আপনাকে যদিও বলা
 ধুইতামাত্র। পিতৃব্রাহ্মণের পৃষ্ঠরক্ষায়
 নিযুক্ত হইয়া এই নরায়ণ হইয়া বীরলয়
 ভরতনন্দন পুত্র এইরূপ নামে বটে, আমি
 সাধুবাদদ্বারা তাহার নাম অমরনামন করিত
 হনুমান প্রভৃতি প্রাণী প্রবাসী বানরগণকে
 কহিলেন,—ওহে মগধীর! হনু! তুমি
 সময়ে আমার কথা শ্রবণ কর। আমি
 তোমারই অনুগ্রহে এই পটক রাজ্য
 পাইয়াছি। ৬—১০। হে কপিবীর! নর-
 বানরগণের সমুদ্র পার হইয়া গঙ্গার গমন,
 সীতার উদ্ধার, এ সমস্ত যে হোমাবধি বল
 সম্পন্ন হইয়াছে—ইহা আমি বলক্ষণ বুঝিতে
 পারিয়াছি। তুমি আমার আদেশে মৈত্র-
 গণের রক্ষক হইয়া গমন কর, আমার সৎসা-
 দয় শকল্পকে আমার স্থায় দেখিও ৭, ৮

ইতি শ্রীমহা মহাবাহ্যঃ রামচন্দ্রশু ধীমতঃ ।
 শিরসা তৎসমাদায় প্রণামমকরণে তদা ॥১৪
 গবাদিশয়গারাজো জাদবন্তঃ কপীশ্বরম্ ।
 রথনাথশ্চ সেবায়ৈ কপীশ্বরমজঃ প্রভুঃ ॥ ১৫
 অঙ্গদো গবযো মৈন্দস্তবা দ মমুগঃ কপিঃ ।
 সুগ্রীবঃ প্লবগাশিশঃ শতঃ লক্ষিকৌ কপী ॥১৬
 নীলো নলো মনোবেগোঐগস্তা বানরাজজঃ
 ইত্যেবমাদযো যুগ্ম সঙ্কীভূতা তবস্ত ভোঃ ॥১৭
 সবে রথৈঃ সন্দৈশ্চ তপ্তপটকভূষণৈঃ ।
 কাচেন শিরস্পানভূষিতা যান্ত সত্তরায়ঃ ॥ ১৮
 শেষ উগাচ ।
 সূ-স্বমাহব স্মমস্ত্রিণ তদা
 জগাদ রামো বলবীর্ঘ্যশোভিতঃ ।
 অর্নাত্যমৌলে বদ কেহর যোজ্য
 নরা হয়ং পালয়িত্বং সমার্থঃ ॥১৯
 তদ্বক্রমেবমার্থ্য জগাদ পরবীরহা ।
 হয়স্ত রকণে যোগান বলিনোহস্ত নরাধিপান

বিগদে রক্ষা করিও। হে মহামতে!
 শকল্পের কোথাও বৃদ্ধভ্রংশ ঘটিলে, আমার
 ভ্রাতা বলয় তুমি ইহাকে বুদ্ধিদান করিবে।
 হনুমান এইপ্রকার রামবচন শ্রবণ করিয়া
 শিবোবাধি করত প্রণাম কবিলেন ১১—১৪।
 হনুস্তর পূর্ববদ্য মহারাজ রাম, কপিবর
 জাদবানকে শকল্পের অনুগমন করিতে
 আদেশ করিলেন এবং অঙ্গদ, গবয়, মদধি-
 ব, মৈন্দ, বানরাজ সুগ্রীব, শতবলি,
 অক্ষয়, নল, নীল, হস্তাভি মনের স্থায়
 বেগগামী বাসুগণবে সন্দোহন করিয়া
 কহিলেন,—হে বানরগণ! হোমরা সকলে
 তবচ শিরস্পান বাধণপুঙ্ক উজ্জল স্বর্ণ-
 লকরে বিভূষিত ও মন্ত্রিজিহ হও, এবং
 অর্নাত্যমৌলে অর্নাত্যমৌলে আধোহণ-
 পুঙ্ক শকল্পের অনুগম কর। ১৫—১৮।
 অনন্তদেব কহিলেন,—অনন্তর বলবীর্ঘ্য-
 ণীলো রাম মন্ত্রিবর স্মমস্ত্রকে ডাকিয়া বলি-
 লেন,—মন্ত্রি-শশেষমে! কেন্ কেন্
 ব্যক্তিকে অধরক্ষায় নিবেগন করা যাইতে

রঘুনাথ শূন্যেতাংস্তব বীরান সূসংহিতান ।
 ধনুর্ধরান মহাবিদ্যান সর্ষশস্ত্রকোবিদান ১১
 প্রতাপাগ্রাং নীলরত্নং তথা লক্ষ্মীনিধিঃ নৃপম্ ॥
 ত্রিপুতাপং চোগ্রহয়ং তথা শর্ভং নৃপম ॥২২
 রাজন যোহসৌ নীলরত্নো মহা বীরো রথাগ্রীঃ
 স এব লক্ষ রক্ষে ক লক্ষ যুধোত নির্ভয়ঃ ॥
 অক্ষৌহিণীভির্দশ ভাতু বাহুশ রক্ষবে ।
 দংশিতঃ সশস্ত্রৈর্দশ ভাতু বরুদৈঃ ১৪
 প্রতাপঃ প্রাণৈঃ শিবে দাশির্গামনঃ ১৫ ।
 সত্যাপসংবাপানং যোক্তো সপ্ত স্বাবিকমঃ ১২৫
 এযোহক্ষৌ হ্রীবাং শতানি যাতু যজ্ঞহ্রাববে ।
 সন্নকো রিপুশাশ্রয় যুক্তঃ কোদণ্ডদণ্ডং বহু
 তথা লক্ষ্মীনিধিস্থেব যাতু রাজস্তুসত্তম ।
 যশ্চপোভিঃ শতধ্বজৈঃ প্রসাদানুস্থি চাভাশং ॥

ব্রহ্মাস্ত্রং পাশুপতাস্ত্রং গাকুচং নাগসংজিতম্ ।
 মায়ামং নাকুলং চৌর্যং বক্রবং মেঘসত্ত্ববম্ ॥২৬
 বজ্রং পাদিতমং ক্রঃ চ তথা বায়বাসঙ্গতম্ ।
 ইত্যাদিকানামস্ত্রাণাং সম্প্রয়োগবিষয়বিৎ ১২৯
 স এব নিজসৈছ্যানামক্ষৌ হ্রীনাং কয়া যুতঃ ।
 যাতু শূরাগ্রামুকুটঃ সপ্তবির প্রভঙ্কনঃ ১৫০
 রিপুতাপোহযমে যাতা গচ্ছতঃ পঃ বহুর্ভ্রাম্ ।
 সশস্ত্রাস্ত্রকুণ্ডনো বাবুধু ব শতবঃ ১৩১
 গচ্ছতঃ সেনাঃ স্বপ্নং চক্ৰং যমেতয়া ।
 শক্রস্রাজাঃ শিবে ক্রতে দানব্যা বলোৎকটাঃ ॥
 উগ্রাশ্বোহপি মহাবীরাঃ সপ্তা শর্ষবিদেব চ ।
 সযে যাদু স্তম্নপাক্ষব বাস্ক পালকাঃ ১৩৩
 শ্রীং ভাষিঃ মাকবি শস্ত্রিণঃ প্রজহ্ব চ ।
 আজ্ঞাপয়ামাঃ সতানি সূমন্ত্রাঃ যতান ভতান ॥
 বেহুক্রাঃ রঘুনাথস্য প্রাপ্য মোদং প্রপেদিরে

পাবে, তাহা বলি : শক্রজব-সমর্থ সূন্য
 রামের বাক্য শ্রবণ করিয়া, কোন কোন
 নরপতি বলবান এবং অশ্রক্ষাব উপযুক্ত
 তাহা বলিতে লাগিলেন। হে রঘুনাথ !
 আপনার নিকটে সকল প্রকার অস্ত্রবদ্যায়
 পারদর্শী সুপণ্ডিত ধনুর্ধর এই বীরবর
 নীলরত্ন, প্রতাপাগ্রা, লক্ষ্মীনিধি, ত্রিপুতাপ,
 উগ্রাশ্ব এবং শর্ভবৎ রাজার পরিচয়
 দিতেছি, শ্রবণ করুন। ১১—২২। রাজন!
 ঐ যে রথদিগের অগ্রগণ্য মহাবীর নীলরত্ন,
 উনি নিভীকচক্রে একাকীই লক্ষ লোকের
 সহিত যুদ্ধ এবং লক্ষ লোককে রক্ষা করিতে
 পারেন। উনি, শিবস্নানকবচধারা বল-
 গঙ্কিত দশ অক্ষৌহিণী সৈন্য লইয়া অশ্রক্ষা
 করিতে গমন করুন। নিখিল অস্ত্রবিদের
 অগ্রণী যে প্রতাপাগ্রা, যুগপৎ দুই হস্তে বাণ
 বর্ষণ করত অক্ৰমে অসংখ্য শক্র অবসর
 ও ক্লান্ত করিয়াছেন, তিনি শক্রবিনাশে
 উদ্যত হইয়া শস্য ও ধনুর্ধর ধারণপূর্বক
 বিংশতি অক্ষৌহিণী সৈন্য লইয়া অশ্রক্ষায়
 গমন করুন। ২৩—২৬। আর এই রাজস্তু-
 সত্তম লক্ষ্মীনিধি,—যিনি তপস্বাদ্বারা ব্রহ্মাকে,
 পরিতুষ্ট করিয়া ঈশ্বর নিকট হইতে ব্রহ্মস্তু,

পাশুপতাস্ত্র, গাকুচাস্ত্র, নাগপাশ, মায়ামন্ত্র,
 নাকুলাস্ত্র, চৌর্যাস্ত্র, বক্রবাস্ত্র, মেঘসত্ত্ব
 বজ্রাস্ত্র, পাদিতমং বায়বাস্ত্র প্রভৃতি বিবিধ
 অস্ত্রসমূহের প্রয়োগ সংহার শিক্ষা করি-
 য়াছেন, সেই বীরবর্গ-শিরোমণি নিখিল
 শক্রবর্গের পক্ষে ভীম প্রভঙ্কনরূপ লক্ষ্মী-
 নিধি এক অক্ষৌহিণী নিজ সৈন্য লইয়া সঙ্গে
 গমন করুন। আর ধনুর্ধরবাহুর অগ্রগণ্য
 সকল প্রকার অস্ত্রবদ্যায় নিপুণ ত্রিপুতাপের
 দাবানলরূপ এই ত্রিপুতাপ অদ্য অশ্র-
 ক্ষায় যাত্রা করুন। ইহার কুমার শক্রজের
 আজ্ঞা শিরোধার্য করত চতুরঙ্গ সৈন্য
 সমভিব্যাহরে অনুগামী হউন। আর এই
 মহারাজ উগ্রাশ্ব এবং এই শর্ভবৎ ইহারা
 সকলেই যুদ্ধসজ্জায় সাজিত হইয়া আপনার
 অশ্রক্ষা করিতে যাবেন। মহারাজ
 রাম এই প্রকার সূমন্ত্রবাক্য শ্রবণ করিয়া
 পরম আনন্দিত হইয়া সূমন্ত্রকথিত সেই
 যোদ্ধগণকে আদেশ করিলেন। ২৭—৩৪।
 সেই রণোদ্ধারী সূমন্ত্রগণ বর্হদান হইতে
 যুদ্ধ কামনা করিতেছিলেন; তৎকালে
 রামের একমুখ আদেশ পাইয়া সাতিশয়

চিরকালং সাম্প্রায়ং বাঞ্ছতা যুদ্ধস্বর্ষদাঃ ॥৩৫
 সন্নদ্ধাঃ কবচাদৈশ্চ তথা শাস্ত্রাস্তবর্তনৈ ।
 যযুঃ শক্রস্রসংবাসং সীতাপতিপ্রণোদিতাঃ ॥৩৬
 শেষে উবাচ ।
 অথোক্তো ঋষিণা রামো বিধিনাপূজয়ং সহ ।
 আচার্যাদীনুযান্ সন্নান যথো ক্রবরদক্ষিণৈঃ ॥
 আচার্য্যায় দদৌ রামো হস্তিনং সষ্টিধায়নম্ ।
 হয়মেকং মনোবেষণং ব্রহ্মমালাবিভূষিতম্ ॥৩৮
 পৌরটং রথমেকং চ মণিরত্নবিভূষিতম্ ।
 চতুর্ভীকাজিভিষু ক্রং সশোপঞ্চরসংযুতম্ ॥৩৯
 মণিলক্ষং তু প্রত্যক্ষং মুক্তাকলতুলাশতম্ ।
 বিক্রমস্ত তুলানাস্ত সহস্রং সূটতেজসাম ॥৪০
 গ্রামমেকং সূসম্পন্নং নানাজনসমাকুলম্ ।
 বিচত্রশস্ত্রনিষ্পন্নং বিবিধৈর্সান্দিরৈরুতম্ ॥৪১
 ব্রহ্মণোহপি তথৈবাদাকোত্রৈহ্যপ্যস্বর্ঘ্যবে
 স্মৃতম্ ।
 ঋষিগুভ্যো ভূরিশো দত্ত্বা প্রণনাম রবুতমঃ ॥
 সর্ষে তে বর্ধনং বাগ্ভিরাশীর্ভির্ভতিপূজিতাঃ

আনন্দিত হইলেন। রামের আদেশে
 তাঁহার্য্য বর্ষাদি -পরিধানপূরক সূসাজ্জত
 হইয়া অস্ত্রশস্ত্র সমভিযাচারে শক্রস্রের অলু-
 গমনার্থ যাত্রা করিলেন। অনন্তদেব কহি-
 লেন,—অনন্তর রাম মর্হর্ষি বশিষ্ঠের
 আদেশে যথাবিধি দক্ষিণাদ দান করিয়া
 যথাবিধানে আচার্য্য প্রভৃতি কর্ত্তে ব্রত
 ঋষিদিগের পূজা করিলেন এবং আচার্য্যকে
 সষ্টিবৎসরবয়স্ক একটা হস্তী, ব্রহ্মমালাভূষিত
 মনের স্তায় বেগগামী একটা অশ্ব, মণিরত্ন-
 ভূষিত .চারটি অশ্বে যোজিত ও সকল
 প্রকার সজ্জায় সূসাজ্জত একখানি সূবর্ণময়
 রথ, এক লক্ষ বিশুদ্ধ মণি, শততুলা পরিমিত
 মুক্তা, সহস্রতুলা পরিমিত উজ্জল প্রবাল,
 এবং বিবিধ শস্ত্রশালী নানাবিধ-দেবমান্দর-
 শোভিত জমসঙ্কুল এবংখানি সমৃদ্ধ গ্রাম
 প্রদান করিলেন। ব্রহ্মা, হোতা এবং অক্ষর্য্য
 (যজুর্ঋদজ হোতা) প্রভৃতি ঋষিকৃদগণ্ণেও
 এইরূপ প্রচুর অর্থদান করিলেন। পরে

চিরং জীব মহারাজ রামচন্দ্রে রঘুদহ ॥৪৩
 কস্তাদানং ভূমিদানং গজদানং তথৈব চ ।
 অশ্বদানং স্বর্ণদানং তিলদানং সমৌজিকম্ ॥৪৪
 অন্নদানং পয়োদানমভয়দানমেব চ ॥
 রত্নদানান সর্ষাণি বিপ্রৈশ্চাতিশমহান ॥৪৫
 দের্হ দের্হি ধনং দের্হি মা নোত্র ক্রহি কস্তাচিং
 দদা হন্নং দদা হন্নং সর্ষভোগসমর্ষিতম্ ॥৪৬
 ইথং প্রাবর্ত্তিত মথো রঘুনাথস্ত ধীমতঃ ।
 সর্ষাণৈর্দ্বিজবরৈঃ পূর্ষাঃ সর্ষাণ্ডভক্রিয়ঃ ॥৪৭
 অথ রামানুজো গত্ত্বা যাতরং প্রণনাম হ ।
 অাজ্ঞাপয়স্ব রক্ষার্থমেব গচ্ছামি শোভনে ॥৪৮
 ত্রংকুপাতো রিপুকুলং জিত্বা শোভাসমর্ষিতঃ ।
 আয়ান্তামি মহারাজৈর্হয়বর্ষ্যসমর্ষিতঃ ॥৪৯

সকলকে প্রণাম করিলেন। তাঁহার্য্য
 সকলে এইরূপে রাম কর্ত্তক পূজিত হইয়া—
 “হে মহারাজ! রঘুনাথ! রামচন্দ্রে! আপনি
 চিরজীবী হউন” এই বলিয়া আশীর্ষাদ করত
 সন্দর্শনা করিলেন। মহার্য্য রামচন্দ্রে তৎকালে
 বাখণদিগকে কস্তাদান, ভূমিদান, হস্তদান,
 অশ্বদান, স্বর্ণদান, মুক্তাসহ তিলদান, অন্ন-
 দান, পয়োদান, অভয়দান রত্ন প্রভৃতি সকল
 প্রকার দান করিতে আদেশ করিলেন।
 ৩৫—৪৫। রঘুনাথের সেই বিরাট অশ্ব-
 মেধ যজ্ঞে কেবল “অর্থ দাও, অর্থ দাও,
 কাহাকেও না বলিও না, প্রচুর সুস্বাস্ত
 উপকরণ সহ অন্নদান কর, কাহাকেও বঞ্চিত
 কারও না” এইরূপে দানকার্য্যে উৎসাহ
 প্রদান হইতে লাগিল। দক্ষিণাদানে সন্তুষ্ট
 দ্বিপ্রগণ দ্বারা সেই যজ্ঞের সকল অল্পষ্ঠান
 সূচাক্রমে সম্পন্ন হইতে লাগিল। এদিকে
 রামানুজ শক্রস্র (অশ্বরক্ষণার্থ যাত্রা করিয়া)
 জননাদেবর নিকটে গিয়া প্রণাম করিয়া
 বলিলেন,—অয়ি শোভনে মাঃ! অল্পমাত্র
 কক্ষন, আমি অশ্বরক্ষা করিতে গমন করি ।
 আমি রাজবর্গের সাহিত যজ্ঞীয় অশ্বের অলু-
 গমন করত আপনার আশীর্ষাদে শক্রকুল
 জয় করত বিজয়ক্রীসম্পন্ন হইয়া আগমন

মাতোবাচ ।

পুত্র গচ্ছ মহাবীর শিবাঃ পশ্বান এব তে ।
 সন্নান রিধুগণান্জিহ্বা পুনরাগচ্ছ সম্মতে ॥৫০
 পুঙ্কলং পালয় নিজ্জাতৃজং ধর্ম্মবিত্তমম্ ।
 মহাবলিনমপ্যপি বালকং লৌলয়া যুতম্ ॥ ৫১
 পুয়াগচ্ছসি চেদযুক্তঃ পুঙ্কলেন শুভাপিতঃ ।
 তদা মম প্রমোদঃ স্মাবৃত্তথা শোকভাগিনী ॥৫২
 ইতি সন্তানমাণাঃ স্মাং মাতরং প্রত্নোবাচ সঃ ।
 পুঙ্কলং পালয়স্বাহং নিজ্জামিব শোভনে ॥৫৩
 স্বনামসদৃশং কৃত্বা পুন্মরেষ্যামি মোদবান ।
 তদৌগচরণবন্দ্যং স্মরন প্রাপ্যামি শোভনম্ ॥৫৪
 ইত্যুক্তা প্রযযৌ বৈরা রামং স মথমগুপে ।
 আসীনং মুনিবর্ধ্যাপ্রৈঃ মুনিবেষধরঃ বরম্ ॥৫৫
 উবাচ মতিমান বীরঃ সধশোভাসমবিতঃ ।
 রামাজ্ঞাপয় রক্ষার্থং হযস্মান্নজয়া তব ॥ ৫৬

রঘুনাথোহপি তচ্ছ্রুত্বা ভদ্রমস্থিত চাত্রবীৎ ।
 বালং স্মিয়ং প্রমত্তং দ্বং মা হস্তাঃ শত্রুবর্জিতম্
 তদা লক্ষ্মীনিধিভীতা জানক্যা জনকায়জঃ ।
 প্রহস্ম চিকিৎসয়নে নর্ত্তয়ন রামমত্রবীৎ ॥ ৫৮
 লক্ষ্মীনিধিকবাচ ।
 রামচন্দ্রে মহাবাহো সর্ষধর্ম্মপরাধণ ।
 শক্রয়ং শিক্ষয় তথা যথা লোকোত্তরো ভবেৎ
 কুলোচিতং কর্ম্ম কুর্ষন্নগ্রজাচরিতং তথা ।
 গচ্ছেৎ স পরমং ধাম তেজোবলসমপিতম্ ॥৬০
 ত্রয় প্রোক্তং মহাবাজ বাঞ্ছনং নাবমানয়েৎ ।
 পিতা তব হতো বিপ্রঃ পিতৃভক্তিপরায়ণঃ ॥৬১
 ত্রয়পি স্মৃহৎ কর্ম্ম শ্রুতং নোক্ষে বিগর্হিতম্ ।
 অবধ্যাং মাহত্যাং যন্ত হতবান্নিতং ততঃ ॥৬২
 অগ্রজোহস্ম মহারাজ কৃতবান যং পরাক্রমম্ ।
 স ন কেন কৃতঃ পুত্রঃ রাক্ষসাঃ কর্ণকর্ত্তনম্ ॥৬৩

করিব । ৪৬—৪৯। স্মিত্রাদেবী কহিলেন,
 —পুত্র! তুমি মহাবীর, অতএব (তোমাকে
 প্রসন্নচিত্তে অনুমোদন করিতেছি) তুমি
 অশ্বরক্ষা করিতে স্বচ্ছন্দে গমন কর,
 তোমার মঙ্গল হউক। স্নুবুদ্ধে! তুমি
 সমুলয় শক্র জয় করিয়া কুশলী হইয়া
 প্রত্যাগমন কর। তোমার এই ভ্রাতৃপুত্র
 পুঙ্কল যদিও ধর্ম্মভ্রবর ও মহাবলশালী,
 তথাপি বয়সে ক্রৌড়াগ্নি বালক। তুমি
 ইহাকে সাবধানে রক্ষা করিবে। বৎস!
 তুমি পুঙ্কলের সহিত বিজয়ী হইয়া প্রত্যাগমন
 করিলে আমার বড়ই আনন্দ হইবে, নতুবা
 শোকের সীমা থাকিবে না। ৫০—৫২।
 স্মিত্রাদেবী এইরূপ বলিলে পর শক্রয়
 তাঁহাকে প্রত্যুত্তর দিলেন;—মাঃ! আমি
 বৎস পুঙ্কলকে নিজ শরীরের স্নায় রক্ষা
 করত নিজ নামানুরূপ কাব্য দ্বারা বিজয়ী
 হইয়া পরমানন্দে প্রত্যাগমন করিব। আপ-
 নার পদযুগল ধ্যান করত আমি নিশ্চই
 কার্য্যসিদ্ধি করিব। সর্ষশোভাসমবিত বৃদ্ধি-
 মান বীরবর শক্রয় মাতৃদেবীকে এই কথা
 বলিয়া পুনর্বার যজ্ঞমগুপে গমনপূর্ব্বক মুনি-

বরদিগের সহিত সমাসীন মুনিবেশধারী
 রামচন্দ্রকে কহিলেন,—অগ্রজ মহাশয়!
 অশ্বরক্ষার্থ অনুমতি করুন। আমি আপনীর
 অনুমতি লইয়া যাত্রা করি। রঘুনাথ তদন্তরে
 বলিলেন,—বৎস! তোমার মঙ্গল হউক,
 তুমি অশ্ব লইয়া গমন কর; বালক, নারী
 বা নিরস্ত্র ব্যাক্রর অঙ্গে স্নান্যাত করিও
 না। ৫৩—৫৭। তৎকালে সীতার ভ্রাতা
 জনকপুত্র লক্ষ্মীনিধি ঈশৎ হস্ত্য করিয়া
 পরিহাসবাঞ্জক নয়নভঙ্গী প্রকাশপূর্ব্বক কহি-
 লেন,—হে সর্ষধর্ম্মজ মহাবাহু রামচন্দ্র!
 শক্রয় যাহাতে আপনাদের স্নায় অলৌকিক
 কাব্য করেন, এইরূপভাবে আপনি ইহাকে
 শিক্ষা দান করুন। অগ্রজ কর্তৃক আচরিত
 কুনোচিত কার্য্য করিলেই ইনি তেজোবল-
 সমপিত পরম ধামে গমন করিবেন। মহা-
 রাজ! আপনি বলিলেন, বাঞ্ছনং অপমান
 করিতে নাই, কিন্তু আপনার পিতা, পিতৃ-
 ভক্ত স্মৃবাক্ষণের হত্যা করিয়াছিলেন, শুনি-
 যাছি আপনিও অবধ্য নারী-বধরূপ অস্তি-
 মহৎ লোকগর্হিত কর্ম্ম করিয়াছিলেন। ৫৮—
 ৬১। মহারাজ! এই শক্রয়ের অধেজ

এবং করিয়ায়িত নূপ শক্রয়ঃ শিক্ষয়া তব ।
 যদি নাশং তথা কুর্বাণং কুলস্তাসদৃশং ভবেৎ ॥
 ইত্যুক্তবস্তঃ তং রামঃ প্রত্যায্যত হসন্নিব ।
 মেঘগন্তীরয়া বাচ সর্ববাক্যনিধারকঃ ॥ ৬৫
 যুগং তু যোগিনঃ শান্তাঃ সমহৃৎশুখাঃ পুনঃ ।
 জানন্ত্যপারসংসার-নিষ্ঠার তরনাদি ধম্ ॥ ৬৬
 যে শর্যঃ স্নুযৎসেযোগাঃ সৰ্বশাস্ত্রাঙ্গকোবিদাঃ ।
 তে জানন্তি নিবুদ্ধা বার্ভাঃ ন তু ভবাদৃশাঃ ॥
 পরোপতাপিনো যে বৈ যে মেঘং বখিসারিণাং
 তে হস্তব্য নুপৈঃ সর্ষৈঃ সপদো চ্যভিভূমিভিঃ
 ইত্যুক্তমাকর্ণ্য সত্যসদস্যে
 সর্ষে শ্মিতং চক্রুরারদমগা ।
 কুস্তোস্তবঃ পূজি স্মেনামগা
 বিমোচ্যামাস স্নুশোভিতং তি ॥ ৬৯
 ইমং মন্ত্রং সমুচ্চাৰ্য্য বশিষ্ঠঃ কলসোস্তবঃ ।
 করাজেন স্পৃশন্নশং মুমোচ জয়কাজ্জক্যা ॥ ৭

লক্ষণ, রাক্ষসীর কর্ণকর্ত্তনে যে বিক্রম প্রকাশ
 করিয়াছেন, আর কেহই পূর্বে সেকণ বিক্রম
 প্রকাশ করে নাই। হে নূপ! শক্রয়ও
 আপনার উপদেশে সেইরূপ কর্ম্মই করিবেন,
 যদি তাহা না করেন, তৎবেশের অল্পরূপ
 কার্য্য করা হইবে না। লক্ষ্মীনিবি এইরূপ
 বলিলে পর বাগ্মিন্দের রাম মেঘগন্তীর
 বচনে পরিহাস করত কাহলেন,—তোমরা
 শান্তচিত্ত যোগী, তোমাদের স্মুখতথ সম-
 জ্ঞান, কি উপায়ে অসার সংসারপারাবার
 পার হওয়া যায়, ইষ্টাই কেবল শৈমরা জান,
 আমাদের কাণ্ডের ভাবনাক্ত তোমরা কি
 বুঝিবে? যাহার মবল প্রচার অস্থবিদ্যায়
 পারদর্শী বিখ্যাত ধর্ম্মগুর; সেই বীরগণই
 যুদ্ধবাহীর ভাবনাক্ত বুঝিতে পারেন।
 যাহার কুপংগামা ও পবেঃ উৎপাদমকারা,
 ঈদৃশ দৃষ্টলোকের নাপদি করা লোক-
 হিতৈষী রাজগণের অশ্রুৎপূবা ১৩০—৬৮।
 সভাসদগণ শক্রবিজয়ী রামস্বপ্নের এই বাক্য
 শ্রবণে দ্বৈবং হাশ্ব করিলেন। বশিষ্ঠংবে
 করণদ্বারা সেই স্নুশোভিত অশ্বের গায়

বাজিন গচ্ছ যথালৌলং সর্ষত্র ধরয়ী তলে ।
 যাগার্গে মোচিতো যেন পুনরাগচ্ছ সত্বরঃ ॥ ৭১
 অশ্বশ্ব মোচিতঃ সর্ষত্রৈর্ভট্টৈঃ শপ্তাস্বকোবিদৈঃ ।
 পবিতঃ প্রযযৌ প্রাচীং দিশং বায়ুজবাধিতঃ ॥
 প্রচ্যচান বনং সতং কম্পবদ্রয়ী হলম্ ।
 শেবোহপি কিঞ্চিৎতথা ফনয়া প্রতবান ভুবম্ ॥
 দিশঃ প্রমেহুঃ পরিভঃ স্মাতলং শোভয়াধিতম্
 বায়বস্বশ্ব শক্রয়ং পৃষ্টতো মন্দগামিনঃ ॥ ৭৪
 শক্রয়শ্ব প্রয়াণায়াভ্রাদ্যতস্তা ভুজোহুফুরং ।
 দক্ষিণঃ শুভমাশংসী জয়ায় চ বভূব হ ॥ ৭৫
 পুংলঃ সগুহং রম্যং প্রাবিবেশ সমুদ্ধিমং ।
 বিহৃগ্গিভিঃ স্নুশোভিতঃ রত্নবোধিকম্ ॥
 তত্রাপশ্মিন্জাং ভার্য্যাং পতিবতপরায়াণাম্ ।
 কিঞ্চৎস্বর্শনার্ভাং ভর্তৃর্শনলালসাম্ ॥ ৭৭

স্পর্শপূর্ষক পূজা করিয়া, বিজয়কামনায় “হে
 অশ্ব! তোমাকে যজ্ঞাশ্ব মোচন করিলাম,
 তুমি স্বচ্ছন্দভাবে পৃথিবীর সর্ষত্র গমনপূর্ষক
 বিচরণ করিয়া সত্বর আগমন কর।” এই মন্ত্র
 উচ্চারণপূর্ষক ছাড়িয়া দিলেন। সেই
 উৎসৃষ্ট যজ্ঞাশ্ব অস্থবিদ্যামিপুণ যোদ্ধাবর্গে
 পরিভূত হইয়া বায়ুবেগে পূর্ষাদিকে গমন
 করিল। সৈন্তগণ-পদভরে মেদিনী বিক-
 স্পত করিয়া অশ্বের পশ্চাৎ পশ্চাৎ গমন
 করিতে লাগিল। ৩৭কালে সেই সৈন্তবর্গের
 পদভারাক্রান্ত মেদিনীর ভরে অনন্তদেবের
 ফনীকাকৎ নত হইয়া পড়িল। তাঁহাদের
 যাত্রাকালে দিক্ সকল নির্মূল হইল, ধরিত্রী-
 দেবী অশ্বী শোভা ধারণ কাহলেন, শক্র-
 য়েঃ পৃষ্টভাগে মন্দ মন্দ অল্পক্ল বায়ু বহিতে
 লাগিল। যাত্রাকালে শক্রয়ের দক্ষিণ বাহ
 স্পাদিত হইয়া শুভ জয়ের সূচনা করিল।
 ৬৯—৭৫। ভরতপুত্র পুংল ধনসমুদ্ধিপূর্ণ
 বনভ-শোভিত রত্নবোধকাবুর্গ রমণীয় নিজ
 ভবনে প্রিয়তমার নিকট বিদায় লইবার জন্ত
 গমন করিলেন। তথায় তাঁহার সাক্ষী
 ভার্য্যা তাহাকে দেখিবার নিমিত্ত উৎকর্ষিত
 ছিলেন; স্বামীকে দেখিয়া তিনি অহ্লাদিতা

মুখারবিন্দেন চ নাগবল্লী-
 দলং সৰুপূৰ্ণকমল চৰ্ম্মতী ।
 নাঙ্গাফুলং তোয়ভবং মহাবলং
 বাহোমুগালীসদৃশোঃ সূকরণে ॥ ৭৮
 কুচৌ তু মালুব্বলোপমৌ বরৌ
 নিহন্ধবিদ্বং বরনীবিশোভিতম্ ।
 পাদৌ তুলাকেটবরৌ সুকোমলৌ
 দবক্তাহো বৈকত সা পতিং স্বকম্ ॥ ৭৯
 পীরিত্য প্রিয়াং বীরৌ গন্দগদগরভাষিণীম্ ।
 ত্তরোজপরীরত-ভীরৌ চক্ৰদেহকাম্ ॥ ৮০
 উবাচ ভদ্রে গজ্জামি শক্রপৃষ্ঠরক্ষকঃ ।
 রামাক্ষয়া বাক্যম্বং পালনং রবসংস্কৃতং ॥ ৮১
 ধ্যানে মাতং পূজ্যাঃ পাদসদাহনাদিভিঃ ।
 ত্তচ্ছিত্তিঃ কি ভুগানাং লুকম্বা চবণাদরা ॥ ৮২
 সৰ্বাঃ পতিবত্না নাথো লোপামুদাদিকাঃ শুভাঃ
 নাবমাত্মান্বয়া ভীকু স্বতপোবলশোভিতাঃ ॥ ৮৩

হইলেন; সেই অনিন্দ্যসুন্দরী পুঙ্কলপত্নীর
 নাসায় মহামূল্য মুক্তা, মনালোপম কেমল
 বাহুগুলে উৎকৃষ্ট রক্ষণ, সুকোমল পদযুগলে
 মনোহর নূপুর, শিতদমণ্ডলে মনোহর নীলী,
 স্তনযুগল বরকলের স্তায় পীনোরত। তিনি
 তৎকালে 'পু বরবাসিত' হাশুল চর্চন করিতে-
 ছিলেন। স্বামীকে দেখিবামায় সসভ ম
 গায়োথন সর্গিনী গদগদগরের স্বামীকে স্তম্ভা
 ধন কবলেন। নাবরকুত পুঙ্কল ভীমকে
 সুগাট আলিঙ্গন পদানবৃষ্টি কহিলেন
 প্রিয়ে! স্বামী সোম্বাহার আজ্ঞাকমে বধে
 আয়োজনপূর্ণক বনিষ্ঠ পিতৃবা মহাশবেব
 পৃষ্ঠরক্ষক হইয়া যজ্ঞাৎ রক্ষা করিতে গমন
 করিতেছি। তুমি এক্ষণে পাদসদাহনাদি
 ধারা মাতৃদেবীদিগের সেবা কার্যে রত
 থাকিবে এবং তাঁহাদের উদ্ভিষ্ট ভোজন
 করত পরম যত্নে তাঁহাদের আদেশ পালন
 করিবে। অগ্নি ভীকুস্বভাবে। লোপামুদা
 প্রভৃতি তপোবলশালিনী পতিবত্না বাসিন্দ্রী-
 দিগকে ভক্তিপূর্ণক সেবা করিবে, কদাচ
 কাঁহাদিগকে অবজ্ঞা করিবে না। ৬৬—৮৩।

ইতাক্রবদ্বং স্বপতিং বাক্য প্রেয়া সুনির্ভরা ।
 প্রত্যাচ হস্তীব কিঞ্চিপলাদভাষিণী ॥ ৮৪
 নাথ তে বিজয়া তু নাৎসরীত্র রণমণ্ডলে ।
 শক্রয়া বা প্রকর্ষয়া হযরক্ষা যথা ভবেৎ ॥ ৮৫
 অবনীয়া নি বরদ্রপেবিকা রংপদানুগা ।
 কদাপি মানসং নাথ ত্ততো নাত্তত্র গচ্ছতি ॥ ৮৬
 গরমাযোধনে কান্ত অর্ভব্যাং ন জাতুচিৎ ।
 সত্যং ময়ি তব স্বাস্তে যুদ্ধে বিজয়সংশয়ঃ ॥ ৮৭
 পদ্যনেত্র তথা কার্যামুখিলায়া যথা মম ।
 শাস্ত্রেনৈব প্রকৃষতি মামীক্ষ্য করত্যাভটনঃ ॥ ৮৮
 ইং পত্নী মহাভীবোঃ সংগ্রামে প্রপলাষিতুঃ ।
 কাতরা যসি যুবাশ্চি শুরাণাং সময়ঃ কৃতঃ ॥ ৮৯
 ইতোবাং ন তদন্ত্যট্টেখা মে দেবরাক্ষনাঃ ।
 তথা কার্যং মহাবাহো রামস্ত হযরক্ষণে ॥ ৯০
 যোদ্ধা ত্বমাদৌ সর্ষয় পরে যে তব পৃষ্ঠতঃ ।

পুঙ্কলকামিনী পতির এই বাক্য শ্রবণ করিয়া
 প্রেমগদগদ হইয়া সশ্মিত বচনে গদগদস্বরে
 স্বামীকে উত্তর দিলেন—নাথ! সকল
 সংগ্রামে আপনি বিজয় হউন, একাগ্রচিত্তে
 অস্তরক্ষা যত্নান হইয়া পিতৃবা মহাশয়ের
 আজ্ঞা পালন করুন। আপনার পলাশিত
 এই সেবাকারীণীক মনে রাখিবেন। নাথ!
 আমি বায়মনোগকে আপনাকে ধ্যান
 করত কাল অনিবারিত করিব। কান্ত।
 যোগতর যুদ্ধে যাপুত হইলে, কদাপি
 আমায় চিত্তা করিবে না, কারণ তাহা হইলে
 যুদ্ধে বিজয় সন্দেহের বিষয় হইবে। হে
 কমলাক্ষ! উর্ধ্বলা দেবী যেক্রপ স্বামীর
 বীরত্রে লোকের নিকটে গরীচনী হইয়াছেন,
 আমিও যেন সেইরূপ হইতে পারি।
 আমাকে দেখিয়া করতালি দিয়া কেহ যেন
 উপহাস না করিতে পারে। 'ইহার স্বামী
 বড ভীকু, যুদ্ধ করিতে গিয়া ভয়ে পলায়ন
 করিয়া আসিল। যে যুদ্ধ করিতে গিয়া কাতর
 হয়, সংগতে আবার বীরোচিত গুণ কি?'
 এই বলিয়া দেবরপত্নীগণ যেন আমাকে
 উপহাস না করিতে পারে; হে মহাবাহো।

ধনুস্তম্ভারবধিরাঃ ক্রিয়স্তাং বলিনঃ পরে ॥ ১১
 তব প্রোদ্যৎকরাস্তোজ-করবালভিয়া বলম্ ।
 পরেষাং ভবতাৎ ক্ষিপ্রমস্তোস্ত্র ভয়মাকুলম্ ॥১২
 কুলং মহৎ ত্বলং কার্য্যং পরান্ বিজয়তা ত্বয়া ।
 গচ্ছ স্বামিনমহাবাহো তব শ্রেয়ো ভবদ্বিহ ॥১৩
 ইদং ধনুর্গৃহাণাশু মহদগুণবিভূষিতম্ ।
 যশ্চ গর্জিতমাকর্ণ্য বৈরিরবৃন্দঃ ভয়াতুরম্ ॥১৪
 ইমৌ তে ত্রিশুধী বীর বধোতাং শং যথা ভবেৎ
 বৈরিকোট্যিভিনিম্পেয় বাণকোট্যশুপ্তরিতম্ ॥ ১৫
 কবচং ত্রিদমাধেহি শরীরে কামসুন্দবে ।
 বজ্রপ্রভামহাদৌপ্তি হতসন্তমসং দৃঢ়ম্ ॥ ১৬
 শিরস্থাপং নিজোস্তংসে কুরু কান্ত মনোরমম্ ।
 ইমে বতঃসে বিশদে মণিরত্নবিভূষিতে ॥ ১৭
 ইতি সুবিমলবাচং বীরপুত্রৌঃ প্রপশু-
 ম্ময়নকমলদৃষ্ট্যা বৌক্ষমাণস্তদা তাম্ ।

আপনি অধরক্ষা করিতে গিয়া বিশেষ সাব-
 ধানে যুদ্ধ করিবেন। ৮৪—৯০। তুমি সর্বত্র
 যোদ্ধা হইয়া অগ্রবর্তী হইতে চেষ্টা করিবে
 এবং বলবান্ বিপক্ষদিগকে পরাস্থ করিয়া
 ধনুকের টঙ্কাররবে বধির করিয়া তুলিবে।
 তোমার হস্তোস্ত্রোলিত নিশিত তরবারি
 দর্শন করিয়া শক্রসৈন্তগণ ভয়ে একান্ত
 ব্যাকুল হইয়া পড়ুক। হে স্বামিন! তুমি
 শক্রবিজয় দ্বারা বংশের গৌরববৃদ্ধি কর।
 হে মহাবাহো! নিশ্চিন্তভাবে যাত্রা কর,
 তোমার মঙ্গল হউক। সুদৃঢ় জ্যাযুক্ত এই
 ধনু গ্রহণ কর, দেখিবে ইহার গর্জন শুনিলে
 শক্রগণ ভয়ে কাত্তর হইবে। হে বীর! এই
 তুণীদ্বয় পৃষ্ঠে বন্ধন কর, এই তুণীদ্বয়ে কোটি-
 শক্রের পেষণকারী কোটি বাণ রহিয়াছে;
 ইহাতে তোমার যথেষ্ট ইষ্টসিদ্ধি হইবে;
 বন্দপর্মনোহর এই শরীরে বর্ষ্য পরিধান
 কর। এই বর্ষ্য-সম্বন্ধ হীরকের জ্যোতি দ্বারা
 পার্শ্বস্থ অঙ্ককাররাশি বিদূরিত হইবে।
 ১১—১৬। কান্ত! মণিরত্নভূষিত এই বিমল
 শিরোভূষণ গ্রহণ করুন এবং এই শিরো-
 ভূষণের উপর মনোহর শিরস্ত্রাণ মুকুট পরি-

অধিগতপরিমোদো ভারতী শক্রজেতা
 রণকর্ণেদমর্গস্তাং জগাদাধিবীরঃ ॥ ১৮
 পুঙ্কল উবাচ ।
 কান্তে যথা ত্বং বদসি তথা সর্বং চরাম্যহম্ ।
 বীরপত্নি ভবেৎকীর্ত্তিস্তব কাশ্তিমতীপতা ॥ ১৯
 ইতি কাশ্তিমতীদন্তঃ কাচং মুকুটঃ বরম্ ।
 ধনুর্মহেশুধী বীরঃ সর্ষশাস্ত্রকাবিদঃ ॥ ১০০
 তমশ্রুশশোভাচাং বৌমমালাবিভূষিতম্ ।
 কৃষ্ণমাগুরুকন্তরী-চন্দনাদিকচর্চিত্তম্ ॥ ১০১
 নানাকুমুমলাভিরাঞ্জারুপরিশোভিতম্ ।
 নৌবাজয়মাস মুতস্তত্র কাশ্তিমতী সতী ॥ ১০২
 নীরাজয়িত্বা বহুশঃ কিরন্তী মোক্তিকমুভঃ ।
 গলদশ্চজ্জলা চৈব পরিরেতে পতিং নিজম্ ॥

ধান করুন। প্রিয়তমার এইরূপ নির্মল মধুর
 বাক্য শ্রবণ করিয়া শক্রবিজয়ী রণদক্ষ ভরত-
 নন্দন পুঙ্কল সান্তিশয় আনন্দিত হইলেন
 এবং সন্মুহে নয়নে সেই বীরনন্দিনীর দিকে
 দৃষ্টিপাত করিয়া কহিলেন,—অগ্নি কান্তে
 কাশ্তিমতি! তুমি বীরের উপযুক্ত পত্নী,
 তুমি যাহা বলিলে, আমি তৎসমস্তই করিব;
 তোমার অভিলষিত কীর্ত্তিলাভ অবশুই
 হইবে। সকল প্রকার অস্ত্রবিদ্যায় স্নানিপুণ
 সেই ভরতপুত্র এই বলিয়া প্রিয়তমাপ্রদত্ত
 সেই বর্ষ্য মুকুট ধনু এবং তুণীদ্বয় গ্রহণ করি-
 লেন। তাঁহার সর্ষাঙ্গ কৃষ্ণম, অঙ্কক, কন্তরী ও
 চন্দনাদি দ্বারা চর্চিত, এবং গলদেশে বিবিধ
 পুষ্পদ্বারা গ্রথিত পুষ্পমালা আজারুলঙ্ঘিত
 হওয়ায় অতিশয় শোভা হইয়াছিল। তৎ-
 কালে তিনি এইরূপ বীরমালাবিভূষিত
 হইয়া অস্ত্রশস্ত্র ধারণ করত অপূর্ব শোভা
 প্রাপ্ত হইলেন। পতিপরায়ণা তদীয় পত্নী
 কাশ্তিমতী নীরাজনা করত তাঁহার শরীরে
 মুক্তা বর্ষণ দ্বারা যাত্রাকালীন মঙ্গলকার্য্য
 সমাধা করিয়া গলদশ্চনেত্রো তাঁহাকে আলি-
 ঙ্গন করিলেন। ১৭—১০৩। তৎকালে
 পুঙ্কলও তাঁহাকে গাঢ় আলিঙ্গন প্রদান-
 পুঙ্কল সান্ত্বনা করিলেন,—কাশ্তিমতি! বীর-

দৃঢ়ং স পরিরতৈভানাং চিরমাশাসয়ৎ তদা ।
 বীরপত্নী কান্তিমতি বিরহঃ মা কৃথা মম ॥১০৪
 এষ গচ্ছামি সবিধে তব ভামে পতিব্রতে ।
 ইতুক্তা ত্বাং নিজাং পত্নীং রথমাক্করহে বরম ॥
 তং প্রয়াস্তং পতিশ্চেষ্টং নয়নৈর্নিমিবোজ্জ্বলিতৈ
 বিলোকয়ামাস তদা পতিব্রতপরায়ণা ॥১০৬
 স যযৌ জনকং দ্রষ্টুং জননীং প্রেমবিহ্বল্যাম্ ।
 গত্বা পিতৃবমহাং চ ববন্দে শিরসা মুদা ॥১০৭
 মাতা পুত্রঃ পারষজ্য স্বাক্ষে চারোপয়ৎ তদা ।
 মুকুটৌ বাপনিচয়ং স্তস্ত্যস্ত নিজগাদ সা ॥১৮
 পিতরং প্রাহ ভরতং রামো যজ্ঞকরঃ পরঃ ।
 পালন্যৌ লক্ষণেন ভবান্ধ্রং মহান্ধ্রতিঃ ॥১০৯
 আক্ৰপ্তোহসৌজন্যাত্মা চ পিত্রা সংহৃষিতাঙ্গকঃ ।
 যযৌ শক্রব্রকটকঃ মহাবীরবভূসিতম্ ॥ ১১০

রথিভিঃ পত্তিভিঃ শূটৈঃ সদর্শৈঃ সাদিভির্বৃত্তম্
 যযৌ মুদা রযুক্তংস-মহাযজ্ঞহয়াগ্রণীঃ ॥১১১
 গচ্ছনপাঞ্চালদেশাংশ্চ কুরুশ্চৈবোস্তরানকুরুন
 দশার্ণশ্চিবিশালাংশ্চ সর্ষশোভাসময়িতঃ ॥১১২
 তত্র তত্রোপশ্রবানো রঘুবীরযশোহখিলম্ ।
 রাবণাপুত্রযাতেন ভক্ররক্ষাবিধায়কম্ ।
 পুনশ্চ হযমেধািদ-কার্য্যমায়ত্যা পাবনম্ ॥ ১১৩
 যশো বিতখনভুবনেলোকানরামোহবিতাভয়াৎ
 তেভাস্করৌ দদৌ হারান রত্নানি বিবিধানি চ
 মহাধনানি বাসাংসি শক্রয়ঃ প্রবরো মহান্ ।
 স্মমর্তিনাম তেজস্বী সর্মবিদ্যাশিশারদঃ ॥১১৫
 রঘুনাথস্ত সচিবঃ শক্রব্রাহ্মচর্যো বরঃ ।
 যযৌ তেন মহাবীরো গ্রামানজনপদান বহুন্ ॥
 রঘুনাথপ্রতাপেন ন কোহপি হতবান্ হযম্ ।

পত্নী হইয়া তোমার শোক কর' উচিত
 নহে, আমার জন্ত তুমি কিছুমাত্র দুঃখিত
 হইও না; পতিব্রতে! আমি অবিলম্বেই
 আবার তোমার নিকটে আগমন করিতেছি।
 এই বলিয়া তিনি পত্নীকে সান্ত্বনা করিয়া
 উত্তম রথে আরোহণ করিলেন। পতিপরায়ণ
 কান্তিমতী গমনকালে অনিযম-
 নেত্রে স্বামীকে দেখিতে লাগিলেন। প্রিয়-
 তমার নিকট বিদায় লইয়া পুঙ্কল পিতা ও
 স্নেহময়ী মাতাকে দেখিবার জন্ত গমন
 করিলেন এবং পরমানন্দে পিতা-মাতার
 পাকপদ্মে সাদিক প্রণাম করিলেন। তখন
 মাতা মাণ্ডবী পুত্রকে ক্রোড়ে লইয়া অশ্রু-
 বিসর্জন করত “বৎস! তোমার মঙ্গল
 হউক” এই বলিয়া আশীর্বাদ করিলেন।
 তৎপরে পুঙ্কল পিতাকে বহিলেন,—জ্যেষ্ঠ-
 তাত মহাশয় এক্ষণে যজ্ঞকার্য্যে ব্যাপৃত
 থাকিলেন, আমি তাঁহার আদেশে যজ্ঞাঙ্গ
 রক্ষার সাহায্যার্থ যাইতেছি, অতএব আপনি
 এবং মধ্যম পিতৃব্য মহাশয় তাঁহাকে রক্ষণা-
 বেক্ষণ (ও সাহায্য) করিবেন ॥১০৪—১০৯।
 অনন্তর পুঙ্কল মাতাপিতার নিকট অল্প-
 মতি প্রাপ্ত হইয়া সাতিশয় হস্তিচক্রে রথী

পদাতি বড় বড় বীর উত্তম অশ্ব ও অশ্ব-
 রেহী সৈন্যসমূহে পরিবৃত্ত হইয়া শক্রয়-
 শিবিরে গমন করিলেন। অনন্তর মহাস্বা
 শক্রয় বীরবর্গসমভিব্যাহারে সেই যজ্ঞীয়
 ‘অশ্বের অগ্রবল্লী হইয়া দিগ্বিজয় করিতে যাত্রা’
 করিলেন। সর্ষপ্রকারে যুদ্ধসজ্জায় সুশো-
 ভিত হইয়া তিনি পাঞ্চাল, কুরু, উত্তরকুরু,
 দশার্ণ, এবং উজ্জয়িনীপ্রভৃতি নানাস্থানে
 ভ্রমণ করিলেন। যে যে স্থানে গমন করি-
 লেন, সেই সেই স্থানে, “সুরগণেশ্বরী রাব-
 ণকে বধ করিয়া রাম ভক্তবৃদ্ধকে রক্ষা
 করিয়াছেন” এই বলিয়া সকলে রামের
 যশোগান করিতেছেন—শুনিতে পাইলেন।
 এবং সেই সর্ষব্যাপী যশোরামের মধ্যে
 আবার তাৎকালিক অশ্বমেধ যজ্ঞানুষ্ঠান-
 জনিত পবিত্র যশোরামি বিস্তার করিতে
 লাগিলেন। রাম পূর্বে যে সকল লোককে
 বিপদ হইতে উদ্ধার করিয়াছিলেন, শক্রয়
 সমুদ্রে হইয়া তাহাদিগকে মহামূল্য বস্তু, হার
 ও বিবিধ রত্ন প্রদান করিতে লাগিলেন।
 সর্ষবিদ্যাশিশারদ তেজস্বী মহাবীর স্মমতি
 নামে রামের এক মন্ত্রী শক্রয়ের সহচর
 হইয়া নানা দেশ ও নানা গ্রামে ভ্রমণ

দেশাধিপা যে বহবো মহাবলাবুধিতাঃ ॥১১৭
 হস্ত্যশ্বরথপাদাত-চতুরঙ্গসমাধিতাঃ ।
 সম্পদো বহুশো নীহা মুক্তাখণ্ডিক্যসংযুতাঃ ।
 শক্রয়ঃ হৃদয়ক্ষয়ামাগতং প্রণতা মুহঃ ॥১১৮
 ইদং রাজ্যং ধনং সর্বং সপুত্রপশুবান্ধবম্ ॥১১৯
 রামচন্দ্রস্ত সর্বং হি ন মদীয়ং রঘুহৃৎ ॥১২০
 এবং তদুক্তমাকর্ণা শক্রয়ঃ পরবীরহা ।
 আজ্ঞাঃ স্বাঃ তত্রসংক্রাপ্য যযৌ নৈঃ সহিতপাথি
 এবং ক্রমেণ সম্প্রাপ্তঃ শক্রয়ো হৃদয়বুধঃ ।
 অহিচ্ছত্রাং পুরাঃ ব্রহ্মনাশজনসমাকুলাম্ ॥১২১
 ব্রহ্মদ্বিজসমাকীর্ণং নানারত্নবিভূষিতাম্ ।
 সৌবর্ণৈঃ স্ফাটিবৈহ্ষ্যৈর্গোপুরৈঃ সমলঙ্কিতাম্
 যত্র রত্নাতিরস্কার-কারিণ্যঃ কমলাননাঃ ।
 দৃশ্যন্তে সর্বহৃদ্যৈষু ললনা লীলয়ান্নিতাঃ ॥১২৩
 যত্র স্বাচারললিতাঃ সর্ষভোগৈকভোগিনাঃ ।

ধনদাহুরচ, যন্ত্রতথা লীলাঃ, মনিতাঃ ॥ ১২৪
 যত্র বীরা ধনুহস্তাঃ শরসঙ্কানকোবিদাঃ ।
 কুর্বাণ্ড তং সুরাজানং স্নুহৃষ্টং স্নুমদাভিম্বম্ ॥
 এবংবিধং দদর্শাসৌ নগরং দূরতঃ প্রভূঃ ।
 পার্শ্বে তস্ত পুরশ্রেষ্ঠমুকানং শোভয়াধিতম্ ॥
 পুরাগৈর্নাগচৈস্পাশ্চ শ্রলকৈর্দেবদাক্ষিতাঃ ।
 অশোটকৈঃ পাটলৈশ্চূটৈশ্চন্দ্রকৈঃ

কোবিদরটৈঃ ॥ ১২৮

অত্রজম্বুকদৈশ্চত্রাং যানবনসৈস্তথা ।
 শালৈস্তালৈস্তমালৈশ্চ মরিচাজ্যতিথুখাতিঃ ॥
 নাপৈঃ কদম্বৈশ্চকুলৈশ্চম্প্যকন্দুদনাভিপৈঃ ।
 শোভিতং স দদর্শাথ শক্রয়ঃ পরবীর ॥১২৯
 হ্রদো গন্তস্তদ্বনমধাদেশে
 তমালতালাদিসুশোভিতো বৈ ।

করিতে লাগিলেন। ১১০—১১৬ । রপু-
 নাথের প্রতাপে বেহই অশ্ব হরণ করিতে
 সাহসী হয় নাই। মহাবলশালী বহুর রাজা
 বক্রী অশ্ব, রথ, পদাতক, চতুরঙ্গ সৈন্য
 সমভিব্যাহারে আগমনপূর্বক শক্রকে
 প্রণাম করিয়া 'হে রথুকুণ্ডিনক! আমাদের
 এই রাজ্য, ধন পুত্র পৌত্র কলত্রাদি সমস্তই
 —মহারাজ রামচন্দ্রের অধুগ্রহণক; অতএব
 ইং আপনাদের সামগ্রী, এই বলিয়া মর্গ-
 মুক্তা তাঁহাকে উপহার দিতে লাগিলেন।
 শক্রবীরহস্তা শক্র প্রহাদের বিনীত বাক্য
 শ্রবণ করিয়া তাঁহাদিগকে আজ্ঞাবহ করত
 সমভিব্যাহারে লইয়া নানা দেশ ভ্রমণ করি-
 লেন। হে ব্রহ্মনা! এইরূপে তিনি অশ্ব
 লইয়া দেশ ভ্রমণ কাহলে করিতে ক্রমে
 অহিচ্ছত্রা নগরীতে গিয়া উপস্থিত হইলেন।
 অহিচ্ছত্রা নগরী বেদজ্ঞ ব্রাহ্মণ ক্ষত্রিয়
 প্রভৃতি বহুর জাতির আবাসস্থান, নানা
 রত্নে বিভূষিত সুবর্ণময় স্ফটিকময় বড় বড়
 অট্টালিকা ও অত্রাচ্চ তোরণশ্রেণীর দ্বারা
 অলঙ্কৃত। তথাকার সকল অট্টালিকাত্তেই
 রত্নাতিরস্কারিণী কমলাননা বিলাসিনীরমণী

দৃষ্ট হইয় থাকে। ১১৭—১২৩। সেই
 নগরীর অধিবাসী লোক সকল সদাচারসম্পন্ন
 কুবেরের অনুচরদিগের স্তায় সকল প্রকার
 সুখ-ভোগে রত ও বিলাসী। ১২৪। সেই
 নগরীতে শরসঙ্কাননিপুণ ধনুর্ধারী বীরগণ
 নিজ বীরত্বে তত্রত্য রাজা স্নুমদকে সর্বদা
 সন্তুষ্ট করিয়া থাকে। ১২৫। প্রভাবশালী
 শক্রয় দূর হইতে এবাধ্ব নগরী সন্দর্শন
 করিয়া নিকটে গমনপূর্বক সেই নগরীর
 পার্শ্বদেশে এক রমণীয় উদ্যান দর্শন করি-
 লেন। সেই উদ্যানটীই নগরীর মধ্য
 দর্শনীয় বস্তু। ১২৬। সেই উদ্যানমধ্যে
 পুরাগ, দেবদাক্ষ, পাটল, চূট, মন্দার, কোবি-
 দাশ, আম্র, জম্বু, কদম্ব, পিথাল, কাঁটাল
 তাল, তমাল, শাল, বকুল প্রভৃতি নানা-
 জাতীয় বৃক্ষ, এবং হিলুক, নাগচম্পক, মল্লিকা,
 জাশী, সুবিকা প্রভৃতি সুরম্যা পুষ্পবৃক্ষ শোভা
 পাইতেছে। বলমত বিপক্ষ যাহার হস্তে
 নিহত হয়, সেই শক্রয় সেই উদ্যানের শোভা
 নিগ্নীক্ষণ করিতেছেন, এমত সময়ে সেই
 যজ্ঞায় অশ্ব তমাল, তাল প্রভৃতি বৃক্ষশ্রেণী
 দ্বারা শোভিত সেই কাননের অভ্যন্তরে
 প্রবেশ করিল; বীর শক্রয় অমনি সেই

ধ্যেয়ো ততঃ পৃষ্ঠিত এব বীরো

ধনুর্ধরৈঃ সেবিতপাদপদ্মঃ ॥ ১৩০

দদর্শ তত্র রচিতং দেবায়নমদ্ভুতম্ ।

ইন্দ্রনীলৈশ্চ বৈদূর্ধ্বৈস্তথা মারকটৈরপি ॥ ১৩১

শোভিতং স্তম্বদেবাহ কৈলাসপ্রস্থসমিতম্ ।

জাহরুপমঘস্তম্বঃ শোভিতং সম্মুখং ববম্ ॥

দৃষ্ট্বা তদ্রথুনাত্মজাতাঃ দেবালয়ং বরম্ ।

পপ্রচ্ছ স্মৃতাং স্বাধ্যায়মন্ত্রিনঃ বদহঃ বচনং ॥

শকল্প উবাচ ।

বদাশী হারবেদ্যেবানি কংগ দেবাস্তা কেতুম্ ।

কদ দেবতা পূজাতেহহং কল্প দেহোঃ

শ্রুতানঘ ॥ ১৩৪

এবমাব্যয় সপ্তজ্ঞো মন্ত্রবিদিনি দগাদ হ ।

শৃণুস্বৈকমনা বীর যথাবদিস্ব সমশঃ ॥ ১৩৫

কামাখ্যায়ঃ পরং স্থানং বিকি বিদ্যৈকশর্ষদম্

যস্মা দর্শনমাত্রেণ সর্গসিদ্ধিঃ কথ্যতে ॥ ১৩৬

অশ্বের পশ্চাৎ পশ্চাৎ অরন্যমণ্ডে প্রবেশ

করিলেন। তাঁহার পাদপদ্মসেবী ধনুর্ধরগণও

তাঁহার অনুসরণ করিল। ১২৭—১৩০ ।

শকল্প হেথাষ দিয়া দেখা যেন,—ইন্দ্রনীল,

বৈদূর্ঘ্য, ও মরকত মণ দ্বারা রচিত দেবতা-

দিগের বাসযোগ্য অপরূপ এক দেবালয়

কৈলাস পর্বতের সাহস্রর স্থায় শোভা পাই-

তেছে। সেই অদ্ভুত দেবালয়টার স্তম্ভগুলি

সুবর্ণময়। রথুনাবের কান্ঠ ভ্রাতা গেই

মনেইহর দেবালয় দর্শন করিয়া নিজ মন্ত্রী

বাগ্মপ্রবর স্মৃতিকে জিজ্ঞাসা করলেন।

১৩১—১৩৩। শকল্প কহিলেন,—অমাত্য-

বর! হে অনঘ! এই মান্দরটা কোন দেব-

তার? ইহাষ নাম কি? এই মান্দরে

কোন দেবতার পূজা হয়? এত দেবতা

কি নিমিত্ত এই স্থানে বাস করিতেছেন?

তাহা বলুন। শকল্প মধ্যমং স্মৃতি

শকল্পের এই বাক্য শুনিয়া বাললেন,—

হে বীর! যথেষ্ট বিবরণ বিবৃতিভাবে

বলিতেছি, আপনি মনোযোগ দিয়া শ্রবণ

করুন। বাঁহায় দর্শনমাত্রেই সর্গ-

দেবাসুরাশ্রয়ঃ স্তম্বান্না প্রাপ্তাখিলাঃশ্রয়ম্ ।

ধর্ম্যকামার্থমোক্ষাণাং দাতৌ ভক্তানু কৃষ্ণিনী ॥

যা চ তা স্মদেনাত্রোহিচ্ছত্রাপতিনা পুরা ।

স্থিতা করোতি সকলং ভক্তাঃ কুংখ্যারিণী ॥

তাং নমস্কর শকল্প সর্গবীরশিরোমণে ।

নন্না স্মৃসিকং প্রাপোতি সসুরাণু যত্বলভাম্ ॥

ইতি শকরাথ ক্রতাকাং শকল্পঃ শক্ল হাপনঃ ।

পপ্রচ্ছ সংলাংভাভেভাংসঃ পুরুষভঃ ॥ ১৪০

শকল্প উবাচ ।

কোহ হচ্ছত্রাপী রাজা স্মদঃ কিংতপঃ কৃতম্

যেনেয়ং সর্গলোকানাং গাণীভূতীত্র সংস্থতা ॥

বদ সর্গং মহামাতা নানা পরিব্রহতম্ ।

যাংবৎ হি জানানি তস্মায়দ মহামতে ॥ ১৪২

প্রচার অভীষ্ট সিদ্ধ হয়, সেই ভগবতী

কামাখ্যা দেবী এই মন্দিরে স্থাপিত রাখিয়া-

ছেন, বিহম্বো এই স্থান একমাত্র সুখপ্রদ

বলিয়া জানিলেন। এটি কামাখ্যা দেবী

দয়া, অথ, বায় ও মোক্ষ দান করিয়া

থানেন, ত ক্রম প্রাপ্ত হইয়া অতুল রূপা

দেবদৈত্যগণ ইহঁকে স্তব ও প্রণাম করিয়া

নিবিল ক্রেশ্বয় লাভ করিয়াছেন। ভক্ত-

দুঃখহারিণী ভগবতী কামাখ্যা দেবী

এই অহচ্ছতা নগরীর অধীশ্বর স্মদের

প্রাণ এই স্থানে স্থাপিত করত সকলের

অভীষ্ট সাধন করিতেছেন। হে নিবিল

বীরের শিবেযমনি শকল্প। ইহঁকে প্রণাম

করিলে দেবাসুরগণ ভ স্মৃসিকি লাভ হয়,

এব আপনি ইহঁকে প্রণাম করুন।

১৩৭—১৩৯। পুরুবংশে শক্লতাপন শকল্প

তাপন এই নামে শ্রবণ করিয়া ভগবতী

ভগবতী সকল পুস্তান্ত জিজ্ঞাসু হইলেন।

শকল্প কহিলেন,—এ অহচ্ছত্রাধিপতি

রাজা স্মদ কে? তিনি কি তপস্বী

করয়াছিলেন? যাহাতে সর্গলোকমাতা

ভগবতী কামাখ্যা দেবী তুষ্ট হইয়া এই স্থানে

আস্থান করিলেন। হে মহামতি মহা-

মন্ত্রি! আপনি সমস্ত ঘটনাই জানেন

সুমতিরূপাচ ।

হেমকূটো গিরিঃ পুত্রঃ সর্ষদেবোপশোভিতঃ ।
তজ্জ্যস্তি তীর্থং বিমলমৃষিবৃন্দসুসেবিতম্ ॥১৪৩
সুমদো হি তপস্তপে হতমাতৃপিতৃপ্রজঃ ।
অরিভিঃ সর্ষসামন্তৈর্জগাম তপসে হি তম্ ॥১৪৪
বর্ষাণি ত্রীণি স পদা ত্বেকেন মনসা স্মরন ।
জগতাং মাতরং দধ্যৌ নাসাগ্রাস্তিমিত্তেক্ষণঃ ॥
বর্ষাণি ত্রীণি শুক্লাণাং পর্ণানাং ভক্ষণং চরন ।
চকার পরমুগ্রং স তপঃ পরমদুশ্চরম্ ॥ ১৪৬
বর্ষাণি ত্রীণি সলিলে নীতকালে মমজ্জ সঃ ।
গ্রীষ্মে চচাৱ পঞ্চায়ান প্রাবৃষ্টীশু জলদোমুখঃ ॥
ত্রীণি বর্ষাণি পবনং সংরুধ্য স্বাস্তগোচরম্ ।
ভবানীং স স্মরন ধীরো ন চ কিঞ্চন পশুতি ॥

অতএব এই নানার্থসম্পন্ন অশুর উপাখ্যান
আমার নিকটে কৌতূহল বরুন। সুমতি
কহিলেন,—দেবগণ যে স্থান শোভিত
করিয়া রহিয়াছেন, সেই হেমকূট পর্বতে
ঋষিবৃন্দসেবিত নিশ্চল একটি তীর্থ আছে।
পূর্বে কোন কারণে সামন্তরাজগণের
সহিত শক্রতা হওয়ায় ঐ সুমদ ক্ষমে বলহীন
হইয়া পড়িলে তাঁহার পিতা, মাতা, পুত্র, ভ্রাতা
প্রভৃতি অস্বীয়বর্গ সমস্তই একে একে শক্র-
হস্তে নিহত হন; তাহার পর সুমদ রাজ্য-
ভ্রষ্ট হইয়া বৈরাগ্য অবলম্বনপূর্বক ঐ হেমকূট
তীর্থে গিয়া কঠোর তপস্যা করিতে আরম্ভ
করেন। প্রথম তিন বৎসর তিনি
নাসার অগ্রভাগে নিশ্চল ভাবে দৃষ্টিপাত-
পূর্বক একপদে দণ্ডায়মান হইয়া মনে মনে
জগন্মাতাকে ধ্যান করিয়াছিলেন। তিন
বৎসর শুক পত্র ভক্ষণ করত অশ্রুর
অসাধ্য অতি কঠোর তপস্যা করিলেন।
তাহার পরে তিন বৎসর নীতকালে জলময়,
গ্রীষ্মকালে পঞ্চ অগ্নির মধ্যে অবস্থিত, এবং
বর্ষাকালে বৃষ্টিসলিলে আর্দ্র হইয়া তপস্যা
করিলেন। তাহার পরে তিন বৎসর অন্তঃ
প্রবাহী বায়ুরোধ করিয়া মনে মনে একমাত্র
ভগবতী কামাখ্যা দেবীকে স্মরণ করত

বর্ষে তু দ্বাদশেহতীতে দৃষ্টে তৎ পরমং তপঃ ।
বিভাব্য মনসাতীব শক্রঃ পম্পন্ধি তং ভয়াং ॥
আদিদেশ স কামান্ত পরিবারসমাবৃতম্ ।
অপরোভিঃ সুসংযুক্তং ব্রহ্মেশ্ববিজয়ে দ্যাতম্
গচ্ছ কাম সখে মহৎ প্রিয়মাচর মোহন ।
সুমদস্ত তপোবিদ্যং সমাচর যথা ভবেৎ ॥১৫১
ইতি শ্রদ্ধা মহত্বাক্যং তুরাসাহঃ স্বয়ং প্রভুঃ ।
উবাচ বিশ্ববিজয়ে প্রোচগমৌ তদ্বদৎ ॥ .৫
কাম উবাচ ।

স্বামিন কোহসৌহিসুমদঃ কিং তপঃসম্বন্ধং পুনঃ
ব্রহ্মাদীনাং তপো ভয়ং কথোম্যস্ত তু কা কথা
মহাণবর্গনির্ভিন্নশ্চন্দস্তারাং গহঃ পুত্রা ।
স্মমপাহল্যাং গতবান বিশ্বামি স্তথোক্ষীমি ॥
চিন্তাং মা কুরু দেবেন্দ সেবকে ময়ি সংস্থতে
এষ গচ্ছামি সুমদং দেবান্ পালয় মরিষ ॥১৫৫

বাহুজ্ঞানশূন্য হইয়া তপস্যা করিলেন। ১৪০
—১৪৮। এইরূপে দ্বাদশ বৎসর অতীত
হইলে পর দেবরাজ ইন্দ্র তাঁহার তাদৃশ
কঠোর তপস্যা দর্শন করিয়া মনে মনে
সাতিশয় ভীত হইলেন। তৎপরে, যিনি
ব্রহ্মাদিকে জয় করিতে সমর্থ সেই কন্দর্পকে
সপরিবারে অপ্সরা সমাভিব্যাহারে ঘাইয়া
তাঁহার তপোভঙ্গ করিতে আদেশ দিয়া
কহিলেন,—সখে কাম! তুমি আমার
একটি প্রিয় কর্ম্ম সম্পাদন কর; হে মোহন!
তোমাকে অদ্য সুমদের তপোবিদ্য করিতে
হইবে। হে তদ্বনাথ! ইন্দ্রের এই বাক্য
শ্রবণ করিয়া বিশ্ববিজয়গর্ভিত প্রভাব-
শালী কন্দর্প তাঁহাকে কহিলেন,—স্বামিন!
ঐ সুমদ ত সামান্ত কথা, উহার
তপস্যাও ত যৎকিঞ্চৎ। আমি মনে করিলে
ব্রহ্মাদির তপোভঙ্গ করিতে পারি, ইহার ত
কথাই নাই। পুরাকালে মদীয় বাণবিদ্ধ
হইয়া, চন্দ্র তারাগমন, আপনিও অহল্যাগমন
এবং বিশ্বামিত্র উর্ধ্বলীগমন করিয়াছিলেন।
দেবেন্দ্র! আমি সেবক থাকিতে আপ-
নার কোন চিন্তা নাই। হে বিদ্বন!

এবমুক্তা কামদেবো হেমকূটং গিরিং যযৌ ।
 বসন্তেন যুতঃ সখ্যা তুথৈবাপ্রসঙ্গং গণৈঃ ॥১৫৬॥
 বসন্তস্তরু সকলান্ বৃক্ষান্ পুষ্পকলেধুতান্ ।
 কোকিলাঘটপদশ্রেণ্যা ঘৃষ্টানাশু চকার সং ॥
 বায়ুঃ স্মৃশীতলো বাতি দক্ষিণং দিশমশ্রিতঃ ।
 রুতমালাসরিভীয়ে লবঙ্গকুসুমাস্থিতঃ ॥ ১৫৮
 এবংবিধে বনে বৃন্তে রস্তা নামাপ্রবোবরা ।
 সখীভিঃ সংবৃত্তা তত্র জগাম সুমদাস্তিকম্ ॥ ৫৯
 তত্রারভত গানং সা কিন্নরস্বরশোভনা ।
 মৃদঙ্গপণবানেক-বাদ্যভেদবিশারদা ॥ ১৬০
 তপানমাকর্ণ্য নরাধিপোহসৌ
 বসন্তমালোক্য মনোহরঞ্চ ।
 তথাস্তপুষ্টিরটিতং মনোরমং
 চকার চক্ষুঃপরিবর্তনং বৃধঃ ॥ ১৬১

তং প্রবৃদ্ধং নৃপং বীক্ষ্য কামঃ পুষ্পায়ুধস্তরন ।
 চকার সজ্যং স তদা ধনুস্তংপৃষ্ঠতোহনঘ ॥
 একাপরা তত্র নৃপস্য পাদয়োঃ
 সস্বাহনং নর্জিতনেত্রপল্লবা ।
 চকাম চান্তা তু কটাক্ষমোক্ষণং
 চকার কাচিদভ্রশমঙ্গচেষ্টিতম্ ॥ ১৬৩
 অপ্পরোভিস্থখাকীর্ণঃ কামবিহ্বলমানসঃ ।
 চিস্তয়ামাস মতিমান্ জিতেল্লিয়শিরোমণিঃ ॥
 এত! মে তপসো বিঘ্নকারিণ্যোহপ্সরাং বরাঃ ।
 শক্রেণ প্রেযিতাঃ সর্বাঃ করিয়াস্তি যথাতথম্ ॥
 ইতি সঞ্চিন্ত্য স্মৃতপাস্তা উবাচ বরাস্তনঃ ।
 কা যুয়ং কুত্রসংস্থঃ কিং ভবতীনাং চিকীর্ষিতম্
 অত্যদুতং জাতমহো যন্তবতোহাক্ষিগোচরঃ
 যান্তপোভিঃ সূক্ষ্ম্রাপাস্তা মে তপস আগতাঃ ॥
 ইতি শ্রীপাদ্মে পাতালখণ্ডে পঞ্চমোহধ্যায়ঃ ॥

আপনি দেবতাদের পালনরূপ নিজ কর্তব্য
 কর্ম নিশ্চিন্তভাবে সম্পন্ন করুন। আমি
 (এখনই) সুমদ রাজাকে জয় করিবার
 নিমিত্ত যাত্রা করিতেছি। এই বলিয়া
 কামদেব সখা বসন্ত এবং অঙ্গরোগণকে
 সঙ্গে লইয়া হেমকূট পর্বতে গমন করিলেন।
 প্রথমেই বসন্ত তথায় উপস্থিত হইয়া বৃক্ষ
 সকলকে পুষ্প-ফলে সুশোভিত করিয়া
 কোকিলের কুল্লরব ও ভ্রমরের স্বাক্ষর উৎ-
 পাদন করিলে দক্ষিণ দিক হইতে স্মৃশীতল
 বায়ু রুতমালা নদীর তীরজাত লবঙ্গকুসুম
 সৌরভ বহন করত মন্দ মন্দ ভাবে বহিতে
 লাগিল। ১৪৯—১৫৮। কাননে এইরূপ
 বসন্তশোভা উপস্থিত হইলে অঙ্গরঃপ্রবরা
 রস্তা সখীগণ সমভিব্যাহারে তথায় আসিয়া
 উপস্থিত হইলেন। মৃদঙ্গ পণব প্রভৃতি
 বিবিধ বাদ্যে নিপুণা সেই রস্তা কিন্নরের
 স্তায় মধুরস্বরে গান করিতে আরম্ভ
 করিলেন। সেই জ্ঞানবান্ রাজা সুমদ
 কোকিলের কুল্লরব ও সেই মধুর সঙ্গীত
 শ্রবণ এবং বসন্তস্তুর আবির্ভাব দর্শন
 করিয়া নেত্র উন্মীলন করিলেন। হে

অনঘ। ঊঁহার ধ্যান ভঙ্গ হইয়াছে দেখিয়া
 পুষ্পায়ুধ কন্দর্প তখনই সঙ্গে সঙ্গে ধনুকে
 জ্যারোপণ করিলেন। তৎকালে কোন
 অঙ্গরো কটাক্ষবিক্ষেপ করিতে করিতে
 রাজার পদসদ্বাহন করিতে লাগিল। কেহ
 (সম্মুখে অবস্থানপূর্বক) কেবল কটাক্ষ-
 বিক্ষেপ করিতে আরম্ভ করিল। কেহবা
 বিবিধ অঙ্গ-ভঙ্গী করিতে লাগিল। জিতে-
 ল্লিয়-শিরোমণি মতিমান্ সুমদ অঙ্গরোগণে
 পরিবেষ্টিত ও কামবিহ্বলচিত্ত হইয়া ভাবি-
 লেন, এই অঙ্গরোগণ ইন্দ্রকর্তৃক আমার
 তপোবিঘ্ন করিবার নিমিত্ত প্রেরিত
 হইয়াছে (দেখিতেছি), ইহার আপন
 কার্য সিদ্ধ করিতে চেষ্টা করিবে।
 তপোনিধি সুমদ এইরূপ চিন্তা করিয়া
 সেই সুন্দরীদিগকে জিজ্ঞাসা করিলেন,—
 আপনারা কে? কোথায় থাকেন? এখানে
 কি নিমিত্ত আগমন করিয়াছেন?
 আপনাদের দর্শনে আমি সাতিশয় বিস্মিত
 হইয়াছি; কারণ, তপস্বী করিয়া আপন-
 দিগকে পাওয়া কঠিন; কিন্তু আমার

ষষ্ঠোঃ অধ্যায়ঃ ।

শেষ উবাচ ।

ইতি বাক্যং সমাকর্ণ্য সুমদস্ত তপোনিধেঃ ।
জগদ্ভুঃ কামদেনোস্তং রস্তাদ্যম্পরসো মুদা ॥ ১
অন্তপোভিক্ষয়ং কাস্ত প্রাপ্তাঃ সর্গা বরাদনাঃ ।
তাসাং যৌবনসর্গসং ভূক্ত্য ত্যজ তপঃফলম্
ইয়ং দৃতাটী সুভগা চম্পকভরশরীরভূতং ।
কর্ণূরগন্ধললিতা ভূনক্তুঃ স্বমুখামৃতম্ ॥ ৩
এতং মহাভাগ সুশোভিবিভ্রমাং
মনোহরাক্ষীঃ ঘনপীনসংযুচাম্ ।
কাস্তোপভূতং ফলম্ নিজোগ্রপুণ্যতঃ
প্রাপ্তাং পুনস্তং ত্যজ দ্বেষসাগরম্ ॥ ৪
মামপ্যনর্থাভববোপশোভিতাং
মন্দারমালাপরিশোভিবক্ষসম্ ।

তপস্কালালেই আপনারা স্বয়ং উপস্থিত
হইলেন । ১৫৯—১৬৭ ।

পঞ্চম অধ্যায় সমাপ্ত ॥ ৫

ষষ্ঠ অধ্যায় ।

অনন্তদেব কহিলেন,—তপোনিধি সুম-
দেব এই কথা শ্রবণ করিয়া কামদেনো সেই
রস্তাদি ম্পরোগণ আনন্দ প্রকাশ করিয়া
কহিল,—কাস্ত ! আপনাব তপস্কালালেই
আমরা আসিয়াছি । আপনি তপস্কার
অন্ত ফল পরিভাগ করিয়া, এই সুন্দরী
দিগের যৌবন-সর্গসং উপভোগ করুন ।
এই সৌভাগ্যবতী,—ঋহাষর শরীরকাস্তি
চম্পকপুষ্পসদৃশ এবং গাত্র হইতে বর্ণূর-
গন্ধ বাহির হইতেছে, ইনি আপনার মুখা-
মৃত পান করুন । হে মহাভাগ ! ইহাঁর
বিলাসবিভ্রম অতি মনোহর ; এই দেখুন
ইহাঁর স্তনযুগল কিরূপ পীনোরত ; এই
মনোহরাক্ষী আপনার সাত্তিশয পুণ্যফলেই
আসিয়া উপস্থিত হইয়াছেন, আপনি শীঘ্রই
ইহাঁকে উপভোগ করুন । দুঃখ-সাগর

নানারতাখ্যানবিচারচক্রুরাং
দৃঢ়ং যথা স্ত্রাংপরিরস্তগং কুরু ॥ ৫
পিবামৃতং মামকবক্রনির্গতং
বিমানমাকুহ বরং ময়া সহ ।
সুমেকুশঙ্কং বহুপুণ্যসেবিতং
সম্প্রাপ্য ভোগং কুরু সতপঃফলম্ ॥ ৬
তিলোত্তমা যৌবনরূপশোভিতা
গহ্ব'হু তে মুর্ধনি তাপবারণে ।
সুচামরো সন্ততবারয়াক্ষিতৌ
গঙ্গাপ্রবাহাবিব সুন্দরোত্তম ॥ ৭
শৃণুধ ভোঃ কামকথা মনোহরাঃ
পিবামৃতং দেবগণাদিবাক্ষিতম্ ।
উদ্যানমাসাদা চ নন্দনার্ভিবং
বরাদনার্ভিধিরং কুরু প্রভো ॥ ৮
ইত্যুক্রমাকর্ণ্য মহামতিনূপো
বিচারযামাস কুতো ছাপস্থিতঃ ।

পরিত্যাগ করুন । আমিও অমূল্য অল-
ঙ্কারে ভূষিত হইয়া বক্ষস্বনে পারিজাত-
কুসুমের মাল্য পরিধান করিয়া আপনার
নিকটে আসিয়াছি, আমি বিবিধ রতি-
ক্রীড়ায় স্মরণপূর্ণ ; আপনি আমাকে গাঢ়
ভাণে আলিঙ্গন করুন । আপনি
আমার মুখামৃত পান করুন ; আমার সহিত
উত্তম বিমানে আরোহণ এবং বহু পুণ্য-
লভ্য সুমেকুশঙ্করে গমন করিয়া কঠোর
তপস্কার ফলস্বরূপ মাদৃশী দেবাক্ষী
সন্তোগ করুন । হে সুন্দরোত্তম ! এই রূপ-
যৌবনশালিনী তিলোত্তমা আপনার মস্ত-
কোপরি আতপত্র ধারণ করিয়া আপনার
অঙ্গে শতধারামুক্ত গঙ্গাপ্রবাহের স্তায় দৃশ্য
মনোহর চামর বীজন বরুক । প্রভো !
আপনি আমাদের গাঢ় নিকট মনোহর
কাম-কথা শ্রবণ করুন ; দেবাদিবাক্ষিত
আমাদের মুখামৃত স্বেচ্ছন্দে পান করুন,
নন্দনকাননে গিয়া আমাদের সহিত বিহার
করুন । ১—৮ মহামতি রাজা সুমদ তাহাদের
এই কথা শুনিয়া মনে মনে ভাবিতে লাগি-

ময়া সূক্ষ্মীকৃতপসঃ সুরাঙ্গনা
 প্রত্নাহ এবাত্র বিধেয়মেধ কিম্ ॥ ৯
 ইতিচিন্তাতুরো রাজা স্বান্তে সাক্ষ্যে ধীরধীঃ ।
 জগাদ মতিমান বীরঃ সুমদো দেবতান্ধনাঃ ॥ ১০
 যুগং তু মম চিন্তয়া জগন্মাতৃস্বরূপকাঃ ।
 ময়া সাক্ষ্যতে যা হি সাপি ত্রুজ্জপণী মতা ॥ ১১
 ইদং তুচ্ছং স্বর্গসুখং ত্রয়োক্তং সবিবল্লকম্ ।
 মংস্বামিনী ময়া ভক্ত্যা সেবিণী দাস্ততে বরম্ ॥
 যৎরূপাত্তো বিধিঃ সত্যলোকং প্রাপ্তো মহানভূৎ
 সা মে দাস্ততি সপিং হি ততঃপ্রাপ্তকারিণী ॥
 কিং নন্দনং কিম্ গিহং কনকেন সুমণ্ডিতম্ ।
 কিং সুধা স্বল্পবৃণোন স্নাপ্যা দানবদ্বিধিতা ॥ ১৪
 ইতি বাক্যং সমাকর্ণ্য কামস্ব বিবিধৈঃ শরৈঃ ।
 প্রাহন্নরদেবক বর্জুং কিঞ্চিন্ন বে প্রভুঃ ॥ ১৫

লেন,—আমার এত আয়াসে অর্জিত তপ-
 স্তার বিস্ময় করিবার জন্য কোথা হইতে এই
 দেবান্ধনাগণ উপস্থিত হইল? এক্ষণে কি
 করা উচিত! বুদ্ধিমান রাজা সুমদ মনে
 মনে এইরূপ ভাবনামুক্ত হইয়া ধীরভাবে
 চিন্তা করিয়া সুরকামিনীদিগকে কহিলেন,—
 আপনারা আমার চিত্তস্থিত জগন্মাতৃস্বরূপা
 আমি আপনাদের স্তায় রূপবতী ভগ-
 বতী আদ্যাশক্তি কে চিত্রা করিতেছ।
 আপনি যে স্বর্গসুখের কথা বলিলেন, উ-
 সবিবল্লক, আমি উহা তুচ্ছ জ্ঞান করি
 আমি ভক্তপুঙ্গব সেবা করিলে পবনেশ্বরী
 আমাকে ইহা অপেক্ষাও উত্তম বর দান কর-
 বেন। বিধাতা ঋগীর রূপায় মন্ত্র জাতি করিয়া
 সত্যলোক প্রাপ্ত হইয়াছেন, সেই ভক্তরূপে
 নিবারিণী ভগবতী আমাকে সমস্ত বঞ্চিত
 বস্ত্র প্রদান করিবেন। আমি ভগবতীর
 নিকটে যে বিষয় বাজা করিয়া তপস্বী কর-
 তেছি, তাহার নিকটে নন্দনকানন, স্বর্ঘমণ্ডিত
 সুমেক্ষগিরি, এবং দানবদিগের কেবল ক্রেশ
 কর অল্পপুণ্যভ্য স্বর্গের সুধা স্ততি তুচ্ছ
 মনে করি। প্রভাবশালী কামদেব নর-
 দেবের এইরূপ বাক্য শ্রবণ বিবিধ

কটাক্ষনুপূরারাবেঃ পরিরম্ভে কিলোকিতৈঃ ।
 ন তত্র চিত্তবিভ্রাশ্চিং বর্জুং শক্তা বরান্ধনাঃ ॥ ১৬
 গতা যথাগং শকং জগদ্বীরধীনুপঃ ।
 তদুত্তরা মঘবা ভাষা মোঘমারম্মমান্বনঃ ॥ ১৭
 অত্র নিশিতো মাক্য স্বপদাজেহস্ত চাধিকা ।
 জিহে স্ত্রিয়ং মংহা জং প্রতক্ষাভূৎসুযোগিনী
 পদ্যাস্তপৃষ্ঠে নাতা শাশঙ্কশধরা বরা ।
 ধল্লক্ষাণধরা মান্য ভগৎপাবনপাবনী ॥ ২০
 তাং বীক্ষ্য মানসে ধীমান্ স্বয়ংকোটসমপ্রভাম্
 ধল্লক্ষাণশ্রীশাশন দধানাং হর্ষমাপ্তবান ॥ ২১
 শিরশা বহুযোগিনী মাতরং ভক্তভাবিতাম্ ।
 হস্তাশ্চ নিশাদেহেতু স্পৃশ্যতীং পানিনা মুখং ॥ ২২
 তুদ্যাব ভক্তুংকরিতা তিত্রতর্মহামাতিঃ ।

শরে প্রহার করিয়া ও তাঁহার কিছুই করিতে
 পারিলেন না। সেই সুরসুন্দরীগণ
 কটাক্ষদৃষ্টি, নুপুরধ্বনি এবং আলিঙ্গনদান
 দ্বারা তাঁহার চিত্তবিভ্রম ঘটাইতে পারিলেন
 না। তাঁহারা যেরূপ আসিয়াছিলেন
 তেমনী ভাবে ফিরিয়া গিয়া ইশ্রকে রাজার
 জিতে শ্রেয়তার বিষয় জানাইলেন। দেব-
 রাজ আপনায় এত আয়াস বুধা হইল
 লোকস্বতী হইলেন। এ দিকে অতুল-
 যোগেশ্বরীশাসিনী ভগবতী অধিকা ধ্যানবলে
 জিতে শ্রেয়মহারাজ সুমদকে নিজ পাদপদে
 দৃঢ় ভক্তিমানে জানিবে পাঠয়া তাহার নিকটে
 আসিয়া উপস্থিত হইলেন। জগতের নিখিল
 পবিত্র বস্ত্র ও পবিত্রকাঞ্চী ভগবতী
 জগন্মাতা পাশে অঙ্গুণ ও ধল্লক্ষাণ ধারণ-
 পুঙ্গব সিংহপৃষ্ঠে আরোহণ করিয়া সেই
 রাজার নিকটে প্রত্যক হইলেন। ৯—২০।
 ধীমান্ স্বয়ং পাশ-অঙ্গুণ-ধল্লক্ষাণ-বারিণী
 কোটি স্বর্ঘ্যের স্তায় দেবীপ্যমানা সেই
 জগন্মাতাকে অবলোকন করিয়া সাতিশয়
 আনন্দিত হইলেন এবং ভূমিলুপ্তিত
 মস্তকে ভক্তিভাবে বারদ্বার তাঁহাকে প্রণাম
 করিতে লাগিলেন। ভক্তবৎসলা জগন্মাতা
 হস্ত বস্ত্র পুনঃপুনঃ তাঁহার শরীরে

গগনদম্বরসংযুক্তঃ কণ্টকাক্ষোপশোভিতঃ ॥ ২৩
 জয় দেবি মহাদেবি ভক্তবৃন্দৈকসেবিতৈ ।
 ব্রহ্মরুদ্রাদিদেবেশ্চ-সেবিতা জ্ঞ্য যুগেহনঘে ॥২
 মাতস্তব কলাবিক্রমেতদ্ভাতি চরাচরম্ ।
 তদুত্তে নাস্তি সর্বঃ তন্মাতর্ভদ্রেনমোহস্ব তে ॥২
 মহৌ স্বাধারশক্ত্যা স্থাপিতা চলতীহ ন ।
 সপর্ষতবনোদ্যান-দিগ্গজৈরুপশোভিতা ॥২৬
 সূর্যাস্তপতি খে তীক্ষ্ণৈরংশুভিঃ প্রতপন্নসীম্ ।
 অচ্ছক্ত্যাবসুধাসংস্থং রসং গৃহ্নন বিমুক্তি ॥২৭
 অন্তর্কর্ষিঃস্থিতো বহুলৌকানাং প্রকরোতিশম
 স্বংপ্রতাপায়মহাদেবি সুরাসুরনমস্কৃতে ॥ ২৮
 ত্বং বিদ্যা ত্বং মহামায়া বিকোলৈকৈকপাবনী

করস্পর্শ করিলেন। মহামাত সুমদ
 ভক্তিরে উদ্ভাস্তচিত্ত হইয়া রোমাঞ্চিত-
 কলেবরে গগনদম্বরে তাঁহাকে স্তব করিতে
 লাগিলেন,—হে দেবি! আপনার জয়
 হউক, হে মহাদেবি! আপনিই ভক্ত-
 বৃন্দের একমাত্র আরাধ্য বস্তু। হে নির্মল-
 স্বভাবে! ব্রহ্মা, রুদ্র প্রভৃতি দেবেশ্বরগণ
 আপনার পদযুগল সেবা করিয়া থাকেন।
 মাতঃ! আপনার আংশিক সত্তা থাকাতেই
 এই চরাচর বিশ্ব প্রতিভাত হইতেছে,
 আপনি ব্যতিরেকে (আপনার সত্তা না
 থাকিলে) এই নিখিল বিশ্বের কিছুমাত্র
 সত্তা নাই বা থাকিত না। হে ভদ্রে
 মাতঃ! আপনাকে নমস্কার। আপনি
 আধারশক্তি প্রদান করিয়া স্থির রাখিয়াছেন
 বলিয়া পর্ষত, অরণ্য, উদ্যান ও দিগ্গজ-
 শোভিত এই পৃথিবী স্থিরভাবে রহিয়াছেন,
 বিচলিত হন না। আপনারই শক্তি-
 বলে সূর্য্যদেব আকাশে উদ্ভিত হইয়া
 পৃথিবীকে তাপপ্রদান করত পৃথিবীর
 রসভাগ গ্রহণ করিয়া পুনর্ব্বার পরি-
 ত্যাগ করিতেছেন। হে সুরাসুরবন্দিতে
 মহাদেবি! আপনার প্রতাপেই অগ্নিদেব
 লোকসমূহের অন্তরে-বাহিরে বিদ্যাধান
 থাকিয়া মঙ্গল করিতেছেন। আপনি

ত্বং শক্ত্যা স্বজসীদং ত্বং পালয়স্তপি মোহিনী ।
 ত্বন্তঃ সর্ষে সুরাঃ প্রাপ্য সিদ্ধিং সুখময়ন্তি বৈ
 মাং পালয় কুপানাথে বন্দিতে ভক্তব্রহ্মতে ॥৩০
 রক্ষ মাং সেবকং মাতস্তদীয়চরণাশুজে ।
 কুরু মে বাঞ্ছিতাং সিদ্ধিং মহাপুরুষপূর্ব্বজৈ ॥৩১
 সুমতিরূবাচ ।

এবং তুষ্টা জগন্মাতা বৃণীষ বরমুক্তমম্ ।
 উবাচ ভক্তঃ সুমদ তপসা কৃশদেহিনম্ ॥ ৩২
 ইত্যোতদাক্যমাকর্ণ্য প্রহৃষ্টঃ সুমদো নৃপঃ ॥৩৩
 ববে নিজং হৃতং রাজ্যং হতবৃদ্ধনকণ্টকম্ ।
 মহেশীচরণবন্দে ভক্তিমব্যতিচারিণীম্ ॥৩৪
 প্রান্তে মুক্তিস্তং সংসারবারিধেস্তরীণীং পুনঃ ॥৩৫
 কামাখ্যোবাচ ।

রাজ্যং প্রাপুহি সুমদ সর্বত্র হতকণ্টকম্ ।
 মহিলারত্নসঞ্জুষ্টে-পাদপদ্মধরো ভব ॥ ৩৬ ॥

বিদ্যা, আপনিই লোকসমূহের একমাত্র পাবনী
 বিষ্ণুর মহামায়া। আপনিই স্বীয় শক্তিবলে
 এই জগতের সৃষ্টি করেন এবং সৃষ্ট
 জীবগণের মোহ উৎপাদন করত রক্ষা
 করিতেছেন। দেবগণই আপনার নিকট
 হইতে সিদ্ধিলাভ করিয়া সুখভোগ
 করেন। অতএব হে কুপাময়ি ভক্তবৎসলে
 লোক-বন্দিতে ভগবতি! আমাকে পালন
 করুন। মাতঃ! আমি আপনার পাদ-
 পদ্মের দেবক, আমাকে রক্ষা করুন। হে
 আদ্যাশক্তি! আমার অভীষ্ট সিদ্ধ করুন।
 ২১—৩১। সুমতি কহিলেন,—তপস্শায় কৃশ-
 দেহ দেবীভক্ত সুমদ এইরূপে স্তব করিলে
 জগন্মাতা সন্তুষ্ট হইয়া তাঁহাকে উত্তম
 বর প্রার্থনা করিতে বািললেন। রাজা
 সুমদ তাঁহার বাক্য শ্রবণ করিয়া সতিশয়
 আক্লান্দিত হইয়া, দুর্জ্ঞানরূপ কণ্টক নিহত
 করিয়া অপহৃত নিজ রাজ্য পুনর্ব্বার যথোচ-
 পাইতে পারেন, এইরূপ প্রার্থনা জানাইলেন
 আর মহেশ্বরের পদযুগলে অলা ভক্তি ও
 অন্তিমে সংসারসাগরের তরীশ্বরূপ মুক্তি
 প্রার্থনা করিলেন। কামাখ্যাদেবী কহিলেন,

ত্ব বৈরিপরাজুতিস্মা ভূয়াৎ সুমদাভিধ ।
 ঘদা তু রাবণং হস্তা রঘুনাথো মহাযশাঃ । ৩৭
 করিষ্যত্যশ্রুযজ্ঞঃ হি সৰ্বভাবোপশোভিতম্ ।
 তন্তু ভ্রাতা মহাবীরঃ শক্রয়ঃ পরবীরহা । ৩৮
 পালয়ন হয়মায়ান্ত্যত্র বীরাদিভিবৃতঃ ।
 তস্মৈ সৰ্বং সমর্প্য ত্বং রাজ্যমুদ্ধিধনাদিকম্ ॥ ৩৯
 পালয়িষ্যাসি যোঐধঃ শৈবধ্বংসকারিতকুন্তটে ।
 ততঃ পৃথিব্যাং সৰ্বত্র ভ্রমিষ্যসি মহামতে ॥ ৪০
 ততো রামং নমস্কৃত্য ব্রহ্মলৈশাদিসেবিতম্ ।
 মুক্তিং প্রাপ্যসি তুপ্রাপাং যোগিভির্ধমদাবনৈঃ
 তাবৎকালমিহ স্বাতা যাবদ্রামহাযগমঃ ।
 পুশ্চাৎবাং তু সমুদ্রত্যা গন্তাস্মি পরমং পদম্ ॥ ৪২
 ইত্যুক্ত্যন্তুদ্ধিধে দেবৌ সুরাসুরনমস্কৃত্বা ।

—সুমদ ! তুমি কণ্টক উদ্ধার করিয়া নিজ-
 রাজ্য লাভ কর । উত্তম রমণীরত্ন
 তোমার পাদসেবা করুক । হে সুমদ !
 তুমি কখনই শক্রর নিকটে পরাজিত হইবে
 না । মহাযশস্বী রামচন্দ্র রাবণকে নিহত
 করত যখন সকল প্রকার উপকরণ
 সংগ্রহ করিয়া সূচাকরূপে অশ্বমেধ যজ্ঞ
 করিতে থাকিবেন, সেই সময়ে তদীয়
 ভ্রাতা শক্রবিজয়ী মহাবীর শক্রয়, বীরাদি-
 পরিবৃত হইয়া অশ্বরক্ষা করিতে আগমন
 করিবে, তখন তুমি তোমার রাজ্য-ঐর্ষ্যা
 সমস্তই শক্রয়হস্তে সমর্পণ করিয়া নিজ বল-
 বান্ধুধর্মের যোদ্ধার সাহায্যে তাহার অশ্ব-
 রক্ষার সাহায্য করিবে । হে মহামতে !
 তুমি শক্রয়ের সহচর হইয়া পৃথিবীতে পরি-
 ভ্রমণ করিবে । ৩২—৪০ । তাহার পর ব্রহ্মা,
 ক্রু, ইন্দ্র প্রভৃতি দেবগণ তাহার সেবা করেন
 সেই রামচন্দ্রকে নমস্কার করিয়া জিতেন্দ্রিয়
 যোগিজনত্বর্গভ মুক্তি প্রাপ্ত হইবে ।
 রামের যজ্ঞায় অশ্বের অগমকল পর্য্যন্ত
 তুমি এইখানে থাকিবে ; তাহার পর রাম
 তোমাকে উদ্ধার করিয়া পরমপদে লইয়া
 যাইবে । এই বলিয়া সুধাসুধবন্দিতা

সুমনোহপ্যহিচ্ছত্ৰায়াং শক্রন হস্তা নৃপো-
 হভবৎ ॥ ৪৩
 এষ রাজা সমর্খোহপি বলবাহনসংযুতঃ ।
 ন গ্রহীষ্যতি তে বাহং মহামায়াসুশিক্ষিতঃ ॥ ৪৪
 ঞ্জনা প্রাপ্তং পুরীপার্শ্বে হয়মেধংঘোস্তমম্ ।
 ঞ্জাঞ্চ সৰ্বমধারাজৈঃ সেবিতাজ্জিযুঃ মহামতিঃ ॥
 সৰ্বং দাস্যতি সৰ্বজ্ঞ রাজা সুমদনামধুক্ ।
 অধুনা তমহারাজ রামচন্দ্রপ্রতাপতঃ ॥ ৪৬
 শেষ উবাচ ।
 ইতি বৃত্তং সমাকর্ণ্য সুমদস্ত মহাযশাঃ ।
 সাধু সাধ্বাত চোবাচ জহর্ষ মতিমান্ বলী ॥ ৪৭
 অহিচ্ছত্ৰাপতিঃ সসৈঃ স্বর্গণৈঃ পরিবারিতঃ ।
 সভায়াং সুখমান্তে যো বহুরাজস্তুসেবিতঃ ॥ ৪৮
 ব্রাহ্মণা বেদবিভূষো বৈশ্ণা ধনসমুদ্ধয়ঃ ।
 রাজানং পর্ধুপাসন্তে সুমদং শোভাঘিষ্তম্ ॥
 বেদবিদ্যাবিবেদেন স্তাখিনৈঃ ব্রাহ্মণ্য বরাঃ ॥
 ভগবতী কামাখ্যাদেবী তথা হইতে অন্তর্ধান
 করিলেন । সুমদও ৩৭ পরে শক্রবর্গকে
 নিহত করিয়া অহিচ্ছত্রারাজা প্রাপ্ত হইলেন
 এই রাজ্য বলবাহন-সাহায্যে আমাদের
 অশ্ব গ্রহণ করিতে সমর্থ হইলেও মহামায়ার
 আদেশে অশ্ব গ্রহণ করিবেন না । পরন্তু
 হে সৰ্বজ্ঞ ! ঐ মহামতি রাজা সুমদ, নগরী-
 পার্শ্বে অশ্বমেধ-যজ্ঞের অশ্ব, এবং নিখিল
 মহারাজ কর্তৃক সেব্যমান আপনার আগমন
 বার্তা শুনিতে পাইলে মহারাজ রামচন্দ্রের
 প্রতাপে এক্ষণেই আপনাকে যথাসর্ব্বধন দান
 করিবেন । অনন্তদেব কহিলেন,—শ্রীমান্
 পরাক্রমশালী মহাযশাঃ শক্রয় সুমদ
 রাজ্যর বৃত্তান্ত শ্রবণ করিয়া আনন্দ
 প্রকাশ করত সাধুবাদ প্রদান করিলেন ।
 এদিকে অহিচ্ছত্রাপতি সুমদ বহুতর ক্ষত্রিয়
 কর্তৃক সেবিত ও আত্মীয়বর্গে পরিবেষ্টিত
 হইয়া রাজসভায় সুধাসীন রহিয়াছেন, এবং
 বেদজ্ঞ ব্রাহ্মণগণ ও মহাসমুদ্ধিশালী বৈশ্ণবগণ
 সেই শোভাঘিষিত রাজা সুমদের উপাসনা
 করিতেছেন । বেদ-বিদ্যার চর্চায় কাল-

বদন্তি চাশ্বিনঃ ভূপং সর্ষী লোকৈকরক্ষকম্ ॥৫০
 এতস্মিন সময়ে কশিচদাগত্য নৃপতিং জগৌ ।
 স্বামিন্ জানে কশ্মান্তি হয়ঃ পত্রারো-তিকে ॥৫১
 তচ্ছূদ্রা সেবকং শ্রেষ্ঠং শ্রেয়স্ব্যমাস সত্বরঃ ।
 জানীহি কশ্ম রাক্ষোহয়মখো মম পুরান্তিকে ॥
 গম্বাথ সেবকস্তত্র জ্ঞান্বা বুভান্তমাদি-নঃ ।
 নিবেদয়ামাস নৃপং মহারা-জস্তসেবিতম্ ॥ ৫০
 স শ্রদ্ধা বধুনাথস্তা হয়ঃ চিরমনুস্মরন ।
 আজ্ঞাপয়ামাস জনং সর্ষী রাজা বিশারদঃ ॥৫৪
 লোকা মদীয়ঃ সর্ষে যে ধনধান্সবাকুলাঃ ।
 তোরণাদীন গেহেহু মঙ্গলানি স্বজান্তু ॥ ৫৫
 কশ্মাঃ সহস্রশো রম্যা রম্যাভরণভূষিতাঃ ।
 গজোপরি সমাকটা যান্ত শক্রয়নম্মুগম্ ॥ ৫৬
 ইত্যাদি সর্ষীমাজ্ঞাপ্য যমৌ রাজা স্বয়ং ত- ॥

যাপনকারী উত্তম রাক্ষণেরা মিশিন লোকের
 একমাত্র রক্ষাকর্ত্তা বাজা সুমদকে আশীর্বাদ
 করিতেছেন। ৪১—৫০। এমন সময়ে
 একটা লোক রাজার নিকটে মিত্রাণবল,—
 প্রভো! জানি না, কাহার এন্টা পত্রবাহঃ
 অথ নিকটে বিচরণ করিতেছে (আমর
 বুঝিতে পারিগাম না)। তাহা শুনিয়া রাজা,
 সুমদ অবিলম্বে “আমার নগরীসমীপে
 কাহার অথ বিচরণ করিতেছে, জানিয়া
 আইস” এই বালিয়া একটা উত্তম
 সেবককে শ্রেয়ণ করিলেন। অনন্তর সেবক
 তথায় গিয়া আদ্যোপান্ত সমস্ত বুভান্ত
 জানিয়া রাজসমূহে পরিবেষ্টিত সেই সুমদের
 নিকটে প্রত্যাগমন করিয়া সমস্ত নিবেদন
 করিল। নিখিলগুণভূষিত সেই রাজা সুমদ,
 বহুদিনের বাঞ্ছিত বাঞ্ছিত অথ আগমন-
 বার্ত্তা শ্রবণ করিয়া পূৰ্ব্বতন ঘটনা মনে
 করত সকল লোককে আদেশ করিলেন,
 —আমার সমস্ত লোক ধনধান্সমৃদ্ধি গ্রহণ-
 পূৰ্ব্বক বহির্গত হইয়া গৃহের তোরণাদি সু-
 সজ্জিত করুক। আর সহস্র সহস্র সুন্দরী
 কশ্মা মনোহর আভরণে ভূষিত হইয়া গজো-
 পরি আরোহণপূৰ্ব্বক শক্রয়ের সমীপে গমন

পুত্রপৌত্রমহিষ্যাदि-পরিবারসমারূতঃ ॥ ৫৭
 শক্রয়ঃ সুমহামাট্যঃ সুভট্টৈঃ পুঙ্কলাদিকৈঃ ।
 সংযুতো ভূপতিং বীরং দদর্শ সুমদাভিধম্ ॥
 হস্তিভিঃ সাদিসংযুক্তৈঃ পতিভিঃ পরতাপনৈঃ ।
 বাজিভির্ভূষিতবীরৈঃ সংযুক্তং বীরশোভিতম্
 অথাগত্য মহারাজং শক্রয়ং নতবান মুদা ।
 ধস্তোহস্মি কুহকৃত্যোহস্মি সংকৃতঞ্চ কৃতংবপুঃ
 ইদং রাজ্যং গৃহাণাশু মহারাজোপশোভিতম্
 মহামাণিক্যমুদাদি-মহাবানসুপুত্রিতম্ ॥ ৬১
 স্বামিংশচরং প্রত্যক্ষেহং হয়স্তাগমনং প্রতি ।
 কামাখ্যাকথিতং পৃষং জাতং সম্প্রতি তদ্বয়ং ॥
 বিশ্লোকয় পুরাং মহাঃ কৃতার্থীকুরু মানবান ।
 পাবয়াম্যংকুলং সর্ষং রামান্নজ মহোপতে ॥৬৩
 ইতু-ক্যারোপয়ামাস কুঞ্জরং চল্লসুপ্রভম্ ।
 পুকলং চ মহাবীৰ্যং তথা স্বয়মথাক্রহং ॥৬৪

ককক সকলকে এইরূপ আদেশ করিয়া
 রামা স্বয়ং গ্নী, পুত্র, পৌত্রাদি পরিবারবর্গ
 সমাভ্যর্থ্যাগারে শক্রয়ের নিকটে গমন করি-
 লেন। শক্রয় উত্তম অমাত্যবর্গ এবং পুঙ্কল
 প্রভৃতি মহাযোদ্ধাবর্গে পরিবেষ্টিত হইয়া দেখি-
 লেন, বীরবর রাজা সুমদ মাহুত সহ হস্তী,
 সুসজ্জিত অশ্ব এবং শক্রতাপন পদাতিক
 সৈন্তগণে পরিবৃত্ত হইয়া নিকটে আগমন
 করিতেছেন। অনন্তর সুমদ তথায় আগ-
 মনপূৰ্ব্বক আনন্দসংকারে মহারাজ শক্রয়কে
 প্রণাম করিয়া কহিলেন,—আমি অদ্য ধস্ত
 হইলাম, কৃতার্থ হইলাম, আপনার সন্দর্শনে
 মাত্র আমার শরীর পবিত্র হইল। ৫১—৬০।
 মহারাজ! উৎকৃষ্ট মণিযুক্তাদি-ধনসমৃদ্ধি-
 শালী এই শোভাময় রাজ্য গ্রহণ করুন।
 প্রভো! আমি বহুদিন হইতে আপনাদের
 যজ্ঞয় অশ্বের আগমন প্রতীক্ষা করিতেছি,
 কামাখ্যাদেবী পূর্বে আমাকে যাহা বলিয়া-
 ছিলেন, এক্ষণে দেখিতেছি তৎসমস্তই
 সুসম্পন্ন হইয়াছে। হে ভূপতে রামা-
 ন্নজ! ঐ নগরী অবলোকন করুন, দর্শন-
 দানে আমার প্রজাবর্গকে কৃতার্থ করুন

ভেরীপণবতুর্ঘ্যাণাং বীণাদীনাং স্ননস্তদা ।
 ব্যাপ্নোতি অ মহারাজ-সুমদেন প্রণোদিতঃ ।
 কন্ঠাঃ সমাগত্য মহানরেন্দ্রঃ
 শক্রমিস্রাদিকসেবিতাজিগ্ৰ্যম্ ।
 করিস্থিতা মৌক্তিকবৃন্দসংজ্ঞৈ-
 র্কীর্দ্ধাপয়ামাসু বিনপ্রযুক্তাঃ ॥ ৬৬
 শটনৈঃ শটনৈঃ সমাগত্য পৃথীমধো জটনৈর্গণ ।
 বক্রীপিতো গৃহং প্রাপ তৌরণাদিকতুর্ঘিতম্ ॥
 হয়রজেন সংযুক্তস্তথা বীরৈঃ সুশোভিততঃ ।
 রাজ্ঞা পুরস্কৃতো রাজা শক্রয়ঃ প্রাপ মন্দিরম্ ॥
 অর্ঘ্যাদিভিঃ পূজয়িত্বা রঘুনাথবুজং মদা ।
 সর্বং সমর্পয়ামাস রামচন্দ্রায় ধীমতে ॥ ৬৯
 শেষ উবাচ ।
 অথ স্বাগতসম্ভবৈঃ শক্রয়ং প্রাহ ভূমিপঃ ।

(গৃহে পদার্পণ করিয়া) আমাদের বংশ পবিত্র করুন। এই বলিয়া সুমদ মং নীর শক্রয় এবং ভরতপুত্র পুত্রলকে চন্দ্রব জায় প্রভাশালী উত্তম হস্তীর উপরে আয়ো- হণ করাইয়া স্বয়ং ততুপরি আরোহণ করিলেন। তৎকালে মহারাজ সুমদের আদেশে বীণা, বেণু, ভেরী, পণব, তুর্ঘ্য প্রভৃতি বাদ্যের মিনাদে সেই নগরী তুল হইয়া উঠিল। ইত্যাদি দেবগণ মহার পদ- সেবা করিয়া থাকেন, সেই মহাবাজ শক- য়ের নিকটে বহুতর কন্ঠা পতুপ্রেরিত হইয়া কুঞ্জরোপরি অরোহণপূর্বক আগমন করিয়া মুক্তাসমূহ বর্ষণ দ্বারা তাঁহাকে সপ- র্দ্ধনা করিতে লাগিল। তত্রত্য জনগণ পরমানন্দে সধর্দ্ধনা করিলে রাজা শক্রয় ধীরে ধীরে সেই তৌরণাদিবিভূষিত রাজ- ভবনের সম্মুখে উপস্থিত হইলেন। বীর- বর্গে পরিবৃত্ত হইয়া অনব্রত-সমভিব্যাহারে সুমদ রাজার অগ্রে অগ্রে শূশোভা ধারণ করত রাজভবনে প্রবেশ করিলেন। রাজা আনন্দিত হইয়া রঘুনাথের কানঠ ভাতাকে অর্ঘ্যাদি দ্বারা পূজা করিয়া ধীমান রামচন্দ্রের উদ্দেশে যথাসর্ব্ব দান করিলেন। ৬১—৬৯।

রঘুনাথকথাং শ্রেষ্ঠাং শুক্রয়ুঃ পুরুষর্ষভঃ ॥ ৭০
 সুমদ উবাচ ।
 কচ্ছিদান্তে সুখং রামঃ সর্বলোকশিরোমণিঃ ।
 ভকরকাবতাবেহং মমারুগ্ৰহকারকঃ ॥ ৭১
 বন্যা নোচা ইমে পুর্ধাং রঘুনাথযুথাজুজম্ ।
 য়েহমিশং পাববেব ক্রাং পুট্টকৈঃ পরিমোদিতাঃ
 অনা তাত মদীয়ং চ নিচর্য্যৈ পুরুষবণ্ড ।
 ক্রত্যাং কুলভূমাদি বস্তুভাতং মহামতে ॥ ৭৩
 কামাখ্যায়া প্ৰমোদো মে ক্রতঃ পূর্বং দয়াদ্য়ীয়া ।
 রঘুনাথযুথাজেং জ্ঞেহোহস্য সক্রুদুদকঃ ॥ ৭৪
 ঐদ্রাক্রবতি ধীরে তু সুমদে পানিবোক্তমে ।
 সপং তং কবযামাস রঘুনাথগোদয়ম্ ॥ ৭৫
 দিরাত্র তত্র বৈ স্থিত্বা রঘুনাথারুজঃ পরম্ ।
 গম্বং চকার ধিসণাং রাজ্ঞা সহ মহামতিঃ ॥ ৭৬

অনন্তদেব কহিলেন,—অনন্তর পুরুষশ্রেষ্ঠ রাজা সুমদ উত্তম রামকণা শুনিতে ইচ্ছুক হইয়া শক্রয়কে আগত বাচ্যে সম্ভব করিয়া কথিতে লাগিলেন। সুমদ কহিলেন,—যিনি ভক্তগণকে রক্ষা করিবার মিমিত্ত ভূতলে গনগ্রীণ হইয়াছেন, যিনি আমাকে যথেষ্ট অনুগ্রহ করেন সেই সর্বলোকশিরোমণি রাম কুশলে আছেন ত? এই নগরীর এই লোক সকল বস্ত! যাঁহায়া পরমানন্দসহ- কারে নৈতুগল দ্বারা অবিব্রত রামচন্দ্রের মূপায় পাতা করিতে পাইত। হে মহা- মত! হে পুরুষ প্রবর! আমার বংশ, রাজ্য, সম্পত্তি সমস্তই অদ্য সাগর্গ হইল। ভগ- বন্তী কামাখ্যাদেবী দা পদবশ হইয়া আমার উপরে এষ্টরূপ অনুগ্রহ করিয়া গিয়া- ছেন, (তাঁহারই অনুগ্রহে আমি রাম- চন্দ্রকে যথাধর্ম্ম দান করিয়া চরিতার্থ হই- লাম।) অদ্য আত্মায়গা সমভিব্যাহারে রঘুনাথের মুখ-কমল সন্দর্শন করিব। রাজ- শ্রেষ্ঠ বাঃ সুম! এই কথা বলিলে পর রঘু- নাথারুজ মহামতি শক্রয় রঘুনাথের কার্তি- কাম হৃদয় নিকটে গিয়া—পরে তথায় ত্রিঃ প্র অবস্থিত করিয়া সেই রাজাকে

তজ্জ্ঞান্বা সুমদঃ সীত্রঃ পুত্রঃ রাজ্যো-

হভাষেচয়ৎ

শক্রেন্ন মহারাজা পুঙ্কলেনানুমোদিতঃ ॥ ৭

বাসাংসি বহুরত্নানি ধনানি বিবিধানি চ ।

শক্রস্বসেবকেভোগ্যেসৌ প্রাদান্তত্র মহামতিঃ

ততো গমনমারেভে মন্ত্রিভিরহুভিত্তৈমঃ ।

পত্তিভির্কাজিভির্নাগৈঃ সদশ্চৈ রথকোটিভিঃ

শক্রয়ঃ সহিতস্তেন সুমদেন ধনুর্ভূতা ।

জগাম মার্গে বিহসন রঘুনাথপ্রতাপভূৎ ॥ ৮০

পর্যোক্ষৌ তীরমাসাদ্য জগাম সংসোত্তমঃ ।

পৃষ্ঠতোহল্লঘয়ুঃ সর্ষে যোধ্য বৈরপ্রহারিণঃ ॥ ৮

আশ্রমান বিবিধান পশুন্নঘীণাং সূতপোভূতাম্

তত্র তত্র বিশৃণ্বানো রঘুনাথগুণোদয়ম্ ॥ ৮২

এষ ধীমান হরির্ঘাতি হরিণা পটিতাক্ততঃ ।

হার্যভহার্যভক্লেচ্চ হরিবর্ষানুগৈর্গুহুতঃ ॥ ৯৩

সমভিব্যাহরে লইয়া যাইবার নিমিত্ত ইচ্ছা

প্রকাশ করিলেন । ৭০—৭৬। মহামতি

সুমদ তাহা জানিতে পারিয়া মহারাজ শক্রয়

ও পুঙ্কলের অশ্রমতে অনুসারে অবিলম্বে

পুত্রকে রাজ্যে অভিষিক্ত করিলেন এবং

শক্রয়র ভৃত্যবর্গকে বহু বস্ত্র, রত্ন ও বিবিধ

অর্থ প্রদান করিলেন । অনন্তর সুমদ,

উৎকৃষ্ট অশ্ব, হস্তী, পদাতি ও কোটি রথ

সঙ্গে লইয়া বহুদর্শী মন্ত্রিগণ সমভিব্য-

াহারে যাত্রা করিলেন । শক্রয় রঘুনাথের

প্রতাপ ধারণপূর্বক পশ্চিমধ্যে সেই ধনুর্বর

সুমদের সহিত হাস্ত-আমোদ করিতে

করিতে (পরমসুখে) যাইতে লাগিলেন ।

শক্রবিজয়ী যোদ্ধগণ তাঁহাদের পশ্চাৎ

পশ্চাৎ যাইতে লাগিল । তাঁহারা পর্যোক্ষী

নদীর তীর দিয়া যাইতে লাগিলেন । পশ্চি

মধ্যে যাইতে যাইতে তীব্রতপা ঋষিদিগের

বিবিধ আশ্রম দর্শন, এবং রঘুনাথের গুণ-

গাথা শ্রবণ করিতে লাগিলেন । প্রভু শক্রয়

যাইতে যাইতে শুনিতে পাইলেন, ঋষি-

গণ বলিতেছেন,—‘এই হরি (অর্থ)

হরি (শক্রয়) দ্বারা রক্ষিত হরির (রামের)

ইতি শৃণ্বন শুভা বাচো মুনীনাং পরিতঃ প্রভুঃ

ভূতোষ ভক্তাৎকলিতচিত্তবৃত্তিত্ততাং মহান্ ।

দদর্শ চাশ্রমং শুক্রং দ্বিজজন্তুসমাকুলম্ ।

বেদধর্মহিতাশেষামঙ্গলঃ শৃশ্বতাৎ নৃণাম্ ॥ ৮৫

অগ্নিহোত্রহবিধুমপবিত্রিতনভোহখিলম্ ।

মূর্নিবর্ষাক্রান্তেনক-যাগযুগসুশোভিতম্ ॥ ৮৬

যত্র গাবস্ত্ব হরিণা পাল্যস্তে পালনোচিতাঃ ।

মৃষকান খনন্ত্যস্মিন বিভ্রালস্তাভয়াছিলম্ ॥ ৮৭

ময়ূর্নৈর্নকুলৈঃ সার্কং ক্রৌড়ন্তি কণিনোহনিশম্ ।

গর্ভৈঃ সিংহৈর্নিত্যমত্র স্বীয়তে মিত্রতাং গর্ভৈঃ

এগান্তত্রতানীব্যার-ভক্ষণেষু কৃতাদর্যঃ ।

ন ভয়ং কুর্ষতে কালাজ্জিক্তা মুনিবৃন্দকৈঃ ॥ ৮৮

অনুগামী হরিভক্ত (রামভক্ত) জনগণ ও

হরিগণে (বানরগণে) পরিবেষ্টিত হইয়া

গমন করিতেছে । রামভক্তদিগের অগ্রণী

শক্রয় চতুর্দিক্ হইতে ঋষিদিগের মুখে

ঐরূপ মধুর বাক্য শ্রবণ করিয়া সন্তোষ

লাভ করিতে লাগিলেন । এইরূপে

যাইতে যাইতে পথে এক পবিত্র আশ্রম

দেখিতে পাইলেন । ক্রমশঃ নিকটবর্তী হইয়া

দেখিলেন,—ঐ আশ্রম যুগপাক্ষিগণে সমা-

কীর্ণ, তথায় নিয়ত বেদপাঠ হইতেছে, ঐ

বেদপাঠ-শ্রবণ করিয়া নরগণ পাপক্ষালন

করিতেছে, অগ্নিহোত্র-ধূমরাশি উড্ডীন হও-

য়ায় সমস্ত নভোমণ্ডল পবিত্র হইয়া যাই-

তেছে । স্থানে স্থানে মহর্ষিদিগের বহুত্র

যজ্ঞীয় যুপকাষ্ঠ শোভা পাইতেছে । ৭৭—৮৬

তথায় সিংহ-দেব একেবারেই নাই । সিংহ

অবশ্য কর্তব্য বোধে গো-সেবা করিয়া থাকে ।

বিড়ালের ভয় না থাকায় মুগিককে তথায় গর্ভ

খনন করিয়া বাস করিতে হয় না । সর্পেরা

সর্ষদাই ময়ূ ও নকুলের সহিত ক্রৌড়া

ফরিয়া থাকে । হস্তী ও সিংহেরা সর্ষদা

পরম্পর মিত্রতাবাপন হইয়া বাস করে ।

খাকার হরিণেরা ঋষিদিগের সংগৃহীত

নীবায় নির্ভয়ে ভক্ষণ করিয়া থাকে ।

ঋষিগণ বর্জ্ব (অপত্য নির্কির্ষে) প্রতি-

গাবঃ কুন্তসমোধক্ষা নন্দিনীসমবিগ্রহাঃ ।
কুর্কস্তু চরণোথেন রজসেলাং পবিত্রিতাম্ ॥১০॥
মুনিবর্ধৈঃ সমিৎপার্ণ-পদৈর্দ্বন্দ্বিক্রয়োচিতাম্ ।
দৃষ্ট্বা পপ্রচ্ছ স্মমতিং সর্ষজং রামমজ্জগম্ ॥ ১১
শকল্প উবাচ ।

স্মমতে কস্য সংস্থানং মনের্ভক্তি পুরোগতম্ ।
নির্ধৈরজন্তুসংসেব্যং মুনিবৃন্দসমাকুলম্ ॥ ১২
শেষ্যামি মুনিবার্তাঞ্চ বিদধামি পবিত্রিতম্ ।
নিজং বপুস্তদীয়ভিষার্জাভির্গণনাদিভিঃ ॥ ১৩
ইতি শ্ৰুত্বা মহদ্বাক্যং শকল্পস্ত মহান্মনঃ ।
কথয়ামাস সচিবো ব্রহ্মনাথস্ত বীমতঃ ॥ ১৪
স্মমতি-বাচ ।

চ্যবনস্তাশ্রমং বিদ্ধি মহাতপসশোভিতম্ ।
নির্ধৈরজন্তুসঙ্কীর্ণং মুনিপত্নীভিরাবৃতম্ ॥ ১৫
যোহসৌ মগামুনিঃ স্বর্গবৈদ্যয়োর্ভাগমাদধাৎ ।

পালিত ও রক্ষিত হওয়ায় তাহাদের অকালে মৃত্যুভীতি নাই। তথাকার গাভীদিগের কলসের স্তায় পালান, বশিষ্ঠের কামধেনু নন্দিনীর স্তায় আকার। আশ্রমভূমি তাহাদের খুর-ধূলি দ্বারা সর্বদাই পবিত্রীকৃত হইতেছে। মহর্ষিগণ সমিৎকুশহস্তে নিয়ত ধর্ম্যকার্য্য করিতেছেন। শকল্প এইরূপ পবিত্র তপোবন দর্শন করিয়া, রামমজ্জী সর্ষজ স্মমতিকে জিজ্ঞাসা করিলেন। শকল্প কহিলেন,—স্মমতে! পুরোভাগে ঐ যে আশ্রম দেখা যাইতেছে, যথায় বহুতর মুনি বাস করিতেছেন, পরস্পর বিরোধী জন্তুগণ যেখানে হিংসাশ্বেষ-শূন্ত হইয়া নির্বিবাদে বাস করিতেছে ঐ আশ্রম কোন মুনির? আমি ঐ মুনির রক্তাশ্রবণ করিব। পবিত্র মুনি-চরিত্ত শ্রবণ করিয়া শরীর পবিত্র করিব। ৮৭—১০। ধীমান্ রামচন্দ্রের মজ্জী, মহাত্মা শকল্পের ঐ সাধু বাক্য শ্রবণ করিয়া কহিতে লাগিলেন। স্মমতি কহিলেন,—জন্তু যেখানে বিরোধ পরিহার করিয়া বাস করিতেছে, মহাতপস্বিগণ যেস্থান স্মশো-ভিত্ত করিয়া রহিয়াছেন, মুনিপত্নীগণ ইত-

স্বায়ত্বমহাযজ্ঞে শক্রমানবিশেদনঃ ॥ ১৬
মগামুনেঃ প্রভাবোহয়ং ন কেনাপি সমাপ্যতে
তপোবলসমৃদ্ধস্ত বেদমুর্তিধরস্ত তু ॥ ১৭
শ্ৰুত্বা রামাহুজ্ঞো বার্তাং চ্যবনস্ত মহান্মনঃ ।
সর্ষং পপ্রচ্ছ স্মমতিং শক্রমানাদিভজ্ঞনম্ ॥ ১৮
শকল্প উবাচ ।
কদাসৌ দশমোর্ভাগং চকার সুরপঙক্রিয়ু ।
কিং কৃতং দেবরাজেন স্বায়ত্ববমহামখে ॥ ১৯
স্মমতীকুবাচ ।
ব্রহ্মবংশেতিবিপ্যাতো মুর্তিভূগুরতি শ্রুতঃ ।
কদাচিৎপ্রভবান্ সায়ং সমিদাহরণং প্রত ॥ ১০০
তদা মথবিনাশায় দমনো রাক্ষসো বলী ।
আংগতো্যচৈর্জগাদেদং মহাভয়করং বচঃ ॥

স্ততঃ বেড়াইতেছেন; ঐ আশ্রমে মহামুনি চ্যবন বাস করেন, উহার নাম চ্যবনশ্রম। ঐ যে মহামুনি চ্যবন, উনি স্বায়ত্ব মহাযজ্ঞে ইন্দ্রকে অপমানিত করিয়া স্বর্গোদ্যে স্বর্গীন্দ্র-কুমারদ্বয়কে যজ্ঞভাগ প্রদান করিয়াছেন। ঐ তপোনিধি মুর্তিমান্ বেদধরুপ; উহার তপোবল অত্যধিক। উহার প্রভাবের কেহ ইয়ত্তা করিতে পারে না। রামাহুজ শকল্প মহাত্মা চ্যবনের প্রভাবের কথা শ্রবণ করিয়া, স্মমতির নিকটে চ্যবন-কৃত ইন্দ্রের অপমানাদির কথা জিজ্ঞাসা করিলেন। শকল্প কহিলেন,—ঐ চ্যবন-মুনি কোন সময়ে দেবতাদিগের যজ্ঞ-ভাগ অগ্নিনীকুমারদ্বয়কে দিবার ব্যবস্থা করেন? স্বায়ত্ব মহাযজ্ঞে দেবরাজ কি করিয়াছিলেন? (তাঁহা আপনি বলুন।) স্মমতি কহিলেন,—ব্রহ্মার বংশে অতি বিখ্যাত ভৃগু নামে এক মহর্ষি উৎপন্ন হইয়াছিলেন। তিনি একদা সায়ংকালে সমিধ্ আহরণ করিতে গিয়াছেন, এমন সময়ে দমন নামে এক বলবান্ রাক্ষস যজ্ঞবিঘ্ন করিবার নিমিত্ত তাঁহার আশ্রমে আসিয়া অতি ভীষণ উচ্চ চীৎকার করিয়া বলিল,—“কোথায় সে অধম ঋষি, আর

কুহাস্তি মুনিবকুঃ স কুর তদাহিহানম্ ॥
 পুনঃপুনরুবাচেনং বচোঃ শ্রেয়সমাকুলঃ ॥ ১০২
 তদা হতবধো জ্ঞানী রাক্ষসভ্রম্যমগতামু ।
 দর্শয়ামাস তজ্জ্ঞানীযত্বম্ভ্রামিনন্দিতাম্ ॥ ১০৩
 জগ্রাহ রাক্ষসস্তাঃ তু রুদ্রশীঃ কুরয়ীমিব ।
 ভূগো রক্ষ পতে রক্ষ রক্ষ নাথ তপোনিনে ॥
 এবং বদন্তীমার্তাঃ স গৃহীত্বা নিরগারভিঃ ।
 তুষ্টিবাক্যপ্রাবাদেন ধর্ষয়ন স ভূগোঃ সতীম্ ॥
 ততো মহাভয়রস্তো গর্ভগোদধেমবাতঃ ।
 পপাত প্রজসরেন্তো বৈশানর ইবাক্ষতঃ ॥ ১০৬
 তেনোক্তং মা ব্রজশাস্ত্রং হং ভস্মীভব দুর্ষভে
 ন হি সাক্ষীপরামর্শং কুদ্রা শ্রেয়োহভিযাস্তাসি ॥
 ইতু্যক্তঃ স পপাতাশ্চ ভস্মীভূতকলেবরঃ ।
 মাতা তদার্তকং নোয়া জগামাশাশমুয়নাঃ ॥ ১০৮

নির্খুলচরিত্রা । ৮৭ পৃষ্ঠা হি বা কোথায ?
 সাত্তিশয় কোদপরবশ হইয়া রাক্ষস পুনঃ
 পুনঃ এই কথা বলিতে লাগিলে মর্ষণ ভূগুর
 গৃহ-রাক্ষত অগ্নি রাক্ষসভাষি উপস্থিত
 দেখিয়া ভয়ে মর্ষণের ঘনঃস্রা ভাবিককে
 দেখাইয়া দিলেন । ৯৮—১০৩ । রাক্ষস
 সেই অসহায় মুনিপত্রাকে বলপূর্বক গ্রহণ
 করিল, তখন ভূগুপত্নী “কোথায নাথ !
 কোথায তপোনিনি ভূগুদেব ! রক্ষা করুন,
 রক্ষা করুন” এই বলিয়া কুরবার শ্রায় করণ-
 স্বরে রোদন করিতে আশ্রয় করিলেন ।
 ছয়ান্না দমন পতিব্রতা ভূগুগামিনীর করণ
 ক্রন্দনে কর্ণপাত না করিয়া তাঁহাকে বলপূর্বক
 গ্রহণ করিয়া বহির্দেশে গমন করিল এবং
 মিষ্টবাক্যে তাঁহার ধর্ষনাশ করতে উদ্যত
 হইল । অনন্তর নিদারুণ ভবে শ্রীষপত্নীর
 গর্ভপাত হইয়া গেল । তখন সেই গর্ভস্থ
 বালক অগ্নির শ্রায় ক্রোধে জলিত হইয়া
 কহিল,—“রে দুর্ষভে ! তুই সাক্ষীর ধর্ম্য নষ্ট
 করিয়া শ্রেয়োলাভ করিতে পারিবি না,
 তুই আর যাবি কোথা ? অবিলম্বে ভস্ম হ” ।
 সেই ঋষির গুণসজ্জাত বালক স্বতঃসিদ্ধ
 প্রভাব বলে এই বলিয়া অভিসম্পাত করিলে

ভূগুর্ধিকৃতং সর্ষং জ্ঞানী কোপসমাকুলঃ ।
 শশাপ সমভয়স্তং ভব দুষ্টারিস্ফচক ॥ ১০৯
 তদা শ্রেয়োহভিযুক্তো জগ্রাহ গুহ্রাশ্চক্ষণিঃ
 কুর মেবলুগ্রহং স্বামিন কুপার্ণব মহামতে ১১০
 ময়ানুভবচৌভীত্যা কথিতং ন শুক্ৰজহা ।
 তস্মান্মমোপরি রূপাং কুর ধার্ম্মিশরোমণে ১১১
 উদারুগ্রহমবত সর্ষভক্ষেণা ভবান শুচিঃ ।
 ইতু্যক্তবান হতভূজং দয়াজ্জোমুনিতাপসঃ ॥ ১১২
 গর্ভাচ্ছ্যুতস্ত পুত্রস্ত অভবস্মাদিকং শুচিঃ ।
 চমার বিবিবাব্রব্বো দর্ভপাণিঃ স্মমঙ্গলৈঃ ॥ ১১৩
 চ্যবনাচ্চ্যবনং প্রাহঃ সর্ষে তত্র তপর্ষিনঃ ।
 শটোঃ শটোঃ সা বরুধে শুক্ৰপ্রতিপাদিনুবৎ ॥ ১১৪

দুর্ষুকে নিশাচর অবলম্বে ভস্মীভূত হইয়া
 পাত্ত হইল । তখন জননী সেই সদ্যো-
 জাত বালককে কোড়ে করিয়া বিমর্ষভাবে
 গ্রহণে প্রয়াগমন করিলেন । এদিকে
 ভূগু আশ্রয়ে আসিয়া অগ্নির দোবে এই
 গর্ভটনা ঘটয়াছে জানিতে পারিয়া ক্রোধে
 অধার হইয়া “রে দুষ্ট অনল ! তুমি যেমন
 শকহস্তে আমার পত্রাকে সমর্পণ করিয়াছ,
 সেই পাপে তুমি সমভূক্ত হও ।” এই
 বিনয়া অগ্নিকে অভিসম্পাত করিলেন ।
 অভিশপ্ত হইয়া অগ্নি সাত্তিশয় হুংবিত হই-
 লেন এবং ঋষির পদধারণপূর্বক কহিলেন,
 —প্রভো ! দয়াসাগর ! আমার প্রতি, রূপা
 করুন । মহামতে ! আমি মিথ্যা কথা বলিবার
 ভয়েই রাক্ষসকে বলিয়া দিয়াছি, আপনার
 শ্রীষ্টি করিবার অভিব্রায়ে আমি এ কার্য্য
 করি নাই, অতএব হে ধার্ম্মিকশিরোমণে !
 আপনি আমার উপরে অলুগ্রহ করুন ।
 এখন মুনিবর ভূগু অগ্নির কাতর বাক্যে
 দয়ার্দ্র হইয়া তাঁহার প্রতি অলুগ্রহ করি-
 লেন, বলিলেন,—“তুমি সর্ষভূক্ত হইয়াও
 শুচি থাকিবে ।” ১০৪—১১২ । অনন্তর
 বিপ্রবর ভূগু পবিত্রভাবে দর্ভ হস্তে যথা-
 বিধানে সেই গর্ভচ্যুত বালকের জাত-
 কর্ম্মাদি সংস্কারকার্য্য সম্পন্ন করিলেন ।

ন জগাম তপঃকর্তুং রেবাং লৌকিকপাবনীম্
 শিবিঃ পরিবৃতঃ সৈবৈস্তপোবদসম্বৰ্ণিতঃ ॥
 গম্বা তত্র তপস্তেশে বর্ধাণামযুক্তং মহান ।
 অংসয়োঃ কিংশুকৌ জ্ঞাতৌ বয়োক্ষোপরি-
 শোভিতৌ ॥
 মৃগা আগত্য তস্যাস্তে কঃ বিদধকংসুকাঃ ।
 ন কিঞ্চিৎ স হ জ্ঞানান্তি হর্নিবার কয়াদৃঢ়ঃ ॥১১৭
 কদাচিম্বক্ষুহ্যক্জস্তীর্ণযায়া প্রতি প্রভুঃ ।
 স্কুটুদো যযৌ রেবাং মহাবলনমাবৃতঃ ॥ ১১৮
 তত্র স্নাত্মা মহান দ্যং সমুপ্য পিতৃদেবতাঃ ।
 দানানি বাভবেভ্যশ্চ প্রাদাদিনুপ্রভুষ্টিয়ে ॥১১৯

তৎকল্পা বিচরন্তী স বনমধ্য ইতস্ততঃ ।
 সখীভিঃ সহিতা রম্যা তপ্তহাটকভূষণা ॥ ১২০
 তত্র দৃষ্ট্বাথ বলীপং মহাতরুশুশোভিতম্ ।
 নিমেষোন্মেষরহিতং তেজ কিন্তু দর্শন স ॥১২১
 গম্বা তত্র শলাকাভিরতুদর্জাধরঃ শবৎ ।
 দৃষ্ট্বা রাজোহঙ্গজা খেদং প্রাপ্তবত্যথদুঃখিতা ॥
 ন জনন্তৌ তথা পিত্রে শশংসাঘেন বিপ্লুতা ।
 স্বয়মেবান্নান্নানং শুশোচ সা ভয়াতুরা ॥১২৩
 তদা ভূশলিতা রাজন দিবশেচ্যোকা পপাত হ ।
 ধূমা দিশোহভবন্ সঘাঃ স্বর্ঘ্যাশ্চ পরিবেষিতঃ

তত্রত্য তপস্বিগণ গর্ভচ্যুত বাল্যা সেই
 বালককে 'চ্যবন' বলিয়া ডাকিলেন; তাহা
 তেই তাঁহার চ্যবন নাম হইল। তিনি
 শুক্রস্বামী প্রতিপচ্ছন্দেব স্নায় দিন দিন
 বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিলেন। সেই
 ভৃগুনন্দন ক্রমে বয়ঃপ্রাপ্ত হইয়া তপোবল-
 সম্পন্ন শিষ্যগণ সমভিব্যাহারে নৌক-
 পাবনী বেরানদীর তীরে তপস্যা করিতে
 গমন করিলেন। মহাত্মা চ্যবন তথায়
 গিয়া কঠোর তপস্যা করিতে আরম্ভ
 করিলেন, তপস্যা করিতে করিতে অযুত
 বৎসর অতীত হইয়া গেল। তাঁহার
 সর্ব শরীর বলীকমৃতিকায় আবৃত হইয়া
 পড়িল; দুই স্বন্ধে দুইটি কিংশুক বৃক্ষ
 উৎপন্ন হইল। ক্রমে তিনি কঠিন
 মৃত্তিকাস্তূপে আবৃত হইয়া রহিলেন। হরি-
 ণেরা কখন কখন গাত্রকুণ্ঠিনিরন্তির
 অভিলানে তথায় আগমন করিয়া তাঁহার
 শরীরে গাত্র ঘর্ষণ করিয়া যাইত। তাঁহার
 শরীর কঠিন মুৎসূপ দ্বারা এমনই আবৃত
 ছিল যে, তিনি কিছু মাত্র তাহা জানিতে
 পারিতেন না। একদা মহারাজ মনু
 তীর্থযাত্রা করণাভিলাষে সপার্ববারে বহি-
 র্গত হইয়া বলবান সৈন্যসমূহ সহ সেই
 বেরানদীর তীরে আসিয়া উপস্থিত হইলেন।
 মনু সেই মহানদীতে স্নাত হইয়া পিচ্-

তর্পণ ও দেবপূজা করিয়া বিষয় জীতি-
 কামনায় ব্রাহ্মণদিগকে প্রচুর অর্থদান করি-
 লেন। সেই সময়ে উজ্জ্বল স্বর্ণলঙ্কারে
 ভূষিতা তদীয় পরমা সুন্দরী কন্যা সখীগণ
 সমভিব্যাহারে ইতস্ততঃ পিচরণ করিতে
 করিতে মধ্যরক্ষশোভিত সেই বলীকস্তূপ
 দেখিতে পাইলেন। সেই বলীকস্তূপের
 খবর দিয়া সেই যোগিবর চ্যবনের উজ্জ্ব-
 চক্ষুর জ্যোতি বহির্গত হইতেছিল। মনু-
 ন্দিনী দূর হইতে সেই মৃত্তিকাস্তূপানুসৃত
 অনিমেষ নৈত্রজ্যোতি দেখিতে পাইয়া
 বালিকাসুলভ বৌতুল বশতঃ নিকটে
 গিয়া মৃত্তিকাস্তূপের যে ছিদ্র দিয়া জ্যোতি
 নিঃসৃত হইতেছিল, সেই ছিদ্র শলাকা-
 দ্বারা বিদ্ধ করিলেন। বিদ্ধ হইবামাত্র
 সেই ছিদ্র দিয়া ক্রবর নির্গত হইতে
 লাগিল; তদর্শনে রাজনন্দিনী উন্মধ্যে
 জীবিত প্রাণী রহিয়াছে বুঝিতে পারিয়া যার
 পর নাই দুঃখিত হইলেন। ১১৩--১২২ ।
 নিতান্ত গাঙ্ঘিত কার্য্য করিয়াছেন মনে করিয়া
 বড়ই ভীত হইলেন, পিতা মাতাকে সে
 কথা বলিতে সাহসী হইলেন না। ঘোর
 পাপকার্য্য করিয়াছেন, মনে করিয়া আপনা-
 আপনি অনুতাপ করিতে লাগিলেন।
 রাজন! এদিকে মনুর রাজ্যে ঘোরভর
 অশুভ লক্ষণ দৃষ্ট হইল; ভূমিস্প, আকাশ
 হইতে উজাপাত হইতে লাগিল; দিকৃদকল

তদা রাজো হয়ানষ্টা হস্তিনো বহবো মৃতাঃ ।
 ধনং রত্নযুতং নষ্টং কলহোহভূম্মিথস্তদা ॥ ১২৫
 তদালোক্য নৃপো ভীতঃ কিঞ্চিদ্ভয়মানসঃ ।
 জনানপৃচ্ছৎ কেনাপি মুনয়ে ত্বপরাধিতম্ ॥ ১২৬
 পারম্পর্যেণ তজ্জাহ্ন্বা স্বপুত্র্যাঃ পরিচেষ্টিতম্
 যযৌ স হৃথিতস্তত্র সমুদ্রবলবাহন ॥ ১২৭
 তং বৈ তপোনিবেৎ বীক্ষ্য মহতা তপসায়ুতম্
 স্বহা প্রসাদয়ামাস মুনিবর্ষ্য দয়ং কুরু ।
 তস্মৈ তুষ্টো জগাদায়ং মুনিবর্ষ্যো মহাতপাঃ ।
 তবান্নজাকৃতং সর্কমুৎপাত দ্যমবেহি তৎ ॥ ১২৮
 তব পুত্র্যা মহারাজ চক্ষুর্বিষ্কাটিনং কৃতম্ ।
 বহু সূশ্রাব কধিরং জানতী স্বামুবাচ ন ॥ ১৩০
 তস্মাদিদং মহাতুপ মহং দেয়া যথাবিধি ।

ধুম্রবর্ণ হইল; সূর্যদেব মণ্ডলে বেষ্টিত হইলেন। রাজার বহুতর হস্তী ও অশ্ব প্রাণ-
 ত্যাগ করিতে লাগিল। ধন-রত্ন নষ্ট হইতে
 আরম্ভ হইল। পরস্পর কলহবিবাদ উপাস্থত
 হইতে লাগিল। রাজা তদর্শনে সাতিশয়
 ভীত ও উদ্ভয় হইয়া ‘তপস্বীর নিকটে কেহ
 কোন অপরাধ করিয়াছে কি না’ সকলকে
 জিজ্ঞাসা করিতে লাগিলেন। পরিশেষে নিজ
 তনয়্যর তৎকার্য্য লোকপরম্পরা অবগত
 হইয়া অতীব হৃথিতহৃদয়ে সেই ঋষির নিকটে
 গমন করিলেন। তথায় কঠোর তপস্শা-
 নিরত সেই তপস্বিপ্রবরকে নিরীক্ষণ করিয়া
 “মুনিবর! দয়া করুন” বারংবার এই বলিয়া
 স্তব করত ঠাঁহাকে প্রসন্ন করিলেন।
 যথাতপা মুনিবর প্রসন্ন হইয়া হৃষ্টচক্রে
 ঠাঁহাকে কহিলেন,—রাজন্! এই সমস্ত
 উৎপাত আপনার তনয়্যাকৃত; মহারাজ!
 আপনার কষ্ঠা আমার চক্ষু বিদ্ধ করিয়া
 দেওয়ায় আমার চক্ষু হইতে বহুতর কধির-
 শ্রাব হইয়াছে, আপনার কষ্ঠা এ ঘটনা
 জানিয়াও আপনাকে বলে নাই। হে
 দেবমান্ন মহারাজ! যদি আপনার এই
 কষ্ঠাটিকে যথাবিধায়ে আমাকে সম্প্রদান

ততশোৎপাতশমনং ভবিষ্যতি স্মরার্চিতং ।
 তচ্ছূদ্যা হৃথিতো রাজা প্রজ্ঞাচক্ষুশ্ব আন্মজাম্
 দদৌ কুলবয়োঃপ-নীললক্ষণসংযুতম্ ॥ ৩২১
 দস্তা যদা নৃপশৈবং কষ্ঠা কমললোচনা ।
 তদোৎপাতাঃ শমং যাতাঃ সর্কো মুনিরুষো-
 দগতাঃ ॥ ১৩৩
 রাজা দস্তান্নজাং তস্মৈ মুনয়ে তপসাঃনিধে ।
 প্রাপ স্বাং নগরীয়ং তুষ্টো হৃথিতো দয়য়া পুনঃ ॥
 ইতি শ্রীপাদ্মো পাতালখণ্ডে ষষ্ঠোঃঅধ্যায়ঃ ।

সপ্তমোঃঅধ্যায়ঃ ।

সুমতিরূবাচ ।

অর্থিঃ স্বাশ্রমগতো মানব্যা সহ ভার্ঘ্যয়া ।
 মুদং প্রাপ হতশেষপাতকো যোগযুক্তয়া ॥ ১
 সা মানবী তং বরমান্বনঃ পতিঃ
 নেত্রেণ হীনং জরসা গতোজ্জসম্ ।

করেন, তাহা হইলে আপনার এই সকল
 উৎপাত দূর হইবে। রাজা তপস্বীর উক্ত
 বাক্য শ্রবণ করিয়া হৃথিত হইলেন এবং
 প্রজ্ঞাচক্ষুঃসেই ঋষিপ্রবরকে কুল ও বয়সের
 অরূপ সুলক্ষণা সংস্ভার্য্য কষ্ঠা সম্প্রদান
 করিলেন। রাজা ঋষিকে কমলাক্ষী কষ্ঠা
 সম্প্রদান করিবামাত্র মুনির ক্রোধ-সঞ্জাত
 উৎপাতসকল প্রশান্ত হইয়া গেল। হে
 তপোনিধে! রাজা সেই অন্ধ চ্যবনমুনিকে
 কষ্ঠা-দান করিয়া তনয়্যল্পেহে হৃথিতভাবে
 রাজধানীতে পুনঃ প্রত্যাগমন করি-
 লেন। ১২৩—১৩৪ ।

ষষ্ঠ অধ্যায় সমাপ্ত । ৬ ।

সপ্তম অধ্যায় ।

সুমতি কহিলেন,—অনন্তর যোগবলে
 বীতপাপ সেই চ্যবনমুনি ভার্ঘ্য্য মনুকষ্ঠার
 সহিত পরমসুখে সেই আশ্রমে বাস করিতে

সিবেব এনং হরিমেধসোস্তমঃ
 নিজেষ্টদাত্রীং কুলদেবতাং যথা ॥ ২
 শুক্রাঈতী তং পতিমিক্তিজ্রা
 মহান্নভাবং তপনাং নিধিঃ প্রিয়ম্ ।
 পরাং মুদং প্রাপ সতী মনোহরা
 শচী যথা শক্রনিষেবণোদ্যতা ॥ ৩
 চরণৌ সেবতে তস্মৈ সর্কলক্ষণলক্ষিতা ।
 রাজপুত্রী সুন্দরাক্ষী ফলমূলোদকাশণা ॥ ৪
 নিত্যং তদ্বাক্যকরণে তৎপর্য পূজনে রতা ।
 কালক্ষেপং চ কুরুতে সর্কভূতহিতে রতা ॥ ৫
 বিসৃজ্য কামদম্ভঞ্চ দ্বেষং লোভং ভয়ং মদম্ ।
 অপ্রমত্তোদ্যতা নিত্যং চ্যবনং সমতোষয়ৎ ॥
 এবং তস্মৈ প্রকুর্বাণা সেবাং বান্ধ্যকর্ম্মভিঃ ।
 সহস্রাঙ্কং মহারাজ সা চ কামং মনশ্চাৎ ॥ ৭
 কদাচিদেবভিষজাবাগতাবাশ্রমে মুনেঃ ।

লাগিলেন। সেই মল্লনন্দিনীও বৃদ্ধ অক্ষ
 পতিকে অভীষ্টদাতা কুলদেবতার ছায়
 জ্ঞান করিয়া পরম ভক্তসহকারে সেবা
 করিতে লাগিলেন। সেই স্বামীকে পরমে-
 ষ্বর বিষ্ণুর ছায় জ্ঞান করিয়া কায়মনো-
 বাক্যে তাঁহার শুক্রাষয় নিরত হই-
 লেন। শচী যেমন ইন্দ্রের পদসেবায় রত
 থাকেন, সেইরূপ ইাক্তবোধে নিপুণা
 সেই মল্লনন্দিনী মহান্নভব তপস্বী স্বামীর
 সেবায় সাতশয় আনন্দ বোধ করিতে
 লাগিলেন। সকল প্রকার সুলক্ষণা-
 ষিতা ক্ষীণাক্ষী সুন্দরী রাজপুত্রী ফল-মূল
 ভক্ষণ করত (কায়মনে) স্বামীর পদসেবা
 করিতে লাগিলেন। নিখিল প্রাণীর
 হিতসাধনে তৎপর্য সেই রাজপুত্রী সর্কদা
 স্বামীর পদপূজা এবং আজ্ঞাপালনে কাল-
 যাপন করিতে লাগিলেন। তিনি কাম, দম্ভ,
 দ্বেষ, লোভ, ভয় এবং মদাদি পরি-
 ত্যাগপূর্ব্বক অতি সাবধানে নিরত চ্যবন
 মুনির সন্তোষবিধান করিতে লাগিলেন।
 মহারাজ; এইরূপে সহস্র বৎসরকাল
 কায়মনোবাক্যে স্বামসেবা করার পর তাঁহার

স্বাগতেন সুসম্ভাব্য তয়োঃ পূজাং চকার সা ॥
 শর্ঘাতিকম্ভাকৃতপূজনার্ঘ্যা- ৮
 পাদ্যাদিনা তোষিক্চিত্তবৃত্তী ।
 তাবুচতুঃ স্নেহবশেন সুন্দরৌ
 বরং বৃগীষেতি মনোহরাক্ষীম্ ॥ ৯
 তুষ্টি তৌ বীক্ষ্য ভিষজৌ দেবানাং বরযাচনে
 মতিং চকার নৃপতেঃ পুত্রী মতিমতাং বরা ॥ ১০
 পত্যভিপ্রায়মালক্ষ্য তাব্বাচ নৃপাঞ্জয়া ।
 দন্তং মে চক্ষুরী পত্যর্ধিদি তুষ্টি যুবাং সুরৌ ॥
 ইত্যেতদ্বচনং শ্রুত্বা সুকম্ভায়া মনোহরম্ ।
 সতীত্বঞ্চ বিলোক্যাদমুচতুর্ভিষজাং বরৌ ॥ ১২
 ত্বৎপতির্ধিদি দেবানাং ভাগং যজ্ঞে দধাত্যসৌ ॥
 আবয়োরধুনা কুর্বশ্চক্ষুষোঃ স্মৃটদর্শনম্ ॥ ১৩
 চ্যবনোহপ্যোমিতি প্রাহ ভাগদানে বরৌজসোঃ

মনে কামাংর্ভাব হইল। সেই সময়ে
 এক দিন স্বর্গ-বৈদ্য অশ্বিনীকুমার ষয় চ্যবন-
 মুনির আশ্রমে আগমন করিলেন। চ্যবনপত্নী
 স্বাগতবাক্যে অভ্যর্থনা করিয়া তাঁহাদের
 পূজা করিলেন। শর্ঘাতিকম্ভা পাদ্য-
 অর্ঘাদি দ্বারা যথাবিধানে তাঁহাদের পূজা
 করিলে সেই সুন্দর স্ববৈদ্যযুগল সন্তুষ্ট
 হইয়া স্নেহপ্রকাশ করত সেই মনোহরাক্ষীকে
 কহিলেন,—তুমি মনোমত বর প্রার্থনা কর।
 অতি বুদ্ধিমতী রাজপুত্রী দেববৈদ্যযুগলকে
 সন্তুষ্ট দেখিয়া বর প্রার্থনা করিবার অভিপ্রায়
 করিলেন। ১—১০। স্বামীর অভিপ্রায়
 অবগত হইয়া রাজনন্দিনী তাঁহাদিগকে বলি-
 লেন,—হে দেবযুগল! আপনারা যদি সন্তুষ্ট
 হইয়া থাকেন ত আমার স্বামীর চক্ষু দুইটি
 প্রদান করুন। বৈদ্যপ্রবরদ্বয় এইরূপ মনো-
 হর বাক্য শ্রবণ করিয়া সুকম্ভার পতিভক্তি
 দর্শনে (সবিশেষ তুষ্ট হইয়া) বলিলে,—
 যদি তোমার পতি দেবতার যেরূপ যজ্ঞ ভাগ
 প্রাপ্ত হন, আমাদেরও সেইরূপ যজ্ঞভাগ
 পাইবার ব্যবস্থা করিয়া দেন, তাহা হইলে
 আমরা তাঁহার চক্ষু প্রদান করি।
 চ্যবনমুনি সেই তেজস্বী স্বর্গ-বৈদ্যযুগলকে

তদা তুষ্টিবর্ষিনো তমুচুতুস্তপসাং বরম ॥ ১৪
 নিমজ্জতাং ভবানশ্বিন হৃদে সিদ্ধবিনির্শ্বিতৈ ।
 ইত্যাকো জরয়া গ্রন্থ-দেশে ধমনিসম্বৃতঃ ॥ ১৫
 হৃদং প্রবেশিতোহপিভাং স্বয়ংভ্রামজ্জতাং হৃদে
 পুরুষাস্থয় উতস্কুরপীড়্যা বনিতাপ্রিয়াঃ ॥ ১৬ ॥
 রুক্ষশ্রজঃ কুণ্ডলিনশ্চল্যকপান সুবাসসঃ ।
 তাঁন্নয়ীক্ষ্য বরারোহা স্কুকপান স্বর্ধাবর্চসঃ
 অজ্ঞানতী পতিং সাধ্বী স্বশ্বনো শরণঃ যযৌ ।
 দর্শয়িত্বা পতিং তেষ্ট্রে পাত্তিব্রহ্মেন তোষিতৌ
 ঋষিমামন্ত্য যযতুর্বিমানেন ত্রিবিষ্টপম্ ।
 যক্ষ্যমাণে ক্রন্তৌ স্বীয়-ভাগার্থাশয়া যুতো ॥

যজ্ঞভাগ প্রদান করিতে অঙ্গীকার করিলেন। তখন অশ্বিনীকুমারদ্বয় সম্ভ্রষ্ট হইয়া সেই তপস্বি প্রবরকে কহিলেন,—“আপনি এই সিদ্ধনির্শ্বিত হৃদে অবগাহন করুন।” এই বলিয়া অশ্বিনীকুমারদ্বয় সর্বাঙ্গে পরিদৃশ্যমান-শিরাব্যাপ্ত জরাজর্জ চ্যবনমুনিকে হৃদে প্রবেশ করাইলেন এবং তাঁহারাও তাহাতে প্রবিষ্ট হইলেন। অনন্তর হৃদ হইতে রমণীবাঞ্ছিত তিনটা সুন্দর পুরুষ-মূর্তি উথিত হইল। তিনটা মূর্তিই দেখিতে একরূপ। সকলেরই গলে সুবর্ণ-ময় মালা, কর্ণে কুণ্ডল, পরিধানে মনোহর বস্ত্র; সকলেই স্বর্ধোর স্তায় তেজস্বী। সুন্দরী শর্ধাহিনন্দিনী সুন্দর মূর্ত্তিব্রয় অবলোকন করিয়া কোনটি নিজ পতি, তাহা নিয়র্ণ করিতে পারিলেন না; মহা ভাবনাগ্রস্ত হইয়া সাধ্বী অশ্বিনীকুমারযুগলের শরণাপন্ন হইলেন। অশ্বিনীকুমারদ্বয় তাঁহার পতিভক্তি দর্শনে সম্ভ্রষ্ট হইয়া তাঁহাকে তাঁহার পতি দর্শন করাইলেন। তাঁহার পাত্তিব্রত পয়সীকা করিবায় নিমিত্তই তাঁহারা মায়া করিয়া এইরূপ তিনটি মূর্ত্তি আবির্ভূত করিয়াছিলেন।) পরে তাঁহারা চ্যবনমুনির নিকট বিদায় গ্রহণ করত ভাবিয়া যজ্ঞে অংশ পাইবার আশায় উৎফুল্ল হইয়া বিমানে অরোহণপূর্বক দ্বারগমন করিলেন। শর্ধাওতনয়া এই-

কালেন ভূয়সা ক্ষামাং কশ্বিতাং ব্রতচর্ঘ্যায়া ।
 প্রেমগদগদয়া বাচা পীড়িতঃ রুপযাত্রবীৎ ॥ ২০ ॥
 তুষ্টিহৃদমদ্য তব মানিনি মানদায়াঃ
 শুশ্রাব্যঃ পরমবা হৃদি চৈকভক্ত্যা ।
 যো দেহিনাময়মলৌব সুহং সুদেহো
 নাবেক্ষিতঃ সমুচিতঃ ক্ষপিতং মদর্গে ॥ ২১ ॥
 যে মে স্বধর্ম্মনিরতস্ত তপঃসমাধি-
 বিদ্যায়যোগসিজ্জিতা ভগবৎ প্রসাদাঃ ।
 তানব তে মদহুসেবনয়া বরুক্কা
 দৃষ্টিং পশশু বিতরামাভয়ানশোকান ॥ ২২ ॥
 অন্ত্রে পুনর্ভগবতো ভ্রুব উদ্বিজ্জস্ত-
 বিশ্রংসিতার্গরচকঃ কিমুকক্রমস্ত ।
 সিদ্ধাসি ভূত বিভবান্নিজয়র্ষদোহান
 দিব্যাব নরাননিগমন্নপবিক্রিয়াভিঃ ॥ ২৩

রূপে ঋষির পরির্ঘ্যায় বহুকাল অস্বীত করিলে পর একদা ঋষি রূপাপবশ হইয়া প্রেমগদগদ বচনে সেই তপস্কৃশা সহধর্ম্মীগীকে কহিলেন। ১১—২০। মানিনি! তোমার এই একাগ্রভক্তিগহকারে শুশ্রাব্য দ্বারা আমি তোমার উপরে অদ্য তুষ্টি হইয়াছি। যে সুন্দর দেহ প্রণীদিগের অনেক কাঙ্ক্ষার সহায় বলিয়া যজ্ঞে রক্ষণীয়, তুমি সেই সুন্দর শরীরের দিকে দৃকপাত কর নাই; আমার শুশ্রাব্য কশ্বিতে সেই শরীরকে যথেষ্ট কষ্ট দিয়াছি। অতএব আমি স্বধর্ম্মে থাকিয়া তপ, সমাধি, বিদ্যা ও আয়োগদ্বারা যে ভগবৎপ্রসাদ (ঈশ্বরানুগ্রহ) লাভ করিয়াছি, আমার সেবা করায় তুমিও সেই ভগবৎপ্রসাদ পাইবার উৎসুক; তোমাকে আমি সেই বিশোক ভীতিশূন্য ভগবৎপ্রসাদ বিতরণ করিছি, তুমি আমার বরে জ্ঞানদৃষ্টি প্রাপ্ত হও। মহাশক্তিশালী ভগবানের কটাক্ষপাতে যে সকল স্বগীয় ভোগ অনায়াসে সিদ্ধ হয়, তুমি মদীয় সেবারূপ পুণ্যবলে সেই সকল মনুষ্যদুল্লভ দিব্য রাজভোগে সিদ্ধিলাভ করিয়াছ; অতএব এক্ষণে ইচ্ছামত সুখভোগ কর। নিখল ষোগ-

এবং ক্রবণমবলম্বিত্বাণিগমায়া-
বিদ্যাবিচক্ষণমবেক্ষ্য গতাংবিরাসৌৎ ।
সম্প্রদায়প্রণয়বিহ্বলয়া গিরেষদৃ-
ত্রীড়াবিলৌকিকবিলসঙ্গসিতা তমাহ ॥ ২৪
সুকলোবাচ ।

রাক্ষ বত দ্বিজবৃষে তদমোঘযোগ-
মায়াধিপে ত্বয়ি বিভো তদবৈমি ভর্ত্তঃ ।
যন্তেহত্যাদয়ি সময়ঃ সক্রদঙ্গসঙ্ঘো
কৃষাধ্বরীয়াস গুণপ্রসবঃ সতীনাম্ ॥ ২৫
তত্রৈতিকৃত্যমুপশিক্ষ্য যথোপদেশং
যেনৈষ কৰ্ণিততমোহিতিরিরংসয়াত্মা ।
সিধ্যেত তে কৃতমনোভবধর্ষিতায়া
দীনস্তদীশ ভবনঃ সদৃশং বিচক্ষ ॥ ২৬
সুমতিরুবাচ ।

প্রিয়ায়াঃ প্রিয়মধিচ্ছ্যচ্যবনো যোগমাস্তিতঃ ।

বিদ্যাবিশারদ চ্যবনমুনির উক্ত প্রকার বাক্য
শ্রবণ করিয়া রাজপুত্রীর এত দিনের মনঃ-
ক্লেশ বিদূরিত হইল । তিনি ঈষৎ লজ্জিতা
হইয়া সম্মিত বদনে গদগদস্বরে প্রণয়গর্ভ-
বিনীতবাক্যে তাঁহাকে কহিলেন। সুকল্যা
কহিলেন—দ্বিজবর ! অমোঘ যোগমায়া
আপনার বশীভূত, অতএব হে বিভো !
হে স্বামিন্ ! আপনি যাহা বলিলেন, তাহা
সম্পন্ন হইয়াছে মনে করি । গুণবান স্বামীর
সহবাস সতী রমণীদিগের অশেষগুণের
পরিচায়ক, আপনার কথিত আমার সহিত
সহবাসরূপ সদাচার আপনি অল্পগ্রহ করিয়া
অনুষ্ঠান করুন। হে ঈশ ! আমি এযাবৎ
আপনার সঙ্গে বাস্ত্বা করিয়াই কামশর-
জর্জরিত হইয়া শরীরকে অশেষ কষ্ট দিয়া
কেবল আপনার আদেশ প্রতিপালনে কাল-
হরণ করিয়াছি । এক্ষণে এই হতভাগিনীর
চিরমনোরথ যাহাতে সিদ্ধ হয়, অনুগ্রহ বার-
তাহা করুন। এক্ষণে কি করিতে হইবে
উপদেশ করুন এবং আমাদের বৈষায়িক,
২খণ্ডোদ্যোগ উপযুক্ত এক ভবন নির্দেশ
করুন। সুমতি কহিলেন,—হে রাজন্ ! মূনি-

বিমানঃ কামদঃ রাজস্তুর্হোবাবিরচীকরং ॥ ২৭
সর্ষকামদ্বঘং দিব্যং সর্ষরত্নমধিতম্ ।
সর্ষকুটাপচয়োদকং মণিস্তৈরুপকৃতম্ ॥ ২৮
দিব্যোপস্তরণোপেতং সঙ্গকালসুখাবহম্ ।
পট্টিকাভিঃ পতাকাভিক্রীকিত্রোভিরলঙ্কৃতম্ ॥ ২৯
স্রগুর্ভির্বিচক্রেমালাভির্মধুশিঞ্জং যজুর্ভ্রুভিঃ ।
তুঙ্গলক্ষ্মকৌশেশৈর্নানাবস্ত্রৈর্ধিরাজতম্ ॥ ৩০
উপর্যুপরিবিস্তস্তনিলয়েষু পৃথক্ পৃথক্ ।
ক্লষ্টৈঃ কাশপুভিঃ ক্রান্তঃ পর্য্যঙ্কব্যজন দিভিঃ
তত্র তত্র বিনিক্ষিপ্তনানাশিল্পোপশোভিতম্ ।
মহামরকতস্থল্যা জুহুঃ বিক্রমবেদিভিঃ ॥ ৩২
দ্বাঃসু বিক্রমদেহলা। ভাতঃ বজ্রকপাটিকম্ ।
শিখরৈশ্বলনৌলেষু হেমকুস্তৈর্গধিশ্রিতম্ ॥ ৩৩
চক্ষুশ্চংপদ্যরাগাটৈগ্রাকুজ্জাভিতম্ নিশ্চিতৈঃ ।
জুষ্টং বিচিত্রবৈভাটৈর্মুক্ণাহারাবলাঘিতৈঃ ॥ ৩৪

বর চ্যবন প্রিয়ায় ক্রীতিকামনায় যোগবলে
তৎক্ষণাৎ এক কামপ্রদ বৃহৎ বিমান আবি-
ষ্কার করিলেন। সেই দিব্য বিমান সকল
প্রকার রত্নে বিভূষিত। তাহার স্তম্ভগুলি
মণিময়, মধ্যে দিব্য আস্তরর্ণ, উপস্থিতভাগে
বিচিত্র পতাকা শোভিত। সেই বিমানের
এমনই দৈবী শক্তি যে, তাহাতে অবস্থান
করিলে সকল সময়েই মনে এক অনির্কচনীর
সুখানুভব হয়, এবং তাহার প্রভাবে আরো-
হণকারী উত্তরকালে অসীম সমৃদ্ধিশালী হয়।
সেই বিচিত্র বিমানের অভ্যন্তরস্থ গৃহগুলি
পুষ্পমাল্যে বিভূষিত ; সেই সকল পুষ্পমাল্য
ভ্রমরগণ মধুলোভে আসিয়া গুঞ্জন করি-
তেছে। সেই গৃহসমূহের স্থানে স্থানে মুকুল,
ক্ষৌম, কোশেয় (তসর গরদ) প্রভৃতি বিবিধ
বস্ত্র সজ্জিত রহিয়াছে। ২১—৩০। সেই
বিমান দ্বিতল ত্রিতলাদি গৃহসমূহে সুশো-
ভিত ; প্রত্যেক গৃহে পর্য্যঙ্ক-ব্যজনাদি
সুসজ্জিত রহিয়াছে। প্রত্যেক গৃহেই
অদ্ভুত শিল্পকৌশল প্রদর্শিত হইয়াছে।
গৃহের ভূমিভাগ মহামরকত মণিঘায়া
বিনির্মিত ; মধ্যে মধ্যে প্রবালনির্মিত

পদ্মপুরাণম্

হংসপার্বত্যবত্ৰাটন্তত্র তত্র বিকৃজিতম্ ।
 কৃত্রিমান্ মন্তমানৈস্তানধিকৃৎসাবকৃৎ ৫ ॥
 বিহারস্থানবিশ্রাম-সংবেশপ্রাক্ষণাজিহ্নৈঃ । ৩৫
 যথোপজোযং রচিটৈর্বিষ্মাপনমিবাঙ্কনং । ৩৬
 ক্ৰদৃগৃগৃহং প্রপঞ্জস্তীং নাতিপ্রীতেন চেতসা ।
 সর্ষকৃত্যশয়াভিজ্ঞা প্রোবাচ বচনং স্বয়ম্ । ৩৭
 নিমজ্যাম্ভিন্ হ্রদে ভীকৃ বিমানমিদমাকৃৎ ।
 সা তু তর্কুঃ সমাদায় বচঃ কুবলয়েক্ষণা ॥ ৩৮
 সরজো বিভ্রতী বাসো বেগীভূতাংস্চ মূর্ধজান্ ।
 অক্ষক্ মলপঙ্কেন সম্পন্নঃ শবলস্তনম্ ॥ ৩৯
 আবিবেশ সরস্তত্র মুদা শি জলাশয়ম্ ।

বেদিকা । প্রত্যেক দ্বারে প্রবাল-নির্মিত
 দেহলী, হীরকময় কপাট । গৃহসমূহের
 ছাদ সকল ইন্দ্রনীলমণিদ্বারা প্রস্তুত । সেই
 ছাদের উপরে সুবর্ণকলস সুসজ্জিত রহি-
 য়াছে । গৃহগুলির ভিত্তি হীরক দ্বারা নির্মিত,
 মধ্যে মধ্যে উজ্জ্বল পদ্মায়গমণি দ্বারা বদ্ধ ।
 গৃহসমূহের অভ্যন্তরে মুক্তাহার-বিলম্বিত
 অপরূক চন্দ্রোতপ । চতুর্দিক হইতে হংস ও
 পার্বত্য সকল আগমনপূর্বক ঋষিপ্রবরের
 সঙ্কল্পরচিত সেই অট্টালিকার প্রদেশসকল
 যথার্থই কেহ নির্মাণ করিয়া রাখিয়াছে মনে
 করিয়া (নিঃশঙ্ক চিত্তে) ইত্যন্ততঃ আরোহণ
 ও অবরোহণ করত কুঞ্জন করিতে লাগিল
 সুব্যবস্থাসহকারে নির্মিত বিহারস্থান,
 বিশ্রামস্থান ও চন্দ্রাদি অলোকন করিলে
 মনে অপরূক বিস্ময় উৎপন্ন হয় । সহধর্মিণী
 সুকন্ধ্যা প্রফুল্লচিত্তে বিস্মিত হইয়া অট্টালিক
 অবলোকন করিতেছেন দেখিয়া সকলের
 অস্তিত্বপ্রায়বিৎ চ্যবনমুনি তাঁহাকে কহিলেন,—
 “অগ্নি ভীকৃ ! তুমি প্রথমে এই হ্রদে অব-
 গাহন করিয়া বিমানে আরোহণ কর ।
 ঋষিপত্নী তৎকালে ঋতুমতী ছিলেন ;
 সেই দিন ঋতুমতী হইবেন ; অঙ্গে
 ঋতুন্নানোপকরণ মাখিয়াছেন, অঙ্গলিপ্ত মল-
 পঙ্কে পয়োধর বিচিহ্নিত হইয়াছে, কেশ-
 কলাপ বেগীরূপে আবদ্ধ রহিয়াছে ; এতাদৃশ

সাস্তঃসরসি বেষাঙ্কঃ শতানি দশ কন্ধ্যকাঃ । ৪০
 সর্ষাঃ কিশোরবয়সো দদর্শোৎপলগন্ধ্যয়ঃ ।
 তা দৃষ্ট্বা সহসোখায় প্রৌচুঃ প্রাঞ্জলয়ঃ স্ত্রিয়ঃ । ৪১
 বয়ং কর্ম্মকরাস্তভ্যাং শাধি নঃ করবাম কিম্ ।
 স্নানেন তাং মহার্হেণ স্নাপয়িত্বা মনস্বিনৌম্ । ৪২
 দুকূলে নির্মূলে নৃত্তে দত্বরৈশ্চৈ চ মানদ ।
 ভূষণানি পরাক্ষ্যানি বরীয়ংসি দ্যুমন্তি ৫ ॥ ৪৩
 অন্নং সর্ষঙণোপেতং পানকৈবামৃতাশবম্ ।
 অথাদর্শে স্বমান্বানং স্রগ্নিনঃ বিরজোহম্বরম্ ॥
 তাভিঃ কৃতস্বস্ত্রয়নং কন্ধ্যাভির্বহমানিতম্ ।
 হারৈণ চ মহার্হেণ কচকেন বিভূষিতম্ ॥ ৪৫
 নিষ্কণ্ডীবং বলয়িনং কুঞ্জংকাঞ্চননপুরম্ ।
 শ্রোণোরধ্যস্তয়া কাঞ্চ্যা কাঞ্চষ্ঠা বহুরত্নয়া ॥

বেশে সেই কুবলয়াক্ষী স্বামীর আদেশ
 পাইবামাত্র পরমানন্দে সেই মঙ্গলময় হ্রদে
 অবগাহন করিলেন । তিনি হ্রদমধ্যে অব-
 গাহন করিবামাত্র গাড়ে উৎপলগন্ধবস্তী
 কিশোরবয়স্কা সহস্র কন্ধ্যা সেই বিমানের
 গৃহাভ্যন্তর হইতে বহির্গত হইয়া তাঁহার
 সম্মুখে আগমনপূর্বক কৃতাজলিপুটে কহিতে
 লাগিল । ৩১—৪১ । “আমরা আপনার দাসী
 আপনার কি কার্য্য করিব আজ্ঞা করুন” এই
 বলিয়া তাহার সেই মনস্বিনী ঋষিপত্নীর
 গাড়ে মহামূল্য স্নানোপকরণ লেপনপূর্বক
 তাঁহাকে স্নান করাইয়া নির্মূল নূতন বস্ত্র
 পরাইয়া দিল । হে মানদ ! তৎপরে তাহার
 তাঁহাকে উত্তম উজ্জ্বল বহুমূল্য অলঙ্কার পরি-
 ধান করাইয়া সর্ষঙণারিত অন্ন আহার এবং
 অমৃতাসব পান করিতে দিল এবং পরম
 সমাদরে তাঁহার জন্ত মঙ্গলকাঞ্চোর অনুষ্ঠান
 করিতে লাগিল । সুকন্ধ্যা স্নান করিয়া বেশ-
 ভূষণ সজ্জিত হইয়া দর্পণে নিজ অঙ্গ-প্রত্যঙ্গ
 নিরীক্ষণ করিতে লাগিলেন । তাঁহার পরি-
 ধানবস্ত্র রজোহীন ; গলে পুষ্পমালা, মহামূল্য
 হার ও কচক শোভা পাইতেছিল । শ্রীবাঘ
 মোহর বিলম্বিত ছিল ; হস্তে বলয়, পদে
 স্বর্ণনূপুর, কটীতে রত্নখচিত সুবর্ণময় কাঞ্চী ।

সুক্রবা সুদতা শুক্র-স্বিধাপাঙ্গেন চক্ষুযা ।
 পদ্মকোশস্পৃধা (হা) লীনৈরলকৈশ্চ লসমুখম্ ॥
 যদা সম্মার ঙ্গয়তম্বুধীগাং বহ্নভতং পতিম্ ।
 তত্র চাস্তে সহ স্ত্রীভির্ঘাত্তে স মুনৌশ্বরঃ ॥ ৪৮
 তর্ভুঃ পুরস্তাদাআনং স্ত্রীসহস্বরূতং তদা ।
 নিশম্য তদ্ব্যোগগতিং সংশয়ং প্রত্যপদ্যত ॥
 স তাং কৃতমলগ্নানাং বিভ্রাজস্তীমপূর্ষবৎ ।
 আআনো বিভ্রতীং রূপং সংবীতরুচিরস্তনীম্ ॥
 বিদ্যাধরীসহশ্রেণ সেব্যমানাং সুবাসসম্ ।
 জাতভাবো বিমানং তদারোপয়দমিত্রহন ॥ ৫১
 তস্মিন্নলুপ্তমহিমা প্রিয়য়ান্নযজ্ঞে
 বিদ্যাধরীভিকুপটং শ্বপুর্ষিমানৈ ।
 বভ্রাজ উৎকটকুমুদগাবানপীডা-
 স্তারাভিরাবৃত ইবোদ্ভূপতিন্তঃশ্বঃ ॥ ৫২

জাঁহার ক্ষয়ুগল অতি মনোহর, দর্শননিচয়
 অতি সুলক্ষণায়িত, নয়নের অপাঙ্গদেশ
 শেতাঙ্গক, মুখপার্শ্বে অলকবুচ্ছ বিরাজিত ।
 বোধ হইতেছিল যেন মধুকরনিকর পদ্মভ্রমে
 মুখপার্শ্বে লীন হইয়া রহিয়াছে । অনন্তর
 ঋতুনাভা সেই ঋষিপত্নী নিজ স্বামী মুনিবর
 চ্যবনকে যেমন স্মরণ করিলেন, .অমান
 দেখিলেন,—মুনিবর স্ত্রীগণে পরিবৃত হইয়া
 অবস্থান করিতেছেন এবং নিজেও সহস্র
 স্ত্রীলোক দ্বারা পরিবেষ্টিত রহিয়াছেন ।
 স্বামীর এইরূপ তপোমহিমা সন্দর্শন করিয়া
 তিনি* সংশয়াকুল হইলেন । ৪২—৪৩ ।
 হে শক্রতাপন! তখন মুনিবর চ্যবনও
 ঋতুনাভা হইয়া অপরূপ-স্রীধারিনী ভাধ্যাকে
 মনোহর স্তনযুগল বস্ত্রাবৃত করিয়া জাঁহার
 অল্পরূপ বেশভূষণ সজ্জিত ও সহস্র বিদ্যা-
 ধরী দ্বারা সেবিত হইয়া সম্মুখে উপস্থিত
 দেখিয়া জাঁহার প্রতি একান্ত অহুরক্ত হই-
 লেন এবং উত্তম বসনপরিধানা সেই
 সুন্দরীকে সেই বিমানে আরোহণ
 করাইলেন । এইরূপ বিষয়াল্লয়ক হইলেও
 ঋষির তপোমহিমা অক্ষুর রহিল ; তিনি
 বিদ্যাধরীগণে পরিবেষ্টিত হইয়া প্রিয়া-

তেনাষ্ট্রলোকপরিহারকুলাচলেশ্চ-
 দ্রোগীধনঙ্গসখমারতসৌভগানু ।
 সিদ্ধৈল্লতে ছাধুনিপাতশিষস্বনানু
 রেমে চিরং ধনদবল্ললানবরুধী ॥ ৫৩
 বৈশম্বকৈ সুরবনে নন্দনে পুষ্পভদ্রকে ।
 মানসে চৈত্রেরথো চ স রেমে রাময়া রতঃ ৫৪
 ইতি শ্রীপা দ পাতালখণ্ডে সপ্তমোহধ্যায়ঃ ॥

অষ্টমোহধ্যায়ঃ ।

সুমতিরূবাচ ।

এবং তয়া ক্রৌড়মানঃ সর্ষভ ধরনীতলে ।
 নাবধ্যত গতানন্দান শতসম্ব্যাপন্নোমিতান ॥১
 ততো জ্ঞাভাথ তদ্বিপ্রঃ স্বকালপরিবর্তিনীম্ ।
 মনোরথেন পূর্ণাঞ্চ স্বস্ত প্রিয়তমাং বরাম্ ॥২

সমভিযাহারে সেই বিমানে আরোহণ করিয়া
 কুমুদবিকাসী তারাসমূহে পরিবেষ্টিত আকাশ-
 স্থিত পূর্ণচন্দ্রের স্থায় শোভা পাইতে লাগি-
 লেন । তিনি সেই রমণীয়ত্ব লইয়া ধনপতির
 স্থায় কিয়ৎকাল সেই বিমানে সুখভোগ
 করিয়া তাহার পর সিদ্ধগণ কর্তৃক প্রণত হইয়া
 অষ্টলোকপালদিগের বিহারস্থান কুলপর্কত-
 সমূহে—যথায় কন্দর্পসহচর মলয়ানিল মন্দ
 মন্দ প্রবাহিত, যথায় মন্দাকিনীর জলপ্রপা-
 তের মধুরধ্বনি শ্রুত সেই মলয়পর্কত, হিমা-
 লয় পর্কত, বৈশম্বক বন, দেবোদ্যান নন্দন,
 পুষ্পভদ্র, মানসসরোবর ও চৈত্রেরথে বহু-
 কাল ব্যাপিয়া বিহার করিলেন । ৫০—৫৪ ।

অষ্টম অধ্যায় ।

এইরূপে সমস্ত ভূমণ্ডলে পরিভ্রমণ-
 পূর্ষক সেই রমণীরত্নের সহিত-বিহার করত
 তিনি কত বৎসর অতীত হইয়া গেল, তাহা
 বুঝিতে পারিলেন না । অনন্তর সেই
 ভ্রাঙ্কণ, প্রিয়তমার মনোবাঞ্ছা পূর্ণ হইয়াছে,

স্ববর্ত্তভাশ্রমং শ্রেষ্ঠং পয়োক্ষ্যাস্তীরসংস্থিতম্
নির্ধৈরজস্জলনতা-সকুলং যুগসেবিতম্ ॥ ৩

তত্রোবসং স সূতপাঃ শিষ্যৈর্ক্লেদসমধিতৈঃ ।

সেবিতাভ্য যুগো নিত্যং ততাপ পরমং তপঃ

কদাচিদধ শর্ঘ্যত্রিধ্বষ্টুমৈচ্ছত দেবতাঃ ।

তদা চ্যবনমানেভুঃ প্রেষয়ামাস সেবকান ॥ ৫

তৈন্নাহুতো দ্বিজবরস্তদা গচ্ছন মহাতপাঃ ।

সুকশ্চয়া ধর্মপত্নী স্বাচারপরিনিষ্ঠয়া । ৬

আগতং তং মুনিবরং পত্ন্যা মহ মধ্যযশাঃ ।

দদর্শ হৃহিতুঃ পার্শ্বে পুরুষং সৃষ্টিবর্জসম্ ॥ ৭

রাজা হৃহিতরং প্রাহ কৃতপাদাভিবন্দনাম্ ।

আশিবো ন প্রযুক্তানো নাতিপ্রীতমনা ইব ॥ ৮

শ্রিয়ন্তয়া ইন্দ্রিয়-সেবায় চরিতার্থ হইয়াছেন,

বুঝিতে পারিয়া, যথায় পরস্পরবিরোধী যুগ-

পক্ষিগণ নির্ঝিরোধে বাস করিতেছে, সেই

পয়োক্ষী নদীর তীরবর্তী মনোহর শান্তিময়

আশ্রমে প্রত্যাগমন করিলেন। সেই

-তপোনিধি সেই পূর্বতন আশ্রমে প্রত্যায়ুক্ত

হইয়া বেদপাঠ-নিরত শিষ্যগণ কর্তৃক সেবিত

হইয়া পুনরপি সর্বদা কঠোর তপস্যায় মনো-

নিবেশ করিলেন। অনন্তর একদা রাজা

শর্ঘ্যতি দেবতাদিগের উদ্দেশে যাগ করিবার

অভিপ্রায়ে চ্যবনমুনিকে আনয়ন করিবার

জন্তু কতিপয় ভৃত্য পাঠাইয়া দিলেন।

ভৃত্যগণ আসিয়া শর্ঘ্যতির আস্থান নিবেদন

করিলে মহাতপা দ্বিজবর চ্যবন, সদাচার-

নিরতা ধর্মপত্নী সেই সুকশ্যাকে সঙ্গে লইয়া

রাজভবনে গমন করিলেন। অশ্বিনী-

কুম্বারের বরে ঋষির সে জরাগ্রস্ত আকারের

পরিবর্ত্তন হইয়াছে, তিনি স্তম্ভর কমনীয়

মূর্ত্তি পাইয়াছেন; পত্নী-সমভিব্যাহারে তিনি

রাজসভায় উপস্থিত হইলে মহাযশস্বী রাজা

শর্ঘ্যতি ঠাঁহাকে চিনিতে পারিলেন না।

তিনি হৃহিতার পার্শ্বে সৃষ্টির স্তায় তেজস্বী

স্তম্ভরমূর্ত্তি পুরুষ দেখিয়া কিছু কষ্ট হইলেন।

হৃহতা আসিয়া ঠাঁহার পাদবন্দন করিলে

‘পরপুরুষসঙ্গতা হইয়াছে’ মনে করিয়া তিনি

চিকীর্ষিতং তে কিমিদং পতিশ্চয়া

প্রলম্বিতো লোকমমম্বতো মুনিঃ ।

যা ত্বং জরাগ্রস্তমসম্মতং পতিং

বিহায় জারং ভজসেহমুমধগম্ ॥ ৯

কথং মতিস্তেহবগতাশ্চথা সতাং

কুলপ্রসূতেঃ কুলদূষণং ত্বিদম্ ।

বিভর্ষি জারং যদপত্রুপা কুলং

পিতুঃ স্বভর্জুশ্চ নয়শ্চধস্বতাম্ ॥ ১০

এবং ক্রবাণং পিতরং স্মরমানা শুচিস্মিতা ।

উবাচ তাত জামাতা তবৈবম ভৃগুনন্দনঃ ॥ ১১

শশংস পিত্রে তৎ সর্কং বয়োঃরূপাভিলস্তুনম্ ।

বিস্মিতঃ পরমপ্রীতস্তনয়াঃ পরিষম্বজে ॥ ১২

সোমেনাযাজয়দীরং গ্রহং সোমস্তু চাগ্রহীৎ ।

অসোমপোরপ্যাশিনোচ্যবনঃ শ্বেনু তেজসা ॥ ১৩

ঠাঁহাকে আশীর্বাদ করিলেন না, পরন্তু

নিতান্ত অসম্বষ্ট হইয়া কহিলেন,—তোমার

এ কি কার্য? তুমি সর্বলোকবন্দিত সেই

তপস্বিপ্রবর স্বামীকে প্রভারণা করিয়াছ,

তুমি সেই জরাগ্রস্ত স্বামীকে অপছন্দ করিয়া

ঠাঁহাকে পরিত্যাগপূর্বক ঐ পথিক

উপপাতিকে ভজনা করিতেছ, সধঃশদন্তুতা

হইয়া তোমার এরূপ বুদ্ধিঃশ ঘটিল কেন?

তুমি আমার বংশে কলঙ্ককালিমা অর্পণ

করিলে; লজ্জা ত্যাগ করিয়া এইরূপে জার-

সঙ্গতা হইয়া পিতৃকুল ও পতিকুল অধোগামী

করিতে বসিয়াছ। ১—১০। পিতা এই

বলিয়া তিরস্কার করিতে থাকিলে সেই

নির্ম্মলহাসিনী সুকশ্যা ঈষৎ হাস্ত করিয়া

পিতাকে কহিলেন, পিতঃ! ইনিই সেই

আপনার জামাতা ভৃগুনন্দন। এই বলিয়া

যেভাবে স্বামীর রূপযৌবনপ্রাপ্তি ঘটিল,

পিতার নিকটে তৎসমুদয় বিস্তৃত করিয়া

বলিলেন। মহারাজ শর্ঘ্যতি সমস্ত কৃতান্ত

শ্রবণ করিয়া বিস্মিত হইলেন, এবং সাত্ত্বিক

সম্বষ্ট হইয়া কশ্যাকে ক্রোড়ে লইয়া

আদর করিলেন। তপোবলশালী চ্যবন

যজ্ঞোৎসাহী শর্ঘ্যতিরাজাকে সোমযজ্ঞ

গ্রহস্ত গ্রাহ্যায়াস তপোবলসমৰিতঃ ।
 বজ্রং গ্রহীত্বা শক্রস্ত হস্তং ব্রাহ্মণসন্তমম্ ॥ ১৪
 অপঞ্জিকৃপাবনৌ দেবৌ কুরূপাং
 পঞ্জিকৃগোচরৌ ।
 শক্রং বজ্রধরং দৃষ্ট্বা মুনিঃ শ্বহননোদ্যতম্ ॥ ১৫
 হৃদ্ধারমকরোং ধীমান্ স্তম্ভয়ামাস তঙ্কজম্ ।
 ইন্দ্রস্তুকঙ্কজস্তত্র দৃষ্টঃ সর্কৈশ্চ মানবৈঃ ॥ ১৬
 কোপেন শ্বসমানোহর্ষির্ধা মন্ত্রনিষক্তিতঃ ।
 স্তুষ্টাব স মুনিং শক্রস্তুকবাহুস্তপোনিধিম্ ॥ ১৭
 অশ্ৰিত্যাং ভাগমাদানং কুরূপং নির্ভয়ান্তরম্ ।
 কথয়ামাস ভোঃ স্বামিন্ দীযতামশিনোর্বলিঃ ॥ ১৮
 ময়া ন বার্ধ্যতে তাস্ কামস্বাঘং ময়া কৃতম্ ।

করিতে আদেশ করিলে । যজ্ঞসম্পন্ন হইলে মুনিবর অশ্বিনীকুমারদ্বয়ের জন্ম যজ্ঞভাগ গ্রহণ করিলেন, অশ্বিনীকুমারদ্বয় এতাবৎকাল দেবসমাজে (বোধ হয় চিকিৎসা-ব্যবসায়ী বলিয়া) স্থগিত ছিলেন; ঠাঁহার দেবতাদিগের সহিত একপঞ্জিকৃতে বসিয়া আহার করিতে পাইতেন না বলিয়া যজ্ঞভাগলাভে বঞ্চিত ছিলেন । চ্যবনমুনি তেজোবলে বলপূর্বক অশ্বিনীকুমারদ্বয়কে দেবতাদিগের পঞ্জিকৃস্তু করিতেছেন দেখিয়া ইন্দ্র ক্রোধে সেই ব্রাহ্মণসন্তমকে হত্যা করবার জন্ম বজ্রগ্রহণ করিলেন । ইন্দ্র বজ্রগ্রহণ করিয়া ঠাঁহাকে মারিতে উদ্যত হইয়াছেন দেখিয়া ধীমান্ মুনি এক হৃদ্ধার করিয়া ইন্দ্রের বাহু স্তম্ভিত করিয়া দিলেন । তৎকালে মানবগণ দেখিল, বাহুস্তম্ভিত হওয়ায় ইন্দ্র মন্ত্রবলে নিরুদ্ধবীৰ্য্য বিষধর কৃষ্ণকেশর স্তায় ক্রোধে ফৌস্ ফৌস্ করিতেছেন । এদিকে তপোনিধি নির্ভীকচিত্তে অশ্বিনীকুমারদ্বয়কে যজ্ঞভাগ প্রদান করিতে লাগিলেন । ঋষির প্রভাবে স্তম্ভবাহু ইন্দ্র উপায়ান্তর না দেখিয়া ঋষির মহিমা কীৰ্ত্তন করত ঠাঁহাকে বলিলেন,—“প্রভো! আপনি অশ্বিনীকুমারদ্বয়কে যজ্ঞভাগ প্রদান করুন । ভাত! আমি আপনাকে আর নিষেধ

ইত্যুক্তঃ স মুনিঃ কোপং জহৌ তুর্ণং
 কৃপানিধিঃ ॥ ১৯
 ইন্দ্রো মুক্তভুজস্তাসীতদানীঃ পুরুষর্ষত ।
 এতশ্চৌক্ষ্য জনাঃ সর্কৈ কোতুকাবিষ্টমানসাঃ ।
 শশংশু ব্রাহ্মণানাং তু বলং দেবাদিদুর্লভম্ ।
 ততো রাজা বহুধনং ব্রাহ্মণেষুভ্যোহদদন্নহান্ ॥
 চক্রে চাবভূথস্মানং যাগান্তে শক্রতাপনঃ ।
 ত্বয়া পুষ্টং যদাচক্ষ চ্যবনস্ত মহোদয়ম্ ॥ ২২
 স ময়া কথিতঃ সর্বস্তপোযোগসমৰিতঃ ।
 নমস্কৃত্বা তপোমূর্ত্তিমেদং প্রাপ্য জয়াশিবঃ ॥
 প্রেষয় ত্বং সপত্নীকং রামযজ্ঞে মনোরমে ॥ ২৩
 শেষ উবাচ ।

এবং তু কুরূপো বার্জাং হয়ঃ প্রাপ্যশ্রমং শ্রীতি
 বিদধদ্বাঘবেগেন পৃথ্বীঃ ধুবিলকিতাম্ ॥ ২৪

করিতেছি না, আমি না বুঝিয়া যে অপরাধ করিয়াছি, তাহা ক্ষমা করুন ।” কৃপানিধি মুনি ইন্দ্রের এই কথা শ্রবণ করিয়া সমস্ত ক্রোধ ত্যাগ করিলেন । ১১—১৯ । হে পুরুষশ্রেষ্ঠ! তখন ইন্দ্র মুক্তবাহু হইলেন । তদন্তয় জনগণ এই ঘটনা অবলোকনে সীতিশর বিম্বিত হইয়া দেবাদিদুর্লভ ব্রাহ্মণবলের প্রশংসা করিতে লাগিল । অনন্তর শক্রতাপন মহাত্মা শৰ্ণাতি রাজা ব্রাহ্মণদিগকে বহুতর ধন দান করিলেন, আর যাগান্তে অবভূথস্মান সমাধা করিলেন । আপনি আমার নিকটে চ্যবন মুনির যে মহান্ অভ্যুদয়ের কথা জিজ্ঞাসা করিয়াছিলেন, ঠাঁহার সেই অভ্যুদয়বৃত্তান্ত ও অদ্ভুত তপোবল সমস্তই আপনার নিকটে বলিলাম । এক্ষণে এই মূর্ত্তিয়াম্ তপোরূপী মুনিকে প্রণাম করিয়া ইহঁার নিকট জয়াশীর্কাদ লাভ করুন এবং মনোহর রামযজ্ঞে এই সপত্নীক মুনিবরকে প্রেরণ করুন । অনন্তদেব কহিলেন,—ঠাঁহার এইরূপ কথাবার্তা কহিতেছেন, এমত সময়ে সেই বেগবান্ যজ্ঞাধ পৃথিবী ধুবল্কত করত বাঘবেগে চ্যবনমুনির আশ্রমে উপস্থিত

দূর্ধ্বাকুরান মুখাগ্ৰেণ চরন্তত্র মহাশ্রমে ।
 মনয়ো যাবদাদায় দর্ভান স্নাতুং গতা নদীম্ ।
 শক্ৰঃ শক্ৰসেনান্নাস্তাপনঃ শূরসম্মতঃ ।
 তাবৎ প্রাপ মুনের্বাসং চ্যবনস্তাদিশোভিতম্ ।
 গতা তদাশ্রমং বীরো দদর্শ চ্যবনং মুনিম্ ।
 স্ককশ্চায়াঃ সমীপস্থং তপোমূর্ত্তিমিব স্থিতম্ ॥২
 ববন্দে চরণে তস্ত স্বাভিধাং সমুদাহরন ।
 শক্ৰয়োহহং রঘুপতেভ্রাতা বাহন্থ পালকঃ ॥২৮
 নমস্করোমি যুযভাং মহাপাপোপশাস্তয়ে ।
 ইতি বাক্যং সমাকর্ণ্য জগাদ মুনিসন্তমঃ ॥ ২৯
 শক্ৰস্ত তব কল্যাণং ভূয়াৎ নরবরধ্বত ।
 যজ্ঞং পালয়মানস্ত কৌর্ন্তিস্তে বিপুলা ভবেৎ ।
 চিত্রং পশুত ভো বিপ্রা রামোহপি মথকারকঃ
 যন্নামস্মরণাদীনী কুর্ন্তিস্তি পাপনাশনম্ ॥ ৩১
 মহাপাতকসংযুক্তাঃ পরদাররতা নরাঃ ।

হইয়া সেই মহাশ্রমে বিচরণ করত দূর্ধ্বাকুর
 ভক্ষণ করিতে লাগিল। তৎকালে সেই
 আশ্রমবাসী অপরাপর মুনিগণ দর্ভহস্তে
 নদীতে স্নান করিতে গিয়াছিলেন।
 সেই সময়ে, বীরসম্মানিত শক্ৰতাপন
 শক্ৰ স্নানোভায় সেই চ্যবনাশ্রমে উপ-
 স্থিত হইলেন। বীর শক্ৰর আশ্রমে
 গিয়া দেখিলেন, মূনিবর চ্যবন স্ককশ্চার
 সমীপে অবস্থান করত মূর্ত্তিমান তপোরাশির
 স্তায় বিরাজ করিতেছেন। শক্ৰে মূনির
 চরণে প্রণাম করত নিজের নাম উচ্চারণ
 করিয়া বলিলেন,—আমি রঘুনাথ রামচন্দ্রের
 ভ্রাতা, আমার নাম শক্ৰ, আমি যজ্ঞাধ-
 রক্ষা করিতে আসিয়াছি; মহাপাপক্ষাল-
 নের নিমিত্ত আপনাকে প্রণাম করিতেছি।
 মুনিসন্তম চ্যবন শক্ৰের উক্ত বাক্য শ্রবণ
 করিয়া কহিলেন,—বৎস নরবর শক্ৰ!
 তোমার মঞ্চল হউক, তুমি রামের যজ্ঞ রক্ষা
 করিয়া অতুল কৌর্ন্তি সঞ্চয় কর। ২০—৩০।
 ওহে বিপ্রগণ! তোমরা এক অন্ধুত ঘটনা
 দেখ, যাহার নাম স্মরণ করিলে পাপ বিনষ্ট
 হয়; সেই রামচন্দ্র যজ্ঞ করিতেছেন;

যন্নামস্মরণে যুক্তা মুলা যান্তি পরাং গতিম্ ॥৩২
 পাদপদ্মসমুথেন রেণুনা গ্রাবমূর্ত্তিভূৎ ।
 তৎক্ষণাদ্ গোতমাদ্বাদ্বী জাতা
 মোহনরূপধ্বং ॥ ৩৩
 মামকীয়স্ত রূপস্ত ধ্যানেন প্রেমনির্ভরা ।
 সর্বপাতকরাশিং সা দন্ধা প্রাপ্তা স্বরূপতাম্ ।
 দৈত্যা যন্ত মনোহারি রূপং প্রধানমণ্ডলে ।
 পশুন্তঃ প্রাপুরেতস্ত রূপং বিকৃতিবর্জিতম্ ॥৩৫
 যোগিনো ধ্যাননিষ্ঠাসু যৎ ধ্যাত্বা
 যোগমস্থিতাঃ ।
 সংসারভয়নিম্মুক্তাঃ প্রযতাঃ পরমং পদম্ ॥৩৬
 ধন্তোহহমদ্য রামস্ত মুখং ত্রক্ষ্যামি শোভনম্ ।
 পয়োজদলনেক্রান্তঃ সুনাসঃ স্ক্রুৎ সন্নতম্ ॥৩৭
 সা জিহ্বা রঘুনাথস্ত নামকৌর্ন্তনমাদরাৎ ।
 করোতি বিপরীতী যা কণিনো রসনাসমা ॥৩৮
 অদ্য প্রাপ্তং তপঃপুণ্যমদ্য পূর্ণা মনোরথাঃ ।

পরদারনিরত মহাপাতকী নরগণ ষাঁহার
 নাম স্মরণ করিলে পরমানন্দে পরমা গতি
 প্রাপ্ত হয়, পাষাণমূর্ত্তিধারিনী গৌতমপত্নী
 ষাঁহার পাদপদ্মের রেণুস্পর্শে তৎক্ষণাৎ
 অন্ধুত মনোমোহন রূপ প্রাপ্ত হইয়াছিলেন।
 সেই গৌতমভাৰ্য্যা ভক্তিতে আমায় রাম-
 চন্দ্রের রূপ ধ্যান করিয়া নিখিল পাতকরাশি
 দহ করত নিজরূপ প্রাপ্ত হইয়াছিলেন।
 দৈত্যগণ যুদ্ধক্ষেত্রে ষাঁহার মনোহর রূপ
 নিরীক্ষণ করিয়া তাঁহার নিরীকার রূপ অর্থাৎ
 কুটস্থ ত্রক্ষরূপ (মুক্তি) প্রাপ্ত হইয়াছে,
 যোগময় যোগিগণ ধ্যানকালে ষাঁহার ধ্যান
 করিয়া সংসারভীতি হইতে মুক্ত হইয়া পরম
 পদ প্রাপ্ত হইয়াছেন, সেই রাম অদ্য যজ্ঞ
 করিতেছেন। আমি অদ্য যজ্ঞ, যে হেতু
 অদ্য আমি পদ্মলাশলোচন রামচন্দ্রের
 উত্তম নাসা ও স্তন্দর ক্রয়ুজ্জমনোহর মুখ
 দেখিতে পাইব। যে জিহ্বা আদরে রঘুনাথের
 নামকৌর্ন্তন করে, তাহাই প্রকৃত জিহ্বা; যে
 জিহ্বা তাহা না করে, তাহা সর্গজিহ্বার তুল্য।
 অদ্য আমি তপস্যার ফল প্রাপ্ত হইলাম।

যদ্রুচ্যে রামচন্দ্রে মুখং ব্রহ্মদিদৃশ্বতম্ । ৩১
 তৎপাদরেণুনা স্বাক্ষং পবিত্রং বিদধামাহম্ ।
 বিচিত্রতরবার্হাভিঃ পাবয়ে রসনাং স্বকাম্ ॥ ৪০
 ইত্যাদিরামচরণশ্চ রণপ্রবুদ্ধ-
 প্রেমব্রজপ্রস্বতগদগদবাণ্ডদক্ষঃ ।
 শ্রীরামচন্দ্রে রঘুপুঙ্গব ধর্ম্মমূর্ত্তে
 ভক্তানুকম্পক সমুদ্বয় সংস্বর্ত্তে রাম্ ॥ ৪১
 জল্পরক্ষকলাপূর্ণো মুনীনাম্ পুরতন্তদা ।
 নাজ্যাসীতত্র পারক্যং নিজধ্যানেন সংস্থিতঃ ॥
 শক্বেস্তুং মুনিং প্রাহ স্বামিন্ নো মখসন্তমঃ ।
 ক্রিয়তাং ভবতা পাদরজসা স্পৃশ্বিত্রিতঃ ॥ ৪৩
 মহন্তাগাং রঘুপতের্ঘদ মুখান মানসান্তরে ।
 তিষ্ঠত্যসৌ মহাবাহুঃ সর্ষলৌকিকপুঞ্জিতঃ ॥ ৪৪
 ইত্যুক্তঃ সপত্নীবীরঃ সর্ষগ্নিপরিসংবৃতঃ ।
 জগাম চ্যবনস্তত্র প্রমোদপ্লবসম্প্লুতঃ ॥ ৩২

অদ্য আমার মনোরথ পূর্ণ হইল ; যে চেতু
 ব্রহ্মদিদৃশ্বত রামমুখ দেখিতে পাইব । অদ্য
 আমি তাঁহার পদরেণু দ্বারা সর্ষশরীর পবিত্র
 করিব এবং অদ্ভুততর রামকথায় নিজ
 রসনা পবিত্র করিব । মহাশ্বা চ্যবন রাম-
 চন্দ্রেয় পাদপদ্ম স্মরণে প্রেমত্যাগি উচ্ছলিত
 হওয়ায় গদগদস্বরে আনন্দাশ্রু মোচন করিতে
 করিতে “হে রঘুনাথ রামচন্দ্রে ! হে ধর্ম্ম-
 মূর্ত্তি ! হে ভক্তরূপাময় ! আমাকে সংসার
 হইতে উদ্ধার করুন” ইত্যাদি বলিতে
 লাগিলেন । তৎকালে মুনিবর চ্যবন আন-
 দাশ্রুপ্রাবিত হইয়া মুনিদিগের সমক্ষে এই-
 রূপ বলিতে বলিতে তনয় হওয়ায় একপ্রকার
 বাহুজ্ঞানশূন্ত হইয়া পড়িলেন । ৩১—৪২ ।
 তখন শক্বেয় তাঁহাকে বলিলেন,—প্রভো !
 আপনি পদধূলি দিয়া আমাদের মহাযজ্ঞ
 সুপবিত্র করুন । মহাবাহু রঘুনাথের মহা
 সৌভাগ্য যে তিনি আপনাদের চিত্তমধ্যেও
 অবস্থান করিতেছেন । যথার্থই তিনি নিখিল
 লোকের একমাত্র পূজনীয় । শক্বেয় কর্ত্তক
 এইরূপ কথিত হইয়া মহামুনি চ্যবন সকল
 অগ্নি দ্বারা বেষ্টিত হইয়া আনন্দপ্রবাহে

হনুমান্তং পদা যান্তং রামভক্তমবেক্ষ্য চ ।
 শক্বেয়ঃ নিজগাদাসৌ বচো বিনয়সংবৃতঃ ॥ ৪৬
 স্বামিন কথয়সি ত্বং চেমহাপুরুষসুন্দরম্ ।
 রামভক্তং মুনিবরং নয়ামি স্বপুত্রৌমহম্ ॥ ৪৭
 ইতি শ্রুত্বা মহাকাব্যং কপিবীরশ্চ শক্বেহা ।
 আদিশেহ হনুমন্তং গচ্ছ শ্রাপয় তং মুনিম্ ॥ ৪৮
 হনুমান্তং মুনিং স্বীয়ে পৃষ্ঠ আয়োগ্য বেগবান্
 সকুটুযঃ নিনায়ান্ত বায়ুঃ খ ইব সর্ষগঃ ॥ ৪৯
 আগতং তং মুনিং দৃষ্ট্বা রামো মতিমতাং বরঃ
 অর্ঘ্যপাদ্যাদিকং চক্রে শ্রীতঃ প্রণয়বিল্বলঃ ॥ ৫০
 ধস্তোহস্মি মুনিবর্ষাশ্চ দর্শনেন তবাধুনা ।
 পবিত্রিতো মথো মহৎ সর্ষসন্তারসংবৃতঃ ॥ ৫১
 ইতি বাক্যং সমাকর্ষ্য চ্যবনো মুনিসন্তমঃ ।

ভাসিতে ভাসিতে সপরিবারে তাঁহাদের
 সমভিবাাহারে যাত্রা করিলেন । হনু-
 মান সেই রামভক্ত মুনিকে পদব্রজে গমন
 করিতে দেখিয়া বিনীতভাবে শক্বেয়কে
 বলিলেন,—প্রভো ! আপনি যদি অল্প-
 মতি করেন, ত আমি এই মহাপুরুষ
 সুন্দর রামভক্ত মুনিবরকে পৃষ্ঠে করিয়া
 অযোধ্যায় লইয়া যাই । শক্বেয় কপিবর
 হনুমানের এই মহৎ বাক্য শ্রবণ করিয়া
 তাঁহাকে আদেশ করিলেন, যাও তুমি
 মুনিকে লইয়া গমন কর । হনুমান, পরি-
 বারসহ সেই মুনিবরকে পৃষ্ঠে লইয়া সর্ষ-
 গামৌ বায়ুর স্তায় অতিবেগে আকাশপথ
 দিয়া অবিলম্বে অযোধ্যায় উপস্থিত হই-
 লেন । মতিমানদিগের অগ্রগণ্য রাম
 সেই চ্যবনমুনিকে উপস্থিত দেখিয়া তাঁহার
 প্রতি ভক্তিগদগদ হইয়া প্রফুল্লচিত্তে পাদ্য
 অর্ঘ্যাদি দ্বারা তাঁহাকে পূজা করিলেন,
 এবং বলিলেন,—মুনিবর ! আপনায় দর্শনে
 আজ আমি ধস্ত হইলাম, আপনায় আগমনে
 সকল প্রকার আয়োজনসম্পন্ন মদীয়
 যজ্ঞ আজ পবিত্র হইল । এই কথা
 শ্রবণ করিয়া মুনিসন্তম চ্যবনের সর্ষাঙ্ক

উবাচ প্রেমনির্ভর-পুলকান্ধোহতিনিবৃত্তঃ ।৫২
 স্বামিন ব্রহ্মণ্যদেবস্ত তব বাভবপুঞ্জম্ ।
 যুক্তমেব মহারাজ ধর্ম্মমার্গপ্ররাক্ততুঃ ।৫৩
 ইতি শ্রীপদ্মে পাতালখণ্ডেহষ্টমোহধ্যায়ঃ ।

নবমোহধ্যায়ঃ ।

শেষ উবাচ ।

শক্রস্রচ্যবনস্তাথ দৃষ্টাচিস্ত্যং তপোবলম্ ।
 প্রশংস তপো ব্রাহ্মং সর্বলৌকিকবন্দিতম্ ।
 অহো পশুত যোগস্ত সিদ্ধিব্রীক্ষণসন্তমে ।
 যঃ ক্ৰণাদেব হৃস্প্রাপং সুবিমানমচীকরং ।২
 ক ভোগসিদ্ধির্মহতী মুনীনামমলাশ্রমাম্ ।
 ক তপোবত হীনানং ভোগেচ্ছা ময়জ্ঞানাম্ ।
 ইতি শ্ৰুতমাশংসন শক্রস্রচ্যবনাশ্রমে ।
 ক্ৰণং স্থিত্বা জলং পীত্বা সুখসন্তোগমাশ্রবান্

প্রেমভরে পুলকিত হইল ; তিনি অতিশয়
 সুখী হইয়া কহিলেন,—মহারাজ ! আপনি
 ধর্ম্মপথের রক্ষক ; হে স্বামিন ! ব্রহ্মণ্যদেব
 হইয়া আপনার ব্রাহ্মণপূজা উপযুক্তই
 বটে । ৪০—৫৩ ।

অষ্টম অধ্যায় সমাপ্ত । ৮ ।

নবম অধ্যায় ।

অনন্তদেব কহিলেন,—অনন্তর শক্রস্র
 চ্যবন মুনীর অচিন্তনীয় তপোবন দর্শন করিয়া
 সর্বলোকের একমাত্র বন্দিত ব্রাহ্ম তপ-
 স্তার প্রশংসা করিয়া বলিতে লাগিলেন ;—
 দেখ, ভিক্ষুরের কি অদ্ভুত যোগসিদ্ধি, ক্ৰণ-
 কাল মধ্যেই যিনি দুর্লভ বিমান আবিষ্কার
 করিলেন । নির্মলাস্মা মুদিগের এরূপ মহতী
 ভোগসিদ্ধি কোথায় ? আর তপোবল-হীন
 ময়যাদিগের ভোগেচ্ছাই বা কোথায় ?
 মনে মনে এইরূপ প্রশংসা করিতে করিতে
 শক্রস্র সেই চ্যবনাশ্রমে ক্ৰণকাল অবস্থিতি

হয়ন্তস্তাঃ পয়োক্ষাখ্য নদ্যাঃ পুণ্যজলাশ্রমঃ ।
 পংঃ পীত্বা যযৌ মার্গে বায়ুব্বেগং পদং দধৎ ॥
 যোধাস্তরির্গমং দৃষ্ট্বা পৃষ্ঠতোহন্নয়যুক্তদা ।
 হস্তিভিঃ পশ্চিভিঃ কেচিৎ রথৈঃ কেচনবাজ্জিভিঃ
 শক্রস্রোহমাত্যবর্গেণ স্মৃত্যাহ্নেন সংযুতঃ ।
 পৃষ্ঠতোহন্নজগামান্ত রথেন হযশোভিনা ॥ ৭
 গচ্ছন বাজী পুরং প্রাপ্তো বিমলাখ্যস্তূভূপতেঃ
 রত্নাতটাখ্যং জনতা হৃষ্টপুষ্টসমাকুলম্ ॥ ৮
 স সেবকাহুপশ্রত্য রঘুনাতথয়োত্তমম্ ।
 পুরান্তিকে হি মস্ত্রাপ্তং সর্বযে ধনমবিতম্ ॥১০
 তদা গজানং সপ্তত্যা চন্দ্রবর্দমানয়া ।
 অখানামযুতৈঃ সার্কি রথানং কাঞ্চনহিষাম্ ॥
 সহস্রৈঃ চ সংযুক্ত শক্রস্রঃ প্রতি জগিথবান্ ।
 শক্রস্রং স নমস্কৃত্য সর্বং প্রাদান্মহানুণঃ ॥ ১১
 বসুকোশং ধনং সর্বং রাজ্যং তস্মৈ নিবেদ্য চ

করিয়া তত্রত্য পয়োক্ষীনদীর জলপান
 করতঃ অনির্ভরনীর আনন্দ লাভ করি-
 লেন। তাঁহার যত্রাণ সেই পুণ্যজলা
 পয়োক্ষীনদীর জল পান করিয়া বায়ু-
 বেগে পদক্ষেপ করিতে করিতে ঘাইতে
 লাগিল। অশ চলিয়াছে দেখিয়া যোধগণ
 তাহার পশ্চাৎ পশ্চাৎ কেহ অশ্বে, কেহ গজে,
 কেহ রথে, কেহ বা পদব্রজে গমন করিতে
 লাগিল। শক্রস্র উত্তম অশ্বযোজিত রথে
 আরোহণপূর্বক স্মৃতি প্রভৃতি অমাত্যবর্গ-
 সমভিব্যাহারে ক্ষিপ্ৰমেনে অশ্বের পশ্চাৎ
 পশ্চাৎ ঘাইতে লাগিলেন। এইরূপে অশ্ব
 ঘাইতে ঘাইতে বিমল নামক কোন রাজার
 হৃষ্টপুষ্ট-জনসঙ্কুল রত্নাতট নামক নগরে
 গিয়া উপস্থিত হইল। ১—৮। মহারাজ বিমল
 ভৃত্যমুখে রামচন্দ্রের যজ্ঞীয় অশ্বরত্ন বহু
 যাক্ষবর্গে পরিবৃত্ত হইয়া নগরীর নিকটে
 উপস্থিত হইয়াছে শ্রবণ করিয়া, চন্দ্রতুল্যবর্ণ
 সপ্ততিসংখ্যক হস্তী, অযুত অশ্ব এবং স্বর্ণে-
 জ্বল সহস্র রথ লইয়া শক্রস্রের নিকটে উপ-
 স্থিত হইলেন, এবং শক্রস্রকে প্রণাম করিয়া
 তৎপ্রদয় উপঢৌকন করিলেন। তৎপরে

কিং কয়েমৌতি রাজানং জগাদ পুরতঃ স্থিতঃ
 রাজাপি তং স্বীয়পদে প্রথমং
 দোর্ভাঃ দূঢ়ঃ তঃ পরিসম্বজে মহান ।
 জগাম সাকং তনয়েঃ স্বরাজ্যং
 নিক্ষিপ্য সর্বং বহুধর্মি'ভূর্ভূতঃ ॥ ১৩
 রামচন্দ্রকথাং শ্রদ্ধা সর্বশ্রুতিমনোহরাম্ ।
 সর্বৈ প্রথম্য তং বাহুং দর্শনু মহাধনম্ ॥ ১৪
 এবং স গচ্ছন্ত্যার্গে পর্বতাগ্রাঃ দদর্শ হ ।
 ফটিকৈঃ কান্টিকৈ রৌপ্যৈ রাজিতপ্রস্থরাজিভিঃ
 জলনির্ঝরসংহ্রাদ-ন নাধাতুকভূতলম্ ।
 গৈরিকাদিকসঙ্ঘাত-রাশিরক্ষবিয়াজিতম্ ॥ ১৬
 বীণারপকঃসমুৎক-ক-নুন্দরশোভিতম্ ।
 যত্র সিদ্ধাঙ্গনাঃ শিকৈঃ ক্রৌড়ন্ত্যাপ্যকূতোভয়াঃ ॥

গন্ধর্বাপরসো নাগা যত্র ক্রৌড়ন্তি লীলয়া ।
 গন্ধাতরঙ্গসংস্পর্শ-শীতবায়ুনিবেবিতম্ ॥ ১৮
 পর্বতং বীক্ষ্য শক্রয় উবাচ স্মৃতিঃ স্বিদম্ ।
 তদর্শনসমুভূত-বিশ্বাব্যাবিষ্টমানসঃ ॥ ১৯
 কোহয়ং গিরির্সহ্যমজ্জিন বিশ্বায়য়তি মে মনঃ ।
 মহারজতপ্রস্থ্যাটো মার্গে রাজতি মেহুভূতঃ ॥
 'অত্র কিং দেবতাবাসো দেবানাং ক্রৌড়নস্থলম্
 যদেতন্ননসঃ কোভঃ কনোতি ক্রীসমুচ্চয়ৈঃ ॥
 ইতি বাক্যং সমাকর্ণ্য জগাদ স্মৃতিস্তদা ।
 বক্ষ্যমাণশুণাগার-রামচন্দ্রপাঞ্জবীঃ ॥২২
 নীলে হয়ং পর্বতো রাজন পুরতো ভাতি
 চুম্বিপ ।
 মহাশৃঙ্গৈর্বনোহারৈঃ ফটিকাদৈঃ সমস্ততঃ ॥২৩

নিজ রাজ্য ধন বস্তু কোশ সমস্তই রাজ্য
 শক্রকে নিবেদন করিয়া তাঁহার পুরোভাগে
 (নতভাবে) দণ্ডায়মান হইয়া “আজ্ঞা করুন,
 কি করিব” এই বলিয়া তাঁহার পদে প্রণত
 হইয়া পড়িলেন । মহাত্মা রাজা শক্রও
 সেই পদানত ভূপতিকে উত্থাপিত করত
 বাহুগল ঘারা স্পৃদভাবে আলিঙ্গন করি-
 লেন । তৎপরে রাজা বিমল, পুত্রের উপর
 রাজ্যভার অর্পণ করিয়া বহু ধনুর্ধরে পরিবৃত্ত
 হইয়া শক্রের সঙ্গে যাত্রা করিলেন । রাম-
 কথা সকলের কর্ণেই মনোহর । রামকথা
 শ্রবণ করিয়া সকলেই সেই যজ্ঞীয় অশকে
 প্রণাম করিয়া শক্রকে বহু ধনরত্ন প্রদান
 করিতে লাগিল । ১—১৪ । এইরূপে যাইতে
 যাইতে শক্র পথিমধ্যে এক মনোহর
 পর্বত দেখিতে পাইলেন । সেই পর্ব-
 তের সান্নিদেশ সকল কতক ফটিকময়,
 কতক স্নুবর্ণময়, কতক বা রৌপ্যময় ;
 তাহাতে এই পর্বতে অপূর্ব শোভা ধারণ
 করিয়াছে । এই পর্বতের পার্শ্ববর্তী বিবিধ-
 ধাতুময় ভূমিভাগ । উচ্চ হইতে পতিত
 নিঝর-সলিলে বিচিত্র শোভা ধারণ করি-
 তেছে ; গৈরিক প্রভৃতি উৎকৃষ্ট ধাতুশিখর
 রূপে এই পর্বত সুশোভিত হইয়া রহি-

য়াছে । এই পর্বতে হংস ও শুকপক্ষিগণ বীণা
 ধনির স্থায় সুরধ্বজ কুজন করিতেছে । এই
 পর্বতে সিদ্ধকামিনীগণ সিদ্ধগণের সহিত
 অকুতোভয়ে ক্রৌড়া করিয়া থাকে । গন্ধর্ব,
 অপর্য ও নাগগণ এই পর্বতে স্বচ্ছন্দে ক্রৌড়া
 করে । এই পর্বতে গন্ধাতরঙ্গস্পর্শে সূশী-
 তল বায়ু সর্বদাই প্রবাহিত হইয়া থাকে ।
 শক্র এই পর্বতের অপূর্ব শোভা সন্দর্শনে
 সাতিশয় বিস্মিত হইয়া স্মৃতিকে কহি-
 লেন,—মহামন্ত্রিন ! পথিমধ্যে এই যে অপূর্ব
 পর্বত শোভা পাইতেছে ; যাহার অধিকাংশ
 সান্নিই স্নুবর্ণময়, এই পর্বতটির নাম কি ? এই
 পর্বত দেখিয়া আমার মনে সাতিশয় বিস্ময়
 উপস্থিত হইতেছে ; এই পর্বতে কি কোন
 দেবতা বাস করেন ? না ইহা দেবগণের
 ক্রৌড়াভূমি ? ইহার অপূর্ব শোভা সন্দর্শনে
 আমার মন বিচলিত হইতেছে । ১৫—২১ । মন্ত্রি-
 বর স্মৃতি শক্রের বাক্য শ্রবণ করিয়া এই
 কথাপ্রসঙ্গে রামচন্দ্রের মহিমা কীর্তিত হই-
 মনে করিয়া অশেষশুণাধার রামচন্দ্রের পাদ-
 পদ্মে মনে মনে প্রণাম করিয়া বলিতে লাগি-
 লেন,—রাজন ! অগ্রে এই যে পর্বত চতুর্দিকে
 ফটিকাদিধাতুময় মনোহর মহাশিখরে বিচ্ছ-
 বিত হইয়া শোভা পাইতেছে, উহার নাম

এনং পশুস্তি নো পাপাঃ পরদাররতা নরাঃ ।
 বিকোঃক্ৰুপগণান যে বৈ ন মন্তস্তে নরাধমঃ ॥২৪
 ঋত্বিস্মৃতিসমুখাঃ যে ধর্ম্যঃ সন্তিঃ সুসাধিতম্ ।
 ন মন্তস্তে অ বুদ্ধিস্ব-হেতুবাদবিচারিণঃ ॥ ২৫
 নীলীবিক্রয়কর্তারো লাক্ষ্যবিক্রয়কারকঃ ।
 যো ব্রাহ্মণো স্বভাদীনি বিক্রীণাতি সুরাপকঃ ॥
 কস্ত্যাং রূপেণ সম্পন্নঃ ন দদ্যাৎ কুলশালিনে ।
 বিক্রীণাতি দ্রব্যলোভাৎ পিতা পাপবিমোহিত
 সত্যং দুষয়তে যন্ত কুলশীলবতীঃ নরঃ ।
 স্বয়মেবাস্তি মধুরং বন্ধুভ্যো ন দদাতি যঃ ॥ ২৮
 মায়াবী ব্রাহ্মণার্থে চ পাকভেদং করোতি যঃ ।
 কৃৎনং পায়নং বাপি নিজার্থে পাচয়েৎ কুধীঃ ॥
 অতিধীনবমন্তস্তে সূর্যোঢ়ান সুক্ষুধাদিতান ।
 অস্তরিক্কভূজো যে চ যে চ বিশ্বাসঘাতকাঃ ॥৩০
 ন পশুস্তি মহারাজ রঘুনাথপরাসুয়াঃ ॥

নীল পর্কীত । যে সকল মনুষ্য পরদাররত,
 পাপী এবং যাহারা বিষ্ণুর গুণমহিমা মানে
 না, সেই নরাধমেরা এই পর্কীত দেখিতে
 পায় না । যাহারা সাধুজন-সম্পাদিত ঋতি-
 স্মৃতিবিহিত ধর্ম্য মানে না, নিজ বুদ্ধির
 যুক্তি দেখাইয়া তর্ক বিচার করে, যাহারা
 নীলী ও লাক্ষ্য বিক্রয় করে ; যে ব্রাহ্মণ
 হইয়া মদ্য পান ও স্বভাদ বিক্রয় করে, যে
 রূপবতী কস্তাকে সংকুলজাত পাত্র সমর্পণ
 না করে, পরন্তু পাপমোহিত হইয়া অর্থলোভে
 কস্তা বিক্রয় করে ; যে কুলশীলবতী সতী রম
 ণীর চরিত্র দূষিত করে ; যে উপাদেষ খাদ্য বন্ধু
 বর্গকে না দিয়া নিজেই ভোজন করে, যে কুবুদ্ধি
 লোক কপটতা করিয়া নিজের জন্ত উত্তম
 পায়স পিষ্টকাদি পাক করিয়া, ব্রাহ্মণকে অস্ত
 অপকৃষ্ট খাদ্য পাক করিয়া দেয় ; যাহারা, সূর্য্য-
 তাপতাপিত ও অতিক্ষুধার্ত হইয়া আগত
 অতিথিকে বিমুখ করে ; যাহারা অন্তরীক্ষে
 ভোজন করে এবং বিশ্বাসঘাতকতা করে,
 আর যাহারা রঘুনাথ রামচন্দ্রকে ভক্তি করে
 না, তাহারা এই পবিত্র পর্কীতকে দেখিতে পায়

অন্যো পুণ্যো গিরিবরঃ পুরুষোত্তমশোভিতঃ ॥
 পবিত্রগতি সন্নান নো দর্শনেন মনোহরঃ ।
 অত্র তিষ্ঠতি দেবানাং মুকুটৈরর্কিতাজ্ব কঃ ॥
 পূণ্যবস্তিঃ সুদর্শার্বঃ পুণ্যদঃ পুরুষোত্তমঃ ।
 ঋতয়ো নেতিনেতীতি-ক্রবাণা ন বিদন্তি যম্ ॥
 যৎপাদরজ ইন্দ্রাদিদেবৈর্ভূগ্যাং সুহর্লভম্ ।
 বেদান্তাদিত্রিন্দ্রবৈবাক্যৈর্বিদন্তি যৎ বৃধাঃ ॥
 সৌহরজীমান মহাশৈলে বসতে পুরুষোত্তমঃ
 আকৃহ্য তং নমস্কৃত্য সম্পূজ্য সুকৃতানি ॥৩৫
 নৈবেদ্যঃ ভক্ষয়িত্বা বৈ ভূপ ভূধ্যৎ চতুর্ভুজঃ ।
 অত্রাপ্যাদাহরস্তামিতিহাসং পুরাতনম্ ॥ ৩৬
 তং শৃণু মহারাজ সর্বাশ্চর্যাসমধিতম্ ।
 রত্নগ্রীবস্ত নৃপতের্বদ্বস্ত সঙ্কটুহননঃ ।
 চতুর্ভুজাদিকং প্রাপ্তং দেবদানবহর্লভম্ ॥ ৩৭

না । মহারাজ ! এই পবিত্র উত্তম পর্কীতে
 পুরুষোত্তম অবস্থিতি করিতেছেন । ২২—৩১
 এই মনোহর পর্কীত দর্শন করিয়া অদ্য আমরা
 সকলে পবিত্র হইব । এই পবিত্র পর্কীতে
 পুণ্যপ্রদ ভগবান পুরুষোত্তম অবস্থিতি
 করিতেছেন । দেবগণ শিরোমুকুট স্পর্শ
 করাইয়া ঈহার পাদপদ্ম পূজা করেন, একমাত্র
 পুণ্যান্বগণ ঈহার দর্শনলাভে সমর্থ হন,
 ঋতিগণ “তন্ন তন্ন”করিয়া ঈহার তত্ত্ব প্রকাশ
 করেন, ঈহার অতি দুর্লভ পদধূলি ইন্দ্রাদি
 দেবগণও অবেষণ করিয়া থাকেন, বৃধগণ
 বেদান্তাদি বহুশাস্ত্র ব্যাক্যের সাহায্যে ঈহার
 তত্ত্ব অবগত হইয়া থাকেন, সেই জীমান পুরু-
 শোত্তম এই মহাপর্কীতে বাস করিতেছেন ।
 রাজন ! আপনি পুণ্যবলে এই পর্কীতে আরো-
 হণপূর্বক ভগবানকে প্রণাম ও পূজা করিয়া
 নৈবেদ্য ভক্ষণ করত চতুর্ভুজ হউন । এই
 বিষয়ে এক পুরাতন ইতিহাস কথিত হইয়া
 থাকে । ৩২—৩৬ । মহারাজ ! বিবিধ
 অদ্ভুতঘটনাপূর্ণ সেই ইতিহাস আপনার নিকট
 বলিতোঁছি, শ্রবণ করুন । অত্রত্য রাজা
 রত্নগ্রীব সপরিবারে যেরূপ দেবগণদুর্লভ
 চতুর্ভুজাদি প্রাপ্ত হইয়াছিলেন, তাহাও

আসীং কাঞ্চী মহারাজ পুরী লোকে সুবিশ্রুত ।
 মহাজনপরীবীর-সমুদ্রবলবাহনা ॥ ৩৮
 যশাং বসন্তি বিপ্রাগ্র্যাঃ যটকর্ষ্মনিরতা ভূশম্
 সর্ষভুভহিতে যুক্তা রামভঙ্কিমু লালসাঃ ॥ ৩৯
 ক্ষত্রিয়া রণকর্তারঃ সংগ্রামোহপ্যাপলায়িনঃ ।
 পরদারপরদ্রব্য-পরদ্রোহপরাজুখাঃ ॥ ৪০
 বেস্তাঃ কুসৌদকুম্বাদি-বাণিজ্যশুভবৃত্তয়ঃ ॥ ৪১
 কুর্বন্তি যযুনাথশ্চ পাদান্তোজৈ রতিং সদা ।
 শূদ্রা ব্রাহ্মণসেবাভির্গতত্রাজিদিনা নরাঃ ॥ ৪২
 কুর্বন্তি কখনং রাম-রামোত রসনাগ্রতঃ ।
 প্রাকৃত্যঃ কোহপিনে' পাপংকুর্বন্তি মনসাত্ত বৈ
 দানং দয়া দমঃ সত্যং তত্র তিষ্ঠতি নিত্যশ্যঃ ।
 বদতে ন পরবাধং বাক্যং কোহপি নরোহনঘ
 ন পারক্যে'ধনে লোভঃ কুর্বন্তি ন হি পাতক

এবং প্রজা মহারাজ রত্নগ্রীবেন পাল্যতে ॥৫৫
 যষ্ঠাংশং তত্র গুহ্যতি নান্যং লোভবিবর্জিতঃ।
 এবং পালয়মানশ্চ প্রজাং ধর্মেণ ভূপতেঃ ॥৫৬
 গতানি বহুবর্ষাণি সর্ষভোগবিলাসিনঃ ।
 বিশালাক্ষীং মহারাজ একদা হ্যুচিবাণিদম্ ॥
 পতিব্রতাং ধর্ম্মপত্নীং পতিব্রতপরায়ণাম্ ।
 পুত্রা জাতা বিশালাক্ষি প্রজারক্ষাধরম্মরাঃ ॥৫৮
 পরিবারো মহান্ মহ্যং বর্ষতে বিগতজরঃ ।
 হস্তিনো মম শৈলাভা বাজিনঃ পবনোপমাঃ ॥৫৯
 রথশ্চ সুহৃদৈর্ঘূক্তা বর্ষস্তে মম নিত্যশ্যঃ ।
 মহাবিষ্ণুপ্রসাদেন কিঞ্চিন্নূনং মমাস্তি ন ॥৬০
 পরং মনোরথশ্বেকস্তিষ্ঠতে মানসে মম ।
 পশ্য' তৌর্থং ময়া নাদ্য কৃতং পরমশৌভনম্ ॥৬১
 গর্ভবাসবিভ্রামায় ক্ষমং গোবিন্দশেভিতম্ ।

আপনার নিকটে বলিতেছি। মহারাজ! জিলোকবিখ্যাত সমৃদ্ধিশালী জ্ঞানবান্ লোক-সমূহে এবং প্রচুর সৈন্য-সামন্তে ও অশ্ব-গজাদিতে পরিপূর্ণ কাঞ্চী নামে এক নগরী ছিল। তথায় সর্ষদা যটকর্ষ্মরত ভাল ভাল ব্রাহ্মণ বাস করিতেন। তত্রত্য ক্ষত্রিয়গণ নিখিল প্রাণীর হিতসাধনে নিরত রামভক্ত এবং সর্ষদা যুদ্ধোৎসাহী ছিলেন। তাঁহার কখনই সংগ্রামে পরাজুখ হইতেন না। তথাকার বৈশুগণ পরদার-সংসর্গে, পরদ্রব্যে, ও পশ্চের অনিষ্টসাধনে পরাজুখ হইয়া কেবল কুম্বি-বাণিজ্য, অর্থ ধার দিয়া কুসৌদ গ্রহণ প্রভৃতি স্বজাতীয় শুভ কর্ম্মদ্বারা জীবিকা নির্বাহ করিত এবং সর্ষদা রামচন্দ্রের পাদ পদ্যে ভক্তিমান হইয়া কালযাপন করিত। শূদ্রগণ দিবারাজি ব্রাহ্মণের সেবায় নিযুক্ত থাকিত; আর জিহ্মাগ্রে সর্ষদা রামনাম উচ্চারণ করিত। নিঃস্টেজাতীয় কোন লোকই মনে মনেও পাপচিন্তা করিত না। হে অনঘ! সেই নগরীতে দয়া, সত্য, শাস্তি, ও দান প্রভৃতি সংপ্রসূতি সকলেরই সর্ষদা দৃষ্ট হইত। পরের মনঃক্লেশকর কথা কেহই মুখে আনিত না। কেহই পরধনে

লোভ বা অস্ত্র কোনরূপ পাপকার্য করিত না। মহারাজ! রত্নগ্রীব (সবিশেষ যশ-সহকারে) প্রজাপালন করিতেন। লোভ-শূন্য হইয়া প্রজাদিগের নিকট হইতে কেবল-মাত্র যষ্ঠাংশ রাজস্ব গ্রহণ করিতেন; তদন্তিন্ন আর কিছুই লইতেন না। এইরূপে ধর্ম্মাধ-সারে প্রজাপালন করিয়া তাঁহার ঐশ্বর্যের সীমা ছিল না। তিনি এইরূপে প্রজাপালন ও ঐশ্বর্যসম্ভোগ করত বহুকাল অতিক্রম করিলেন। একদা মহারাজ নিজ পতিব্রতা ধর্ম্মপত্নী বিশালাক্ষীকে বলিলেন,—বিশা-লাক্ষি! পুত্রগণ প্রজাপালন করিবার উপযুক্ত হইয়াছে ১৩৭—৪৮। আর আমার এই সুবহু পরিবার সকলেই স্বচ্ছন্দে অবস্থান করি-তেছে, কাহারও কোনরূপ কষ্ট নাই। পরতোপম হস্তী সকল, বাহুর ছায় বেগগামী অশ্ব সকল এবং উত্তম অশ্বঘোষিত বহুতর রথ সমস্তই আমার সর্ষদা সুসজ্জিত রহি-য়াছে; মহাবিষ্ণুর অল্পগ্রাহে আমার কোন বিষয়েরই অভাব নাই। কিন্তু আমার মনে একটি অভিলাষ রহিয়াছে, গর্ভবাস-যজ্ঞা হইতে মুক্তিকামনায় আমি গোবিন্দ-মূর্ত্তিবিরাজিত পরম পবিত্র তৌর্থ-

বৃক্ষো জাতোহস্ম্যহং তাবদ্বলৌপলিতদেহবান
করিষ্যামি মনোহারি-তীর্থসেবনমাদৃতঃ ।
যো নরো জন্মপর্যন্তঃ স্বোদরশু প্রপূরকঃ ॥৫৩
ন করোতি হরেঃ পূজাং স নরো গোবৃষঃ স্মৃতঃ
তস্মাদগচ্ছামি ভো ভদ্রে তীর্থযাত্রাং প্রতিপ্রিয়ে
সকুটমঃ স্মৃতে স্তস্ত ধুরং রাজস্তু নিভৃতাম্ ।
ইতি ব্যবস্তু সঙ্ঘায়াং হরিং ধ্যায়ন নিশান্তরে
অত্রাকৌৎ স্বপ্রমপেয়কং ব্রাহ্মণং তাপসং বরম্
প্রাতরুখায় রাজাসৌ কুত্বা সঙ্ঘাদিকং ক্রিয়াঃ
সভাং মন্ত্রিজ্ঞনৈঃ সার্কং স্মৃথমাসেদিবান মহান
তাবদ্ বিপ্রং দদর্শাথ তাপসং কৃশদেহিনম্ ॥
জটাবল্কলকৌশ্পীন-ধারিণং দগুপাণিনম্ ।
অনেকতীর্থসেবাভিঃ কৃতপুণ্যকলেবরম্ ॥ ৫৮

ক্ষেত্রে অদ্যাপি যাইতে পারি নাই ।
এক্ষণে বৃদ্ধ হইয়াছি, শরীরে বলী পলিত
হইয়াছে, অতএব এক্ষণে যত্নপূর্বক
মনোহর তীর্থ সেবা করিবার ইচ্ছা করি-
য়াছি । যে মানব আজন্ম কেবল নিজ
উদরপূরণে ব্যস্ত, কদাপি শ্রীহরির পূজা
করিতে সমর্থ হয় না, সে ত গোবৃষ বলিয়া
গণ্য । অতএব প্রিয়ে! আমি তীর্থযাত্রা-
উদ্দেশে গমন করিব । রাজা এইরূপ
শ্বির করিয়া এতাবৎকাল যে রাজ্যভার
বহন করিয়া আসিতেছিলেন, সেই রাজ্য-
ভার পুত্রের উপরে স্তস্ত করিয়া সপরিবারে
তীর্থযাত্রা করিতে উদ্যোগ করিলেন ।
সঙ্ঘাকালে হরিধ্যান করিয়া রাজিকালে
নিদ্রিত হইয়া এক মহাতপস্বী ব্রাহ্মণকে স্বপ্নে
দেখিলেন । তৎপরদিবস প্রাতঃকালে
গাত্ৰোখান করিয়া মহারাজ সঙ্ঘাদি নিত্য-
কার্য সমাপনান্তে মন্ত্রিবর্গের সহিত সভা
করিয়া সঙ্ঘন্দে আয়ীন রহিয়াছেন, এমত
সময়ে জটাবল্কলধারী কৌশীনপরিহিত
কৃশকায় এক তপস্বী ব্রাহ্মণ দগুহস্তে আসিয়া
উপস্থিত হইলেন ; সেই ব্রাহ্মণ অনেক তীর্থ
সেবা করিয়া বহু পুণ্য সঞ্চয় করিয়াছেন ।

রাজা তং বীক্য শিরসা প্রণনাম মহাভূজা ।
অর্থাপাদ্যাদিকং চক্রে প্রহৃষ্টোচ্ছা মহীপতিঃ ॥
সুখোপবিষ্টং বিশ্রান্তং পপ্রচ্ছ বিদিতং বিজম্ ॥
স্মামিন্ বদদর্শনায়েহদ্যা গতং দেহশু পাতকম্
মহাঃঃ কৃপণান্ পাভুঃ যাস্তি তদেহমাদরাৎ ।
তস্মাৎ কথয় ভো বিপ্র বৃদ্ধশু মম সম্প্রতি ॥৬১
কো দেবো গর্ভবারায় কিং তীর্থং বা ক্বমং
ভবেৎ ॥

যুয়ং সর্কগতিশ্চেষ্টাঃ সমাধিধানতৎপরঃ ॥ ৬২
সর্কতীর্থাবগাহেন কৃতপুণ্যাত্মনোহমলাঃ ।
যথাবজ্জ্বতমহং হৃদধানায় বিস্তরাৎ ।
কথয়স্ব প্রসাদেন সর্কতীর্থবিচক্ষণ ॥ ৬৩

৪২—৫৮ । মহাবাহু রাজা তাঁহাকে দর্শন
করিয়া মস্তক অবনমনপূর্বক প্রণাম করি-
লেন, এবং সাতিশয় হর্ষপ্রকাশপূর্বক পাদ্য-
অর্ঘ্যাদি দ্বারা পূজা করিলেন । অনন্তর সেই
ব্রাহ্মণ সুখাগীন হইয়া পথশ্রম অপনয়ন করিলে
পর, রাজা তাঁহার শ্রমাপনোদন হইয়াছে
বুঝিয়া জিজ্ঞাসা করিলেন, প্রভো! অদ্য
আপনার দর্শনে আমার শরীরের পাপ দূর
হইল । মহদব্যক্তিগণ দীন পাপাশা-
দিগকে রক্ষা করিবার নিমিত্ত তাহাদের
দেহ পবিজ্ঞ করিবার জন্ত আদরপূর্বক
তাহাদের নিকটে গমন করিয়া থাকেন ।
আপনিও মহাত্মা, তাই এই পাপাত্মার প্লাপ-
কালন করিতে আসিয়াছেন) অতএব হে
বিপ্র! আমি বৃদ্ধ হইয়াছি, এক্ষণে গর্ভ-
যজ্ঞগা হইতে মুক্ত হইবার নিমিত্ত কোন্ দেব-
তার আরাধনা করিব, কোন্ তীর্থে গমন
করিলে মুক্তি পাইব, তাহা আমাকে বলুন ।
আপনারা সমাধি-নিরত, সর্কদা পরমেশ্বর-
ধ্যানে তৎপর, নিখিল তীর্থে ভ্রমণ করিয়া
অশেষ পুণ্য সঞ্চয় করিয়াছেন, নিশ্চলতা
লাভ করিয়াছেন, সকল পুণ্যক্ষেত্রে গমন
করিয়া শ্রেষ্ঠত্বলাভ করিয়াছেন, সর্কতীর্থ ভ্রমণে
বিচক্ষণ হইয়াছেন ; আপনার উপদেশ শ্রদ্ধা-
পূর্বক যথাযথ ঋণিতে উদ্যত হইয়াছি, আমি

ব্রাহ্মণ উবাচ ।

শৃণু রাজেন্দ্র বক্ষ্যামি যৎপৃষ্টং তীর্থসেবনম্ ।
কশ্চ দেবশ্চ রূপয়া গৰ্ভশ্চ বারণং ভবেৎ ॥ ৬৪
সেব্যঃ স্রীরামচন্দ্রোহসৌ সংসারজরনাশকঃ ।
পূজ্যঃ স এব ভগবান্ পুরুষোত্তমসংজিতঃ ॥৬
পুৰ্য্যো নানা ময়া দৃষ্টাঃ সৰ্ব্বপাপক্ষয়বহাঃ ।
অযোধ্যা সরযুস্তাপী তথা দ্বারং হরয়েঃ পরম্ ।
অবন্তী বিমলা কাঞ্চী রেবা সাগরগামিনী ।
গোকৰ্ণং হাটকাঞ্চক হত্যাণকোটিবিনাশনম্ ॥৬
মল্লিকাখ্যো মহাশৈলো মোক্ষদঃ পশ্চাতংনুগাম্
যত্রোক্ষেয়ু নুনাং তোয়ং শ্রামং বা নিৰ্ম্মলংভবেৎ
পাতকশ্চাপহারীদং ময়া দৃষ্টং তু তীর্থকম্ ।
ময়া দ্বারবতী দৃষ্টা সুরাসুরনিবেবিতা ॥ ৬৯
গোমতী যত্র বহতি সাক্ষাৎ ব্রহ্মজলা শুভা ।
যত্র স্বাপো লয়ঃ প্রোক্তোমূর্তির্কোক্ষ ইতি শ্রুতিঃ

যাহা জিজ্ঞাসা করিলাম, অল্পগ্রহপূৰ্ব্বক বিস্তৃত-
ভাবে তাহা বলুন । ব্রাহ্মণ কহিলেন,—রাজেন্দ্র
আপনি যে তীর্থ সেবার কথা, এবং কোন
দেবতার রূপায় গৰ্ভঘন্ত্রণা হইতে মুক্তি হয়
জিজ্ঞাসা করিলেন, তাহা আপনার নিকটে
বলিতেছি শ্রবণ করুন । সংসার-রোগ-
বিনাশী স্রীরামচন্দ্রের সেবা করা উচিত,
তিনিই ভগবান্ পুরুষোত্তম নামে অভি-
হিত ; তিনিই সকলের পূজ্য । ৫২—৬৪ ।
আমি নিৰ্ম্মলপাপক্ষয়কারী নানা নগরী
দর্শন করিয়াছি ; অযোধ্যা, সরযু, তাপী,
হরদ্বার, অবন্তী, বিমলা, কাঞ্চী, সাগর-
গামিনী রেবানদী, কোটিব্রহ্মহত্যা-
বিনাশী গোকৰ্ণ, হাটক, দর্শনকারী
মহুৰ্য্যাদগের মুক্তিপ্রদ মল্লিকানামক মহা-
পৰ্ব্বত প্রভৃতি নানা তীর্থ অবলোকন
করিয়াছি । যথাকার শ্রাম নিৰ্ম্মল সলিল
মহুৰ্য্যাদগের শরীরস্থ সকল প্রকার
পাতক অপহরণ করে, সেই (সুপবিত্র)
প্রয়াগতীর্থ দেখিয়াছি । সুরাসুর-সেবিত
দ্বারবতীতীর্থ দর্শন করিয়াছি, যে দ্বারবতী-
তীর্থে শুভ-গোমতী নদী সাক্ষাৎ ব্রহ্মরূপী

যশ্চাং স'বসতাং নুনাং ন কলিঃ প্রভবেৎকটিৎ
চক্রাঙ্কা যত্র পাষণা মানবা অপি চক্রিণঃ ॥ ৭১
পশবঃ কৌটপক্ষ্যাদ্যাঃ সৰ্বে চক্রশরীরিণঃ ।
ত্রিবিক্রমো বসেদৃযশ্চাংসৰ্বলৌকিকপালকঃ ॥৭২
সাপুরী তু মহাপুণৈর্দেয়া দৃগুগোচরীকৃতা ।
কুরুক্ষেত্রং ময়া দৃষ্টং সৰ্বহত্যাণনোদনম্ ॥ ৭৩
সমস্তপঞ্চকং যত্র মহাপাতকনাশনম্ ।
বারাণসী ময়া দৃষ্টা বিশ্বনাথকৃতালয়া ।
যত্রোপদিশ্রুতে মন্ত্রং তারকং ব্রহ্মসংজিতম্ ॥৭৪
যশ্চাং মৃতঃ কৌটপতঙ্গভূঙ্গাঃ
পৰ্ব্বাদয়ে বা সুরযোনয়ো বা ।
স্বকৰ্ম্মসম্ভোগশুখং বিহায়
গচ্ছন্তি কৈলাদমতীতঃখাঃ ॥ ৭৫
মণিকণা যত্র তীর্থং যশ্চামুস্তরবাহিনী ।

সলিলে পূর্ণ হইয়া প্রবাহিত হইতেছে,
যথায় নিজা যাইলে লয় (স্বপ্নে . ব্রহ্মসাক্ষাৎ-
কার) এবং মরণেই মোক্ষ বলিয়া বেদে
কথিত হইয়াছে, যেখানে বাস করিলে মান-
বের কলিভয় থাকে না, যথাকার পাষণ-
মাত্রেই চক্রচিহ্নিত, অধিক কি যথাকার
মানবমাত্রেই চক্রধারী ; যেখানকার পশু,
পক্ষী, কীট, পতঙ্গ প্রভৃতি সকলেই চক্র-
চিহ্নিত মূর্তিধারী ; সৰ্বলৌকিকপালক দেব
ত্রিবিক্রম যথায় বাস করিতেছেন, সেই দ্বার-
বতীপুরী আমি মহাপুণ্যবলে দেখিয়াছি ।
যথায় গমন করিলে সৰ্ব্বপ্রকার হত্যাপাপের
অপনোদন হয়, যথায় মহাপাতকনাশী সমস্ত-
পঞ্চক অবস্থিত, সেই কুরুক্ষেত্রতীর্থ আমার
দৃষ্ট হইয়াছে । যথায় বিশ্বনাথ অবস্থিতি
করিতেছেন, যথায় তারকব্রহ্ম মন্ত্র
উপদেশ হইতেছে, সেই পবিত্র বারা-
ণসীতীর্থ আমি দেখিয়াছি । ৬৫—৭৪ ।
সেই পবিত্র বারাণসী ক্ষেত্রে প্রাণত্যাগ
করিলে কীট, পতঙ্গ, পশু, পক্ষী প্রভৃতি
কিছা দেবযোনি সকলেই স্ব-স্ব-কৰ্ম্মশাশ-
মুক্ত হইয়া বীতভুখ হওত কৈলাসধামে
গমন করে ; ধরাধামে পুনরাগত হইয়া আর

করোতি সংসৃতবন্ধচ্ছেদং পাপকৃতামপি ॥৭৬
 কপর্দিনঃ কুণ্ডলিনঃ সর্পভূষাধর্য বরঃ ।
 গজচর্মপরীধানা বসন্তি গতজঃখকাঃ ॥ ৭৭
 কালভৈরবনামাত্র করোতি যমশাসনম্ ।
 ন করোতি নৃগাং বার্তাঃ যমো দণ্ডধরঃ প্রভুঃ ॥
 এতাদৃশী ময়া দৃষ্টা কালী বিশ্বেশ্বরাক্ষিতা ।
 অনেকান্তপি তীর্থানি ময়া দৃষ্টানি ভূমিপ ॥ ৭৯
 পঃমেকং মহচ্চিত্রং যদদৃষ্টং নীলপর্বতে ।
 পুরুষোত্তমসান্নিধ্যে তন্ন কাপ্যক্ষিগোচরম্ ॥৮০
 ব্রাহ্মণ উবাচ ।
 রাজঃশ্বং শৃণু যদবৃন্তং নীলে পর্বতসন্তমে ।
 যজ্ঞদধানাঃ পুরুষা যান্তি ব্রহ্ম সনাতনম্ ॥৮১
 ময়া পর্যটতা তত্র গতং নীলাভিধে গিরৌ ।
 গঙ্গাসাগরতোয়েন স্কালিতপ্রাঙ্গণে মুহুঃ ॥৮২

তাহাদিগের কর্মফল ভোগ করিতে হয় না ।
 সেই বারাগসীতে উত্তরবাহিনী মণিকর্ণিকা
 নামে যে অতি পবিত্র তীর্থ আছে, তথায়
 স্নান করিলে মহাপাতকদিগেরও সংসার-
 বন্ধন ছিন্ন হইয়া থাকে । তথায় যাহারা
 প্রাণত্যাগ করে, তাহার সকলেই ভূজঙ্গ-
 ভূষিত গজচর্মপরিহিত কুণ্ডলধারী শিবস্বরূপ
 হইয়া পরম সুখে বাস করে; তাহাদের আর
 কোনপ্রকার ক্লেশ থাকে না । তথায় কাল-
 ভৈরবনামক মহাদেবই যমের শাসনকার্য্য
 সম্পন্ন করিতেছেন; প্রাণীদিগের দণ্ড-
 দাতা প্রভু যমকে তত্রত্য প্রাণীদিগের
 কোন সংবাদ রাখিতে হয় না । হে
 মহারাজ! আমি বিশ্বেশ্বরকর্তৃক চিহ্নিত
 এতাদৃশী মহতী কালীপুরী দর্শনানন্তর
 অন্তান্ত অনেক তীর্থ দর্শন করিয়াছি । কিন্তু
 পুরুষোত্তম-সান্নিধ্যে নীলাচলে যে মহাশর্চ্যা
 দৃষ্ট দর্শন করিয়াছি, অস্ত্র কুড়াপি সেরূপ
 দেখি নাই । ব্রাহ্মণ কহিলেন;—হে রাজন্!
 আমি তোমার নিকট সেই পর্বত-শ্রেষ্ঠ নীলা-
 চলবৃত্তান্ত কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর ।
 হাথাতে শ্রদ্ধাশীল পুরুষগণ সনাতন ব্রহ্মপদ
 অর্থাৎ কৈবল্য প্রাপ্ত হইয়া থাকেন । আমি

তত্র ভিন্না ময়া দৃষ্টাঃ পর্বতাগ্রে ধনুর্ভূতঃ ।
 চতুর্ভুজা মূলফলৈর্ভৈক্যার্ণির্দীর্ঘাচিতক্রমাঃ ॥৮৩
 তদা মে মংসি ক্ষিপ্ৰং সংশযঃ সুমহানভূৎ ।
 চতুর্ভুজাঃ কিমেতে বৈ ধনুর্ক্ষাণধরা নভাঃ ॥৮৪
 বৈকুণ্ঠবাসিনাং রূপং দৃশুতে বিজিতান্য়নাম্ ।
 কথমেতৈঃকৃপালকঃ ব্রহ্মাট্যৈরপি দুর্ভভম্ ॥৮৫
 শঙ্খচক্রগদাশার্ঙ্গ্য-পদ্মোন্নসিতপাণয়ঃ ।
 রিপুঁতাপো নীলরত্ন উগ্রাস্তো বীরমর্দনঃ ।
 সৰ্বে শক্রস্নির্দেপাদৃশ্যুস্তে ক্রৌঞ্চভেদনে ॥২১
 শক্রয়েহপি রথে সংস্থঃ সৰ্বায়ুধধরঃ পয়ঃ ।
 পৃষ্ঠতোহস্ত পরীয়ায় বহতিঃ সৈনিকৈর্ভূতঃ ॥২২
 তদা প্রচলিতৌ দৃষ্টাবস্তোস্তবলবারিধী ।
 প্রলয়ং কৰ্ত্তুমৃদৃশ্যুস্তো জগতঃ স্ততরক্ষিণৌ ॥২৩

বীর উহা ভেদ করিতে সমর্থ হইবে ?
 ঐ ব্যহভেদে যাহার সামর্থ্য থাকে, এবং যিনি
 বীরবিজয়ে উদ্যত আছেন, তিনি মদীয়
 হস্ত হইতে বীটক (তাম্বুল) গ্রহণ করুন।
 তখন বহুল বীরবৃন্দে পরিবৃত, সৰ্বপ্রকার
 অস্ত্র-শস্ত্রবেস্তা-বীরবর লক্ষ্মীনিধি, ব্যহভেদ-
 নার্থ সজ্জিত তাম্বুল গ্রহণ করিলেন। এবং
 বলিলেন,—রাজন! আমিই ক্রৌঞ্চব্যহভেদ
 করিতে গমন করিব। পূর্বে ভার্গব যেমন
 ক্রৌঞ্চভেদস্তা বলিয়া প্রসিদ্ধ হইয়াছিলেন,
 আমিও আজি সেইরূপ হইব। ১১—১২।
 অনন্তর পুঙ্কল নামক যে বীর লক্ষ্মীনিধির
 পশ্চাৎ গমন করিতে ইচ্ছা করিয়াছিলেন,
 তিনি অস্ত্রাশ্র বীরগণকে বলিলেন,—কে
 ইহাঁর সহিত গমন করিবে ? তৎপরে
 শক্রয়েঃ নিদেশান্ত্রসারে রিপুঁতাপ, নীলরত্ন-
 উগ্রাস্ত ও বীরমর্দন প্রভৃতি সমুদয় বীরগণ
 ক্রৌঞ্চ ভেদনার্থ লক্ষ্মীনিধির সহিত গমন
 করিলেন। অপিচ স্বয়ং শক্রয়ও প্রভূত
 সৈনিকে পরিবৃত হইয়া সৰ্বপ্রকার অস্ত্র-শস্ত্র
 ধারণ করত রথারোহণে লক্ষ্মীনিধির পশ্চাৎ
 পশ্চাৎ গমন করিতে থাকিলেন। তৎকালে
 সেই ভীষণ তরঙ্গ-মালাকুল উত্তর পক্ষীয়
 সৈন্তসাগর ঘেন জগৎ প্রলয়ার্থ সমুদ্যত

তদা তেৰ্যাঃ সমাজয়কুভয়োঃ সেনয়োদৃঢ়াঃ ।
 রণভেৰ্যাঃ শম্বানাদাঃ শ্রয়স্তে তত্র তত্র হ ॥ ২৪
 হ্রেষস্তে বাজিনস্তত্র গর্জন্তি দ্বিরদা-ভৃশম্ ।
 হৃৎ কুর্বন্তি বীরাগ্ৰ্যো নদন্তি রথনেময়ঃ ॥২৫
 তত্র বীরাঃ প্রকৃপিতাঃ সুবাহুবলদর্পিতাঃ ।
 ছিদ্ধি ভিক্ষীতি ভাষন্তো দৃশ্বন্তে বহবো রণে ॥
 এবম্বৃত্তে রণোদ্যুক্তে সৈন্তে শক্রয়বৈরিণোঃ ।
 মুখসংস্থঃ সূকৈতুঃ তং লক্ষ্মীনিধিরূবাচ হ ॥২৭
 লক্ষ্মীনিধিরূবাচ ।
 জনকস্ত সূতঃ বিদ্ধি লক্ষ্মীনিধিরিত স্মৃতম্ ।
 সৰ্বশাস্ত্রাস্ত্রকুশলং সৰ্বমুদ্রবিশারদম্ ॥ ২৮
 মুকাৰং রামচন্দ্রস্ত সৰ্বদানবদংশিতুঃ ।
 নো চেয়মাণনির্ভিরো যাস্তসে যমসাদনম্ ॥২৯
 ইতি ক্রবন্তঃ বীরাগ্ৰ্যঃ সূকৈতুস্তরসা বলী ।
 সজ্জং চাপং বিধায়ান্ত বাণান মুঞ্চন রণেহতবৎ

হইয়াই গমন করিতেছে দৃষ্ট হইল। ২০—২৩।
 ঐ সময়ে উভয় সৈন্তमध्ये প্রায় সর্বত্রই রণ-
 ভেদ্য বাদিত হইতে থাকিল ও শম্বধ্বনি
 ঙ্গতিগোচর হইতে লাগিল। বাজিগণ হ্রেষ-
 রব করিতে লাগিল, দ্বিরদগণ ভীষণ গর্জন
 করিতে থাকিল। বীরগণ হৃৎকার ধ্বনি
 করিতে আরম্ভ করিল এবং রথনেমি সকল
 শকাইমান হইতে থাকিল। সেই সংগ্রাম-
 ক্ষেত্রে সুবাহুরাজের বলদর্পিত বহুসংখ্যক
 বীরগণকেই অভিযয় ক্রৌঞ্চভেদে মারকাট
 শব্দ করিতে দেখা গেল। শক্রয় ও তদীয়
 শক্রপক্ষীয়ের সৈন্তগণ এবংবিধ সংগ্রামে
 প্রবৃত্ত হইলে লক্ষ্মীনিধি ব্যহমুখাঙ্কিত সূকৈ-
 তুকে কহিলেন,—ওহে বীরবর! আমাকে
 জনক রাজের পুত্র এবং সৰ্ববিধ অস্ত্রশস্ত্রে
 সুনিপুণ ও সৰ্বমুদ্রবিশারদ জানিও, আমার
 নাম লক্ষ্মীনিধি। এক্ষণে নিখিল দানবকুলের
 সংহারকারী ঈশ্বরামচন্দ্রের যজ্ঞমাধ পরিচর্যাগ
 কর, নচেৎ মদীয় বাণে ছিন্ন-ভিন্ন হইয়া
 নিশ্চয়ই তোমাকে যমপুরী গমন করিতে
 হইবে। বীরবর লক্ষ্মীনিধি এইরূপ বলিতে
 থাকিলে মহাবলশালী সূকৈতু স্বরায় শরাসন

তে বাণাঃ শিতপর্কীণঃ স্নর্গপুন্ধ্যাঃ সমস্ততঃ ।
 দৃষ্টান্তে ব্যাপিনস্তত্র রণমধ্যে সুদূর্ভরাঃ ॥৩১
 তষণজলাঃ তরসা নিহত্য }
 লক্ষ্মীনিধিশ্যপমখাততজ্যম্ । }
 বিধায় তস্তোরসি বাণঘটকং
 মুমোচ তীক্স শিতপর্কীশোভিতম্ ॥ ৩২
 তে বাণাঃ সুভূজভ্রাতুরুদয়ং সংবিদাধ্য চ ।
 গতান্ত ভূবি দৃষ্টান্তে ক্রধিরাক্রমলীমসাঃ ॥ ৩৩
 তষণভিন্নরুদয়ঃ সুকেতুঃ কোপপূরিতঃ ।
 জঘান শরবিশত্যা তীক্সয়া নতপর্কয়া ॥ ৩৪
 উভৌ বাণবিভিন্নান্জাবুভৌ ক্ততজবিপ্লুতো ।
 সৈনিকৈঃ পরিদৃষ্টতে কিংগুকাবিব পুষ্টিভৌ
 মুঞ্চন্তৌ বাণকোটীশ দধতো তরসা শরান্ ।
 কেনাপি ন বিলক্ষ্যত লঘুহস্তৌ মহাবলৌ ॥

কুণ্ডলীকৃতসচ্চাপৌ বর্ষন্তৌ বাণধারয়া ।
 নবাবুদাবিবি দিবি শকনির্দেশকারিণৌ ॥ ৩১
 তযোবাণা গজান বাহারয়শরান্ বিমস্তকান্ ।
 কুর্ষন্তঃ কেবলঃ দৃষ্টা ন চ সন্ধানমোক্ষণে ॥ ৩২
 পৃথিবী সুভট্টে: পূর্ণা সক্রীট্টে: সক্রুওলে: ।
 ধনুর্কীপকটৈ রোযসন্দষ্টাধরয়ুগ্মকৈ: ॥ ৩৩
 তয়ো: প্রযুধ্যতোর্দির্পাং সর্কশস্রাস্রবেদিনে: ।
 যুদ্ধং সমতবদেযায়ঃ দেববিস্মাপনং মহৎ ॥ ৪০
 সমর্দেহভবদত্যস্তং বীরকোটীবিঘাতনঃ ।
 ন কেনচিৎ কচিদৃষ্টং শরজালাস্তরেৎস্বয়ম্ ॥ ৪১
 তস্মিন্ সময়ে লক্ষ্মীনিধিবীরোহরমর্দনঃ ।
 বাণাংস্চাপে সমাধস্ত বসুসংখ্যান দৃঢ়াঙ্কিতান্
 চতুর্ভিত্তরগান্ বীর সুকেভোরনয়ৎ ক্ষয়ম্ ।

সজ্জিত করিয়া তদুপরি শর বর্ষণ করিতে
 করিতে সংগ্রামে অবতীর্ণ হইল। দেখা
 গেল, তৎকালে সমরক্ষেত্রে তদীয় নিশিত
 পর্কী ভীষণ স্নর্গপুন্ধ্য শরনিকর চতুর্দিক্ পরি-
 ব্যাপ্ত করিয়া ফেলিয়াছে। তদর্শনে লক্ষ্মী-
 নিধি অরায় স্বীয় শরাসনে জ্যারোপণপূর্বক
 সুকেতুনিষ্কিপ্ত সেই শরজাল তিরোহিত
 করিয়া তদীয় বক্ষঃস্থলে ষট্‌সংখ্যক নিশিত-
 পর্কীশোভিত সুতীক্ষ্ণ শর নিক্ষেপ করিলেন।
 ২৪—৩২। দেখা গেল, সেই ষট্‌সংখ্যক
 বাণই সুভূজরাজের সহোদর সুকেতুর
 বক্ষঃস্থল বিদীর্ণ করিয়া ক্রধিররঞ্জিত কলেবরে
 ফুগর্ভে গমন করিল। এদিকে সুকেতুও
 তদীয় বাণে বিরুদ্ধদয় হইয়া কোপপূর্ণরুদয়ে
 নতপর্কী সুতীক্ষ্ণ বিংশতি শরে লক্ষ্মীনিধিকে
 আহত করিলেন। তৎকালে সৈনিকগণ
 উভয়কেই বাণভিন্নান্ ও রক্তাক্ত হইয়া
 পুষ্টিত কিংগুকা পাদপেয় স্তায় সন্দর্শন
 করিতে লাগিল। সেই মহাবলশালী ক্ষিপ্ত-
 হস্ত বীরদ্বয় এরূপ সত্বর ভাবে শরনিকর
 গ্রহণপূর্বক এককালে অসংখ্য শরনিক্ষেপ
 করিতে থাকিলেন যে, কেহই তাঁহাদিগের
 শরগ্রহণ ও শরক্ষেপের কাল লক্ষ্য করিতে

পারিল না। তৎকালে উভয়েই প্রকাণ্ড
 কোদণ্ড কুণ্ডলিত করিয়া নিরস্তর বাণধার
 বর্ষণ করায় বোধ হইল যেন দেবরাজের
 আদেশানুসারে মহামেঘদ্বয় গগনমণ্ডলে নির-
 বচ্ছিন্ন বারিধারা বর্ষণ করিতেছে। দেখা
 গেল, তাঁহাদিগের শরজাল নিরস্তর কেবল
 মাতঙ্গ তুরঙ্গ ও বীরগণের মস্তক ছেদন
 করিতেছে, কিন্তু সন্ধান বা মোক্ষণ কিছুই
 লক্ষিত হয় নাই। ক্রমে পৃথিবী নিহত যোদ্ধ
 বৃন্দে পরিপূর্ণ হইয়া উঠিল, উহাদিগের
 মস্তকে ক্রীট, কর্ণে কুণ্ডল ও হস্তে ধনুর্কীপ
 শোভা পাইতেছিল এবং জীবিতাবস্থায়
 তাহারা যে রোষভরে ওষ্ঠাধর দস্ত দ্বারা
 দংশন করিয়াছিল সেই ভাবেই রহিল।
 সর্কপ্রকার অস্ত্রশস্ত্রবেত্তা সেই বীরবরদ্বয়
 দর্পভরে এইরূপ যুদ্ধ করিতে থাকিলে সেই
 ঘোরতর সংগ্রামে দেবগণও বিস্ময়াবিত হইয়া-
 ছিলেন। বস্তুতঃ সেই সংগ্রাম অতিশয়
 ভীষণ হইয়াছিল, কোটি কোটি বীর উহাতে
 ধুরাশীয়া হয়। সেই সমররাজনে কুত্রাপি
 কেহই নিবিড় শরজালের মধ্য দিয়া গগন-
 মণ্ডল দেখিতে পায় নাই। সেই সময়ে
 অগ্নিমর্দন বীর লক্ষ্মীনিধি, পরাসনে বহু-
 সংখ্যক দৃঢ় শাণিত শর সন্ধান করিলেন।

একেন ধ্বজমত্যাগ্রং চিচ্ছেদ তরস্না হসন ॥৪৩
 একেন সারথঃ কায়াচ্ছিরো ভূমাবপাতয়ৎ ।
 একেন চাপং সশুণমচ্ছিন্দ্রোষপূরিতঃ ॥ ৪৪
 একেন হৃদি বিব্যাধ স্নুকেতোর্কৈগবান নৃপঃ ।
 তৎকর্মাঙ্কৃতমুদীক্য বীরা বিস্ময়মাযুঃ ॥ ৪৫
 স ছিন্নধ্বা বিরথো হতোশো হতসারথিঃ ।
 মহতীং স গদাং নীতা ষোড়শকামোহভ্যুপেয়িবান
 তমাস্ত্রং সমালক্য গদাযুদ্ধবিশারদম্ ।
 মহত্যা গদয়া যুক্তং রথাদবততার সঃ ॥ ৪৭
 গদামাধায় মহতীং সর্বায়াসবিনির্মিতাম্ ।
 সাতরূপবিচিত্রাকৌঃ সর্বশোভাপুরস্কৃতাম্ ॥৪৮
 লক্ষ্মীনিধিভৃশং ক্রুদ্ধঃ স্নুকেতোর্কৈকসি তরন
 তড়য়ামাস সুদৃঢ়ং গদাং বজ্রাগ্নিসম্ভিতাম্ ॥৪৯
 গদয়া তাড়িতো বীরো নাকম্পত মহামুনে ।

মদোন্নতো যথা দস্তী বালেনৈব শ্রজা হন্তঃ ॥৫০
 কথয়ামাস বীরাগ্রেয়ো নৃপং লক্ষ্মীনিধিঃ তদা ।
 সহশ্বেকপ্রহারং মে যদি শুরঃ পরস্তপঃ ॥ ৫১
 ইত্যুকা তাড়য়ামাস ললাটে গদয়া ভূশম্ ।
 গদয়া তাড়িতো ভালেহস্থমন কুপিতো ভূশম্
 মুর্ধ্নি তং তাড়য়ামাস গদয়া কালরূপয়া ।
 স্নুকেতুরপি তং স্বন্ধে তাড়য়ামাস ধর্ম্মবিৎ ॥৫৩
 এবং ভূশং স্নুপুপিতো গদাযুদ্ধবিশারদো ।
 গদাযুদ্ধং প্রকুর্ব্বাতে পরম্পরজয়ৈষণৌ ॥ ৫৪
 অস্ত্রোক্তঘাতবিমতো পরম্পরবধোদ্যতো ।
 ন কোহপি তত্র হীয়েত ন কো জীয়েত সংযুগে
 মুর্ধ্নি ভালে তথা স্বন্ধে হৃদি গাত্রেসু সর্বভঃ ।
 কধিরৌঘপরিক্রমৌ মহাবলপরাক্রমৌ ॥ ৫৬
 তদা লক্ষ্মীনিধিঃ ক্রুদ্ধো গদামুদ্যম্য বেগবান্ ।

পরে সেই বীর চারিটা বাণে স্নুকেতুর তুরগ-
 নিচয়কে সংহার এবং অবিলম্বে হাসিতে
 হাসিতে তাহার সমুদ্রত ধ্বজদণ্ড ছেদন
 করিয়া ফেলিলেন । তিনি যোষাবিষ্ট হইয়া
 এক বাণে স্নুকেতুর সারথির মস্তক ছেদন-
 পূর্ব্বক ভূমিতলে পাতিত এবং অপর এক
 বাণে জ্যার সহিত চাপমণ্ডল ছেদন করি-
 লেন । অনন্তর সেই নৃপবর সবেগে এক
 বাণে স্নুকেতুর হৃদয় বিদ্ধ করিলেন । তাঁহার
 সেই অদ্ভুত কার্য্য নিরীক্ষণ করিয়া সমুদয়
 বীরগণই বিস্ময়াবিষ্ট হইল। ৩৩—৪৫ ।
 রাজভ্রাতা স্নুকেতু, এইরূপে শরাসন ছিন্ন
 এবং রথার্থ ও রথগারথি নিহত হওয়ার
 রথবিহীন হইয়া প্রকাণ্ড এক গদা গ্রহণ-
 পূর্ব্বক যুদ্ধকামনায় লক্ষ্মীনিধির সন্ন-
 ধানে আগমন করিতে লাগিলেন ।
 তখন লক্ষ্মীনিধি, গদাযুদ্ধবিশারদ স্নুকেতুকে
 বৃহৎ এক গদা লইয়া আগমন করিতে
 দেখিয়া রথ হইতে অবতরণ করিলেন ।
 পরে সুবর্ণভূষিত পরম সুন্দর লৌহময়ী
 এক মহতী গদা গ্রহণ করিয়া সাতিশয়
 ক্রোধপূর্ণ-হৃদয়ে স্বরায় স্নুকেতুর বন্ধ-
 স্থলে দৃঢ়রূপে বজ্রাগ্নিসম্ভিত সেই গদা
 পাতিত করিলেন । হে মহামুনে ! মদো-

ন্নত মাতঙ্গকে যেমন কোন বালক মালা-
 ঘাত করিলে সে কিছুমাত্র বিচলিত হয় না,
 সেইরূপ মহাবীর স্নুকেতুও গদাঘায়া আহত
 হইয়া অণুমাত্র কম্পিত হইলেন না । পরন্তু
 তখন বীরবর স্নুকেতু, লক্ষ্মীনিধিকে কহি-
 লেন, ওহে বীর ! যদি তুমি যথার্থ শুর ও
 শক্রনিযুদন হও, তবে আমার একবার
 প্রহার সহ্য কর দেখি । স্নুকেতু এই কথা
 বলিয়াই লক্ষ্মীনিধির ললাটদেশে সাতিশয়
 গদাঘাত করিলেন । তখন লক্ষ্মীনিধি ললাটে
 গদাহত হইয়া কধির বমন করিতে, করিতে
 সমধিক ক্রোধপূর্ণহৃদয়ে কালরূপিণী স্বীয়
 গদাঘায়া স্নুকেতুর মস্তকে আঘাত করায়
 ধর্ম্মবিৎ স্নুকেতুও পুনরপি লক্ষ্মীনিধির
 স্বন্ধে প্রহার করিলেন । গদাযুদ্ধবিশারদ সেই
 বীরবরষয় সাতিশয় ক্রুদ্ধ হইয়া পরম্পর
 জিগীষায় এইরূপ ভীষণ গদাযুদ্ধ করিতে
 লাগিলেন । তৎকালে তাঁহার উভয়েই
 পরম্পরকে প্রহার ও সংহার করিতে
 উদ্যত হইয়াছিলেন বটে ; কিন্তু সেই
 সংগ্রামে কাহারও জয় বা পরাজয় হয় নাই ।
 ৪৬—৫৫ । সেই মহাবল পরাক্রান্ত বীরদ্বয়ের
 মস্তক, ললাট, স্বন্ধ ও হৃদয় প্রভৃতি সর্ব্বাঙ্গই

জগাম প্রবলং হস্তং হৃদি রাজানুজং বলী ॥৫৭
 তমায়াস্তমখালোক্য স্বগদাং মহতীং দধৎ ।
 যযৌ তং তরুসা হস্তং রাজভ্রাতা বলাহলম্ ॥৫৮
 গদাং তেন বিনিক্ষিপ্তাং স্বকরে ধৃতবানয়ম্ ।
 তয়েব গদয়া তস্ম হৃদি জয়ে মহাবলঃ ॥ ৫৯
 স্বগদাং তেন বৈ নীতাং দৃষ্ট্বা লক্ষ্মীনিধিনৃপঃ ।
 বাহুবুধেন তং যোদ্ধুমিষেয বলবন্তরম্ ॥ ৬০
 তদা রাজানুজঃ ক্রুদ্ধো বাহুভ্যামুপগৃহ্য তম্ ।
 যুযুধে সর্ষযুদ্ধস্ত জ্যাতা বীরেষু সন্তমঃ ॥ ৬১
 তদা লক্ষ্মীনিধিস্তস্ত হৃদি জয়ে স্বমুষ্টিনা ।
 তদা সৌম্বপি শিরস্থেন মৃষ্টিমুদাম্যা চাহমৎ ॥৬২
 মৃষ্টিভিক্ৰজসন্ধাস্তলক্ষ্ণেটৈশ্চ দারুণৈঃ ।
 অস্ত্রোস্ত্রং জয়তুঃ ক্রুদ্ধো সন্দষ্টাধরপন্নবো ॥৬

মৃষ্টিমুষ্টি দস্তাদস্তি কচাকচি নখানিধি ।
 উভয়োরভবদযুদ্ধং তুমুলং রোমহর্ষণম্ ॥ ৬৪
 তদা প্রকৃপিতো ভ্রাতা নৃপতেশ্বরণে নৃপম্ ।
 গৃণীত্বা ভ্রাময়িত্বাথ পাতয়ামাস ভূতলে ॥ ৬৫
 লক্ষ্মীনিধিঃ করে গৃহ্য তং নৃপানুজমুচ্চকৈঃ ।
 ভ্রাময়িত্বা শতশুণং গজোপশ্বে জঘান তম্ ॥৬৬
 স তদা পতিতো ভূমৌ সংজ্ঞাং প্রাপ্য ক্ষণাদহু
 তধেব ভ্রাময়ামাস ব্যোমি বেগেন বিক্রমী ॥৬৭
 এবং প্রধুম্যানো ভৌ বাহুবুদ্ধং গতৌ পুনঃ ।
 পাদে পাদং করে পাণিং হৃদি হৃদং মুখে মুখম্
 এবং পরস্পরং শ্লিষ্টৌ পরস্পরবর্ধেযিণৌ ।
 উভাবপি বলাক্রান্তাবুভৌ মুচ্ছামপীয়তুঃ ॥ ৬৯
 তদৃষ্ট্বা বিস্ময়ং প্রাপ্তাঃ প্রশশংসুঃ সহশ্রশঃ ।
 ধস্তো লক্ষ্মীনিধির্ভূপো ধস্তো রাজানুজো বলী
 ইতি শ্রীপাদ্যে পাতালখণ্ডে পঞ্চদশোহধ্যায়ঃ ।

কবিষধারণ্য পরিক্রিন্ন হইয়াছিল । অনন্তর
 মহাবলশালী লক্ষ্মীনিধি সমধিক ক্রুদ্ধ হইয়া
 গদা উত্তোলনপূর্বক প্রবল শক্তি রাজানুজ
 স্নুকেতুকে বক্ষঃস্থলে প্রহারার্থ মহাবেগে
 তদভিমুখে ধাবিত হইলেন । তখন সেই
 রাজভ্রাতা স্নুকেতুও লক্ষ্মীনিধিকে তক্রপে
 আগমন করিতে দেখিয়া সবলে স্বীয় মহতী
 গদা ধারণ করত লক্ষ্মীনিধিকে প্রহারার্থ
 স্ত্রায় তৎসন্নিধানে উপস্থিত হইলেন ।
 অনন্তর মহাবলশালী, স্নুকেতু লক্ষ্মীনিধি-
 নিক্ষিপ্ত গদা নিজকরে গ্রহণপূর্বক তদ্বারাই
 লক্ষ্মীনিধির হৃদয় আহত করিলেন । নৃপতি
 লক্ষ্মীনিধি, স্বীয় গদাকে স্নুকেতু কাঙ্ক্ষিয়া লইল
 দেখিয়া সেই মহাবল পরাক্রান্ত স্নুকেতুর
 সহিত বাহুবুদ্ধ করিতে ইচ্ছা করিলেন ।
 অনন্তর সর্ষযুদ্ধবিষারদ সর্ষবীরোগণ্য
 রাজানুজ স্নুকেতু, ক্রুদ্ধ হইয়া উভয় হস্তে
 লক্ষ্মীনিধিকে ধারণ করত বাহুবুদ্ধে প্রবৃত্ত
 হইলেন । তৎকালে লক্ষ্মীনিধি স্নুকেতুর
 বক্ষঃস্থলে মৃষ্টি প্রহার করিলে স্নুকেতুও মৃষ্টি
 উত্তোলনপূর্বক লক্ষ্মীনিধির মস্তকে আঘাত
 করিলেন । সেই বীরদ্বয় সাতিশয় ক্রুদ্ধ
 হইয়া দস্ত দ্বারা ওষ্ঠাধর সংশন করত
 ব্রজোপম মৃষ্ট্যাঘাত ও দারুণ চপেটাঘাত

দ্বারা পরস্পর প্রহার করিতে লাগিলেন ।
 বস্ততঃ সেই দুই বীরে রোমহর্ষণকর
 তুমুল যুদ্ধ হইয়াছিল, তাহাতে উভয়েই
 উভয়ের কেশাকর্ষণ মৃষ্টিপ্রহার দস্তাঘাত
 ও নখাঘাত করিয়াছিলেন । অন-
 ত্তর নৃপভ্রাতা স্নুকেতু সাতিশয় কৃপিত হইয়া
 নৃপতি লক্ষ্মীনিধির চরণধারণপূর্বক ঘূর্ণিত
 করত ভূতলে পাতিত করিয়াছিলেন । তৎ-
 পরে লক্ষ্মীনিধিও নৃপানুজের বরধারণপূর্বক
 উর্দ্ধে শতবার ভ্রমণ করাইয়া গজোপশ্বে
 পাতিত করিলেন । তৎকালে মহাবিক্রমশালী
 স্নুকেতু ভূতলে পতিত হইয়া ক্ষণকাল পরেই
 সংজ্ঞালাভ করত লক্ষ্মীনিধিকে সববেগে শুল্লে
 তক্রপ ভ্রমণ করাইতে আরম্ভ করিলেন ।
 ঠাঁহার উভয়ে এইরূপ যুদ্ধ করিতে করিতে
 পরস্পর চরণে চরণ করে কর বক্ষঃ-
 স্থলে বক্ষঃস্থল ও মুখে মুখ বিস্তস্ত
 করিয়া পুনরায় বাহুবুদ্ধে প্রবৃত্ত হইলেন ।
 পরস্পর বখাভিলাষী সেই বীরদ্বয় এইরূপে
 পরস্পর দৃঢ়বন্ধ এবং উভয়েই উভয়ের বল-
 বিক্রমে আক্রান্ত হইয়া মুচ্ছাপন্ন হইয়া-
 ছিলেন । ঠাঁহাদিগের সেই অদ্ভুতব্যাপার

ষোড়শোঃ অধ্যায়ঃ ।

শেষ উবাচ ।

চিত্রাক্ষঃ ক্রৌঞ্চকণ্ঠস্থো রথস্থো বীরশোভিতঃ
গাহয়ামাস তৎসৈন্যং ব্যাৱাহ ইব বাৱিধির্ম্ ৷ ১ ৷
ধ্বংস্বিন্ধিফাৰ্ঘ্য স্মৃদূঢ়ং মেঘনাভনিমাদি তৎ ।
মুমোচ বাণান্নিশিতান্ বৈৱিকোটবিদাহকান ৷
তথাগতিমসর্ষাক্ষাঃ শেরতে স্মৃতটা ত্ৰশম্ ।
শকিরীটতল্লজ্জাণাঃ সষ্টেন্দ দশনচ্ছদাঃ ৷ ৩ ৷
এবং প্রযুক্তে সংগ্রামে যযৌ যোক্ষুঃ তু পুঞ্চলঃ
মণিচিহ্নিতমাদায় চাপং বৈৱিপ্রতাপনম্ ৷ ৪ ৷

দর্শনে বিস্ময়াপন্ন হইয়া সহস্র সহস্র
লোক “নৃপতি লক্ষ্মীপতি ধ্বস্ত এবং
রাজাম্বুজ স্মৃকতুও ধ্বস্ত” এইরূপ প্রশংসা
করিয়াছিল । ৫৬—৭০ ।

পঞ্চদশ অধ্যায় সমাপ্ত । ১৫ ।

ষোড়শ অধ্যায় ।

শেষ বলিলেন,—অনন্তর ক্রৌঞ্চব্যাহের
কণ্ঠদেশস্থিত বীরগণে শোভিত রথারূঢ়
চিত্রাক্ষ, ব্যাহুর্মুর্ধিধারী ভগবান্ যেমন মহা-
সাগরকে আলোড়িত করিয়াছিলেন, তজ্জপ
শব্দেৱর সেই সৈন্যগণকে বিমথিত করিতে
আরম্ভ করিল । সেই বীরবর স্মৃদূঢ় ধ্বঃ
বিফারণপূর্বক অসংখ্য বৈৱিবিনাশক নিশিত
শরনিকর বর্ষণ করিতে থাকিলে তৎকালে
তদীয় ধ্ব হইতে মেঘধ্বনিবৎ ভীষণ শব্দ
উথিত হইল । বহুল মহাযোদ্ধগণই তদীয়
বাণে বিদীর্ণক হইয়া ধরাতলে শয়ন করিতে
থাকিল । তাহাদিগের ওষ্ঠপুট পূর্ববৎই
নস্তপংক্তি দ্বারা সন্দষ্ট রহিল এবং মস্তকে
কিরীট ও বক্ষঃস্থলে বর্ম্ম শোভা পাইতে
থাকিল । এইরূপ সংগ্রাম হইতে আরম্ভ
হইলে বীরবর পুঞ্চল বৈৱিগণের সত্ৰাপপ্রদ
মণিবিচিহ্নিত শরাসন গ্রহণপূর্বক যুদ্ধার্থ

তযোঃ সঙ্গতয়ো রূপং দৃষ্টতেহতিমনোহরম্ ।
পুরা তারকসংযোগে কন্দতারকযোৰ্ধবা ৷ ৫ ৷
বিফারয়ন ধ্বঃ শীঘ্রং সব্যসাচী তু পুঞ্চলঃ ।
তাক্ষয়ামাস তং ক্রিপ্রং শটৈঃ সন্নতপর্ষতিঃ ৷ ৬ ৷
চিত্রাক্ষোহপি কষাক্রান্তঃ শরাসন ইধ্বংহিতান
দধদব্যমুঞ্চদ্বহশো রণমণ্ডলমূর্ছনি ৷ ৭ ৷
নাদানং ন চ সন্ধানং ন যোচনমথাপি বা ।
দৃষ্টং ভাবেব সন্দষ্টো কুণ্ডলীকৃতচাপিনো ৷ ৮ ৷
তদাসৌ পুঞ্চলঃ ক্রুদ্ধঃ শরণাং শতকেন তম্
বিব্যাধ বক্ষঃস্থলকে মহাযোদ্ধারমুন্ডটম্ ৷ ৯ ৷
চিত্রাক্ষস্তাহারান সর্ষাক্ষিচ্ছেদ তিলশঃ

ক্ষণাৎ ।

ভাড়ায়াস চাক্ষেযু পুঞ্চলং শিতসায়কৈঃ ৷ ১০ ৷
পুঞ্চলস্তদ্রথং দিব্যং ভ্রামকাস্ত্রেণ শোভিনা ।

রিপু-সন্নিধানে গমন করিলেন । পূর্বকালে
কার্ত্তিকেয় ও তারকাসুরের সন্নিগনে যেমন
শোভা হইয়াছিল, তজ্জপ সংগ্রামার্থ পরস্পর
মিলিত চিত্রাক্ষ ও পুঞ্চলেরও তৎকালে অতি
মনোহর রূপ দৃষ্ট হইয়াছিল । অনন্তর
সব্যসাচী পুঞ্চল অবিলম্বে শরাসন বিফারণ-
পূর্বক সন্নতপর্ষ শরসমূহ দ্বারা চিত্রাক্ষকে
প্রহার করিল । তখন চিত্রাক্ষও রোষাক্রান্ত
হইয়া স্বীয় শরাসনে বহুল নিশিত ইয়ুনিচয়
সন্ধান করত সময়ক্ষেত্রে বর্ষণ করিতে
লাগিল । তৎকালে উভয়েই যে, কখন
শর গ্রহণ, কখন সন্ধান ও কখনই বা নিক্ষেপ
করিতে লাগিল, তাহা কেহই দেখিতে
পাইল না; কেবল ইহাই দেখা গেল যে,
উভয়ের চাপমণ্ডলই নিরন্তর কুণ্ডলবৎ
গোলাকার হইয়া রহিয়াছে ৷ ১—৮ ৷ ঐ সময়
পুঞ্চল নিরতিশয় ক্রুদ্ধ হইয়া একদা শত শরে
দুর্নদ মহাযোদ্ধা চিত্রাক্ষের বক্ষঃস্থল বিদ্ধ
করিতে উদ্যত হইলে চিত্রাক্ষও পুঞ্চল-
নিক্ষিপ্ত শরনিকরকে শরাঘাতে তৎক্ষণাৎ
তিল তিল প্রমাণে ছেদন করিয়া ফেলিল
এবং নিশিত সায়কসমূহ দ্বারা পুঞ্চলের

নভসি ভ্রাময়ামাস তদন্তুতমিবাভবৎ ॥ ১১
 ভ্রাম্বা মুহূর্ত্তমাত্রং তু তদ্রথো হয়সংযুতঃ ।
 স্থিতিং লেভেহৃতিকষ্টেন সঙ্কতো রণমণ্ডলে ॥
 স চাস্ত বিক্রমং দৃষ্ট্বা চিত্রাঙ্গঃ কুপিতো ভূশম্ ।
 উবাচ পুঙ্কলঃ ধীমান্ সর্ষাপ্তেষু বিশারদঃ ॥১৩
 চিত্রাঙ্গ উবাচ ।
 ভয়া সাধু কৃতং কৰ্ম্ম সুভট্টেষু ধি সশ্যতম্ ।
 মজ্জথো বাজিসংযুক্তো ভ্রামিতো নভসি ক্ষণম্ ॥
 পরাক্রমং সমীক্ষ্য ময়াপি সুভট্টেভিতম্ ।
 আকাশচারী তু ভবান্ ভবত্বমরপুঞ্জিতঃ ॥ ১৫
 ইত্যুক্ষা স মুমোচাস্তঃ রণে পরমদারুণম্ ।
 ধনুৰ্বা পরমাস্ত্রজঃ সর্ষবর্ষ্যবিত্তমঃ ॥ ১৬
 তেন বাণেন সৰ্ব্বদ্বঃ খে বভ্রাম পতঙ্গবৎ ।
 সরথঃ সহয়ঃ সখ্যে সধ্বজ্জশ্চ সসারথিঃ ॥ ১৭
 ভ্রান্তঃ স রথবর্ধ্যস্ত নভসি ত্বরয়াধিতঃ ।

সর্ষাপ্ত ভাঙিত করিল। পরে পুঙ্কল পরম শোভমান ভ্রামকাস্ত্রদ্বারা চিত্রাঙ্গের দিব্যরথ গগনাক্ষেপে ভ্রামিত করিতে থাকিলে উহা এক অদ্ভুত ব্যাপার হইয়া উঠিল। সেই রথ অশ্বের সহিত মুহূর্ত্তকাল আকাশে ঘূর্ণমান হইয়া অতিক্রমশে রণস্থলে স্থাপিত হইল। তখন সর্ষাপ্তবিশারদ ধীমান্ চিত্রাঙ্গ, পুঙ্কলের বিক্রমদর্শনে সাতিশয় কুপিত হইয়া পুঙ্কলকে এইরূপ কহিল। চিত্রাঙ্গ বলিল,—বীরবর! তুমি যে বাজীগণ-সম্বিত মদীয় রথকে ক্ষণ-কাল নভোমণ্ডলে ভ্রামিত করিয়াছ, ইহা ভোমার মহৎ কার্য্য করা হইয়াছে, এই যুদ্ধ-ক্ষেত্রে প্রশংসনীয় যোদ্ধা মাত্রেই ভোমার ঐ কাৰ্য্যের প্রশংসা করিতেছে। এক্ষণে আমারও বীরগণের প্রশংসনীয় পরাক্রম নিরীক্ষণ কর। তুমি মদীয় পরাক্রমে অমর-গণ-পুঞ্জিত আকাশচারী হও। সমুদয় ধর্ম্মাস্ত্র-গণের অগ্রগণ্য পরমাস্ত্রবিৎ চিত্রাঙ্গ এই কথা বলিয়া সেই সমরক্ষেত্রে ধনুঃসহায়তায় এক পরম দারুণ ভ্রামকাস্ত্র নিক্ষেপ করিল। পুঙ্কলের গাত্রে সেই অস্ত্র সংক্রান্ত হইবা মাত্র পুঙ্কল সেই সমরাক্ষয়মধ্যে অর্ধ ধ্বজ ও

যাবৎস্থিতিং ন লভতে তাবনুকোহপয়ঃ শরঃ
 পুনশ্চ পরিবভ্রাম রথঃ সূতসমধিতঃ ।
 তৎকর্ম্ম বৌক্ষ্য পুত্রস্ত রাজ্ঞো বিশ্বময়াপ সঃ ॥
 কথঞ্চিৎ স্থিতিমপ্যাপ পুঙ্কলঃ পরবীরহা ।
 রথঃ জঘান বাণৈশ্চ সসূতঃস্ম্যস্ত চ ॥ ২০
 স ভয়স্বন্দনো বীরঃ পুনরস্তং সমাধিতঃ ।
 সোহপি ভয়ঃ শরৈর্যাস্ত পুঙ্কলেন রণাক্ষনে ॥
 পুনরস্তং সমাহ্বায় যাবদায়াতি সশ্মথম্ ।
 ভাবরভঞ্জ নিশিতৈঃ সাধৈকৈস্তত্রথং পুনঃ ॥ ২২
 এবং দশ রথা ভয়া নৃপতেরাশ্চজ্ঞস্ত হি ।
 পুঙ্কলেন তু বীরেণ মহাসংযুগশালিনা ॥ ২৩
 তদা চিত্রাঙ্গকঃ সখ্যে রথে স্থিত্বা বিচিজ্রিতে ।
 আঙ্গগাম হ বেগেন যোদ্ধুঃ পুঙ্কলকেন তু ॥২৪
 পুঙ্কলং পঞ্চভিক্ষাগৈস্তাড়ায়াস সংযুগে ।

সারথির সহিত নভোমণ্ডলে পতঙ্গবৎ ভ্রমণ করিতে আরম্ভ করিল। পুঙ্কলের সেই মহারথ ক্ষতবেগে নভোমণ্ডলে ভ্রমণ করত স্থির হইতে না হইতেই চিত্রাঙ্গ অপর একটি শর-নিক্ষেপ করায় সেই রথ সারথির সহিত পুনরপি অতিবেগে ভ্রমণ করিতে থাকিল। রাজপুত্র চিত্রাঙ্গের তৎকার্য্য দর্শনে পুঙ্কল বিশ্বময়াপ হইল। ১০—১১ পরে পরবীরঘাতী পুঙ্কল অতিক্রমশে অবস্থিত হইয়া বাণনিচয় দ্বারা চিত্রাঙ্গের রথ, সারথি ও অশ্বের সহিত চূর্ণ করিয়া ফেলিল। বীরবর চিত্রাঙ্গ রথ ভঙ্গ হওয়ায় যেমন অস্ত্র রথে আরোহণ করিল, অমনি পুঙ্কল পুনরায় শরসমূহে রণাক্ষয় মধ্যে সেই রথও ভঙ্গ করিয়া দিল। পরে পুন-রপি অস্ত্র রথে আরোহণপূর্বক যেমন সশ্মথে আগমন করিবে, অমনি পুনর্বার নিশিত সাধকসমূহ দ্বারা তাহাও চূর্ণ করিয়া দিল। মহাযোদ্ধা বীরবর পুঙ্কল এইরূপে সেই রাজ কুন্নারের দশখানি রথ ভঙ্গ করিয়া ফেলিল। তখন চিত্রাঙ্গ অপর একখানি বিচিজ্রিত রথে অবস্থানপূর্বক পুঙ্কলের সহিত যুদ্ধার্থ বেগে সমরাক্ষনে আগমন করিল অন-স্তর চিত্রাঙ্গ সেই সমরক্ষেত্রে পঞ্চবাণে

তৈকর্নৈর্নিহতোহত্যন্তং বিব্যাধে ভরতাস্বজঃ
 স ক্রুদ্ধশাপমুদ্যম্য বাণান দশ শিতায়হান
 মুমোচ হৃদয়ে তস্মৈ স্বর্ণপুঙ্খমুশোভিতান ॥ ২৬
 তে বাণাঃ পপুৱেতস্মৈ কধিরং বহুদাকৃণাঃ ।
 পীত্বা পেতুঃ কিত্তো কূটসাক্ষিণঃ পূর্ষজা ইব ॥
 তদা চিত্রাক্ষকঃ ক্রুদ্ধো ভগ্নান পঞ্চ সমাদদে ।
 মুমোচ ভালে পুত্রস্ত ভরতস্ত মহৌজসঃ ॥ ২৮
 তৈভিন্নৈরাহতঃ ক্রুদ্ধঃ শরাসনবরে শরম্ ।
 দধৎপ্রতিজ্ঞামকরোচ্চিত্রাক্ষনিধনং প্রাতি ॥ ২৯
 শূণু বীর মম ক্বিপ্রঃ প্রতিজ্ঞাং স্বধধাশ্রিতাম্ ।
 তজ্জজ্ঞাস্ব সাবধানেন যোক্শ্বব্যঞ্চ স্বয়ত্র হি ॥
 বাণেনানেন চেত্বাং বৈ ন কুর্ধ্যাং প্রাণ-
 বর্জিতম্ ।
 সতীং সন্দ্য বনিতাং শীলাচারমুশোভিতাম্
 লোকো যঃ প্রাপ্যতে লোকৈকম্মতশ বশবর্ত্তিভিঃ

স লোকো মম বৈ কুর্ধ্যাৎ সত্যং যম
 প্রতিজ্ঞতম্ ।
 ইতি শ্রেষ্ঠং বচঃ শ্রুত্বা জহাস পরবীরহা ।
 উবাচ মতিমানবীরঃ পুঙ্কলং বচনং শুভম্ ॥ ৩০
 মৃত্যুরৈকৈ প্রাণিণাং ভাব্যঃ সর্ষজৈব চ সর্ষদা ।
 তস্মায়ে নিধনে হুঃখং নাস্তি শূরশিরোমণে ॥
 প্রতিজ্ঞা যা কৃত্তা বীর ত্বয়া বীরেণ শোভিতা ।
 সা সট্ঠ্যব পুনর্মুহুদ্য শ্রয়তাং ব্যাহৃতং মহৎ
 তব বাণং বধোদযুক্তং মম ন ছেদ্মি চেদহম্ ॥
 তদা প্রতিজ্ঞাং শূণু মে সর্ষবীরাত্তিমানিনঃ ॥ ৩১
 তীর্থং জিগমিষোধৌ বৈ কুর্ধ্যাৎ স্বান্তবিশ্বগুনম্
 একাদশীত্রতাদন্তজ্ঞানাত্তি ব্রতমুচ্চকৈকঃ ॥ ৩২
 তস্মৈ পাপং মমৈবান্ত প্রতিজ্ঞাপরিঘাতিনঃ ।
 ইতি বাক্যমুদৌর্ধেব তুষ্ণীভূতো ধনুর্দধে ॥ ৩৮

পুঙ্কলকে আহত করিল, তখন ভরতাস্বজ
 পুঙ্কল সেই বাণনিচয়ে আহত হইয়া সাতিশয়
 ব্যাধিত হইল। পরে মহামনা পুঙ্কল, ক্রুদ্ধ
 হইয়া শরাসন উত্তোলনপূর্বক চিত্রাক্ষের
 বক্ষঃস্থলে এককালে স্বর্ণপুঙ্খ মুশোভিত
 শিলাশাণিত দশবাণ নিক্ষেপ করিল।
 পুঙ্কলপ্রেরিত নিদাকৃণ বাণ সকল চিত্রাক্ষের
 ঋধির পান করিয়া পূর্ষজ কূটসাক্ষি-
 চয়ের স্তায় ক্ষিতিলে পতিত হইল। তখন
 চিত্রাক্ষ সমধিক ক্রুদ্ধ হইয়া পঞ্চসংখ্যক ভগ্ন
 গ্রহণপূর্বক মহাতেজা ভরতপুত্র পুঙ্কলের
 লগাটে নিক্ষেপ করিল। এদিকে পুঙ্কল,
 ভগ্নাঘাতে সাতিশয় ক্রুদ্ধ হইয়া শরাসনে
 শর সঙ্কান করিতে উদ্যত হইয়া চিত্রাক্ষের
 নিধনার্থ এইরূপ প্রতিজ্ঞা করিল যে, হে
 বীর! এক্ষণে স্বীয় বধ সম্বন্ধে আমার
 প্রতিজ্ঞা শুন। মদায় প্রতিজ্ঞা পরিহৃত
 হইয়া তুমি সাবধানে যুদ্ধ করও। আমি
 এই বাণে যদি তোমার প্রাণ সংহার
 করিতে না পারি, তাহা হইলে সদাচারসম্পন্ন
 সঙ্করিত্তা সতী রমণীকে সম্যকরূপে দুষিত

করিয়। লোক সকল যমের বশবর্ত্তী হইয়া
 যে লোক প্রাপ্ত হয়, আমারও যেন সেই
 লোকে গতি হয়, আমার এই প্রতিজ্ঞা সত্য
 জানিবে। ২০—৩২। পরবীরহস্তা মতিমান বীর
 চিত্রাক্ষ, পুঙ্কলের ঈদৃশ বাক্য শ্রবণে হাস্ত
 করিয়া উঠিল এবং এই কথা বলিল যে,
 ওহে শূরশিরোমণে! প্রাণিগণের সর্ষদাই
 সর্ষজ মৃত্যু হইতে পারে, তজ্জন্ত আমার
 মরণে অণুমাত্র হুঃখ নাই। হে বীর!
 তুমি মহাবীর হইয়া যে প্রতিজ্ঞা করিলে
 তাহা সত্যই হইবে; কিন্তু এক্ষণে আমার
 এক মহাবাক্য শ্রবণ কর। আমাকে সংহার
 করিতে উদ্যত স্বদায় বাণ আমি যদি ছেদন
 করিতে না পারি, তাহা হইলে সর্ষবীরা-
 ত্তিমানী আমারও এই প্রতিজ্ঞা শুন যে,
 কোন ব্যক্তি তীর্থগমনে অভিলাষী হইলে
 যে তাহার সেই ইচ্ছার খণ্ডন করিয়া দেয়
 এবং যে ব্যক্তি একাদশীত্রত অপেক্ষা
 অস্ত ব্রতকে উৎকৃষ্ট বলিয়া জ্ঞান করে,
 তাহার যে পাপ উক্ত আছে, প্রতিজ্ঞা
 লঙ্ঘন করিলে আমারও যেন সেই পাপ
 হয়। চিত্রাক্ষ এই কথা বলিয়াই তুষ্ণীভার

তদা তেন নিষজ্ঞাৎ স্বাহুহুতা সাযকং বরম্ ।
কথিতং তত্র বিশদং বাক্যং শক্ৰবধাবহম্ ॥৩৯
পুঞ্চল উবাচ ।

যদি রামার্জিযুগলং নিষ্কাপট্যেন চেতসা ।
উপাসিতং ময়া তর্হি মম বাক্যং ভবদ্ভূতম্ ॥৪০
যদি স্বমহিলাং ভূক্তা নাত্তাং জানামি চেতসা ।
তেন সত্যেন মে বাক্যং সত্যং ভবতু সঙ্গরে
ইতি বাক্যমুদীর্ঘাণ্ড বাণং ধনুধি সন্ধিতম্ ।
কালানলোপমং বীরশিরশ্ছেদনমাক্ষিপৎ ॥ ৪২
তং বাণং মুক্তমালোক্য স তু রাজসুতো বলী
বাণং শরাসনেহধস্ত জীক্ৰং কালানলোপমম্ ।
তেন বাণেন সঞ্জিন্নো বাণঃ স্ববধ উদ্যতঃ ।
হাহাকারো মহানাসীচ্ছিন্নে তস্মিন শরে তদা
পর্যাক্তং পতিতং ভূমৌ পূর্বার্কং কলসংযুতম্ ।
শিরোধরাৎ চকর্তীশু পদ্মনালমিব ক্ৰণাৎ ॥৪৫

অবলম্বন করত ধনুঃ ধারণ করিল। তৎ-
কালে পুঞ্চলও তুগীর হইতে একটা উৎকৃষ্টসার
উজ্জ্বলনপূর্বক শক্ৰবধবিষয়ক এইরূপ পবিত্র
বাক্য বলিল যে, যদি আমি অকপটচিত্তে
ত্রীমামের পাদপদ্মযুগল উপাসনা করিয়া
 থাকি, তবে সেই সত্যধর্মবলে আমার বাক্য
যেন সত্য হয়। যদি আমি স্বমহিলা উপ-
ভোগ করিয়াই সুখী হই, এবং পরস্ত্রীকে মনে
মনেও চিন্তা না করিয়া থাকি, তাহা হইলে
সেই মৃত্যুবলেই যেন এই সমরক্ষেত্রে
আমার বাক্য সত্য হয়। পুঞ্চল এই কথা
বলিয়া তৎক্ৰণাৎ ধনুতে বীরগণের শির-
শ্ছেদক কালানলোপম এক বাণ সন্ধানপূর্বক
নিক্ষেপ করিল। মহাবলশালী রাজনন্দন
চিত্রাঙ্গ, পুঞ্চলানক্ষিপ্ত সেই বাণ অবলোকন
করিয়া স্বয়ংও শরাসনে কালানলোপম এক
জীক্ৰ বাণ সন্ধান করিল। —৪০। কিন্তু
সেই বাণে পুঞ্চলপ্রেরিত বাণ ছিন্ন হইয়াও
যখন চিত্রাঙ্গের সংহারে উদ্যত হইল, তখন
মহা হাহাকারধ্বনি হইয়া উঠিল। তৎকালে
সেই বাণ ছিন্ন হইলেও আশ্চর্যের বিষয়
এই,—বাণের পশ্চাদর্শে ভূতলে পতিত হইল,

তদা ভূমৌ পতিস্তঃ তু দদৃশুঃ সর্ষসৈনিকাঃ ।
হাহা কৃন্দা ভৃশং সর্ষে পলায়নপরা গতাঃ ॥৪৬
পৃথিব্যাং মস্তকং শ্বেষ্ঠং সক্রিরীটং সক্রুণলম্ ।
শুভেহতীব পতিতং চন্দ্রবিধং দিবো যথা ॥
তং বীক্য পতিতং বীরঃ পুঞ্চলো ভরতাশ্বজঃ
ব্যগাহত ব্যাহমিমং সর্ষবীরৈকশোভিতম্ ॥৪৮
শেষ উবাচ ।

অথ পুঞ্চং সমালোক্য পতিতং ব্যস্মুস্কৃতম্ ।
বিললাপ ভৃশং রাজা সুভদ্রঃখেন দুঃখিতঃ ।
মুর্ধ্নি সস্তাভ্যামাস পাণিভ্যাংমতিদুঃখিতঃ ।
কম্পমানো ভৃশং চাক্ষায়মুঞ্চন্নয়নাজয়োঃ ॥ ৫০
গৃহীত্বা পতিতং বক্রং চন্দ্রবিধমনোরমম্ ।
পুঞ্চলেশুক্ৰতাংগুডিশ্ছন্নং কুণ্ডলশোভিতম্ ॥৫১
কুটিলক্রয়ুগলশ্বেষ্ঠং সন্দষ্টাধরপল্লবম্ ।

কিন্তু ঞ্জলকসংযুত পূর্বার্কভাগ, অবিলম্বে
চিত্রাঙ্গের গ্রীবানদেশ পদ্মনালবৎ ক্ৰণমধ্যেই
ধ্বংস করিয়া ফেলিল। তখন সমুদয়
সৈনিকগণ চিত্রাঙ্গকে ভূতলে পতিত হইতে
দেখিয়া সান্তিশয় হাহাকারপূর্বক পলায়ন
করিতে থাকিল। চিত্রাঙ্গের কিরীটকুণ্ডলা-
লঙ্কৃত মনোহর মস্তক পৃথিবীতে পতিত
হইয়া আকাশচ্যুত চন্দ্রবিধের স্থায়
শোভা পাইতে লাগিল। ভরতাশ্বজ মহা-
বীর পুঞ্চল চিত্রাঙ্গকে পতিত দেখিয়া বহুল
বীরগণে শোভিত সেই কৌঞ্চব্যূহমধ্যে
প্রবেশ করিল। শেষ বলিলেন,—অনন্তর
রাজা সুবাহু মহাবলোকৃত পুত্রকে পতিত
ও গতাসু দর্শনে পুত্রদুঃখে সান্তিশয়
দুঃখিত হইয়া বিলাপ করিতে লাগিলেন।
তৎকালে তাঁহার সর্ষশরীর কম্পিত হইতে
লাগিল, তিনি নিরতিশয় দুঃখিত হৃদয়ে
স্বীয় লগাটদেশে কন্নঘাত এবং নয়নার-
বিন্দু হইতে আবরলঅক্ষ জল বর্ষণ করিতে
লাগিলেন। ৪৪—৫০। অনন্তর সুবাহুরাজ,
কুটিল ক্রয়ুগলভূষিত, অধরপল্লবে দশনমালায়
দংশিত, পুঞ্চলের শরঘাতজনিত ক্ষত স্থান
হইতে বিচিত্র কথিরধারায় পরিষ্কৃত, কুণ্ডল-

সমুখ্য মুখপয়েন বিলগরিদমব্রবীৎ । ৫২

হা পুত্র বীর কথমুৎসুকচেতসং মাং

কিং নেকসে বিশদনেজয়ুগেন শূর ।

কিং মছিনোদকতয়া রহিতস্বমেব

। রোবোদধিপুত্রমমাঃ কিল লক্ষ্যাসে চ ॥৫৩

বদ পুত্র কথং মাং স্বং প্রক্রবে ন হসন পুনঃ ।

অমৃতৈশ্বধুধাশ্বাঈর্বিনোদয়সি পুত্রক ॥ ৫৪

শক্রস্বাং গৃহণ স্বং সিষ্ঠচামরশোভিতম্ ।

সুবর্ণপত্রশোভাচ্যং ত্যাক্য নিদ্রাঃ মহামতে ॥৫৫

এষ প্রতাপবিশদঃ প্রতাপাগ্রাঃ পরস্তপঃ ।

ধনুর্কিঁত্রং পুরো ভাতি পুঙ্কলঃ পরবীরহা ॥৫৬

এনং বায়য় সস্তীকৈর্কীরৈঃ কোদগুনির্গঠৈঃ ।

কথং স্বং রণমধ্যে বৈ শেষে বীর বিমোহিতঃ

হস্তিনঃ পস্তয়শ্চৈব রথারূঢ়া ভয়াদ্বিতাঃ ।

শরণং ত্বাং সমায়ান্তি তানীক্শ্ব মহামতে ॥ ৫৮

শোভিত, স্ত্রবিদ্ববৎ মনোহর, পতিত পুত্র-
মস্তক গ্রহণপূর্বক স্বীয় মুখপদ্ম দ্বারা বায়ংবায়
চূষন ও বিলাপ করিয়া এইরূপ কহিতে
লাগিলেন,—হা পুত্র! হা বাবা! কি জন্ত
আমাকে স্বদর্শনে সমুৎসুকচিত্ত জানিয়াও
আমার প্রতি দৃষ্টিপাত করিতেছ না? হা
শূর! কি নিমিত্ত তুমি আমার সন্তোষ
সাধনে বিরত হইতেছ? আমি যে এখনও
ভোমাকে যেন রোষসাগর উত্তরণে ইচ্ছুক
দেখিতেছি। হা পুত্র! বল, কি জন্ত
আমায় সহাস্ত বদনে কিছু বলিতেছ না?
তুমি যে সর্গদা আমায় অমৃতোপম সুমধুর
বচনপরম্পরায় আনন্দিত করিয়া থাক। হে
মহামতে! এক্ষণে নিদ্রা পরিত্যাগপূর্বক
শুভচামরশোভিত সুবর্ণপত্রভূষিত শক্রস্বের
অর্থ গ্রহণ কর। ৫১—৫৫। ঐ দেখ, পর-
বীরহস্তা মহাপ্রতাপশালী পরস্তপ পুঙ্কল ধনু-
র্ধারণ করিয়া তোমায় সমুখে বিরাজ করি-
তেছে। হে বীর! এক্ষণে কোদগুবির্গত
সুতীক্শ্ব শরনিকর দ্বারা উহাকে নিবারণ
কর। কি জন্ত তুমি বিমোহিত হইয়া রণ-
মধ্যে শয়ন করিয়া রহিয়াছ? হে মহামতে!

পুত্র স্বয়া বিনা সোঢ়ুং কথং শক্তো রণাঙ্গণে ।

শক্রস্বদায়কাংস্তীকাংশ্চকোদগুনির্গতান ॥৫৯

অতো মান্ত স্বয়া হীনং কো বা পালয়িতুং কামঃ

যদি ত্যাক্যসি নিদ্রাঃ স্বং জয়ায়াহং কামস্তদা ॥

ইথং বিলপ্য সুভূষণং ততাত্ত হৃদয়ং স্বকম্ ।

বজ্রণঃ পাণিনা রাজা পুত্রহুংখেন হুংখিতঃ ॥ ৬১

তদা বিচিত্রদমনো স্বশস্ত্রদমনসংস্থিতৌ ।

পিতৃশ্চরণয়োর্নহা উচ্যতুঃ স্বময়োচিতম্ ॥ ৬২

রাজস্বাস্ত্র জীবৎসু কিং হুংখং হৃদি তেহনব

বীরণাঃ প্রধনে মৃত্যুর্কীকৃতিভো জায়তে মহান্

ধস্তোহয়ং বত চিত্তাঙ্গো যো বীরভূবি শোভতে

সকিরীটশ্চ সন্দষ্ট-দস্তচ্ছদয়ুগঃ প্রভুঃ ॥ ৬৪

কথয়াশু কিমদৈব্য কুরন্তে কার্যমীপিতম্ ।

দেখ, হস্তী, পদাতি ও রথী প্রভৃতি সেনাগণ
ভীত হইয়া তোমার নিকট উপস্থিত হই-
তেছে, একবার তাহাদিগের প্রতি দৃষ্টিপাত
কর। পুত্র! তোমা ভিন্ন আমি কি প্রকারে
এই সমরাজন মধ্যে শক্রস্বের প্রচণ্ড কোদগু-
বির্গত সুতীক্শ্ব শরনিকর সহন করিতে
সমর্থ হইব? অতঃপর তোমাবিরহিত
আমায় কেই বা পালন করিতে সমর্থ হইবে?
তুমি যদি নিদ্রা ত্যাগ কর, তবেই আমি
শক্রস্বকে জয় করিতে পারি। পুত্রহুংখে
হুংখিত রাজা সুবাহ একস্ত্রকার সাতিশয়
বিলাপ করিয়া বজ্রবার স্বীয় হৃদয়ে করাঘাত
করিতে লাগিলেন। ৫৬—৬১। তৎকালে
বিচিত্র ও দমন নামক তদীয় পুত্রস্বয় স্ব স্ব
রথায়োহণে আগমন করিয়া পিতৃচরণে
প্রণতিপুরঃসর সময়োচিত বাক্য বলিল;—
রাজন! আমরা জীবিত থাকিতে আপ-
নার হৃদয়ে কি হুংখ উপস্থিত হই-
তেছে? হে অনঘ! বীরগণের সংগ্রামে
মৃত্যু ত বাঞ্ছনীয় এবং প্রশংসনীয়। অহো!
এই চিতাঙ্গই ধস্ত! কারণ, ইনি কিরীটভূষিত
মস্তকে বীরজনাটিত সমরভূমিতে দশন-
পংক্তি দ্বারা অঘরদেশ দংশন করত কেমন

শক্রবাহিনীঃ সর্কামাংবাঃ হৃৎ প্রমাথিনীম্ ॥৬৫
 অদৈব পুঙ্কলং ভ্রাতৃর্ষধকারিণমাংহবে ।
 পাতয়াবো ষ্ঠাচ্ছিব শিরো মুকুটমণ্ডিতম্ ॥৬৬
 ত্যজ শোকং সুহৃৎখর্ষঃ কথং ভাসি মহামতে
 আক্রাপয়াবাঃ মানার্হ কুরু যুদ্ধে মতিং তথা ॥
 ইতি বাক্যং সমাকর্ণ্য পুত্রয়োবীরমানিনোঃ ।
 শোকং ত্যক্ত্বা মহারাজো যুদ্ধায় মতিমাদধাৎ
 ভাবপি প্রতিযোদ্ধারং বাহুস্তো রণদুর্ঘটো ।
 জগতুঃ কটকে শত্রোরনন্তভটপুরিতে ॥ ৬৯ ॥
 রিপুতাপেন দমনো নীলরত্নেন চেতয়ঃ ।
 ষুধুধাতে রণে বীরো প্রাবর্ষৌব বলাহকৌ ॥৭০
 রাজা কনকসন্নদ্ধে রথে মণিবিচিত্রিতে ।
 রত্নকুবরশোভাঢ্যে তিষ্ঠংস্তাপধরো বলী ॥৭১
 ঘযৌ যোদ্ধুস্ত শক্রস্বং বীরকোটিভিরাবৃতম্ ।
 তৃণীকুর্ধ্বন মহাবীরান্ ধনুর্ধ্বিন্যাবিশারদান্ ॥৭২

তং যোদ্ধুমাগতং দৃষ্ট্বা স্রুবাঃ রোষপূরিতম্ ।
 পুত্রনাশেন ক্রুদ্ধস্তঃ সর্কসৈন্তবর্ধাদিকম্ ॥ ৭৩
 শক্র্য পার্শ্বকারী হনুমাংস্তমুপাত্রবৎ ।
 নখাযুধো মহানাৎ কুরন মেঘ ইবাহবে ॥ ৭৪
 স্রুবাঃস্তঃ হনুমন্তমাগচ্ছন্তঃ মহারবম্ ।
 উবাচ প্রহসন্ বাক্যং রোষপূরিতলোচনঃ ॥৭৫
 ক গভঃ পুঙ্কলো হস্তা মৎপুত্রং রণমণ্ডলে ।
 পাতয়াম্যদ্য তস্তাশু শিরো জলিতকুণ্ডলম্ ॥৭৬
 ক শক্রয়ো বাহপালঃ ক চ রামঃ কুতো ভটাঃ
 প্রাণহন্তারমায়ান্তঃ পশুস্ত প্রধনে তু মাশ্ ॥৭৭
 ইতি তদ্বাক্যমাকর্ণ্য হনুমান্ নিজগাদ তম্ ।
 শক্রয়ো লবণচ্ছেতা বর্ভতে সৈন্তপালকঃ ॥৭৮
 স কথং প্রবনে যুধ্যেৎ সেবকেহগ্রহিতে নৃপ

শোভা পাইতেছেন । অরায় আজ্ঞা করুন, অদ্য আমাদিগকে আপনার কোন্ অভীষ্ট কার্য্য করিতে হইবে? আমরা অদ্যই প্রমাথিনী সমুদয় শক্রবাহিনীকে সংহার করিব এবং অদ্যই কুণ্ডলভূষিত মস্তক ছেদন পুঙ্কল ভ্রাতৃহস্তা পুঙ্কলকে রথ হইতে পাতিত করিব । হে মহামতে! শোক পরিত্যাগ করুন, কিজন্ত এক্রপ সমধিক তৃৎখর্ষ হইতে-ছেন? হে মানার্হ! আমাদিগকে আজ্ঞা করুন, যুদ্ধে মত দিন । মহারাজ স্রুবাঃ বীর পুত্রস্বয়ের ঐদৃশ বাক্য কর্ণগোচর করিয়া শোকপরিত্যাগপুঙ্কল যুদ্ধার্থ অভিলাষ করিলেন । তখন সেই রণ-দুর্ঘটদ রাজ-কুমারস্বয় প্রতিযোদ্ধাকে পাইবার বাসনায় অনন্ত যোদ্ধুবন্দে পরিপূর্ণ শক্রকটকমধ্যে গমন করিল । অনন্তরস্বীরবর দমন, রিপুতাপের সহিত এবং বিচিত্র নীলরত্নের সহিত নিরন্তর জলধারাবধী বর্ধাকালীন মেঘধণ্ডস্বয়ের স্তায় সতত শরধারা বর্ষণ দ্বারা সংগ্রাম আরম্ভ করিল । মহাবলশালী রাজা স্রুবাঃ কনক-মণ্ডিত, মণিখচিত ও রত্নকুবরশোভিত রথে আরোহণ করিয়া ধনুর্ধ্বিন্যাবিশারদ মহা মহা

বীরগণকেও তৃণতুল্য জ্ঞান করত শরাসন-হস্তে অসংখ্য বীরগণে পরিবৃত শক্রসমি-ধানে যুদ্ধার্থ যাত্রা করিলেন । অনন্তর রাজা স্রুবাঃকে পুত্রের বিনাশনিবন্ধন রোষপূর্ণ হৃদয়ে অখিল শক্রসৈন্যাদিগকে বিনাশ ও বিমর্দন কারিতে করিতে যুদ্ধার্থ সমাগত দেখিয়া শক্রস্বের পার্শ্বকারী হনুমান্ মেঘবৎ গস্তীর গর্জজন করিতে করিতে নখমাত্র আঘুসহায়ে সেই সমরাদানমধ্যে স্রুবাঃ-রাজের সম্মিধানে ধাবিত হইল । পরে স্রুবাঃ, হনুমান্কে মহাশব্দে আগমন করিতে দেখিয়া রোষপূর্ণহৃদয়ে উচ্চৈঃস্বরে হাস্ত করত এই কথা বলিলেন যে, পুঙ্কল রণ-মণ্ডলে আমার পুত্রকে নিহত করিয়া কোথায় গেল? আমি এখনই তাহার কুণ্ডলালঙ্কৃত মস্তক পাতিত করিব । ৬২—৭৬ । আর এক কথা, সেনাপতি শক্র্য ও রামই বা কোথায়? এবং বীরগণই বা কোথায় আছে? আমি এই রণস্থলে তাঁহাদিগের প্রাণসংহারার্থ আসিতেছি, আমার প্রতি একবার দৃষ্টিপাত করুন । হনুমান্ স্রুবাঃর এবদ্বিধ বাক্য শ্রবণে বলিল, লবণাসুর-হৃদন শক্র্য সৈন্ত রক্ষা করিতেছেন । হে নৃপ! সংগ্রামক্ষেত্রে সেবক সশু-

মাং বিজিত্য রণে তঞ্চ ত্বং গস্তাসি নরর্ষভ ॥
 ইত্যুক্তবস্তং তরসা বিব্যাধ দশসার্যকৈঃ ।
 হৃদি তং বীরমত্যাগ্ৰং পরীতাগ্রামিবি স্বিকৃতম্ ॥
 তে বাণা আগতা তেন গৃহীতাঃ করকুড়ালে ।
 চূর্ণয়ামাস তিলশঃ শিতান্ বৈরিবিদারণান্ ॥৮১
 চূর্ণয়িত্বা শরাস্ত্রাস্ত্রাস্তাম বিনদন ঘনগর্জিত্তৈঃ ।
 পুচ্ছেনাবেষ্টা বেগেন রথং নিশ্চে মহাবলঃ ॥
 তং যাস্তং নূপবর্ষোহসাবাকাশে স্থিত এব সঃ
 লাক্সলং তাক্ষয়ামাস শিতাগ্ৰৈঃ সায়কৈর্মুহুঃ ॥৮৩
 স তাড়িতস্ত পুচ্ছাগ্ৰে শরৈঃ সন্নতপরীতিঃ ।
 মুমোচ তদ্রথং দিব্যং কনকেন বিচিহ্নিতম্ ॥৮৪
 স মুক্তস্তেন তরসা শরৈস্তৌকৈর্জঘান তম্ ।
 হনুমন্তঃ কপিবরং রোষসম্পূরিতেক্ষণঃ ॥ ৮৫

মুখেই বর্তমান থাকিতে তিনি অথঃ কিজন্ত
 সংগ্রাম করিবেন? নরর্ষভ! তুমি
 সমরে আমাকে পরাজয়পূর্বক তাঁহার নিকট
 গমন করিবে। হনুমান এইরূপ বলিলে
 সুবাহু সম্মুখে প্রকাণ্ড পর্তবৎ অবস্থিত
 সেই মহাবীরের হৃদয়ক্ষেত্র বিদ্ধ করিবার
 নিমিত্ত অরায় দশ বাণ নিক্ষেপ করিলেন।
 সেই বাণ সকল যেমন সন্নিকটে সমাগত
 হইল, অমনি হনুমান বৈরিবিদারক
 নিশিত সেই শরসমূহকে করে ধারণ-
 পূর্বক তিল তিল প্রমাণে চূর্ণ করিয়া
 ফেলিল। মহাবল হনুমান, এইরূপে
 তৎসমুদয় শর চূর্ণ করিয়া মেঘধ্বনির স্তায়
 ভীষণ সিংহনাদ করত সবেগে স্বীয় লাক্সল
 দ্বারা সুবাহুর রথ বেষ্টনপূর্বক শূন্যপথে
 লইয়া যাইতে আরম্ভ করিল। নূপবর
 সুবাহু হনুমানকে ঐরূপে যাইতে দেখিয়া
 আকাশমার্গে অবস্থিত থাকিয়াই নিশিত
 শরনিকর দ্বারা বায়বায় তাহার লাক্সল
 তাড়িত করিতে লাগিলেন। তখন হনুমান,
 সন্নতপরী শরসমূহে পুচ্ছাগ্ৰে তাড়িত হইয়া
 কনকবিচিহ্নিত সেই দিব্য রথ পরিত্যাগ
 করিল। রাজা সুবাহু হনুমান কর্তৃক পরি-
 ত্যক্ত হইয়াই তৎক্ষণাৎ রোষপূর্ণ লোচনে

হনুমান বাণসঙ্ঘিনঃ সর্ষত্র কধিরাপ্পতঃ ।
 মহারোষঃ সমাধত নূপোপরি কপীধরঃ ॥ ৮৬
 গৃহীত্বা তস্ত নঃস্ট্রীভা রথং হুমসমধিতম্ ।
 চূর্ণয়ামাস বেগেন তদকৃত্তমিভাবৎ ॥ ৮৭
 স্বরথং ভজয়মানস্ত দৃষ্ট্বা রাজা ত্বরন বলী ।
 অস্তং রথং সমাস্তায় যুযুধে তং মহাবলম্ ॥ ৮৮
 পুচ্ছে মুখেহৎ হৃদয়ে বাহ্বেশ্চরণয়ো নু পঃ ।
 জঘান শরসন্ধান-কোবিদঃ পরমাস্ত্রবিৎ ॥ ৮৯
 তদা ক্রুদ্ধঃ কপিবরস্তাডয়ামাস বক্ষসি ।
 পাদনোৎপ্লুত্বা বেগেন রাজঃ স্তুভটশোভিনঃ
 স পদা প্রহতো ভূমৌ পপাত কিল মুচ্ছিতঃ ।
 মুখাধমন্নস্বক চোকং শ্বাসপূরপ্রবেপিতঃ ॥ ৯১
 তদা প্রকুপিতোহস্তান্ত্যং হনুমান্ প্রধনাক্রমে ।
 অশ্বান্ গজান্ রথানবীরাংশ্চূর্ণয়ামাস বেগতঃ

সুতীক্ষ্ণ শরসমূহে সেই কপিবরকে আহত
 করিলেন। ৭৭—৮৫। তৎকালে কপিবর হনুমান
 সর্ষাক্ষে শরসমাচ্ছন্ন ও কধিরাপ্পত হইয়া
 সুবাহুরাজের উপর যৎপরোনাস্তি ক্রুদ্ধ
 হইল। পরে মহাবেগে সুবাহুরাজের রথ
 গ্রহণপূর্বক ভীষণ দস্তাবলী দ্বারা অশ্বনিচয়ের
 সহিত চূর্ণ করিয়া ফেলিল, এই সময়ে ঐব্যাপার
 সকলেরই অদ্ভুত বোধ হইল। মহা-
 বলশালী রাজাও স্বীয় রথ ভয় দেখিয়া
 অরায় অস্ত্র রথে আরুঢ় হইয়া সেই মহাবল
 হনুমানের সহিত যুদ্ধ করিতে থাকিলেন।
 অনন্তর, সেই শরসন্ধানকোবিদ, পরমাস্ত্রবিৎ
 নূপতি, হনুমানের মুখে হৃদয়ে বাহুদ্বয়ে চরণ-
 যুগলে ও পুচ্ছে সাতিশয় আঘাত করিলেন।
 তখন কপিবর সমধিক ক্রুদ্ধ হইয়া মহাবেগে
 উল্লম্বনপূর্বক মহা মহা বীরগণের মধ্যে
 শোভমান রাজার তৃক্ষণস্থলে পদাঘাত
 করিল। তিনি হনুমানের পাদপ্রহারে মুচ্ছিত
 হইয়া ভূতলে পতিত হইলেন, মুখবিবর হইতে
 উৎক শোণিত নির্গত এবং দৌর্ভিন্ধ্বাসসহকারে
 তাঁহার নরী শরীর কম্পিত হইতে থাকিম।
 এদিকে হনুমান নিরতিশয় প্রকুপিত হইয়া
 সবেগে সমরান্বনমধ্যে অসংখ্য অশ্ব গজ ও

তদা সূকেতুস্তদভ্রাতা তথা লক্ষ্মীনিধিনৃপঃ ।
 উভাবপি স্মসন্নকৌ যুদ্ধায় সমুপস্থিতৌ ॥ ১৩
 রাজানং মুচ্ছিতং দৃষ্ট্বা প্রপলায্য গতা নয়াঃ ।
 ইতস্ততো বাণসংজ্ঞৈঃ ক্ষতঃ পুরুষবর্ষিতৈঃ ॥
 তন্ত্র্যমানং স্ববলং বীক্ষ্য রাজান্নজৌ বলী ।
 দমনঃ স্তম্ভমায়াস সেতুর্ধাক্ষিমিবোচ্চলম্ ॥ ১৫
 তদা তু মুচ্ছিতৌ রাজা স্বপ্নমেকং দদর্শ হ ।
 রণমধ্যে কপিবর-প্রপদাঘাতপীড়িতঃ ॥১৬
 রামচন্দ্রস্বযোধায়ান্ সরযুতীরমণ্ডলে ।
 ব্রাহ্মণৈর্ধাজিকশ্রোষ্ঠৈর্কষভিঃ পরিবারিতঃ ॥১৭
 তত্র ব্রহ্মাদয়ৌ দেবাস্তত্র ব্রহ্মাণ্ডকোটয়ঃ ।
 কৃতপ্রাঞ্জলয়ন্তং বৈ স্বস্তি স্ততিভির্মুহঃ ॥১৮
 রামং শ্রামং সুনয়নং যুগশৃঙ্গপরিগ্রহম্ ।
 গায়ন্তি নারদাদ্যাশ্চ বীণোজসিতপাণয়ঃ ॥১৯

রথীদিগকে চূর্ণ-বিচূর্ণ করিয়া ফেলিল। এই সময়ে রাজভ্রাতা সূকেতু ও এদিকে নৃপতি লক্ষ্মীনিধি উভয়েই সুসজ্জিত হইয়া যুদ্ধার্থ সমুপস্থিত হইলেন। ১৬—১৩। তৎকালে সুবাহুরাজের সৈন্তগণ রাজাকে মুচ্ছিত দেখিয়া এবং পুরুষের বাণবর্ষণে ক্ষতবিক্ষত হইয়া ইতস্ততঃ পলায়ন করিতে থাকিল। তখন মহাবলশালী রাজকুমার দমন, স্বীয় সৈন্তগণকে ভয় দেখিয়া সেতু যেমন মহাবেগশালী জলরাশিকে আবদ্ধ করে, সেইরূপ তাহাদিগকেও স্থির করিয়া রাখিল।* এদিকে কপিবরের পদাঘাতে প্রপীড়িত রাজা সুবাহু সেই সমরাজনে মুচ্ছিত থাকিয়া তদবস্থায় এক স্বপ্ন দর্শন করিলেন। তিনি দেখিলেন,—ক্রীরামচন্দ্র অযোধ্যায় সরযুতীরে বহুসংখ্যক যাজ্ঞিক ব্রাহ্মণগণে পরিবৃত্ত হইয়া, অবস্থান করিতেছেন। তথায় ব্রহ্মাদি দেবগণ এবং কোটি কোটি ব্রহ্মাণ্ডের লোকসকল কৃতাজলি হইয়া বিবিধ স্ততিবাদ দ্বারা বারংবার তাঁহার স্তব করিতেছেন। নারদাদি ঋষিগণ, বীণাবাদন-সহকারে শার্ঙ্গধনুর্ধারী, সুলোচন, নবদূর্বা-দলশ্যাম ক্রীরামের গুণ গান করিতেছেন।

নৃত্যন্ত্যপন্নসস্তত্র স্মতাটীমেনকাদয়ঃ ।
 বেদা মুর্তিধরা ভূত্বা হ্যপতিষ্ঠন্তি রাঘবম্ ॥
 যচ্চ কিঞ্চিৎসজ্জাতং সর্ষভোভাসমধিতম্ ।
 তস্ত দাতারমখিলভক্তানাং ভোগদায়কম্ ॥১০১
 ইত্যেবমাদি সম্পশ্চন জাগ্রৎসংজ্ঞামবাপ্য সং ।
 ব্রহ্মশাপহতজ্ঞানঃ কিং দৃষ্টমতি বৈ বদন ॥ ১০২
 গন্তং প্রবৃত্তোহসৌ পশ্চ্যাৎ শক্লন্নচরণং প্রতি ।
 ভৃত্যকোটিপরীবায়-রথকোটিসমারূতঃ ॥ ১০৩
 সূকেতুঃ স সমাহুয় বিচিত্রং দমনং তথা ।
 যুদ্ধং কর্তুং সমুদযুক্তান বারয়ামাস ধর্ম্মবিৎ ॥
 উবাচ তান মহারাজৌ ধর্ম্মাচ্ছা ধর্ম্মসংযুতঃ ।
 ভ্রাতঃ পুত্রৌ শৃণুত মে বাক্যং ধর্ম্মসমধিতম্ ॥১০৪
 মা যুদ্ধং কুরুত ক্షিপ্রমনয়ন্ত মহানভূৎ ।
 যদামচন্দ্রবাহং ভ্রমগৃহ্নাদমনোজ্জিতম্ ॥ ১০৬
 এষ রামঃ পরংব্রহ্ম কার্য্যকারণতঃ পরম্ ॥

১৪—১১। তথায় স্মতাটী ও মেনকাদি
 অঙ্গরা সকল নৃত্য করিতেছে। বেদসকল
 মূর্তিমান হইয়া, ঘিনি অখিল ভক্ত
 গণেরই ভোগপ্রদ এবং জগতে যাহা
 কিছু পরম শোভাকর বস্তুনিচয় আছে,
 তৎসমুদয়ই প্রদান করিতে সমর্থ, সেই
 ক্রীরামকে স্তব করিতেছেন। এককালে
 রাজা সুবাহু, ব্রহ্মশাপে হতজ্ঞান হইয়া-
 ছিলেন, এক্ষণে এইরূপ স্বপ্ন দর্শনে দিব্য-
 জ্ঞান প্রাপ্ত হইয়া যেন জাগরিত হইলেন
 এবং “একি দেখিলাম!” বলিতে বলিতে
 অসংখ্য ভৃত্য ও রথিগণে পরিবৃত্ত হইয়া
 পাশ্চায়েই শক্লয়ের চরণপ্রান্তে গমন করিতে
 প্রবৃত্ত হইলেন। তখন সেই ধার্ম্মিকবর
 রাজা সুবাহু, যুদ্ধার্থ-সমুদ্যত সূকেতু, বিচিত্র
 ও দমনকে আহ্বানপূর্ব্বক যুদ্ধ করিতে
 নিবারণ করিলেন। ধর্ম্মাচ্ছা মহারাজ সুবাহু,
 তাহাদিগকে কহিলেন,—হে ভ্রাতঃ! হে পুত্র-
 যুগল! আমার এই ধর্ম্মসঙ্গত বাক্য শ্রবণ
 কর, যুদ্ধ করিও না। দমন! তুমি শক্ল-
 যের প্রসিক অথ গ্রহণ করিয়া অতি অস্তায়

চরাচরজগৎস্বামী ন মাহুযবপুর্নকরঃ ॥ ১০৭ ॥
 এতদ্ধি ব্রহ্মবিজ্ঞানমধুন। জ্ঞাতবানহম্ ।
 পুরাণিতাক্ষশাপেন হৃতজ্ঞানধনেহনঘাঃ ॥ ১০৮ ॥
 অহং পুরা তীর্থযাত্রাঃ গতস্তত্শিববিসংসয়া ।
 তত্রানেকে ময়া দৃষ্টা মুনয়ো ধর্ম্মবিস্তমাঃ ॥ ১০৯ ॥
 অসিতাক্ষং মুনিমহং গতবান্ স্তাতুমিচ্ছয়া ।
 তদা প্রোবাচ মাং বিপ্রঃ কৃপাং কৃত্বা মমোপরি
 ষোড়শাবযোধ্যাধিপতিঃ স পরঃ ব্রহ্মশক্তিভিতঃ ।
 তস্ত যা জানকী দেবী সা সাক্ষাচ্চিন্নয়ী স্মৃতা ॥
 এনং তু যোগিনঃ সক্ষাৎপাসতে যমাদিভিঃ ।
 হস্তরাপারসংসার-বারিধিং সন্তিতীর্থবঃ ॥ ১১২ ॥
 স্মৃতমাত্রো মহাপাপহারী স গুরুভূধ্বজঃ ।
 য এনং সেবতে বিদ্বান্ স সংসারং তরিস্যতি

তদাহমহং বিপ্রং কোহয়ং রামম্ মাহুযঃ ।
 কেয়ং স জানকী দেবী হর্ষশোকসমাকুলা ॥
 অজয়নঃ কথং জয় অকর্তুঃ কৃত্যমত্র কিম্ ।
 জয়তুঃখজরাতীতঃ কুপয় ত্বং মুনো মম ॥ ১১০ ॥
 ইত্যুক্তবস্তঃ মাং প্রাজ্ঞঃ শশাপ স মুনীশ্বরঃ
 অজ্ঞাত্বা তৎস্বরূপং ত্বং প্রতিক্রবে মমাধম ॥
 এনং নিশ্চিন্তি রামঃ ত্বং মাহুযোহয়মিদং হসন্
 তস্মান্তং তত্বসম্মুচো ভবিষ্যন্ত্যাদরস্তরিঃ ॥ ১১১ ॥
 তদাহং তস্য চরণৌ গৃহীত্বা দয়য়া যুতম্ ।
 কৃতবান্ স পুনর্বাঙ্স্ত প্রোবাচ ককর্ণানিধিঃ ॥
 ত্বং রামশ্য মখে বিস্ময় করিস্যসি যদা নৃপ ।
 পদা তদা হনুমাংস্বাং তাড়য়িস্যতি বেগতঃ ॥
 তদা তং জ্ঞাস্যসে রাজরাত্তথা স্বমনীয়া ।

কার্য করিয়াছ। কারণ, শ্রীরাম মাহুয-
 দেহধারী সামান্ত মানব নহেন, তিনি
 সচরাচর অখিল জগতের প্রভু, কার্যকারণের
 অতীত পরম ব্রহ্ম। হে অনঘগণ! পূর্বে
 অসিতাক্ষমুনির শাপবলে আমার জ্ঞানরত্ন
 অপহৃত হইয়াছিল, এক্ষণে এই ব্রহ্মবিজ্ঞান
 আমি জানিতে পারিয়াছি। পূর্বে একদা
 আমি ব্রহ্মতত্ত্ব জানিবার বাসনায় তীর্থযাত্রা
 করি, পরে কোন তীর্থস্থানে বহল ধার্মিক
 মুনিগণের সহিত সাক্ষাৎ হয়। ১০০—১০৯।
 অনন্তর তত্ত্ববিষয় জানিবার জন্ত মুনিবর
 অসিতাক্ষের নিকট আমি গমন করি, তখন
 সেই বিপ্র, আমার প্রতি কৃপা করিয়া বলেন,
 অযোধ্যাধিপতি যে শ্রীরাম, তিনিই পরব্রহ্ম
 শব্দের প্রতিপাদ্য, এবং তদীয় পত্নী যে
 জানকী, তিনিই সেই সাক্ষাৎ চিন্নয়ী প্রকৃতি
 বলিয়া উক্ত আছে। যোগিগণ, হস্তর
 ছপার সংসারপারাবার পার হইবার বাসনার
 যমাদি সাধন দ্বারা নিরন্তর হৃদয়ক্ষেত্রে
 সাক্ষাৎ ঐ শ্রীরামচন্দ্রকেই উপাসনা করিয়া
 থাকেন। সেই ভগবানকে স্মরণ মাত্রেই
 তিনি মহাপাপ হরণ করিয়া থাকেন। যে
 বিদ্বান্ ব্যক্তি, তাঁহাকে সেবা করেন, তিনি
 অনঃসন্দেহে সংসার হইতে নিস্তার লাভ করি-

বেন। তৎকালে এই কথা শুনিয়া আমি সেই
 বিপ্রবরকে উপাহাস করিয়া বলিয়াছিলাম,
 সেই রাম আবার কে? তিনি ত মাহুয
 এবং হর্ষশোকবশীভূতা সেই দেবীই বা
 কিরূপে চিন্নয়ী হইবেন? মুনো! যিনি
 জয়বিহীন, তাঁহার আবার কিরূপে জয়
 হইবে? এবং যিনি নিশ্চিন্ত, কি প্রকারে
 তিনি যাবৎবধাদি কার্য করিবেন? আপনি
 আমার জয়জয়গির্জুঃখের অতীত ব্রহ্মের
 বিষয় বলুন। সেই প্রাজ্ঞ মুনিবর আমাকে
 এইরূপ বলিতে শুনিয়া অভিসম্পাত করত
 কহিলেন,—রে অধম! তুই ব্রহ্মের স্বরূপ
 না জানিয়াই আমার কথার প্রত্যাশ করিতে
 ছিস? তুই যখন শ্রীরাম মাহুয
 বলিয়া উপহাস করত তাঁহাকে নিন্দা করিতে
 ছিস, তখন তুই তত্ত্ববিষয়ে বিমুঢ় হইয়া
 কেবল আত্মোদর-পুরণে প্রবৃত্ত হইবি।
 ১১০—১১১। সেই সময় আমি তাঁহার
 চরণদ্বয় ধারণ করিয়া তাঁহাকে প্রসন্ন করি,
 তাহাতে সেই ককর্ণানিধি পুনরায় আমাকে
 বলেন, নৃপ! তুমি যখন শ্রীরামের অধ-
 মেধযজ্ঞে বিস্ময় করিবে, সেই সময়
 হনুমান দৃঢ়তরুরূপে তোমাকে পাদপ্ৰহার
 করিবে, রাজন্! সেই সময়েই তুমি শ্রীরামকে

পুরাণমুক্তেনৈবং তদ্বৃষ্টমধুনা সয়া । ১২০

যদা মাং হনুমান ক্রুদ্ধস্তাভয়ামাস বক্ষসি ।
তদাদর্শঃ রমানাথঃ পূর্ণব্রহ্মরূপিণম্ ॥ ১২১ ॥
তস্মাদধঃ তু শোভাচ্যামানমস্ত মহাবলাঃ ।
ধনানি চৈব বাসাংসি রাজ্যাক্ষেপঃ সমর্পয়ে ॥
সামং দৃষ্ট্বা কৃতার্থঃ স্যামহং যজ্ঞেহতিপুণ্যদে ।
ইতি বৈ সহয়ং মহং রোচতে তু তদর্পণম্ ॥

ইতি শ্রীপাণ্ডে পাতালখণ্ডে নাম
ষোড়শোধ্যায়ঃ ।

সপ্তদশোধ্যায়ঃ ।
শেষ উবাচ ।

তে তু ভাতবচঃ স্তত্রা হর্ষিতাঃ সম্পহারিণঃ ।
তথৈত্বাচৃশ্মহরাজঃ রামদর্শনলালসম্ ॥ ১

জানিতে পারিবে, অস্তথা স্বীয় ধীশক্তিতে
কদাচ বৃদ্ধিতে পারিবে না। পূর্বে মুনিবর
যে আমার এইরূপ বলিয়াছিলেন, অধুনা
অপ্নে তদ্রূপই দর্শন করিলাম। হনুমান
ক্রুদ্ধ হইয়া যে সময়ে আমার বক্ষঃস্থলে
পদাঘাত করে, তৎকালেই আমি সেই
রমানাথ শ্রীরামচন্দ্রকে পূর্ণব্রহ্মরূপে দর্শন
করিয়াছি। অতএব হে মহাবলশালী জাত-
পুত্রগণ! সেই মাল্যাদিশোভিত যজ্ঞিয়
অশ্বটিকে আনয়ন কর; আমি সেই অশ্ব
এবং বহুল ধনসম্পত্তি, দিব্য বসননিচয়,
অধিক কি মদীয় এই রাজ্য পর্য্যন্ত
ঊর্ধ্বায় চরণে সমর্পণ করিব। শ্রীরামের
অতি পুণ্যপ্রদ যজ্ঞস্থলে ঊর্ধ্বাকে নিরীক্ষণ
করিয়া আমি কৃতার্থ হইব, বিবেচনাতেই
অশ্বের সহিত রাজ্য-সমর্পণে আমার অভি-
ক্রুতি হইতেছে। ১১৮—১২০।

ষোড়শ অধ্যায় সমাপ্ত । ১৬।

সপ্তদশ অধ্যায় ।

শেষ বলিলেন,—সুকৃতের সহিত বোধ-
প্রবর রাজকুমারদ্বয় পিতৃবাক্য শ্রবণে পুল-

পূজাবৃত্তঃ ।

রাজন ভবৎপদাধস্তর জ্ঞানীমঃ পরস্তপ ।
তস্মাবজ্জিদি যজ্ঞাতঃ তত্তবদ্ব্যয়ং বেগতঃ ॥ ২ ॥
অখোহয়ং নীয়তাং তত্র সিভচামরভূষিতাঃ ।
রত্নমালাদিশোভাচ্যশ্চন্দনাদিকচর্চিত্তঃ ॥ ৩ ॥
রাজ্যমাজ্ঞাকলং স্বামিন কোশা বহুসমৃদ্ধয়ঃ ।
চন্দনং চন্দ্রকং চৈব বাজিনঃ সুমনোহরয়াঃ ॥ ৪ ॥
হস্তিনস্ত মদোকুতা রথাঃ কাঞ্চনকুবরয়াঃ ।
ব সাংসি সুমহাধাঁপি স্মৃশ্চাপি শুশুণানি চ ॥ ৫ ॥
বিচিত্রতরবর্ণানি নানাভরণভূষিতাঃ ।
দাস্তঃ শতসহস্রঞ্চ দাসাশ্চ সুমনোরমাঃ ॥ ৬ ॥
মণয়ঃ সূর্যাসঙ্কাশা রত্নানি বিবিধানি চ ।
মুক্তাকলানি শুভ্রাণি গজকুন্তভবানি চ ॥ ৭ ॥
বিজ্রমাঃ শতসাহস্রা যদ্বদ্বস্ত মহোদয়ম্ ।
তৎসর্কং রামচন্দ্রায় দেহি রাজন মহামতে ॥ ৮ ॥
সুহানস্মান কিঙ্করায়ঃ সর্কানর্পয় কুপতে ।

কিত হইয়া রামদর্শনান্তলাষী মহারাজ সুবা-
হকে কহিল,—তাহাই হউক। রাজন!
আমরা আপনায় চরণ-ভিন্ন আর কিছুই
জানি না; অতএব হে পরস্তপ! আপনায়
হৃদয়ে বাহা কর্তব্য স্থির হইয়াছে, অবিলম্বে
তাহাই হউক। কিঙ্করগণ দ্বারা শ্রীরামসর্ক-
ধানে শ্বেতচামরভূষিত রত্নমালাদিশোভিত
ও চন্দনাদিচর্চিত যজ্ঞিয় অশ্বকে তবে লইয়া
যান। স্বামিন! আজ্ঞা মাগ্রেই তদ্রূপ
ফলপ্রদ আপনায় এই রাজ্য, বহুতরন-
রত্নাদিপূর্ণ কোষাগারনিচয়, চন্দন, চন্দ্রক,
পরম মনোহর অশ্বসমূহ, মদমত্ত মাতঙ্গনিচয়,
কাঞ্চনকুবরশোভিত বহুল রথ, শিল্পকার্য-
শোভিত বিচিত্রবর্ণ মহামূল্য স্মৃশ্চ বসনচয়,
নানাভরণভূষিত শতসহস্র দাস-দাসী,
সূর্যাসম সমুজ্জল মনোহর মণিনিচয়,
বিবিধপ্রকার রত্নরাজি, গজকুন্তোদ্ভূত শুভ্র
মুক্তাকলরাশি, শতসহস্র বিজ্রম এবং অস্ত্রাস্ত্র
যে কিছু আপনায় মহামূল্য উৎকৃষ্ট উৎকৃষ্ট
বস্তু আছে, হে মহামতে রাজন! আপনি

কথং ন কুরুষে রাজংস্তদধীনং নৃপাসনম্ ।১
শেষ উবাচ ।

ইতি পুত্রবচঃ শ্রুত্বা হর্ষিতোহভ্য়ুন্নহীপতিঃ ।
উবাচ বশুতান বীরান স্ববাক্যকরণোদ্যতান
রাজোবাচ ।

আনয়ন্তু হযং সর্ষে সন্নদ্ধাঃ শস্ত্রপাণয়ঃ ।
নানাশ্বথপন্নীবারাস্ততো যাস্তে নৃপং প্রতি ।
শেষ উবাচ ।

ইতি রাজো বচঃ শ্রুত্বা বিচিহ্নো দমনস্তথা ।
সুকেতুশচাপরে শূরা জম্বুস্তম্ভাজয়োদ্যতাঃ ।
তে গম্বাথ পুরীঃ শূরা বাজিনঃ সুমনোহরম্ ।
সিতচামরসংযুক্তং স্বর্ণপদ্মাদ্যলঙ্কৃতম্ । ১৩
রত্নমালাবিভূষাঢ্যং চিত্রপত্রৈশ্চ শোভিতম্ ।
বিচিত্রমণিভূষাঢ্যং মুক্তাজালশ্লঙ্কৃতম্ । ১৪

তৎসমস্তই জীৱামকে সমর্পণ করুন । হে ভূপতে ! আপনার এই পুত্রগণকে এবং আমাদিগের এই সমুদয় কিস্করগণকেও রাম-করে সমর্পণ করুন ; আর এক কথা, স্বীয় রাজসিংহাসন বা কি জম্বু জীৱামের অধীন না করিতেছেন ? অনন্তদেব কহিলেন,— মহীপতি সুবাহু পুত্রদ্বয়ের এবশ্রকার বাক্য শ্রবণে আনন্দিত হইয়া স্বীয় আজ্ঞাকারী বীর পুত্রগণকে কহিলেন,—তবে তোমরা সকলে এক্ষণে জীৱামের যজ্ঞীয় অশ্বকে আনয়ন কর,পরে সকলে সজ্জিত,শস্ত্রপাণি এবং বহুল স্বর্ণ ও পরিজনগণে পরিবৃত্ত হইয়া রাজসম্মি-ধানে গমন করিব। ১—১১। সুবাহু রাজের ঐদৃশ বাক্য শ্রবণ করিয়া রাজকুমার বিচিত্র ও দমন এবং রাজভ্রাতা সুকেতু ও অস্তান্ত শুরগণ রাজাজ্ঞা হেতু অশ্ব আনয়নে উদ্যত হইয়া নগরান্তিমুখে গমন করিল। পরে তাহার নগরীমধ্যে প্রবেশ করিয়া সেই অশ্বমেধ-মহাযজ্ঞের অশ্বকে সুবাহুরাজের নিকটে আনয়ন করিল। সেই যজ্ঞীয় অশ্ব অতীব সুন্দর। য়ে গায়র, স্বর্ণ-পত্র ও রত্ন-মালাদি দ্বারা কুচিত, এবং চিত্রপদ্মালঙ্কৃত সেই অশ্ববয়ের

রজ্জা ধৃত মহাবীরৈঃ পূর্ষিতঃ পৃষ্ঠতো ভট্টৈঃ
মহাশস্ত্রাসংযুক্তৈঃ সর্ষেশোভাসমষ্টিতৈঃ । ১৫
সিতাতপত্রমস্তোচ্চৈর্ভাতি মুর্ধনি বাজিনঃ ।
চামরদ্বয়কে তস্ত দ্বিয়েতে পুরতো মুহুঃ । ১৬
কৃষ্ণাঙ্কুরাদিমুদৈশ্চ ধূপিতং বায়ুবেগিনম্ ।
রাজঃ পুরো নিনায়াশ্বঃ হযমেধস্ত সংক্রতোঃ ।
তমানীতং হযং দৃষ্ট্বা রত্নমালাবিভূষিতম্ ।
মনোজবং কামরূপং জহর্ষ মতিমান নৃপঃ । ১৮
জগাম পদ্ম্যাং শক্রয়ং রাজচিহ্নাদ্যলঙ্কৃতম্ ।
সপুত্রপৌত্রৈঃ সংযুক্তো রাজা পরমধাৰ্ম্মিকঃ ।
যযৌ কর্ত্ত্বং ধনাধাঞ্চ সন্যায়ং চলগামিনাম্ ।
এতন্নি নশ্বরং মত্বা হুঃখদং সজ্ঞচেতসাম্ । ২০
শক্রয়ং স দদর্শাথ সিতচ্ছত্রৈশ্চ শোভিতম্ ।
চামরৈর্বীজ্যমানঞ্চ সেবকৈঃ পুরতঃ স্থিতৈঃ । ২১

সর্ষশরীর বিচিত্র মণিময় ভূষণ ও মুক্তাজালে সুশোভিত ছিল। সে বায়ুবেগে গমনশীল বলিয়া সর্ষ প্রকারে সুসজ্জিত অস্ত্রশস্ত্রধারী মহামহা বীরগণ সম্মুখ ও পশ্চাৎ ভাগে রজ্জ্ব-বন্ধনপূর্বক তাহাকে ধরিয়া রাখিয়াছিল। তাহার মস্তকোপরি খেতচ্ছত্র শোভমান হইতেছিল, সম্মুখে চামরদ্বয় মুহুমুহু আন্দোলিত হইতেছিল এবং কৃষ্ণাঙ্কুর প্রভৃতি গন্ধদ্রব্যে বিরচিত ধূপগন্ধে তাহার চতুর্দিক্ আমোদিত হইয়াছিল। মতিমান নৃপবর সুবাহু, রত্নমালাবিভূষিত, মনোবৎ ক্রতগামী কমনীয়মূর্ত্তি সেই অশ্বকে আনীত দেখিয়া অতিশয় আনন্দিত হইয়াছিলেন। অনন্তর পরম ধাৰ্ম্মিক রাজা,নিজ পুত্র-পৌত্র-গণের সহিত পাদচারেই রাজচিহ্নাদি দ্বারা অলঙ্কৃত শক্রয়ের সম্মিধানে গমন করিতে আরম্ভ করিলেন। ‘বিদ্যাসক্ত মানবগণের ভোগ্য বস্তুসকল বিনশ্বর ও হুঃখের নিদান’ এইরূপ মনে করিয়াই তিনি সেই ক্ষণভঙ্গুর ধনের সন্যায় করিবার জম্বুই গমন করিয়া-ছিলেন। ১২—২০। অতঃপর তিনি দেখিলেন,—শক্রয়ের মস্তকোপরি খেতচ্ছত্র শোভা পাইতেছে, সেবকগণ তাহার সম্মুখে অবস্থান

সুমতিঃ পরিপূঙ্কন্তঃ রামচন্দ্রকথানকম্ ।
 ভয়বার্ত্তাবিনিপুঙ্কঃ বীরশোভাবলকৃতম্ ॥ ২২ ॥
 বীরকোটিভিরাণীণঃ মেত্রপাত্তিকাক্ষকৈকৈ ।
 বায়গানানং সহশ্রেষ্ঠ সমস্তানং পরিবায়িতম্ ॥ ২৩ ॥
 দৃষ্টৌ শক্রস্রচরণৌ প্রণনাম সপুত্রকঃ ।
 ধস্তোহহমিতি সংকুন্তৌ বদন্ রামৈকমানসঃ ॥ ২৪ ॥
 শক্রস্রস্তং প্রণয়িনং দৃষ্টৌ রাজানমুস্তটম্ ।
 উখায়াসনতঃ সর্কৈর্দৌর্ভাণ্ডাঞ্চ পরিবষজ্জে ॥ ২৫ ॥
 দুঢং সম্পূজ্য রাজা তং শক্রস্রঃ পরবীরহা ।
 উবাচ হর্ষমাপন্নো গদ্গদশ্বরভূষিতঃ ॥ ২৬ ॥
 সুবাহুরুবচা ।

অদ্য ধস্তোহস্মি সসুতঃ সকুটুম্বঃ সবাহনঃ ।
 যদযুধচ্চরণো দ্রেক্ষ্যে নৃপকোটিভিরৌভিতো ॥
 অজ্ঞানিনা স্তুতেনাযং গৃহীতো বাজিনা বরঃ।

করত নিরস্তুর চামর বীজ্ঞন করিতেছে। তিনি বীরোচিত পরিচ্ছদাদি শোভায় সুশোভিত হইয়া মাজ্জবর সুমতিকৈ জীৱামের বিবরণ জিজ্ঞাসা করিতেছেন। দেখিলেই বোধ হয়, তদীয় হৃদয়ে যেন কখনই ভয়বার্ত্তা প্রবেশ করিতে পারে নাই। তিনি রূপাকটাক্ষভিলাষী অসংখ্য বীরগণে পরিব্যাপ্ত এবং চতুর্দিকে সহস্রসহস্র বানরবৃন্দে পরিবেষ্টিত হইয়া অবস্থিত করিতেছেন। পরে জীৱামের প্রতি একাগ্রহৃদয় নৃপবর সুবাহু স্ত্রীপুত্রগণের সহিত শক্রস্রের চরণ-গুগল সন্দর্শনপূর্ব্বক ‘আজ আমি ধস্ত হইলাম’ বলিতে বলিতে সানন্দচিত্তে প্রণাম করিলেন। তখন শক্রস্র, সেই মহাবীর রাজা সুবাহুকে প্রণয়পূর্ণ দেখিয়া সমুদয় পার্বদগণের সহিত গাজোখানপূর্ব্বক উভয় হস্তে আলিঙ্গন করিলেন। অনন্তর পরবীরঘাতী সুবাহুরাজ শক্রস্রের প্রাত্তি অতিশয় সম্মান প্রদর্শনপূর্ব্বক সানন্দহৃদয়ে গদ্গদশ্বরে এইরূপ বলিতে আরম্ভ করিলেন। সুবাহু বলিলেন,— অদ্য আমি যে কোটি কোটি নৃপগণের বন্দনীয় ভবদীয় চরণগুগল দর্শন করিলাম, ইহাতেই আমি পুত্র, পরিবার ও বাহনাদির সহিত ধস্ত

দমনেনানয়ং স্বস্ত কম্বব ককর্ণানিধে ॥ ২৮ ॥
 ন জানাতি রঘুস্তঃসং সর্কদেবাধিদৈবতম্ ।
 লীলায়া বিশ্বস্রষ্টারং হস্তারমণি পালকম্ ॥ ২৯ ॥
 ইদং রাজ্যং সমুদ্বাকং সমুদ্বলবাহনম্ ।
 ইমে কোশা ধনৈঃ পূর্ণা ইমে পুত্রা ইমে বয়ম্ ॥
 সর্কৈ বয়ঃ রামনাথাস্বপাজ্ঞাপ্রতিপালকাঃ ।
 গৃহাণ সর্কং সকলং ন মেহান্ত কচিদ্ভয়তম্ ॥ ৩০ ॥
 কাসৌ হনুমান রামস্ত চরণান্তোজযট্টিপদঃ ।
 যৎপ্রসাদািবহং প্রাপ্স্যো রাজরাজস্ত দর্শনম্ ॥
 সাধুনাং সঙ্গমে কিং কিং প্রাপাতে ন মহীতলে
 যৎপ্রসাদাদহং মুঢ়ো ব্রহ্মশাপমতীতরম্ ॥ ৩১ ॥
 দৃষ্টৌ ষড় মহারাজং পদ্যপত্রনিত্তেক্ষণম্ ।
 প্রাপ্স্যামি জন্মনঃ সর্কং কলং তুর্লভমত্র চ ॥ ৩৪ ॥

হইলাম। আমার অজ্ঞান পুত্র দমন অজ্ঞানতা বশতই এই যজিয় অশ্ববরকে লইয়া গিয়াছিল। হে ককর্ণানিধে! আপনি তাহার সেই অস্ত্রাঘাচরণকে উপেক্ষা করত কম্ব ককর্ণ। রঘুনাথ জীৱামচন্দ্রে যে, সমুদয় দেবগণের অধিদেবতা, তিনি যে লীলা প্রকাশাই অখিল বিশ্বের সৃষ্টি-স্বিত্তি-লয় করিতেছেন, তাহা সে জানেন না। ২১—২২। আমার এই সমুদ্র রাজ্য, সমুদ্র বলবাহন, ধনপূর্ণ কোশাগারনিচয় এবং এই সকল মদীয় পুত্রগণ ও আমার সকলেই জীৱামের আজ্ঞাকারী হইলাম; তিনিই এই সমুদ্রের প্রভু, অতএব আপনি এই সমুদয় গ্রহণ করিয়া সকল করুন, আমার কোন বিষয়েই বিরোধ নাই জানিবেন। আমি যাহার প্রসাদে রাজরাজ রামচন্দ্রের দর্শন পাইব, জীৱামের চরণারবিন্দেয় ভ্রমরস্বরূপ সেই হনুমান এক্ষণে কোথায়? আমি যখন তাঁহার প্রসাদে নিতান্ত মূঢ় হইয়াও ব্রহ্মশাপ হইতে পুরিভাণ পাইয়াছি, তখন এই মহীতলের সাধুদিগের সঙ্গমে কোন অভীষ্ট বস্তু না লভ হয়? অধুনা আমি সেই পদ্যপলাশলোচন মহারাজ রামচন্দ্রকে নিরীক্ষণ করিয়া এই জগতে জন্ম গ্রহণের যে সকল কল তুর্লভ

মম ভাবদগতং চান্বর্ষহু রামবিদ্যোগিনঃ ।
 বহুস্বর্ষরিতং তত্ত্ব কথং দ্রেক্ষ্যে রঘুসন্তমম্ ॥ ৩১ ॥
 মহ্যং দর্শয় স্বং রামং যজ্ঞকর্ম্মবিচক্ষণম্ ।
 যদজিত্ব রজসা পুত্রা শিলাভূতা মুনিপ্রিয়া ॥ ৩২ ॥
 কাকঃ পরং পদং প্রাপ্তো যদানস্পর্শনাৎ খগঃ ।
 অনেকে যশ্চ বক্ত্রাজং বৌদ্ধা সঙ্ঘো পদং
 গতাঃ ॥ ৩৭ ॥

যে তশ্চ রঘুনাথশ্চ নাম গৃহতি সাদরাঃ ।
 তে যান্তি পরমং স্থানং যোগিভির্বাধিত্যভ্যতে ॥
 ধন্যাবোধ্যাভবা লোকা যে রামমুখপঙ্কজম্ ।
 শ্লোচনপুটে: পীত্বা সুখং যান্তি মহোদয়ম্ ॥ ৩৯ ॥
 ইতি সত্ভাষ্য নৃপতিবাংং রাজ্যং ধনানি চ ।
 সর্বং সমর্পা চাবোচৎ কিল্লরোহস্মি মহীপতে ॥
 ইতি বাক্যং সমাকর্ণ্য রাজঃ পরপুরঞ্জয়ঃ ।

তাঁহাই প্রাপ্ত হইব । এতাবৎকাল জীৱাম-
 দর্শনে বঞ্চিত থাকায় আমার অধিকাংশ
 আয়ুই বুধা গিয়াছে, এক্ষণে যে অত্যল্পমাত্র
 অবশিষ্ট আছে, উহাই সকল হইল'; অতএব
 বলুন কিরূপে তাঁহাকে অবলোকন করিব ?
 ঝাঁহার চরণরঙ্গস্পর্শে পাবানময়ী মুনিপত্নী
 অহল্যা পবিত্র হইয়াছেন, ঝাঁহার বাণস্পর্শে গগন
 চারী কাকও পরমপদ লাভ করিয়াছে এবং
 অসংখ্য বীরগণ সমরস্থলে ঝাঁহার মুখারবিন্দ
 দর্শন করিয়া সংসার হইতে পরিত্রাণ পাইয়াছে,
 এক্ষণে আমায় সেই যজ্ঞকর্ম্মে বিচ-
 ক্ষণ জীৱামচন্দ্রকে দেখাইয়া দিন ।
 যাঁহার সাদরে রঘুনাথের নাম উচ্চারণ করে,
 গুনিয়াছি, তাঁহার যোগিগণের চিন্তনীয়
 পরম স্থান প্রাপ্ত হইয়া থাকে । অযোধ্যাবাসী
 যে সকল মানব স্বচক্ষে জীৱামের মুখ-
 পঙ্কজ অবলোকনপূর্বক অনন্ত মহামুখ
 উপভোগ করিতেছে, তাঁহারাই ধন্য ।
 নৃপতি সুবাহ এইরূপ বলিয়া শক্রব্রহ্মকে রাজ্য,
 ধন ও বাহনাদি সমুদয় সমর্পণপূর্বক কহিলেন,
 —হে মহীপতে! আমি আপনার কিঙ্কর ।
 বাগ্মী ব্যাক্যবিশারদ শক্রমর্দন শক্রয় রাজা

প্রভৃতে বিনতং কুপং বাগ্মী বাক্যবিশারদঃ ॥
 শক্রয় উবাচ ।
 কথং রাজস্মিন্দংক্রবে স্বং বুদ্ধো মম পুঞ্জিতঃ ।
 সর্বং তদীয়ং স্বভ্রাজ্যং দমনো বিদধাৎসয়ম্ ॥ ৪২ ॥
 ক্ষত্রিয়ানামিদং কৃত্যং যৎ সংগ্রামবিধায়কম্ ।
 সর্বং রাজ্যং ধনক্লেদং প্রতিঘাতু মমাজ্ঞয়া ॥
 যথা মে রঘুনাথশ্চ পুজ্যো বাহনস্যা সদা ।
 তথা ত্বমপি মৎপুজ্যো ভবিবাসি মহীপতে ॥ ৪৩ ॥
 ভবান্ সজ্জো ভবত্বশ্চ হযশ্চানুগমং প্রতি ।
 সন্নদ্ধঃ কবচী খড়্গী রথস্বখণসংযুতঃ ॥ ৪৫ ॥
 ইতি বাক্যং সমাকর্ণ্য শক্রয়শ্চ মহামতেঃ ।
 পুত্রং রাজ্যেহভির্ঘট্যেব শক্রয়েন সুপুঞ্জিতঃ ।
 মহারথৈঃ পরিবৃতো নিজং পুত্রং রণাঙ্গনে ।
 পুঙ্কলেন হতং ভূয়ঃ সংকৃত্য বিধিপূর্বকম্ ॥
 কণং শুশোচ তত্ত্বজ্ঞো লোকদৃষ্ট্যা মহারথঃ ।

সুবাহর এতাদৃশ বাক্য শ্রবণ করিয়া সেই
 বিনয়বনত ভূপতিকে কহিলেন,—রাজন!
 আপনি এরূপ বলিতেছেন কেন? আপনি
 বয়োজ্যেষ্ঠ; সুতরাং আমার পূজনীয় ।
 আপনার সমস্ত রাজ্যই আপনার রহিল ।
 আপনার পুত্র এই দমনই উহার রক্ষণ-
 বেক্ষণ করুন । ৩০—৪২। রাজন! সাময়িক
 ব্যাপারই ক্ষত্রিয়ের কার্য্য; অতএব আপনি
 আমার কথায় রাজ্য-ধন গ্রহণ করুন । হে
 মহীপতে! রঘুনাথ যেমন সর্বদা আপনার
 কাধমনোবাক্যে পূজনীয়, আপনিও সেইরূপ
 আমার পূজ্য হইবেন । এক্ষণে আপনি
 এই অশ্বের অনুসরণার্থ রথনিচয়ে পরিবৃত
 হইয়া খডগবর্ষাদি ধারণ করত সজ্জিত
 হউন । রাজা সুবাহ, মহামতি শক্রব্রহ্মের
 ঈদৃশ বাক্য শ্রবণে স্বীয় পুত্রকে রাজ্যে অভি-
 যুক্ত করিয়া শক্রব্রহ্মকর্তৃক সম্যক স্বাধীনত
 হইয়াছিলেন । পরে সেই তত্ত্বজ্ঞ মহারথ
 নৃপবর, মহারথনিচয়ে পরিবৃত হইয়া সমরা-
 ঙ্গনে পুঙ্কলকরে নিহত নিজ পুত্রকে স্বাধি-
 সংকারপূর্বক বাহদৃষ্টি গুহ্যসারে কণকাল
 শোক করিলেন । তৎপরে মনোমধ্যে

জ্ঞানেনাশময়চ্ছোকং স্বধ্বনাধমহুস্মরন । ৪৮
সজ্জীভূতো রথে তিষ্ঠন মহাসৈন্তসমাহৃতঃ ।
আজগাম ন শক্রয়ঃ মহারথিপুরুষতঃ ॥ ৪৯ ॥
রাজা তমাগতং দৃষ্ট্বা সর্কসৈন্তসমঘর্ষনম্ ।
গন্তং চকার ধিষণাং হ্রস্ববর্ষাস্ত পালনে ॥ ৫০ ॥
সোহখে বিমোচিতস্তেন ভালে পত্রেন

চিহ্নিতঃ ।

বামাবর্জং ভ্রমন্ প্রায়ান্ত পৌরবান জনপদান
বরন ॥ ৫১ ॥

তত্র তত্র চ ভূপালৈশ্মশাশুরাভিপূজিতৈঃ ।
প্রণতিঃ ক্রিয়ন্তে তস্তান কোহপি তমগৃহত ॥
কেচিৎসাংসি চিত্রোপ কেচিৎসাজ্যং স্বকং মহৎ ॥
কেচিৎকনানি বা কিঞ্চিদানীয় প্রণমন্তি তম্ ॥ ৫৩ ॥
ইতি শ্রীপাশে পাতালখণ্ডে সপ্তদশোহধ্যায়ঃ ॥

শ্রীরামচন্দ্রকে স্মরণ করত জ্ঞানবলে পুত্র-
শোক প্রশমিত করিলেন । ৪৮—৪৯। অনন্তর
তিনি সজ্জীভূত এবং মহাসৈন্তে পরিবৃত্ত হইয়া
মহারথীদিগকে অগ্রে করত রথারোহণে
শক্রয়ের সন্নিধানে আগমন করিলেন । তখন
রাজা শক্রয়, সুবাহুরাজকে সমুদয় সৈন্তগণের
সহিত সমাগত দেখিয়া অশ্ববরের স্বকার্য
গমনে ইচ্ছা করিলেন । পরে ললাটে জয়-
পত্রে চিহ্নিত করিয়া অশ্বকে বিমুক্ত করিয়া
দিলেই । সেই অশ্ব বামাবর্জে ভ্রমণ করিতে
করিতে পূর্বদেশীয় বহুল জনপদে গমন
করিল । যে যে স্থানেই যাইতে লাগিল,
সেই সেই স্থানেই মহা মহা বীরগণের পূজ-
নীয়, তথাকার ভূপালগণ সেই অশ্বকে নম-
স্কার করিতে লাগিল । কেহই তাহাকে
ধরিল না । কোন কোন রাজা বিচিত্র বসন-
নিচয় ও কেহ কেহ বা কিঞ্চিৎ ধন-ব্রত
আনয়নপূর্বক শক্রয়কে প্রদান করিতে
লাগিল এবং কতিপয় নৃপতি স্বীয় বিশাল
রাজ্যই প্রদান করিল । ৪৯—৫৩ ।

সপ্তদশ অধ্যায় সমাপ্ত । ১৭ ।

—

অষ্টাদশোহধ্যায়ঃ ।

শেষ উবাচ ।

অথ তেজঃপুরং প্রাপ্ত্বশক্রয়ঃ পত্রশোভিতঃ ।
যস্তাং পালমতে রাজা প্রজাঃ সত্যেন
সত্যবান্ ॥ ১ ॥

অথ কেটিপন্নীবারো স্বধ্বনাধমহুস্মরনতঃ ।
হয়ারুগো যযৌ তস্ত পুরতঃ পুরধর্ষণঃ ॥ ২ ॥
উদৃষ্ট্বা নগরং রম্যং চিত্রপ্রাকারশোভিতম্ ।
কাঞ্চনৈঃ কলশৈস্তত্র পরিভঃ প্রতিভাসিতম্ ॥
দেবায়তনসাহস্রৈঃ সর্কসৈস্ত বিরাজতম্ ।
যতীনাস্ত মঠাস্তত্র শোভন্তে যতিপুত্রিতাঃ ॥
বহত্যত্র মহাদেবী শিখিলোচনমুর্ধগা ।
হংসকারগুবাকীর্ণা মুনিবৃন্দনিবেষিতা ॥ ৫ ॥
ব্রাহ্মণানাং প্রত্যগারময়িহোত্তমবঃ পুনঃ ।
ধুমস্তত্র পুনাতাক পাতকাপ্ততমানসান ॥ ৬ ॥
উবাচ স্মৃতিং রাজা শক্রয়ঃ শক্রতাপনঃ ।

অষ্টাদশ অধ্যায় ।

শেষ বলিলেন,—অতঃপর সেই জয়পত্র-
শোভিত অশ্ব, যে স্থানে রাজা সত্যবান্
সত্যবর্ষাভূসারে প্রজাবর্গ পালম করিতে-
ছিলেন, সেই তেজঃপুরে উপস্থিত হইল ।
পরে পরপুরঞ্জয় রামারুজ শক্রয় অসংখ্য
অম্বুচরবর্গে পরিবৃত্ত হইয়া অশ্বের অঙ্গসংর-
করত সেই নগরসমীপে গমন করিলেন ।
চতুর্দিকে বিচিত্র প্রাচীর এবং ভূত্বপরি খেণী-
বদ্ধ স্বর্ণকলসনিচয়ে ঐ নগর সুশোভিত
ছিল । ঐ নগরে প্রায় সর্কসৈস্ত বহুল দেবা-
য়তন এবং যতিগণে পূর্ণ মঠ সকল পরম
সৌন্দর্য্য বিকাশ করিতেছিল । তথায়
শিবশিরোরিবিহারিণী হংস-কারগুবাদি জলচর
বিহঙ্গগণে পরিব্যাপ্তা ও মুনিবৃন্দনিবেষিতা
মহাদেবী ভাগীরথী প্রবাহিতা হইতেছিলেন ।
ব্রাহ্মণগণের প্রতীহু হইতে অগ্নিহোত্রের
ধুম উত্থিত হইয়া পাতকী জীবগণকে পবিত্র
করিতেছিল ; শক্রতাপন রাজা শক্রয়

তৎপুরশ্ৰেণোক্তত্ববিম্বিতমানসঃ ॥ ৭

শক্ৰ উবাচ ।

মহিন্ কথয় কশ্বেদং পুরং মে দৃষ্টিগোচরম্ ।
করোতি মানসাহ্লাদং ধৰ্ম্মেণ প্রতিপালিতম্ ॥

শেষ উবাচ ।

ইতি বাক্যং সমাকর্ণ্য শক্ৰেণ স্ত মহাপতেঃ ।

উবাচ স্মৃতিঃ সৰ্বাঃ যথাতথমল্লঙ্কতম্ ॥ ৯

স্মৃতিকবাচ ।

শৃণুবাৰহিতঃ স্বামিন্ বৈকবশ্চ কথ্যঃ শুভাঃ ।

যাঃ শ্ৰব্ণা মুচ্যতে পাশাদ্ভ্রক্ষহত্যাশাসাদপি ॥১০

জীবয়ুক্তো বরীবর্ষি রামাঙ্কুশ্চাণ্ডয়চৈপদঃ ।

সত্যবান্ যজ্ঞযজ্ঞাক্ষজাতা কর্তাবিতা মহান্ ।

ধেহ্নং শ্ৰসাদ্য বহুভির্ভৈর্ভর্ষং প্রাপ তৎপিতা ।

ঋতন্তরায়ো জগতি খ্যাতঃ পরমধার্ম্মিকঃ ॥১২

গৌঃ প্রসন্নো দদৌ পুত্রমনেকগুণসংস্কৃতম্ ।

সত্যবান্নাম শোভাচ্যং তং জানীহি নৃপোত্তমম্

এতাবশ্চ স্মরমা সেই নগর সন্দর্শন করিয়া

তদর্শনজনিত হর্ষ ও বিস্ময়ে যুগপৎ আক্রান্ত-

চিত্ত হইয়া মন্ত্রিবর স্মৃতিকে জিজ্ঞাসা করি-

লেন,—মহিন্! ধর্ম্মানুসারে প্রতিপালিত

এই যে নগর আমার দৃষ্টিগোচর হইতেছে,

উহা কাহার বল, উহা আমার অন্তঃকরণে

পরম আনন্দ উপাদান করিতেছে। ১—৮।

অনন্তদেব বলিলেন,—স্মৃতি, মহীপতি

শক্ৰেণ এবং বিধ বাক্য শ্রবণ করিয়া বিনীত-

ভাবে যথাযথ সমুদয় বিষয় বলিতে আরম্ভ

করিল।—স্বামিন্! যে সকল কথা শ্রবণে

মানব ভ্রক্ষহত্যাশন পাতক হইতেও মুক্ত হয়,

আপনি অবহিতচিত্তে বিষ্ণুভক্ৰে সেই

শুভপ্রদ বিবরণ শ্রবণ করুন। যজ্ঞ ও যজ্ঞ-

দেবতা, যজ্ঞকর্তা, যজ্ঞরক্ষিতা, ঈশ্বরের

পাদপদ্মের ভ্রমররূপ জীবযুক্ত নৃপবর

সত্যবান্ এই নগরে অবস্থান করিতেছেন।

জগতে ঋতন্তর নামে প্রসিদ্ধ পরম ধার্ম্মিক

উদীয় পিতা বহুবিধ ব্রতানুষ্ঠান দ্বারা

ধেহ্নকে প্রসন্ন করিয়া উক্ত সত্যবান্কে

প্রাপ্ত হইয়াছিলেন। একমাত্র ধেহ্ন, প্রসন্ন

শক্ৰেণ উবাচ ।

কো বা ঋতন্তরো রাজা কিমর্থং ধেহ্নপুজনম্ ।

কথং প্রাপ্তঃ স্তুতন্তেন বৈকবো বিষ্ণুসেব : ॥

সূরমেতৎ সমাচক্ষ বৈকবশ্চ কথানকম্ ।

ঋতং হরতি জন্তুনাং মহাপাতকপর্কতম্ ॥ ১০

শেষ উবাচ ।

ইতি বাক্যং সমাকর্ণ্য শক্ৰেণ স্ত মহার্ধকম্ ।

কথয়ামাস বিশদং তদুৎপত্তিকথানকম্ ॥ ১৬

ঋতন্তরোহত্র নৃপতিরনপত্যঃ পুরাভবৎ ।

কলত্রাণি বহুশ্চ ন পুত্রং প্রাপ তেহু বৈ ॥ ১৭

তদা জাবালিনামানং মুনিং দৈবাহুপাগতম্ ।

পপ্রচ্ছ কুশলোদ্যুক্তঃ ন পুত্রোৎপত্তিকারণম্ ॥

ঋতন্তর উবাচ ।

স্বামিন বক্ষ্যশ্চ মে ক্রহি পুত্রোৎপত্তিকরং বচঃ

যৎ কৃত্বা জায়তেহপত্যং মম বংশধরং বরম্ ॥১৯

হইয়াই সত্যবান্ নামক সর্বগুণালঙ্কৃত পরম

সুন্দর ঐ নৃপবর-পুত্রকে দান করিয়াছেন

জানিবেন। তৎশ্রবণে শক্ৰে বলিলেন,—রাজা

ঋতন্তরই বা কে? কি জন্মই বা ধেহ্ন-পুত্র

করিয়াছিলেন? এবং কি প্রকারেই বা তিনি

পরম বিষ্ণুভক্ত পুত্র লাভ করিয়াছিলেন?

স্মৃতে! সেই বিষ্ণুভক্ৰে এই সমুদয়

বিষয় আমায় বল। বৈকবেব বিবরণ শ্রবণ

করিলে জীবগণের পর্কতপ্রমাণ মহাপাতকও

বিলীন হইয়া যায়। সর্পরাজ বলিলেন,—

স্মৃতি শক্ৰেণ ঐদৃশ উদারার্থপূর্ণ বাক্য শ্রবণ

করিয়া সত্যবানের উপ্তিবিষয়ক পবিত্র

ইতিবৃত্ত বলিতে আরম্ভ করিল। স্মৃতি

বলিল,—রাজন্! পূর্বে ঋতন্তর নামে এক

রাজা ছিলেন, তিনি নিঃসন্তান। তাঁহার

অনেকগুলি পত্নী ছিল বটে, কিন্তু কাহারও

পুত্র হয় নাই। ১০—১৭। একদা তিনি দৈবাৎ

উপস্থিত জাবালিমুনিকে বংশের কল্যাণ-

লাভার্থ উৎসুক হইয়া যেরূপে পুত্র হইতে

পারে, তাবিষয় জিজ্ঞাসা করিলেন। ঋতন্তর

বলিলেন,—স্বামিন্! আমি বক্ষ্য, যেরূপ

বাক্যানুসারে কার্য করিলে আমার বংশধর

ভজ্জায়া ভবতো ভবাং প্রকুর্যাং নিশিতং বচঃ
 দানং ব্রতং বা তীর্থং বা মথং বা মুনিসত্তম ॥২০
 ইতি রাজ্ঞো ধ্যঃ ক্ষত্বা জগাদ মুনিসত্তমঃ ।
 সূতোৎপত্তিকরং বাক্যং প্রণতস্ত সূতার্থিনঃ ।
 অপত্যপ্রাপ্তিকামস্ত সন্তাপ যাত্নয়ঃ প্রভো ।
 বিবেকোঃ প্রসাদো গোশ্চাপি শিবস্যাপ্যথবা পুনঃ
 তস্মাৎ কুরু বৈ পূজাং ধেনোর্দেবতনো নৃপ ।
 যস্তাঃ পুচ্ছে মুখে শৃঙ্গে পৃষ্ঠে দেবাঃ প্রতিষ্ঠিতাঃ
 সা তুষ্টা দাশ্চতি ক্ষিপ্রং বাহ্বিতং ধর্ম্মসংযুতম ॥ ২৪
 এবং বিদিত্বা গোপূজাং বিধেহি যমুতস্তয় ॥ ২৪
 যো বৈ নিত্যং পূজয়তি ন্যং গোহে যবসাদিভিঃ
 তস্ত বেদাশ্চ পিতরো নিত্যং তৃপ্তা ভবন্তি হি
 যো বৈ গবাহ্বিকং দদ্যাদ্রিঘমেন শুভব্রতঃ ।
 তেন সত্যেন তস্ত সূ্যঃ সর্গে পূর্ণা মনোরথাঃ
 তৃপ্তিতা গোগৃহে বন্ধা গোহে কস্তা রজশ্বলা ।

দেবতাশ্চ সনির্ম্মালা হস্তি পুণ্যং পুরাকৃতম ॥
 যো বৈ গাং প্রতিবিধোত চরন্তীঃ স্বং তৃণং নর
 তস্ত পূর্বে চ পিতরঃ কম্পন্তে পতনোন্মুখাঃ ॥
 যো বৈ তাড়য়তে যষ্ট্যা ধেল্লং মর্ন্ত্যো বিমূঢ়ীঃ
 ধর্ম্মরাজস্ত নগরে স যাতি করবাজ্জিতঃ ॥ ২২
 যো বৈ দংশান বায়য়তি তস্ত পূর্বে কৃতার্থকাঃ
 নৃত্যন্ত্যতৃত্যৎসবাদস্মাস্তারয়িষ্যতি ভাগ্যবান ॥
 অত্রৈবোদাহারন্তীমমিতিহাসং পুরাতনম ॥
 জনকস্ত পুরারূন্তং ধর্ম্মরাজপুয়েৎভুক্তম ॥ ৩১
 একদা জনকো রাজা যোগেন তন্নমতাজৎ ।
 তদা বিমানং সম্প্রাপ্তং কিল্কীগীজালভূষিতম ॥
 তদাক্রম্য গতো রাজা সেবকৈ রুচদেহবান ।
 মার্গে জগাম ধর্ম্মস্ত সংযমিতাঃ পুরোহস্তিকে ॥

উৎকৃষ্ট পুত্র হয় তাদৃশ বাক্য বলুন। হে
 মুনিসত্তম! যে কোন প্রকার দান, ব্রত, তীর্থসেবন, বা যজ্ঞই হউক, আমি তাহা
 জানিয়া নিশ্চয়ই ভবদীয় শুভকর বাক্য প্রতি-
 পালন করিব। মুনিবর জাবালি পুত্রপ্রার্থী
 প্রণত ভূপতির এইরূপ বাক্য শ্রবণ করিয়া
 তাঁহাকে পুত্রোৎপত্তিকর এইরূপ কথা বলি-
 লেন।—রাজন! পূত্রাভিলাষী ব্যক্তির
 পুত্রলাভের ত্রিবিধ উপায় আছে; বিষ্ণু মহা-
 দেব বা শ্বেত্বর প্রসন্নতা। অতএব নৃপ!
 তুমি দেবময়শরীর ধেয় পূজা কর, ধেয়
 পুচ্ছে মুখে শৃঙ্গে ও পৃষ্ঠদেশে দেবগণ অব-
 স্থিত। তিনি প্রসন্ন হইয়া নিশ্চয়ই তোমাকে
 অবিলম্বে বাহ্বিত ধার্ম্মিক পুত্র প্রদান করি-
 বেন। হে ঋতস্তয়! তুমি এইরূপ নিশ্চয়
 জানিয়া গোপূজা কর। যে ব্যক্তি, প্রতি-
 দিন ভবনে যবাদি দানে গোপূজা করে,
 তাহার পিতৃগণ ও দেবগণ সতত পরিতৃপ্ত
 হন। সে সদাচারী মানব, নিয়ম করিয়া
 প্রত্যহ গোগণকে দৈনিক খাদ্য দেয়, তাহার
 সেই সত্যধর্ম্মবলে সমুদয় মনোরথ পূর্ণ হইয়া
 থাকে। যাহার গৃহে গো তৃকর্গু হইয়া বন্ধ

থাকে, কস্তা রজশ্বলা হইয়া অবিবাহিতা হয়
 এবং দেবাজ্ঞে নির্ম্মালা থাকে, তাহার পূর্ব-
 কৃত অখিল পুণ্যই বিনষ্ট হইয়া যায়। গোগণ
 যখন শ্বেচ্ছানুসারে তৃণ ভোজন করিতে
 থাকে, তখন যে মানব তাহাকে তৃণভোজনে
 নিবারণ করে, তাহার পূর্ব পিতৃগণ পতনো-
 ন্মুখ হইয়া কম্পিত হইতে থাকেন। ১৮—২৮
 যে ব্যক্তি মৃত্তবাবশত গোগণকে যষ্টিপ্রহার
 করে, তাহাকে হস্তহীন হইয়া যমপুরে গমন
 করিতে হয়। যে ব্যক্তি গোগাজ হইতে
 দংশকনিচয়কে দূর করিয়া দেয়, তাহার পূর্ব-
 পুরুষসকল কৃতার্থ হন, অপিচ 'এই ভাগ্যবান
 বংশধরই আমাদিগকে পরিভ্রাণ করিবে'
 বিবেচনায় সেই উৎসবকর ব্যাপার জন্ত
 সানন্দে নৃত্য করিতে থাকেন। পুরা-
 বিদগণ এই বিষয়ে এক পুরাতন ইতিবৃত্ত
 কীর্তন করিয়া থাকেন, উহা যমপুরে জনক-
 রাজের এক অদ্ভুত পুরারূন্ত। একদা রাজা
 জনক যখন যোগবলে তন্ন ত্যাগ করেন,
 তখনই কিল্কীগীজালভূষিত এক দিবা বিমান
 তথায় উপস্থিত হয়। তখন প্রসিদ্ধ দিব্য-
 দেহধারী রাজা সেবকগণের সহিত তাহাতে
 আরোহণপূর্বক যাইতে যাইতে ধর্ম্মরাজের

তদা নরককৌটীম্ পীড়্যন্তে পাপকারিণঃ ।
 জনকশাস্ত্রপবনং প্রাপ্য সৌখ্যং প্রপেদিয়ে ।
 নিরয়ে দাহজা পীড়া জাতৈন্যঃ সুখকারিণী ।
 মহদুখং তদা নষ্টং জনকশাস্ত্রবায়ুনা ॥ ৩৫
 তদা তং নির্গতং দৃষ্ট্বা জন্তবঃ পাপপীড়িতাঃ ।
 অভ্যস্তং চুক্ৰুশ্চতীভাস্ত্রিষয়োগমনিচ্ছবঃ ॥ ৩৬
 উচুস্তে করুণাং বাচঃ মা গচ্ছ সুকৃতিভৃতঃ ।
 বদদ্ববায়ুসংস্পর্শাৎ সুখিনঃ স্তাম পীড়িতাঃ ॥ ৩৭
 ইতি বাক্যং সমাকর্ণ্য রাজা পরমধার্মিকঃ ।
 মানসে চিন্তয়ামাস করুণাপূরপুরিতে ॥ ৩৮
 চেয়ন্তঃ প্রাণিনাং সৌখ্যং ভবেদ্বিহ তদা পুনঃ
 অত্রৈব চ পুরে স্বাস্ত্রে স্বৰ্গ এষ মনোরমঃ ॥ ৩৯
 এবং কৃত্বা মৃগস্তম্বো তত্রৈব নিরয়াগ্রতঃ ।
 বিদধৎ প্রাণিনাং সৌখ্যমমুকাম্পিতমানসঃ ॥ ৪

সংঘমিনী পুরীর সন্নিহিত পথে গমন করি-
 লেন। এই সময়ে যে সকল পাপাঙ্কারী,
 বহুবিধ নরকনিচয়ে পীড়িত হইতেছিল,
 তাহারা জনকরাজের শরীর-সংসর্গী বায়ু-
 স্পর্শে সুখ লাভ করিতে থাকিল। জনক-
 রাজের শরীর-বায়ুদ্বারা তাহাদিগের মহা
 ক্লেশও তিরোহিত হইয়াছিল। আশ্চর্যের
 বিষয় এই,—তৎকালে নিরয়মধ্যে তাহা-
 দিগের দাহজনিত পীড়াও সুখোৎপাদন
 করিতে লাগিল। অনন্তর জনকরাজকে
 সেই স্থান হইতে নির্গত হইতে দেখিয়া পাপ-
 পীড়িত জীবগণ ভীত হইয়া তাঁহার সহবাস-
 বাসনায় উচ্চৈঃস্বরে চীৎকার আরম্ভ করিল
 এবং তাহারা এইরূপ করুণবাক্য বলিল,—
 হে সুকৃতিন্! এস্থান হইতে যাইবেন না,
 আমরা বিবমযাতনায় পীড়িত হইয়াও আপ-
 নার শরীর-বায়ুস্পর্শে সুখী হইতেছি।
 পরমধার্মিক রাজা জনক তাহাদিগের এইরূপ
 কথা শুনিয়া করুণাপূর্ণহৃদয়ে ভাবিলেন, যদি
 আমা হইতে এইস্থানে এই প্রাণীদিগের
 সুখোদয় হয়, তাহা হইলে আমি এই সম-
 পুরেই অবস্থান করিব, ইহাই আমার মনো-
 রম-স্বৰ্গরূপ। করুণাপূর্ণহৃদয়ে নৃপবর জনক

তত্র ধর্ম্মং সম্প্রাপ্তো নিরয়দ্বারি হুঃখদে ।
 কারয়ন্ যাতনাস্তৌত্রা নানাপাতককারিণাম্ ॥
 স তঃ দদর্শ রাজানং জনকং বারসংস্থিতম্ ।
 বিমানেন মহাপুণ্যকারিণঃ দয়য়া সুতম্ ॥ ৪২
 তন্নবাসং প্রেক্ষ্যপতির্জনকঃ স হসন্ গিরা ।
 রাজন্ কুতস্ত্বং সম্প্রাপ্তঃ সর্কধর্ম্মশিরোমণিঃ ॥
 এতৎ স্থানং ত্রষবতাং দৃষ্টানং প্রাণঘাতিনাম্ ॥
 নায়াস্তি পুরুষা ভূপ বাদৃশাঃ পুণ্যকারিণঃ ॥ ৪৩
 অত্রোম্মান্তি নরান্তে বৈ যে পরজোহত্তৎপরয়াঃ ।
 পরাপবাদনিরতাঃ পরদ্রব্যপরায়াণাঃ ॥ ৪৫
 যো বৈ কলত্রং ধর্ম্মিষ্ঠং নিজসেবাপরায়াণম্ ॥
 অপরাধাদৃতে জহাৎ স নরোহত্র সমারজেৎ
 মিত্রং বঞ্চয়তে যন্ত ধনলোভেন লোভিতঃ ।
 আগত্যাত্র নরঃ পীড়াং মন্তঃ প্রাথোতি
 দারুণাম্ ॥ ৪৭
 যো রামং মনসা বাচা কর্ম্মণা দন্ততোহপি বা ।

এইরূপ বিবেচনা করিয়া প্রাণিগণের সুখোৎ-
 পাদন করত সেই নরক-সন্নিধানেই অবস্থিত
 রহিলেন। অনন্তর ধর্ম্মরাজ নানাপ্রকার
 পাপগণের নানাবিধ ভীত যাতনা বিধান
 করত সেই হুঃখময় নরকদ্বারে উপস্থিত হই-
 লেন। পরে মহাপুণ্যাত্মা দয়ার্হ্রদয় সেই
 রাজাকে বিমানারোহণে নরকদ্বারে অবস্থিতি
 করিতে দেখিলেন। তখন প্রেতপতি সহাস্য-
 বদনে জনককে কহিলেন,—রাজন্! তুমি
 সর্কধর্ম্মশিরোমণি হইয়াও কি জন্ত এস্থানে
 আসিয়াছ? ২২—৪৩ হে ভূপ! প্রাণঘাতী
 দৃষ্ট পাপাঙ্কারিগেরই এইস্থান নির্দিষ্ট আছে,
 স্বাদৃশ পুণ্যাত্মা মানবগণ কখন এস্থানে
 আসেন না। যে সকল মানব পরদ্রব্যপরা-
 যণ, পরাপবাদে নিরত ও পরজোহে তৎপর,
 তাহারাই এস্থানে আসিয়া থাকে। যে
 ব্যক্তি স্বামিসেবানিরতা ধর্ম্মপরায়াণ পত্নীকে
 বিনাপরাধে পরিত্যাগ করে, তাহাকেই এই
 স্থানে থাকিতে হয়। যে ব্যক্তি ধনলোভে
 মিত্রকে বঞ্চনা করে, সে-ই এস্থানে আসিয়া
 আমা হইতে দারুণ যন্ত্রণা প্রাপ্ত হইয়া থাকে।

হেবাধা চোপহাসাধা ন স্মরতোব মুচ্যধীঃ ।
 তং বধামি পুনশ্চেষু নিক্ষিপ্য শ্রপয়ামি চ । ৪৮
 যৈঃ স্মৃতো বৈ রমানাথো নরকক্রেশবায়কঃ ।
 তে মংস্থানং বিহয়াশু বৈকুণ্ঠাখ্যং প্রয়াস্ত্যহো
 তাবৎ পাপং মল্লস্বাণামল্লেষু নৃপ তিষ্ঠতি ।
 যাবদ্রামং রসনয়ান গৃহ্নাতি সূত্মশ্রুতিঃ । ৫০
 মহাপাপকরা রাজান য়ে ভবন্তি মহামতে ।
 তানাময়ন্তি মদৃত্যাত্মাদৃশান দ্রষ্টুমক্ষমাঃ । ৫১
 চন্দ্রাদগচ্ছ মহারাজ ভুক্তুক ভোগাননেকশঃ ।
 বিমানবরমাকঙ্ক ভুক্তুক পুণ্যমুপাৰ্জিতম্ । ৫২
 ইতি বাক্যং সমাকর্ণ্য ধর্মরাজস্ত তৎপতেঃ ।
 উবাচ ধর্মরাজানং করুণাপুরপ্রিতঃ । ৫৩
 জনক উবাচ ।
 অহং গচ্ছামি নো নাথ জীবানামহুকম্পকঃ ।

যে মুচ্যতি-মানব, দান্তিকতা, ধ্বংস বা উপ-
 হাস করিয়া কায়মনোবাক্যে জীৱামকে স্মরণ
 না করে, তাহাকেই আমি বহনপূর্বক এই-
 সকল স্থানে নিক্ষেপ করিয়া অশেষ যাতনা
 দিয়া থাকি। যাহারা নরক-নিবারক রমা-
 নাথ রামচন্দ্রকে স্মরণ করে, তাহারা আমার
 এই স্থান পরিত্যাগপূর্বক স্বরায় বৈকুণ্ঠপুরে
 গমন করিয়া থাকে। হে নৃপ! দুর্শ্রুতি
 বানবগণ যাবৎ কাল না রসনাগ্রে রামনাম
 উচ্চারণ করে, তাবৎ কাল পর্য্যন্তই সেই
 মানবগণের শরীরে পাপ অবস্থান করিতে
 পারে। হে মহামতে রাজন! যাহারা
 গুরুতর পাপাচরণ করে, মর্দীয় তৃত্যগণ
 তাহাদিগকেই আনয়ন করিয়া থাকে, কিন্তু
 আত্মশ্রুতি ব্যক্তিকে নিরীক্ষণ করিতেও সক্ষম
 হয় না। অতএব মহারাজ! এস্থান হইতে
 প্রস্থান কর, স্বীয় পুণ্যলব্ধি বিবিধ ভোগ্য-
 সকল উপভোগ করিতে থাক, এক্ষণে এই
 দিব্য বিমানে আরূঢ় হইয়া উপাৰ্জিত পুণ্য-
 কল উপভোগ করিতে প্রবৃত্ত হও। করুণা-
 পূর্ণ-হৃদয় জনকরাজ, তৎপুত্রাধিগতি ধর্ম-
 রাজের ঈদৃশ বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে
 এইরূপ কহিতে আরম্ভ করিলেন। জনক

মদনবায়না ছেতে সূখং প্রাপ্তাঃ স সংস্বিতাঃ
 এতান মুঞ্চসি চেদ্রাজন সর্কান বৈ নিরয়স্থিতান
 ততো গচ্ছামি স্মৃতিতঃ স্বর্গং পুণ্যজনাম্ষিতম্ ॥
 জাবালিকবাচ ।
 ইতি বাক্যমখাশ্রুত্ব জনকং প্রত্যুবাচ সঃ ।
 প্রত্যেকং নির্দেশন জীবান্নিরয়স্থাননেকশঃ । ৫৬
 ধর্মরাজ উবাচ ।
 অয়ং মিত্রকলত্রং বৈ বিশ্বস্তমহুকগিবান্ ।
 তস্মাদেনং লোহশক্কো বধীয়ন্তমপীপচম্ । ৫৭
 পশ্চাদেনং শূকরাণাং যোনৌ নিক্ষিপ্য দোষিণম্
 মাহুবেষবতর্ধেয়ং ষণ্টিচিহ্নেন চিহ্নিতম্ । ৫৮
 অনেন পরদ্বারশ্চ বলাদালিঙ্গিতা মুহঃ ।
 তস্মাদয়ং পচ্যতেহত্র যৌরবে শতহায়নম্ । ৫৯
 অয়ন্ত পরকীয়ং সৎ সুবিস্বা বৃহুজে কৃধীঃ ।
 তস্মাদস্ত করৌ ছিষ্মা পচেয়ং পুয়শোণিতে । ৬০

বলিলেন,—নাথ! আমি এই জীবগণের
 উপর অহুকম্পাপরবশ হইয়াছি, এজন্য
 এস্থান হইতে যাইতে পারিতেছি না। দেখুন,
 ইহার আমার শরীর-সমীরণস্পর্শে সূখী
 হইয়াছে। অতএব রাজন! আপনি যদি
 এই সমুদয় নরকবন্দীদিগকে মুক্ত করিয়া
 দেন, তাহা হইলেই পরম সূখে পুণ্যজনাম্ষিত
 স্বর্গধামে গমন করিতে পারি। জাবালি
 বলিলেন,—এইরূপ কথা শুকিয়া ধর্মরাজ
 নরকবাসী বহুল জীবকে এক এক করিয়া
 নির্দেশ করত জনককে কহিলেন,—এই
 ব্যক্তি বিশ্বস্ত মিত্রপত্নীতে উপগত হইয়াছিল
 বলিয়া অযুতবর্ষ কাল ইহাকে লোহশক্কুতে
 পীড়িত করিতেছে। ৪৪—৫৭। ইহার পর
 এই পাপাত্মকে শূকরযোনিতে নিক্ষেপপূর্বক
 ষণ্টিচিহ্নে চিহ্নিত করিয়া মল্লস্য জাতিতে
 প্রেরণ করিব। ঐ ব্যক্তি বহুবার বল-
 ঐক্যশপূর্বক বহুল পরবনিতাকে আলিঙ্গন
 করায় শতবর্ষ এই যৌরবনয়কে অশেষ
 যন্ত্রণা ভোগ করিতেছে। দেখ, অপন্ন
 এই একজন অতি কুবুদ্ধিশালী বলিয়াই পরম
 অপহরণপূর্বক ভোগ বসিগাছিল, আমি

অয়ং সায়ন্তনং প্রাণমতিথিং ক্ষুধাদিতম্ ।
 বাণ্যপি নাকরোক্তস্ত পূজনং স্বাগতং ন চ ॥৬১
 তস্মাদয়ং পাতনীয়স্তামিশ্রেহন্ধেন পুরিতে ।
 ভ্রমরৈঃ পীড়িতো যাতু যাতনানং শতহায়নাম্ ।
 অয়ং তাবৎ পরস্তোচ্চৈর্নিদাং কুর্বন্ন লজ্জিতঃ
 অয়মপাশুণোৎকর্ণো প্রেরয়ন বহুশঙ্ক তাম্ ॥
 তস্মাদিমা বন্ধকূপে পতিতো হুঃখহুঃখিতো ।
 অয়ং মিত্রকৃৎসিঃ পচ্যতে রোরবে ভূশম্ ॥৬৪
 তস্মাদেতান পাপভোগান কারয়িত্বা বিমোচয়ে
 স্বং গচ্ছ নরশাঙ্গুল পুণ্যরাশিবিধায়কঃ ॥ ৫৩
 জাবালিকুবাচ ।

এবং স নির্দিশন জীবাং স্ত্রীকীমা সাধকারিণঃ ।
 শ্রোবাচ রামভক্তোহসৌ করুণাপুরিতেক্ষণঃ ॥

তজ্জন্তই ইহার ভূজয়ুগল ছেদনপূর্বক এই
 পুয়শোণিত-নরকে পীড়িত করিতেছি ।
 অপর এই এক ব্যক্তিকে যে দেখিতেছেন,
 এ সায়ংকালে উপস্থিত ক্ষুধার্ত অতিথিকে
 বাক্য দ্বারাও সম্ভষ্ট বা স্বাগত প্রদ্ব কয়ে
 নাই, তজ্জন্তই উহাকে অন্ধকারপূর্ণ তামিশ্র-
 নরকে পাতিত করিয়াছি, এই স্থানে এই
 ব্যক্তি ভ্রমরদংশনে পীড়িত হইয়া শতবর্ষকাল
 বিষম যাতনা ভোগ করিবে । ঐ একজন
 উচ্চরবে পরনিন্দা করত কিছুমাত্রও লজ্জিত
 হইত না এবং অপর ঐ এক ব্যক্তি ঋতি-
 যুগল স্থির রাখিয়া বহুবার পরনিন্দা শ্রবণ
 করিয়াছে, তন্নিমিত্ত টহার উভয়ে অন্ধকূপ-
 নরকে পতিত হইয়া নিদারুণ হুঃখ ভোগ
 করিতেছে । আর ঐ অপর একজন মিত্রের
 অপকার করিয়াছিল বলিয়া রোরব-নরকে
 প্রসীড়িত হইতেছে । হে নরশাঙ্গুল !
 ইহার পাপী বলিয়াই অগ্রে ইহাদিগকে
 পাপের ফলভোগ করাইয়া পরে মুক্ত করিয়া
 দিব । তুমি অসীম পুণ্য সঞ্চয় করিয়াছ,
 স্মৃত্যং তুমি এস্থান হইতে গমন কর ।
 ৫৮—৬৫ । জাবালি বলিলেন,—ধর্ম্মরাজ
 এইরূপে পাপী জীবগণকে একে একে
 নির্দেশ করিয়া মোনাবলছন করিলে শ্রীরাম-

জনক উবাচ ।

কথং নিরয়নির্ধুক্তিজীবানাং হুঃখিনাং তবেৎ ।
 তদত্র কথয় স্বং বৈ যৎ কুহা সুখমাপুযুঃ ॥ ৬৭
 ধর্ম্মরাজ উবাচ ।
 নৈভিরারামিতো বিস্বর্নৈভিস্তস্ত কথ্য ঋতা ।
 কথং নিরয়নির্ধুক্তিভবেদৈ পাপকারিণাম্ ॥৬৮
 যদি স্বং মোচয়ন্তেতান মহাপাপকরানপি ।
 তদর্পয় মহারাজ পুণ্যং তৎকথয়াম্যতঃ ॥ ৬৯
 একদা প্রাতঃস্থায় শুদ্ধভাবেন চেতসা ।
 ধ্যাতঃ শ্রীরমুনাথোহসৌ মহাপাপহর্যভিধঃ ॥
 রাম রামেতি বৈ প্রোক্তং ত্বয়াকস্মারোক্তম
 তৎপুণ্যমর্পয়েতেভ্যো যেন স্মারিরয়াকু্যুতিঃ
 জাবালিকুবাচ ।

এতচ্ছূহা বচস্তস্ত ধর্ম্মরাজস্ত ধীমতঃ ।
 পুণ্যং দদৌ মহারাজ আজন্মসমুপার্জিতম্ ৭২

ভক্ত জনক, করুণারসে বিস্ফারিতলোচন
 হইয়া পুনরায় ধর্ম্মরাজকে কহিলেন,—দেব !
 কিরূপে এই হুঃখিত জীবগণের নরক হইতে
 নিস্তার হইবে ? যে কার্য করিলে উহার
 সুখলাভ করিতে পারে, আপনি এক্ষণে
 তদ্বিসয় বলুন । ধর্ম্মরাজ বলিলেন,—রাজন !
 ইহার কখন ভগবান বিষ্ণুর আরাধনা বা
 তাঁহার গুণকথা শ্রবণ করে নাই, স্মৃত্যং
 এই পাপাঙ্কাদিগের কি প্রকারে নিরয় হইতে
 নিষ্কৃতি হইবে ? মহারাজ ! তুমি যদি
 একান্তই এই পাপিষ্ঠদিগকে মুক্ত করিতে
 চাও, তবে, নিজ পুণ্য প্রদান কর, যে পুণ্য
 দান করিতে হইবে, তাহা বলিতেছি ।
 নরোত্তম ! একদা তুমি প্রাতঃকালে গাজো-
 খানপূর্বক বিশুদ্ধান্তঃকরণে .মহাপাপহারী
 শ্রীরামচন্দ্রকে যে ধ্যান করিয়াছিলে এবং
 অকস্মাৎ যে “রাম রাম” বলিয়াছিলে, সেই
 পুণ্য ইহাদিগকে অর্পণ কর ; তাহাতেই
 ইহাদিগের নরক হইতে মুক্তি হইবে ।
 ৬৬—৭১ । জাবালি বলিলেন,—ধর্ম্মরাজের
 এতাদৃশ বাক্য শ্রবণ করিয়া মহারাজ জনক
 আজন্ম-সমুপার্জিত স্বীয় পুণ্য প্রদান করি-

মদাজমুকুতৈঃ পুণ্যৈ রঘুনাথার্চনোত্তমৈঃ ।
 এতেবাং মিরয়ানুক্তিৰ্ভবত্বন্ন মনোরমা ॥ ৭০
 এবং কথয়তস্তস্ত জীবা নিরয়সংস্থিতাঃ ।
 তৎক্ষণানিরয়ানুক্তা জাতা দিব্যবপুর্জয়াঃ ॥ ৭৪
 উচুস্তে জনকং রাজংস্বৎপ্রসাদাধয়ং ক্ৰণাৎ ।
 দুঃখদা'ন্নরয়ানুক্তা যামো বৈ পরমং পদম্ ॥ ৭৫
 তান দৃষ্ট্বা সূর্য্যসঙ্কাশান্ নরান্নিরয়নিঃসৃতান্ ।
 তুতোষ চিত্তে স্মৃৎশং সৰ্ব্বভূতদয়ারতঃ ॥ ৭৬
 তে সৰ্ষে প্রযযুলৌকং দিব্যং দেবৈরলঙ্কৃতম্ ।
 জনকস্ত প্রশংসন্তো মহারাজং দয়ানিধিম্ ॥ ৭৭
 ইতি জীপায়ে পাত'লখণ্ডেহষ্টাদশোহধ্যায়ঃ ।

একোনিবিশোহধ্যায়ঃ ।

জাবালিকুবাচ ।

অথ তেষু প্রয়াতেষু নরকস্থেষু বৈ নৃপ ।
 রাজা পপ্রচ্ছ কৌনাশং সৰ্ব্বধৰ্ম্মাবদাং বরম্ ॥ ১
 রাজোবাচ ।
 ধৰ্ম্মরাজ ভয়া প্রোক্তং যৎপাতককরা নরাঃ ।
 আয়াস্তি তব সংস্থানং ন চ ধন্যকথারতাঃ ॥ ২
 মদাগমনমদ্রাজুৎ কেন পাপেন ধার্ম্মিক ।
 তদৈ কথয় সৰ্বং মে পাপকারণমাদিতঃ ॥ ৩
 ইতি ক্ৰত্বা তু তদ্বাক্যং ধৰ্ম্মরাজঃ পরস্তপঃ ।
 কথয়ামাস তন্ত্শবং যমপূৰ্ব্ব্যাগমং তদা ॥ ৪

ধৰ্ম্মরাজ উবাচ ।

রাজংস্তব মহৎ পুণ্যং নৈতাদৃক্ কস্ত ভূতলে ।
 রঘুনাথপদদ্বন্দ্ব-মকরন্দমধুরত ॥ ৫
 তৎকৌন্তিধৰ্ম্মানী সন্মান পাপিনো মলসংযুতান্

লেন । তিনি বলিলেন,—মদীয় আজমুকুত,
 রঘুনাথের অর্চন-জনিত পুণ্যফলে এক্ষণে
 ইহাদিগের নিরয় হইতে মনোরম মুক্তি
 হইক । তাঁহার এইরূপ বাক্য শেষ হইতে
 না-হইতেই নিরয়স্থিত জীবগণ তৎক্ষণাৎ
 নিরয় হইতে মুক্ত হইল এবং দিব্যদেহ
 ধারণ করত জনককে কহিল,—রাজন্!
 আমরা আপনার প্রসাদেই ক্ৰণকাল মধ্যে
 দুঃখময় নিরয় হইতে মুক্ত হইয়া পরমপদ
 প্রাপ্ত হইলাম । তখন, সৰ্ব্বভূতে দয়াবান
 রাজা জনক নিরয়-নিঃসৃত সেই জীবগণকে
 সূর্য্যোক্ত স্তায় তেজঃপুঞ্জকলেবর দেখিয়া
 মনোমধ্যে সাতিশয় সন্তুষ্ট হইলেন । অনন্তর
 তাঁহার সকলে দয়ানিধি মহারাজ জনককে
 প্রশংসা করিতে করিতে দেবগণে অলঙ্কৃত
 দিব্যালোকে গমন করিলেন । ৭২—৭৭

উনিবিশ অধ্যায় ।

জাবালি বলিলেন,—নরকবাসী সেই
 মানবগণ এইরূপে দিব্যালোকে গমন করিলে
 পর, রাজা জনক সৰ্ব্বধৰ্ম্মবিদগণের অগ্রগণ্য
 ধৰ্ম্মরাজকে জিজ্ঞাসা করিলেন, ধৰ্ম্মরাজ!
 আপনি যে বলিলেন পপিষ্ঠ মানবনিচয়ই
 ভবদীয় ভবনে আগমন করে, ধৰ্ম্মকথারত
 ব্যক্তিগণ কদাচ আসেন না । অতএব হে
 ধার্ম্মিক! কি পাপে আমার এস্থলে আগ-
 মন হইল, আদ্যোপাস্ত তৎসমুদায় পাপের
 কারণ আমায় বলুন । পরস্তপ ধৰ্ম্মরাজ জন-
 কের ঈদৃশ বাক্য শ্রবণ করিয়া তৎকালে যে
 জ্ঞাত তাঁহার যমপুরে আগমন হইয়াছিল,
 তদ্বয় ঠাহাকে বলিতে আরম্ভ করিলেন ।
 ধৰ্ম্মরাজ বলিলেন,—রাজন্! তোমার যেরূপ
 মহাপুণ্য আছে, ভূতলে এমত আর কাহা-
 রও নাই । হে রঘুনাথের জীচরণবিদ্যের
 মধুরত! যদিও পরমানন্দদায়িনী দুষ্ট-
 তারিণী, তদীয় কৌন্তিক্রপা সুরশৈবলিনী
 পাপানলদগ্ধ অখিল পাপিগণকেই পবিজ্ঞ

অষ্টাদশ অধ্যায় সমাপ্ত ॥ ১৮ ।

পূনাতি পরমাহ্লাদ-কারিণী বৃষ্টভারিণী । ৬
 তথাপি পাপলেশশ্চে বর্ততে নৃপসত্তম ।
 যেন সংযমিনীপার্শ্বমাগতঃ পুণ্যপূরিতঃ । ৭
 একদা তু চরন্তীঃ গাং বারয়ামাস বৈ ভবান্ ।
 তেন পাপবিপাকেন নিরয়দ্বারদর্শনম্ । ৮
 ইদানীং পাপনির্মুক্তো বহুপুণ্যসমধিতঃ ।
 ভৃঙ্ক ভোগান্ সুবিপুলান্নিজনপুণ্যার্জিতান্
 বহুন । ৯
 এতেষাং করুণাবান্ধী রঘুনাথোহসুখং হরন্ ।
 সংযমিন্যা মহামার্গে প্রেরয়ামাস বৈষ্ণবম্ । ১০
 নাগমিষ্যে যদি স্তং বৈ মার্গেণানেন সুব্রত ।
 অভবিষ্যৎ কথং ত্বেষাং নিরয়াৎপরিমোচনম্ ।
 দ্বাদশাঃ পরহুঃখেন হুঃখিতাঃ করুণালয়াঃ ।
 প্রাণিনাং হুঃখবিচ্ছেদং কুর্যন্ত্যেব মহামতে ॥১২
 জাবালিরূবাচ ।
 এবং বদন্তঃ শমনং প্রণম্য স দিবং গতঃ ।

করিতেছে সত্য, কিন্তু তথাপি হে নৃপ-
 সত্তম! তোমার কিঞ্চিৎ পাপলেশ আছে
 বলিয়াই পুণ্যপূর্ণ হইয়াও এই সংযমিনী-
 পুরে আগত হইয়াছ। একদা কোন
 একটী ধেম্ব তৃণভোজন করিয়া বেড়াইতে-
 ছিল, তুমি তাহাকে নিবারণ করিয়াছিলে
 বলিয়া সেই পাপ-বিপাকহেতু তোমার নরক-
 দ্বার দর্শন হইল। এক্ষণে তুমি সেই পাতক
 হইতে মুক্ত হইলে এবং বহুপুণ্যসমধিত
 বলিয়া নিজ পুণ্যোপার্জিত বিপুল ভোগ
 উপভোগ কর। রাজন! করুণাসাগর
 রঘুনাথই ইহাদিগের হুঃখ দূরীকরণ
 বৈষ্ণববর তোমাকে এই সংযমিনীপুরীর
 মহামার্গে প্রেরণ করিয়াছেন। ১—১০। হে
 সুব্রত! তুমি যদি এই পথে না আসিতে,
 তাহা হইলে এই পাপীদিগের কিরূপে
 নিরয় হইতে মুক্তি হইতে? হে মহামতে!
 পরহুঃখকাতর ভবাদৃশ দয়াবান ব্যক্তিগণই
 প্রাণিগণের হুঃখমোচন করিয়া থাকেন।
 জাবালি বলিলেন,—ধর্ম্মরাজ এইরূপ বলিলে
 জনকরাজ, তাঁহাকে প্রণাম করিয়া অপরো-

দিব্যেন সুবিমানেন অপরোগণশোভিনা ॥১৩
 তন্মাদ্গাবোহনিশঃ পূজ্যা মনসাপি ন গর্হয়েৎ
 গর্হয়ন্ নিরয়ঃ যাতি যাবদিশ্রান্ততুর্দশ । ১৪
 তন্মাদ্বঃ নৃপতিশ্চেষ্ট গোপুঞ্জাং বৈ সমাচর ।
 স ভূপ্তী দাগ্ধতি ক্ষিপ্ৰং পুত্রং ধর্ম্মপরায়ণম্ ॥১৫
 সুমতিক্রবাচ ।

তচ্ছ্রুত্বা ধেম্বপুঞ্জাং স পপ্রচ্ছ কথমাদরাৎ ।
 পূজনীয়া প্রযত্বেন কীদৃশং কুরুতে নরঃ ॥ ১৬
 জাব লিঃ কথয়ামাস ধেম্বপুঞ্জাং যথাবিধি ।
 প্রত্যহং বিপিনং গচ্ছেচ্চারণায় ত্রতী তু গোঃ
 গবে যবাংস্ত সন্তোজ্য গোময়স্থান সমাহরেৎ
 ভক্ষণীয়া যবাস্তে তু পুত্রকামেণ ভূপতে ॥ ১৮
 সা যদা পিবতে ভোয়ং তদা পেয়ং জনং শুচি

গণ-শোভিত দিব্য বিমানারোহণে সুরপুরে
 গমন করিলেন। সেই জন্তই বলিতেছি,
 সর্বদা গোগণকে পূজা করিবে, কদাচ
 তাহাদিগের নিন্দা করিবে না; যে ব্যক্তি,
 গোগণকে নিন্দা করে, সে চতুর্দশ ইন্দ্রের
 অবস্থিতিকাল পর্যন্ত নরকে বাস করিয়া
 থাকে। অতএব হে নৃপবর! তুমি গো
 পূজা কর, তিনি প্রসন্ন হইয়া নিশ্চয় তোমাকে
 ধর্ম্মপরায়ণ পুত্র প্রদান করবেন।
 সুমতি বলিলেন,—রাজা ঋতস্কর, জাবালির
 এতাদৃশ বাক্য শ্রবণ করিয়া সাদরে
 তাঁহাকে জিজ্ঞাসা করিলেন,—মহাশ্বন!
 গোপূজা কিপ্রকারে করিতে হয়? মানব-
 গণকে ঐ কার্যে প্রযত্নসহকারে কিরূপ
 আচরণ করিতে হয় বলুন। জাবালি,
 নৃপতি ঋতস্করের এতাদৃশ বাক্য শ্রবণ করিয়া
 তাঁহাকে যথাবিধি গোপূজার বিষয় বলিতে
 আরম্ভ করিয়া কহিলেন,—মানব নিয়মাবলী
 হইয়া প্রত্যহ গোচারণার্থ গো-সমভিব্যাহারে
 বিপিনে গমন করিবে। হে ভূপতে! পুত্র-
 প্রার্থী মানব, অগ্রে গোকে যব ভোজন করা-
 ইয়া পরে গোময়স্থিত সেই যবনিচয় আহরণ
 পূর্বক স্তং তাহা ভোজন করিবে। সেই
 গো যখন সলিল পান করিবে, তখনই

সোল্লস্থানে যদা তিষ্ঠেত্তদা নীচাসনস্থিতঃ ॥১৯
দংশান নিবারণয়েন্নিত্যং যবস্যং স্বয়মাহরেৎ ।
এবং প্রকুর্ব্বতঃ পুত্রঃ দাস্ততে ধর্ম্মতৎপরম্ ॥
সুমতিক্রবাচ ।

ইতি বাক্যং সমাকর্ণ্য পুত্রকাম ঋতস্তরঃ ।
ব্রতং চকার ধর্ম্মাচ্ছা খেহুপূজাং সমাচরেন ॥২১
প্রত্যহং কুরুতে গাঞ্চ যবসাদিদ্যেন ভোষিতাম্ ।
দংশান স্তবায়য়ক্ষীমান যবভক্ষকুরুতাদয়ঃ ॥ ২২
এবং খেহুং পুত্রয়তো গতান্ত দিবসাদিঘনাঃ ।
বনমধ্যে তৃণাদীংশ্চ চরন্তীমকুন্তোক্তয়াম্ ॥ ২৩
একদা নৃপতিস্তস্য বনস্ত ত্রীনিরীক্ষণে ।
স্তম্ভদৃষ্টিঃ স পরিতো বভ্রাম সুকুতুহলৌ ॥ ২৪
তদাগত্যাহনদগাং বৈ পঞ্চাস্তঃ কাননাস্তরায়ৎ ।

কৌশস্তাঃ বত্থা দীনাঃ হৃদ্বারাবেণ হুঃখিতাম্
তদা নৃপঃ সমাগত্য বিলোক্য নিজমাতরম্ ।
সিংহেন নিহতঃ পশুন্ কুরোদাতীব বিহ্বলঃ ॥
স হুঃখিতঃ সমাগত্য জাবালিং মুনিসন্তমম্ ।
নিকৃতিঃ তস্ত পপ্রচ্ছ গোবধস্ত প্রমাদতঃ ॥২৭
ঋতস্তর উবাচ ।

স্বামিংস্বদাজ্ঞয়া খেহুং পালয়ন বনমাশ্রিতঃ ।
কুতোহপ্যগত্য তাং সিংহো জঘানাদৃষ্টিগোচরঃ
ভস্ত পাশস্ত নিকৃতে কিং করোমি জঘাজ্ঞয়া ।
কথং বা ব্রতসম্পূর্ত্ত্বম্ম পুত্রপ্রদায়িনী ॥ ২৯
ইত্যুক্তবস্তং তং ভূপং জগাদ মুনিসন্তমঃ ।
সন্ত্যপায়া মহোপাল পাশরাশ্ত্রপহুস্তয়ে ॥ ৩০
ব্রহ্মব্রহ্ম কৃতব্রহ্ম সুরাপস্ত মহামতে ।
প্রায়শ্চিত্তানি বর্ভস্তে সর্ষপাপহরণি চ ॥ ৩১

সেবককে পবিত্র সলিল পান করিতে হইবে
এবং সে যখন উচ্চস্থানে থাকিবে, তখন
সেবককে নিম্নস্থানে অবস্থিতি করিতে
হইবে। প্রতিনিয়ত গোশরীর হইতে
মশকগণকে দূর করিয়া দিতে হইবে এবং
গোভক্ষ্য ঘাস স্বয়ংই আহরণ করিবে।
এইরূপে গোসেবা করিলে অবশুই তোমাকে
ধর্ম্মপরায়ণ পুত্র প্রদান করিবেন। সুমতি
বলিল, পুত্রপ্রার্থী ধর্ম্মাচ্ছা ঋতস্তর, জাবালির
ঐদৃশ বাক্য শ্রবণ করিয়া ব্রতাবলম্বী হইয়া
গোপূজা আরম্ভ করিলেন। ১১—২১। সেই
ধীমান্ নৃপরব, প্রত্যহ যবসাদিদানে গোর
সন্তোষ উৎপাদন এবং তদীয় শরীর হইতে
দংশকগণকে নিবারণ করিতে লাগিলেন এবং
স্বয়ংও সাদরে পুত্রোক্ত বিবানে যব ভক্ষণ
করিতে প্রবৃত্ত থাকিলেন। এইরূপে গোসেবা
করিতে করিতে ঠাঁহার বহু দিন গত হইল,
সেই গোমাতাও বনমধ্যে অকুতোভয়ে
তৃণাদি ভোজন করিয়া বেড়াইতে লাগিল।
একদা নৃপতি, সেই অরণ্যাসৌন্দর্য্য দর্শন
কুতুহলী হইয়া একদৃষ্টিতে ইতস্ততঃ ভ্রমণ
করিতেছেন, এমন সময়ে এক সিংহ বনাস্তর
হইতে সহসা উপস্থিত হইয়া সেই গোকৈ
সংহার করিল, এই সময়ে সেই খেহু সিংহ-

দর্শনে সাতিশয় কাতর হইয়া উর্দ্ধেঃশ্বরে
হৃদ্যরব করিয়াছিল। তৎকালে তাহার
চীৎকার শ্রবণে নৃপবর তথায় সমাগত হইয়া
সিংহকরে নিহত নিজ মাতাকে অবলোকন-
পূর্ব্বক বিহ্বল-হৃদয়ে সাতিশয় রোদন
করিতে লাগিলেন। অনস্তর তিনি,
হুঃখিত চিত্তে মুনিবর জাবালির নিকট
আগমন করিয়া কিসে সেই অজ্ঞানকৃত
গোবধ হইতে নিকৃতি পাইবেন তদ্বিময়
জিজ্ঞাসা করিলেন। ঋতস্তর বলিলেন,—
স্বামিন! আমি আপনার আজ্ঞানুসারে
গোসেবা করত বনমধ্যে অবস্থিত ছিলাম,
এমত সময়ে সহসা অলক্ষিত ভাবে কোথা
হইতে এক সিংহ আসিয়া সেই খেহুটিকে
সংহার করিয়াছে। এক্ষণে সেই পাতক
হইতে নিকৃতিনিমিত্ত ভবদীয় আজ্ঞায় কি
করিতে হইবে বলুন, এবং কি করিলেই বা
আমার পুত্রফলপ্রদ ব্রত সম্পূর্ণ হইবে?
ভূপতি এইরূপ কহিতে লাগিলে, মুনি-
সন্তম জাবালি ঠাঁহাকে বলিলেন,—হে মহী-
পাল! অস্তান্ত পাপরাশি বিনাশের নিমিত্ত
বহুবিধ উপায় কথিত হইয়াছে। ২২—৩০।
হে মহামতে! ব্রহ্মর, কৃতব্রহ্ম ও সুরাপারীরও

কুল্লেখ্যশাস্ত্রায়ণৈর্দানৈত্রৈতঃ সনিয়মৈর্মহৎ ।
 পাপস্ত প্রলয়ং যান্তি নিয়মাদনুভিত্ততঃ ॥ ৩২
 যয়োর্বে নিষ্কৃতির্নাস্তি পাপপুঞ্জকতোস্তয়োঃ ।
 মৃত্যুা গোবধকর্ষুস্ত নারায়ণবিনিদ্ভিতুঃ ॥ ৩৩
 গবাং যো মনসা দুঃখং বাঙ্কৃত্যধমসন্তমঃ ।
 স যান্তি নিরয়স্থানং যাবদিশ্চাত্তুর্দিশ ॥ ৩৪
 যোহপি দেবং हरिं নিলেৎ স কুর্দ্ভূগ্যবান
 নয়ঃ ।

স চাপি নরকং গচ্ছেৎ পুত্রপৌত্রপরীভুতঃ ॥ ৩৫
 তস্মাজ্জাত্বা हरिं নিল্লেৎ গোযু দুঃখং সমাচরন
 কদাপি নরকানুজ্জিনং ন প্রাপ্নোতি নরেশ্বর ॥ ৩৬
 অজ্ঞানপ্রাপ্তগোহত্যা প্রায়শ্চিত্তং তু বিদ্যাতে ।
 রামভক্তস্ত ধীমন্তং যাহি ত্মতপর্ণকম্ ॥ ৩৭
 স বৈ সমদৃশা সর্কান শক্জন মিত্রান সমং চরন
 তুভ্যং বদিষ্যতি কিপ্রং গোবধস্তাস্য নিষ্কৃতিম্

সর্কপাপনাশক বিবিধ প্রায়শ্চিত্ত আছে ।
 নিয়মানুসারে অনুষ্ঠান করিলে প্রাজ্ঞাপত্য
 চান্দ্রায়ণ এবং নিয়মিত্ত দান ও ব্রত দ্বারা
 সমস্ত পাতকই বিলয় প্রাপ্ত হয় । কিন্তু
 জ্ঞানকৃত গোঘাতী ও বিষ্ণুনিন্দক এই উভয়
 গুরুতর পাতকীর আর কিছুতেই নিষ্কৃতি
 নাই । যে নরাধম, মনে মনেও গোগণের
 যাহাতে ক্লেস হয় এরূপ কাৰ্য্য ইচ্ছা
 করে, তাহাকে চতুর্দিশ ইন্দ্রের অবস্থান-
 কাল পর্য্যন্ত নরকযাতনা ভোগ করিতে
 হয় এবং যে ব্যক্তি, একবার মাত্রও
 জ্ঞানবশতঃ ভগবান্ হরিকে নিন্দা করে,
 সেই হতভাগ্য মানব, পুত্রপৌত্রগণে পবিত্রত
 হইয়া নরকে গমন করিয়া থাকে । হে
 নরেশ্বর ! সেই জন্তই বলিতেছি, যে
 মানব জ্ঞান-পূর্ব্বক হরিনিন্দা বা গোগণের
 ক্লেশোৎপাদন করে, সে কদাচ নরক হইতে
 মুক্তি লাভ করিতে পারে না । কিন্তু অজ্ঞান-
 কৃত গোহত্যার প্রায়শ্চিত্ত আছে । তুমি
 এক্ষণে শ্রীরামভক্ত ধীমান্ ঋতুপর্ণরাজের
 নিকট গমন কর । তিনি সমদৃষ্টিতে সমুদয়
 শক্রমিত্রের প্রতিই সমান ব্যবহার করিয়া

তস্ত দেশাংশ্বমাক্রামংস্তেন নির্কাসিতঃ পুরা ।
 বৈরিভাবঃ পরিতজ্য গচ্ছ ত্মতুপর্ণকম্ ॥ ৩৯
 স যদদিষ্যতি কিপ্রং তৎ কুরুষ সমাহিতঃ ।
 যথা স্বংকৃতপাপান্ত নিষ্কৃতির্হি ভবিষ্যতি ॥ ৪০
 স তু ত্বচনং শ্রুবা জগাম ঋতুপর্ণকম্ ।
 রামভক্তং রিপৌ মিত্রে সমদৃষ্ট্যা সমঞ্জসম্ ॥ ৪১
 স তস্মৈ কথয়ামাস যজ্ঞাতঃ গোবধাদিকম্ ।
 তস্ত পাপান্ত নিষ্কৃত্যে কায়াতঃ স্বাস্ত্যমুক্তবান্ ॥
 তদা প্রোবাচ তৎ রাজা ঋতুপর্ণঃ প্রতাপবান্ ।
 উবাচ চ হসন বাক্যং বুদ্ধিমান্ ধর্ম্মকোবিদঃ ॥ ৪২
 কোহহং স্বামিন্ মুনীনাং বৈ পুরতঃ শাস্ত্র-
 বেদিনাম্ ।
 তান হিত্বা কিম্ম মাং প্রাপ্ষো মূর্খং পণ্ডিত-
 মানিনম্ ॥ ৪৪
 মধি তে হস্তি চেচ্ছুক্কা তদা কিঞ্চিদব্রবৌম্যহম্ ।

থাকেন ; এজন্য নিশ্চয়ই অবিলম্বে তোমাকে
 এই গোবধের নিষ্কৃতি বলিয়া দিবেন ।
 পূর্ব্বক তুমি ঠাঁহার রাজ্য আক্রমণ করিয়া
 ঠাঁহাকে নির্কাসিত করিয়াছ, এজন্য অধুনা
 বৈরিভাব পরিত্যাগপূর্ব্বক ঋতুপর্ণের নিকট
 গমন করিও । যাহাতে তোমার পাপের
 নিষ্কৃতি হয় তাবিষয় তিনি যাহা বলিবেন,
 অনতিবিলম্বে একাগ্রচিত্তে তাহাই করিবে ।
 নৃপবর ঋতুপর্ণ, মুনিবরের তাদৃশ বাক্য
 শ্রবণে শক্রমিত্রের প্রতি সমদৃষ্টিবশতঃ সৰু-
 লের প্রতিই যথোচিত-ব্যবহার সম্পন্ন শ্রীরাম
 ভক্ত ঋতুপর্ণের নিকট গমন করিলেন । অন-
 ন্তর ঠাঁহার নিকট গোবধাদি যাগ ঘটাইয়াছে
 এবং সেই পাপের নিষ্কৃতি নিমিত্ত যে
 আসিয়াছেন, তৎসমস্তই ব্যক্ত করিলেন ।
 তখন প্রতাপবান্ ধর্ম্মকোবিদ, মহাবুদ্ধিশালী
 রাজা ঋতুপর্ণ, হাস্য করত ঠাঁহাকে কহিলেন,—
 স্বামিন্ ! শাস্ত্রবেত্তা মুনিগণের নিকটে আমি
 কে ? আপনি ঠাঁহাদিগকে পরিত্যাগ করিয়া
 কিজন্য এই পণ্ডিতাভিমানে মূর্খের নিকটে
 আসিয়াছেন ? ৩২—৪৪ । যাহাই হউক,
 হে নরশাস্ত্রী ! আমার প্রতি যদি আপনায়

শুণ্ণ নরশাব্দিল গদিতং মম সাদরঃ । ৪৫
 তজ্জ জীৱঘূনাথং ত্বং কৰ্ম্মণা মনসা গিরা ।
 নৈকপটেয়ন লোকেশং তোষয়স্ব মহামতে ॥৪৬
 সন্তুষ্টৌ দাস্ততে সৰ্ব্বং তব হৃৎস্বং মনোরথম্ ।
 অজ্ঞানকৃতগোহত্যা-পাপনাশং কৰিষ্যতি ॥ ৪
 রামস্মরণপূতাস্মা ধেনুং ব্রাহ্মণসন্তমে ।
 দদ্বা যথোক্তং কনকং পাপনিকৃতিমাপ্যসি । ৪৮
 স্মৃতিৰুবাচ ।
 এতচ্ছৃণ্বা তু ত্বদ্বাক্যমুত্তরনূপসুখা ।
 বিধায় রামস্মরণং পূতাস্মা ব্রতমাচরৎ ॥ ৪৯
 পূৰ্ব্ববৎপালয়ন ধেনুং জগাম বিপিনং মহৎ ।
 রামনাম স্মরণিত্যাং সৰ্ব্বভূতহিতে ব্রতঃ ॥ ৫০
 তস্মৈ তুষ্টী তু স্মরতিঃ প্রোবাচ পরিতোষিতা ।
 রাজ্ঞ বরয় মন্তো বৈ বরং হৃৎস্বং মনোরমম্ ॥
 তদা প্রোবাচ বৈ রাজা পুত্রং দেহি মনোরমম্ ॥

শ্রদ্ধা থাকে, তাহা হইলে এবিষয় যৎকিঞ্চিৎ
 বলিতেছি, সাদরে আমার কথা শ্রবণ করুন ।
 হে মহামতে! এক্ষণে আপনি অকপট-
 ভাবে কায়মনোবাক্যে লোকনাথ জীৱামকে
 ভজনা করুন এবং তাঁহারই সন্তোষোৎপাদনে
 প্রবৃত্ত হউন । তিনি সন্তুষ্ট হইয়া আপনার
 সমুদয় মনোরথ পূর্ণ করিবেন এবং আপনার
 এই অজ্ঞানকৃত গোহত্যাজনিত পাতক
 ক্ষয় করিয়া দিবেন । আপনি জীৱামস্মরণে
 পবিত্রাস্মা হইয়া বিজবরকে ধেনু ও যথোক্ত
 কনক দান করিয়া এই পাতক হইতে
 নিকৃতি লাভ করিবেন সন্দেহ নাই ।
 স্মৃতি বলিলেন,—নৃপতি ঋতস্তর ঋতুপর্ণের
 এতদ্বাক্যশ্রবণে জীৱামকে স্মরণ করত
 পূতাস্মা হইয়া পূৰ্ব্ববৎ ব্রতচরণে প্রবৃত্ত
 হইলেন । তিনি সৰ্ব্বভূতের হিতাচরণে
 নিরত হইয়া প্রতিদিন্যত জীৱামচন্দ্রের নাম
 স্মরণ করত পূৰ্ব্ববৎ গোপালনার্থ মহাবিপিনে
 গমন করিলেন । কিয়দিনানন্তর স্মরতি,
 তদীয় সেবার পরিতুষ্ট হইয়া তাঁহাকে কহি-
 লেন,—রাজ্ঞ! আমার নিকট অভীষ্ট বর
 প্রার্থনা কর । তখন রাজা বলিলেন,—দেবি!

রামতত্ত্বং পিতৃভক্তং স্বধৰ্ম্মপ্রতিপালকম্ ॥ ৫২
 তুষ্টী দদ্বা বরং সাপি তস্মৈ রাজ্ঞে স্মৃতাধিনে ।
 জগামাদর্শনং দেবী কামধেনুঃ রূপাবতী ॥ ৫৩
 স কালে প্রাপ্তবান পুত্রঃ বৈষ্ণবঃ রামসেবকম্
 সত্যবৎসংস্রয়া যুক্তমকরোন্নাম তৎপিতা ॥৫৪
 সত্যবস্তং স্মৃতং লজ্জা পিতৃভক্তমুত্তরঃ ।
 পরমং হৰ্ষমাগেদে শক্রতুলাপরাক্রমম্ ॥ ৫৫
 স রাজা ধার্ম্মিকং পুত্রং দৃষ্ট্বা হৰ্ষেণ নিব্রতঃ ।
 রাজ্যাং তস্মিন মহন্নাস্ত জগাম তপসে বনম্ ॥
 তত্রারাদ্য হৃষীকেশং ভক্তিযুক্তেন চেতসা ।
 নিধৃতপাপঃ সতত্শ্রয়গাঙ্ঘরিপদং নৃপঃ ॥ ৫৭
 স্মৃতিৰুবাচ ।
 অসাবপি নৃপঃ সৌম্যসত্যবান্নাম বিস্কতঃ ।
 নিজধর্ষণে লোকেশং রঘুনাথমতোষয়ৎ ॥ ৫৮
 অস্মৈ তুষ্টৌ রমানাথো দদৌ ভক্তিমচঞ্চলাম্ ॥

আমাকে জীৱামভক্ত পিতৃভক্ত ও স্বধৰ্ম্ম-
 প্রতিপালক মনোরম পুত্র প্রদান করুন ।
 তৎশ্রবণে সেই রূপাবতী দেবী কামধেনু
 সন্তোষপূর্ণ হৃদয়ে পুত্রপ্রার্থী রাজাকে অভীষ্ট
 বর প্রদানপূৰ্ব্বক অন্তর্দান করিলেন । অন-
 স্তর কিয়ৎকালের পর সত্যবানের পিতা
 নৃপতি ঋতস্তর জীৱামসেবক ঐ বৈষ্ণবপুত্রকে
 প্রাপ্ত হন এবং সত্যবান নাম রাখেন । নৃপ-
 বর ঋতস্তর, ইন্দ্রতুলা পরাক্রমশালী পিতৃ-
 ভক্ত পুত্র সত্যবানকে প্রাপ্ত হইয়া পরম হৰ্ষ
 লাভ করেন । ৪৫—৫৫ । কিয়দিনানন্তর
 রাজা ঋতস্তর স্বীয় পুত্রকে বরপ্রাপ্ত ও পরম
 ধার্ম্মিক দেখিয়া আনন্দপূর্ণ হৃদয়ে পুত্রের উপর
 মহৎ রাজ্যভার অর্পণপূৰ্ব্বক তপস্চরণার্থ
 বনে যাইলেন । তথায় ভক্তিপূর্ণ অন্তঃকরণে
 ভগবান হৃষীকেশকে আরাধনাপূৰ্ব্বক নিম্পাপ
 হইয়া সশরীরে বৈকুণ্ঠে গমন করিলেন ।
 স্মৃতি কহিলেন,—রাজ্ঞ! সত্যবান নামে
 বিখ্যাত সৌম্যমুর্ষি ঐ নৃপবরও নিজ কৌলিক
 ধৰ্ম্মানুসারে লোকনাথ রঘুনাথকে পরিতুষ্ট
 করিয়াছেন এবং রমানাথও প্রসন্ন হইয়া
 ইচ্ছাকে যে নিজ চরণারবিন্দে অচলা ভক্তি

নিজাজি পদ্মে যজ্ঞতাং দুর্লভাং পুণ্যকোটিতিঃ
নাথস্ত কথানকমনাতুরঃ ।

কুরুতে সর্বলোকানাং পাবনং রুপয়া যুতঃ । ৬।
যো ন পূজয়তে দেবং রঘুনাথং রমাপতিম্ ।
স তেন ভাভ্যতে দর্শৈর্ধমস্মাতিভয়াবধৈঃ । ৬১।
অষ্টমাষৎসহাদুর্কমশীতির্কৎসরো ভবেৎ ।
ভাবদেকাদশী সর্কৈশ্বীহুধৈঃ কারিতামুনা । ৬২।
তুলসী বনভা যস্ত কদাচিদ্যচ্ছিরোধরাম্ ।
ন মুকতি রমানাথংপানপয়াশ্শুভম্ । ৬৪।
ঋষীগামপি পূজ্যোহয়মিতরেষাং কথং ন হি ।
রঘুনাথস্মৃতিপ্রীতিধৃতপাপো হতাশুভঃ । ৬৪।
জাহ্নায়ং রামচন্দ্রস্ত বাজিনং পরাভুতম্ ।
আগত্য তুভ্যাং সন্দাস্ত্যোক্তজাজ্যমকণ্টকম্
ঘষয়াভিহিতং রাজস্তুতে কথিতমুত্তমম্ ।

পুনঃ কিং পৃচ্ছসে স্বামিরাজাপয় কয়ামি তৎ
শেষ উবাচ ।

গতোহশ্বস্তংপুরাত্তম্ নানাশ্চর্যসমবৃত্তম্ ।
তং দৃষ্ট্বা জনতাঃ সর্বা রাক্ষে গতা স্তবেদয়ন ॥
জনতা উচুঃ ।

কোহপাশ্বঃ সিতবর্ণেন গন্ধাজলসমেন বৈ ।
ভালে সৌবর্ণপাশেণ রাজমানঃ সমাগতঃ । ৬৮।
তচ্ছ্রুত্বা বচনং রম্যাং জনানাং হৃদ্যমীরিতম্ ।
তাশ্চ প্রত্যাহ বৈ ভূপো জায়তাং কস্ত বৈ হয়ঃ
তাস্শ্চৈতং কথয়ামাসুঃ শক্লেন্নে ন প্রপালিতঃ ।

আয়াত্যাশো মহীভর্তু রামস্ত পুরমধ্যতঃ । ৭০।
রামস্ত নাম স ঋত্বা দ্যাক্করং সুমনোরমম্ ।
জহষ চিত্তে চ ভূশং গগনদম্বরচিহ্নিতঃ । ৭১।
ময়া যো ধাৰ্য্যতে নিত্যং যো রামশ্চিন্ত্যতে হৃদি

দিয়াছেন, বিবিধ-বাগকর্তাদিগের কোটি
কোটি পুণ্যবলেও তাহা দুর্লভ । এই সত্য-
বান, সকলের প্রতি রূপা করিয়া সর্বদাই
অকাত্তর চিত্তে অখিল লোকের পবিত্রতা-
জনক শ্রীরাম-বিষয়িণী কথা উপদেশ করিয়া
ধাকেন তদীয় রাজ্যে যে ব্যক্তি রমাপতি
দেব রঘুনাথকে পূজা না করে, তিনি
তাঁহাকে অতি ভীষণ যমদণ্ডে তাড়িত
করেন । অষ্টম বর্ষের অধিক বয়স্ক ও অনীতি
বর্ষের নান বয়স্ক নিজ রাজ্যস্থ সকল
প্রজাকেই তিনি একাদশী ব্রত করাইতেন ।
ভগবচ্চরণারবিন্দমাল্যের প্রধান বস্তু, ভগ-
বানের প্রিয়তম তুলসীপত্র কদাচ যাহার কণ্ঠ-
দেশ পরিত্যাগ করে না, ইতর ব্যক্তির কথা
কি, সে ঋষিগণের পূজ্য । সতত রঘুনাথের
স্মরণ ও তাঁহার প্রতি প্রীতিবশতঃ নিম্পা-
দেহ ও সর্বপ্রকার অশুভ বিহীন ঐ
ভূপতি শ্রীরামের এই পরমাত্মত অশেষ
বিষয় জানিতে পারিলেই নিশ্চয়ই স্বয়ং
আগমনপূর্বক আপনাকে নিষ্কণ্টক এই
রাজ্য প্রদান করিবেন । রাজন! আপনি
যাঁধবস্ব জিজ্ঞাসা করিয়াছিলেন, আমি

সম্যক্রূপে কহিলাম । স্বামিন! এক্ষণে
অপর কোন বিষয় জানিতে চান, আজ্ঞা
করুন, আমি অবশুই আপনার আজ্ঞানুরূপ
কার্য্য করিব । ৫৬—৬৬। সর্গরাজ কহিলেন,—
অনন্তর সেই যজ্ঞস্থ অশ্ব, নানাবিধ বিচিত্র
বস্তুপূর্ণ সেই নগরমধ্যে প্রতিষ্ঠ হইল, এবং
নগরবাসিগণ তাঁহাকে দেখিয়া রাজার
নিকট নিবেদন করিল । তাঁহার কহিল,—
মহারাজ! নগরমধ্যে কোন একটি অশ্ব
আসিয়াছে, তাঁহার বর্ণ গন্ধাজলের স্তায়
শুভ্র এবং ললাটদেশে স্বর্ণময় বিজয়পত্র
শোভা পাইতেছে । ভূপাল সত্যবান, জন-
গণের সেই হৃদয়ানন্দপ্রদ রমণীয় কাক্য
শ্রবণ করিয়া তাঁহাদিগকে বলিলেন,—অহু-
সন্ধান লও সেটি কাঁহার অশ্ব । পরে
তাঁহার ভূপতিকে কহিল,—ঐ অশ্ব শক্লয়-
কর্তৃক পালিত হইয়া মহীপাল শ্রীরামচন্দ্রের
অযোধ্যানগর হইতে আসিতেছে ।
ভূপাল সত্যবান, শ্রীরামের সুমনোরম দ্যাক্কর
নাম শ্রবণ করিয়াই মনোমধ্যে সমধিক
আনন্দ অহুভব করিতে লাগিলেন, গদ-
গদস্বরেই তাঁহার সেই আনন্দ প্রকাশ
পাইল । তিনি ভাবিলেন, আমি সতত

তস্তাশ্বঃ সহশক্রয়ঃ সমাঘাতঃ পুরে মম । ৭২
 হনুমাংস্তত্র রামাঙ্জি—সেবাকর্তা ভবিষ্যতি ।
 কদাচিদপি যো রামং ন বিশ্বস্রতি মানসে । ৭৩
 গচ্ছামি যত্র শক্রয়ো যত্র মারুতনন্দনঃ ।
 অশ্বেহপি যত্র পুরুষা রামপাদাঙ্জাসেবকাঃ । ৭৪
 অমাত্যাদিদেশাশ্ব সর্ষরাজ্যং ধনং মহৎ ।
 গৃহীত্বা তু ময়া সার্কিমাগচ্ছ ত্বরয়া যুতঃ । ৭৫
 যাস্তেহহং রঘুনাথস্য হৃৎ পালয়িতুং বরম্ ।
 বর্তুং বা রাবপাদান্ত পরিচর্যাঃ সুদুর্লভাম্ । ৭৬
 ইত্যান্কা নিৰ্জ্জগামাশ্ব শক্রয়ঃ প্রতি সৈনিকৈঃ ।
 তাবৎপুণীমথ প্রাপ্যো রামভ্রাতা সৈনিকৈঃ । ৭৭
 বীরা গজ্জন্তি প্রবলা রথাঃ সুনিন্দন্তি চ ।
 জয়শাস্ত্র্য নাদাশ্চ বীণানাদাশ্চ সর্ষভঃ ॥ ৭৮

যাহাকে চিন্তা করিয়া থাকি এবং ষাঁহার
 মূর্তি নিরন্তর হৃদয়ে ধারণ করিয়া রাখিয়াছি
 তাঁহাই অশ্ব শক্রয়-কর্তৃক পালিত হইয়া
 আমার এই নগরীতে আসিয়াছে । তবে,
 সেই নৈশ্বমধ্যে যিনি কদাচ হৃদয়মধ্যে
 ঐরামকে বিশ্বাস্ত হন না, সেই ঐরামের
 চরণসেবক হনুমান নিশ্চয়ই থাকিবেন ।
 এক্ষণে যে স্থানে শক্রয়, যে
 স্থানে মারুতনন্দন হনুমান এবং যে
 স্থানে ঐরামের চরণারবিন্দ-সেবক অপর
 পুরুষসকল অবস্থিত আছেন, আমি সেই
 স্থানেই গমন করি । অনন্তর অমাত্যকে
 কহিলেন,—তুমি ত্বরায় সমৃদ্ধ ধন-সম্পত্তি
 লইয়া আমার সহিত আগমন কর, আমি
 রঘুনাথের যজ্ঞের অশ্ববর স্বার্থ কিংবা
 ঐরামের সুদুর্লভ চরণারবিন্দের পরি-
 চর্যানিমিত্ত এখনই গমন করিব । নৃপ-
 বর সত্যবান্, অমাত্যকে এইরূপ কহিয়া
 শক্রয়-সঙ্গিধানে গমনার্থ দৈন্তগণের সহিত
 যেমন নির্গত হইলেন, অমনি রামাঙ্জ-
 শক্রয়, সটেন্দ্রে পুরীমধ্যে প্রবিষ্ট হইলেন ।
 তৎকালে চতুর্দিকে মহাবল-পরাক্রান্ত বীর-
 গণ গজ্জন করিতে লাগিল, রথনিচয়
 শকাযমান হইতে থাকিল, জয়শ্চক শঙ্খ-

অগত্য সত্যবান্ রাজা মস্তিভিঃ সুরমধিহঃ ।
 চরণে শ্লিণপত্যটৈশ্চ রাজ্যং প্রাদায়হাধনম্ । ৭৯
 শক্রয়স্তস্ত রাজানঃ জাহ্না রামমহুভ্রতম্ ।
 তদ্রাজ্যং তস্ত পুত্রায় কল্পনায়ে দদৌ মহৎ ।
 হনুমন্তং পরীরভ্য সুবাহুং রামসেবকম্ ।
 অস্তান্ বৈ রামভক্তাংশ্চ পরিব্রভ্য মংমনাঃ ।
 কৃতার্থমেবমানানং মেনে সত্যমধিহিতঃ ।
 ননন্দ চেতসি তদা শক্রয়েন সমধিতঃ । ৮২
 হযস্তাবদগতো দূরং বীরৈঃ সূপরিরক্ষিতঃ ।
 শক্রয়স্তেন ছুপেন যথো বীরসমধিতঃ । ৮৩
 শেষ উবাচ ।

গচ্ছৎসু রথিবর্ধেযু শক্রয়াদিসু ছুরিযু ।
 যদারাজেযু সর্ষেযু রথকোটিযুক্তেযু চ ॥ ৮৪
 অকস্মাদভবন্ন্যাগে তমঃ পরমদারুণম্ ।
 যস্মিন স্ত্রীযো ন পারক্যো লক্ষ্যতে
 জ্ঞানিভির্নরৈঃ ॥ ৮৫

ধ্বনি ও বীণাধ্বন হইতে আরম্ভ হইল ।
 ৬৭—৭৮ । এদিকে রাজা সত্যবান্ মস্তিগণ-
 সম্ভি-ব্যাহারে আগমনপূর্বক শক্রয়ের
 চরণে প্রণাম করিয়া তাঁহাকে সমস্ত রাজ্যধন
 প্রদান করিলেন । শক্রয়ও রাজবর সত্য-
 বান্কে ঐরামের ভক্ত জানিয়া কল্পনামক
 তদীয় পুত্রকে সেই বিশাল রাজ্য অর্পণ
 করিলেন । অনন্তর মহামনা সত্যপরায়ণ
 সত্যবান্, রামসেবক হনুমান, রাজা সুবাহু
 ও অস্তান্ত রামভক্তদিগকে আলিঙ্গনপূর্বক
 আপনাকে কৃতার্থ মনে করিলেন এবং
 শক্রয়-সাম্বলনে মনোমধ্যে অপার আনন্দ
 উপভোগ করিতে লাগিলেন । এদিকে
 বীরগণে পরিরক্ষিত সেই অশ্ব বহুদূর গমন
 করিল দেখিয়া বীরগণে পায়বৃত শক্রয়,
 ভূপাল সত্যবানের সহিত তাহার পশ্চাৎ
 পশ্চাৎ ঘাইতে আরম্ভ করিলেন । সর্পরাজ
 বলিলেন,—অসংখ্য-রথিসমধিত রথিপ্রবর
 শক্রয়াদি প্রবণপরাক্রান্ত রাজগণ এইরূপে
 গমন করিতেছেন এমত সময়ে পশ্চিমধ্যে

রাজস্য ব্যাপিতং ব্যোম বিদ্যাৎস্তনিতসঙ্কলম্ ।
 এতাদৃশে তু সম্বর্দে মহাভয়করে ভতঃ ।
 মেঘা বর্ষন্তি কধিরং পুন্ড্রামেধ্যাদিকং বহু ॥৮৬
 অত্যাঙ্কুলা বভুবুস্তে বীরাঃ পরমবৈরিণঃ ।
 আকুলীকৃতলোকে তু কিমিদং কিমিতি স্থিতম্
 ভমোব্যাপ্তানি লোকানাং চক্ষুঃষি প্রথিতৌজসাম্
 জহারাখং রাবণস্ত সূক্ষ্মং পাতালস স্থিতঃ ।
 বিদ্যামালীতি বিখ্যাতো রাক্ষসশ্রেণিসংবৃতঃ ।
 কামগে স্তুবিমানে তু সর্বাযসনিষেবিণি ।
 আক্রোটোহস্ত বীর্যাণাং ভয়ং কুর্স্বন জহায় সঃ
 মহুর্ভান্তত্তমো নষ্টমাকাশং বিমলং বভো ।
 বীরাঃ শক্রয়মুখ্যাশ্চ প্রোচুঃ কুত্র হয়োহস্তি সঃ

অকস্মাৎ এরূপ ঘোর অন্ধকার প্রাজ্বলিত হইল যে, তাহাতে অভিজ্ঞ ব্যক্তিগণও স্বপ্নক পন্নপক্ষ স্থির করিতে পারিল না । ৭২—৮৫ । সমুদয় নভোমণ্ডল ধূলিপটলে সমাচ্ছন্ন হইল এবং নিরস্তর বিদ্যাৎ ও মেঘধরনি হইতে থাকিল, মহাভয়জনক এতাদৃশ সম্বর্দ উপস্থিত হইলে কিয়ৎক্ষণ পরেই জলদজাল, কধির ও পুয় (পূজ) প্রভৃতি অমেধ্য সকল প্রভূত পরিমাণে বর্ষণ আরম্ভ করিল। তখন সেই সকল বীরগণ বিষম বৈরী উপস্থিত হওয়ায় অতীব ব্যাকুল হইয়া উঠিল। তৎকালে সকলেই ব্যাকুলিত চিন্তে কেবল “একি! একি হইল” এইরূপ বলিতে থাকিল। প্রসিদ্ধ তেজস্বীদিগেরও চক্ষু-সকল অন্ধকারপূর্ণ হইয়া গেল। ঐ সময়ে বিদ্যামালী নামে বিখ্যাত পাতালবাসী রাবণ-সূক্ষ্ম কোন রাক্ষস, রাক্ষসগণে পরিবৃত হইয়া অথকে হরণ করিল। সেই রাক্ষসাধম, সর্বপ্রকার লৌহময় অস্ত্রশস্ত্রাদিতে পরিপূর্ণ পরমসুন্দর কামগামী এক বিমানে আকৃত থাকিয়া বীরগণের ভয়োৎপাদন করত অথ হরণ করিয়াছিল। পরে মহুর্ভ-কালমধ্যেই অন্ধকার তিরোহিত হইল এবং আকাশমণ্ডল বিমলভাব ধারণে শোভা পাইতে লাগিল। তখন শক্র প্রভৃতি

তে সর্বে হয়রাজস্ত লোকয়ন্তঃ পরস্পরম্ ।
 দদৃশ্বন যদা বাহং হাহাকারস্তদাভবৎ ॥ ৯১
 কুত্রাপ্থো হয়মেধস্ত কেন নীতঃ কুবুদ্ধিনা ।
 ইতি বাচমবোচুস্তে তাবৎ স দনুজেশ্বরঃ ৯২
 সদৃশে স্তুভট্টে: সর্বে রথেষু: শৌর্ধ্যশোভিতৈঃ
 বিমানবরমারুটো রাক্ষসাশ্রো: সমারুতঃ ॥৯৩
 হুমুখা বিকরালান্তা লক্ষদংষ্ট্রা ভয়ানকাঃ ।
 রাক্ষসান্তত্র দৃশুস্তে হয়গ্রোহকরোদ্যতাঃ ॥ ৯৪
 তদা তং বেদয়ামাসু: শক্রয়ং নুবরোক্তমম্ ।
 হয়ো নীতো ন জানীমঃ খে বিমানবিলাসিনা ॥
 তমসা ব্যাকুলান্ কুত্রা বীর্যানস্মান্ স মাযয়া ।
 জগ্রাহ নৃপশর্দূল হয়ং কুরু যথোচিতম্ ॥ ৯৬
 শক্রয়স্তদ্বচঃ শ্রুত্বা মহারোষসমারুতঃ ।

বীরগণ পরস্পর বলিতে লাগিলেন, সেই অথ কোথায়? ৮৬—৯০। তাঁহারা পরস্পর সকলেই অথের অনুসন্ধান করত যখন দেখিতে পাইলেন না, তখন চতুর্দিকেই হাহাকার পড়িয়া গেল। অথমেঘযজের অথ কোথায় যাইল, কোন তুম্বিতি তাহাকে লইয়া গেল, তাঁহারা পরস্পর এই কথা বলিতেছেন, এমত সময়ে শৌর্ধ্যশালী রথারুত সমুদয় বীরবৃন্দই মহামহা রাক্ষসগণে পরিবৃত বিমানারুত সেই রাক্ষসরাজকে দেখিতে পাইলেন। তাঁহারা দেখিলেন, রাক্ষসদিগের মধ্যে কাহার কাহার মুখমণ্ডল অতি বিরক্তভাবাপন্ন ও কাহার কাহার অতি সুদীর্ঘ, আকৃতি অতি ভয়ানক এবং সকলেই প্রায় সেই অথগ্রহণার্থ কর উত্তোলন করিতেছে। তৎকালে সেই বীরগণ, নৃপবর শক্রয়কে কহিলেন,—হে নৃপশর্দূল! আমরা তাহাকে সম্যক জানিতে পারিতেছি না, কিন্তু কোন একজন বিমানে আরোহণ করত অথকে আকাশপথে লইয়া যাইতেছে। সে, মায়াবলে এই সমুদয় বীরগণকে ভয়োজ্বলে ব্যাকুল করিয়া অথ লইয়াছে, এক্ষণে যাহা কর্তব্য হয় করুন। তাহাদিগের বাক্য

কৌহন্তোষ্য রাক্ষসো যো মে হয়ঃ জগ্রাহ

বীর্ঘ্যবান্ ॥ ১৭

বিমানং তৎপতত্ৰদ্য মধাণব্রজনির্হতম্ ।
পতত্ৰদ্য শিরস্ত্ৰস্ত কুরপ্রৈশ্বে মহীতলে ॥ ১৮
সজ্জৌয়স্তাং রথাঃ সর্কেষ মহাশস্ত্রাপুরিতাঃ ।
যাস্ত তং প্রতি সংহর্ষুঃ যোদ্ধারো বাজ্জহারিণম্
ইতু্যক্তা যোযতাস্ত্রাক্ উবাচ নিজমস্ত্রিণম্ ।
নয়ানয়বিদং শুরং যুদ্ধকার্য্যবিশারদম্ ॥ ১০০
শক্রয় উবাচ ।

মস্ত্রিন্ কথয় কে যোজ্য্য রাক্ষসস্ত বধোদ্যতাঃ ।
মহাশূরা মহাশস্ত্রাঃ পরমান্ন বহুতমাঃ ॥ ১০১
কথয়াণ্ড বিচার্য্যেবং তৎকরোমি ভবদ্বচঃ ।
বীরান্ কথয় তৈশ্চবং যোগ্যান্ সর্কাস্ত্র-
কোবিদান্ ॥ ১০২
এতচ্ছূদ্বাথ সচিবঃ প্রাহ বাক্যং যথোচিতম্ ।
রণে বীরবরান্ যোগ্যান্নির্দিশংস্তরসাবিতান্ ॥

শ্রবণে শক্রয় মহাকৃষ্ণ হইয়া বলিলেন, এরূপ
বীর্ঘ্যবান্ রাক্ষস কে আছে যে, আমার
অশ্ব গ্রহণ করে। এখনই তাহার
বিমান মদীয় শরজালে বিধ্বস্ত হইয়া পতিত
হইবে, এবং এই দণ্ডেই তদীয় মস্তক
আমার কুরপ্রায়ে ছিন্ন হইয়া মহীতলে
লুপ্তিত হইবে, সন্দেহ নাই। প্রভুত অস্ত্র-
শস্ত্রে পরিপূর্ণ রথসকল সজ্জিত হউক এবং
যোদ্ধাবৃন্দ সেই অশ্বহারককে সংহারার্থ এখনই
তদভিমুখে যাউক। শক্রয় রোষাক্রণিত
নেত্রে এইরূপ কাহিয়া যুদ্ধকার্য্য-বিশারদ নীতি
ও অনীতিবিষয়ে অভিজ্ঞ, মহাবীর নিজ
মস্ত্রী স্মৃতিকে বলিলেন,—মস্ত্রিন্! রাক্ষস-
বধে উদ্যত দিব্যাস্ত্র-কুশল মহাস্ত্রধারী কোন
মহাবীরগণকে এক্ষণে নিয়োগ করা যায়
বল; আমি তোমারই বচনানুসার কার্য্য
করিব; অতএব অবিলম্বে এই বিষয় বিচার
করিয়া বল এবং সর্কাস্ত্রকোবিদ কোন বীর-
গণই বা তাহার সহিত যুদ্ধে যথার্থ
যোগ্য হইতে পারে বল। সচিববর স্মৃতি
শক্রয়ের এতাদৃশ বাক্য শ্রবণানন্তর

স্মৃতিক্রবাচ ।

জেতুং গচ্ছতু তদ্রক্ষঃ সমরে বিজয়োদ্যতঃ ।
মহান শস্ত্রাস্ত্রসংযুক্তঃ পুঙ্গলঃ পরতাপনঃ ॥ ১০৪
তথা লক্ষ্মীনিধির্থা তু শস্ত্রশজ্জসমঘ্নিতঃ ।
করোতু তস্ত বানস্ত ভঙ্গং তৌক্লেঃ স্বসায়কৈঃ
হনুমান্ দৃষ্টকর্শ্মাজ্জ রাক্ষসায়োধনক্ষমঃ ।
করোতু মুখপুচ্ছাভ্যাং তাড়নং রক্ষগাং প্রভো ॥
বানরা অপি যে বীরা রণকর্শ্মবিশারদাঃ ।
গচ্ছন্ত তেহখিলা যোচ্ছুঃ তব ঙ্কাপ্রণোদিতাঃ
সুন্দশ্চ সুবাহশ্চ প্রতাপাশ্রাণ্ড সন্তমাঃ ।
গচ্ছন্ত সায়কৈস্তৌক্লেস্তান্ যোচ্ছুঃ রাক্ষসাধমান্
ভবানপি মহাশস্ত্র-পরীবায়ো রথে স্থিতঃ ।
করোতু বিজয়ং যুদ্ধে রাক্ষসং হন্তুদ্যতঃ ॥ ১০৬
এতন্নম মতঃ রাজ্ঞন্ মে যোধাস্তৎপ্রমর্দনাঃ ।
তে গচ্ছন্ত রণে শূরাঃ কিমন্তৈক্লেভির্ভটৈঃ ॥

সংগ্রামে যোগ্য মহাবেগশালী বীরবরগণকে
নির্দেশ করত যথোচিত বাক্য বলিতে লাগি-
লেন ১০১—১০৩ স্মৃতি বলিলেন,—সমরে
বিজয়োদ্যত, শক্রতাপন মহাবীর পুঙ্গল অস্ত্র-
শস্ত্রে সজ্জিত হইয়া সেই রাক্ষসকে জয় করি-
বার নিমিত্ত গমন করুন। লক্ষ্মীনিধিও
অস্ত্রনিচয় গ্রহণপূর্বক গমন করুন এবং স্বীয়
সুতৌক্ল সায়কসমূহে তাহার যান ভগ্ন করুন।
প্রভো! যাহার অলৌকিক কার্য্য সকলেই
দর্শন করিয়াছে, রাক্ষসসমরে সক্ষম সেই
হনুমান দস্ত ও পুচ্ছ দ্বারা রাক্ষসনিচয়কে
তাড়িত করুন। অস্তান্ত যে সকল বানরও
রণকার্য্যে বিশারদ এবং বীর, তাহার সক-
লেও আপনার আজ্ঞায় যুদ্ধার্থ গমন করুক।
অতীব সদাশয় সুন্দ সুবাহ এবং প্রতা-
পাশ্রাণ্ড তৌক্ল সায়কসমূহদ্বারা রাক্ষসাধমগণের
সহিত যুদ্ধার্থ গমন করুন। আপনিও মহাস্ত্র-
নিচয় ধারণ করত রথধিরোহণে পরিজন-
বর্গের সহিত সেই রাক্ষসকে সংহারার্থ উদ্-
যুক্ত হইয়া সমরে বিজয় লাভ করুন। রাজন্!
কলে আমার এই মত যে, যে সকল যোদ্ধা
রাক্ষসমর্দনে সক্ষম, সেই সকল শুরগণই রণে

ইত্যাঙ্কবতি বীরাগ্রোহমাত্যো স্মৃতিসংক্রমে
 শক্রয়ঃ কথয়ামাস বীরান সংগ্রামকোবিদান
 যে বীরাঃ পুঙ্কলাদ্যাঙ্ক সর্ষশাস্ত্রকোবিদাঃ ।
 তে বদন্ত প্রতিজ্ঞাং বৈ মৎপুত্রো রাক্ষসাদিনে ।
 রুদ্ভা প্রতিজ্ঞাঃ বিপুলান্ স্বপরাক্রমশোভিনীন্ ।
 গচ্ছন্ত রণমধ্যে হি যুগ্মং বলসমর্থতাঃ ॥ ১১৩
 ইতি বাক্যং সমাকর্ণ্য শক্রয়ন্ত মহাবলাঃ ।
 স্বাঃস্বাঃ প্রতিজ্ঞাং মহতীং চক্রুস্তেজঃসমর্থিতাঃ ॥
 তত্রান্যো পুঙ্কলো বীরঃ ঞ্জহা বাক্যং মহাপতেঃ
 পরমোৎসাহসম্পন্নঃ প্রতিজ্ঞামুচবাংস্তথা ॥ ১১৪
 পুঙ্কল উবাচ ।

শুশ্রুম নৃপশাৰ্দূল মৎপ্রতিজ্ঞাং পরাক্রমাৎ ।
 বিহিতাং সর্ষলোকানাং শূৰ্যতাং পরমাক্ৰ তাম্ ।
 চেন্ন কুর্যাৎ ক্ষুরপ্রাগ্ৰোস্তীকৈঃ কোদণ্ডনির্গঠৈঃ
 দৈত্যৈঃ মুচ্ছাসমাক্রান্তঃ কীর্ণকেশাকুলাননম্
 কস্তান্বভোক্তুর্বাৎপাপং যৎপাপং দেবনিন্দনে ।

গমন করুন, অন্তান্ত বহু ল বীরের প্রয়োজন
 নাই। বীরবর অমাত্য স্মৃতি এইরূপ
 कहিলে, শক্রয় সংগ্রামনিপুণ বীরগণকে কহি-
 লেন,—সর্ষপ্রকার অস্ত্রশস্ত্র-প্রয়োগে অভিজ্ঞ
 পুঙ্কলাদি যে সকল বীরগণ আছেন, তাঁহারা
 আমার নিকট রাক্ষসদলনে নিজ নিজ
 প্রতিজ্ঞা ব্যক্ত করুন। সকলে স্ব স্ব পরাক্রমা-
 হুয়ারিক গুরুতর প্রতিজ্ঞা করিয়া সৈন্তগণ-সম-
 ভিব্যাহারে সময়ে গমন করুন। মহাবল-
 শালী মহাতেজস্বী বীরগণ শক্রয়ের ঈদৃশ
 বাক্য শ্রবণ করিয়া স্ব স্ব গুরুতর প্রতিজ্ঞা
 প্রকাশ করিতে লাগিলেন। তন্মধ্যে বীরবর
 পুঙ্কল মহাপতির বাক্য শ্রবণে পরম উৎসাহ-
 বিত হইয়া অগ্রেই প্রতিজ্ঞা করিলেন। পুঙ্কল
 বলিলেন, হে নৃপশাৰ্দূল! আমি স্বীয় পরাক্রম-
 বশতঃ সকলকে ওনাইয়া যে প্রতিজ্ঞা করি-
 তেছি, শ্রবণ করুন। আমি যদি স্বীয় কোদণ্ড-
 নির্গত স্ত্রীকক্ষ ক্ষুরপ্রান্ত্রে সেই দৈত্যকে
 মুচ্ছাভিক্ত এবং আলুলায়িতকেশকলাপে
 ব্যাকুলানন না করিতে পারি, যদি সত্য
 সত্যই আমার কথা মিথ্যা হয়, তাহা হইলে

তৎপাপং মম বৈ ভূয়াচ্চেৎ কুর্যাৎ
 স্বভোচোহনৃতম্ ॥ ১৮
 যদি মৰাণনির্ভিন্নাঃ সৈনিকাঃ স্মহাবলাঃ ।
 ন পতন্তি মহারাজ প্রতিজ্ঞাং তত্র মে শৃণু ॥ ১১৯
 বিক্ষীণযোর্কিভেদং যঃ শিবশক্ত্যোঃ কয়ো-
 ত্যপি ।
 তৎপাপং মম বৈ ভূয়াচ্চেন্ন কুর্যানুতং বচঃ ॥
 সর্ষং মদ্বাক্যমিত্যুক্তং রঘুনাথপদাশ্রয়ে ।
 ভক্তির্মৈ নিশ্চলা যাক্তি সৈব সত্যং করিষ্যাতি
 পুঙ্কলন্ত প্রতিজ্ঞাং তাং ঞ্জহা লক্ষ্মীনিধিনৃপঃ ।
 প্রতিজ্ঞাং ব্যদধাৎ সত্য্যং স্বপরাক্রমশোভ-
 তাম্ ॥ ১২২

লক্ষ্মীনিধিকবাচ ।

বেদানাং নিন্দনং ঞ্জহা আস্তে যো মোনিবল্লভঃ
 মানসে রোচয়েদযন্ত সর্ষধর্ম্ম-বহিষ্কৃতঃ ॥ ১২৩
 ত্রাঙ্কণো যো ত্রুতাচারো রসলাক্ষাদিবিক্রয়ী ।
 বিক্রীণাতি চ গাং মুচো ধনলোভেন মোহিতঃ

কস্তার সম্পত্তি উপভোগে কস্তার অর্থ উপ-
 ভোগে ও দেবনিন্দায় যে পাতক নির্দেশ
 আছে, আমারও যেন সেই পাতক হয়।
 ১০৪-১১৮। মহারাজ! মহাবলপরাক্রম রাক্ষস
 সৈন্তগণ যদি মদৌঘবানে ক্ত-বিক্ত হইয়া
 পতিত না হয়, তবে তর্দ্বিষয়ে আমার প্রতিজ্ঞা
 শুচুন। যদি স্ববাক্য সত্য করিতে না
 পারি, তাহা হইলে যে ব্যক্তি হরি ও হরে
 এবং শিব-শক্তিতে ভেদ কল্পনা করে, তাহার
 যে পাপ কথিত হইয়াছে, আমারও যেন সেই
 পাপ হয়। রাজন! রঘুনাথের চরণারবিন্দে
 আমার যে অচলা ভক্তি আছে, তাহাই
 মহত্ব এই সমুদয় বাক্য সত্য করিবে। তৎ-
 কালে নৃপবর লক্ষ্মীনিধি, পুঙ্কলের এতাদৃশ
 প্রতিজ্ঞা শ্রবণ করিয়া স্বীয় পরাক্রমাহুয়ারী
 সত্য প্রতিজ্ঞা করিলেন। লক্ষ্মীনিধি বলি-
 লেন,—যে ব্যক্তি দেবনিন্দা শ্রবণ করিয়া
 মৌনী হইয়া থাকে এবং সর্ষধর্ম্ম-বহিষ্কৃত যে
 ব্যক্তি অন্তঃকরণে দেবনিন্দায় কচি করে
 কিংবা যে ত্রুতাচার ত্রাঙ্কণ রস-লাক্ষাদি বিক্রয়

স্নেচ্ছকুপোদকং পীত্ব। প্রায়শ্চিত্তং নাচরেৎ ।
 তৎপাপং মম বৈ ভূয়াম্ভিবশ্চৈত্ত্বাম্যাহম্ ॥১২৫
 তৎপ্রতিজ্ঞামধাঞ্চত্য হনুমান্ রণকোবিদঃ ।
 রামাঙ্জিৎস্বরগং কৃষ্মা প্রোবাচ বচনং শুভম্ ॥১২৬
 মৎস্বামী হৃদয়ে নিত্যং ধ্যেয়ো বৈ যোগিভির্ষুহঃ
 যঃ দেবাঃ সাসুরাঃ সর্ষে নমস্তি মণিমৌলিভিঃ
 রামঃ স্ৰীমানযোধায়াঃ পতির্গৌকেশপুঞ্জিতঃ ।
 তং স্মৃবা। যদ্বক্রবে বাক্যং তদ্বৈ সত্যং ভবিষ্যতি
 রাজন্ কোহয়ং লঘুর্দৈত্যো হুর্ললঃ কামগে
 স্থিতঃ ॥ ১২৮
 কথঞ্চাৎ ময়া কার্ধ্যমেতেন বিনিপাতনম্ ॥১২৯
 মেকং দেবেশ্চসহিতং লাক্সলাগ্রেণ লৌলয়া ।
 জলধিং শোষণে সর্ষং সাবর্ত্তং বা পিবাম্যাহম্ ॥
 রাজঃ স্ৰীরঘুনাথশ্চ জানক্যাঃ রুপয়া মম ।

তন্নাস্তি ভূতলে রাজন্ যদসাধ্যং কদা ভবেৎ
 এতৎকাক্যং ময়া প্রোক্তমনুতঃ স্মাদযদি শ্রুতো
 তদেব রঘুনাথশ্চ ভক্তিদুরো ভবাম্যাহম্ ॥১৩২
 যঃ ক্রুদ্ধঃ কপিলাং গাং বৈ পয়োবৃক্ষ্যাম্মশালয়েৎ
 তস্ত পাপং মমৈবাশ্চ চেৎকুর্ধ্যামনুতঃ বচঃ ॥১৩৩
 ব্রাহ্মণীঃ গচ্ছতে মোহাজুহুঃ কামবিমোহিতঃ ।
 তস্ত পাপং মমৈবাশ্চ চেৎ কুর্ধ্যামনুতঃ বচঃ ॥
 যদব্রাহ্মণরকং গচ্ছেৎ স্পর্শনাচ্চাপি রৌরবম্
 তাং পিবন্নদিত্যাং যো বা জিহ্বাশ্বাদেনলোলুপঃ
 তস্ত যচ্ছায়তে পাপং তন্নমৈবাশ্চ নিশ্চিতম্ ।
 চেৎ কুর্ধ্যাৎ প্রতিজ্ঞাং শ্বাসত্যাতাং রামরূপা-
 বলাৎ ॥ ১৩৬
 এবমুক্তে মহাবীর্য যোদ্ধারন্তরস্যা ভূতাঃ ।
 চকুঃ প্রতিজ্ঞাং মহতীং স্বপরাক্রমশালিনীম্ ॥

করে, যে মূঢ় মানব ধনলোভে মোহিত হইয়া
 গোবিক্রয় করে, এবং যে ব্যক্তি, স্নেচ্ছকুপো-
 দক পান করিয়া প্রায়শ্চিত্ত না করে, তাহা-
 দিগের যে পাপ উল্লিখিত হইয়াছে, আমি
 যদি রণে বিমুগ্ধ হই, তবে আমারও যেন
 সেই পাপ হয়। রণকোবিদ হনুমান সেই
 সকল প্রতিজ্ঞা শ্রবণ করিয়া স্ৰীরামের চরণ-
 ধূগলস্বরূপপূর্বক এইরূপ শুভকর বাক্য
 বলিলেন যে, মদীয় স্বামী যে রামকে যোগি
 গণ নিরন্তর হৃদয়ে ধ্যান করেন, সুরাসুরগণ
 ঈর্ষাকে মণিময়কিরীটশোভিত মস্তক দ্বারা
 প্রণিপাত করিয়া থাকেন এবং অযোধ্যাধিপতি
 যে স্ৰীমান্ রাম লোকপালগণেরও পূজিত,
 সেই স্ৰীরামচন্দ্রকে স্মরণ করিয়া আমি
 যাহা বলিব, তাহা অবশ্যই সত্য হইবে।
 রাজন্! কামগ বিমানস্থিত এই সামান্য দৈত্য
 ঋক কে? ওত অতি হুর্লল, আপনি আজ্ঞা
 বরুন, আমি একাকী এখনই; উহার নিপাত
 করিতে পারি। আমি লাক্সলাগ্রে দ্যেবে-
 শ্চের সহিত স্নেচ্ছকুপোদক এবং অবলীলাক্রমে লয়
 করিতে পারি এবং আবর্ত্তসমবিত সমুদয়
 জলধিকেও শোষণ বা পান করিয়া ফেলিতে

পারি। রাজন্! রাজবর স্ৰীরঘুনাথ ও
 জানকীর প্রসাদে ভূতলে এমন কোন কার্যই
 নাই, যাহা কোনকালে আমার অসাধ্য হইতে
 পারে। শ্রুতো! আমি যে কথা বলিলাম,
 যদি ইহা সত্য না হয়, তাহা হইলে আমি
 রঘুনাথের প্রতি ভক্তিবিহীন হইব জানি-
 বেন। যে ব্যক্তি ক্রুদ্ধ হইয়া কেবল হৃদ-
 লাভ প্রত্যাশায় কপিলা ধেনুকে পালন করে,
 তাহার যে পাতক হয়, আমি যদি নিজবাক্য
 সত্য করিতে না পারি, তবে আমারও যেন
 সেই পাতক হয়। ১১৯—১৩৩। শূদ্র কাম-
 মোহিত হইয়া ব্রাহ্মণী-গমন করিলে তাহার
 যে পাপ হয়, আমার কথা মিথ্যা হইলেও
 যেন আমার সেই পাপ হয়। যাহা অজ্ঞান
 বা স্পর্শ করিলেও মানবকে রৌরব-
 নরকে গমন করিতে হয়, তাদৃশ মদিরাকে
 যে ব্যক্তি কেবল জিহ্বা দ্বারা আশ্বাদ-
 গ্রহণে লোলুপ হইয়া পান করে, তাহার
 যে পাতক হয়, আমি যদি স্ৰীরামের রূপায়
 স্বীয় প্রতিজ্ঞা সকল করিতে না পারি,
 তবে আমারও সেই পাতক হইবে, সন্দেহ
 নাই। হনুমান এইরূপ কহিলে মহাবীর
 যোদ্ধারূপে স্তম্ভিত হইয়া স্ব স্ব পরাক্রমায়-

ଶକ୍ତରେହିଁଅପି ବ୍ୟାଧାନ୍ତର ପ୍ରତିଜ୍ଞାଂ ପଞ୍ଚତାଂ ନୃଣାମ୍ ।
 ସାଧୁ ସାଧୁ ପ୍ରଶଂସାଂଶ୍ଚ ତାନଂ ବୀରାନଂ ଯୁଦ୍ଧକୋବିଦାନଂ ।
 କଥୟାମି ପୁରୋ ବଃ ଶ୍ଵାଂ ପ୍ରତିଜ୍ଞାଂ ସଂଶୋଭିତାମ୍ ।
 ତତ୍ତୁଃସ୍ତୁ ମହାଭାଗା ଯୁଦ୍ଧୋଽସାହସମସିତାଃ ॥ ୧୭୨
 ଚେତସ୍ତ ଶିର ଆହୁତ୍ୟା ପାତୟାମି ନ ସାୟତ୍କେ ।
 ବିମାନାଠ କବଳାଠ ତିମ୍ନଂ ହିରଂଧ୍ୟ କୁତଲେ ।
 ସଂପାପଂ କୃଟିକାକ୍ଷ୍ୟେଽପ ସଂପାପଂ ଶ୍ଵର୍ଗଚୌର୍ଥତଃ ।
 ସଂପାପଂ ବ୍ରହ୍ମନିନ୍ଦାୟାଂ ତନ୍ମୟାନ୍ତନ୍ୟା ନିଶ୍ଚୟାଂ ।
 ଇତି ଶକ୍ତେରମଦାକ୍ୟଂ ଶ୍ରଦ୍ଧା ଶ୍ଚେ ବୀରପୁଞ୍ଜିତାଃ ।
 ଧତ୍ତୋଽସି ରାଷବଭ୍ରାତଃ କନ୍ଦୁଭକ୍ତୋଽପିରୋ ଭବେଽ
 ଦ୍ଵୟା ବିନିହତୋ ଦୈତ୍ୟୋ ଦେବଦାନବହୁଃସଦଃ ।
 ଲବଣୋ ନାମ ଲୋକେଶ ମଧୁପୁତ୍ରୋ ମହାବଳଃ ॥ ୧୮
 କୋଽସ୍ୟ ବୈ ରାକ୍ଷସୋ ହୁଃଃ କ ଚାନ୍ତ ବଳମଗ୍ନକମ୍
 କରିଷ୍ୟାସି କ୍ଷମାଦେବ ତନ୍ତ୍ରାପାୟଂ ମହାମତେ ॥ ୧୮୮

ଯାୟିକ ଖରୁତର ଖରୁତର ପ୍ରତିଜ୍ଞା କରିଲେନ
 ଅବଶେଷେ ଶକ୍ତେର ଓ ସର୍ବଜ୍ଞାନମକ୍ଷେ ସେହି ସକଳ
 ଯୁଦ୍ଧକୋବିଦ ବୀରଗଣକେ “ସାଧୁ ସାଧୁ” ବଲିୟା
 ପ୍ରଶଂସା କରତ ପ୍ରତିଜ୍ଞା କରିଲେନ । ତିନି ବଲି-
 ଲେନ,—ହେ ଯୁଦ୍ଧୋଽସାହସମସିତ ମହାଭାଗଗଣ ।
 ଆମି ଏକ୍ଷଣେ ଆପନାଦିଗେର ନିକଟ ନିଜ
 ବଳବିକ୍ରମାଭିରୂପ ଯେ ପ୍ରତିଜ୍ଞା କରିତେହି
 ଶ୍ରବଣ କଲମ । ଆମି ଯଦି ସାୟକସମୂହ
 ହାରା ତାହାର ହିର-ଭିର ମନ୍ତକ ତଦୌୟ ଦେହ
 ଓ ବିମାନ ହୈତେ ଅପହତ କରିୟା ଭୂତଲେ
 ପାତିତ କରିତେ ନା ପାରି, ତାହା ହୈଲେ
 ମିଥ୍ୟାସାକ୍ୟ ଶ୍ଵର୍ଗଚୌର୍ଥ୍ୟ ଓ ବ୍ରାହ୍ମଣନିନ୍ଦାୟ
 ସେ ପାପ ହୟ, ଅନିଶ୍ଚିତ ଆଜ୍ଞ ଆମାରଓ
 ସେହି ପାତକ ହୈବେ । ବୀରପୁଞ୍ଜିତ ସେହି
 ସକଳ ଷୋକ୍ତରମ୍ ଶକ୍ତେର ଈନ୍ଦ୍ରୀୟ ସାଧୁ ପ୍ରତିଜ୍ଞା
 ଶ୍ରବଣପୂର୍ବକ କହିଲେନ,—ହେ ରାଷବ-ଭ୍ରାତଃ !
 ଆପନିହି ଯତ୍, ଆପନି ଭିର ଆର କେହି
 ବା ଏରୂପ ହୈତେ ? ହେ ଲୋକେଶ ! ଆପନି
 ସ୍ଵର୍ଗ ଦେବଦାନବଗଣେର ହଃସପ୍ରଦ ମହାବଳ-ପରା-
 କ୍ରାନ୍ତ ମଧୁପୁତ୍ର ଲବଣାସୁରକେ ନିହତ କରିୟାଛେନ,
 ତତ୍ତନ ଆପନାର ନିକଟ ଏହି ହୁଃଃ ନିଶାଚିର ଆର
 କେ ? ଇହାର ସାମାନ୍ତ ବଳହି ବା କୋଧାର
 ଧାକିବେ ? ହେ ମହାମତେ ; ଆପନି କ୍ଷମାଦେବହି

ଇତ୍ୟୁକ୍ତା ଶ୍ଚେ ମହାବୀରାଃ ସଞ୍ଜୀକୃତା ର୍ଗାଜ୍ଞନେ ।
 ପ୍ରତିଜ୍ଞାଂ ଶ୍ଵାମତାଂ କର୍ତ୍ତୁଃ ସୟୁକ୍ତେ ରାକ୍ଷସଂ ମୁଦା ।
 ଶେଷ ଉବାଚ ।
 ରଥେଃ ସଦୈଃ ଶୋଭାଠାଟୋଃ ସର୍ବଶକ୍ତାନ୍ତ୍ରପୁରିତେଃ ।
 ନାନାରତ୍ନସମାୟୁକ୍ତେର୍ଧ୍ୟୁକ୍ତେ ରାକ୍ଷସା ମୟ ॥ ୧୮୭
 ତାନଂ ଦୃଷ୍ଟ୍ଵା କାମଗେ ଯାନେ ହିତଃ ପ୍ରୋବାଚ ରାକ୍ଷସଃ
 ମେଷଗଞ୍ଜୀରୟା ବାଚା ତତ୍ତ୍ଵୟସିବ ତ୍ଵରିତଃ ॥ ୧୮୯
 ଯା ସାନ୍ତ ଅଭୂତା ଯୋକ୍ତୁଃ ଗଞ୍ଜନ୍ତୁ ନିଜମନ୍ଦିରମ୍ ।
 ଯା ତ୍ୟଜନ୍ତୁ ଶ୍ଵକାନଂ ପ୍ରାଣୀରଂ ଯୋକ୍ତେ ବାଜିନଂ :
 ବରମ୍ ॥ ୧୮୮
 ବିହ୍ୟାନ୍ମାଳୀତ ବିଧ୍ୟାତୋ ରାବଣନ୍ତୁ ଅହଂ ସଖା ।
 ସଂସର୍ଥାଃ ପ୍ରେତଭୂତନ୍ତୁ ନିକୃତିଃ କର୍ତ୍ତୁମେସିବାନ ।
 କାସୌ ରାମୋ ମମାହତ୍ୟା ସର୍ଥାଂ ରାବଣଂ ଗତଃ ।
 ତନ୍ତୁ ଭ୍ରାତାପି କୁତ୍ରାନ୍ତେ ସର୍ବଶୁରଶିରୋମଣିଃ ॥ ୧୯
 ତଂ ହତ୍ଵା ନିକୃତିଂ ତନ୍ତୁ ପ୍ରାପ୍ତୋ ରାମନ୍ତୁ ଚାନ୍ତୁଜ୍ଞମ୍
 ପିବନଂ କଠିରୟୁକ୍ତ ତଂ କର୍ତ୍ତନାନ୍ତୁ ବୁଦ୍ଧଦୈଃ ॥ ୧୯୧

ତାହାର ସଂହାର-ସାଧନ କରିତେ ପାରିବେନ ।
 ସେହି ମହାବୀରଗଣ, ଏହିରୂପ କହିୟା ସମରାଜ୍ଞନେ
 ଶ୍ଵ ଶ୍ଵ ପ୍ରତିଜ୍ଞା ସତ୍ୟ କରିବାର ନିମିତ୍ତ ଯୁଦ୍ଧସଞ୍ଜା
 କରତ ସାନନ୍ଦେ ସେହି ରାକ୍ଷସେର ଉଦ୍ଦେଶେ ଯାତ୍ରା
 କରିଲେନ । ୧୭୮—୧୮୯ । ସର୍ପରାଜ କହିଲେନ,
 —ଅନନ୍ତର ଠାହାରା ସ୍ଵର୍ଗ ନାନାରତ୍ନ-ସଂଶୋଭିତ
 ନାନାପ୍ରକାର ଅନ୍ତ୍ର-ଶକ୍ତେ ପରିପୂର୍ଣ୍ଣ ଉତ୍ତମ ଉତ୍ତମ
 ଅଧ୍ୟୁକ୍ତ ଅନ୍ତର ଅନ୍ତର ରଥେ ଆରୋହଣ
 କରିୟା ସେହି ରାକ୍ଷସାଧମେର ନିକଟ ଉପସ୍ଥିତ
 ହୈଲେନ, ତତ୍ତନ ସେହି କାମଗ ବିମାନାଧିକୃତ
 ରାକ୍ଷସ, ଠାହାଦିଗକେ ଦଧିୟା ମେଷଗଞ୍ଜୀର
 ବଚନେ ବାରଂବାର ତତ୍ତ୍ଵଜ୍ଞ କରତ କହିଲ,—ଓହେ
 ଅଭୂତଗଣ ! ଯୁଦ୍ଧାର୍ଥ ଆସିଓ ନା, ନିଜ ନିଜ
 ଭବନେ ଗମନ କର, ବୃଥା ପ୍ରାଣତ୍ୟାଗ କରିଓ
 ନା, ଆମି ଏହି ଅଧ୍ୟବରକେ ଛାଡ଼ିବ ନା । ଆମି
 ବିହ୍ୟାନ୍ମାଳୀ ନାମେ ବିଧ୍ୟାତ, ରାବଣେର ପ୍ରିୟବନ୍ଧୁ ।
 ପ୍ରେତଭୂତ ମଦୌୟ ସଖୀ ନିକୃତି କରିବାର
 ଜନ୍ତୁହି ଆସିୟାହି । ମଦୌୟ ସଖା ରାବଣକେ
 ସଂହାର କରିୟା ସେହି ରାମ ଏତ୍ତନ କୋଧାର
 ଗିୟାଛେ ? ଏବଂ ସର୍ବଶୁର-ଶିରୋମଣି ତଦୌୟ
 ଭ୍ରାତା ବଳ୍ଲଣହି ବା କୋଧାର ? ଅତ୍ତନ ଶ୍ଵାମି

ইতি বাক্যং সমাকর্ণ্য বোধানাং প্রবরো মহান
পুঙ্কলো নিজগাটেনং বীৰ্য্যশৌৰ্য্যসমৰিভম্ ॥

পুঙ্কল উবাচ ।

বকথনং ন কুর্কন্তি সংগ্রামে সুভটা নয়াঃ ।
পরাক্রমং দর্শয়ন্তি নিজশস্ত্রানুবর্ধনৈঃ ॥ ১৫৩
রাবণো নিহতো যেন সমুদ্বলবাহনঃ ।

তস্ত বাজিন্মাহত্য কুত্র গস্তাসি দুর্মতে ॥ ১৫৪
পতিব্যাসি ত্বং শক্রেন-বাণৈঃ কোদণ্ডনির্গতৈঃ ।
ত্বামৎকন্তি শিবা ভূমো পতিতঃ প্রাণবর্জিতম্
মা গর্জন্তি সুভটা যুদ্ধে শক্রেন জিহ্বা মহোদয়ান ॥

শেষ উবাচ ।

এবং ক্রবন্তং তং বীরং পুঙ্কলং রণদুর্মদম্ ।
জঘান শক্ত্যা সুভৃশং হৃদি রাক্ষসসত্তমঃ ॥ ১৫৭

আঘাত্যঃ তাং মহাশক্তিমায়াসীং কাক্ষনাশ্রিতাম্
চিচ্ছেদ ত্রিভিরভ্যুগ্ৰৈঃ শিটৈর্কাটৈঃ স পুঙ্কলঃ
সা ত্রিধা হৃণতদভূমো বিশিখৈর্নিশ্চ্রভীকৃত্য ।

পতন্তী বিররাজাসৌ বিষ্ণোঃ শক্তিভ্রয়ীব কিম্
তাং ছিন্নাঃ শক্তিকান্দৃষ্ট্বা রাক্ষসঃ পরভাপনঃ
শূলং জগ্রাহ তরসা ত্রিশিখং লোহনির্মিতম্ ॥

তীক্ষ্ণাগ্রং জলনপ্রখ্যং রাক্ষসেন্দ্রো ব্যামোচয়ৎ
আয়াস্তং তিলশব্দকে বাণৈঃ পুঙ্কলসংজিতঃ ॥
ছিবা ত্রিশূলং তরসা রাঘবস্ত হি সেবকঃ ।

পুঙ্কলশ্যাপ আধত বাণাংস্তীক্ষ্ণান্নোজবান ॥
তে বাণা হৃদি তস্মাৎ লগ্না রাগঃ বতাস্তজ্জন ॥
বৈকবস্ত যথা স্তান্তে গুণা বিষ্ণোর্নোহরয়াঃ ॥
তদ্বাণবেধহুঃখান্তো বিদ্বান্মালী সূমর্দনঃ ।

জগ্রাজ মুগায়ং ঘোরং পুঙ্কলং হস্তমুদ্যতঃ ॥ ১৬৪

সেই রাম ও রামানুজকে সংহারপূর্বক
তাঁহাদিগের কঠনাল হইতে উদ্ধৃত সুবদ্বদ
কৃধর পান করিয়া বন্ধুধণ হইতে নিষ্কণ্ঠি
প্রাপ্ত হইবে। শৌৰ্য্যবীৰ্য্য-সমৰিত যোদ্ধা-
প্রবর মহামনা পুঙ্কল, ঈদৃশ বাক্য শ্রবণ
করিয়া তাঁহাকে কহিলেন, ওহে রাক্ষসবর!
মহাবীরগণ রণস্থলে রূধা বিকথনা করেন
না, তাঁহারা অস্ত্রশস্ত্র বর্ষণ দ্বারা পরাক্রমই
প্রকাশ করিয়া থাকেন। .র দুর্মতে! যিনি
বন্ধু-বান্ধব ও বলবাহনের সহিত
রাবণকে নিহত করিয়াছেন, তুই তাঁহার
অখ হরণ করিয়া কোথায় যাইবি? তুই
এখনই শক্রব্রের কোদণ্ডনির্গত শরাঘাতে
বিমান হইতে পতিত হইবি এবং তুই
যখন গভাসু হইয়া ভূতলে পতিত থাকিবি,
তখন শিবাগণ তোকে ভক্ষণ করিবে। রে
 অশেন সহিতা বিপ্র তজ্জনানীহি মহামতে ॥ ৫

ইতি বাক্যং সমাকর্ণা মনোহারি রসায়নম্ ।
 অত্যন্তং হর্ষমাপেদে ব্রাহ্মণো রামভক্তিমান ॥ ৬
 অদ্য মে কলিতো বৃক্ষ মনোরথশ্রিয়াধিতঃ ।
 অদ্য মে জননৌ মাং যৎ সুবুবে তদভুদৃতম্ ॥ ৭
 অদ্য রাজ্যং ময়া প্রাপ্তং কণ্টকৈশ্চ বিবর্জিতম্
 অদ্য কোশাঃ সুসম্পন্ন অদ্য দেবাঃ সুতো-
 ষিতাঃ ॥ ৮
 অগ্নিহোত্রকলং অদ্য প্রাপ্তং মে হবিষা হৃতম্ ।
 যদদ্রেক্ষ্যে রামচন্দ্রে চরণাভ্যো কহোর্গুণম্ ॥ ৯
 যো নিত্যং ধ্যায়তে শাস্তে অযোধ্যায়াঃ
 পতিঃ প্রভুঃ ।
 স মে দৃগ্গোচরো নুনং ভবিষ্যতি মনোহরঃ ॥
 হনুমান মাং সমালিঙ্গ্য প্রক্যাতে কুশলং মম ।
 ভক্তিং মে মহতীং দৃষ্টা তোষং প্রাপ্যতিসত্তমঃ

করত মুনিবরকে যথোপযুক্ত প্রত্যুত্তর প্রদান
 করিয়াছিল । ৭৮—১০ ।

একবিংশ অধ্যায় সমাপ্ত । ২১ ।

দ্বাবিংশ অধ্যায় ।

অনন্তদেব বলিলেন,—সেই জনগণ, মুনি-
 বর কর্তৃক শ্রীরামের সুমহৎ কার্যের বিষয়
 জিজ্ঞাসিত হইয়া স্ব স্ব আত্মাকে ধন্ত ও
 সৌভাগ্যশালী মনে করত সাদরে
 কহিল,—মুনে! আপনি যখন অধুনা এই
 জনগণকে রামকথায় পবিত্র করিতেছেন,
 তখন এক্ষণে আমরা সকলে ভবদীয়দর্শনে
 নিম্পাপ হইলাম । হে ব্রহ্মসিসংসম! সত্য
 কথা শ্রবণ করুন, আপনি আমাদের যথা
 জিজ্ঞাসা করিলেন তৎসমুদয় বলিতেছি ।
 পরম-মাহাত্মা শ্রীরামচন্দ্রেই ব্রহ্মহত্যা পাপের
 শাস্তির নিমিত্ত অগস্ত্যমুনির বাক্যানুসারে
 সর্বোপকরণ-সম্পন্ন অশ্বমেধ যাগ করিতে
 প্রবৃত্ত হইয়াছেন । হে মহামতে বিপ্রবর!
 আমরা সকলে তাঁহারই যজ্ঞের অধিকে রক্ষা
 করত সেই অশ্বের সহিত আপনার আশ্রমে

উপস্থিত হইয়াছি । শ্রীরামভক্ত বিজবর
 আরণ্যক জনগণমুখে রসায়ন স্বরূপ এবাবিধ
 মনোহর বাক্য শ্রবণ করিয়া অতীব হর্ষ প্রাপ্ত
 হইলেন । তখন তিনি বলিতে লাগিলেন,—
 অদ্য আমার মনোরথ-বৃক্ষ কলিত হইয়া
 পরম সৌন্দর্য্য ধারণ করিল, মদীয়
 জননৌ যে আমায় প্রসব করিয়াছিলেন
 অদ্য তাহা সার্থক হইল । অদ্য আমি
 অকণ্টক রাজ্য প্রাপ্ত হইলাম, অদ্য
 আমার অতুল ঐশ্বর্য্য হইল এবং আমি
 দ্বারা দেবগণ সন্তোষ প্রাপ্ত হইলেন ।
 অহো! আমি যখন শ্রীরামচন্দ্রের চরণযুগল
 নিরীক্ষণ করিতে পাইব, তখন, এককাল
 যে স্তুতাহুতি প্রদান করিরাছি, অদ্য আমি
 সেই অগ্নিহোত্রের ফল প্রাপ্ত হইলাম ।
 অযোধ্যাধিপতি যে প্রভুকে আমি এককাল
 নিরন্তর মনোমধ্যে ধ্যান করিতেছি, অধুনা
 সেই যোহনমূর্ত্তি শ্রীরাম নিশ্চয়ই আমার
 দৃষ্টিগোচর হইবেন । নিশ্চয়ই পরম সাধু
 হনুমান আমায় আলিঙ্গনপূর্ব্বক কুশল
 জিজ্ঞাসা করিবেন এবং নিশ্চয়ই তিনি
 শ্রীরামের প্রতি মদীয় মহতী ভক্তি দর্শনে

ইতি বাক্যং সমাকর্ণ্য হনুমান্ কপিসম্ভবঃ ।
 জগ্ৰাহ পাদযুগলং মূনেন্নরায়ণ্যকস্ত হ ॥ ১০
 স্বামিন্ হনুমান্ বিপ্রর্ষে সেবকোহহং পুংঃস্থিতঃ
 জ্ঞানীহি রামদাসস্ত রেণুকল্পঃ মুনীশ্বর ॥ ১৩
 ইত্যুক্তবতি তস্মিন্ বৈ মুনিঃ পরমহর্ষিতঃ ।
 আলিঙ্গিত্ব হনুমন্তং রামভক্ত্য্য সুশোভিতম্ ॥
 উভৌ প্রেমবিনির্ভিন্নাম্ভাবভাবপি সুধাপ্তভৌ ।
 স্থগিতৌ চিত্রলিখিতাবিব তত্র বভূবতুঃ ॥ ১৫
 উপবিষ্টৌ কথাস্তস্ত চক্রতুঃ স্মনোহহয়ঃ ।
 রঘুনাথপদান্তোক্ত-জীতিনির্ভরমানসৌ ॥ ১৬
 হনুমাৎস্তমুবাচেদং বচৌ বিবিধশোভনম্ ।
 আরণ্যকং মুনিবয়ং রামাজ্জি-ধ্যাননির্ভৃতম্ ।
 স্বামিবয়ং দশরথ-কুলহীরাঙ্কুরৌ মহান্ ।
 রামভাতা মহাশুরঃ শক্রয়ঃ প্রণমত্যসৌ ॥ ১৮
 লবণৌ যেন নিহতঃ সর্বলোকভয়ঙ্করঃ ।

সম্ভট্ট হইবেন। কপিবর হনুমান্ ঈদৃশ
 বাক্য শ্রবণ করিয়া আরণ্যকমুনির পাদযুগল
 ধারণপূর্বক কাহলেন,—হে স্বামিন্! হে
 বিপ্রর্ষে! এই আমিই সেই জীরাামসেবক
 হনুমান, মুনীশ্বর! আমাকে জীরাামের কিঙ্কর-
 গণমধ্যে রেণুকল্প জানিবেন। ১—১৩।
 হনুমান এইরূপ কহিলে মুনিবর আরণ্যক
 পদ্মর আনন্দিত হইয়া রামভক্তি-সুশোভিত
 হনুমানকে আলিঙ্গন করিলেন। তৎকালে
 উভয়েই প্রেমরসে বিভোর এবং উভয়েই
 যেন সুধারসে পরিব্যাপ্ত হইয়া তথায় কিয়ৎ-
 কাল যেন চিত্র-লিখিতের স্থায় নিষ্পন্দভাবে
 অবস্থিত রহিলেন। পরে উভয়ে উপবিষ্ট
 ও রঘুনাথের জীচরণারবিন্দ-প্রেমে পরিপূর্ণ-
 হৃদয় হইয়া জীরাাম সম্বন্ধে নানাবিধ অতি-
 মনোহর কথোপকথন করিতে লাগিলেন।
 অনন্তর হনুমান, জীরাামের ধ্যানে বিভোর
 মুনিবর আরণ্যককে এইরূপ পদ্মর শোভন
 বাক্য বলিলেন,—স্বামিন্! যিনি এই আপ-
 নাকে প্রণাম করিতেছেন, ইনি জীরাামের
 ভ্রাতা এবং মহাশ্মা মহাবীর ও দশরথকুলের
 হীরকখণ্ডস্বরূপ, ইহার নাম শক্রয়। ইনিই,

কৃতান্ত স্তম্বিনঃ সর্ষে মুনয়ঃ স্তুতশোধনাঃ ॥১২
 এষ পুঙ্কলনামা স্বাঃ নমস্ত্যক্তটসেবিতঃ ।
 যেনাধনা মহাবীর্য জিতাঃ সমরমণ্ডলে ॥ ২০
 জানীহেতং বহুগুণং রামামাত্যং মহাবলম্ ।
 প্রাণপ্রিয়ং রূপভেদে সঙ্কতেঃ ধর্ম্মকোবিদম্ ॥২১
 সুবাহুরয়মত্যাগৌ বৈরিবংশদবানলঃ ।
 রামপাদান্তরোলম্বো নমতি স্বাঃ মহাযশাঃ ॥২২
 স্মদোহপ্যেব পার্শ্বত্যা দস্তরামাজ্জিবসেবয়া ।
 প্রাণোহধুনা স্বসংসার-বার্দ্ধিনিস্তরণং মহান্ ।
 সত্যবান্ রামমখং যঃ প্রাণমাঙ্কিত্য সেবকাৎ ।
 রাজ্যং নিবেদয়ামাস স স্বাঃ প্রণমতি ক্রিতৌ ॥
 ইতি বাক্যং সমাকর্ণ্য সমালিঙ্গনমাদরাৎ ।

সর্বলোকভয়ঙ্কর লবণাসুরকে নিহত করিয়া
 সমুদয় তপোধন মুনিরূপকে স্তম্বী করিয়া-
 ছেন। অপর এই ব্যক্তি যে আপ-
 নাকে নমস্কার করিতেছেন, ইহার নাম
 পুঙ্কল, মহা মহাবীরগণ ইহার সেবা করিয়া
 থাকেন, ইতিপূর্বেই ইনি সমরক্ষেত্রে মহা
 মহাবীররূপকে পরাজয় করিয়াছেন। এই
 যে ব্যক্তি, প্রণাম করিলেন, ইহাকে সর্বজ্ঞ,
 ধর্ম্মকোবিদ, মহাবল ও বহুগুণশালী
 জীরাামের প্রাণ অপেক্ষা প্রিয় অমাত্য জানি-
 বেন। এই যে মহা প্রতাপশালী ব্যক্তি,
 আপনাকে নমস্কার করিতেছেন, ইহার নাম
 সুবাহু, ইনি বৈরিবংশরূপ মহাকাননের
 দাবানল এবং জীরাামের চরণারবিন্দের ভ্রমর-
 স্বরূপ ও মহাযশস্বী। এই যে ব্যক্তিকে
 দোষিতেছেন, ইনি অতিমহাশ্মা, ইহার নাম
 স্মদ, ভগবতী পার্শ্বতী ইহাকে জীরাামের
 চরণসেবার উপদেশ দেওয়ায় ইনি এক্ষণে
 তৎকার্য্যকলে সংসার-সাগর হইতে নিজার
 প্রাণ হইয়াছেন এবং এই যে ব্যক্তি,
 ক্রিতত্তলে আপনাকে প্রণাম করিতেছেন,
 ইহার নাম সত্যবান্, ইনি সেবকগণের
 প্রমুখাৎ জীরাামের যজ্ঞিয় অথ আসিরাছে
 গুনিয়াই জীরাামচরণে স্বীয় সমুদয় রাজ্য উৎ-
 সর্গ করিয়াছেন ১৪—২৪। হনুমানের মুখে

চকারাণ্যকৰ্ম্মিঃ স্বাগতঃ কলকাদিনা । ২৫
 তে হৃষ্টাস্তত্র বসতিঃ চকুর্মুনিবরাজমে ।
 প্রাতর্নিত্যক্রিয়াঃ কৃত্বা রেবাধাঃ তে মহোদ্যমাঃ
 নরযানমথারোপ্য সের্বকৈঃ সহিতঃ মুনিম্ ।
 শক্রয়ঃ প্রাপয়ামাসাযোধ্যাঃ রামকৃতালয়াম্ ।
 স দূরায়গরীং দৃষ্ট্বা স্বর্ধ্যবঃ শনুপোষিতাম্ ।
 পদাতিরত্তবদবেগাদ্রঘূনাখাদিদৃক্ষয় । ২৮
 সম্প্রাপ্য নগরীং রম্যামযোধ্যাঃ জনশোভি-
 তাম্ ।
 মনোরথসঙ্কশ্ৰেণ সংকুটো রামদর্শনে ॥ ২৯
 দদর্শ তত্র সরযু-তীরে মণ্ডপশোভিতে ।
 রামং দূরীদলশ্রামং কঙ্কান্তিবিলোচনম্ ॥ ৩০
 মুগশূকঃ কটৌ রম্যং ধারয়ন্তঃ শিষ্যব্রিতম্ ।
 ঋষিবৃন্দৈর্বাসুহৃদৈর্বৃতঃ শুরৈঃ সুসেবিতম্ ॥

এবংবিধ বাক্য শ্রবণ করিয়া আরণ্যক ঋষি
 সাদরে সকলকে আলিঙ্গন ও স্বাগত-প্রশ্ন-
 পূর্বক কলাদিকানে তাঁহাদের আতিথ্য করি-
 লেন। তাঁহারা সকলেই সানন্দ চিত্তে তদি-
 বস সেই মুনিবরের আশ্রমে অবস্থানপূর্বক
 প্রাতঃকালে রেবানদীতে স্নানাদি নিত্যক্রিয়া
 সমাপন করিয়া গমনোদ্যত হইলেন। অন-
 স্তর শক্রয়,সেই মুনিবরকে শিবিকায় আরো-
 হণ করাইয়া কতিপয় সেবক-সমভিব্যাহারে
 ঐরামের অধিষ্ঠিত অযোধ্যায় প্রেরণ করি-
 লেন। অতঃপর মুনিবর আরণ্যক দূর
 হইতে স্বর্ধ্যবংশীয় নৃপবর রামচন্দ্রের অধি-
 ঠিত অযোধ্যা নগরী দর্শন করিয়া তৎক্ষণাৎ
 ঐরামের দর্শনাভিলাষে পদত্ৰজে গমন
 করিতে আরম্ভ করিলেন। অনস্তর ঐরাম-
 দর্শনে অসীমাতলাষী সেই মুনিবর বিবিধ-
 জনসমূহশোভিত রমণীয় অযোধ্যায় প্রবেশ
 করিয়া দেখিলেন,—সরযুতীরে সুরমা মণ্ডপ-
 মধ্যে পদ্মপলাশলোচন নবদূরীদলশ্রাম
 ঐরামচন্দ্র বিরাজ করিতেছেন; কটিদেশে
 রমণীয় মুগশূক ধারণ করায় তাঁহার পরম
 সৌন্দর্য্য প্রকাশ পাইতেছে, তিনি ব্যাসাদি
 ঋষিবৃন্দে পরিবৃত আছেন এবং শুরগণকঙ্ক

ভরতেন সুমিত্রায়াস্তমুজেন পরীর্তম্ ।
 দদতঃ দীনসজ্জঘোজো দানানি প্রার্থিতানি তম্
 বিলোকারণ্যাকাহ্নেহাসৌ কৃতার্থ ইত্যমস্ত
 মল্লোচনে পদ্মদল-সমানে রামলোককে ॥ ৩৩
 অদ্য মে সর্ষশাস্ত্রম্ জাতৃ হং বহু সার্ককম্ ।
 যেন ঐরামমাজ্যায় প্রাপ্তোহযোধ্যাঃ পুরী-
 মিগাম্ ॥ ৩৪
 ইত্যেবমাবিবচনানি বহুনি হৃষ্টৌ
 রামাজ্জদর্শনসুহৃদিত্বেগাত্ৰশোভৌ ।
 প্রায়াজমেখ রসমীপমগম্যমন্তৌ-
 যোগেশ্বরেণপি বিচারপটৈঃ সুদূরম্ ॥ ৩৫
 বশোহহমদ্য রামস্ত চরণাবক্ষণোগোরৌ ।
 করিষ্যামি বশে রম্যং বদন রামমবেক্ষয়ন ॥ ৩৬
 বামোহপি পাডবশ্রেষ্ঠ জলন্তঃ শ্বেন চেজসা ।

সুসেবিত হইতেছেন। ২৫—৩১। তাঁহার
 উভয় পাশ্বে ভরত ও লক্ষণ, তিনি
 দীন-দারদ্রসমূহকে তাহাদের পার্গত বস্ত-
 নিচয় প্রদান করিতেছেন। মুনিবর আর-
 ণ্যক তাদৃশ ঐরামচন্দ্রকে বিলোকনপূর্বক
 মনে করিলেন, আজ যখন রামরূপ দর্শন
 বরিলাম, তখন আমার এই পদ্মদলবৎ
 বিশাল লোচনদ্বয় সার্থক হইল। আমি
 যে জ্ঞাননিবন্ধন ঐরামকে পরমার্থরূপে অব-
 গত হইয়া এই অযোধ্যাপুরী আসিয়াছি,
 আজ আমার সেই সর্ষশাস্ত্রজ্ঞান সার্থক
 হইল। মুনিবর তারণ্যক ঐরামদর্শনে
 রোমাঞ্চিতকলেবর ও হৃষ্টচিত্ত হইয়া মনে
 মনে ইত্যাদি নানাপ্রকার বাচ্য বলিতে
 বলিতে যিনি তাকিকগণের তর্কের অতীত
 এবং অস্তান্ত পরম যোগিগণেরও অগম্য
 সেই রমানাথ ঐরামের সমীপে উপস্থিত
 হইলেন। তখন বিবেচনা করিলেন, আমি
 যখন আজ ঐরামমূর্ত্ত দর্শন করত রমণীয়
 অতীষ্ট বাক্য বলিতে বলিতে ঐরামের
 রণমুগল দৃষ্টিগোচর করিব, তখন আমিই
 বশ। ৩২—৩৬। এদিকে ঐরামচন্দ্রেণ
 শ্যৈ চেজঃপ্রভায় দেদীপ্যমান সাক্ষাৎ

তপোমূর্তিধরঃ বীক্ষ্য প্রত্যাখানমথাকরোৎ ।
 রামচন্দ্রস্তস্ত পাদৌ স্মৃচিরং নভবান্ মহান ।
 ব্রহ্মণ্যদেব পাবিত্র্যং কৃতমদ্য তনোর্মম ॥ ৩৮
 ইতি বাক্যং বদন্তস্ত পাদয়োঃ পতিতঃ প্রভুঃ
 সুরাসুরনমস্কোলি-মণিনৌরাজিতাভিষ্কিকঃ ॥ ৩৯
 প্রণতঃ তং নৃপশ্রেষ্ঠং বাডবেন্দ্রো মহাপাঃ ।
 গৃহীত্বা ভুজয়োর্মধ্যমালিলিক্ প্রিং প্রভুম্ ॥
 কৌশল্যাতনয়স্তং বা উচ্চৈশ্মণিময়াসনে ।
 সংস্থাপ্য চ পদোর্থিগ্মং জলেনাক্ষালয়ং প্রভুঃ ॥
 পাদাবনেজনেনোদস্ত মস্তকেহধাকরিঃ স্তম্ ॥
 পবিত্রিত্যোহদ্য সগণঃ সকুটুদ্ব ইতি ক্রবন্ ॥৪২
 চন্দনেন বিলিপ্যাথ গাঞ্চ প্রাদাৎ পয়স্বিনীম্ ।
 উবাচ চ বচো রম্যং দেবদেবেন্দ্রেসেবিতঃ ॥ ৪৩
 স্বামিন মথো ময়া বাজিমেষসংস্তঃ ক্রিয়েত হ ।

তপোময়মূর্তি মূনিবরকে নিরীক্ষণপূৰ্ব্বক
 অভ্যুত্থান করিলেন। অনন্তর মহাশয়
 রামচন্দ্র বহুক্ষণ সেই মূনির চরণে প্রণাম
 করিলেন। সমুদয় সুরাসুরগণও অবনত
 মস্তকে কিরীটমণিপ্রভায় ষাঁহার চরণযুগল
 উদ্ভাসিত করিয়া থাকেন, সেই প্রভু স্ত্রীরাম-
 চন্দ্র তখন “হে ব্রহ্মণ্যদেব! আজ আমার
 দেহ পবিত্র করিলেন” এইরূপ বাক্য বলিতে
 বলিতে তদীয় চরণে নিপতিত হইলেন।
 মহাতপা বাডবেন্দ্র আরণ্যক, সেই প্রণত,
 প্রিয়, প্রভু, নৃপবর রামচন্দ্রকে ভুজদ্বয়ের
 মধ্যে ধারণ করত আলিঙ্গন করিলেন।
 অতঃপর কৌশল্যাতনয় প্রভু রামচন্দ্র,
 তাঁহাকে উচ্চ মণিময় আসনে উপবেশন
 করাইয়া জলদ্বারা তদীয় পাদযুগল প্রক্ষালন
 করিয়া দিলেন এবং “অদ্য আমি বহুবাক্য
 ও পরিজনবর্গের সহিত পবিত্র হইলাম” এই
 কথা বলিয়া মূনিবরের পাদোদক স্বয়ং মস্তকে
 ধারণ করিলেন। ৩৭—৪২। পরে দেব-
 দেবেন্দ্রেসেবিত রাম, মূনিবরের চরণে
 চন্দন লেপনপূৰ্ব্বক তাঁহাকে পয়স্বিনী
 গোদান করিলেন এবং এইরূপ মধুর বাক্য
 বলিলেন যে, স্বামিন! আমি যে অশ্বমেধ-

সোহয়ং ত্ৰচরণায়ানাদদ্য পূর্ণো ভবিষ্যতি ।
 অদ্য মে ব্রহ্মহত্যাখ-পাপহানিং করিষ্যতি ।
 অশ্বমেধকতুর্ভুস্কচরণেন পবিত্রিতঃ ॥ ৪৫
 ইতি বাক্যং ক্রাণং তং রাজরাজেন্দ্রেসেবিতম্
 আরণ্যক উপাচেষদং হসন্ মাধব্যা গিরা মূনিঃ ॥
 স্বামিস্তব তু যুকঃ হি বচো ব্রহ্মণ্য ভূমিপ ।
 ত্ৰন্যর্চয়ো মহাশয় ব্রাহ্মণ্য বেদপারগাঃ ॥ ৪৭
 ব্রহ্মেদ্ব্যাক্ষং পূজাদি-কর্ম্য কার্যং করিষ্যসি ।
 ততোহখিলা নৃপা বিপ্রান্ পূজয়িষ্যন্ত ভূমিপ ॥
 ত্ৰয়োক্তং যদ্যগরাজ বিপ্রহত্যাপনুস্তয়ে ।
 যাগং করোমি বিমলং তত্তু হান্তকরং বচঃ ॥ ৫০
 ব্রহ্মামশ্ররণানুচঃ সর্বশাস্ত্রবিবর্জিতঃ ।
 সর্বপাপাক্রিমুস্তৌধ্যং স গচ্ছেৎপরমং পদম্ ॥ ৫০
 সর্ববেদেতিহাসানাং সারার্থোহধর্মিতি স্কুটম্ ।
 যদ্রামনামশ্ররণং ক্রিয়তে পাপতারকম্ ॥ ৫১
 তাবদগর্জ্যন্ত পাপানি ব্রহ্মহত্যাশ্রমনি চ ।

যজ্ঞ করিব, তাহা আপনার এ স্থানে পদার্পণ
 হেতুই পূর্ণ হইবে। আমার অশ্বমেধ যজ্ঞ,
 আপনারই চরণ-ধূলিদ্বারা পবিত্র হইয়া
 আঁচরে আমার ব্রহ্মহত্যা-জনিত পাতক বিদূ-
 রিত করবে। রাজরাজেন্দ্রেসেবিত স্ত্রীরাম-
 চন্দ্র এইরূপ বলিলে মূনিবর আরণ্যক হাত্ত
 করত স্তম্ভুর বাক্যে বলিলেন,—হে স্বামিন!
 হে ব্রহ্মণ্য ভূমিপ! এরূপ বাক্য আপনারই
 উপযুক্ত, কারণ, মহারাজ! বেদপারগ
 ব্রাহ্মণগণ ত আপনারই মূর্তি। হে ভূমিপ!
 আপনি যদি ব্রাহ্মণগণের পূজাদি করেন,
 তাহা হইলে অস্তান্ত নৃপগণও বিপ্রগণকে
 পূজা করবেন। মহারাজ! আপনি যে বলি-
 লেন “ব্রহ্মহত্যা পাপের নাশের নিমিত্ত আমি
 অশ্বমেধ যজ্ঞ করিব,” আপনার এই কথা
 নিতান্তই হান্তকর। কারণ, যে ব্যক্তি সর্ব
 শাস্ত্রবিবর্জিত নিতান্ত মূর্থ সেও আপনার
 নাম শ্ররণে সর্বিধি পাতকরূপ মহার্ঘ্য হইতে
 উদ্ধীর্ণ হইয়া পরমপদ প্রাপ্ত হইয়া থাকে।
 স্ত্রীরামচন্দ্রের নামশ্ররণ যে সর্বপাপবিনাশক,
 ইহাই সমুদয় বেদ-পুরাণেরই পরিষ্কুট

ন যাবৎ প্রোচ্যতে নাম রামচন্দ্রে তব ক্ষুটম্ ।

অন্নামগর্জনং শ্রদ্ধা মহাপাতককুণ্ডলাঃ ।

পলায়ন্তে মহারাজ কুত্রচিৎ স্থাননিপ্পয়াঃ । ৪০

তস্মাশ্চিব কথং হত্যা মহাপুণ্যদর্শন ।

রাম তৎসুকথাং শ্রদ্ধা পূতঃ সর্বো ভবিষ্যতি ।

যয়া পূর্বে কৃতযুগে গন্ধাতীরবাসিনাম্

ঋষীণাং মুখতো বাক্যং শ্রুতমস্তি পুরাবিদাম্ ।

তাবৎপাপতিমুঃ পুংসাং কাতরাণাং সুপাপিনাম্

যাবন্ন বদতে বাচা রামনাম মনোহরম্ । ৫৬

তস্মাদ্ভ্রান্তোহহমধুনা মম সংস্থিতনাশনম্ ।

সাম্প্রকং সুলভং রামচন্দ্রে বদদর্শনাদভুৎ । ৫৭

ইতুক্তবস্তুং স মুনিং পূজয়ামাস তত্র বৈ ।

সর্বো মুনিজনঃ সাধু সাধু বাক্যমিতি কবন । ৫৮

শেষ উবাচ ।

অ দ্ব্যশ্চর্যামভূদ্যযুত তমে নিগদতঃ শৃণু ।

বাৎস্রায়ন মুনিশ্রেষ্ঠ রামভক্তিপরায়ণ । ৫৯

রামং দৃষ্ট্বা মহারাজং যাদৃশং ধ্যানগোচরম্ ।

অত্যন্তং হৃষ্যাপন্নো জগাদ স মুনীশ্বরান্ । ৬০

মুনীশ্বরাঃ শৃণু ত ভো মধ্যাক্যং সুননোরয়ম্ ।

মাদৃশং কো হু ভুলোকে ভবিষ্যতি সুভাগ্যবান্

নাস্তি মম সমঃ কোহপি ন জাতো ন ভবিষ্যতি

যদ্যামভদ্রো নস্মা মাং স্বাগতং পরিপৃষ্টবান্ । ৬২

যৎপাদপঙ্কজরজঃ শ্রুতিযুগ্যং সদৈব হি ।

সোহন্দা মৎপাদয়োঃ পাথঃ পীত্বা পুতযমমৃত ।

এবং প্রবদত পশু ব্রহ্মখোচৌহভবঃশপা ।

সায়ুত্বামুক্তিঃ সম্প্রাপ দুর্লভাং যোগিভিজ্ঞানৈঃ

দ্বিবি ভূবানিনাদোহ ভূদ্বীণানাদোহভবস্তদা ।

সার্বার্থ। হে রামচন্দ্রে! মানবগণ যাবৎ-

কাল সুস্পষ্টরূপে আপনার নামোচ্চারণ না

করে, তাবৎকাল পর্যন্তই তাহাদিগের ব্রহ্ম-

হত্যাসম গুরুতর পাপনিচয় গর্জন করিয়া

থাকে। মহারাজ! আপনার রামনামের

গর্জন শ্রবণে মহাপাপরূপ কুঞ্জরসকল আশ্রয়-

স্থান লাভাশায় কোথায় পলায়ন করে,

তাহার অনুসন্ধান থাকে না। রাম! ভব-

দীয় দর্শনই যখন জীবগণের মহাপুণ্যপ্রদ,

এবং আপনার মনোহর চরিত্রকথা শুনিলে

যখন সকলেই পবিত্র হয়, তখন আপনার

আবার ব্রহ্মহত্যা কি? আমি পূর্বে সত্য-

যুগে গন্ধাতীরবাসী পুরাবিদ ঋষিগণের

শ্রমুখ্যৎ এই কথা শুনিয়াছি যে, মানবগণ

যাবৎকাল না সুস্পষ্ট বাক্যে মনোহর রাম-

নাম বলে, তাবৎকাল পর্যন্তই ব্যাকুলহৃদয়

মহাপাতকী জনগণের পাপভয় থাকে।

৪০—৫৬। অতএব রামচন্দ্রে! আমিই

ধন্ত, অধুনা ভবদীয় দর্শনে অনায়াসেই

আমার সংসারক্লেশ তিরোহিত হইয়াছে।

আরণ্যক মুনি এইরূপ কহিলে জীরামচন্দ্রে

উঁহাকে যথোচিত পূজা করিলেন এবং তৎ-

কালে তথায় অবস্থিত মুনিজনসকল সাধু

সাধু বলিতে লাগিলেন। অনন্তদেব বলি-

লেন,—মুনিবর বাৎস্রায়ন! তুমি জীরামের

পরমভক্ত, এক্ষন্ত ঐ সময়ে যে আশ্চর্য

ঘটনা ঘটয়াছিল, তাহা বলিতেছি শ্রবণ

কর। সেই মুনিবর আরণ্যক, চিরদিন

অন্তরে যেরূপ ধ্যান করিয়াছিলেন, সেইরূপ

মহারাজ জীবামচন্দ্রকে স্তব্ধে নিরীক্ষণ-

পূর্বক পরম আনন্দিত হইয়া মুনিবরগণকে

কহিলেন, হে মুনিবরগণ! আমার অতি

মনোহর মহাভাগোর বিষয় শ্রবণ করুন;

এই ভুলোকে আমার স্তায় সৌভাগ্যশালী

আর কে হইবে? স্বয়ং রামভদ্র যখন

আমায় প্রণামপূর্বক স্বাগত জিজ্ঞাসা করিয়া-

ছেন, তখন বস্তুতঃ মৎসদৃশ ভাগাবান

কেহই জন্মগ্রহণ করে নাই ও করিবেও না।

৫৭—৬১। বেদসমূহও স্বীকার পাদপঙ্কজ-

রজঃ সর্বদা অনুসন্ধান করিচ্ছে, তিনিই

কি'না আমার পাদোদক পান করিয়া আপ-

নাকে পবিত্র মনে করিলেন। এইরূপ বলিতে

বলিতেই আরণ্যকের ব্রহ্মরজঃ ক্ষুটিত হইল;

তখন তিনি, যোগিগণেরও দুর্লভ সায়ুজ্য

শক্তি প্রাপ্ত হইলেন। তৎকালে স্বয়ং

পুষ্পরূপীঃ পপাতাগ্রে পশুতাং চিত্রমদ্ভুতম্ । ৬৫
 মুনয়োহপ্যেত্যদৌক্ষিণ্য প্রশংসন্তো মুনীশ্বরম্ ।
 কৃতার্থোহয়ং মুনিশ্রেষ্ঠো যদ্রামবপুষীক্ষিতঃ । ৬৬
 ইতি শ্রীপাদ্মে পাতালখণ্ডে দ্বাবিংশোহধ্যায়ঃ ।

ত্রয়োবিংশোহধ্যায়ঃ ।

বাস উবাচ ।

এতদাখ্যানকং শ্রুত্বা বাৎস্তায়ন উদারবধীঃ ।
 পরমং হর্ষমাপেদে জগাদ চ ফণীশ্বরম্ । ১
 বাৎস্তায়ন উবাচ ।
 কথং সংশ্রুত্বো মহ্যং তৃপ্তিনীশিত্তি ফণীশ্বর ।
 রঘুনাথস্ত ভক্তার্হিহারিকীর্তীকরস্য বৈ । ২
 ধস্ত আরণ্যকো নাম মুনীর্ষেদধরঃ পরঃ ।
 রঘুনাথং সমালোকা দেহং ততাজ্ঞ নম্বরম্ ॥ ৩

সুমধুর চন্দ্রভি-নির্নাদ ও বীণাধ্বনি এবং
 দর্শকবৃন্দের অগ্রে পুষ্পরূপী হইতে লাগিল ।
 মূনিগণও এই অদ্ভুত ব্যাপার দর্শনে মুনি-
 বর আরণ্যককে প্রশংসা করত কহিতে
 লাগিলেন,—যখন রাম-কলেবরে মিলিত
 হইতে দৃষ্ট হইলেন, তখন মূনিবর আরণ্যকই
 যথার্থ কৃতার্থ । ৬৩—৬৬ ।

দ্বাবিংশ অধ্যায় সমাপ্ত । ২২ ।

ত্রয়োবিংশ অধ্যায় ।

বাস বলিলেন,—উদারমতি বাৎস্তায়ন,
 এই ইতিবৃত্ত শ্রবণে পরম আনন্দিত হইয়া
 সর্পরাজকে বলিলেন,—হে ফণীশ্বর! আপ-
 নার মুখে ভক্তগণের ক্লেশ-বিনাশক-
 কীর্তীকর রামচরিত্র শ্রবণ করিয়া আমার
 তৃপ্তি হইতেছে না । যিনি, রঘুনাথকে দর্শন
 করিয়া নম্বর দেহ পরত্যাগ করিয়াছেন,
 সেই বেদপরাধণ আরণ্যক মূনিই ধস্ত ।
 ফণীশ্বর! বনুন, তাহার পর রাজা রাম-

তশো রাজ্ঞো হয়ঃ কৃত্র গত্যঃ কেম নিয়ন্তিতঃ ।
 কথং তত্র রমানাথ-কীর্তীজ্জাতা ফণীশ্বর । ৪
 সর্বং কথয় মে তথ্যং সর্বজ্ঞোহস্তি যতো
 ভবান্ ।
 ধরাদধরবপূর্দারী সাক্ষাত্তস্ত স্বরূপধ্বং । ৫
 ব্যাস উবাচ ।

ইতি বাক্যং সমাকর্ণ্য প্রহৃষ্টেনাস্তরাস্বনা ।
 উবাচ রামচারিত্রং তন্তদ্গুণকথোদয়ম্ । ৬
 শেষ উবাচ ।

সাদু পৃচ্ছসি বিপ্রর্থে রঘুনাথগুণান্ মুহুঃ ।
 শ্রুতানশ্রুতবৎকৃত্বা তেবু লোলুপতাং দধৎ ॥ ৭
 ততো নিরগমদ্বাহঃ সৈনিকৈর্কর্ষতিবর্ত্তঃ ।
 রেবাতীরে মনোহারে মুনিবৃন্দনিষেবিতৈঃ । ৮
 সেনাচরাস্ততঃ সর্ষে যত্র বাহস্ততস্ততঃ ।
 প্রসূর্ণান্তি নিরীক্ষস্তস্তমার্গং রণকোবিদাঃ । ৯
 বাজৌ গতোহথ রেবায়্য হৃদেহগাধজলাধিতৈঃ ।

চন্দ্রের যজ্ঞিষাষ কোথায় যাইল, কেবা
 তাহাকে বন্ধ করিয়াছিল এবং কি প্রকারেই
 বা রমানাথ রামচন্দ্রের মহীয়সী কীর্তী হইল ?
 অনন্ত-মূর্ত্তিধারী আপনি সাক্ষাৎ ভগবান্
 শ্রীরামের স্বরূপ, ও সর্ষজ্ঞ, অতএব আমাকে
 সত্যরূপে তৎসমুদয় বিষয় বলুন । ব্যাস
 বলিলেন,—সর্পরাজ এইরূপ বাক্যশ্রবণ
 করিয়া পরমহৃষ্টাস্তঃকরণে শ্রীরামের প্রসিদ্ধ
 পূর্ণ চরিত্র বলিতে আরম্ভ করিলেন, তিনি
 বলিলেন,—বিপ্রর্থে! তুমি রঘুনাথের গুণ-
 বলী শ্রবণে লোলুপ হইয়া বারংবার তদীয়
 গুণনিচয় শ্রবণেও, যেম কিছুই ক্ষত হও
 নাই, এইরূপ ভাব প্রকাশ করত যে
 আমাকে জিজ্ঞাসা করিতেছে, ইহা তোমার
 উত্তম কার্য্যই হইতেছে । ১—৭ । বাৎ-
 স্তায়ন! তৎপরে বহুলসৈনিকগণে পরি-
 বৃত সেই অথ, মুনিবৃন্দ-নিষেবিত মনোহর
 রেবাতীরে উপস্থিত হইল; রণকোবিদ
 সৈন্তসামন্তসকলও অশেষ গমনমার্গ নিরী-
 ক্ষণ করিতে করিতে যে স্থানে সে যাইতে
 লাগিল, সেই স্থানেই উপস্থিত হইতে

ভালে স্বর্ণভবঃ পত্রঃ ধারয়ন পুঞ্জিতাক্রকঃ । ১০
 ততো জলে মমজ্জাসৌ রামচন্দ্রং যো বরঃ ।
 তদা সর্বে মহাশূরাস্তত্র বিস্ময়মাগতাঃ । ১১
 তৈঃ পরম্পরমেবোচে কথং হয়সমাগমঃ ।
 কোহত্র গন্তা জলে বাহমানেনুঃ তং মহৌদয়ম্ ।
 ইতি যাবৎসমুদ্রিণা মন্ত্রস্তে পরম্পরম্ ।
 তাবদীরশতৈঃ সার্কমাজগাম স্বযোঃ পতিঃ ১২
 তান সর্বান বিমনস্বান স দৃষ্ট্বা শক্রয়সংজিতঃ
 পপ্রচ্ছ মেঘগভীরবাচা বীরশিরোমণিঃ । ১৪
 কিং স্থিতঃ নিখিলৈরত্র সুম্মাভিঃ সত্বশো জলে
 কুত্রাশৌ রঘুনাত্ত্বা স্বপ্নজ্ঞেয় শোভিতঃ । ১৫
 জলে কিং নিমমজ্জাসৌ হুতো বা কেন মানিনা
 তন্নে কথয়ত কিপ্রং কথং যুগং বিমোহিতাঃ
 শেষ উবাচ ।
 ইতি বাক্যং সমাকর্ণ্য রাজ্ঞো রঘুবরস্ত তে ।

থাকিল। অতঃপর ললাটে স্বর্ণপত্রধারী
 সম্মাঞ্জিতকলেবর স্ত্রীরামের সেই যজ্ঞিয়
 অশ্বর অগাধ-জলপূর্ণ সেই রেবাহ্রদে গমন
 করিল এবং জলমধ্যে নিমগ্ন হইল। তৎ-
 কালে সেই ঘটনা দর্শনে সমুদয় মহাবীরগণই
 বিস্ময়াবিষ্ট হইয়াছিল। অনন্তর বীরগণ
 পরস্পর বলিতে লাগিল, কিরূপে আমরা
 অশ্ব পাইব। কেই বা সেই অশ্ববরকে
 অননয়নার জলমধ্যে প্রবেশ করিবে?
 তাহার্য সুমুদ্র-চিন্তে এইরূপ মন্ত্রণা করি-
 তেছে, এমত সময়ে রঘুপতি শক্রয় শত শত
 বীরগণের সহিত তথায় উপস্থিত হইলেন।
 ৮—১৩। পরে বীরশিরোমণি শক্রয়,
 তাহাদিগকে ব্যাকুলহৃদয় দেখিয়া মেঘগভীর-
 বচনে জিজ্ঞাসা করিলেন,—তোমরা দলবদ্ধ
 হইয়া এই জলসমীপে কিজন্ত চিত্তাঙ্কিতের
 স্তায় অবস্থান করিতেছ? স্বর্ণপত্র-শোভিত
 রঘুনাত্ত্বের অশ্ব কোথায়? সে কি জলমধ্যে
 নিমগ্ন হইয়াছে? না কোন বীরাভিমানী
 তাহাকে হরণ করিয়াছে? অথবা আমরা বল,
 কেন তোমরা বিমোহিত হইয়াছ? রাজা
 রঘুবর শক্রয়ের এই কথা শুনিয়া সেই

কথয়ামাস্তুস্তং সর্বে বীরাঃ শূরশিরোমণিম্ । ১৭
 জনা উচুঃ ।
 স্বামিন বয়ং ন জানীমো মুহূর্ত্তমভবজ্জলে ।
 নিমমজ্জ ততো নার্যাক্রয়ন্তব মনোহরঃ । ১৮
 ত্রমেব তত্র গত্বেমং বাহমানয় বেগতঃ ।
 অস্মাভিস্তত্র গন্তব্যং ত্বয়া সার্কং মহামতে । ১৯
 ইতি ঋত্বা বচন্তেষাং সৈনিকানাং রঘুহঃ ।
 খেদঃ প্রাপ্য জনান পশ্চান জলসন্তরণোদ্যতান
 উবাচ মন্ত্রিমুখ্যঃ স কিং কর্তব্যমতঃ পরম্ ।
 কথং বাহস্ত সস্মাভিস্তর্ভবিষ্যতি তথা বদ । ২১
 কে তত্র শুরাঃ সংযোজ্যা জলেহবেষয়িতুঃ হয়ম্
 কো বানায়যতে বাহং কেনোপায়েন ত্বদ ।
 ইতি রাজ্ঞো বচং ঋত্বা স্মৃতিস্মৃতিসন্তমঃ ।
 উবাচ সময়ে যোগ্যাং শক্রয়ং হর্ষয়িত্ব । ২৩
 স্মৃতিরুবাচ ।
 স্বামিনস্তি তব স্ত্রীমশ শক্তি রক্ষুতকর্মণঃ ।

সমুদয় বীরগণ, শূরশিরোমণি শক্রয়কে
 কহিল,—স্বামিন! আমরা জানি না কোথায়
 যাইল, এক মুহূর্ত্তকাল হইল, আপনার সেই
 মনোহর অশ্ব জলমধ্যে নিমগ্ন হইয়াছে,
 তাহার পর আর আসিতেছে না। ১৪—১৮।
 মহামতে! আপনিই অবিলম্বে জলমধ্যে
 গিয়া সেই অশ্ব আনয়ন করিতে প্রস্তুত
 হউন, আমরা আপনার সম্ভিবাচারে তথায়
 গমন করিব। রঘুনাত্ত্ব শক্রয়, সৈনিকগণের
 এবংবিধ বাক্য শ্রবণ করিয়া এবং সমুদয় জন-
 গণকেই সংস্কৃত চিন্তে জলসন্তরণে উদ্যত
 দেখিবা মন্ত্রিবরকে কহিলেন,—অতঃপর কি
 কর্তব্য? কিরূপে অশ্ব পাওয়া যাইবে বল,
 এক্ষণে অশ্বের অবেষণার্থ কোন কোন
 বীরকে নিযুক্ত করা যায়? এবং কি উপায়ে
 কে বা সেই অশ্ব আনয়ন করিতে পারিবে?
 তাহা বল। মন্ত্রিবর স্মৃতি, নৃপতি শক্রয়ের
 এই কথা শুনিয়া তাহার হর্ষণোৎপাদন করত
 তৎকালোপযুক্ত এই কথা বলিলেন;—হে
 স্ত্রীমশ স্বামিন! আপনার কার্য্য অতি অসুভূত,
 এজন্ত নিশ্চয় আপনার জলমধ্য হইতে

পাতালগমনে শক্তির্জলমধ্যাদিহ ক্ষুটম্ ॥ ২৪
 অত্রচ পুঙ্কলস্তাপি শক্তিরস্ত মহাশ্বানঃ ।
 হনুমতোহপি রামস্ত পাদসেবাপন্নস্ত চ ॥ ২৫
 তস্মাদ্দুঃ তত্র গতা হয়মানয়ত ক্রবম্ ।
 যতো ভবেদ্বাহমেধো রঘুনাথস্ত ধীমতঃ ॥ ২৬
 শেষ উবাচ ।

ইতি বাক্যং সমাশ্রুত্যা শক্রয়ঃ পরবীরহা ।
 স্বয়ং বিবেশ তেয়াস্তর্হনুমৎপুঙ্কলাধিতঃ ॥ ২৭
 যাবজ্জলং বিবেশানৌ তান্৭পুন্নমদ্রুত ।
 অনেকোদ্যানশোভাঢ্যামমেয়ং পুটভেদনম্ ॥ ২৮
 তত্র মাণিক্যাখচিত্তে স্তম্ভে মণিময়ে হয়ম্ ।
 বহুং দদর্শ রামস্ত স্বর্ণপত্রসুশোভিতম্ ॥ ২৯
 ত্রিমস্তত্র মনোহারি-রূপধারণ্যা উত্তমাঃ ।
 সেবস্তে সুন্দরীমেকাং পর্য্যঙ্কে সুখমাশ্রিতাম্ ।
 তান দৃষ্ট্বা তাঃ ত্রিযঃসর্বাঃ প্রাবোচনস্বামিনীঃপ্রতি
 এতে পীবরবর্ণাণো মাংসপুষ্টকলেবরাঃ ॥ ৩১

পাতালগমনে শক্তি আছে। আর মহাক্সা পুঙ্কল ও জীরামের চরণ-সেবায় নিয়ত, হনুমানেরও পাতালে বাইবার সামর্থ্য আছে, সন্দেহ নাই। ১৯—২৫। অতএব যাহাতে ধীমান রঘুনাথের অধমেধ যজ্ঞ সুসম্পন্ন হয়, তজ্জন্ত আপনারা তিন জনেই পাতালে গমনপূর্ব্বক নিশ্চিত সেই অশ্ব আনয়ন করিতে পারিবেন। শক্রবীরনিষুদন শক্রয় স্তম্ভতির এবংবিধ বাক্য শ্রবণ করিয়া হনুমান ও পুঙ্কলের সহিত স্বয়ং জলমধ্যে প্রবেশ করিলেন। তিনি, জলমধ্যে যেমন প্রবিষ্ট হইলেন, অমনি বহুল উদ্যানশোভিত অপরিমিত এক নগর তাঁহার দৃষ্টিপথে পতিত হইল। তৎপরেই দেখিলেন, জীরামের সেই স্বর্ণপত্র-শোভিত অশ্বটী মাণিক্যাখচিত এক মণিময় স্তম্ভে বহু রহিয়াছে। এবং কতকগুলি মনোহর রূপলাবণ্যবতী রমণী, পর্য্যঙ্কোপরি সুখে অবাশ্বত এক পরমা-সুন্দরীকে সেবা করিতেছে। অনন্তর সেই রমণীসকল শক্রয় প্রভৃতিকে দেখিয়া কত্রীকে কহিল,—এই মাংসপুষ্টকলেবর-স্বল-

ভবিষ্যন্তি তব শ্রেষ্ঠমাহারস্ত ফলং মহৎ ।
 এতেষাং শোণিতং স্মর্তু পুরুষাণাং গতাযুযাম্
 এতদ্বচঃ সমাকর্ণ্য সেবকীনাং বরাক্সনাম ।
 জহাস কিঞ্চিৎঘদনং নর্ত্তয়ন্তী ক্রবানস্বা ॥ ৩৩
 তাবলয়ন্তে সম্প্রাপ্তাঃ সন্নাহজীবিশোভিতাঃ ।
 শিরস্বাণানি দধতঃ শৌর্ধ্যবীর্ধ্যসমধিতাঃ ॥ ৩৪
 তা দৃষ্ট্বা মহিলাস্তত্র সৌন্দর্য্যক্রীসমধিতাঃ ।
 প্রোচুস্তে বিস্ময়ং বিপ্র কিমিদংদৃশ্যতে মহৎ ॥
 নমস্কুরুস্মহাশ্বানঃ সর্বে দেববরাক্সনামঃ ।
 কিরীটমণিবিদ্যোত-দ্যোতিতাজিৎযুতাস্ততঃ ॥
 সা তান পপ্রচ্ছ পুঙ্কলান সর্ষ্বশ্রেষ্ঠা সুভামিনী
 কে যুযমত্র সম্প্রাপ্তাঃ কথং চাপধরা নরাঃ ॥ ৩৭
 মৎস্বলং সর্ষ্বদেবানামগম্যাং মোহনং মহৎ ॥
 অত্র প্রাপ্তস্ত তু কাপি নিরুত্তির্ন ভুবেৎপুনঃ ॥

কায় মানবজয় আপনার মহৎ আহারীয় ফল হইবে; এই গতায় পুঙ্কলদিগের শোণিত অতি সুস্বাদ। সেই পবিত্রহৃদয়া বরাক্সনাম, কিঙ্করীগণের ঐদৃশ বাক্য শ্রবণে ক্রয়ুগল ধারা মুখমণ্ডল নর্ত্তিত করত কিঞ্চিৎ হাস্য করিলেন। ঐ সময় যুদ্ধসজ্জায় সুসজ্জিত উকীষধারী শৌর্ধ্যবীর্ধ্যশালী শক্রস্বাদিগণ, তাহার সম্মুখে উপস্থিত হইলেন। হে বিপ্র! অনন্তর তাঁহার তথায় সেই পরমা সুন্দরী মহিলাদিগকে অবলোকনপূর্ব্বক সবিস্ময়ে বলিয়া উঠিলেন “এক অদ্ভুত দৃষ্ট হইতেছে!” ২৬—৩৫। অতঃপর মহাক্সা শক্রস্বাদি সবলে সেই দেবাক্সনাদিগকে শ্রণাম করিলেন, তৎকালে শক্রয় প্রভৃতির কিরীটমণি-প্রভায় অক্ষয়গণের চরণযুগল উদ্ভাসিত হইল। পরে সেই রমণীগণের মধ্যে যিনি সর্ষ্বপ্রধানা তিনিই, শক্রস্বাদিকে জিজ্ঞাসা করিলেন,—তোমরা মানব হইয়া চাপধারণ করত কি প্রকারে এখানে আসিয়াছ? তোমরা কে? আমার এই মহৎস্থান দেবগণেরও অগম্য এবং সকলেরই মোহকর। এই স্থানে আগমন করিলে, তাহার আর প্রতিগমন হয় না।

অখৌহয়ং কস্ত রাজ্ঞো বৈ কথং চামরবীজ্ঞনঃ
স্বর্ণপত্রৈশ্চ শোভাঢ্যঃ কথয়ন্তু মমাগ্রতঃ । ৩৯

শেষ উবাচ ।

ইতি তস্তা বচঃ শ্রুত্বা মোহনাকরসংযুতম্ ।
হনুমাস্তাং প্রত্যা বাচ গতভৌঃ প্রহসন্নিব । ৪০
বয়ং বৈ কিঙ্করা রাজ্ঞৈশ্চৈকো কাস্তা শিবামবেদে ।
ত্রিলোকী যং প্রণমতে সর্বদেবশিরোমণিঞ্চ ॥
রামভদ্রস্ত জানীশ্বরং হয়মেধপ্রবর্তিতুঃ ।
মুক্তস্ত বাহমস্মাকং কবং বন্ধো বরাজ্ঞনে । ৪১
বয়ং সর্বাশ্বকুশলাঃ সর্বশস্ত্রাস্ত্রকোবিদাঃ ।
নয়িষ্যামো বলাদ্বাহং শত্রা তৎপ্রতিরোধকান্ ॥
ইতি বাক্যঃ সমাকর্ণ্য প্রবক্ষ্যন্ত বরাজ্ঞনা ।
বিবরস্তা প্রত্যা বাচ হসন্তী বাক্যকোবিদা ॥ ৪৪
ময়ানীতময়ং বাহং ন কো মোচয়িতুঃ ক্রমঃ ।
বর্ষযুতেন নিশিটেক্ষাণৈঃ কোটিভিক্রচ্ছিগৈঃ ॥
পরং রামস্ত পাদাজ্ঞ সোমকৌকর্ম্মকারিণী ।

এক্কে আমায় বগ, কোন রাজার এই অশ্ব,
এবং কি জন্তুই বা এ, চামর ও স্বর্ণপত্রদ্বারা
সুশোভিত হইয়াছে? সেই কামিনীর মনো-
মুগ্ধকর অক্ষরসময়িত ঐদৃশ বাক্য শ্রবণ
করিয়া হনুমান নিভীকচিত্তে হাস্য করত
ঊঁহাকে প্রত্যুত্তর করিলেন,—বরাজ্ঞনে!
ঊঁহাকে সকল দেবতার শিরোমণি বলিয়া
ত্রিলোকবাসী সকলেই প্রণাম করিয়া থাকে,
আমরা, সেই ত্রিভুবন-তিলক রামচন্দ্রের
কিঙ্কর জানিবেন; তিনি, অধমেধ যজ্ঞানু-
ষ্ঠানে প্রবৃত্ত হইয়াছেন, অতএব ঊঁহার এই
অশ্ব পরিত্যাগ করুন, কি জন্তু বন্ধন করিয়া
রাখিয়াছেন? ৩৬—৪১। আমরা সর্ব-
প্রকার অস্ত্রশস্ত্রে-পারদর্শী, এজন্ত যাহারাই
অশ্বকে অবরুদ্ধ করিবে, তাহাদিগকেই
সংহার করিয়া বলপূর্বক অশ্ব লইয়া যাইব
জানিবেন। সেই বিবরবাসিনী বাক্য-
প্রয়োগচতুরা কামিনী হনুমানের এবংবিধ
বাক্য শ্রবণে হাস্য করত কহিলেন,—কোন
ব্যক্তিই অযুতবর্ষকাল নিরন্তর প্রদীপ্ত, সুশা-
নিত কোটি কোটি শরজালবর্ষণেও আমা

ন গ্রহীষ্যামি তদ্বাহং রাজরাজ্ঞস্ত ধীমতঃ । ৪৬
মহানবিনদ্যো জাতো মমানেক্যো সুবাজিনঃ ।
কমতাজামচন্দ্রস্তচ্ছরণ্যো উক্তবৎসলঃ । ৪৭
যুৎ ক্রিষ্টান্ত্বৎপুংকবা হয়ার্থং তস্ত রক্ষিতুঃ ।
যাচক্ষ্বং বরমপ্রাপ্যং দেবানা পি সন্তম্যঃ । ৪৮
যথা মেহমীবমত্যাগ্নঃ কমেত পুরুষোত্তমঃ ।
ত্রীড়াং ত্যাক্ষাধিলাং সর্কো বৃশস্ত বরমুত্তমম্ ॥ ৪৯
তস্তা বচঃ পরং শ্রুত্বা হনুমান্নিজগাদ তাম্ ।
রঘুনাথপ্রসাদেন সর্বমস্মাকমুঞ্জিতম্ । ৫০

তথাপি যাচে বরমেকমুত্তমং
বিধেহি তন্নে মনসঃ সমীহিতম্ ।
ভবে ভবে নো রঘুনাথকঃ পতি-
কয়ঞ্চ তৎকর্ম্মকরাশ্চ কিঙ্করাঃ ॥ ৫১
এতদ্বচঃ সমাকর্ণ্য প্রবক্ষ্যন্ত তদাজ্ঞনা ।

কর্তৃক আনীত এই অশ্বকে লইয়া
যাইতে সক্ষম নহে। কিন্তু আমি সেই
রাজরাজ রামচন্দ্রের কিঙ্করী, এজন্ত ঊঁহার
অশ্ব গ্রহণ করিব না। ঊঁহার অশ্ব আনয়ন
করায় আমার অতিশয় অস্ত্রায় কার্য হইয়াছে,
সুঅবশ্যই শরণাগতপালক তক্তবৎসল রাম
তাহা ক্ষমা করিবেন। হে সন্তমগণ! তোমরা
সেই জগৎপালক স্রীরামচন্দ্রের অন্তর হই-
য়াও আমারই অস্ত্রায়বশতঃ তদীয় অশ্বের
নিমিত্ত বিস্তর ক্রেশ পাইয়াছ, অতএব
আমার নিকট দেবগণেরও যাহা দুর্লভ, সেই-
বর প্রার্থনা কর। যাহাতে এক্কে সেই
পুরুষোত্তম, আমার এই অত্যাগ্র্য অন্তর্চিত্ত
কার্যে ক্ষমা করেন, তজ্জন্ত তোমরা সকলে
সর্বপ্রকার লজ্জা পরিত্যাগপূর্বক উৎকৃষ্টতম
বরপ্রার্থনা কর। সেই ললনার এইরূপ
প্রশংসনীয় বাক্য শ্রবণ করিয়া হনুমান ঊঁহাকে
বলিলেন,—রঘুনাথের প্রসাদে আমাদিগের
সকলই সুসম্পূর্ণ আছে। তথাপি এই এক
মনোভিলষিত উৎকৃষ্ট বর প্রার্থনা করিতেছি,
'জন্মজন্মান্তরেও যেন রঘুনাথ আমাদিগের
প্রভু হন এবং আমরা যেন ঊঁহার কার্য-
কর কিঙ্কর হই' আপনি আমাদিগকে
এই বর দান করুন। ৪৩---৫১। তৎকালে

উবাচ বাক্যং মধুরং প্রহস্য গুণপুঞ্জিতম্ । ৫২
 ভবতিঃ প্রার্থিতং যন্তু দুর্লভং সৰ্বদৈবতৈঃ ।
 তত্ত্ববিষ্যত্যসন্দেহঃ সেবকাস্ত্রস্বঘোঃ পতেঃ । ৫৩
 অথাপি বরমেকং বৈ দাস্তামি কৃতহেলনা ।
 রঘুনাথস্ত তুষ্টিার্থং তদূতং মে ভবিষ্যতি । ৫৪
 অগ্রে বীরমণির্ভূষো মহাবলসমৰ্থিতঃ ।
 গ্রহীষ্যতি ভবদ্বাং শিবেন পরিরক্ষিতঃ ॥ ৫৫
 তচ্ছর্য্যার্থং মহাস্ত্রং মে গৃহীত স্মমহাবলাঃ ।
 বৈরম্বে ত তু যোদ্ধব্যঃ শক্রয়েন তয়া মহান ।
 ইদমস্ত্রং যদা ত ত্বক্ষেপয়িষ্যসি সঙ্গরে ।
 অনেন পূতো রামস্ত শরুপং জ্যাস্ততে পুনঃ । ৫৬
 জ্যাস্তা তং বাজিনং দধা চরণে প্রপতিষ্যতি ।
 তস্মাদগৃহীত চাস্ত্রং তন্নম বৈরিবিদারণম্ । ৫৮

সেই কামিনী হনুমানের এবংবিধ বাক্য শ্রবণ
 করিয়া হস্তপুরঃসর সদগুণ হেতু সৰ্বজন-
 পুঞ্জিত কপিবরকে এইরূপ মধুর বাক্য বলি-
 লেন যে, তোমরা যাহা প্রার্থনা করিলে, তাহা
 দেবগণের দুর্লভ হইলেও ষটিবে, তোমরা
 নিঃসন্দেহে প্রতিজ্ঞয়েই সেই রঘুনাথের
 সেবক হইবে। যাহাই হউক, তথাপি আমি
 যখন রঘুনাথকে অবহেলা করিয়াছি, তখন
 তাঁহার সন্তোষার্থ তোমাদিগকে আশ্রয়
 একটি বর দান করিব, মদন্তবর অবগুই
 সার্থক হইবে। সন্নিকটেই বীরমণি নামে
 এক মহাবলসম্পন্ন ছুপতি আছেন, ভগবান
 শক্রর তাঁহাকে সৰ্বদা রক্ষা করেন, তিনি
 তোমাদিগের অশ্ব গ্রহণ করিবেন। হে বীর-
 বরগণ! তাঁহাকে পরাজয় করিবার জন্ত
 আমার নিকট এক মহাস্ত্র গ্রহণ কর।
 শক্রয়! তুমি সেই মহান নৃপবরের সহিত
 বৈরম্বে যুদ্ধে প্রবৃত্ত হইবে। সমরাস্ত্রনে
 যখনই তুমি এই অস্ত্র নিক্ষেপ করিবে,
 তখনই সে এতৎপ্রভাবে পবিত্র হইয়া
 জীৱামের স্বরূপ অবগত হইবে এবং তাহা
 পরিত্যক্ত হইয়াই অশ্ব প্রত্যর্পণপূর্বক
 স্বদীয় চরণে নিপতিত হইবে। অতএব
 আমার নিকট হইতে সেই শক্রনাশন অস্ত্র-

তচ্ছূদ্বা রঘুনাথস্ত ভ্রাতা জগ্রাহ চাস্ত্রম্ ।
 উদভূবঃ পবিত্রাস্ত্রো যোগিন্তা দন্তমদ্ভুতম্ । ৫১
 তৎপ্রাপ্যাস্ত্রং মংগতেজা বভূব রিপুকর্শনম্ ।
 ত্বম্প্রথব্যো তুরারাদ্যো বৈরিবারুণসঙ্কৃণিঃ । ৬০
 তাং নদ্বা রাঘবশ্চেষ্ঠঃ শক্রয়ো হয়নস্তমম্ ।
 গৃহীত্বাগাজ্জলাস্তম্মাদ্ভেবাতৌরে সুখোচিতৈঃ ।
 তং দৃষ্ট্বা সৈনিকাঃ সৰ্বো ব্রহ্মসীমা মুপার্বতাঃ ।
 সাধু সাধু প্রশংসন্তঃ পপ্রচ্ছুর্হয়নির্গমম্ । ৬২
 হনুমান কথয়ামাস হৃদ্যস্তাগমনং মহৎ ।
 বরপ্রাপ্তিকু তেভ্যো বৈ তেহপি শ্রুত্বা
 মদং গতাঃ ।

ইতি জীপাম্যে পাতালখণ্ডে রামাশ্বমেধে
 ত্রয়োবিংশোহধ্যায়ঃ । ২৩ ।

গ্রহণ কর। রামাস্ত্র শক্রয়, তদ্ব্যক্তি শ্রবণে
 পবিত্রাস্ত্র ও উত্তরাস্ত্র হইয়া যোগিনীদন্ত
 সেই অদ্ভুত অস্ত্র গ্রহণ করিলেন। শক্র-
 সমূহরূপ মাতঙ্গনিচয়ের ভীষণ অলুগ্ণস্বরূপ
 অরাতিনিষূদন, মহাতেজাঃ শক্রয়, যোগি-
 নীর নিকট সেই পরমাত্র প্রাপ্ত হইয়া সমধিক
 তুষ্প্রথব্য ও তুরারাদ্য হইয়া উঠিলেন।
 ৫২—৬০। অনন্তর রঘুকুলতিলক শক্রয়
 সেই ললনাকে প্রণামপূর্বক অশ্ব লইয়া জল-
 মধ্য হইতে সুখসেব্য রেবাতীরে উপস্থিত
 হইলেন। তখন সমুদয় সৈনিকগণ, তাঁহাকে
 দেখিয়া হৃষ্টচিত্ত ও পুলকিতাস্ত্র হইয়া উঠিল
 এবং “সাধু সাধু” বলিয়া প্রশংসা করত জল
 হইতে অশ্বের নির্গমনের বিষয় জিজ্ঞাসা
 করিল। তখন হনুমান, যে প্রকারে অশ্ব
 আসিল, সেই মহৎ বিবরণ এবং বরপ্রাপ্তির
 বিষয় তাহাদিগকে বলিলেন, তাহারায় তদ-
 বৃত্তান্ত শ্রবণে যৎপরোনাস্তি আনন্দ লাভ
 করিল। ৬১—৬৩।

ত্রয়োবিংশ অধ্যায় সমাপ্ত । ২৩।

চতুর্বিংশোধ্যায়ঃ ।

শেষ উবাচ ।

নিমদংশু মুদক্ষেষু বীণানাংদেন সর্কতঃ ।
 মুক্তো বাহন্ততো দেবপুংঃ দেববিনিশ্চিতম্ ॥ ১
 যত্র ফাটিককুড্যানাং রচনাভিগৃহা নৃণাম্ ।
 হসন্তি বিদ্যাং বিমলং পরুতং নাগসেবিতম্ ॥ ২
 রাজতানি গৃহাণাত্ত দৃশুস্তে প্রকৃতেরপি ।
 বিচক্রেমণিসন্নকানানামাণিক্যাগোপুরাঃ ॥ ৩
 পদ্মিস্তো যত্র লোকানাং গেহে গেহে

মনোহরাঃ ।

হরস্তি চিত্তানি নৃণাং মুখপদ্মকলঙ্কিতাঃ ॥ ৪
 পদ্মরাগমণির্যত্র গেহে গেহে স্নভুমিষু ।
 বন্ধঃ সংলক্ষ্যতে বিপ্র তদাঠস্পর্ধয়ান্ন কিম্ ॥ ৫
 ক্রীড়াশিলাঃ প্রত্যগায়ং নীলরত্নবিনিশ্চিতাঃ ।
 কুর্কস্তি শক্কাঃ মেঘস্ত ময়রাণাং কলাপিনাম্ ॥ ৬

চতুর্বিংশ অধ্যায় ।

অনন্তদেব বলি, লন,—অনন্তর চতুর্দিকে
 বীণায়বের সহিত মুদক্ষধনি হইতে লাগিল ।
 এদিকে সেই অঞ্চ ও অবরোধশূন্য হইয়া
 দেবনিশ্চিত **দেবপুরে** উপস্থিত হইল ।
 তথায় মানবগণের গৃহসকল ফটিক-মণিময়
 ভিত্তি-বিস্তারসহেতু যেন নাগগণসেবিত বিমল
 বিদ্যাচলকেও উপহাস করিতেছিল । তৎ-
 কালে, তথায় অনেকানেক প্রজাবর্গের
 রক্তগৃহসমূহ, এবং মণিনিচয় ও নানাবিধ
 মাণিক্যখচিত পুরষায়সকল দৃষ্ট হইয়াছিল ।
 তথায় জনগণের গৃহে গৃহে অবস্থিত মনো-
 হর পদ্মলতাসকল মানবগণের চিত্তাকর্ষণ
 করিতেছিল এবং তাহাতে প্রস্তুতি
 পদ্মনিচয় যেন তত্রত্য লোকের মুখপদ্মের
 স্তায় লঙ্কিত হইয়াছিল । বিপ্র! তথায়
 প্রত্যেক গৃহেরই মনোহর তলভূমিতে
 বিস্তৃত পদ্মরাগমণিসকল যেন গৃহনিচয়ের
 ওষ্ঠসৌন্দর্য্য প্রকাশ করিতেছিল । তথা-
 কার প্রত্যেক গৃহেই নীলরত্ন-বিনিশ্চিত
 ক্রীড়াশিলা সকল ময়রনিচয়ের মেঘশক্কা

হংসা যত্র নৃণাং গেহে ফাটিকেষু নিরস্তিতাঃ ।
 কুর্কস্তি মেঘারো ভীতিং মানসং ন স্মরস্তি চ
 নিরস্তরং শিবস্থানে ধ্বস্তং চন্দ্রকমা তমঃ ।
 শুক্রকৃষ্ণবিত্তো ন পক্ষয়োস্তত্র বৈ নৃণাম্ ॥
 তত্র বীরমণী রাজা ধার্ম্মিকেষগ্রীর্ণহান ।
 রাজ্যং করোতি বিপুলং সর্কভোগসমবিতম্ ॥
 তস্ত পুত্রো মহাশয়ো নামা কৃষ্ণাক্রদো বলী ।
 বনিতাভিগতো রম্যদেহাভিঃ ক্রীড়িতুং বনম্ ॥
 তাঙ্গাং মঞ্জীরসংরাবঃ কঙ্কানাং রবস্তথা ।
 মনো হরতি কামস্ত কিমস্তস্ত কথা প্রভো ॥ ১১
 বনং জগাম সুমহৎ সুপুপ্পনগসংযুতম্ ।
 সদাশিবকৃত্তাবাসমুভূষট্টকৈবিরাজিতম্ ॥ ১২
 চম্পা যত্র বহুশঃ ফুলকোরকশোভিতাঃ ।

উৎপাদন করিতেছিল বলিয়া তাহার্য্যও
 পুচ্ছবিস্তার করিতেছিল । তথায় বহুল
 মানবগণেরই গৃহমধ্যে ফটিকমণিময় তল-
 দেশে হংসনিচয় অবরুদ্ধ থাকিয়া মেঘের ভয়
 করিত না এবং মানস সরোবরকেও মনে
 আনিত না । সেই শিবস্থানে শিবমস্তক-
 স্থিত চন্দ্রের কৌমুদীতে তথাকার তমোজাল
 নিরস্তর তিরোহিত হইত বলিয়া তত্রত্য
 মানবগণের উভয় পক্ষেই শুক্র বা কৃষ্ণপক্ষ
 বলিয়া বিভেদ জ্ঞান ছিল না । সেই দেব-
 পুরে ধার্ম্মিকাগ্রণী মহাত্মা নৃপবর বীরমণি
 অবস্থান করত সর্কপ্রকার ভোগ্য বস্তুপূর্ণ
 বিপুল রাজ্যাশমন করিতেন । কৃষ্ণাক্রদ
 নামক মহাবল-পরাক্রান্ত তদীয় পুত্র সেই
 সময়ে ক্রীড়াার্থ্য্য রূপবতী বনিতাগণের সহিত
 উপবনে গমন করেন । লেই লননাগণের
 নৃপুত্র ও কঙ্কধ্বনিতে অস্তের কথা কি,
 শাক্যং কামদেবের মনও মুগ্ধ হই । ১—১১।
 রাজকুমার কৃষ্ণাক্রদ যেন গমন করিয়া-
 ছিলেন, তথায় ভগবান্ সদাশিব সতত অব-
 স্থিত থাকিতেন এবং উহাতে সর্কদাই নান-
 বিধ কুমুদকরসকল পূর্ণিত থাকায় বোধ
 হইত, যেন ছয় ঋতুই নিরস্তর বিরাজ করি-
 তেছে । ঐ উপবনে যে সকল ফুলকোরক-

কুর্কস্তু কামিনাং তত্র হৃচ্ছয়াভিঃ বিলোকিতাঃ ।
 চূতাঃ কলাদিভিন্নমা মঞ্জরীকোটিসংযুতাঃ ।
 নাগাঃ পুরাগবৃক্ষাশ্চ শালাস্তালাস্তমালকাঃ ॥ ১৪ ॥
 কোকিলানাং সমারাবা যত্র চ ঞ্জতিগোচরাঃ ।
 সদা মধুপবনকারাগতনিভ্রাঃ সুমল্লিকাঃ ॥ ১৫ ॥
 দাড়িমানাং সমূহাশ্চ কর্ণিকারৈঃ সমন্বিতাঃ ।
 কেতকীকানকীবন্ত-বৃক্ষরাজি'বয়াজতাঃ ॥ ১৬ ॥
 তস্মিন বনে প্রমদসংযুতচিত্তবৃতি-
 র্গায়ন কলঃ মধুরবাগ্‌বিতিকীর্যমৌচৈঃ ।
 উদ্যৎকুচান্তিরভিত্তো বনিতান্তিরাগা-
 ছোভানিধানবপুর্কজ্জ্বিতভাবিশেষঃ ॥ ১৭ ॥
 কাশ্চিন্তং নৃত্যবিদ্যাভিত্তোময়স্তু স্ম শোভনম্
 কাশ্চিদানকলাভিঞ্চ কাশ্চিদ্ধাক্‌চতুরোচিতৈঃ ।
 ক্রসংজ্ঞয়াপরাঃ কাশ্চিত্তোময়ামা সুকুমদাঃ ।
 পরিব্রজণচাতুর্ধৌস্তং হৃষ্টং বিদধুঃ স্ত্রিয়ঃ ॥ ১৯ ॥

শোভিত বহল চম্পকবৃক্ষ ছিল, তাহাদিগকে বিলোকন করিলেই কামিগণের অন্তরে কামপিণ্ডা উদ্ভূত হইত। তথায় অসংখ্য মঞ্জরী-শোভিভি, ফলভারাবনত বহল চূত-তরু, নাগকেশর, পুরাগ, শাল, তাল ও তমালনিচয় উপবনের অসীম সৌন্দর্য্যবিস্তার করিতেছিল। ঐ স্থানে সর্ষদাই কোকিলের কুহুম্বনি ও ধূপমগণের গুণগুণ শব্দ ঞ্জতিগোচর হইত এবং সততই মনোহর-মল্লিককুমুম প্রফুল্লিতি থাকিত। তথায় কর্ণিকার-সমন্বিত দাড়িমসমূহ ও কনকবর্ণ কেতকীবৃক্ষসকল বন্ত বৃক্ষরাজি দ্বারা বিরাঞ্জিত ছিল। তৎকালে পয়ম সুল্লরাকৃতি মধুরকণ্ঠ সেই রাজকুমার, অকুতোভয়ে ও প্রফুল্লচিত্তে চতুর্দিকে উন্নতস্তনীর মণীষ্মন্দে পরিবৃত হইয়া তাহাদিগের কামবিকার উদ্ভাবনার্থ উচৈঃস্বরে সুমধুর সঙ্গীত করত সেই বনমধ্যে গমন করিলেন। অনন্তর সেই উপবন মধ্যে কোন কোন কামিনী নৃত্য-বিদ্যা, কেহ কেহ সঙ্গীতবিদ্যা কেহ কেহ বাকচাতুর্য্য, কেহ কামোন্নত হৃদয়ে' ক্রভঙ্গী এবং অপর কেহ কেহ বা আলিঙ্গন বিষয়ে

তাভিঃ পুষ্পোচ্ছয়ং কৃত্বা ভূষধামাস তাঃ স্ত্রিয়ঃ
 বাণ্যা কোমলয়া শংসন্ রেমে কামবপুর্কমঃ ॥ ২০ ॥
 এবং প্রবৃত্তে সময়ে রাজরাজস্ত ধীমতঃ ।
 প্রায়ান্তধনদেশং স হংযঃ পরমশোভনঃ ॥ ২১ ॥
 তং স্বর্ণপত্রয়চিতৈকললাটদেশং
 গন্ধাসমঃ ঘৃৎসুকুঙ্কুমপিঞ্জরাক্ষম্ ।
 গন্ধা সমং পবনবেগহিরঙ্করিণ্যা
 দৃষ্ট্বা স্ত্রিঃ পরমকৌতুকধামদেহম্ ॥ ২২ ॥
 উচুঃ পাতং কমলমধ্যাপশঙ্গবর্ণা-
 স্তাম্রাধরপ্রতিভয়াহতবিজ্রমাভাঃ ।
 দম্বব্রজপ্রমিতহাস্তসুশোভিবক্রাঃ
 কামস্ত বাণনয়নাদিবমোহনভাঃ ॥ ২৩ ॥
 স্ত্রিয়ঃ উচুঃ ।
 বাস্ত কোহং মহানর্কী স্বর্ণপত্রৈকশোভিতঃ ।
 কস্ত বা ভাতি শোভাচ্যা গৃগণ স্ববলাদিমম্ ॥ ২৪ ॥

চতুরতা প্রকাশ দ্বারা রাজকুমারকে সন্তুষ্ট করিতে লাগিল। পরে নৃপকুমার কল্লাক্ষদ সেই ললনাগণের সহিত পুষ্পচয়নপূর্ব্বক তাহাদিগকে ভূষিত করিলেন এবং কোমল বচনে তাহাদিগের সৌন্দর্যের প্রশংসা করত কামার্ভ হইয়া তাহাদিগের সহিত রমণ করিতে প্রবৃত্ত হইলেন। ১২—২০। ঐ সময়ে ধীমান রাজরাজ স্ত্রীরামচন্দ্রের পরম শোভন যজ্ঞয়াশ্ব সেই বনস্থলীতে উপস্থিত হইল। তখন রমণীগণ, ললাটদেশে স্বর্ণপত্র-বিভূষিত, গন্ধাজলের স্নায় বিমল ও কুঙ্কুমবৎ পিঞ্জলাঙ্গ পরমকৌতুকবাহ সেই অশ্ব দর্শনে এককালে সকলেই পবনবেগে গমনপূর্ব্বক নিজপতি রাজকুমারকে তদ্ভি-ষয়ে কহিতে লাগিল। তাহাদিগের কলেবর, পদ্মের মধ্যস্থলের স্নায় পিশঙ্গবর্ণ, তাম্রমর্গ অধরের প্রভায় বিজ্রমপ্রভাও পরাজিত হয়, মুখবিবর মনোহর দম্বপংক্তির অঙ্ক-রূপ সুমধুর হাস্তে সুশোভিত এবং কামবাণস্বরূপ নয়নাদি-শোভায় তাহাদিগের রূপমাধুরী সকলেরই মনোমুগ্ধকর। তাহার্য্য কহিল, হে কান্ত! এইস্থানে স্বর্ণপত্র-

শেষ উবাচ ।

তৎক্ৰমঃ বচ আকৰ্ণ্য লীলাললিতলোচনঃ ।

জগ্রাহ হৃদয়েকেন করপদ্যেন লীলয়া ॥২৫

বাচয়িত্বা ভালপত্রং স্পষ্টবর্ণসমবিতম্ ।

জহাস মহিলামধ্যে জগাদ বচনং পুনঃ ॥ ২৬

কক্সাক্দ উবাচ ।

পৃথিব্যাং নাস্তি মে পিতা সমঃ শৌৰ্যোগ চ স্মিগা

তস্মিন রাজি কথং ধস্ত উৎসেকঃ রামভূমিপঃ

যস্ত রক্ষাং প্রকুরুতে সদা রুদ্রঃ পিনাকধৃক্ ।

যং দেবা দানবা যক্ষা নমস্তি মণিমৌলিভিঃ ॥২৮

কুরুত্বাৰাজিমেষং বে জনকো মে মহাবলঃ ।

যাশ্বেষ বাজিশালায়ং বধস্ত মম উক্তটাঃ ॥২৯

ইতি বাক্যং সমাকৰ্ণ্য মহিলাস্তা মনোহরাঃ ।

প্রহর্ষবদন্যু জাতাঃ কান্তস্ত পরিরেভিরে ॥৩০

শোভিত কোন একটি মহা অশ্ব আসিয়াছে; জানি না সেই পরম সুন্দর অশ্বটা কাহার, আপনি নিজবলে তাহাকে গ্রহণ করুন। নারীগণের তদ্বাক্য শ্রবণে নৃপনন্দন কক্সাক্দ বিলাস-মনোহর নেত্রে অবলীলাক্রমে এক হস্তে সেই অশ্বকে ধারণ করিলেন। অনন্তর স্পষ্টাক্ষরে লিখিত ললাটপত্র পাঠ করিয়া মহিলাগণের মধ্যে হাস্য করিয়া উঠিলেন এবং এই কথা বলিলেন,—বীরভে বা ঐশ্বৰ্য্যে আমার পিতার তুল্য পৃথিবীতে আর কেহই নাই। সেই নৃপবর বর্তমান থাকিতে কিরূপে ভূপতি রাম এরূপ গুরুত্ব প্রকাশ করিতেছে? স্বয়ং রুদ্রদেব পিনাকহস্তে সর্ষদা ষাাহাকে রক্ষা করিতেছেন; দেব, দানব ও যক্ষগণ মণি-ভূষিত মস্তকধারী ষাাহাকে প্রণিপাত করিয়া থাকেন, সেই মহাবলশালী মদীয় পিতাই অশ্বমেধ-যজ্ঞ করিতে পারেন, অতএব মদীয় মহাবল কিকরগণ ইহাকে বন্ধন করুক, এ অশ্ব-শালায় রক্ষিত হউক। রাজকুমারের এব-ধিষ বাক্য শ্রবণে সেই পরমসুন্দরী রমণী-গণের মুখমণ্ডল হর্ষাৎফুল্ল হইয়া উঠিল এবং

গৃহীত্বা তং হৃদং পুত্রো রাজ্যো বীরমণের্মহান ।

পুরং পত্নীসমাযুক্তো মহোৎসাহমবৌবিশং ॥৩১

মুদঙ্গধানবু প্রৌঢ়ৈরাহতেষু সমস্ততঃ ।

বন্দিত্তিঃ সংস্কৃতঃ প্রাগাংশপিভূম্মিদিরংমহৎ ॥

ভস্মৈ স কথায়ামাস হৃদং নীতং রঘোঃ পতেঃ

বাজিমেষায় নিৰ্মুক্তঃ স্বচ্ছন্দগতিমভূতম্ ।

রক্ষিতং শক্রসুদেন মহাবলসমেতিনা ॥ ৩৩

তচ্ছূঁষা বচনং তস্ত নৃপো বীরমণের্মহান ।

নাতিপ্রশংসয়ামাস তৎকৰ্ম্ম সুমহামতিঃ ॥ ৩৪

নীত্বা পুনঃ সমায়াতং চৌরশ্চেব বিচেষ্টিতম্ ।

কথয়ামাস জামাত্রে শিবায়াভূতকৰ্ম্মণে ।

কক্সাক্দধরায়াক্স-ভূষায় চন্দ্রশোভনে ॥ ৩৫

ভেন সস্মজয়ামাস নৃপো বীরমণের্মহান ।

পুত্রসৃষ্টং মহৎকৰ্ম্ম বিনিদ্যং মহতাং মতম্ ॥

তাহার। আনন্দভরে রাজকুমারকে আলিঙ্গন করিল। ২১—৩০। পরে নৃপবর বীরমণির সেই মহাবল পুত্র কক্সাক্দ স্বয়ংই অশ্ব লইয়া পত্নীগণের সহিত মহোৎসাহে পুরমধ্যে প্রাবিষ্ট হইলেন। তৎপরে চতুর্দিকে মুদঙ্গ-ধনি হইতে লাগিল এবং বন্দীগণ রাজ-কুমারের স্তুতিবাদ করিতে আরম্ভ করিলে, তিনি স্বীয় পিতৃমন্দিরে প্রবেশপূর্বক পিতাকে কহিলেন,—রঘুপতি রাম অশ্বমেধ যজ্ঞের নিমিত্ত যে অশ্বকে মোচন করিয়া-ছেন, এবং শক্রর, বিপুল সৈন্তগণ সমভিব্য-হারে যে অশ্ব রক্ষা করিতেছেন, আমি সেই অব্যাহতগতি অদ্বুত অশ্ব লইয়া আশিয়াছি। মহামতি মহাত্মা নৃপবর বীরমণি পুত্রের তদ্বাক্য শ্রবণ করিয়া তাহার তৎকার্য্যের বিশেষ প্রশংসা করিলেন না। অধিকন্তু কহিলেন,—তুমি যে অশ্ব লইয়া আশিয়াছ, ইহা তোমার চৌরের স্তায় কার্য্য করা হই-য়াছে। অনন্তর তিনি কক্সাক্দধারী, বিভূষি-তাক্স, চন্দ্রভূষণ, অভূতকৰ্ম্মা জামাতা মহে-শ্বরকে সমুদয় বৃত্তান্ত নিবেদন করিলেন। তৎপরে মহাত্মা নৃপতি বীরমণি, পুত্র যে গুরুতর কার্য্য করিয়াছে, তাহা মহাত্মাদিগের

শিব উবাচ ।

রাজন পুত্রোণ ভবতঃ কৃতং কৰ্ম্ম মহাভূতম্ ।
যোঃজীহরয়গ্রহাবাং রামচন্দ্রস্ত ধীমতঃ ॥৩৭
অদ্য যুদ্ধং মহাভক্তি পুরাপুরবিমোহনম্ ।
শঙ্করেন মহারাজা বীরকোট্যেকরক্ষিতুঃ ॥৩৮
ময়া যো ধীয়তে শ্বাস্তে জিহ্বরয়া প্রোচ্যতে হি যঃ
তস্ত রামস্ত যজ্ঞাঙ্কং জহায় তব পুত্রকঃ ॥ ৩৯
পরমত্র মহালাভো ভবিষ্যতি রণাঙ্কনে ।
যদামচরণাভোজ্যং দ্রক্ষ্যামঃ শ্বয়সেবিতম্ ॥৪০
অত্র যত্তো মহাকার্য্যো হয়স্ত পরিরক্ষণে ।
নয়িব্যস্তে বলাদ্বাহং ময়া রক্ষিতমপ্যমুম্ ॥ ৪১
তস্মাদিদং মহারাজ রাজ্যেন সহ সন্নতঃ ।
বাজিনং শোভনং দশা প্রেক্ষশ্বাত্ জিয়ুগং

ততঃ ॥ ৪২

ইতি বাক্যং সমাকর্ণ্য শিবস্ত স নৃপোত্তমঃ ।

মতে অতি নিন্দনীয় বিবেচনায় তজ্জন্ত মহা-
দেবের সহিত কর্তব্যবিষয়ে মজ্ঞা করিতে
লাগিলেন। মহাদেব বলিলেন,—রাজন!
ভবদীয় পুত্র যে ধীমান রামচন্দ্রের যজ্ঞিয়
মহাশ হরণ করিয়াছে, ইহা তাহার মহাভূত
কার্য্য করা হইয়াছে। অদ্য হইতে কোটি
কোটি বীরগণের একমাত্র রক্ষাকর্তা আপ-
নার, মহারাজ শঙ্করের সহিত পুরাপুর-
গণেরও বিশ্বয়জনক মহাযুদ্ধ হইবে সন্দেহ
নাই। আমি সতত হৃদয়ে ঐহাকে ধ্যান
এবং রসনাধারা নিরন্তর ঐহার নামো-
চ্চারণ করিয়া থাকি, তদীয় পুত্র সেই
রামচন্দ্রেরই যজ্ঞাশ হরণ করিয়াছে।
যাহাই হউক, কিন্তু ইহাতে আমার এই এক
পরম লাভ হইবে যে, আমি রণাঙ্কনে শ্বীয়
সেবিত শ্রীরামের চরণার বিন্দ দর্শন করিব।
একপে অশ্বরক্ষায় সমধিক যত্ন করা কর্তব্য;
ধারণ, আমাদ্বারা রক্ষিত হইলেও রাম-
কিঙ্করগণ আসিয়া বলপূর্বক ইহাকে লইয়া
যাইবে। অতএব মহারাজ! আমার মতে
অবনত হইয়া রাজ্যের সহিত অশ্ব প্রদান-
পূর্বক শ্রীরামের চরণযুগল দর্শন কর।

ঐবাচ তং সুরেন্দ্রাদি-বন্দ্যপাদাঙ্গুজয়ম্ ॥৪৩
বীরমণিরুবাচ ।

কত্রিয়াগাময়ং ধর্ম্মো যৎপ্রতাপস্ত রক্ষণম্ ।
তদসৌ ক্রান্তযুদ্ধুক্তঃ ক্রতুনা হয়সংজিনা ॥ ৪৪
তস্মাদ্রক্ষ্যঃ স্বপ্রভাপো যেন কেনাপি মানিনা
যাবচ্চক্যং কৰ্ম্ম কৃত্বা শরীরব্যয়কায়কম্ ॥ ৪৫
সর্বং কৃতং সুরেনেদং গৃহীতোহম্বঃ পুনর্ধতঃ ।
কোপিতং রামভূপালং সমরার্গং কুরু প্রভো ॥৪৬
কত্রিয়াগামিদং কৰ্ম্ম কর্তব্যার্গং ভবেন্ন হি ।
যদকস্মাদ্রিপোঃ পাদৌ প্রণমেদগ্ৰবিহ্বলঃ ॥ ৪৭
রিপবো বিহসন্ত্যেব কাতরোহয়ং নৃপাধমঃ ।
ক্ষুদ্রঃ প্রাকৃতবদ্রীচো ন ভবান ভয়বিহ্বলঃ ॥৪৮
তস্মাদ্ভবান যথাযোগ্যং যোদ্ধব্যে সত্বপস্থিতে
যদিধেয়ং বিচার্য্যেবং কর্তব্যং ভক্তরক্ষণম্ ॥৪৯

ইন্দ্রাদি দেবগণও সর্বদা ঐহার চরণারবিন্দ-
যুগল বন্দনা করিয়া থাকেন, সেই শশাঙ্ক-
শেখরের ঈদৃশ বাক্য শ্রবণ করিয়া নৃপসন্তম
বীরমণি তাঁহাকে কহিলেন,—দেব! প্রতাপ
রক্ষা করাই কত্রিয়গণের ধর্ম্ম, কিন্তু রাম,
অশ্বমেধ যজ্ঞদ্বারা আমাদিগের সেই ধর্ম্ম
বিলুপ্ত করিতে উদ্যত হইয়াছেন। তজ্জন্ত
যে কোন কত্রিয়াভিমানী বীরেরই শরীরপাত
করিয়াও সাধ্যানুসারে শ্বীয় প্রতাপ রক্ষা
করা উচিত। ৩৩—৪৫। মদীয় পুত্র যে ভূপাল
রামকে কুপিত করিয়া তাঁহার যজ্ঞাশ লইয়া
আসিয়াছে, ইহা সে সম্পূর্ণ তদ্ভূত কার্য্য
করিয়াছে সত্য, কিন্তু হে প্রভো! একপে
সময়োচিত কার্য্য করুন। ভয়কাতর-
চিত্তে সহসা শক্রচরণে প্রণত হওয়া কদাচ
কত্রিয়দিগের কর্তব্য কার্য্য নহে। তাহা
হইলে “এই নৃপাধম ভীক কাপুকব” বলিয়া
শক্রগণ তাহাকে উপহাস করিয়া থাকে,
আপনি ত নীচমনা ক্ষুদ্র প্রাকৃত ব্যক্তির
স্তায় কদাচ ভয়কাতর নহেন। অতএব
যুদ্ধকাল উপস্থিত হইলে যাহা বিধেয় হয়,
বিচারপূর্বক সাধ্যানুসারে ভক্তকে রক্ষা

শেষ উবাচ।

ইতি বাক্যং সমাকর্ণ্য চন্দ্রচূড়োহবদধ্বংঃ ।
 প্রহসন্মেষগভীর-বাণ্যা সম্মোহয়ন্নয়নঃ ॥ ৫০
 যদি দেবান্নয়ন্ত্রিশংকোটয়ঃ সযুপস্থিতাঃ ।
 তথাপি স্বস্তঃ কেনাশ্বো গৃহতে মম রক্ষিতুঃ ।
 যদি রামঃ সমাগত্য স্বান্বানঃ দর্শয়িষ্যতি ।
 তদাৎ চরণো তস্ত প্রণয়ামি স্নুকোমলো ॥ ৫২
 স্বামিনা সহ যোদ্ধব্যং মহাননয় উচ্যতে ।
 অস্ত্রে বীরাস্ত্রণপ্রায়াঃ কিঞ্চিংকর্তুঃ ন বৈ ক্ষমাঃ
 তস্মাদযুধ্যস্ব রাজেন্দ্রে রক্ষকে ময়ি সমস্থিতে ॥
 কো গৃহ্নাতি বলাহাঃ ত্রিলোকো যদি সঙ্গতা ॥

শেষ উবাচ।

এতদ্বচঃ পরঃ শ্রুত্বা চন্দ্রচূড়স্ত ভূমিপঃ ।
 জহর্ষ মানসেহত্যস্তং যুদ্ধকর্ম্মণি কোতুকৌ ॥৫৫
 সেনাচর্যা মহারাজো মহাবলসমেতিনঃ।

করা আপনার কর্তব্য। ভগবান চন্দ্র-
 শেখর, রাজার এবংবিধ বাক্য শ্রবণে উচ্চ-
 হাস্তপূরঃসর মেঘগভীর বচনে সকলের
 মন মোহিত করত এই কথা বলিলেন,—
 রাজন্! যদি আজ ত্রয়স্রিংসংকোটী দেব-
 গণও অশ্বগ্রহণার্থ উপস্থিত হন, তথাপি
 আমি তোমায় রক্ষা করিলে কাহার সাধ্য
 তোমার নিকট হইতে অশ্ব লইয়া যাথ।
 কিন্তু মহারাজ! যদি স্ত্রীরামচন্দ্রে আসিয়া
 আমার দর্শন দেন, তাহা হইলেই আমি
 তাঁহার স্নুকোমল চরণযুগলে প্রণত হইব
 জানিবে; কারণ, প্রভুর সহিত যুদ্ধ করা
 অতি অস্ত্রায় কার্য্য বলিয়া কথিত আছে।
 অপরাপর বীরগণ ত আমার নিকট তৃণপ্রায়,
 তাহার আমার কিছুই করিতে সক্ষম নহে।
 অতএব রাজেন্দ্রে! আমি যখন তোমায়
 রক্ষক আছি, তখন নির্ভয়ে যুদ্ধ কর,
 ত্রিলোক যদি একত্রিত হয়, তথাপি বল-
 পূর্ব্বক কে অশ্ব লইয়া যাইবে? সংগ্রাম-
 কুতূহলী ভূপতি বীরমণি, ভগবান শশাঙ্ক-
 শেখরের সিঁদৃশ বাক্য শ্রবণে অন্তরে সান্তি-

সমাগতঃ তং পশ্বন্তো হয়ঃ রামস্ত ভূপতেঃ ॥ ৫৮
 কাশাবশঃ কেন নীতঃ কথং বা দৃশ্বতে ন সঃ ।
 কো গন্তা যমপূর্য্যাং বৈ বাহং হুবা স্মমন্দধীঃ ।
 বিলোকয়ন্তস্তম্মার্গং যাবৎ সেনাচর্যা রঘোঃ ।
 ভাবৎপ্রাপ্তো মহারাজো মহাসৈন্তপরীকৃতঃ ॥৫৮
 পপ্রচ্ছ সেবকান্ সর্বান কুত্রাপো মম সাম্প্রতম্
 ন দৃশ্বতে কথং বাহঃ স্বর্ণপদ্মসুশোভিতঃ ॥ ৫৯
 ইতি তদ্বচনং শ্রুত্বা সেবকান্তে হয়ানুগাঃ ।
 প্রৌচুর্নাথ মনোবেগো বাহঃ কেনাপি কাননে ॥
 হতো ন লক্ষ্যতে তস্মাদস্মাভির্মাংগকোবিদৈঃ
 তদত্র যত্রঃ কর্তব্যো হয়প্রাপ্তিঃ প্রতি প্রভোঃ ।
 তেষাং বচনমাকর্ণ্য পপ্রচ্ছ স্মমতিং নৃপঃ ।
 শক্রয়ঃ শক্রসংহার-কারী মোহনরূপধ্বং ॥ ৬২

শয় আনন্দিত হইলেন। এদিকে মহারাজ
 শক্রয়ের বহুসৈন্ত-সমধিক্ত প্রধান প্রধান
 সৈনিকগণ স্ত্রীরামের অশ্বকে অক্ষুপস্থিত
 দেখিয়া পরস্পর কহিতে লাগিল,—যজ্ঞাশ্ব
 কোথায় যাইল? কে তাহাকে হইয়া গেল?
 কেন তাহাকে দেখিতেছি না? কোন মূঢ়-
 মতি মানব আজ অশ্বহরণ করিয়া যমপূরে
 যাইবে? ৪৫—৫৭। অনন্তর সেই সেনা-
 চবগণ যৎকালে অশ্বমার্গ অবলোকন করিতে
 করিতে ইতস্ততঃ ধাবিত হইতে লাগিল,
 সেই সময়ে মহারাজ শক্রয় বিপুল সৈন্তগণে
 পরিবৃত হইয়া তথায় উপস্থিত হইলেন।
 পরে তিনি, ভৃত্যবর্গকে জিজ্ঞাসা করিলেন,
 আমার সেই স্বর্ণপদ্ম-সুশোভিত অশ্ব এখন
 কোথায় আছে? কেন তাহাকে দেখিতেছি
 না? অথানুগামী সেবকগণ শক্রয়ের তথাক্য
 শ্রবণ করিয়া কহিল, নাথ! এই কানন-
 মধ্যে নিশ্চয় কেহ সেই মনোগামী অশ্ব হরণ
 করিয়া থাকিবে, তজ্জন্ত আমরা অশ্বমার্গানু-
 সন্ধানে পারদর্শী হইয়াও তাহাকে দেখিতে
 পাইতেছি না, প্রভো! এক্ষণে অশ্বলাভার্থ
 সবিশেষ যত্ন করা উচিত। মোহনমূর্ত্তি
 শক্রসংহারকারী নৃপবর শক্রয়, ভৃত্যগণের
 এবংবিধ বাক্য শ্রবণ করিয়া স্মমতিকে

শক্রয় উবাচ ।

কোহত্র রাজা নিবসতি কথং বাহস্তু সঙ্গমঃ ।
কিয়ঞ্চলং ভূমিপতেৰ্ধেন মেহদ্য হৃত্তো হঃ ॥৬৩॥
সুমতিক্রবাচ ।

রাজন্ দেবপুরং ছেতদেবেনৈব বিনির্মিতম্ ।
কৈলাসমিব তুর্গম্যং বৈরিসসৈভ্যঃ সূসংহতৈঃ ।
অগ্নিন বীরমণী রাজা মহাশূরঃ প্রতাপবান ।
রাজ্যং করোতি ধর্মেণ শিবেন পন্নিরক্ষিতঃ ।
যোহসৌ প্রলয়কারী স আস্তে ভক্ত্যা
বশীকৃতঃ ।

চন্দ্রচূড়োহস্ত ভক্তস্ত পক্ষপাতং স্বধনং সদা ॥
তস্মাস্তত্র মহদযুদ্ধং গৃহীতশ্চেত্তবিষ্যতি ।
যত্নাঃ সন্তঃ প্রকূর্ষন্ত রক্ষণং কটকস্ত হি ॥ ৬৭ ॥
এবং শ্রদ্ধা স শক্রয়ঃ সর্বভূপশিয়োমণিঃ ।
সৈন্তব্যাহং রচিৎসো তিষ্ঠতি স মহাঘশাঃ ॥৬৮॥

জিজ্ঞাসা করিলেন,—মন্ত্রিবর! এখানে কে রাজা আছেন? কি প্রকারেই বা অশ্ব পাইতে পারি। যিনি আমার অশ্বহরণ করিয়াছেন, সেই ভূপতির বলই বা কিরূপ? তৎ-শ্রবণে সুমতি कहিলেন,—রাজন্! এই স্থান দেবপুর নামে প্রসিদ্ধ; ভগবান মহাদেবই এই নগর নির্মাণ করিয়াছেন। বৈরিগণ দলবদ্ধ হইয়াও কৈলাসগিরির ত্রায় সহসা এই পুরমধ্যে প্রবেশ করিতে পারে না। মহাশূর প্রতাপবান রাজা বীরমণি মহেশ্বর-কর্তৃক রক্ষিত হইয়া ধর্ম্মানুসারে এইস্থানে রাজ্যাশাসন করিতেছেন। ৫৮—৬৫। যিনি প্রলয়কারী, সেই দেবাধিদেব চন্দ্রশেখর পরমভক্ত বীরমণির ভক্তিতে বশীভূত হইয়া ভক্তের প্রতি পক্ষপাত প্রকাশ করত স্বয়ং এই স্থানে সর্বদা অবস্থিত আছেন। সেই হেতু, যদি সেই নৃপবর অগ্রহণ করিয়া থাকেন, তবে এই স্থানে মহৎযুদ্ধ সংঘটিত হইবে, সন্দেহ নাই; এক্ষণে সকলে যত্নবান হইয়া সেনানিবেশ রক্ষা করুন। সর্ব-ভূপ-শিয়োমণি মহাঘশাঃ শক্রয়, সুমতির ঐবন্ধিধ বাহ্য শ্রবণে সৈন্তব্যাহ রচনাপূর্বক

অথ তং সূখমাসীনং মন্ত্রয়ন্তং সূমন্ত্রিণা ।

আজগাম স দেবর্ষির্ভুক্তকৌতুকসংযুতঃ ॥ ৬৯ ॥
তমাগতং মুনিং দৃষ্ট্বা শক্রয়স্তপসাং নিধিম্ ।
অভ্যুপায়াসনে স্থাপ্য মধুপর্কমখাচরৎ ॥ ৭০ ॥
স্বাগতেন চ সন্তুষ্টং নারদং মুনিসন্তমম্ ।
উবাচ জীর্ণয়ন বাচা বাক্যবাদবিশারদঃ ॥ ৭১ ॥
শক্রয় উবাচ ।

মদীয়োহর্থঃ কুত্র বিপ্র কথয়স্ব মহামতে ।
ন লক্ষ্যতে গতিস্তস্য সেবকৈর্মম কোবিদৈঃ ॥
শংস তং যেন বা নীতং ক্ষত্রিয়েণ চ মানিনা ।
কথং তত্র হয়প্রাণ্ডির্ভবিষ্যতি তপোধন ॥ ৭৩ ॥
ইতি বাক্যং সমাকণ্য শক্রয়স্ত স নারদঃ ।
উবাচ বীণাং রণয়ন গায়ন রামকথাং যুতঃ ॥৭৪ ॥
নারদ উবাচ ।
এতদেবপুরে রাজন্ ভূপো বীরমণির্মহান্ ।

অবস্থান করিতে লাগিলেন। অনন্তর সুখোপবিষ্ট শক্রয়, যখন মন্ত্রিবরের সহিত মঞ্জণা করিতেছিলেন, সেই সময়ে দেবর্ষি নারদ যুদ্ধদর্শনে কৌতুহলা-ক্রান্ত হইয়া তাঁহার নিকট আগমন করিলেন। তখন শক্রয় সেই তপোনিধি মুনি-বরকে আগত দর্শনে গাত্ৰোত্থানপূর্বক আসনে উপবেশন করাইয়া মধুপর্ক প্রদান করিলেন। পরে সেই বাক্যবাদ-বিশারদ রামানুজ, মুনিসন্তম নারদকে স্বাগতপ্রশ্নে সন্তুষ্ট করিয়া পুনরপি মধুর বচনে তাঁহার জীতি উপপাদন করত कहিলেন,—হে মহামতে বিপ্রবর! মদীয় অশ্ব, কোথায় আছে বলুন, আমার কার্যকুশল বিষ্ণুরেণ্ডাও অশ্ব যে কোথায় গিয়াছে লক্ষ্য করিতে পারিতেছে না। যে বীর্যভিমানী ক্ষত্রিয়, তাহাকে লইয়া গিয়াছে, সে কে? বলুন, তপোধন! এক্ষণে কি প্রকারেই বা অশ্ব পাইব? ৬৬—৭৩। দেবর্ষিনারদ শক্রয়ের এই কথা শুনিয়া বীণা-বাদনসহকারে বারংবার জীর্ণায়ের গুণগান করত कहিলেন,—রাজন্! এই দেবপুরে যিনি ভূপতি আছেন, তাঁহার নাম বীরমণি,

তৎপুঞ্জেন বনস্থেন গৃহীতস্তব বাজিরাট্ ॥ ৭৫
 তত্র যুদ্ধঃ মহন্তেহদ্য ভবিষ্যতি স্মদারুণম্ ॥
 অত্র বীরাঃ পতিষ্যন্তি বলশৌৰ্য্যসমৰিভাঃ ॥ ৭৬
 তস্মাদত্র মহাযত্নাৎ স্নাতব্যঃ তে মহাবল ॥
 রচয় ব্যহরচনাং দুর্গমাং পরসৈনিকৈঃ ॥ ৭৭
 জয়ন্তে ভবিতা রাজন কৃষ্ণেণ তু নৃপোত্তমাৎ ॥
 রামং কো নু পরাজীয়াদ্ভুবনে সকলে হপি ॥ ৭৮
 ইত্যুক্তান্তর্দধে বিপ্রো নভসি স্থিতবাঃস্ততঃ
 যুদ্ধঃ স্মদারুণং অক্ষ্যান দেবদানবয়োরিব ॥ ৯৯
 শেষ উবাচ ॥

অথ রাজা বীরমণিঃ সর্গশুরশিরোমণিঃ ॥
 পটহং ঘোষিতুং স্বীয়ে পুরমধ্যে মহারবম্ ॥ ৮০
 অহ্রয়ামাস সেনান্তং রিপুবারণং মহোন্নদম্ ॥
 কথয়ামাস চ ক্ষিপ্রং মেঘগন্তোরয়া গিয়া ॥ ৮১
 বীরমণিরুবাচ ॥

সেনানীঃ পটহস্তাজ্ঞাৎ নেহি মে শোভনে পুরে

তিনি অতি মহান ব্যক্তি, উপবর্নাস্থিত তদীয় পুত্র তোমার অশ্রু লইয়া গিয়াছে। অদ্য এই স্থানে তোমার তজ্জন্ত স্মদারুণ মহাযুদ্ধ হইবে, সেই যুদ্ধে শৌৰ্য্যবীৰ্য্যসমধিত বহুল-বীরগণকেই ধরাশায়ী হইতে হইবে। অত-এব হে মহাবল! এ স্থানে অতি সাবধানে অবস্থান করিবে, এক্ষণে শক্রপক্ষীয়েরা যাহাকে প্রবেশ করিতে না পারে, এরূপ ব্যুৎ রচনা কর। রাজন! সেই নৃপবর হইতে অতি ক্রেশে তোমার জয়লাভ হইবেই হইবে, কারণ, অখিল ভুবনমধ্যে ত্রীণামকে পরাজয় করিতে পারে এমন কে আছে? দেবধি এই কথা বলিয়াই অস্ত্রদান করিলেন এবং দেবদানবের স্তায় সেই রাজ-ঘরের ভীষণ যুদ্ধ অবলোকনার্থ অলক্ষিত-ভাবে নভোমণ্ডলে অবস্থিতি করিতে লাগিলেন। অনন্তর এদিকে সর্গশুর-শিরোমণি রাজা বীরমণি, স্বীয় নগরমধ্যে মহারবশালী ভেরী বাদন করত যুদ্ধ-ঘোষণার্থ সময়ে মহোৎসাহসম্পন্ন রিপুবারণ নামক সেনাপতিকে তৎক্ষণাৎ আহ্বান করিলেন এবং মেঘ-

যচ্ছুরা মে সুসন্নদাঃ শক্রয়ং প্রতি যান্তি তে ॥
 ইতি বাক্যং সমাকর্ণ্য রাজ্ঞো বীরমণেশ্বরা ॥
 কারয়ামাস পটহং মহারবনির্নাদিতম্ ॥ ৮৩
 গেহে গেহে চ রথ্যায়াং ক্ষণতে পটহধ্বনিঃ ॥
 শক্রয়ং যান্তু য়ে সর্কে বীরা রাজপুরে স্থিতাঃ ॥
 য়ে বৈ রাজঃ সমুল্লজ্যা শাসনং বীরমানিনঃ ॥
 পুত্রা বা ভ্রাতরো বাপি তে বধার্থা নৃপাজ্ঞয়া ॥
 শৃণুস্ত বীরাঃ পুনরপ্যাহতে পটহে রবম্ ॥
 অত্রা বিধায়তামাশু কৰ্ত্তব্যং মা বিলম্বিতম্ ॥ ৮৬
 শেষ উবাচ ॥

ইতি পটহরবং স্বকর্ণগোচরং
 নরবরবীরবরা যযুর্নৃপোত্তমম্ ॥
 তে চ কবচপরিভূষিতস্বদেহাঃ
 সমরমহোৎসবহুষ্টিচিত্তকোশাঃ ॥ ৮৭

গন্তীর বচনে কহিলেন,—সেনানী! আমার এই সর্গজন-সুশোভন পুরমধ্যে অবিলম্বে যুদ্ধপটহ বাদনার্থ কোন কিছুরকে আজ্ঞা-কর। উহার শব্দ শ্রবণে মদীয় যোদ্ধাবৃন্দ সর্গবিধ রণসজ্জায় সুসজ্জিত হইয়া শক্রয়ের নিকট গমন করিবে। ৭৪—৮২। তৎকালে সেনাপতি রাজবর বীরমণির ঈদৃশ বাক্য শ্রবণ করিয়াই উচ্চরবে ভেরীবাদন করাইল। তখন প্রতিগৃহে ও প্রতিরথ্যা-তেই সেই ধ্বনি ক্ষত হইতে থাকিল এবং এইরূপ ঘোষণা করা হইল যে, এই রাজপুরে যে সকল বীর অবস্থিত আছেন, সকলেই শক্রয়ের সমীপে গমন করুন। যে সকল বীরাভিমানী ব্যক্তি এই রাজশাসন উল্লঙ্ঘন করিবেন, তাঁহারা পুত্র বা ভ্রাতা হইলেও রাজাজ্ঞায় বধার্থ হইবেন। বীরগণ! পুনরপি ভেরী বাদিত হইতেছে শব্দ শুনি, এই শব্দ শ্রবণে যাহা কৰ্ত্তব্য বোধ হয় স্বরায় করুন, বিলম্ব করিবেন না। দেব-পুরস্থিত সমুদয় বীরবর নরপতিগণ স্বকর্ণে এইরূপ পটহরব শ্রবণ করিয়াই স্ব কলে-বর কবচহারা ভূষিত করত সমরোৎসাহে হৃষ্টান্তঃকরণ হইয়া নরপতি-সন্নিধানে গমন

কেচিদঘ্নুঃ শিরস্ৰাণং ধূহা শিবসি শোভনে ।
 কবচেন সুশোভাত্যাঃ শতকোটি সুশোভিনা ॥
 রথেন হয়যুগ্মেন মণিকাক্ষনশোভিনা ।
 যযুস্তে রাজসন্দেশাদ্ভূপালা যুদ্ধহৃদ্যদাঃ ॥ ৮৯
 কেচিমত্কঞ্জৈশ্মনৈঃ কেচিঘ্নাহৈঃ সুশোভিতৈঃ
 যযুর্নৃপগৃহং সর্ষে রাজসন্দেশহারকঃ ॥ ৯০
 বিধিক্তস্বর্ণকবচাঃ শিরস্ৰাণেন শোভিতাঃ ।
 কঙ্কাদেহপি চ নিজে রথে তিষ্ঠন্নানোজবে ॥
 শুভাক্দদোহ্নুজস্তম্ভ মহারত্ৰয়মৎ দধৎ ॥
 কবচং বপুশি হেষ্ঠে নিজং প্রাগাদ্রণোৎসবে ॥
 রাজভ্রাতা বীরসিংহঃ সর্ষশস্ত্রাস্তেদেবিদঃ ।
 যযৌ নৃপাজ্জয়া তত্র শাসনং ভূমিপস্ত হি ॥ ৯৩
 জামেয়স্তম্ভ রাজোহপি বলমিত্র ইতি স্মৃৎ ॥
 সরস্বতঃ কবচী খড়্গী জগাম নৃপমন্দিরম্ ॥ ৯৪
 সেনানী রিপুবারোহপি সেনাং তাং

তুরঙ্গিণীম্ ।

করিতে লাগিলেন। তন্মধ্যে কোন কোন যুদ্ধহৃদ্য ভূপাল রাজাজ্ঞানুসারে সুন্দর শিরোদেশে শিরস্ৰাণ পরিধান করত শতকোটি সুশোভিত কবচ দ্বারা সুসজ্জিত হইয়া যুগ্মাশ্বযুক্ত, মণিকাক্ষন-শোভিত রথে আরোহণপূর্বক গমন করিলেন। কেহ কেহ মস্তমাতঙ্গ-পৃষ্ঠে ও কেহ কেহ বা সুশোভিত অশ্বোপরি আরোহণ করিয়া যাইতে লাগিলেন। ফলে রাজাজ্ঞাবহ সমুদয় বীরগণই বিমল স্বর্ণকবচ ও শিরস্ৰাণে শোভিত হইয়া নৃপভবনে উপস্থিত হইয়াছিলেন। রাজকুমার কঙ্কাদ এবং তৎকনিষ্ঠ শুভাক্দ ও পরমসুন্দর কলেবরে মহারত্ৰখচিত স্ব স্ব কবচ পরিধান করিয়া মনোবৎ ক্রতগমনশীল রথে অবস্থান করত রণোৎসবে গমন করিলেন। সর্ষপ্রকার অস্ত্র-শস্ত্রে পারদর্শী রাজভ্রাতা বীরসিংহ ভূপতির শাসন অলঙ্ঘনীয় বিবেচনায় রাজাজ্ঞানুসারে যুদ্ধার্থ যাত্রা করিলেন। বসমিত্র নামে বিখ্যাত রাজার ভাগিনেয়ও কবচ ও খড়্গ ধারণ করত যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া নৃপমন্দিরে উপস্থিত

সজ্জায় বিধায় ভূপায় ক্রবেদয়দধো মহান ॥ ৯৫
 অথ রাজা বীরমণিঃ সর্ষশস্ত্রাস্ত্রপুত্রিতম্ ।
 মণিস্থষ্টোচ্চক্রোচ্চমারোহৎ স্তম্ভনোস্তমম্ ॥
 ততো বীরারবঃ শঙ্খনিদাশ্চ সমস্ততঃ ।
 ক্রমতে কান্তরান বীরান প্রেরয়ন্নিব সঙ্গয়ে ॥
 সর্ষে কৃতস্বস্তায়নাঃ সর্ষাভরণভূষিতাঃ ।
 সর্ষশস্ত্রাস্ত্রসম্পূর্ণা যযুঃ সমরমণ্ডলম্ ॥ ৯৮
 ভেরীশঙ্খনিদানেন পুরিতাশ্চ নগা গুণাঃ ।
 আকারিতুঃ গতঃ কিম্বু তদ্রবঃ স্বর্গসংস্থিতান ॥
 তস্মিন কোলাহলে বৃন্তে রাজা বীরমণিস্থহান ।
 রণোৎসাহেন সংযুক্তো যযৌ প্রধনমণ্ডলম্ ॥
 আগত্য সংস্থিতং তাবদ্রথপত্তিসমাকুলম্ ।
 সমুদ্র ইব তৎস্থানাৎ প্রাবিতুঃ পুরুষানযাৎ ॥
 তদাগতং বলং দৃষ্ট্বা রথিভিঃ শস্ত্রকোবিদৈঃ ।

হইলেন। অনন্তর মহাবীর সেনাপতি রিপুবীর, চতুরঙ্গিণী সেনা সজ্জিত করিয়া ভূপতিকে তর্দ্বয় নিবেদন করিলেন। অতঃপর নৃপতি বীরমণি সর্ষবিধ অস্ত্র-শস্ত্রে পরিপূর্ণ, মণিময় বৃহৎ বৃহৎ চক্রযুক্ত, অতি সুন্দর এক উচ্চরথে আরোহণ করিলেন। অনন্তর চতুর্দিকে ভীক বীরগণকে রণাঙ্গনে প্রেরণ করিবার জন্তই যেন সিংহনাদ ও শঙ্খধ্বনি শ্রুত হইতে লাগিল। তৎকালে সমুদয় যোদ্ধাবর্গই সর্ষপ্রকার আভরণে বিভূষিত ও সর্ষবিধ অস্ত্র শস্ত্রে সুসজ্জিত হইয়া স্বস্তায়নপূর্বক সমরমণ্ডলে গমন করিতে থাকিলেন। তৎকালে ভেরীধ্বনি ও শঙ্খনিদানে সমুদয় পর্ষত ও গুহা পরিব্যাপ্ত হইল এবং বোধ হইল যেন স্বর্গবাসীদিগকে আহ্বান করিবার জন্তই উহা আকাশমণ্ডলে উথিত হইতেছে। তৎকালে এইরূপে তুমুল কোলাহল উপস্থিত হইলে মহামনা রাজা বীরমণি রণোৎসাহে পরিপূর্ণ হইয়া রণাঙ্গনে উপস্থিত হইলেন। ৮৩—১০০। রথ-পত্তিসমাকুল তদীয় মহাসৈন্ত যখন তথায় আসিয়া অবস্থিত করিল, তখন জ্ঞান হইল যেন, সমুদ্র, রাজপুরুষগণের পাণ্ডে দৃষিত সেই

কোলাহলীকৃতঃ সর্গযুবাচ স্মৃতিঃ নৃপঃ ॥১০২
শক্রস্ত উবাচ ।

সমাগতো বীরমণির্ম্মম বাজিধরো বলী ।
যোদ্ধুঃ মাং মহতা ভূপঃ সৈন্তেন চতুরঙ্গিণা ।
কথং যুদ্ধং প্রকর্তব্যং কে যোৎসৃশ্চি বলোৎকটাঃ
তানসর্গান্দিশ মে বীরান্যথা স্মাজ্জয় দৃপিতঃ
স্মৃতিক্রবাচ ।

স্বামিন্সৌ মহারাজো মহাসৈন্তপরীভূতঃ ।
সমাগতঃ স যুদ্ধার্থে শিবভক্তিসমধিতঃ ॥ ১০৫
সাম্প্রতং যুধ্যতাং বীরঃ পুঙ্কলঃ পতমাসুবিৎ ।
অস্তেহপি নীলরত্নায়া যোদ্ধারো যুদ্ধকোবিদাঃ
শিবেন সহ যোদ্ধব্যং রাজা বা ভবতানঘ ।
হৃদয়ুদ্ধেন জ্ঞেতব্যো মহাবলপরাক্রমঃ ॥ ১০৭
অনেন বিধিনা রাজন্ জয়ন্তেহত্র ভবিষ্যতি ।

স্বান গ্লাবিত করিবার জন্তই উপস্থিত
হইয়াছে। শত্রুকোবিদ রথিগণে পরি-
ব্যাণ্ড সেই মহাসৈন্তকে ভীষণ কোলাহল
করিতে করিতে আগত দেখিয়া নৃপবর
শক্র, স্মৃতিকে কহিলেন,—মন্ত্রিবর! যিনি
আমার অধ লইয়াছেন, সেই মহাবলশালী
 ভ্যজ হুংখং মহারাজ কথং হুংখস্ত ভাজনম্ ।
 এবং ভ্রাতা প্রোচ্যমানো গঙ্গাদশ্বরয়া গির্য্য ।
 প্রোবাচ ভ্রাতরং বীরো রামচন্দ্রঃ স ধার্ম্মিকঃ ॥
 শৃণু ভ্রাতর্কচৌ মহং মম হুংখস্ত কারণম্ ।
 তস্মাজ্জনং কুরুষ্যাদ্য ভ্রাতভ্রাতর্গুহামতে ॥১২১
 বংশে বৈবশ্বতে রাজা ন কাশ্চিদশংকতঃ ।
 মৎকৌর্ভির্দদ্য কলুষ্য গঙ্গা যমুনায়া গতা ॥ ১২২
 যেযাং যশো নৃপাং ভূমৌ তেষামেব সুজীবিতম্
 অপকৌর্ভিক্তানাঙ্ক জীবিতং মৃতকৈঃ সমম্ ।
 যেযাং যশো ভবেদ্বুমৌ তেষাং লোকাঃ
 সনাতনাঃ ।

ঘন ঘন দৌর্গ নিঃখাস পরিত্যাগ ও উচ্ছ্বাস
 গ্রহণ করত মুচ্ছিত ও পতিত হইলেন। নৃপ-
 বর জীরামচন্দ্রকে মুচ্ছিত দর্শনে সেই চরগণ
 হুংখিত হইয়া জীরামের ক্রেশশাস্তির
 নিমিত্ত বস্ত্রাঞ্চলদ্বারা বীজন করিতে লাগিল।
 অনস্তর মুহূর্ত্তমাঞ্জেই সেই নৃপবর সংজ্ঞালাভ
 করিয়া ভাষাদিগকে কহিলেন,—বাও, এই
 গৃহে আমার নিকট ভরতকে প্রেরণ কর।
 তখন সেই হুংখিত চরনিচয় রাজাজ্ঞাপালন
 করত স্বরায় ভরতগৃহে গমনপূর্ব্বক জীরামের
 আদেশপবাক্য নিবেদন করিল। ধীমান্
 ভরতও জীরামের আদেশবাক্য শ্রবণপূর্ব্বক
 স্বরাধিত হইয়া নির্জনস্থিত জীরামের উদ্দেশে
 তদগৃহাভিমুখে যাত্রা করিলেন। অনস্তর
 তথায় উপস্থিত হইয়া প্রতিহারীকে জিজ্ঞাসা
 করিলেন,—মহামনাঃ রূপানিধি মদীয় ভ্রাতা
 রামভদ্র কোথায় আছেন? অতঃপর ভরত,
 প্রতিহারিনির্দিষ্ট রত্নরাজ-বিরাজিত জীরা-
 মের কক্ষে উপস্থিত হইলেন এবং জীরামকে
 নিতান্ত কাতর দেখিয়া মনোমধ্যে সাতিশয়
 ভীত হইলেন। তিনি মনে মনে ভাবিলেন,
 জীরামচন্দ্র কি কুপিত হইয়াছেন, কিংবা প্রকৃত

দৈদৃশ কোন হুংখ উপস্থিত হইয়াছে। পরে
 নৃপতি রামকে মুতর্গুহুঃ দৌর্গনিবাস ত্যাগ
 করিতে দেখিয়া কহিলেন,—যামিন! কি জন্ত
 আপনার সতত সুখপূর্ণ প্রসন্ন মুখ অবনত
 রহিয়াছে? অবিরল অশ্রুজল বিগলিত হও-
 য়ায় উহা রাজগ্রন্ত শশধরের স্তায় লক্ষিত
 হইতেছে। মহারাজ! আমাকে সত্যরূপে
 কারণসমুদয় বলুন, এক্ষণে আমাকে আপ-
 নার কি করিতে হইবে? হুংখ দূর করুন,
 কেন এরূপ হুংখিত হইতেছেন? ভ্রাতা ভরত
 গঙ্গাদ বচনে এইরূপ কহিলে বীরবর ধার্ম্মিক
 রামচন্দ্র ভ্রাতাকে কহিলেন,—ভ্রাতাঃ আমার
 বাক্য ও হুংখের কারণ শুন। ভ্রাতাঃ, ভ্রাতাঃ!
 এখনই আমার সেই হুংখকারণের মার্জন
 কর; হে মহামতে! পবিজ বৈবশ্বতবংশে
 কোন রাজাই অকৌর্ভিকলুষিত হন নাই,
 কিন্তু গঙ্গা যেমন যমুনার সাহিত মিশ্রিত হও-
 য়ায় মলিন হইয়াছেন, তদ্রূপ সীতার জন্ত
 মদীয় পবিজ কৌর্ভিও মলিন হইতেছে।
 ১৪—১২২। কৃতলে যে সকল মানবগণের
 সুখশ থাকে, তাহাদিগেরই জীবন সার্থক,
 কিন্তু যাহারা অকৌর্ভিহুংখিত, তাহাদিগের

অপকীর্ণাঃ রগীদষ্টোক্তেবাং কুর্বাদধোগতিঃ । ১২৪
অদ্য মে কলুষা কৌর্জিবধুনৌ লোকবিশ্বতা ।

তক্ষুণ্ব বচো মেহস্য রজকন্ত যথোদিতম ।
অগ্নিন পুরেহস্য রজক উক্তবান জানকীভবম্
কিকিধাকাঃ ততো ভ্রাতঃ কিং করিষ্যামি
ভূতলে । ১২৬

কিমান্নানং জহাম্যদ্য কিমেতং জানকীঃ শ্রিয়ম্
উভয়োঃ কিং ময়া কাৰ্যং তত্থাঃ ক্রহি স্বঃ মম
ইত্যােকা নির্গলদ্বাপো বৈপথ্যকৃতিভাস্ককঃ ।
পপাত ভূমৌ বিরজে। ধাৰ্ম্মিকাগাং শিরোমণিঃ
ভ্রাতরং পতিতং দৃষ্টা ভরতোঃ দুঃখসংযুতঃ ।
সংবীক্ষ্য শনকৈ রামঃ সংজ্ঞামাপ্তং চকার সঃ
সংজ্ঞাং প্রাপ্তস্ত সংবীক্ষ্য রামচন্দ্রে সূত্ৰ খিতম্

জীবন মরণের তুল্য । এই ভূতলে যাহা-
দিগের যশঃ উদ্দেখ্যিত হয়, তাহা-
দিগেরই সনাতন লোকসকল লক্ষ হইয়া
ধাকে, আর যাহার অকৌর্জিরূপ সর্প-
কর্কক দৃষ্ট হয়, তাহাদিগের নিঃসন্দেহ অধো-
গতি । ভ্রাতঃ ! আজ আমার লোকবিশ্বতা
কৌর্জিরূপা সুরধুনী কলুষিতা হইয়াছে, আজ
আমার সম্বন্ধে রজক যেরূপ বলিয়াছে তথাক্য
শ্রবণ কর । অদ্য এই পুরীমধ্যে কোন
রজক জানকীসম্বন্ধে কোন কুৎসিত বাক্য
বলিয়াছে, অতএব ভাই ! আমি এই ভূতলে
আর কি করিব ? অদ্য আমি কি জীবন
বিসর্জন দিব । না এই নিজ পত্নীজানকীকে
পরিত্যাগ করিব ? এই উভয়ের মধ্যে আমার
কি করা কর্তব্য, আমায় তুমি সত্য করিয়া
বল । ধাৰ্ম্মিকশিরোমণি জীরাচন্দ্রে এই
কথা বলিয়া বাস্পবারি বিমোচন করিতে
লাগিলেন । ভাইর সর্ষশরীর কম্পিত হইতে
থাকিল, পরে তিনি সংজ্ঞাপ্ত হইয়া ভূতলে
পতিত হইলেন । ভরত, ভ্রাতাকে পতিত
দেখিয়া সাত্তিশয় হুঃখিত হইলেন এবং বীজ্ঞ
পূৰ্বক ক্রমে ক্রমে ভাইকে সংজ্ঞাপ্ত
করিলেন । তখন ভরত, জীরাচন্দ্রে কংজ্ঞা
প্রাপ্ত ও ষৎপরোনাস্তি হুঃখিত দেখিয়া তদীয়

উবাচ হুঃখনাশায় স বাক্যঃ স্মমনোহরম্ । ১২৫
ভরত উবাচ ।

কোহয়ং বৈ রজকঃ কিম্ঃ বাক্যং বাচ্যকথামুতঃ
জিহ্বাচ্ছেদনং করিষ্যামি জানকীবাচ্যকারিণঃ ।
তদা রামোহরবীধাক্যং রজকন্ত মুখোদপতম্
জ্ঞাতং চারৈণ তৎসর্গং ভায়ভায় মহাশ্বনে ।
তক্ষুহা ভরতঃ শ্রাহ ভ্রাতরং হুঃখশোকিনম্ ।
জানকী বহিঃক্লান্তক্লান্তায়াঃ বীরপুঞ্জিতা । ১২৬
ব্রহ্মারবীদিয়ং শুদ্ধা পিতা দশরথস্তব ।
কথং সা রজকোক্তিহাকাতব্যা লোকপুঞ্জিতা ।
বন্ধাদিসংজ্ঞতা কৌর্জিতব লোকান পুনাতি ।
সা কথং রজকোক্ত্যা বৈ কলুষাদ্য তবিষাতি ।
তস্মাত্যজ মহাহুঃখং সৌভাভ্যাসমুভবম্ ।
কুক রাজ্যং তয়া সার্কিমম্বর্ষক্যা সূভাগ্যয়া ।
স্বং কথং শরীরন্ত হাতুমিচ্ছসি শোভনম্ ।
বয়ং হতাশ্ব সর্ষেহস্য ভ্রাতং বিনা হুঃখনাশকম্ ।

হুঃখ দূরীকরণাভিলাষে এইরূপ স্মমধুর বাক্য
বলিলেন,—সেই নিন্দাবাদী রজক কে ?
তাহার কথাই বা কি ? নিশ্চয় আমি সেই
জানকীনিন্দাকারীর জিহ্বাচ্ছেদন করিব ।
তখন জীরাচন্দ্রে, মহাশয় ভরতকে রজকমুখ-
নির্গত চারুজ্ঞত তৎসমুদয় বাক্যে বলিলেন ।
১২৬-১২৭ ভরত তথাক্য শ্রবণ করিয়া হুঃখ-
শোকভিত্ত ভ্রাতাকে কহিলেন,—বীরগণ
পুঞ্জিতা জানকী ত লভায় বহিঃক্লান্তা ইইয়াছি-
লেন । তৎকালে ভগবান ব্রহ্ম এবং ভবদীয়
পিতা দশরথও ত বলিয়াছিলেন, সৌভা
পবিহা, তবে . কি জন্ত রজকের কথায়
সেই লোকপুঞ্জিতা জানকীকে পরিত্যাগ
করিবেন ? ব্রহ্মাদিপ্রশংসিত ভবদীয় যে
কৌর্জি অখিল লোককে পবিত্র করিতেছে,
সেই পবিত্র কৌর্জি রজকের কথায় কিরূপে
কলুষিতা হইবে ? অতএব সৌভার নিন্দা-
বাদজনিত মহদুঃখ পরিত্যাগ করুন, সেই
পরম সৌভাগ্যশালিনী গর্তবতীর সহিত পূৰ্ব-
বৎ রাজ্যখালনে প্রবৃত্ত হউন । আপনি কি
নিমিত্ত শ্রোভন কী় শরীর পরিত্যাগ

ক্ষণঃ সৌভা ন জীবন্তে ষাং বিনা স্মমহোদয়া
তন্মাং পত্তিব্রতা সাকং ভুন্নকু বিপুলাং শ্রিয়ম্ ।
ইতি বাক্যং সমাকর্ণ্য ভরতস্য সুধাশ্রিতিকঃ ।
পুনরেব জগাদেমং বাক্যং বাক্যবিদাং বরঃ ।
যথং কথয়সি ভ্রাতৃত্বং ধর্মসমং যুতম্ ।
পরং যথচ্যাহং বাক্যং তৎকুরুষ মমাজয়া ।
জানাম্যেনাং বহিঃশ্রুত্বাং পবিত্রাং লোক-
পুঞ্জিতাম্ ।

লোকাপবাদান্তীতোহং ত্যজামি স্বাস্ত
জানকীম্ ॥১৫১

তন্মাৎকরে শিতং ধৃষা করবালং সুদাক্ষণম্ ।
শিরশ্ছিন্দ্যথবা জায়াং জানকী মুঞ্চ বৈ বনে ।
ইতি বাক্যং সমাকর্ণ্য রামস্য ভরতোহপতৎ ।
মুচ্ছিতঃ সন্ ক্রিতৌ দেহে কম্পযুক্তঃ সবাঙ্গকঃ
বাৎস্তায়ন উবাচ ।

জগৎপবিত্রসংকীর্ণি-জানক্যাবাচ্যবাচনম্ ।

করিতেছেন ? আপনি আমাদিগের সর্বভূঃখ-
বিনাশক; আপনি বিনা আমায় সকলেই আজ
বিনষ্ট হইব। অতীব মহোদয়া সীতাও
আপনি বিনা ক্ষণকালও জীবিত থাকিবেন
না। অতএব সেই প্রতিব্রতার সহিত বিপুল
রাজ্যৈর্ঘ্য উপভোগ করুন। বাগ্মপ্রবর
ধাশ্রিতিকবর জীরামস্বয়ং, ভরতের এবিধ
বাক্য শ্রবণ করিয়া পুনরায় ভরতকে এই
কথা বলিলেন,—ভ্রাতঃ! তুমি যাহা বলিতেছ,
তাঁহা ধর্মসঙ্গত ও যুক্তযুক্ত বটে, কিন্তু আমি
যে কথা বলিতেছি, তাঁহা তুমি আমার আশ্রা-
হুসারে প্রতিপালন কর। ভাই! আমি
ঈয় পত্নী জানকীকে অগ্নিশুদ্ধা পবিত্রা ও
সর্বলোকপুঞ্জিতা জানি, কিন্তু কেবল লোকা-
পবাদে ভীত হইয়াই ইহাকে পরিত্যাগ করি-
তেছি। অতএব হয় করে শান্তি করবাল
ধারণপূর্বক আমার শিরশ্ছেদন কর, না হয়,
মদীয় জায়া জানকীকে বনে পরিত্যাগ
করিয়া আইন ১৩০—১৪২। ভরত জীরামের
এবিধ বাক্য শ্রবণে কম্পিতকলেবর বাঙ্গ-
পুর্ণলোচন ও মুচ্ছিত হইয়া ক্রিান্তিলে

কথং সমকরোং স্বামিনঃস্তয়ে কথং সুব্রত ॥১৪৪
যথা মে মনসঃ সৌখ্যং ভবিষ্যতি সুশোভনম্
তথা কুরুষ শেষাদ্য যস্য বাসিনঃস্থতামৃতম্ ।
পিবতর্হৃশিরেব স্তাদৃষয়া সংস্থিতকৃন্তনম্ ॥ ১৪৫
শেষ উবাচ ।

মিথিলায়াং মহাপূর্ঘ্যাং জনকো নাম ভূপতিঃ ।
তস্তাং করোতি সর্ভাঙ্গাং ধর্ম্মমায়াময়ন প্রজাঃ
তস্ত সঙ্ঘর্ষতো ভূমিং সীতয়া দৌর্ঘমুখয়া ।
সৌরধ্বজস্ত নিরগাৎ কুমারী রতিসুন্দরী ॥১৪৭
তদাত্যস্তং মুদং প্রাপ্তঃ সৌরকেতুর্মহীপতিঃ ।
সীতানামাকরোস্তস্তা মোহিত্তা জগতঃ শ্রিয়াঃ ।
সৈকদোদ্যানবিপিনে খেলন্তৌ স্মননোহরা ।
অপশুৎস্বমনঃকান্তঃ শুকশুক্যোয়ুর্গং বদৎ ॥১৪৯
অত্যন্তং হর্ষমাপন্নমত্যন্তং কামলোলুপৎ ।

নিপতিত হইলেন। বাৎস্তায়ন-বলিলেন,—
স্বামিন! ষাঁহার সংকীর্ণিতে জগৎ পবিত্র
হইতেছে, রজক তাদৃশ সীতাদেবীর কি
কারণে নিন্দাবাদ করিয়াছিল? হে সুব্রত!
আপনি আমায় তদ্বিষয় বলুন। হে শেষ!
যাহাতে আমার চিত্তে পরম শান্তি জন্মে,
আপনি তাঁহা করুন। দেব! ভবদীয় মুখার
বিন্দবিগলিত অমৃতপানে এরূপ ভূপ্তি
জন্মিয়া থাকে, যদ্বারা সংসারক্লেশ-
তিরোহিত হইয়া যায়। অনন্তদেব কহিলেন, বাৎস্তা-
য়ন! পূর্বে মিথিলানারী মহাপুরীতে জনক-
নামক ভূপতি ধর্ম্মাহুসারে প্রজাগণের
সন্তোষসাধন করত রাজ্য করিতেন। একদা
সেই সৌরধ্বজ যজ্ঞার্থ দৌর্ঘমুখী লাললাগ্নে
ঘায়া ভূমিকর্ষণ করিতেছিলেন, এমত সময়ে
সেই কুষ্ঠ ভূমি হইতে রতির স্তায় পরমা
সুন্দরী এক কুমারী নির্গত হয়। তখন
মহীপতি সৌরধ্বজ, সাতিশয় অ'নন্দ
প্রাপ্ত হইয়া সেই সাক্ষাৎ কমলাধরুপা
জগন্মোহিনী কুমারীর সীতা নাম রাখিলেন।
কিয়ৎকালের পর সেই স্মননোহরা সীতা,
একদা উদ্যানমধ্যে ক্রীড়া করিতে করিতে,
পরম্পর কথোপকথনাসক্ত, ঈয় মনোমুগ্ধকর

পরম্পরং ভাষমাণং স্নেহেন শুভয়ঃ গিরাঃ ১১৫০
 রমমাণং তদা যুগ্মং নভসি কি প্রবেগতঃ ।
 সযুৎপতন্নগোপন্থে স্থিতং শব্দঃ চকার তৎ ।
 রামো মহৌপতির্ভূমৌ ভবিষ্যতি মনোহরম্ ।
 তস্ম সৌতেতি নাম্না তু ভবিষ্যতি মহেলিকা ।
 স তয়া সহ বর্ষণাং সহস্রাণ্যেকযুগ্মশ ।
 রাজ্যং করিষ্যতে ধীমান্ কর্ণনভুমিপত্নীন্ বলী
 ধস্তা সা জানকী দেবী ধস্তোহসৌ রামসংজিতঃ
 যৌ শরম্পরমাপন্নৌ পৃথিব্যাং রমশো মুদা ॥
 ইতি সস্তাষমাণং তু শুকযুগ্মং তু মৈথিলী ।
 জ্ঞাত্বেন্দং দেবতায়ুগ্মং বংগী তস্ম বিলোক্য চ
 মদীয়ান্ত কথ্য রম্যাঃ কুরুতে শুকযোযুগ্মম্ ।
 এতদগৃহীত্বা পুচ্ছামি সর্বং বাক্যং গতার্থকম্ ।
 এবং বিচার্য সা স্বীয়াঃ সখাঃ প্রতি জগাদ সা
 গৃহস্থ শনৈকৈরেতৎ পক্ষিযুগ্মং মনোহরম্ ॥১৫৭

এক শুকমিথুন সন্দর্শন করিলেন । তাহার
 অতীব কামলোন্মুগ ও অতীব সুষ্টচিত্ত হইয়া
 স্নেহভরে মধুর বচনে পরম্পর মধুরালাপ
 করিতেছিল । তৎকালে সেই পরম্পর
 রমমাণ শুকযুগল সীতাকে দেখিয়া কিপ্র-
 বেগে নভোমণ্ডলে উড্ডীন হইল এবং এক
 পক্ষীতাপন্থে অবস্থিত হইয়া এই কথা
 বলিতে লাগিল ; এই ভূমিতলে রাম নামে
 এক মনোহর মহৌপতি হইবেন, তাঁহার
 সীতা নামে ভাৰ্য্যা হইবে ; মহাবলশালী
 ধীমান্ রাম অখিল ভূপতিদিগকে স্ববেশে
 আনয়ন করত সীতার সহিত একাদশ
 সহস্র বৎসর রাজ্য করিবেন । ১৪০—১৫০ ।
 যে সীতা ও রাম পরম্পর পরম্পরকে প্রাপ্ত
 হইয়া সানন্দচিত্তে এই পৃথিবীতে রমণ
 করিবেন, সেই দেবী জানকীও ধস্তা এবং
 সেই জীৱামও ধস্তা মূনিবর ! মৈথিলী,
 পরম্পর এইরূপ কথোপকথনাসক্ত শুক-
 যুগ্মকে “ইহার দেবতা” এইকপ জ্ঞান
 করিয়া এবং তাহাদিগের উল্লিখিত বচনাবলী
 শ্রবণে এই শুকযুগলও আমার সঙ্কটেই

সখ্যস্তাস্তদুগিরিং গম্বাগুহ্ন পক্ষিযুগ্মং বরম্ ।
 নিবেদয়ামাসুরিদং স্বসখ্যাঃ প্রিয়কাম্যয়া ১১৫৮
 বহবা বিবিধান শব্দান কুর্ষ্বীক্য মনোহরম্ ।
 আশাসয়ামাস তদা প্রপচ্ছ তাদিদং বচঃ ১১৫৮
 সীতোবাচ ।

মা ভৈষাথাঃ যুবাং রম্যো কো বা কুত্র সমাগতে
 কো রামঃ কা চ সা সীতা তজ্জ্ঞানন্তকুত-স্মৃচম্
 তৎসর্বং শংসতং কিপ্রং মন্তো নো
 ভবভোভর্ষম্ ।
 ইতি পৃষ্টং তয়া পক্ষি-যুগ্মং সর্বমশংসত ॥ ১৬১
 পক্ষিযুগ্মমুবাচ ।

বাল্মীকিরাস্তে স্মমহান্বির্কর্মবিহস্তমঃ ।
 আবাং তদাশ্রমস্থানো সর্বদা স্মনোহরম্ ॥

এই সকল মনোরম বাক্য কহিতেছে, অত-
 এব ইহাদিগকে ধারণ করিয়া বাহাতে প্রকৃত
 অর্থ অবগত হইতে পারি ; তজ্জন্ম এই
 সমুদয় বাক্যের বিষয় জিজ্ঞাসা করিব । এই
 বিবেচনা করিয়া স্বীয় সখীগণকে কহিলেন,—
 “তোমরা স্বীয়ভাবে এই মনোহর পক্ষি-
 যুগলকে ধারণ কর” । তখন সখীগণ, স্বীয়
 সখীর প্রিয় কাৰ্য্য সাধনবাসনায় সেই পক্ষীতে
 যাইয়া পক্ষিযুগলকে ধারণপূর্বক সীতাকে
 সমর্পণ করিল । অনন্তর সীতা সেই মনো-
 হর শুকযুগকে বহবার বিবিধ প্রকার ক্লেণ-
 সূচক শব্দ করিতে দেখিয়া আশাস প্রদান-
 পূর্বক এই কথা বলিলেন ;—তোমরা ভীত
 হইও না, তোমাদিগের মুক্তি অতি সূক্ষর,
 তোমরা কে ? কোথায় আসিয়াছ ? রাম
 কে ? সীতাই বা কে ? এবং তাঁহাদিগের
 বিষয় কিরূপে অবগত হইলে ! স্বায় আশায়
 তৎসমুদয় বিষয় বল, আমা হইতে তোমা-
 দিগের কোন ভয় নাই । সীতা এইরূপ
 জিজ্ঞাসা করিলে সেই পক্ষিযুগল তৎসমস্ত
 বিষয় বলিতে আরম্ভ করিল । পক্ষিযুগল
 কহিল, ধর্মবিদগ্ধের অগ্রগণ্য মহাত্মা বাল্মীকি
 নামে এক ঋষি আছেন, আমরা সর্বদা তাঁহার
 আশ্রমে অবস্থান করি । সর্বকৃত-হিতে

স শিষ্যান গাপয়ামাস ভাবি রামায়ণং মুনিঃ ।
প্রত্যহং তৎপদম্মারী সর্ষভুতহিতে রতঃ ॥১৬৩॥
তদাবাত্যাং ঋতং সর্ষঃ ভাবি রামায়ণং মহৎ
মুহুশ্চ হৃগীয়মানমাত্যাতং পরিপাঠতঃ ॥ ১৬৪
শৃণ্বাঃ তেহভিধান্তাবো যো রামো যা চ

জানকী ।

যদ্বশ্ববিষ্যতে তস্মা রামেণ ক্রৌড়িতা বননঃ ॥১৬৫॥
ঋষ্যশৃক্কতেষ্ট্যা চ চতুর্দ্বাং গতো হরিঃ ।
প্রাহুর্ভবিষ্যতি ক্রীমান সুরস্রীগী সংকথঃ ॥১৬৬॥
স কৌশিকেন মিথিলাং প্রাপ্যতে ভ্রাতৃসংযুতঃ
ধম্পাণিস্তদা দৃষ্ট্বা হুগ্রাহমস্ততুভুজাম্ ॥ ১৬৭
ধহুর্ভূতুকা জনকজাং প্রাপ্যতে সুননোহরাম্ ।
তয়া সহ মহদাজ্যং করিষ্যতি ঋতং বরে ॥১৬৮॥
এতদম্ভুচ তত্রৈহঃ ঋতম্মাভিরুদগতেঃ ।

রত, ক্রীমামের চরণধ্যানপরায়ণ সেই মুনিবর
প্রত্যহ নিজ শিষ্যগণকে ভাবী রামচরিত্র
গান করাইয়া থাকেন। সেই জন্ত আমার,
মুহুশ্চ হৃঃ গীয়মান ভাবী সুনহৎ সমুদয় রাম-
চরিত্রই শ্রবণ করিয়াছি এবং ইহা পাঠ
করিবার নিমিত্তই এইখানে আসিয়াছি।
এক্কে আমরা আপনাকে রাম ও জানকী
যে বস্তু এবং রামের সহিত ক্রৌড়ানিরতা
জানকীর যে যে ঘটনা ঘটবে, বলি শুনি।
ঋষ্যশৃক্কমুনি পুজেষ্টিগা করিবেন, তজ্জন্ত
সুহৃদানাগণ ঐহার গুণগান করিয়া থাকেন,
সেই ভগবান হরি, আপনাকে চতুর্দ্বা
বিশক্ত করিয়া কমলার সহিত ভূতলে
প্রাহুর্ভূত হইবেন। বরাক্রমে! অনন্তর
কুশিকনন্দন বিশ্বামিত্র, ধম্পাণি রামকে
তদীয় ভ্রাতার সহিত মিথিলায় লইয়া যাইবেন
তৎপরে রাম, যাহা অপর নরপতিগণ উস্তো-
লন করিতেও অসমর্থ, তাদৃশ ধম্পা উজ্জ
করিয়া, সুননোহরা জনকপ্রহিতাকে প্লাপ্ত
হইবেন এবং শুনিয়াছি ঐহার সহিত বিপুল
রাজ্য শাসন করিবেন। হে চার্কী!
আমরা শুধায় অবস্থিত থাকিয়া ইত্যাদি ও
অস্তান্ত বিষয়ও শুনিয়াছি এবং উড্ডীয়মান

কথিতং তব চার্কী মূঢ়াভাঃ গন্তকামুকৌ ।
ইতি বাক্যং তয়োর্ভা শ্রোত্রয়োঃ সুননোহরম্
পুনরেব জগাদেদং বাক্যং পক্ষিযুগং প্রতি ।
স রামঃ ক্রম বর্ধেত কস্ত পুত্রঃ কথন্ত ভাম্ ।
পরিগ্রহীষ্যতি বরঃ কৌদৃগৃরুপধরো নরঃ ॥১৭১
ময়া পুষ্টিমিদং সর্ষং কথয়ন্ত গথাতথম্ ।
পশ্চাৎসর্ষং করিষ্যামি প্রিয়ঃ যুগ্মনোহরম্ ।
তচ্ছ্রুত্বা তাস্ত কামেন পীড়িতাং বৌক্ষ সা শুকী
জানকীঃ হৃদি জ্ঞাস্বা চ পপাঠ পুরতন্ততঃ ।
সুর্ধবংশধ্বজো নাম রাজা পঙ্কিরথো বলী ।
যং দেবাঃ শ্রিত্য সর্ষারীন বিজেষ্যন্তে চ সর্ষতঃ
তস্ম ভাধ্যাত্রয়ং ভাবি শক্কেমোহনরুপধুং ।
তাসামপত্যচাতুর্কং ভবিষ্যতি বলোন্নতম্ ॥১৭৫
সর্ষেবামগ্রজো রামো ভন্নরতন্তদনু স্মৃতঃ ।

হইয়া এখানে আগমনপূর্বক আপনাকেও
অনেক বিষয় কহিলাম, এক্কেণে আমার
যাইতে ইচ্ছা করিতেছি, আমাদিগকে
ছাড়িয়া দিন। সীতা সেই পক্ষিবরের এব-
দ্বিধ সুননোহর বাক্য শ্রবণ করিয়া পুনরায়
তাহাদিগকে এই কথা বলিলেন,—রামচন্দ্র
কোথায় অবস্থিত করিবেন? কাহার পুত্র
হইবেন? কিরূপে সীতার পাণিগ্রহণ করি-
বেন? এবং সেই নরবরের রূপই বা কি
প্রকার? আমার জিজ্ঞাস্ত এই সমস্ত বিষয়
সত্যরূপে আমায় বল, পরে আমি তোমা-
দিগের মনোমত সমুদয় প্রিয় কাণ্ডি করিব।
১৫৪—১৭২। শুকমহিলা, সীতার তাদৃশ বাক্য
শ্রবণ এবং ঐহারে কামপীড়িতা নিরীক্ষণ
করিয়া মনোমধ্যে ইনিই জানকী এইরূপ
বোধ করত ঐহার সম্মুখে পতিত হইল
এবং কহিল,—সুর্ধকুলাতিলক, মহাবলশালী
দশরথ নামে পঙ্কিরথ এক রাজা হইবান।
দেবগণও ঐহাকে আশ্রয় করিয়া সর্ষ প্রকারে
সমুদয় অরাতিগণকে পরাজয় করিবেন,
তাদৃশ সেই দশরথের শক্কেদিগেরও মনো-
মুধকর মধুরমুর্ধি তিনটী পত্নী হইবে এবং
তাহাদিগের গর্ভে মহাবলসম্পন্ন চারিটি পুত্র

লক্ষ্মীভক্ত লক্ষ্মীমান শক্রয়ঃ সধঃতাবলঃ ॥১৭৬

রঘুনাথ ইতি বাক্যঃ গমিষ্যতি মহামনাঃ ।

তেষামনন্তমানি রামস্ত বলিনঃ সধিঃ ॥ ১৭৭

পদ্মকোশ ইব শোভনঃ যুধঃ

পঙ্কজাতনয়নে সুদীর্ঘকে ।

উন্নতা পৃথুমনোহরা নসা

বঙ্কসঙ্কতমনোহরে ক্রবৌ ॥ ১৭৮

জাহ্নুলম্বিতমনোহরৌ ভুজৌ

কবুশোভিগলকোভূষকঃ ।

সংকপাটিতলবিন্দুতশ্রিকঃ

বন্ধ এতদমলং সলক্ষকম্ ॥ ১৭৯

শোভনোরককটিশোভয়া যুতঃ

জাহ্নুযুগ্মমলং স্বসেবিতম্ ।

পাদপদ্মমধিলৈর্নির্ভিজঃ সদা

সেবিতঃ রঘুপতেঃ সুশোভনম্ ॥ ১৮০

এতদ্রূপধরৌ রামৌ ময়া কিং নু স বর্ণ্যতে ।

শতাননোহপি নো য়াতি পক্ষিণঃ কিমু মাদৃশাঃ

জয়গ্রহণ করিবে । রাম, সকলের অগ্রজ,

ভৎপরবর্তী ভয়ভ, জীমান লক্ষণ তদনুজ,

এবং মহাবল শক্রয় সর্ষকনিষ্ঠ । সধি !

ঊর্ধ্বাঙ্গিণের মধ্যে মহামনাঃ রামচন্দ্র রঘুনাথ

নামে প্রসিদ্ধ হইবেন ; কিন্তু বস্তুতঃ সেই

মহাবলশালী রামের নামের অস্ত্য নাই ।

ভদ্রীয় মুখমণ্ডল পদ্মকোশবৎ সুশোভন,

সুদীর্ঘ নয়নযুগল পঙ্কজবৎ সুদৃশ্য, নাসিকা

উন্নত পৃথুল ও অতি মনোহর এবং মনো-

হর ক্রমুগল মনোহর ভাবে পরস্পর সংলগ্ন ।

ঊর্ধ্বাঙ্গ ভূজষয় আজাহ্নুলম্বিত ও অতীব

সুন্দর, কণ্ঠদেশ কবুবৎ সুরম্যা, কটিদেশ

ক্ষীণ, এবং জীবৎসর্টিহৃত বিমল বন্ধঃস্থল

উৎকৃষ্ট কপাটবৎ বিশাল ও সুজী । পরস্পর

সংলিষ্ট সুন্দর জাহ্নুযুগ মনোহর উরু ও

কটি-শোভায় সুশোভিত, এবং সেই রঘু-

পতির সুশোভন পাদপদ্ম, অখিল ভক্তগণ-

কর্ষক সর্ষদা সুসেবিত । এবদ্বিধ রূপধারী

রামের আমি আর কি বর্ণন করিব ? মাদৃশ

পক্ষিগণের কথা কি ; শতমুখেও কেহ

যদ্রুপঃ বীক্য ললিতা মনোহরবপুর্ধ্বরা ।

লক্ষ্মীধূমোহ স্ত্রিবি কা বর্ত্ততে যান মোহতি ॥

মহাবলো মহাবৌর্ধ্যো মহামোহনরূপযুগ্ধ ।

কিং বর্ণ্যামি জীরামঃ সর্ষৈষধ্যাশুগাধিতম্ ॥১৮০

ধস্তা সা জানকী দেবী মহামোহনরূপযুগ্ধ ।

রংস্ততে যেন সহিতা বর্ষণামযুতঃ মুদা ॥ ১৮১

স্বং কা বা কিংসু নামাতি তব সুন্দরি যত্নু মান্

পরিপৃচ্ছসি বৈদগ্ধ্যাদ্রামকীর্ত্তনমাদরাৎ ॥ ১৮২

এতদ্বাক্যঃ সমাকর্ণ্য জানকী পক্ষিণৌর্ধ্বগম্ ॥

উবাচ জয় ললিতঃ শংসতী স্বস্ত মোহনম্ ॥১৮৩

যা ত্বয়া জানকী প্রোক্তা সাহঃ জনকপুত্রিকা ।

স রামো মাঃ যদাগত্য প্রাপ্যতে সুমনোহরঃ

তদা বাঃ মোচয়াম্যাদ্ধা নান্তথা বাক্যলোভিতা

লীলয়া চ সুখেনাস্তাং মদৃগৃহে মধুরাদকৌ ॥১৮৪

তাহা বর্ণনা করিতে পারেন না । ঊর্ধ্বাঙ্গ

অপূর্ষরূপ দর্শনে মনোহররূপিণী স্বয়ং লক্ষ্মী

দেবীও মুগ্ধ হন, ভূতলে এমন কোন রমণী

আছে যে, ঊর্ধ্বাঙ্গ রূপে মুগ্ধ না হয় ? আমি

আমি সেই সর্ষৈষধ্যাশাগৌ সর্ষশুগাধিত

রামকে অধিক কি বর্ণন করিব, ফলে তিনি

মহাবলবীর্ঘ্যশালী ও মনোমোহনমুর্তি । মহা-

মোহন রূপশালিনী জানকী দেবীই ধস্তা,

কারণ, অযুত বর্ষকাল সানন্দে বিহার করি-

বেন । সুন্দরি ! আপনি কে ? আপনার নাম

কি ? আপনি যে আগ্রহাতিশয় সহকারে

চাতুর্ধ্য প্রকাশ করত বারংবার জীরামের বিষয়

আমায় জিজ্ঞাসা করিতেছেন, আপনি কি

সেই জানকী ? জানকী এতদ্বাক্য শ্রবণ-

পূর্বক নিজ পূর্বক জন্মস্মৃতিস্ত ব্যক্ত করতসেই

পক্ষিযুগলকে কাহলেন ;—তুমি যে জানকীর

কথা কহিতেছ, আমিই সেই জনকনন্দিনী

জানকী । ১৭৩—১৮৪। সেই মোহনমুর্তি জীরাম

যখন আসিয়া আমায় গ্রহণ করিবেন, তখনই

আমি তোমাদিগকে নিশ্চয় ছাড়িয়া দিব,

নতুবা দিব না, কারণ তোমরা, আমাকে

কথায় প্রলোভিতা করিয়াছ । তোমরা এক্ষণে

মদীয় গৃহে সুমিষ্ট বস্তু ভোজনপূর্বক ক্রীড়া

ঐতু্যক্তোঃ তৎসমাকৰ্ণ্য পক্ষিপৌ ভয়তাং গন্তে
পরম্পর প্রকৃতিভৌ জানকীং প্রত্যাবোচতাম্
বয়ং বৈ পক্ষিণঃ সান্ধি বনহা রক্ষগোচরাঃ ।
পরিভ্রমামঃ সৰ্বত্র নোমুখং নো ভবেদগৃহে ॥
অন্তরীক্ষী স্বকে স্থানে গন্থা সংস্থয় পুত্রকান্ ।
ত্ৰস্থানমাগমিষ্যামি সত্যং মে হৃদিতং বচঃ ॥
এবং প্রোক্তা তথা সা তু ন মুমোচ শিশুঃ

শ্রয়ম্ ।

তদা পতিস্তাঃ প্রোবাচ বিনীতবদনোৎসুকঃ ॥
সীতে মুঞ্চ বৎস ভার্গ্যাঃ রক্ষসে মে মনোহরাম্
আবাং গচ্ছাব বিপিনে বিচরামঃ সুখং বনে ॥
অন্তরীক্ষী তু বর্ষেত ভার্গ্যা মম মনোগম।
তস্তাঃ প্রস্থতিং কৃন্থা ত্ৰামাগমিষ্যামি শোভনে
ইতু্যক্তা নিজগাদেমং সুখং গচ্ছ মগমতে ।
এতাং রক্ষামি সুখিতাং মৎপার্শ্বে প্রিয়কারিণীম্

করত মুখে অবস্থান কর । জানকীর এই
কথা শুনিয়া সেই পক্ষিণ অতিভীত হইল
এবং পরম্পর ক্রোভ প্রকাশ করত
জানকীকে কহিল,—সান্ধি ! আমরা
বনচর পক্ষী, আমরা রক্ষোপরি বাস করি
এবং সৰ্বত্র পরিভ্রমণ করিয়া থাকি । গৃহবাসে
আমাদিগের সুখ হইবার সম্ভব নাই । পরে
শুকান্দ্রনা কহিল,—জানকি ! আমি সত্য বল-
তেছি, আমি এক্ষণে গর্ভিণী, এক্ষণে আমি
বৃদ্ধানে যাইয়া শাবক-প্রসবান্তে তোমার
নিকট আগমন করিব । শুকান্দ্রনাকর্তৃক
এইরূপ কথিত হইয়াও বালিকা সীতা বাল-
কতা বশতঃ যখন ছাড়িলেন না, তখন তদীয়
পতি শুক, উৎকণ্ঠিত হইয়া অবনতমস্তকে
সীতাকে কহিল,—সীতে ! ছাড়িয়া দাও,
কেন আমার মনোহরা ভার্গ্যাকে অবরুদ্ধ
করিতেছ ? আমরা অরণ্যে গমনপূরক
সুখে বিচরণ করিব । শোভনে ! সত্যই
আমার পত্নী সসম্বা, একান্ত উদার সন্তান
হইবার পরেই তোমার নিকট আসিব । শুক
এইরূপ বলিলে সীতা তাকে কহিলেন,—
মহামতে ! তুমি অনাগ্রসে যাইতে পার,

ইতু্যক্তোঃ হৃথিতঃ পক্ষী তামুচে কক্ষণাধিতঃ ।
যোগিভিঃ প্রোচ্যতে স্বৈৰ ভয়চক্ৰধ্যমেব চি ॥
ন বক্তব্যং ন বক্তব্যং মৌনমাশ্রিত্য তিষ্ঠতু ।
নো চেৎস বাক্যদোষণে প্রাপ্নোত্যালানমুখদঃ
বয়ং চেদত্র বাক্যং নাকরিষ্যাম নগোপরি ।
বন্ধনং কথমাবাং স্তান্তস্মান্মৌনং সমাচরেৎ ॥
ইতু্যক্তা তাং প্রভুবাচ নাহং জীবামি সুল্লরি
এতয়া ভার্গ্যা ঋতে তস্মান্মুঞ্চ মনোহরে ॥১১৯
অনেকবিধবাক্যৈঃ সা বোধিতা নামুচন্তদা ।
কুপিতা হৃথিতা ভার্গ্যা শশাপ জনকান্দ্রজাম্ ॥
যথা তৎ পতিনা সান্ধিঃ বিয়োজয়সি মামিতঃ ।
তথা ত্বমপি রামেণ বিমুক্তা ভব গর্ভিণী ॥ ২০১
ইতু্যক্তবত্যাঃ তস্তান্ত হৃথিতায়াং পুনঃপুনঃ ।

আমি এই প্রিয়কারিণীকে আমার পার্শ্বে
যাহাতে ক্রেশ না হয়, এরূপ করিয়া রক্ষা
করিব । শুক এইরূপ কথিত হইয়া অতি-
শয় হৃথিত হইল এবং কাতর হৃদয়ে সীতাকে
কহিল,—সীতে ! যোগিগণ যে বলিয়া
থাকেন, মৌনাবলম্বন করিয়া থাকিবে,—
কদাচ বাক্য ব্যয় করিবে না ; অস্তথা
সকলকেই বাক্যদোষে দূচতর নিগড়ে বদ্ধ
হইতে হয়” সেকথা সত্যই বটে । হায় !
আমরা যদি এই পক্ষতোপরি বসিয়া কথোপ-
কথন না করিতাম, তাহা হইলে কিহেতু আর
আমাদিগের বন্ধন হইবে ? এই জন্ত
মৌনাবলম্বন করাই কর্তব্য । শুক, মনে মনে
এইরূপ কহিয়া সীতাকে পুনরায় কহিল,—
সুল্লরি সীতে ! এই ভার্গ্যা ভিন্ন আমি জীবন
ধারণ করিতে পারিব না, অতএব হে মনো-
হরে ! ইহাকে পরিত্যাগ কর । ১৮৬—১৯১
সীতাদেবী, যখন ইত্যাদি বিবিধ বাক্যে
প্রবোধিতা হইয়াও পরিত্যাগ করিলেন না,
তখন সেই শুকভার্গ্যা যুগপৎ হৃথিতা ও
কুপিতা হইয়া জানকীকে এই অভিসম্পাত
করিল ;—সীতে ! তুমি যেমন আমার পতির
সহিত বিযোজিতা করিলে, তুমিও এইরূপ
গর্ভিণী হইয়া জীৱামের সহিত বিযুক্তা

প্রাণা নিয়গমনঃ হুঃখাৎ পতিহুঃখেন পুরিতাৎ
 রামং রামং স্বরস্ত্যাশ্চ বদস্ত্যাশ্চ পুনঃপুনঃ ।
 বিমানমাগতং সুষ্ঠু পক্ষিণী স্বর্গতা বভৌ ॥২০০
 ত ত্যাং মৃতায়ঃ হুঃখার্ভৌ ভর্ত্তা তস্তাঃ স
 পক্ষিরাট্ঠী
 পরমং ক্রোধমাগ্নৌ জাহুব্যাংহুঃখিতোহপতৎ
 তথা ভবামি রামস্ত নগরে জনপুরিতে ।
 মছাক্যাদিয়মুদ্বিগ্না বিয়োগেন সুহুঃখিতা ॥ ২০৫
 ইত্যুকা স পপাতোদে জাহুব্যা ভ্রমশোভিতে
 হুঃখিতঃ কুপিতো ভীতস্তম্বিয়োগেন কম্পিতঃ ॥
 ক্রুদ্ধবান্দুঃখিতস্তাচ্চ সাতয়া অপমাননাৎ ।
 অন্ত্যজত্বঃ পরং প্রাশ্ণৌ রজকঃ ক্রোধনাভিবঃ
 যঃ ক্রোধাচ্চ স্বকান প্রাণায়হতঃ দৃষ্টমাচরন ।
 সন্ত্যস্রেৎ স মৃতো যতি অন্ত্যজত্বং দ্বিজোত্তম

তজ্জাতং রজকোক্ত্যাসৌ নিন্দিতা চ
 বিয়োগিতা
 রজকস্ত চ শাপেন বিযুক্তা সা বনং গতা ॥
 এতন্তে কথিতং বিপ্র যন্তে পৃষ্টং বিদেহজাম্ ।
 পুনরত্র পরং বৃত্তং শৃণুঘ নিগদামি তৎ ॥২১০
 শেষ উবাচ ।
 ভরতং মুচ্ছিতং দৃষ্ট্বা রঘুনাথঃ সুহুঃখিতঃ ।
 প্রতীহারমুবাচেনৎ শক্রয়ং প্রাপয়ান্তু মাম্ ॥
 তদুবাক্যং প্রোক্তমাকর্ণ্য ক্ণাচ্ছক্রয়মানয়ৎ ।
 যত্র রামো নিজভ্রাতা ভরতেন সহ স্থিতঃ ॥
 ভরতং মুচ্ছিতং দৃষ্ট্বা রঘুনাথকঃ হুঃখিতম্ ।
 প্রণম্য হুঃখিতোহবোচৎ কিচিদং দারুণং মহৎ ॥
 তদা রামোহস্ত্যজপ্রোক্তং বাক্যং
 লোকবিগর্হিতম্ ।
 তং প্রতু্যবাচ রামোহসৌ শক্রয়ং পদসেবকম্

হইবে। সেই শুকপত্নী হুঃখিতা হইয়া পুনঃ-
 পুনঃ এইরূপ কহিতে থাকিলে এবং পুনঃ-
 পুনঃ স্ত্রীরামকে স্বরণ ও তদীয় নামোচ্চারণ
 করিতে আরম্ভ করিলে পতি-হুঃখপূরিত
 বহন-হুঃখে যেমন তাহার প্রাণবায়ু নির্গত
 হইল, অমনি মনোহর স্বর্গীয় বিমান আসিল,
 পক্ষিণী ও স্বর্গগামিনী হইয়া শোভা পাইতে
 থাকিল। সে এইরূপে প্রাণত্যাগ করিলে
 তদীয় হুঃখার্ভু ভর্ত্তা পক্ষিরাজ যুগপৎ
 নিরস্তশয় ক্রুদ্ধ ও হুঃখাভিভূত হইয়া জাহুবী-
 জলে পতনোদ্যত হইল। ঐ সময়ে যে
 প্রার্থনা করিল;—মাহাতে মদীয় বাক্যে এই
 জানকী স্বামিবিয়োগে জন্তু নিতান্ত কাতরা ও
 হুঃখিতা হয়, আমি যেন জনপূর্ণ রামনগরে
 সেইরূপে জন্মগ্রহণ করি। সেই শুক, পত্নী-
 বিয়োগে হুঃখিত, কুপিত ভীত ও কম্পিত-
 কলেবর হইয়া এইরূপ প্রার্থনাপূর্বক আবর্ত্ত-
 শোভিত জাহুবীজলে পতিত হইল।
 সেই শুক সীতাকৃত অবমাননা নিবন্ধন
 ক্রোধ ও হুঃখ বশতঃ প্রাণত্যাগ করায়
 স্বর্গীয় অন্ত্যজত্ব প্রাপ্ত হইয়া ক্রোধন
 নামক রজক হয়। দ্বিজবর! যে কোন
 ব্যক্তিই যদি ক্রোধবশতঃ মহাস্বাদিগের

নিন্দিত অসৎকার্য্য আচরণ করত প্রাণ-
 ত্যাগ করে, তাহা হইলে সে মরণান্তে অন্ত্য-
 জত্ব প্রাপ্ত হয়। মুনে! তজ্জন্মই সীতা-
 দেবী রজকবাক্যে নিন্দিতা ও বিযোজিতা
 হন। বসন্তঃ রজকরূপী শুকের শাপ
 বশতই তিনি বিযুক্তা হইয়া বনে গিয়া-
 ছিলেন। বিপ্র! তুমি বৈদেহী সম্বন্ধে যাহা
 জিজ্ঞাসা করিয়াছিলে, এইত আমি
 তোমায় তদ্বিষয় কহিলাম, এক্ষণে বক্তব্য
 বিষয়ে পরে যাহা ঘটয়াছিল, তদ্বিষয় বলি
 শুন। ভরতকে মুচ্ছিত দর্শনে রঘুনাথ
 অতীব হুঃখিত হইয়া প্রতীহারীকে কহিলেন,—
 “স্বরায় শক্রয়কে আমার নিকট আনয়ন
 কর।” প্রতীহারী রামের তছাক্য শ্রবণ
 করিয়া তৎক্ণাৎ যে স্থানে রাম নিজ ভ্রাতা
 ভরতের সহিত অবস্থিত ছিলেন, তথায়
 শক্রয়কে আনয়ন করিল। শক্রয় ভরতকে
 মুচ্ছিত এবং রঘুনাথকে হুঃখিত দর্শনে
 হুঃখিত হইয়া প্রণামপূর্বক কহিলেন,—“একি,
 নিদারুণ ব্যাপার! তখন রাম, নিজ চরণ-
 সেবক শক্রয়কে সেই লোকবিগর্হিত অন্ত্য-
 জোক্ত বাক্যের বিষয় কহিলেন। পরে তিনি,

অধোমুখো দীনরবো গঙ্গাদম্বরবেপথুঃ ॥ ২১৪
শৃণু ভ্রাতৃবচো মেঘদ্য কুরু তৎক্ষিপ্রমাদরাৎ
যথা স্মাদ্বিমলা কৌর্টির্গন্ধেব পৃথিবীঃ গতা ।
সীতায়া বাচ্যমতুলং লোকে ঋত্বাস্ত্যাজ্জৈদিতম্
হাতুমিচ্ছামি দেহং স্বমেনাং বা কিল জানকীম্
ইতি বাক্যং সমাকর্ণ্য রামস্ত কিল শক্বেহা ।
সবেপথুঃ পপাতোকীয়াং হৃঃখিতঃ পরদারণঃ ॥
সংজ্ঞাং প্রাপ্য মুহূর্ত্তেন রঘুনাথমবোচত ॥ ২১৮
শক্বেয় উবাচ ।

কিমেতচ্চ্যতে স্বামিন্ জানকীং প্রতি দারুণম্
পাষাণ্ডেচ্ছষ্টচিত্তৈশ্চ সর্ষধর্ম্মবহিক্রুতৈঃ ।
নিন্দিতা ঋতিরগ্রাহা ন ভবেদগ্রজমনা ॥২১৯
জাহুবী সর্ষলোকানাং পাপশ্রী ছরিতাপহা ।
নিম্পৃষ্টা পাণ্ডিভিঃ পুন্ডিঃ সাম্পর্শনার্জিতা সতাম
সূর্যো জগৎপ্রকাশয় সমুদেতি জগত্যাহো ।
উলুকানাং কচিকরো ন ভবেত্তত্র কা ক্ৰুতিঃ ॥

কম্পিতকলেবর ও অধোবদন হইয়া কাতরতা-
পূর্ণ গঙ্গাদম্বরে বলিলেন,—ভ্রাতৃঃ! এক্ষণে
আমার কথা শুন এবং যাহাতে আমার
ভূতলবাহিনী গঙ্গার ছায় বিমল কৌর্টি হয়,
তজ্জন্ম স্বরায় সযত্নে তাহা প্রতিপালন কর ।
আমি এই ভূমণ্ডলে অন্ত্যাজ্জাতিকথিত
সীতার বিষম নিন্দাবাদ শুনিয়া আত্মদেহ বা
জানকীকে পরিত্যাগ করিতে ইচ্ছা করি-
তেছি । শক্বেবিনাশন শক্বেয়, ঐরামের
ঈদৃশ বাক্য শ্রবণে ব্যথিত ও কম্পিতকলেবর
হইয়া ভূতলে পতিত হইলেন এবং মুহূর্ত্ত-
মধ্যে সংজ্ঞা লাভ করিয়া রঘুনাথকে কহি-
লেন;—স্বামিন্! জানকীর প্রতি একি
নিদারুণ বাক্য বলিতেছেন। সর্ষধর্ম্ম-
বহিক্রুত ছষ্টমতি পাষাণগণকর্তৃক নিন্দিতা
ঋতি কি ভ্রাতৃগণের পরিত্যাজ্য হয়? না,
অখিল লোকের পাপনাশিনী জাহুবী পাণ্ডী
পুরুষগণকর্তৃক ম্পৃষ্টা হন বলিয়া সাধু-
দিগের অম্পৃষ্টা হইয়া থাকেন? সূর্য্যদেব
জগৎপ্রকাশার্থই সমুদিত হন, কিন্তু তিনি
পেচকদিগের কচিকর হইলে বলিয়া তাহাতে

তন্মাবমেনাং গৃহীত্ব মা ত্যজানিন্দিতাং প্রিয়ম্
ঐরামভক্ত রূপায় কুরুষ বচনং মম ॥ ২২২
এতচ্ছুভা বচন্তস্য শক্বেয়স্য মহাস্বনঃ ।
পুনঃপুনর্জ্জগাদেমং যদুরুঃ ভরতঃ প্রতি ॥২২৩
তন্নিশম্য বচো ভ্রাতৃহৃৎপুয়পরিপ্লুতঃ ।
পপাত মুচ্ছিত্তো ভূমৌ ছিন্নমূল ইব ক্রমঃ ॥
ভ্রাতরং পতিতং বীক্য শক্বেয়ং হৃঃখিতো
ভূশম্ ॥

প্রতিহারমুবাচোং লক্ষণং স্বানয়াস্তিকম্ ॥
স লক্ষণগৃহে গাবা স্তবেদয়দিদং বচোঃ ॥ ২২৬
প্রতিহার উবাচ ।

স্বামিন্ রামো ভবন্তস্ত সমাস্থয়তি বেগতঃ ॥
স তচ্ছুভা সমাহ্বানং রামচন্দ্রেণ বেগতঃ ।
জগাম তরসা তত্র যত্র সভ্রাতৃকোহনঘঃ ॥২২৮
ভরতং মুচ্ছিতং দৃষ্ট্বা শক্বেয়মপি মুচ্ছিতম্ ।
ঐরামচন্দ্রেং হৃঃখান্তং হৃঃখিতো বাক্যমব্রবীৎ ॥

কি ক্ৰুতি? অতএব হে ঐরামভক্ত!
আমার প্রতি রূপা করিয়া আমার বাক্য রক্ষা
করুন, অনিন্দিতা স্বীয় পত্নী সীতাদেবীকে
পরিত্যাগ করিবেন না, গ্রহণ করুন। ঐরাম-
চন্দ্রে মহাশ্বা শক্বেয়ের এতদ্বাক্য শ্রবণ করিয়া
ভরতকে যেমন বলিয়াছিলেন, শক্বেয়কেও
সেইরূপ বাক্য পুনঃপুনঃ বলিতে লাগিলেন।
শক্বেয় ভ্রাতার তাদৃশ বাক্য শ্রবণে নিরতি-
শয় হৃথিত ও মুচ্ছিত হইয়া ছিন্নমূল ক্রমবৎ
ভূতলে পতিত হইলেন। ঐরাম, ভ্রাতা
শক্বেয়কেও পতিত দেখিয়া নিরন্তর হৃথিত
হইলেন এবং প্রতিহারীকে কহিলেন,—লক্ষ-
ণকে আমার নিকটে আনয়ন কর। অনন্তর
প্রতিহারী, লক্ষণগৃহে গমনপূর্ব্বক এই কথা
বলিল;—ঐরামচন্দ্রে অবিলম্বে আপনাকে
ভ্রাতার নিকট গমন করিবার নিমিত্ত আহ্বান
করিতেছেন। ২০০—২২৭। ঐরাম অবি-
লম্বে যাইবার জন্ত আহ্বান করিতেছেন
শুনিয়া লক্ষণ যে স্থানে সেই পবিভাষা ভ্রাতৃ-
গণের সহিত অবস্থিত ছিলেন, স্বরায় তথায়
গমন করিলেন। অনন্তর লক্ষণ ভরত ও

কিমেতদাকরণং রাজ্ঞ নৃশ্ৰুতে মুচ্ছনাদিকম্ ।
 তদাশু শংস সর্বং মে কারণং মুখ্যতোহনঘ ।
 এবং বদন্তঃ নৃপতির্ত্ত্বাস্তঃ সৰ্ভমাদিতঃ ।
 শংস লক্ষণং কিপ্রঃ হৃৎপৰ্যপতিপ্লুতম্ ॥২৩১॥
 লক্ষণস্তঘচঃ ঋত্বা সীতায়ান্ত্যাগসন্তবম্ ।
 নিঃশসমুহুৎক্ৰুস্ : স্তক্ৰগাত্ৰ ইবাভবৎ ॥২৩২॥
 ভ্রাতরঃ স্তক্ৰগাত্ৰঃ চ কম্পমানঃ মুহুর্ষুহঃ ।
 ন কিঞ্চন বদন্তঃ ত্ৰঃ বৌক্য শোকাদিতোহ-
 ব্রবীৎ ॥ ২৩৩ ॥
 কিং করিষ্যাম্যহং ভূমৌ হিহ্না হৃৎশসাক্তিতঃ ।
 ত্যজ্যামি শংবপুঃ ঋমজোকভাত্যা চ শোকবান
 সৰ্ভলা ভ্রাতরো মহাঃ বাক্যকরা বিচক্ষণাঃ ।
 ইদানীং তেহপি দৈবেন প্রতিভুলবচঃকরাঃ ।
 কুত্র স্ৰচ্ছামি কিং যামি হসিয্যস্তি নৃপা ভূবি ।

শক্ৰেরূপে মুচ্ছিত এবং ঋীরামকে হৃৎখার্ত
 দর্শনে হৃৎখিত হইয়া এই কথা বলিলেন,—হে
 অনঘ রাজ্ঞ! কি জন্ত এরূপ মুচ্ছাদি
 নিদারূপ ব্যাপার দেখিতেছি? অতএব
 আমায় আদ্যোপান্ত ইহার সমুদয় কারণ
 বলুন। লক্ষণ নিরতিশয় হৃৎখার্ত হইয়া এই
 রূপ কহিলে, নৃপতি রাম তাঁহাকে আদ্যো-
 পান্ত সমুদয় কারণ বলিলেন। তখন লক্ষণ
 সীতার পরিত্যাগ বিষয়ক রামবাক্য শ্রবণ
 করিয়া যেন স্তম্ভিত হইয়া গেলেন এবং মুহু-
 র্শুহঃ দৌর্ঘ্ণনিশাস ত্যাগ করিতে থাকিলেন।
 রামচন্দ্রে ভ্রাতা লক্ষণকে স্তক্ৰগাত্ৰ ও মুহুসুহঃ
 কম্পিত হইতে দেখিয়া এবং কোনরূপ প্রত্যু-
 স্তর করিতে না শুনিয়া শোকাকুল হইয়া
 কহিলেন,—হায়! আমি যখন অশেষের ভাগী
 হইলাম, তখন এই ভূমণ্ডলে থাকিয়া আর
 কি করিব? আমি এক্ষণে লোকাপবাদ-
 ভয়েই শোকাক্ত হইয়া আত্মদেহ ত্যাগ
 করিব ॥ ২২৮—২৩৪ ॥ হায়! আমার যে
 সকল বিচক্ষণ ভ্রাতৃগণ, সৰ্ভলাই আমার
 আজ্ঞাকারী ছিল, এক্ষণে হৃদৈববশে
 ভাহারাও আমার প্রতিকূসবাদী হইল।
 হায়! এখন আমি কোথায় যাই, কাহার

হৃৎশৈলাঙ্কিতঃ বৈ মাং কুণ্ঠিনঃ রূপবায়রাঃ ।
 মনোর্ষিঃশে পুরা ভূপা জাতা জাতা ণ্যধিকাঃ
 ইদানীং ময়ি জাঃ তু বিপরীতং বভূব তৎ ॥
 ইতি সন্তায়মাণং তং রামভদ্রং সমীক্ষ্য সঃ ।
 সন্ত্যজ্যাক্ষণি বিপুলার্বাভাৎ বিকলশ্বরঃ ॥ ২৩৮ ॥
 ষামিন্ বিযাদঃ মা কাযীঃ কথং তব মতিহতা
 সীতামনিমিত্তাৎ কিং নু ত্যজতি
 ঋতবান ভবান ॥২৩৯ ॥
 আকারয়ামি রজকং পরিপুচ্ছামি তং প্রতি ।
 কথং ত্বয়া নিন্দিতা সা জানকী যোষিতাংবরা ।
 তব দেশে বলাৎকশিষাধাতে ন জনোহন্নরকঃ
 তন্মাত্তস্ত যথা স্বান্তে প্রতীতিঃ স্তাত্ত্বাচয় ।
 কিমর্থং ত্যজ্যতে ভীকঃ পতিব্রতপরায়ণা ।
 মনসা বচসা নাস্তং জানাতি জনকাস্বজা ॥২৪২ ॥

আশ্রয় গ্রহণ করি? রূপবান মানবগণ
 যেমন কুঠরোগীকে দেখিয়া ঘৃণা করে,
 তজুপ এই পৃথিবীতে অঘশোণ্ড আমাকে
 দেখিয়াও সমুদয় নৃপগণ উপহাস করিবেন।
 পূর্বে এই মনুস্বংশে যে সকল ভূপতি
 জন্মগ্রহণ করিয়াছিলেন, তাঁহারা সকলেই
 সদৃশে বিখ্যাত হইয়া গিয়াছেন; এক্ষণে
 আমি জন্মগ্রহণ করায় তাহার বিপরীত
 হইল। রামচন্দ্রকে এইরূপ বলিতে শুনিয়া
 লক্ষণ অবিরল অক্ষজল পরিত্যাগ করিতে
 করিতে বিকলশ্বরে কহিলেন,—ষামিন্!
 বিযাদ ত্যাগ করুন, কি জন্ত আপনায়
 এরূপ মতিভ্রম হইতেছে? আপনি মহা-
 জ্ঞানী হইয়া অনিন্দিতা সীতাকে কিজন্ত
 পরিত্যাগ করিতেছেন? এখনই সেই
 রজককে ডাকাইতেছি এবং তাহাকে
 জিজ্ঞাসা করিতেছি যে, কি কারণে তুমি
 ললনাকুলভূষণ সীতার নিন্দা করিয়াছ?
 আপনায় রাজ্যে কোন সামান্ত ব্যক্তিকেও
 ত বলপ্রয়োগে ক্লেশ দেওয়া হয় না, অত-
 এব এক্ষণে মনোমধ্যে তাহার সঘর্ষে ধরুপ
 বিধান করা উচিত বোধ হয়, তাহাই করুন।
 জনকাস্বজা মন বা বাক্য দ্বারাও কখন অস্ত্রকে

তস্মাদেনং গৃহাণ স্বমেতাং মা ত্যজ্ঞ জানকীম্
মমোপরি রূপাং কুত্বা মদুক্তং সংশয়াৎ তৎ ॥
এবং বদন্তঃ প্রত্যাচ্যে রামঃ শোকেন কর্ষিতঃ ।
লক্ষণং ধর্ম্বব্যাক্যেণ বোধয়ন্ত্যজ্ঞানোদয়মঃ ॥

শ্রীরাম উবাচ ।

কথন্তু মাং ত্রবীষি স্বং মা ত্যজ্ঞৈনামনিন্দিতাম্
লোকাপবাদাত্যাক্রোহহং জানমপি বিপাপিনীম্
স্বশশংকারণেহহং স্বং দেহং ত্যজ্ঞামি শোভনম্
স্বামপি ভ্রাতরং ত্যজ্ঞে লোকবাদবিগহিতম্ ॥
কিমুতাশ্চে গৃহাঃ পুত্রা মিভ্রামি বসু শোভনম্ ।
স্বশশংকারণে সর্গঃ ত্যজ্ঞামি কিমু মৈথিলীম্ ॥

ন তথা মে প্রিয়ো ভ্রাতা ন কলত্রং ন বাহুব্যাঃ
যথা মে বিমলা কৌর্তির্বিপ্লভা লোকবিশ্ৰুতা ॥২৪৮
ইদানীং রজকো নাদ্য প্রষ্টব্যো ভবাত ঋবম্

সংস্পর্শ করেন না, অতএব কি নিমিত্ত সেই
পতিব্রতপরায়ণা ভীকু জানকীকে পরিত্যাগ
করিতেছেন? নিম্পাপা বলিয়াই জানকীকে
গ্রহণ করুন, পরিত্যাগ করিবেন না; আমার
প্রতি রূপা করিয়া আমার কথা রাখুন। সীতা-
পরিত্যাগোদ্যত শ্রীরামচন্দ্রে লক্ষণকে
এইরূপ বলিতে শুনিয়া অতিশয় শোকাবুল
হইলেন এবং ধর্ম্মসঙ্কত বচনে তাঁহাকে
প্রবোধদান করত কহিলেন;—লক্ষণ! কি
জন্ত তুমি আমায় বলিতেছ যে, অনিন্দিতা
সীতাকে পরিত্যাগ করিবেন না, আমি
তাঁহাকে নিম্পাপা জানিয়াও লোকাপবাদ
বশতই ত্যাগ করিব। আমি স্বীয় যশো-
রক্ষার্থ লোকাপবাদদূষিত নিজ দেহ এমন
কি স্বাদৃশ ভ্রাতাকেও পরিত্যাগ করিতে
পারি। গৃহ, পুত্র, মিত্র ও অতুল
ঐর্ষ্য প্রভৃতি অন্তান্ত সমুদয়ই যখন আমি
নিজ যশের জন্ত ত্যাগ করিতে প্রস্তুত
আছি, তখন মৈথিলীর কথা আর কি
বলিতেছ? লোকবিশ্রুত বিমলকৌর্তি যেরূপ
আমার প্রিয়, সেরূপ ভ্রাতাও নহে, কলত্রও
নহে এবং বাহুবর্ণও নহে। এক্ষণে সেই
রজককেও জিজ্ঞাসা করা উচিত নহে,

কালেন সর্গং ভবিতা লোকচিত্তস্ত রজনম্ ॥২৪৯
আময়ো যদ্বদামস্ত ন চিকিৎসো ভবেৎকির্ভৌ
স কালেন পরীপাকাভেষজাদেব নশ্চতি ॥ ২৫০
তথা কালেন সন্ত্যবি সান্ত্রং মা বিলদম্ ।
ত্যজ্ঞৈনাং বিপিনে সাক্ষীং মাং বা খজ্জেন
স্মাতয় ॥ ২৫১

ইত্যুক্তং বাক্যমাকর্ষ্য দুঃখিতোহভূৎক্ষণং তদা
চিত্তয়ামাস চ স্বাস্ত্রে লক্ষণঃ শোককর্ষিতঃ ॥ ২৫২
পিত্রাজাতো জামদগ্ন্যো মাতরং স্মাতয়ম্ভুৎ ।
শুরোরাজ্ঞান বৈ লজ্জ্যা যুক্তায়ুক্তাপি সর্ষধা ॥
তস্মাদেনাং ত্যজ্ঞাম্যেব রামস্ত প্রিয়কাময়্যা ।
ইতি সঙ্কিন্ত্য মনসি ভ্রাতরং প্রত্যাচ্য সঃ ॥

লক্ষণ উবাচ ।

অরুতমপি কার্য্যং বৈ শুরাজ্ঞানং নৈব লজ্জয়েৎ
তস্মাৎ কুর্গে ভবদ্বাক্যং যন্তঃ বদসি সুব্রত ॥

কারণ, কিয়ৎ কাল অতীত হইলেই ছুট
লোকের চিত্তরঞ্জন হইতে পারে, সন্দেহ
নাই। এই ক্ষিত্তিতে নবজাত রোগ যেমন
চিকিৎসাসাধ্য নহে এবং কিয়দিনের পর
সেই রোগই যেমন কালের পরিপাকনিবন্ধন
ঔষধ দ্বারা প্রশমিত হয়, সেইরূপ সময়ে সেই
রজকেরও সংজ্ঞান জন্মিবে। এক্ষণে আর
বিলদ করিওনা, হয় সেই সাক্ষীকে বিপিনে
পরিত্যাগ করিয়া আইস, আর না হয়
খজ্জায়া আমার সংহার কর। লক্ষণ,
শ্রীরামের এবিধ বাক্য শ্রবণে ক্ষণকাল
নিতান্ত দুঃখিত হইলেন। পরে শোকাবুল-
চিত্তে মনে মনে বিবেচনা করিলেন,—জাম-
দগ্ন্য ও ত পিতার আজ্ঞাস্বারে মাতাকে
হত্যা, করিয়াছিলেন, সুতরাং যুক্তই হউক,
আর অযুক্তই হউক, গুরুজনের আজ্ঞা কণাচ
লঙ্ঘন করা উচিত নহে। ১২৩৫-২৫৩। অতএব
আমি শ্রীরামের প্রিয়কার্য্য কামনায় সীতাকেই
পরিত্যাগ করিয়া আসি। লক্ষণ, মনে মনে
এইরূপ চিন্তা করিয়া ভ্রাতাকে কহিলেন,—
হে সুব্রত! গুরুজন অকার্য্য করিতে আদেশ
করিলেও তাহা পালন করা উচিত, কণাচ

ইত্যেবং ভাষমাণঃ চ লক্ষণং প্রত্যাচ সঃ ।
 সাধু সাধু মহাপ্রাজ্ঞ জগা মে তোষিতং মনঃ ।
 অদ্যেব রাত্রে জানক্যা দোহদস্থাপসীক্ষণে ।
 তন্নিবেশে রথে স্থাপ্য মোচয়ৈনাং মহামতে ।
 ইখং ভাষিতমাকর্ণ্য বিশ্বেশ্বদনোহিতিতঃ ।
 রুদন বাস্পকলা মুকুন জগাম শ্চনিবেশনম্ ।
 সুমন্ত্রঃ তু সমাহুয় বচনং তমথাত্রবৌৎ ।
 রথং মে কুরু সজ্জং বৈ সদশাশ্বরভূষিতম্ ।
 ন তদ্বাক্যং সমাকর্ণ্য রথমানীতবাস্তদা ।
 অনীতং তং রথং দৃষ্ট্য লক্ষণং শোককষিতঃ ।
 পরমং হুঃখমাপন্নঃ সংক্ৰহ্য স্যাদননং বরম্ ।
 নিঃশস্নু জানকীগেহং প্রতস্থে ভ্রাতৃসেবকঃ ।
 গম্বা চান্তঃপুরে ভ্রাতা রামস্য মিথিলাশ্বজাম্ ।

শুকজনের আজ্ঞা লক্ষ্যন করা বিধেয় নয়, অতএব আপনি যাহা বলিতেছেন, আপনার কথাই আমি পালন করিব। লক্ষণ এইরূপ কহিলে জীরাম তাঁহাকে কহিলেন “সাধু সাধু! হে মহাপ্রাজ্ঞ! তুমিই আমার মনের সন্তোষ সাধন করিলে। অদ্য রাত্রিতেই জানকীর তাপসী-দর্শনে অভিলাষ হইয়াছে, অতএব হে মহামতে! তুমি তচ্ছলেই সীতাকে রথে আরোহণ করাইয়া পরিত্যাগ করিয়া আইস। জীরামের এতাদৃশ বাক্য শ্রবণে লক্ষণের মুখমণ্ডল শুক হইয়া গেল। পরে তিনি, অক্ষবিন্দু বর্ষণ ও রোদন করিতে করিতে নিজালয়ে গমন করিলেন। অনন্তর সুমন্ত্রকে আহ্বান-পূর্বক কহিলেন,—আমার রথ সজ্জিত কর, উহার অশগুলি যেন উৎকৃষ্ট এবং উহা যেন উত্তম আবরণবস্ত্রে বিভূষিত হয়। সুমন্ত্র, লক্ষণের বাক্য শ্রবণ করিয়াই রথ আনয়ন করিল, তখন লক্ষণ রথ আনীত হইয়াছে দেখিয়া শোকাকুল হইলেন। অনন্তর ভ্রাতৃসেবক লক্ষণ, নিরাতশয় হুঃখিত-হৃদয়ে রথে আরোহণপূর্বক দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিতে করিতে জানকীর গৃহাভিমুখে গমন করিলেন। জীরামভ্রাতা লক্ষণ হুঃখ-

প্রচ্যে নিঃশস্নু বাক্যং হুঃখপূরণপরিপ্লুতঃ ।
 লক্ষণ উবাচ ।
 মাতর্জ্ঞানকি রামেণ প্রেষিতে ভবনং তব ।
 তাপসীঃ প্রতি যাহি স্বঃ দোহদপ্রাপ্তিহেতবে ।
 ইতি বাক্যং সমাকর্ণ্য লক্ষণস্য বিদেহজা ।
 পরমং হর্ষমাপন্না লক্ষণং প্রত্যাভাষত ॥ ২৩৪
 জানক্যুবাচ ।
 ধন্তাহং মৈথিলী রাজ্ঞী রামস্ত চরণশ্রয়া ।
 যস্তা দোহদপূর্ত্যার্থং প্রেষয়ামাস লক্ষণম্ ॥ ২৩৫
 অদ্যাহং তা বনচরীস্তাপসীঃ পতিদেবতাঃ ।
 নমস্কুর্য্যাক্ষ বাসোভিঃ পূজয়ামি মনোহরাঃ ॥
 ইতুংক্কা রম্যবস্থানি মহার্হাভরণানি চ ।
 মণীন বিমলমুক্তাশ্চ কর্পূরাদিসুগন্ধবৎ ॥ ২৩৬
 চন্দনাদিকবস্ত্রুনি বিচিত্রাণি সহস্রধা ।
 জগ্রাহ রঘুনাতশ্চ পত্নী প্রিয়করী বরা ॥ ২৩৮
 সীতা গৃহীত্বা সর্বাণি দানীনাং করয়ামুঃ ॥
 লক্ষণং প্রতিগচ্ছন্তী দেহল্যাকাঙ্ক্ষালতলা ॥

পূর্ণ হৃদয়ে ঘন ঘন নিঃশ্বাস ত্যাগ করিতে করিতে অন্তঃপুরে প্রবিষ্ট হইয়াই মৈথিলীকে কহিলেন;—মাতর্জ্ঞানকি! জীরাম আমায় আপনার ভবনে প্রেরণ করিয়াছেন; আপনি মনোভিলাষ পূর্ণ করিবার নিমিত্ত তাপসীদর্শনে যাত্রা করুন। বিদেহনন্দিনী লক্ষণের এতদ্বাক্য শ্রবণে পরম হর্ষ প্রাপ্ত হইয়া লক্ষণকে কহিলেন;—যাহার অভিলাষ পূর্ণ করিবার নিমিত্ত জীরামচন্দ্রে অয়ং লক্ষণকে প্রেরণ করিয়াছেন, জীরামের চরণধ্যান-পরায়ণা জীরামমহিষী সেই মৈথিলী আমিই যন্ত্রা। আজ আমি সেই সকল পতিপরায়ণা মনোহরমূর্ত্তি বনবাসিনী তাপসীদিগকে নমস্কার ও বস্ত্রধারা পুণ্য করিব। রঘুনাতের প্রিয়কারিণী পত্নী, ষোড়শদ্বারা সীতা, এইরূপ কহিয়া প্রভূত রমণীয় বস্ত্র, মহামূল্য আভরণ, সুবিমল মণি মুক্তা, এবং সুগন্ধি কর্পূর-চন্দনাদি সহস্র সহস্র বিচিত্র বস্ত্রনিচয়-সমভি-ব্যাহারে লইতে আরম্ভ করিলেন। ২৩৪-২৩৬ সীতাদেবী হৃৎসমুদয় দ্রব্য এক এক করিয়া

অবিচার্য তদৌৎসুক্যলক্ষণং প্রিয়কারিণম্ ।
 উবাচ কুত্র স রথো যেন মাং প্রাপয়িষ্যসি ।
 স নিঃশসন রথং হৈমং জানক্যা সহ নিক্শিন
 সুমন্ত্রঃ প্রত্যাবাচাসৌ চালয়াৎশায়নোহরান্ ।
 স তু যুক্তঃ রথং বাক্যালক্ষণশ্চ সূচালয়ন ।
 অক্ষপূর্ণমুখং বীরং লক্ষণং সমলোকয়ৎ ॥ ২৭২
 আহতাস্তেন কশয়া বাহাস্তস্তাপতন পথি ।
 ন চলন্তি যদা বাহাস্তদা লক্ষণমব্রবীৎ ॥ ২৭৩
 সুমন্ত্র উবাচ ।

স্মিংশলন্তি নো বাহা যত্নেন পরিচালিতাঃ ।
 কিং করোমি ন জানেহত্র কারণং বাহপাতনে
 এবং ক্রবন্তঃ প্রত্যাচে লক্ষণো গগাদম্বরঃ ।
 সারথিঃ ধৈর্যমান্বায় তাড়য়ৈতান কশাদিভিঃ ।
 এতচ্ছুবোধিতং যন্তা কৰ্ণাঞ্চিচালয়নভূৎ ।

বহুবায় বহুদাসীর হস্তে দিয়া লক্ষণের সহিত
 গমন করিতে করিতে দেহলীতে স্থলিত
 হইলেন। কিন্তু তখন ঔৎসুক্যবশতঃ
 তাহা অগ্রাহ করিয়া প্রিয়কারী লক্ষণকে
 কহিলেন,—লক্ষণ! যদ্বারা আমাকে লইয়া
 যাইবে, সে রথ কোথায়? অনন্তর লক্ষণ
 দীর্ঘনিশ্বাস ত্যাগ করত জানকীর সহিত
 হৈমরথে আরোহণপূর্বক সুমন্ত্রকে কহিলেন;
 —সুমন্ত্র! মনোহর রথাদিগকে চালিত
 কর। তখন সুমন্ত্র, লক্ষণের বাক্যান্তসারে
 সেই সদশযুক্ত রথ সম্যক চালিত করিতে
 উদ্যত হইয়া বীরবর লক্ষণকে অক্ষপূর্ণমুখে
 অবলোকন করিলেন। পরে অশ্বগণ সুম-
 ন্ত্রের কশাঘাতে আহত হইয়াও যখন কিছু-
 তেই পাদবিক্ষেপ করিল না, অধিকন্তু পথি-
 মধ্যে নিপতিত হইল, তখন তিনি লক্ষণকে
 কহিলেন;—স্মিংশিন! অশ্বগণ যত্নপূর্বক পরি-
 চালিত হইলেও অগ্রসর হইতেছে না;
 এক্ষণে আমি কি করি? অশ্বগণের গতনের
 বিষয়ে আমি ত কোনরূপ কারণই অবধারণ
 করিতে পারিতেছি না। সারথি এইরূপ
 কহিলে লক্ষণ ধৈর্যাবলম্বনপূর্বক গদগদ-
 স্বরে সারথিকে কহিলেন;—কশাদি ষায়া

তদাফুরদক্ষনেত্রঃ জানক্যা দুঃখশংকম্ ॥ ২৭৪
 তর্দেব হৃদয়ে শোকঃ সমভূদুঃখশংসকঃ ।
 তর্দেব পক্ষিণঃ পুণ্যাঃ কুর্বন্তি পরিবর্তনম্ ।
 এবং বৌৈক্যব বৈদেহৌ প্রত্যাবাচাথ দেবম্ ॥
 কথং মে তাপসৌক্ষ্যং বৈ যাতুমিচ্ছো রঘবম্ ॥
 রামে ভূয়াক্শি কল্যাণং ভরতে বা ভবানুজে ।
 তৎপ্রজ্ঞাসু চ সর্বত্র মা ভবন্ত বিপর্যয়াঃ ॥ ২৭৭
 এবং ক্রবন্তৌঃ সংবৌক্য জানকীং স তু লক্ষণঃ
 ন কিঞ্চিদ্রক্তবান ক্রন্দ-কঠৌ বাস্পপ্রপূরিতঃ ।
 সা গচ্ছন্তী যুগান বামপরিবর্তনকারকান্ ।
 অপশ্চুদুঃখসংঘাত-কারকান্ সমভায়ত ॥ ২৮১
 জানক্যুবাচ ।

অদ্য যমে যুগা বামং বর্ত্তন্তি তদিশ্যতে ।
 শ্রীরামচরণে মুক্তা গচ্ছন্ত্যা যুক্তমেব তৎ ॥
 মহিলানাং পরো ধর্ম্মঃ স্বভর্ত্ত্বচরণার্চনম্ ।

সম্যক ভাঙন কর। সারথি লক্ষণের এত-
 দাক্য শ্রবণে অতি ক্রেশে রথ চালিত করি-
 লেন। তখন জানকীর ভারি-ক্লেশসূচক
 দক্ষিণ নেত্র স্পন্দিত হইতে লাগিল। তখনই
 তাহার হৃদয়ে দুঃখসূচক শোক সুমুগ্ধিত
 হইল এবং তৎকালেই পুণ্যদর্শন পক্ষিগণ
 বিপরীত গতি অবলম্বন করিল। বৈদেহী
 এবিধি হর্নিমিত্তসকল নিরীক্ষণ করিয়া
 দেবরকে কহিলেন,—দেবর! তাপসীগণের
 দর্শনভিলাষিণী হওয়ায় কিজন্তু আমার হর্নি-
 মিত্তসকল ঘটতেছে? শ্রীরামের যেন
 মঙ্গল হয়, এবং ভরত, অদীয় অহুজ শক্রের
 ও সমুদয় প্রজাবৃন্দের যেন কোনরূপ বিপর্যয়
 না ঘটে। লক্ষণ, জানকীকে এইরূপ কহিতে-
 শুনিয়াও বাস্পভরে কণ্ঠরোধ হওয়ায় কিছুই
 প্রত্যুত্তর দিতে পারিলেন না। অনন্তর
 সীতা যাইতে যাইতে যুগগণকে অসীম দুঃখ-
 সূচক বামভাগে পরিবর্তন করিতে দেখিয়া
 কহিলেন,—অদ্য যুগগণ যে আমার বামে
 গমন করিতেছে, তাহাই প্রার্থনীয়; কারণ
 আমি যখন শ্রীরামের চরণযুগল পরিত্যাগ
 করিয়া যাইতেছি তখন আমার ঐরূপ ঘট-

তনুজ্ঞানজ্ঞা যান্ত্যা মে যন্তবেদধুজ্ঞমেব তৎ ॥
 এবং পথি বিচারং তু কুর্ষতা পয়মার্গতঃ ।
 জাহুবী দদৃশে দেব্যা মুনিবৃন্দকসেবিতা ॥
 যন্তাং জলন্ত কল্লোলা দৃশুস্তে হৃদ্যসম্মিতাঃ ।
 তরঙ্গো দৃশুতে যত্র স্বর্গসোপানমুর্ন্তিত্বৎ ॥ ২৮৫
 যন্তা বারিকণাঙ্গাশীমরাপাতকসঞ্চয়ঃ ।
 পলায়তে ন কুত্রাপি স্থানমৌক্শন সমস্ততঃ ॥
 গঙ্গাং প্রাপ্যাথ সৌমিত্রিজ্ঞানকৌ স্তম্ভনস্থিত
 উবাচ নির্মলদাম্প এহি সৌতে তয়োর্ম্মিলাম ॥
 সৌতা তদ্বাক্যমাকর্ণ্য ক্ষণাদবততায় সা ।
 লক্ষণেন ধৃতা বাহৌ স্বানন্তী পথি কণ্টকৈঃ ॥
 ইতি শ্রীপদ্মেপাতালখণ্ডে সৌতা-বনবাসে
 একত্রিংশোহধ্যায়ঃ ॥ ৩১ ॥

নাই যুক্তিযুক্ত । বস্তুতঃ স্বীয় স্বামীর পদ-
 সেবাই রমণীদিগের পরম ধর্ম, তাহা পরি-
 ত্যাগপূর্বক অস্ত্রজ গমনপ্রবৃত্ত আমায় ঐরূপ
 হওয়াই উচিত । সৌতাদেবী, পথিমধ্যে
 পরমার্গরূপে এইরূপ বিবেচনা করিতে
 করিতে, যাহার জলকল্লোলসকল দৃষ্টির স্তায়
 শুভ্রবর্ণ দৃষ্ট হয় এবং শ্রেণীবদ্ধ তরঙ্গ দর্শনে
 বোধ হয় যেন স্বর্গারোহণের সোপানশ্রেণী
 প্রকাশ পাইতেছে, অপিচ যাহার জলকণা-
 ংশেই পাপিগণের মহাপাতকনিচয় দেহের
 চতুর্দিকে কুত্রাপি বাসস্থান না দেখিয়া স্থান-
 স্তরে পলায়ন করে, মুনিগণ-সেবিতা সেই
 জাহুবীকে দেখিতে পাইলেন । অনন্তর
 সৌমিত্রি, গঙ্গাতীরে উপস্থিত হইয়া বাম্প-
 পূর্ণলোচনে রথস্থিতা জানকীকে কহিলেন,—
 সৌতে আগমন করুন, উর্ম্মিমালাকুলা গঙ্গা
 পায় হউন । সৌতা লক্ষণের তদ্বাক্য শ্রবণ
 করিয়া তৎক্ষণাতঃ রথ হইতে অবতরণ করি-
 লেন এবং লক্ষণ তাঁহার হস্ত ধারণ করিলেও
 তিনি কণ্টকাকৌণ পথে স্থলিত হইতে
 থাকিলেন । ২৮৩—২৮৮ ।

একত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৩১ ॥

ষাত্রিংশোহধ্যায়ঃ ।

শেষ উবাচ ।

অথ নাবা সমুদ্রৌঘা জাহুবীঃ লক্ষণস্তদা ।
 জানকীং পরতন্তুরীয়ে হস্তে ধৃতা যথৌ বরশ্ ॥
 সা চলন্তী পথি তদা শুব্যধনলক্ষিতা ।
 কণ্টকক্ষতসংপাদা স্বানন্তী চ পদে পদে ॥ ২
 লক্ষণস্তাং মহাঘোরে বিপিনে হুঃখদায়িনি ।
 প্রবেশায়ামাস তদা রাঘবাজ্ঞাবিধায়কঃ ॥ ৩
 যত্র বৃক্ষা মহাঘোর বৃক্ষূর্যঃ খদিরা ধবাঃ ।
 শ্লেয়াতকান্ধিকিণীকাঃ শুকা দাবেন বহুনা ॥ ৪
 কোটরস্থা মহাসর্পাঃ ফুৎকুর্ষন্তি স্নুকোপিতাঃ ।
 ঘূকা ঘুৎকুর্ষতে যত্র লোকচিত্তভয়ঙ্করাঃ ॥ ৫
 ব্যাজাঃ সিংহাঃ শৃগালাশ্চ দ্বীপিনোহতিভয়ঙ্করাঃ
 দৃশুস্তে যত্রাসহনা মনুষ্যাদাঃ স্নুকোপনাঃ ॥ ৬

ষাত্রিংশ অধ্যায় ।

অনন্তদেব বলিলেন,—অনন্তর লক্ষণ
 নৌকায়োগে জাহুবী পায় হইয়া পরতীরে
 জানকীর হস্ত ধারণপূর্বক বনমধ্যে গমন
 করিতে থাকিলেন । সৌতাদেবী যখন
 পথে গমন করেন, সেই সময়ে তাঁহার মুখ-
 মণ্ডল শুক ও স্নুকোমল চরণতল কণ্টকা-
 ঘাতে ক্ষতবিক্ষত হইয়াছিল এবং তিনি
 পদে পদে স্থলিত হইতেছিলেন । অনন্তর
 শ্রীরামের আজ্ঞাকারী লক্ষণ সৌতাকে হুঃখ-
 প্রদ মহাঘোর বিপিনে প্রবেশ করাইলেন ।
 যে বনে বৃক্ষূর, খদির, ধব, শ্লেয়াতক ও
 চিকিণীক প্রভৃতি বৃক্ষসকল দাবানলে শুক
 হইয়া ভীষণ মুর্ন্তি ধারণ করিয়াছিল । যথায়
 কোটরাবস্থিত মহাসর্পগণ কোন কারণে নির-
 ত্তিশয় কুপিত হইয়া ফুৎকার করিতেছিল
 এবং যথায় মুকগণ ঘুৎকার শব্দ করত জন-
 গণের চিত্তে ভীতি উৎপাদন করিতে আরম্ভ
 করিয়াছিল । যে স্থানে অতি কোপন-
 যুক্ত, অসহনশীল ভীষণকার সিংহ, ব্যাজ
 শৃগালাদি নরমাংসাসী ক্রান্ত সকল, চতুর্দিকে

মহিষাঃ শূকরঃ কুষ্ঠা দংষ্ট্রাহয়বিলক্ষিতাঃ ।
 কুর্কস্তি প্রাণিনাং তাপং মানসম্ মদোক্তৃষাঃ ॥
 ঐন্দ্রধনং প্রপশ্বন্তী ভয়েনোপগতজ্ঞয়া ।
 কণ্টকাদষ্টচরণা লক্ষণং বাক্যামত্রবীৎ ॥ ৯
 বীরর্ষিমুনিঃসেব্যানাশ্রমালেক্তসৌখ্যাদান ।
 নাহং পশ্চামি নো ভেষাং পত্নীশ্চ সূত্রপোধনাঃ
 পশ্চামি কেবলং ঘোরান পক্ষিণঃ শুক্লরূক্ষকান
 দাবানলেন সর্বত্র দহমানমিদং বনম্ ॥ ১০
 ঞ্চাক্ষ পশ্চামি হুংখার্তমক্ষপূর্ণাকুলক্ষণম্ ।
 শকুনেন্তরসাহস্রং ভবেন্নম পদে পদে ॥ ১১
 তয়ে কথয় বীরাগ্ৰ্য কথং মুক্তা মহাশ্বনা ।
 রামেণ কুষ্ঠক্ৰদয়া ক্ষিপ্তং কথয় মে হি তৎ ॥ ১২
 ইতি বাক্যং সমাকর্ণ্য লক্ষণং শোককর্ষিতঃ ।
 সরুদ্ধবাম্পনয়নো ন কিঞ্চিৎ প্রোক্তবাংস্তদা ॥

তদৈবং বিপিনং ঘোরং গচ্ছন্তী লক্ষণাধিতা ।
 পুনরপ্যাহ তং বীরঃ হুংখার্তং পশ্বন্তী মুখম্ ।
 তদাপি স ন তাং বক্তি কিমপি প্রেক্ষান্বিতঃ
 তদাসাবতিনীর্কঙ্কং চকার পরিপৃচ্ছতী ॥ ১৫
 আগ্রহেণ যদা পৃষ্টৌ লক্ষণঃ সৌভয়া তদা ।
 কন্ধকণ্ঠে মুহুঃ শোচনবদন্ত্যাগসম্ভবম্ ॥ ১৬
 তদ্বাক্যং পবিনা তুল্যং নিশম্য মুনিসত্তম ।
 সুলতা কৃত্তমূলেব বভূবাকল্পবর্জিতা ॥ ১৭
 তদৈব পৃথিবী তাং ন জগ্রাহ তনয়ামিমাম্ ।
 ঝামো বিপাপিনীং সীতাং ন জহাদতিশঙ্কিনী
 পতিতাং তাস্তু বৈদেহীঃ দৃষ্ট্বা সৌমিত্রিকৃৎসুকঃ
 পল্লবাগ্রসমীয়েণ সংজিতাস্তু চকার সঃ ॥ ১৯
 সংজ্ঞাং প্রাপ্তা প্রতু'বচ মা হাস্তং কুরু দেবর
 কথং মাং পাপরহিতাং ত্যজতে স রঘুর্ষহঃ ॥

দৃষ্ট হইতেছিল এবং যে বনে মদমন্ত
 কুষ্ঠ মহিষগণ ও বিশাল দন্তহয়-সমর্ষিত
 শূকরনিচয় প্রাণিগণের মনে সন্তাপ সঞ্চার
 করিতেছিল। ঐন্দুক ভীষণ বন দর্শনে সীতা
 নিতান্ত ভয়কাতরা হইয়া পড়িলেন, ঠাঁহার
 চরণযুগলও কণ্টকে বিদীর্ণ হইতে থাকিল ;
 তখন তিনি লক্ষণকে কহিলেন,—হে বীর !
 আমি ত মুনি ও ঋষিগণের সুখসেবা নেত্র-
 স্পৃহপ্রদ আশ্রমসকল এবং ঠাঁহাদিগের
 উপোধনা পত্নীদিগকে দেখিতেছি না। আমি
 কেবল ঘোরাকৃতি পক্ষী ও শুক্লরূক্ষসকল
 দেখিতেছি, এই বন ত সর্বত্রই দাবানলে দগ্ধ
 হইয়া গিয়াছে ॥ ১—১০। লক্ষণ। তোমাকেও
 হুংখার্ত ও অক্ষভরে আকুললোচন দেখি-
 তেছি এবং পদে পদে অসংখ্য হর্লক্ষণ সকল
 দৃষ্টিতেছে। অতএব হে বীরবর ! বল,
 কিজন্য মহাকা রাম এই কুষ্ঠক্ৰদয়াকে ত্যাগ
 করিয়াছেন ? আর বিলম্ব করিও না, স্বরায়
 আমার উদ্বিগ্ন বল। সীতার এতাদৃশ
 বাক্য শ্রবণে লক্ষণ নিতান্ত শোকাকুল হইয়া
 পড়িলেন, অবিরল বাষ্প বিগলিত হওয়ায়
 ঠাঁহার নয়নযুগল সরুদ্ধ হইয়া গেল, তখন
 তিনি আর কিছুই বলিতে পারিলেন না।

ঐ সময়ে সীতা লক্ষণের সহিত তাদৃশ ঘোর
 বিপিনে গমন করিতে করিতে লক্ষণের
 মুখের প্রতি দৃষ্টিপাত করিয়া সেই হুংখার্ত
 বীরররকে পুনরপি জিজ্ঞাসা করিলেন ।
 কিন্তু তখনও লক্ষণ ঠাঁহাকে কিছুই বলিলেন
 না, কোন বস্তুর প্রতি দৃষ্টিনিক্ষেপ করিয়া
 যেন অন্তমনে অবস্থিত রহিলেন। তখন
 সীতা বারংবার জিজ্ঞাসা করত সাত্তিশয়
 নীর্কঙ্ক প্রকাশ করিতে লাগিলেন। লক্ষণ
 তখন সীতাকর্তৃক আগ্রহাতিশয়সহকারে বার-
 ছায় শোক করত ত্যাগবিষয় বিবরণ করি-
 লেন। মুনিবর ! বজ্রোপম সেই কথা
 শুনিয়াই সীতা ছিন্নমূল সুকোমল লতার স্তায়
 সৌন্দর্য্যহীন হইয়া ভূতলশায়িনী হইলেন ।
 ত্রীয়ামস্ত্রে, নিম্পাপা সীতাকে কখনই পরি-
 ত্যাগ করিবেন না, ভাবিয়াই তখন পৃথিবী
 সেই তনয়াকে গ্রহণ করেন নাই। বৈদে-
 হীকে ভূতলে পতিতা দেখিয়া লক্ষণ নিতান্ত
 কাতর হইলেন এবং পল্লবাগ্রবীজনে বায়ু-
 সঞ্চালন করিয়া ঠাঁহাকে সচেতনা করিলেন ।
 এইরূলে সীতা সংজ্ঞাপ্রাপ্ত হইয়া কহিলেন,—
 দেবর ! পরিহাস করিও না, রঘুবর আমাকে
 নিম্পাপা জানিয়াও কিজন্য পরিত্যাগ করি-

এবং বহু বিলপ্যাধ লক্ষণং হুঃখসংযুক্তম্ ।
 সংবীক্ষ্য মুচ্ছিতা ভূমৌ পপাত পরিতুঃখিতা ।
 মুহূর্ত্তেনাপি সংজ্ঞাং সা প্রাপ্য হুঃখপরিপ্লুতা ।
 জগাদ রামচরণৌ স্মরন্তী শোকবিক্রতা ॥ ২২
 জানক্যবাচ ।
 রঘুনাতো মহাবুদ্ধিস্ত্যাজতে মাং কথং মহান্ ।
 যো মদর্শে পয়োরাশিং বন্ধবান্ বানরৈরযুতঃ ॥
 স কথং মাং মহাবীরো নিম্পাপাং রজকোক্রিতঃ ।
 ত্যজিষ্যতি মমৈবাত্র দৈবস্ত প্রতিকুলিতম্ ॥
 এবং বদন্তী পুনরপি মুচ্ছিতাং প্রাপ্তা বিদেহজা ।
 মুচ্ছিতাং তাত্ সমীক্ষ্যস্বং রুরোদ বিকৃতশ্বরঃ ।
 পুনঃ সংজ্ঞামবাপৈপ্যবং সৌমিত্রিং নিজগাদ সা ।
 হুঃখাতুরং বীক্ষমাণা রুদ্ধকণ্ঠং স্মৃতুঃখিতা ॥ ২৬
 সৌমিত্রে গচ্ছ রামং ত্বং ধর্ম্মমূর্ত্তিং যশোনিধিম্ ।
 মহাক্যামেকমাক্রম্যঃ সমকং তপসাং নিধেঃ ॥ ২৭

মাং তত্যাঞ্জ ভবান্ যদৈ জ্ঞানরপি বিপাপিন
 কুলস্ত সদৃশং কিংবা শাস্ত্রজ্ঞানস্ত তৎকলম্ ॥
 নিত্যং তব পদে রক্তাং বৃহচ্ছিষ্টকুলং হি মাশ
 ভবাংস্তত্যাঞ্জ তৎসর্কং মম দৈবস্ত কারণম্ ॥
 কল্যাণং তব সর্কত্র ভূয়াদ্বীরবরোক্তম্ ।
 অহং ভাবম্বনে ত্বাং হি স্মরন্তী প্রাণধারিকা ॥
 মনসা কর্ণগা বাচা ভবানেব মমোক্তম্ ।
 অস্তে তুচ্ছীকৃতঃ সর্কৈ মনসা রঘুবংশজ ॥ ৩১
ভবে ভবে ভবানেব পতিভূয়ান্মহীশ্বর ।
 ত্বংপাদস্মরণানেক-হতপাপা সতীশ্বরী ॥ ৩২
 স্মরামি চরণৌ যুগ্মধনে মৃগগণৈর্গুতে ।
 অন্তর্কর্ত্ত্বী বনে ত্যক্তা রামেণ স্মমহাশ্বনা ॥ ৩৩
 সৌমিত্রে শৃণু মহাক্যং ভক্তং ভূয়াজ্জযুস্তমে ।
 ইদানীং নত্যজে প্রাণান্ রামবীর্ঘ্যং স্মরক্ৰতৌ

লেন ? জানকী এইরূপ বহু বিলাপান-
 স্তর লক্ষণকে নিত্যস্ত হুঃখিত দর্শনে অতিশয়
 হুঃখিতা ও মুচ্ছিতা হইয়া পুনরায় ভূতলে
 পতিত হইলেন । পরে নিরতিশয় শোকা-
 কূলা সীতা মুহূর্ত্তমধ্যে সংজ্ঞা প্রাপ্ত হইয়া
 হুঃখপূর্ণ হৃদয়ে স্মিরামের চরণযুগল স্মরণ
 করত কহিলেন ; —রঘুনাথ মহাবুদ্ধিসম্পন্ন ও
 মহাশ্বা হইয়াও কি কারণে আমাকে
 পরিত্যাগ করিলেন ? যিনি আমার
 নিমিত্ত .বানরগণে মিলিত হইয়া মহা-
 সাগরকেও বন্ধন করিয়াছিলেন, সেই
 মহাবীর আমাকে নিম্পাপা বুদ্ধিয়াও কিহেতু
 ত্যাগ করিবেন ? এবিষয়ে আমার অদ-
 ষ্টই প্রতিকূল । বৈদেহী এইরূপ বলিতে
 বলিতে পুনরায় মুচ্ছিতা প্রাপ্ত হইলেন, লক্ষণও
 তাহাকে মুচ্ছিতা .দেবিয়া বিকৃত স্বরে রোদন
 করিতে লাগিলেন । অতঃপর সীতা পুনরায়
 সংজ্ঞা লাভ করিয়া সৌমিত্রিকে হুঃখাতুর ও
 রুদ্ধকণ্ঠ দর্শনে যৎপতোনাস্তি হুঃখিতা হইয়া
 কহিলেন, —সৌমিত্রে ! এক্ষণে তুমি সাক্ষাৎ
 ধর্ম্মস্বরূপ যশোনিধি স্মিরামের সন্নিধানে গমন
 কর, তপোনিধির সাক্ষাতে আমার এই

একটা মাত্র কথা বলিও যে, আপনি আমাকে
 অপাপা জানিয়াও যে পরিত্যাগ করিয়াছেন,
 ইহা কি আপনার বংশের উপযুক্ত ? না,
 উহা গাভ্রজ্ঞানের ফল ? আপনি যে আমাকে
 ভবদীয় চরণে সতত অঙ্গরজ্ঞা এবং ভবদীয়
 উচ্ছিষ্ট-ভোজিনী জানিয়াও পরিত্যাগ করি-
 য়াছেন, আমার দুয়দৃষ্টই তাহার মূল কারণ ।
 হে বীরবরোক্তম্ ! আপনার যেন সর্কজ
 কল্যাণ হয়, আমি আপনাকে স্মরণ করিয়াই
 বনমধ্যে জীবন ধারণ করিব । হে রঘু-
 বংশজ ! আপনিই আমার কায়মনোবাক্যে
 পূজনীয় । আমি মনোমধ্যে অপর সকলকে
 তুচ্ছ করিয়াছি । ১১—৩১ । হে মহীশ্বর !
 আপনিই যেন জন্মজন্মান্তরেও আমার পতি
 হন, আমি আপনারই স্মিচরণধ্যানে নিম্পাপা
 ও সতীকুলের শিরোমণি হইয়াছি : এক্ষণে
 বচ্ন লক্ষণে সমাকীর্ণ এই বনমধ্যে ধারিক-
 য়াও আপনারই চরণযুগল ধ্যান করিব ।
 সৌমিত্রে ! যদিও মহাশ্বা রামকর্ত্ত্বক সনশ্বা
 আমি বনে পরিত্যক্তা হইলাম, কিন্তু আমার
 প্রকৃত কথা শুন, রঘুবরের মঙ্গল হউক,
 আমি এখনই প্রাণত্যাগ করিতাম, কেবল
 রামহেতুজোধারণ করিতেছি বলিয়াই তাহা

স্বং রামবচনং তথ্যং যৎ করোমি শুভং তব ।
 পরতজ্ঞেণ তৎকার্যং রামপাদাজসেবিনা ॥ ৩৫
 গচ্ছ স্বং রামসবিধে শিবাঃ পশ্বান এব তে ।
 মমোপরি রূপা কার্য্যা স্মর্তব্যাহং কদা কদা ॥ ৩৬
 ইত্যুত্থা মুচ্ছিতা ভ্রুমৌ পপাত পুয়তন্ততঃ ।
 লক্ষণো হুঃখমাশেদে বৌক্ষ্য মুচ্ছিতজানকৌম্ ॥
 বীজয়ামাস বাসোহর্গ্রেঃ সংজ্ঞাঃ প্রাপ্তাঃ

প্রকৃত্য চ ।

সৌমিক্রিঃ সান্ত্বয়ামাস বচনৈশ্চুর্ধ্বৈঃ ॥ ৩৮
 লক্ষণ উবাচ ।

এষ গচ্ছামি রামং বৈ গম্বা শংসামি সর্কশঃ ।
 সমীপে তে মূনেরস্তি বাস্বীকৈরাশ্রমো মহান ।
 ইত্যুত্থা তাং পরিক্রম্য হুঃখিতো বাস্পপুরিতঃ
 মুঞ্চন্নশ্চকলা হুঃখাদযযৌ রামং মহীপতিম্ ॥ ৪০
 জানকী দেবরং যাতং বৌক্ষ্য বিস্মিতলোচনা

করিতেছি না। লক্ষণ! তুমি যে রামের
 আজ্ঞা প্রতিপালন করিলে, ইহাতে তোমার
 মঙ্গল হইবে; কারণ, শ্রীরামের চরণাবিন্দ-
 সেবী অধীন ব্যক্তির তাহাই করা কর্তব্য।
 এক্ষণে তুমি শ্রীরামসন্নিধানে গমন কর,
 তোমার গন্তব্য পথ যেন মঙ্গলকর হয়,
 শ্রীরাম যেন আমার প্রতি রূপা করেন, কখন
 কখন যেন আমায় তিনি স্মরণ করেন।
 সীতা এই বলিয়া লক্ষণের সম্মুখে মুচ্ছিতা
 হইয়া ভূতলে পতিত হইলে, লক্ষণও সেই
 জানকীকে মুচ্ছিতা দেখিয়া নিরতিশয় হুঃখিত
 হইলেন। অনন্তর লক্ষণ, বস্ত্রাঙ্কল দ্বারা
 বীজন করিতে লাগিলেন এবং সংজ্ঞাপ্রাপ্ত
 করিয়া মুহুর্ধ্বঃ মধুর বচনে সান্ত্বনা করিলেন
 এবং কহিলেন, এক্ষণে তবে আমি শ্রীরামের
 সন্নিধানে গমন করি, আমি যাইয়া ঠাঁহাকে
 সমুদয় বিষয়ই কহিব; আপনার সমীপেই
 মূনিবর বাস্বীকির প্রশংসনীয় আশ্রম আছে।
 হুঃখার্ভ লক্ষণ বাস্পপূর্ণলোচনে সীতাকে এই-
 রূপ কহিয়া ঠাঁহাকে প্রদক্ষিণপূর্বক হুঃখভরে
 অবিরল নেত্রজল বিসর্জন করিতে করিতে
 মহীপতি শ্রীরামচন্দের উদ্দেশে করি যাত্রা-

হস্যতয়ং মহাভাগো লক্ষণো দেবরো মম ॥ ৪১
 কথং মাং প্রাপতঃ প্রেষ্ঠাঃ বিপাশাং

স্বাঘবন্ত্যাজেৎ ।

ইতি সঙ্কল্পস্তম্বসৌ সা তমৈক্ষদনিমেষণা ॥ ৪২
 জাহুবীঃ সর্কখোস্তৌগং জ্ঞাত্বা সত্যং স্বধাপনম্
 পতিতা প্রাণসন্দেহঃ শ্রাপ্তা মুচ্ছাপি তাং তদা
 তদা হংসাঃ স্বপক্ষাত্যাং জলমানীয় সর্কহঃ ।
 সিষিচুর্ধ্বৈঃ বায়ুর্কবৌ পুষ্পসুগন্ধবান ॥ ৪৪
 করিণঃ পুঙ্কটৈঃ স্ব্যদৈর্জ্জলপূর্বেঃ সমস্ততঃ ।
 ব্যাপ্তং শরীরং রজসা স্মালয়ন্ত ইবাগতাঃ ॥ ৪৫
 যুগান্তদন্তিকং প্রাপ্য সন্তস্কৃক্স্মিত্তেক্ষণাঃ ।
 নগাঃ পুষ্পযুতা আসংস্তংকালং মধুনা বিনা ।
 এতস্মিন সময়ে বৃন্তে সংজ্ঞাং প্রাপ্য তদা সতী

লেন। তখন জানকী বিস্মিতলোচনে দেবরকে
 যাইতে দেখিয়া ভাবিলেন,—মহাভাগ
 দেবর লক্ষণ আমায় পরিহাস করিয়াছেন।
 আমি শ্রীরামের প্রাণাপেক্ষাও শ্রিয়া ও
 নিষ্পাশা, অন্তএব রমুনাথ আমায় কি কারণে
 পরিত্যাগ করিবেন? সীতাদেবী মনে মনে
 এইরূপ চিন্তা করিতে করিতে অনিমন্বয়নে
 লক্ষণের দিকে চাহিয়া রহিলেন। ৩২—৪২।
 অনন্তর লক্ষণ সত্য সত্যই জাহুবী পার
 হইলেন এবং আপনিও সত্যই পরিত্যক্তা
 হইলেন বুঝিতে পারিয়া যেমন ভূতলে
 পতিতা হইলেন, অমনি মুচ্ছা ঠাঁহাকে এরূপ
 ভাবে আক্রমণ করিল যে, তিনি জীবিতা
 আছেন কি না সন্দেহ জন্মিল। তৎ-
 ক্ক্ষণাৎ হংস সকল স্ব স্ব পক্ষয় দ্বারা
 সলিল আনয়নপূর্বক তদীয় সর্কাজে সেচন
 করিতে লাগিল এবং পুষ্পসদৃগন্ধপূর্ণ বায়ু
 মন্দ মন্দ প্রবাহিত হইতে আরম্ভ করিল।
 করিগণ ভয় আগত হইয়া স্ব স্ব সলিলপূর্ণ
 গুণসমূহ দ্বারা জানকীর ধূলিধূনরিত কলেবর
 ক্ষালন করিতে লাগিল। যুগান্তে তৎ-
 সমীপে আগমনপূর্বক বিস্মিতনেত্রে অবস্থান
 করিল, এবং তৎকালে পুষ্পবৃক্ষসকল বসন্ত-
 কাল না হইলেও পুষ্পপূর্ণ হইল। ইত্যব-

বিললাপ মুহূৰ্দ্ধঃখাজ্রাম রামেতি জল্পতী । ৪৭
 হা নাথ দীনবন্দো হে করুণাপয়সাং নিধে ।
 অপরাধাদৃতে মাং স্বঃ কথং ত্যক্তসি বৈ বনে
 ইত্যোবমাদি ভাষন্তী বিলপন্তী মুহূৰ্দ্ধঃ ।
 ইতস্ততঃ প্রপঞ্জন্তী সমুচ্ছন্তী পুনঃপুনঃ । ৪৯
 তদা স্বশিষ্যৈর্ভগবান্ বাস্ম্যৌকিঃ সঙ্গতো বনম্
 শুশ্রাব কদিতঃ তন্ন করুণস্বরভাষিতম্ । ৫০
 শিষ্যান প্রতি জগাদাথ পঞ্জন্ত বনমধ্যতঃ ।
 কো রোদিতি মহাঘোরে বিপিনে দুঃখিতস্বরঃ
 তে প্রযুক্তাঃ মুনিনা সঙ্গমুর্ধ্বজ্ঞানকৌ ।
 রাম রামেতি ভাষন্তী বাস্পপূরণরিপ্ততা । ৫২
 তাং দৃষ্ট্বা স্ত্রিয়মোৎসুক্যাধাম্মৌকিং প্রত্যশুর্ধ্বনিম্
 ক্ষুদ্ভা তদীরিতং বাক্যং জগামাসৌ ততো মুনিঃ
 দৃষ্ট্বাসৌ তপসাং রাশিঃ জ্ঞানকৌ পতিদেবতা ।

সরে সতী জ্ঞানকৌ চৈতন্ত লাভ করিয়া ছুঃখ-
 বশতঃ হা রাম! হা রাম! বলিয়া বিলাপ
 করিতে থাকিলেন। তিনি বলিতে লাগি-
 লেন, হা নাথ! হে দীনবন্দো! হে করুণা-
 সাগর! আপনি বিনা অপরাধে আমায়
 কেন বনে পরিত্যাগ করিতেছেন? ৪৩—৪৮।
 তিনি ব্যঃব্যঃ ইত্যাদি বাক্যে বিলাপ
 করিতে লাগিলেন, চতুর্দিকে দৃষ্টি সঞ্চা-
 লন করিতে থাকিলেন এবং পুনঃপুনঃ
 মুচ্ছিত হইতে আরম্ভ করিলেন। ঐ
 সময়ে ভগবান্ বাস্ম্যৌকি স্বীয় শিষ্যগণের
 সহিত ঐ বনমধ্যে উপস্থিত হইয়া সীতার
 করুণাপূর্ণ রোদনধ্বনি শুনিতে পাইলেন।
 অনন্তর তিনি শিষ্যগণকে কহিলেন, তোমরা
 দেখ দেখি, এই মহাঘোর অরণ্যমধ্যে করুণ
 স্বরে কে রোদন করিতেছে? শিষ্যগণ
 মুনি কর্তৃক এইরূপ আদিষ্ট হইয়া যেখানে
 সীতা বাস্পপূর্ণ মুখে 'হা রাম! হা রাম!'
 বলিয়া রোদন করিতেছিলেন, তথায় গমন
 করিল। অনন্তর তাহারা সীতাকে দেখিয়া
 ঐশুক্যবশতঃ মুনিবর বাস্ম্যৌকির সম্মুখানে
 উপস্থিত হইল এবং সেই মুনিবরও তাহা-
 দিগের বাক্য শ্রবণপূর্বক সীতা-সন্নিকটে

নমোহঙ্ক মুনয়ে দেবমূৰ্ছয়ে ব্রতবার্দ্ধয়ে । ৫৪
 ইত্যুক্তবতীং বৈ সীতামানীর্ভিরভ্যানন্দয়ৎ ।
 ভর্ত্ৰী সহ চিরঃ জীব পুত্রো প্রাপুহি শোভনো ।
 কাসি স্বঃ কিং বনে ঘোরে সঙ্গতাসি কিমীদৃশী
 সর্বঃ মে শঃস জ্ঞানীয়াঃ তব হুঃখস্ত কারণম্ ।
 তদা সা প্রত্যাবাচেমঃ রামস্ত মহিলা মুনিম্ ।
 নিঃশসন্তী করুণয়া গিরা সঞ্জাতবেপথুঃ । ৫৭
 শৃণু মে বাক্যমধৌক্তং সর্গদুঃখস্ত কারণম্ ।
 জানৌহি মাং ভূমিপতে রঘুনাথস্ত সেবিকাম্ ।
 অপরাধং বিনা ত্যক্তাং ন জানে তত্র কারণম্
 লক্ষণো মাং বিমুচ্যাত্ৰ গতবান্ রাঘবাভয় । ৫৯
 ইত্যাঙ্কাকলাপূর্ণং বিভ্রতীং মুখপঙ্কজম্ ।
 বাস্ম্যৌকিঃ সাস্বয়ন প্রাহ জ্ঞানকীঃ কমলেক্ষণাম্

সমাগত হইলেন। তখন পতিপরায়ণা জ্ঞানকৌ
 সেই তপোরাশি মুনিবরকে দেখিয়া কহি-
 লেন,—আমি পুণ্যজনক সংকার্য্যনিচয়ের
 সাগর ও সাক্ষাৎ বেদমূৰ্ছিবরূপ মুনিবরকে
 নমস্কার করি। সীতা এইরূপ কহিয়া নমস্কার
 করিলে মুনিবর তাঁহাকে এইরূপ আশীর্ষ-
 চেনে অভিনন্দন করিলেন,—“ভর্তার সহিত
 চিরজীবিনী হও এবং পরম মনোরম পুত্র-
 যুগল লাভ কর। শুভ্রে! তুমি কে?
 তুমি এরূপ অসামান্য রমণী হইয়াও
 কি হেতু এই ঘোর বনমধ্যে উপস্থিত
 হইয়াছ? এতৎ সমুদয় বিষয় আমার নিকট
 ব্যক্ত কর, আমি তোমার দুঃখের কারণ
 জানিতে চাই। তখন স্ত্রীরামমহিলা সীতা
 কল্পিত কলেবরে দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ
 করত করুণবচনে সেই মুনিবরকে কহিলেন,
 —মুনিবর! মদীয় প্রকৃত পরিচয়বাক্য ও
 দুঃখের কারণ শ্রবণ করুন। আমাকে ভূপতি
 রঘুনাত্থের সেবিকা এবং বিনাপরাধে পরি-
 ত্যক্তা জানিবেন; আমার পরিত্যাগের
 বিষয়ে আমি প্রকৃত কারণ জানি না।
 স্ত্রীরামের আজ্ঞারূপারে লক্ষণ আমায় এই
 স্থানে, পরিত্যাগপূর্বক গমন করিয়াছেন।
 ৪৯—৫৯। সীতা এই কথা বলিয়া অক্ষয়ল

বান্দ্রীকিকবাচ ।

বান্দ্রীকিং মাং বিজানীহি পিতৃস্তব শুকং মুনিম্
 হুংখং মা কুরু বৈদেহি হাগচ্ছ মম চামশ্রম্ ॥৬১
 ভিন্নস্থানে পিতৃগেহং জানীহি পতিদেবতে ।
 দৈদৃশে কশ্মপি মম যৌবোহস্তোব মহীপতেঃ ।
 এবং বচনমাকর্ণ্য জানকী পতিদেবতা ।
 হুংখপূর্ণাশ্রমদনা কিঞ্চিং সুখমবাপ সা ॥ ৬০
 শেষ উবাচ ।

মদ্বর্ণনাস্তঃ সংসার ইতি সত্যং ব্রবামি তে ॥ ১১
ভক্তোহহমত্রবং কৃষ্ণং পুলকোৎফুল্ল বগ্রণঃ ।

প্রণাম করি। হে বিভো! যাহা সচ্চিদানন্দ
রূপ, ক্রেশশূন্য, পরাকাশ, অনায়ম, অভীষ্ট-
প্রাপ্ত পরব্রহ্ম; মুনিগণ যাহার সাক্ষাৎকার
করিয়াই সংসার-সাগর পার হন, সেই চিন্ময়ে
কিরাপে আমার মনের সর্কদা অবস্থান হইবে,
তাঁহা বলুন। বেদব্যাস কহিলেন,—হে
বৈষ্ণব! তুমি যে অতি গোপনীয় বিষয়
জিজ্ঞাসা করিলে, ইহা আমি নিজ তনয়
শুককেও বলি নাই, তোমাকে বল-
তেছি। ১—৭। এই বিধব্রহ্মাণ্ড পূর্বে
যেভাবে যে অবস্থায় অবিদ্যার ও অবিদিত
হইয়া অবস্থিত ছিল, সেই ব্রহ্মার স্বরূপ
বিধের কথা বলিতেছি। শ্রবণ কর। আমি
কলমূলজল ও বায়ুব্রহ্ম আহার করিয়া
অনেকসংস্রম বৎসর তপস্বী করিয়াছিলাম,
তখন জগদীশ্বর আমাকে আশ্চর্য্য নিম্ন
দেখিয়া জিজ্ঞাসা করিলেন,—হে মহামতে!
তুমি কিসের অভিলাষে এইরূপ করিতেছ,
তত্ত্বজ্ঞানের কামনায় কি? তাহা বল, আমি
তোমার প্রতি প্রসন্ন হইয়াছি। আমার
নিকট অভীষ্টবর প্রার্থনা কর। তোমায়
সত্য বলিতেছি, আমার চর্শন পাইলে

ত্বামহং ত্রেহ্মিচ্ছামি চক্ষুর্ভ্যাং মধুকৃদন ॥ ১২
যন্তৎসত্যং পরং ব্রহ্ম জগজ্জ্যোতির্জগৎপতিঃ
বদন্তি বেদশিরসতক্ষুযং নাথ মেহঙ্কৃতম্ ॥ ১৩

বক্ষণেবং পুরা পুষ্টঃ প্রার্থিতশ্চ যথা পুরা ।
যদবোচমহং তস্মৈ তত্ত্বভ্যামপি কথ্যতে ॥ ১৪
মামেকে প্রকৃতিঃ প্রাহুঃ পুরুষকং তথৈবরম্ ।
ধর্ম্মমেকে ধনকৈকে মোক্ষমেকে তথোত্তমম্ ।
শুশ্রুমেকে ভাবমেকে শিবমেকে সদাশিবম্ ।
অপরে বেদশিরস স্থিতমেকং সনাতনম্ ॥ ১৬
সত্তাবং বিক্রমাহীনং সচ্চিদানন্দবিগ্রহম্ ।
পশ্চাদ্যা দর্শয়িষ্যামি স্বরূপং বেদগোপিতম্ ।
ততোহপশ্চমহং ভূপ বালং কালানুদ্রভম্ ।
গোপকস্তারূতং গোপং হসন্তং গোপবালকৈঃ ॥

জীবের সংসারক্ৰেশ ঘটে না। তখন আমি
শ্রীকৃষ্ণের বাক্য শ্রবণ করিয়া রেমাঞ্চত-
বপু হইয়া বলিলাম,—মধুকৃদন! আমি
আপনাকে চক্ষুর্ভ্যাং দেখিতে বাসনা
করিতেছি,—যাহা সত্যস্বরূপে পরব্রহ্ম ও
ও যাহা জগৎপতি ও জগতের প্রকাশস্বরূপ।
শ্রীভগবান্ কহিলেন,—পূর্বে আমি ব্রহ্মা
কঙ্ক জিজ্ঞাসিত ও প্রার্থিত হইয়া তাঁহাকে
যেভাবে বর্ণিয়াছি, এক্ষণে তোমাকেও তাহাই
বলিতেছি। কতকলোকে আমাকে প্রকৃতি
বলিয়া নির্দেশ করে, কেহ বা পরমপুরুষ
ঈশ্বর বলিয়া থাকে, কেহ বা আমাকে ধর্ম্ম
বলে, কেহ বা নথর ধনকেই ঈশ্বর বলে,
কাহার মতে মুক্তিই ঈশ্বর কেহ বা আমাকে
উভয়ানুক বলে, কতকলোক শূন্যকে, কেহ
বা সত্তাকে ও কেহ বা মঙ্গলময় সদাশিবকে
পরমেশ্বর বলেন। অস্ত্র লোকে বেদের
মন্ত্রকে অবস্থত একমাত্র সনাতন পুরুষ
বলিয়া আমার নির্দেশ করেন। ৮—১।
হে বৎস! আজ আমি তোমাকে সেই
নির্দিকার বেদগোপিত চিদানন্দময় সংস্বরূপ
রূপ দেখাইতেছি। হে মহাভাজ! তথায়
ভগবানের এই প্রকার বাক্যাবগানেই আমি
দেখিলাম, সেই আমার নবজন্মকান্তি প্রভু

কদম্বমূল আসীনঃ পীতবাসসম্ভূতম্ ।
 বনং বৃন্দাবনং নাম নবপল্লবমণ্ডিতম্ । ১৯
 কোকিলভ্রমরারাবং মনোভবমনোহরম্ ।
 নদীমপশুং কালিন্দীমিন্দ্রীবরধরপ্রভাম্ । ২০
 গোবর্ধনং তথাপশুং কৃষ্ণরামকরোদ্ধৃতম্ ।
 মহেন্দ্রদর্পনাশায় গোগোপালসুখাবহম্ । ২১
 গোপালমবলাসঙ্গমুদিতং বেণুবাদিনম্ ।
 দৃষ্টান্তিহৃষ্টো হৃৎতবং সর্ষভূষণজুষণম্ । ২২
 ভক্তো মামাহ ভগবান্ বৃন্দাবনচরঃ শ্রয়ম্ ।
 যদিদং মে ত্বয়া দৃষ্টং রূপং দিব্যং সনাতনম্ ।
 নিষ্কলং নিষ্করং শান্তং সচ্চিদানন্দবিগ্রহম্ ।
 পূর্ণং পদ্মপলাশাক্ষং নাতঃ পরতরং মম । ২৪
 ইদমেব বদন্ত্যেতে বেদাঃ কারণকারণম্ ।
 সত্যক্যাপি পত্নানন্দং চিদঘনং শান্তং শিবম্ ।
 নিত্যং মে মথুরাং বিদ্ধি বনং বৃন্দাবনং তথা ।

যমুনাং গোপকল্যাণ তথা গোপালবালকঃ ।
 মমাবতারো নিত্যোহয়মত্র মা সংশয়ং কৃথাঃ ।
 মমেষ্টা হি সদা রাধা সর্বজ্ঞোহহং পরাৎপরঃ ।
 সর্বকাম্যক সর্বেশ্বঃ সর্বানন্দঃ পরাৎপরঃ ।
 ময়ি সর্ষমিদং বিধং ভক্তি মায়াবিজ্ঞুতম্ ।
 ততোহহমত্রবং দেবং জগৎকারণকারণ ।
 কাম্য গোপাম্যকে গোপা বৃন্দোহয়ংকীদৃশোমত
 বদং কিংকোকিলাদ্যাশ্চ নদী কেয়ংগিরিশ্চ কঃ
 কোহদৌ বেণুর্গুণভাগো লোকানন্দৈকভাজন
 ভগবানাহ মাঃ স্ত্রীতঃ প্রসন্নবদনাম্বুজঃ ।
 গোপাম্য শ্রুত্বোহো প্রেয়া ধাতো বৈ গোপকল্যাণঃ
 দেবকল্যাণ রাজেন্দ্র তপোযুক্তা মুমুক্শবঃ ।
 গোপালা মুনয়ঃ সর্বে বৈকুণ্ঠানন্দমূর্তয়ঃ । ৩২
 কল্পবৃক্ষঃ কদম্বোহয়ঃ পরানন্দৈকভাজনম্ ।
 বনং নন্দনকল্যাণং হি মহাপাতকনাশনম্ । ৩৩

গোপবালকবেশে পীতবসন পরিধান করত
 গোপকল্যাণে পরিবৃত হইয়া কদম্বতরুমূলে
 বসিয়া গোপশিশুদিগের সহিত বালসুলভ
 হান্ত করিতেছেন। আরও দেখিলাম, সম্মুখে
 সেই নবপল্লবশোভিত ভ্রমরকোকিলরবে
 ঞ্জিত কাম মনোমোহন বৃন্দাবন; তথায়
 যেষ্টের স্তায় শ্রীমলা যমুনা প্রবাহিতা হই-
 তেছে এবং দেবরাজের দর্প চূর্ণ করিবার
 জন্ত কৃষ্ণ ও বলরামের হস্ত পুত্রে সে
 গোপ উ গোবৃন্দের মুখাম্পদ গোবর্ধ
 গিরিকেও দেখিলাম। আম সরভূষণেরও
 জুষণ-সই বেণুবাদনবারী অবলাভন-
 ম্পর্কে মুখা গোপালবেশী ভগবানঃ
 দেখা সমারক অনন্দিত হইলম। তখন
 বৃন্দাবনবারী ভগবান আমকে সন্দেহন
 করিয়া কহিলেন,—বৎস! তুমি যে আমার
 এই নিষ্কাম শান্ত সচ্চিদানন্দময় পদ্মপলাশ-
 লোচন পূর্ণ সনাতন দিব্যরূপ দেখিতেছে,
 ইহার পর আমার অবশিষ্ট কিছুই নাই।
 বেদ-চতুষ্টয় এই রূপকেই কারণনিচয়েরও
 কারণ বলিয়া নির্দেশ করেন। ইহাই সত্য
 পদ্মবাসনরূপ চিদঘন ও নিত্য মঙ্গলময়।

হে বৎস! এই মথুরাপুরী, বৃন্দাবন, যমুনা
 নদী, গোপরমণীগণ ও গোপবালকগণ, এ
 সমুদয় আমার নিত্য বস্তু জানিও এবং
আমার এই অবতারও নিত্য, ইত্যাদি সন্দেহ
করিও না। রাধিকা আমার সর্বদা প্রিয়তমা
 এবং আমাকে সর্বজ্ঞ পরাৎপর সর্বেশ্বর
 সর্বানন্দময় সর্বকামরূপ বলিয়া জানিও,
 এই বিশ্ব সংসার আমারই মায়াবেশে প্রকাশ-
 মান হইলও আমাতেই আছে জানিবে।
 ১৭—২৮। স্নানস্তর প্রভৃকে আমি বলি-
 লাম,—হে জগতের কারণেরও কারণরূপ
 ব্রহ্ম। এই গোপকল্যাণ ও গোপবালকরা
 কে? এই কদম্ববৃক্ষ বা কে? বনই বা
 কি? কোকিল প্রভৃতি বিহঙ্গমরাই বা
 কে? আর যমুনা ও গোবর্ধন কে? আর
 এই লোকের আনন্দভাজন বেণুবাদ্যই বা
 কে? তাহা আমাকে বলুন। তখন প্রভু
 ক্রীত হইয়া প্রসন্নমুখে আমাকে বলিলেন,—
 বৎস! গোপিকারা ক্রীতিভিন্ন কিছুই নহে,
আর সেই মঙ্গলসমুদয়ই গোপকল্যাণ, আর
 উপস্থানিরত বৈকুণ্ঠবাসী মুমুক্শু মুনিরাই
 গোপবালক আর বলরামই পরমা-

সিদ্ধান্ত সাধ্যা গঙ্ঘরীয়াঃ কোকিলাদ্যা

ন সংশয়ঃ ।

কোটিদানন্দহৃদয়ং সাক্ষাদ্‌যমুনয়া তত্ত্বম্ । ৩০

অনাদির্হরিদাসোহয়ং ভূধরো নাত্র সংশয়ঃ ।

বেণুর্ধঃ শূণু তং বিপ্রং তবাপি বিদিতং তথা ।

ষিদ্ধি আসৌচ্ছান্তমনান্তপঃ সত্যপরায়ণঃ ।

নাশ্বা দেবব্রতো দান্তঃ কর্মকাণ্ডবিশারদঃ । ৩১

স বৈষ্ণবজ্ঞানব্রাত-মধ্যবর্তী ক্রিয়াপরঃ ।

স কদাচন শুভ্রাথ যন্ত্রেশোভন্তীতি ভূপতেঃ ।

তত্ত্ব গেহমথাভ্যাগাঙ্গুজো মঙ্গতর্নশচয়ঃ ।

স মদভক্তঃ কচিং পূজাং তুলসীদলবারিণা । ৩২

কৃতবাংস্তদগ্রহে কিঞ্চিং কলমূলং স্তবেদয়ৎ ।

জ্ঞানবারিফলং কিঞ্চিন্তৈশ্চ খ্রীত্যা দদৌ শ্লুধীঃ

অশ্রদ্ধয়া শ্মিতং কুহা সোহপাগুহুদাধি জন্মানঃ ।

নন্দাস্পদ কদম্ব বৃক্ষ হইয়াছে এবং সেই স্বর্গের নন্দন কাননকেই বৃন্দাবন দেখিতেছি, আর সিদ্ধ সাধা ও গঙ্ঘরীগণই কোকিলাদির মূর্তি স্বীকার করিয়াছে, ইহাতে সন্দেহ নাই ।

আর জ্ঞানীরা এই যমুনা ক সেই আনন্দ ময়েরই মূর্ত্যন্তর বলিয়া ধাবেন এবং অনাদি বৈষ্ণব হরিদাসই এই গোবর্দ্ধন হইয়াছেন, ইহাতে সন্দেহ নাই। আর যে বিপ্র এই বেণু হইয়াছেন, তাহা তোমার অবদিত নাই—থাকিলেও বলিতেছি, শুন। পূর্বে শাস্ত্রহৃদয় তপস্বী সত্যনিষ্ঠ কর্মকাণ্ডে শূনি-পুণ বেদব্রত নামে যে ব্রাহ্মণ ছিলেন, হে মহারাজ! সেই কদম্ব ব্রাহ্মণ বৈষ্ণবদিগের মধ্যে থাকিয়া একদা শুনিলেন যে এক “যন্ত্রেশ” আছেন, অতঃপর তদীয় ভবনে মদাসক্তচিত্ত এক ব্রাহ্মণ উপস্থিত হইল ও সেই মদভক্ত অভ্যাগত তথায তুলসী সহিত সনিলে আমার পূজা করিয়া আমাকে ষোড়শপাণ্ডিত কলমূলাদি নিবেদন করিল, অবশেষে দেই নির্খাল্য কলমূলাদি কিছু গৃহী ব্রাহ্মণকে প্রীতিসংকারে প্রাদান করিল; কিন্তু তখন বেদব্রত একটু হাসিয়া ব্রাহ্মণের নিফট হইতে অশ্রদ্ধাসহকারে

তেন পাপেন সন্তাতং বেণুজমতিলাকরণম্ । ৩৩

তেন পুণ্যেন তন্ত্যাদ মদীয়প্রিয়তাং গতঃ ।

অমুনা সোহপি রাজেন্দ্রে কেতুমনিব রাজতে

যুগান্তে তদ্বিস্মপয়ো কৃত্বা ব্রহ্ম সমাপ্যাসি । ৩৪

অহো ন জানন্ত নরা হুরাশয়াঃ

পুরীং মদীয়ং পরমাং সনাতনীম্ ।

সুয়েন্দ্রনাগেন্দ্রমুনীন্দ্রসংস্রতাঃ

মনোরমাং ত্যং মথুরাং সনাতনীম্ । ৩৫

কাশ্মাদয়ো যদ্যপি সন্তি পূর্থা-

স্তাসান্ত মধ্যে মথুরৈব ধস্তা ।

যজ্ঞয়মৌলীত্রতমৃত্যুদাহৈ-

নুণাং চতুর্কা বিদধাতি মুক্তিম্ । ৩৬

যদা বিস্মকান্তপআদিনা জনাঃ

শুভাশয়া ধ্যানধনা নিরন্তরম্ ।

তর্দৈব পশন্তি মমোক্তমাং পুরীঃ

ন চান্তথা কল্পশতৈর্বিজোক্তমাং । ৩৭

মথুরাবাসিনো ধস্তা মাশ্তা অপি দিবোকসাম্ ।

অগণ্যমহিমানস্তে সর্বা এব চতুর্ভুজাঃ । ৩৮

উহা গ্রহণ করিলেন; সেই পাপে কঠিন বেণুভাব প্রাপ্ত হইয়াও পূর্বেপুণ্যে আমার প্রিয় বস্ত হইয়া সংসারে শোভা পাইতে-ছেন। ২২—৪১। তিনি যুগাবসানে পরম বৈষ্ণব হইয়া ব্রহ্মে লীন হইবেন। বড়ই আশ্চর্যের বিষয় যে, পাশাশয় ব্যক্তির আমার সেই সনাতনী শ্রেষ্ঠা নগরীর বিষয় জানে না,—যে মনোহর মথুরাপুরীকে দেবেন্দ্র নাগেন্দ্রে ও মুনীন্দ্রগণ সর্বিদা প্রশংসা করিয়া থাকেন। যদিও সংসারে কাশীভ্রষ্ট অনেক পুরীই আছে, তথাপি তাহাদের মধ্যে মথুরাই প্রধান, কারণ ঐখানে জীবের জন্ম, উপনয়ন, মৃত্যু ও দাহ এই চারি প্রকারেই মুক্তি হইয়া থাকে। যখন সদাশয় তপস্বীরা নিরন্তর ধ্যানমগ্ন থাকেন, তখনই তাঁহারা মথুরা পুরীকে দেখিতে পান, নচেৎ অস্ত্র উপায়ে ব্রাহ্মণেরা শতকল্প চেষ্টা করিয়াও দেখিতে পান না। সংসারে মথুরাবাসীরাই ধস্ত ও দেবগণের মাশ্তা ।

মথুরাবাসিনাং যে তু দোষা নশ্চিন্তি মানবাঃ ।
 তেষু দোষাঃ ন পশ্চন্তি জন্মমৃত্যুসংস্রবম্ ॥৪৭
 অধুনা অপি তে ধন্তা মথুরাং যে স্মরন্তি তাম্
 যত্র ভূতেশ্বরো দেবো মোক্ষদঃ পাপিনামপি ।
 মম প্রিয়তমো নিত্যং দেবো ভূতেশ্বরঃ পরঃ ।
 যঃ কদাপি মম স্ত্রীভ্যো ন সন্ত্যজতি তাং
 পুরীম্ ॥৪৯

ভূতেশ্বরং যো ন নমের পূজয়ে-
 ম বা স্মরেদুচ্চরিতো মনুষ্যঃ ।
 নৈনাং স পশ্চেন্নমথুরাং মদীয়াং

স্বয়ম্প্রকাশাং পরদেবতাব্যাম্ ॥৫০

ন কথং ময়ি ভক্তিং স লভতে পাপপুরুষঃ ।
 যো মদীয়াং পরং ভক্তঃ শিবং সম্পূজয়েন্ন হি ॥
 মন্যায়ামোহিতধিয়ঃ প্রায়স্তে মানবাবধমাঃ ।
 ভূতেশ্বরং ন নমন্তি ন স্মরন্তি স্তবন্তি যে ॥ ৫২
 বালকোহপি ক্রবো যত্র মমারাদনতৎপরঃ ।

ঊর্ধ্বাঙ্গের মহিমার সীমা নাই, সকলেই
 ঊর্ধ্বাঙ্গ চতুর্ভুজের রূপান্তর। দোষী মানব
 মথুরায় বাস করিলে সকল দোষ নষ্ট হয়
 আর তাহাদিগের সহস্রজন্মসঞ্চিত দোষ
 ধাকিলেও সাধারণের জ্ঞেয় হয় না। কলি-
 কালে ঊর্ধ্বাঙ্গ হস্ত—মথুরাকে বাহারা
 স্মরণ করিয়া থাকেন। ঐ মথুরায় আমার
 প্রিয়তম ও পাপীদেরও মুক্তিপ্রদ ভূতেশ্বর
 দেব নিত্য বিরাজ করিতেছেন, তিনি
 আমার স্ত্রীতিসাধনার্থই কদাচ এ পুরী ত্যাগ
 করেন না। যে কুশীল মানব ভূতেশ্বরকে
 প্রণাম করে না, পূজা করে না অথবা স্মরণ
 পর্যন্ত না করে, সে কখনই স্বয়ংপ্রকাশা
 পরদেবতারূপিণী আমার মথুরা পুরীকে
 স্বরূপে দেখিতে পায় না। ৪২—৫০। যে
 মদীয়া ভক্ত ভূতেশ্বর শিবের পূজা না
 করিবে, সেই পাপিষ্ঠ পুরুষ কখনই
 আমাতে ভক্তি রাখিতে পারিবে না এবং
 বাহারা ভূতেশ্বরকে প্রণাম স্তব বা স্মরণ
 পর্যন্ত না করে, সেই অধম মানবেরা

প্রাপ স্থানং পরং শুক্লং যত্র যুক্তং পিতামহৈঃ ॥
 তাং পুরীঃ প্রাপ্য মথুরাং মদীয়াং সুরহর্লতাম্
 খঞ্জো ভূবাক্কো বাপি প্রাণানেব পরিত্যজ্যেৎ
 বেদব্যাস মহাভাগ মা কৃধাঃ সংশয়ং কচিৎ ।
 রহস্ত্যং বেদশিরস্যাং যম্ময়া তে প্রকাশিতম্ ॥৫০
 ইমং ভগবতা প্রোক্তমধ্যায়ং যঃ পাঠেচ্ছৃতিঃ ।
 শৃণুয়াদ্ভাপি যো ভক্ত্যা মুক্তিস্তস্মাপি শাশ্বতী ।

ইতি স্ত্রীপাদে পাতালখণ্ডে মথুরামাহাত্ম্য-
 কথনং নাম ষ্টিচত্বারিংশোছধ্যায়ঃ ॥ ৪২ ॥

ত্রিচত্বারিংশোছধ্যায়ঃ ।

ঈশ্বর উবাচ ।

একদা রহসি স্ত্রীমানুক্রবো ভগবৎপ্রিয়ঃ ।
 সনৎকুমারমেকাশ্তে হৃপচ্ছৎ পার্শ্বদঃ প্রত্যোঃ ॥১
 যত্র কৌড়তি গোবিন্দো নিত্যং নিত্যসুন্দরাম্পদে

আমার মায়াতেই আচ্ছন্ন আছে। বালক
 ক্রব যে স্থানে আমার আরাধনা করিয়াই
 ব্রহ্মারও হুলভ বিত্তক পত্তমপদ প্রাপ্ত
 হইয়াছে, সেই দেবহুলভ মদীয়া মথুরা
 পুরীতে গমন করিয়া অক্ষ কিংকর যে কেহই
 প্রাণত্যাগ করিলে মুক্ত হয়। হে মহাভাগ
 বেদব্যাস! ইহাতে কিছু সংশয় করিও না।
 আমি তোমার নিকট যাহা প্রকাশ করিলাম,
 ইহা সমস্ত বেদের অতি রহস্ত্য বস্তু জানিবে।
 এই ভগবানের স্বয়ং-নিঃসৃত অধ্যায় যে
 ব্যক্তি পবিত্র হইয়া পাঠ করে বা ভক্তি
 সহকারে শ্রবণ করে, তাহার অবিনাশিনী
 মুক্তি হইয়া থাকে। ৫১—৫৩।

ষ্টিচত্বারিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৪২ ॥

ত্রিচত্বারিংশ অধ্যায় ।

ঈশ্বর কহিলেন,—একদা ভগবানের
 সহচর ভগবৎপ্রিয় স্ত্রীমান উক্রব সনৎ-
 কুমারকে গোপনে জিজ্ঞাসা করিলেন;—হে

গোপালনাতিস্তৎস্থানং কুত্র বা কৌদৃশং পরম
- তন্তংক্রীড়নংস্তাস্তমস্তদ যদযস্তদদৃশম্ ।

জাতং চেতব তৎকথ্যং হেহো মে যদি বর্ত্তন্তে
সনৎকুমার উবাচ ।

কদাচিদযমুনাকূলে কশ্যাপি চ তরোস্তলে ।
সুসুস্তেনোপবিষ্টেন ভগবৎপার্শ্বদেন বৈ ॥ ৪
য ইহাহুভবস্তস্ত পার্থেনাপি মহাত্মনা ।
দৃষ্টং কৃতঞ্চ যদ্যন্তংপ্রসঙ্গাৎ কথিতং ময়ি ॥ ৫
তন্তেহং কথয়াম্যেতচ্ছূণ্ণাবাহিতঃ পরম্ ।
কিং শ্বেতদ্যত্র কুত্রাপি ন প্রকাশ্যং কদাচন ॥
অর্জুন উবাচ ।

শঙ্করাদৈর্কিরিষ্ক্যাটৈরদৃষ্টমশ্রুতঞ্চ যৎ ।
সর্বমন্তেতংরূপান্তোষে রূপয়া কথয় প্রভো ॥ ৭
কিং ত্বয়া কথিতং পূরুমাভৌর্ধ্যাস্তব বল্লভাঃ ।
তাত্মাঃ কতিবিধা দেব কতি বা সংখ্যা পুনঃ

মহাতাগ! প্রভু গোবিন্দ দেবগণের নিত্য
বাসভূমি যেখানে গোপালনাদিগের সহিত
নিত্য বিহার করেন, সেই স্থান কোথায় ও
কিরূপ? এবং ঠাঁহার সেই সমুদয় অদ্ভুত
ক্রীড়নবৃত্তান্তই বা কিরূপ? এ সকল যদি
যত্নবাহী হয়, তবে আমার প্রতি স্নেহপ্রকাশে
তৎসমুদয় বর্ণন করুন। সনৎকুমার বলি-
লেন,—হে উদ্ধব! প্রভু কখন যমুনাকূলে
কখন বা কদম্বকূলে ও অন্যান্য স্থানে যে
যে রূপে ক্রীড়া করিয়াছিলেন, তাহা মগজ্ঞা
অর্জুন ভগবানের নিত্য সহচর থাকিয়া
যেমন দেখিয়াছেন এবং প্রভুকে জিজ্ঞাসা
করিয়াও যাহা জানিয়াছিলেন, আমার নিকট
প্রসঙ্গক্রমে অবিকল তাহাই বর্ণনা করিয়া-
ছেন। আজি আমিও তোমাকে তাহাই
বলিতেছি, একান্ত হইয়া শ্রবণ কর।
কিন্তু ইহা যে-কোন স্থানে কদাচ প্রকাশ
করিও না। অর্জুন বলিয়াছিলেন,—
হে প্রভো! রূপায়! ব্রহ্মাদি ও শিবাদি
দেবগণ যাহা দেখেন নাই, শ্রবণ করেন
নাই, তৎসমুদয় আমার নিকট প্রকাশ
করুন। আপনি পূর্বে বলিয়াছেন, গোপি-

নামানি কতি বা তাসাং কা বা কুত্র ব্যবস্থিতা
তাসাং বা কতি কশ্যাপি বয়ো বেষশচ কঃ

প্রভো ॥ ৯

কতিঃ সার্কঃ ক বা দেব বিহরিষ্যসি ভো রহঃ
নিত্যে নিত্যাসুখে নিত্যবিভবে চ বনে বনে
তৎস্থানং কৌদৃশং কুত্র শাশ্বতঃ পরমং মহৎ ॥
রূপা চেতাদৃশী তন্মে সর্বং বক্তু মহার্ষি ॥ ১১
যদপৃষ্টং ময়াপ্যোবমজ্ঞাতং যদ্রহস্তব ।
আর্তাতির্জয় মহাভাগ তৎসর্বং কথয়িষ্যসি ॥ ১২
শ্রীভগবান্নুবাচ ।

তৎস্থানং বল্লভাত্মা মে বিহারস্তাদৃশো মম ।
অপি প্রাণসমানানাং সত্যং পুংসামগৌচরম্ ॥
কথিতে দ্রষ্টুমৎকঠা তব বৎস ভবিষ্যতি ।
ব্রহ্মাদীনামদৃশ্যং যৎ কিং তদন্তজ্ঞনম্ বৈ ॥ ১৪
তস্মাদ্বিরম বৎসাম্মাৎ কিং হু তেন বিনা তব

কায় আপনার প্রিয়া। ঠাঁহার কত প্রকার
ও সংখ্যায়ই বা কত, নামই বা কি, ঠাঁহাদের
কেই বা কোথায় রহিয়াছে? হে প্রভো!
ঠাঁহাদের কর্ম্ম বা কত প্রকার, বয়স ও পরি-
চ্ছদ কিরূপ এবং ঠাঁহাদের মধ্যে কাহারাই
বা আবার আপনার সঙ্গে কোন ঠিরসুখময়
বনে বা অন্ত কোথায় নিরুজনে বিহার করিবে,
সেই সকল স্থান কোথায় এবং কিরূপ জেষ্ঠ
বা নিত্যধাম? যদি আমার প্রতি রূপা
থাকে, তবে এ সমুদয় বর্ণনা করুন। হে
বিপদহো! আমি কখনও এ প্রশ্ন করি নাই
এবং ইহা আপনর রহস্ত বলিয়াই এতাবৎ
অজ্ঞাত আছে; সুতরাং এ সমুদয় বলুন।
১—১২। শ্রীভগবান্ কহিলেন,—হে সখে!
আমার সেই স্থান সমুদয় এবং প্রিয়তমা
গোপিকারা ও তাদৃশ অলৌকিক বিহার এ
পর্যন্ত প্রাণতুল্য প্রিয়জনেরও সত্যই অবি-
দিত আছে। এখন তোমাকে তাহা বলিলে
তোমার আবার দেখিবার জন্ত উৎকণ্ঠা
হইবে; কিন্তু এ সমুদয় স্থান ব্রহ্মাদি দেব-
গণেরও অদৃশ্য। অস্ত ব্যক্তির কথা কি
বলিব? সুতরাং বৎস! এই নিরুজ

এবং ভগবতস্তস্য ঋত্বা বাক্যঃ সূদাকরণম্ ॥১৫
 দীনঃ পাদাস্বজ্জঘন্দে দণ্ডবৎ পতিতোহর্জুনঃ ।
 ততো বিহস্ত ভগবান্দোৰ্ভ্যামুখাপ্য তং বিভূঃ
 উবাচ পরমশ্রেয়া ভক্তায় ভক্তবৎসলঃ ॥১৬
 তৎ কিং তৎকথনেনাত্র দ্রষ্টব্যং চেস্বয়া হি যৎ
 যস্তাং সর্বং সমুৎপন্নং যস্তামদ্যাপি তিষ্ঠতি ।
 লয়মেস্যাতি তাং দেবীঃ শ্রীমত্ৰিপুত্রসুন্দরীম্ ॥
 আরাধ্যা পরয়া ভক্ত্যা তেষ্টে স্বক্ নিবেদয় ।
 তাং বিনৈতৎপদং দাতুং ন শক্লামি কদাচন ॥
 ঋত্বৈতস্তগবদ্বাক্যং পাথো হর্ষাকুলেক্ষণঃ ।
 শ্রীমত্যাশ্রিতপুত্রাদেবীয়া যথো শ্রীপাত্ৰকাতলম্ ॥২০
 তত্র গত্বা দদর্শেনাং শ্রীচিন্তামণিবেদিকাম্ ।
 নানারত্নৈর্কির চেষ্টতঃ সোপানৈর্যতিশোভিতাম্
 তত্র কল্পতরুং নানা-পুষ্পৈঃ ফলভরৈর্নতম্ ।
 সর্বভূকোমলদলৈঃ শ্ৰবণাধ্বকীকীকরৈঃ ॥ ২২

হইতে বিয়ত হও—তাহা শুনিয়া তোমার
 কি হইবে? ভগবানের এবংবিধ দাকরণ
 বাক্য শ্রবণ করিয়া অর্জুন একান্ত কান্ন
 হইয়া প্রভুর চরণপ্রান্তে দণ্ডবৎ পতিত হই-
 লেন। তখন ভক্তবৎসল ভগবান্ হাসিতে
 হাসিতে করযুগল দ্বারা ভক্ত অর্জুনকে
 উঠাইয়া সমধিক শ্রীতি সহকারে বলিলেন—
 তোমাকে বলিয়া কি করিব এক্ষণে তৎসমুদয়
 দেখিতে পাইবে। যাহা হইতে সমুদয় বিশ্বের
 উৎপত্তি, ঐহাতেই অবস্থিত ও ঐহাতেই
 লয় হইবে, সেই ত্রিপুত্রসুন্দরী দেবীকে
 পরম ভক্তি সহকারে আরাধনা করিয়া আত্ম
 নিবেদন কর। তিনি ব্যতীত পরমপদ
 দিতে কেহই পারে না, তিনিই তোমার
 সংশয় দূর করিবেন। ১৩—১৯। অর্জুন
 ভগবানের এবংবিধ বাক্য শ্রবণ করিয়া
 আনন্দে প্রফুল্লমুখ হইয়া শ্রীমতী ত্রিপুত্র
 দেবীর পদভলের উদ্দেশে গমন করিলেন।
 তদ্বার প্রথমে নানাবিধ রত্নে নির্মিত সোপান-
 শ্রেণীতে সুশোভিতা শ্রীচিন্তামণি বেদিকা
 দেখিলেন এবং তাহার মধ্যভাগে নানা
 পুষ্প ও ফলভারে অবনত কল্পদামপ রহি-

বর্ষিত্রিবিয়না লৌলৈঃ পল্লবৈকঙ্কলৌকিকতম্ ।
 শুকৈশ্চ কোকিলৈশ্চৈব সারিকান্তিঃ
 কপোতকৈঃ ॥ ২৩
 লীলাচকোরকৈ রম্যৈঃ পক্ষিত্ৰিশ্চ নিনাদিতম্
 যত্র গুঞ্জদ্বন্দ্বমত্ৰুপ-কোলাহলসমাসুসলম্ ।
 মণিভির্ভাষ্যৈরুদাদ্যাপ্যমানং মনোহরম্ ॥ ২৫
 শ্রীমত্ৰুপস্মরণং দিব্যং তলে তস্ত মহাকুলম্ ।
 রত্নসিংহাসনং তত্র মহাহৈমাভিমোহনম্ ॥ ২৬
 তত্র বালার্কসঙ্কশাং নাগালঙ্কারকুশিতাম্ ।
 নবযৌবনসম্পন্নাস্থগিণাশধরঃশরৈঃ ॥ ২৭
 রাজচ্চতুর্ভুজসতাং সুপ্রসন্নাস্থ মনোহরাম্ ।
 ব্রহ্মবিষ্ণুমহেশাদি-কিরীটমণিরশ্মিতিঃ ॥ ২৮
 বিরাজিতপদাস্তোজমণিমাণ্ডিতিরাসুভাম্ ।
 প্রসন্নবদনাস্থ দেবীং বরদাং ভক্তবৎসলাম্ ॥২৯
 অর্জুনোহহমিতি খ্যাতঃ প্রণম্য চ পুনঃপুনঃ ।
 বিহিতাঞ্জলিরেকান্তে স্থিতো ভক্তিতরাস্বিতঃ ॥

যাছে, উহা সকল ঋতুতেই সুকোমল মধু-
 শ্রাবী বায়ুর্কম্পিত পল্লব-চয়ে সমুজ্জ্বল এবং
 শুষ্ক সারিকা কপোত চকোর কোকিল প্রভৃতি
 রমণীয় পক্ষিগণে স্ততত শব্দিত ও চকল
 ভুঙ্গদিগের মধুরগুণনে পরিব্যাপ্ত আছে।
 ঐ কল্পকুলের তল দশে দীপ্তিশালী মণিগণ-
 সম্পর্কে সমধিক শোভমান দি যন্ত্রমন্দির
 আছে, তন্মধ্যে ত্রুজ্জড়িত সুবর্ণসিংহাসন,
 তাহার উপরিভাগে বাল হৃদয়ের স্তায়
 তেজস্বিনী নানা অলঙ্কারে ভূষিতা, নব-
 যৌবন-সম্পন্ন দেবী বিরাজ করিতেছেন।
 তাঁহার চারিভুজলতা স্বর্ণ পাশধরঃ ও শর
 এই দ্রব্যচতুষ্টয়ে ভূষিত রহিয়াছে এবং
 তদীয় চরণকমল ব্রহ্মা বিষ্ণু ও রুদ্র প্রভৃতি
 দেবগণের কিরাটস্থিত মণিপ্রভায় সমুজ্জ্বল
 হইয়াছে ২০—২৮। অনিমাণ্ডি এবংযোদ্ধা
 তাঁহাকে বেষ্টিন করিয়া রহিয়াছে। সেই
 প্রফুল্লমুখী বরদায়িনী ভক্তবৎসলা ত্রিপুত্র-
 সুন্দরী দেবীকে দেখিয়াই অর্জুন প্রণাম
 করত 'আমি অর্জুন, আপনার দাস' এই কথা
 বলিয়া একপাশে ভক্তিতরে কৃতান্তলি হইয়।

সাত্ত্বোপাসিতঃ স্রাব্য প্রসাদঞ্চ কৃপানিধেঃ
উবাচ কৃপয়া দেবী তত্তৎস্মরণবিহ্বলাঃ ॥ ৩১
ভগবতুবাচ ।

কিংবা দানং স্বয়া বৎস কৃতং পাত্নায় তুর্লভম্ ॥
ইষ্টং যজ্ঞেন বেদাত্ত তপো বা কিমমুষ্টিঃ স্ম ॥
ভগবত্যমলা ভক্তিঃ কা বা প্রাক্সমুপার্জিতা ।
কিংবাশ্চিন্ তুর্লভতা লোকে কিংবা বৎস ॥ ৩২
মহৎ ॥ ৩৩

প্রসাদদ্বয়ি যেনায়ং প্রপন্নৈ চ মুদা কিল ।
গুণোত্তিমুচ্যন্তানন্ত-লভ্যো ভগবত্ কৃতঃ ॥ ৩৪
নৈতাদৃশ্যলোকানান্ ন চ ভূতলবাসিনাম্ ।
স্বর্গিণাং দেবভাদ্রীনাং তপস্বীশ্বরযোগিনাম্ ॥ ৩৫
ভক্তানাং নৈব সর্বেষাং নৈব নৈব চ নৈব চ ।
প্রাদম্ব কৃতো বৎস তব বিশ্বাস্তন যথা ॥ ৩৬
তদেহি ভক্ত বৃদ্ধ্যেব কুলকুণ্ডং সরো মম ।
সর্গকামপ্রদা দেবী স্বনয়া সহ গম্যতাম্ ॥ ৩৭

অবস্থান করিলেন। তখন সেই দেবী
অর্জুনের উপাসনা ও ঊঁহার প্রতি কৃপাময়
হরির অমুগ্রহ জানিতে পারিয়া পূর্বে কৃতান্ত-
স্বরণে কিঞ্চিৎ অন্তমনস্কা হইয়া কৃপা
বশতঃ বলিলেন। ভগবতী বলিলেন,—
বৎস! তুমি সংপাত্রে কিরূপ কত প্রকার
তুর্লভ বস্তু দান করিয়াছ? কোন যজ্ঞ
করিয়াছ? ভগবানের কিরূপ অকৃত্রিম
ভক্তি বা পূর্বে অর্জন করিয়াছ; আর কত
প্রকার মহৎ শুভকর্ম এই সংসারে
করিয়াছ?—যাহার বলে ভগবান পরমানন্দ
তোমার প্রতি এই অস্ত্রের অলভ্য অতি
গুঢ় ব্যবহার করিলেন। তোমার প্রতি
যে রূপ অমুগ্রহ করিয়াছেন, এরূপ অমুগ্রহ
কোন মানবের কিবা কোন মর্ত্যালোকবাসীর
কিবা স্বর্গবাসী দেবতাদিগের কিংবা তপো-
নিরত যোগিগণের অধিক কি কোনও
ভক্তের প্রতিই ভগবান এরূপ অমুগ্রহ পূর্বে
করেন নাই। এক্ষণে আইস, এই মদীয়
কুলকুণ্ড নামক সরোযরে স্নান কর) এই
সমীর্ণদাত্রী দেবীর সন্তিত গমন কর।

তদৈব তত্র গতাসৌ স্রাব্য পার্শ্বতথাগতঃ ॥ ৩০
আগতঃ তং কৃতস্নানং স্রাসমুদ্রার্ণাঙ্গাদিকম্ ।
কারয়িত্বা ততো দেব্যা তন্ত বৈ দক্ষিণস্রভৌ
সদ্যাঃ সিদ্ধিকরী বালা বিদ্যা নিগদিত্তা পরা ।
হকার্ধিপরাঙ্গীয়াষিতীয়া বিশ্বভূষিতা ॥ ৪০
অমুষ্ঠানঞ্চ পূজাঞ্চ জপঞ্চ লক্ষসংখ্যকম্ ।
কোরকৈঃ করবীর্যনাং প্রয়োগঞ্চ যথাযথম্ ॥ ৪১
নির্লভ্য তমুবাচৈলং কৃপয়া পরমেশ্বরী ।
অনেনৈব বিধানেন ক্রিয়তা যতপাসনম্ ॥ ৪২
ততো মদ্র প্রসন্নায়ঃ তবামুগ্রহকারিণাং ।
সদ্যস্ত কৃষ্ণসীলায়ামধিকারো ভবিষ্যতি ॥ ৪৩
ইত্যয়ং নিয়মঃ পূর্বে স্বয়ং ভগবতা কৃতঃ ।
ঈহৈবমর্জুনস্তেন বর্ধনং ত্বাঃ সমর্চয়ৎ ॥ ৪৪
ততঃ পূজাং জপকৈব কৃত্বা দেবী প্রসাদিতা ।
কৃত্বা ততঃ শুভং হোমং স্নানঞ্চ বিধিমা ততঃ ॥
কৃতকৃত্যমিবাশ্চানং প্রাপ্তপ্রায়মনোরথম্ ।
করস্বাং সর্গশিক্ষিক স পার্শ্বঃ সমমস্তত ॥ ৪৬

২৯—৩৭। অর্জুন তখনই তথায় যাইয়া
স্নান করত প্রত্যাগমন করিলেন, দেবী
ঊঁহাকে স্নাত দেখিয়া স্রাব্যবিধিও মুদ্রাব্যাপার
করাইয়া তদীয় দক্ষিণকর্ণে জপমাত্রেরে সিদ্ধি-
দায়িনী পরা বালবিদ্যা উপদেশ দিলেন এবং
ঊঁহার প্রতি কৃপাবশতঃ ঐ মন্ত্রের অমুষ্ঠান
পূজাবিধি ও লক্ষসংখ্যক করবীর্যকলিকা
দ্বারা হোমপ্রয়োগ বুঝাইয়া দিয়া বলিলেন—
বৎস! এই নিয়মে আমার উপাসনা কর।
তোমার প্রতি অমুগ্রহপাবনঃ আমি প্রদর
হইলে সেই মুহূর্ত্তেই তোমার কৃষ্ণসীলা
বৃন্দ্যবার অধিকার হইবে। এই পূজাদির
নিয়মটী পূর্বে স্বয়ং ভগবান কহিয়াছিলেন
জানিবে। অর্জুন ইহা শুনিয়া এই প্রণালী
অবলম্বনে দেবীর পূজা, জপ ও হোম সমা-
পন করিয়া দেবীকে প্রসন্ন করিলেন। পরে
স্বয়ং শাস্ত্রোক্ত বিধানে স্নান করিয়া আপ-
নাকে কৃতকৃত্য সকলমনোরথ বলিয়া বুঝি
লেন ও সমুদয় সিদ্ধি করতলগত বিবেচনা

অশ্রিতবসরে দেবী ভ্রমাগত্য স্থিতাননা ।
 উবাচ গচ্ছ বৎস স্বমধুনা তদগৃহান্তরে ॥ ৪৭
 ততঃ সসন্ত্রমঃ পার্থঃ সমুখায় মুদাধিতঃ ।
 অসম্ব্যাহৰ্ষপূর্ণায়া দগুবস্তাং ননাম হ ॥ ৪৮
 আক্রান্ত তয়া সাক্ষিঃ দেবী বয়স্ময়াৰ্জুনঃ ।
 গতৌ রাধাপতিস্থানং যৎসিদ্ধৈরপ্যাংচতম ॥
 ততশ্চ সত্ৰপাদষ্টৌ গোলোকাত্মপারিতম ॥
 স্থিয়ঃ বায়ুধৃতঃ নিত্যং সত্যং সধিসুখাম্পদম ॥
 নিত্যং বৃন্দাবনং নাম নিত্যরাসমহোৎসবম ॥
 অপশ্ৰুৎ পরমং শুভ পূৰ্ণপ্ৰেমরসাসক্তম ॥ ৫১
 তস্তা ই বচনাদিবা-লোচনৈবীক্ষ্য তদ্রহঃ ।
 বিবশঃ পতিতস্তত্র বৈবৃক্কেপ্ৰমবিস্বসঃ ॥ ৫২
 তঃ কঙ্কালকসংক্রো দোৰ্ভীমুখাপিতস্তয়া ।
 পাশ্চনৈকচেনস্তান্তাঃ কথঞ্চিৎ হৈর্ঘ্যমাগতঃ ॥ ৫৩
 ততস্ততঃ কিমশ্রয়ে কর্তব্যং বিদ্যাতে বদ ।
 ইতি তদদর্শনোৎকর্থা-ভয়েণ তরলোহ ভবৎ ॥

ততস্তয়া করে তস্ত বৃষা ভৎপদদক্ষিণে ।
 প্রতিপেদে সুদেশেন গন্ধা চোক্তমিদং বচঃ ।
 মানায়েতচ্ছুভং পার্থ বিশ ত্বং জলবিস্তরম্ ।
 সহস্রদলপদ্মস্ত সংস্থানং মধ্যকোরকম্ ॥ ৫৪
 চতুঃসরশ্চতুর্দারমার্ধ্যাকুলসঙ্কুলম্ ।
 অস্তান্তরে ত্রবিঞ্জাধ বিশেষমহ পশুসি ॥ ৫৭
 এতশ্চ দক্ষিণে দেশ এষ চাজে সরোবরঃ ।
 মধুমাক্ষীকপানং যত্রায়া মলয়নির্ঝরঃ ॥ ৫৮
 এতচ্চ কুলমুদ্যানং বসন্তে মদনোৎসবম্ ।
 কুরুতে যত্র গোবিন্দো বসন্তকুলমোচিতম্ ॥ ৫৯
 যত্রাযতারং কৃষ্ণশ্চ বস্তোব্য দিবানিশম্ ।
 ভবেদ্বৎস্মরপাদেব মূনেঃ স্তান্তে স্মরাস্করঃ ॥
 তনোহস্মিন সরসি স্নাত্বা গভা পূর্ষসরশ্চটম্ ।
 উপস্পৃশ্ব জলং তস্ত সাধয়ব মনোরথম্ ॥ ৬১
 ততস্তদ্বচনং ক্রুদ্বা-ভাস্মিন সরসি তজ্জলে ॥

করিলেন। এই সময়ে ভগবতী তথায় আসিয়া হাসিতে হাসিতে বলিলেন,—বৎস ! এক্ষণে তুমি সেই প্রভুর গৃহমধ্যে গমন কর। পার্থ তথায় দেবীকে দর্শনমাত্রে আনন্দিত ও হ্রাস্বান হইয়া দগুবৎ প্রণাম করিলেন ও দেবীর আদেশক্রমে তদীয় সহচরীর সহিত সিন্ধুদিগেরও অগোচর সেই রাধাপতির বিহারগৃহে উপস্থিত হইলেন। যাহা গোলোকেরও উপর বর্ষমান, বায়ুনাহাষো অস্তরীকে অধিষ্ঠিত, সধিসুখের আম্পদ, নিত্য রাস-বিহারে মহোৎসবপ্রদ, পূৰ্ণপ্ৰেমরসবর সেই অতি শুভ নিত্যধাম বৃন্দাবনকে দেখিতে পাইলেন। অর্জুন দেবীসখীর বাক্যে দিব্যালোচন প্রাপ্ত হইয়াই সেই শুভ ব্যাপার দর্শন করত প্রেমে অবশ হইয়া অচেতন ভাবে পতিত হইলেন। ক্রমে সংক্রান্ত হইয়া সহচরীর বাহসাহায্যে উঠিয়া তাঁহারই সাহায্যবাক্যে আনন্দিত হইলেন এবং আরও অল্পতম ব্যাপার দেখিতে উৎসুক হইয়া বলিলেন,—বল বল,

এক্ষণে আমার কোন কর্তব্য অবশিষ্ট আছে, তাহা করিতেছি। ৩৮—৫৪। তখন দেবী সন্ধিনী তাঁহাকে হাতে ধরিয়া সেইস্থানের দক্ষিণভাগে এক উত্তম স্থানে আনিয়া বলিলেন,—হে অর্জুন ! এই দৃশ্যমান জল-রাশিতে স্নান বড়ই সুখকর ও শুভদায়ক। এই সহস্রদল-পদ্মের আকর ও নানাভাতীয় জলজন্তুগণে আবৃত সরোবরের চারিটা ঘাট আছে। এই সরোবরে প্রবেশ কর, কল্যাণপ্রাপ্ত হইবে ও বিশেষ দেখিতে পাইবে। এই স্থানের দক্ষিণে সেই সরো-বর, যথায় মলয়পবন মধুপানের স্থান অধিকার করিয়াছে; আর এই যে কুসুমিত উদ্যান দেখিতেছ, এই স্থানেই গোবিন্দ বাসস্তিক পুষ্পের সমুচিত কামোৎসব নিরীহ করেন। ভগবানের তাদৃশ ব্যাপারকেই মুনিগণ কৃষ্ণাবতারের বিষয় বর্ণিমা ধ কেন; সেই ব্যাপার স্মরণমাত্রই মুনির হৃদয়েও কামোদ্বেক হইয়া থাকে। হে মহাভাগ ! এই সরোবরে স্নান করিয়া ইহার পূর্ষসরটে গমন করত আচমন মাত্র করিয়াই নিজ অতীতসাধন কর। অর্জুন তাঁহার বাক্য

কহ্লায়কুমুদাভোজ-রক্তনীলোৎপল্লবিতৈঃ ॥৬২
 পরাগৈ রঞ্জিতে মঞ্জু-বাসিতে মধুবিম্বুভিঃ ।
 তুলসিলে কলহংসাদিনাদৈরান্দোলিতে ততঃ ॥
 রত্নাবকচতুস্তীয়ে মন্দানিলতরঙ্গিতে ।
 মধ্যে জলাস্তঃ পার্শ্বে তু তজ্জৈবাস্তর্দধেহথ সা ॥৬৩
 উখায় পরিতো বৌক্ষ্য সঙ্ক্খাঃ চাসহায়িনীম্
 সন্যঃ শুক্লবর্ণরশ্মি-গৌরকান্ততন্মলতাম্ ॥ ৬৫
 সুরবৎকিশোরবরীয়াঃ শারদেমন্দুনিভাননাম্ ।
 সুনীলকুটিলসিদ্ধ-বিলসজ্জকুণ্ডলানাম্ ॥ ৬৬
 সিন্দূরবিম্বুকিরণ-প্রোক্ষালকপটিকাম্ ।
 উন্নীলদ্বন্দ্বলতাত্ত্বী-জিতস্মরশরাসনাম্ ॥ ৬৭
 ঘনশ্রামলসল্লোলখেলল্লোচনখঞ্জনাম্ ।
 মণিকুণ্ডলেতজ্জোহংগু-বিফুরদগণ্ডমণ্ডলানাম্ ॥৬৮
 মৃগালকোমলভ্রাজদাস্তর্ধ্যচ্ছুভ্রবল্পরীম্ ।
 শরদমুকুহাং সর্ক-ক্রীচৌরপাণিপল্পবানাম্ ॥ ৬৯

বিদগ্ন রচিতস্বর্ণ কটীহুত্রকৃতাস্তরান্ ।
 কুঞ্জংকাঞ্চীকলাপাতি-বিভ্রাজ্জঘনশ্বলানাম্ ॥৭০
 ভ্রাজদকুলসংবীত-নিতম্বোকশুমুণ্ডলানাম্ ।
 শিঞ্জানমঞ্জুমঞ্জোর-সুচক্রপদপঙ্কজানাম্ ॥৭১
 ক্ষুদ্রাধবিধকন্দর্প কলাকৌশলশালিনীম্ ।
 সর্কলক্ষণসম্পন্নঃ সর্কাত্তরগভূষিতাম্ ॥ ৭২
 আশ্চর্যালনশ্রেষ্ঠমাঙ্গানক ব্যলোকয়ৎ ।
 বিসম্মার চ যৎকাকিংপূর্কদৈহিকমেব চ ॥৭৩
 মায়ায়া গোপিকাপ্রাণ-নাথস্ত তদনন্তরম্ ।
 ইতিকর্তব্যং মুচ্যে তস্মৈ তত্র সুবিস্মিতা ॥
 অত্রান্তরেহদ্বয়ে ধীরৌ ধনিরাকামিকোহভ ॥৭
 অনেনৈব পথা সূত্র গচ্ছ পূর্কসরোবরম্ ॥
 উপস্পৃশু জলং তস্তা সাধনম ননোরথম্ ।
 তত্র সন্তি হি সখ্যস্তে মা সৌদ বরবর্ণিনি ॥
 তা হি সম্পাদয়িষ্যন্তি তত্রৈব বরমোপিতম্ ॥

ধ্বংস করিয়াই কহ্লায় কুমুদ রক্তোৎপল্লব ও
 নীলোৎপলের মধুমিশ্রিত পরাগের
 সুরঞ্জিত কলহংসনিদানে আন্দোলিত মন্দা-
 নিলসম্পর্কে তরঙ্গায়িত এবং চতুর্পার্শ্বে রত্ন-
 রাশিতে নিবদ্ধ সেই সরোবরের তীরে
 উপস্থিত হইয়া স্নানের জন্ত জলে যেমনি
 প্রবেশ করিলেন, মণি দেই দেবী সঙ্গিনী
 একিকে অস্তহিতা হইলেন ॥৫৫—৬৪। অর্জুন
 জল হইতে উঠিয়াই এক অপূর্ক নারীরূপে
 পুনাকে দেখিতে পাইলেন। সেই রমণীমূর্তি
 চারুহাসিনী নবযৌবনসম্পন্ন; তদীয় দেহ
 উত্তম কাঞ্চনের স্নায় কান্তিসম্পন্ন, তাহার
 মুখখানি পূর্ণচন্দ্রের মত শোভা পাইতেছে
 এবং তথায় সুনীল কুন্তলম্পর্শী রত্নকুণ্ডল
 শোভিত আছে। তদীয় ললাট সিন্দূরবিম্বুর
 কিরণে সমুজ্জ্বল হইয়াছে এবং তদীয় বিশাল
 জলতার ভঙ্গিমায় কামধনুও পরাভব
 পাইতেছে। তাহার ভারকাসম্পর্কে নিবিড়
 নীলবর্ণ নয়নমুগল ধঞ্জনের মত চঞ্চল হইয়া
 শোভা পাইতেছে এবং মণিকুণ্ডলের
 দীপ্তিতে গণ্ডমণ্ডল উদ্দীপিত হইয়াছে ও
 মৃগালের স্নায় কোমল কুঞ্জ-লতায়ুগল অত্যা-

শ্চর্য্যরূপে শোভা পাইতেছে। তদীয় কয়-
 পত্রব যাবতীয় ক্রীসম্পন্নের ক্রী অপরূপ করি-
 য়াছে এবং চতুর জনের রচিত স্বর্ণনির্মিত
 কটীহুত্রে কটদেশ নিবদ্ধ আছে ও শরায়-
 মান কাঞ্চীভূষণে নিতম্বশূল বিশেষ শোভিত
 হইয়াছে। সুন্দর বস্ত্রে তাহার জঘনশূল
 ও উরুদেশ আবৃত রহিয়াছে এবং শক্তি
 মনোহর নূপুর-সম্পর্কে পাদপঙ্কজ বিশেষ
 সুন্দর হইয়াছে। তখন অর্জুন সেই নানা-
 বিধ কামকলায় কুশলিনী সর্কাত্তরগ-ভূষিতা
 সর্কসুলক্ষণসম্পন্ন অপূর্ক রমণীরূপে আপ-
 নাকে তথায় দেখিয়া আপনায় রূপান্তরপ্রাপ্তি
 হওয়ায় পূর্কদেহের ঘটনা সমুদয় বিস্মৃত
 হইলেন ॥৬৫—৭৩। তিনি গোপীজনের প্রাণ-
 বল্লভ কৃষ্ণের মায়ায় মোহিত হইয়া কিছুকণ
 কিংকণ্ঠব্য মুচের স্নায় থাকিলেন। এই
 অবসরে আকাশে আকস্মিক অমায়ুষ্য বাক্য
 উচ্চারিত হইল,—হে সুন্দরি! দৃশ্যমান পথ
 অবলম্বন করিয়া পূর্ক সরোবরে গমন কর ।
 তত্রস্ত্য সলিল স্পর্শ করিয়া নিজ মানস
 সম্পূর্ণ কর । তথায় তোমায় সখীগণ আছে,
 তুমি অবসাদ প্রাপ্ত হইও না, তাহারাই

ইতি দৈবীঃ গিরং ক্রম্বা গম্বা পূর্ষসরোহথ সা
 নানাপূর্ষপ্রবাহক নানাপঙ্কিসমাকুলম্ ॥ ৭৮
 ক্ষুরংকৈরবকহলার কমলেন্দীবরাতিভিঃ ।
 ভাজিতং পদ্মরাগৈশ্চ পদ্মসোপানসত্তটম্ ॥৭৯
 বিবিধৈঃ কুসুমোদ্ভায়েখঞ্জকুঞ্জলতাক্রমেঃ ।
 বিরাজিতভূতৌরমুপ্পৃষ্ঠ স্বিতা ল্পম্ ॥৮০
 তত্রাস্তরে কণৎকাঞ্চীখঞ্জমঞ্জীররঞ্জিহম্ ॥
 কঙ্কানানং কণৎকারং শুশ্রঃবোৎকর্ণসম্পূটে ॥৮১
 ততশ্চ প্রঃদানুল্পমাশ্চর্য্যযুতযৌবনম্ ।
 আশ্চর্য্যালঙ্কৃতিসামাশ্চর্য্যালঙ্কৃতিভাষিতম্ ॥৮২
 অঙ্কুতাল্লমপূর্ষং সা পৃথগাশ্চর্য্যবিভ্রমম্ ।
 চিত্রসম্ভাষণং চিত্র-হসিতালোকনাদিকম্ ॥৮৩
 মধুরাজুতলাবণ্যং সর্ষমধূষণে বহতম্ ।
 চিত্রলাস্তুগতানস্তর্য্যাকুলসুন্দরম্ ॥৮৪
 আশ্চর্য্যস্নিগ্ধসৌন্দর্য্যমাশ্চর্য্যালঙ্কৃগাঢ়িকম্ ।
 সর্ষাশ্চর্য্যসমুদায়মাশ্চর্য্যালোকনাদিকম্ ॥ ৮৫

তোমার অভীষ্ট বর সাধন করিবে। সেই
 সুন্দরী এই প্রকার দৈববাণী শুনিয়া পূর্ষ-
 সরোবার গমন করিলেন। সেই সরোবরটাও
 অপূর্ষতরঙ্গাকুল নানাবিধ বিহগ পরি-
 পূর্ণ এবং বিকসিত কুমুদ ও কমলে শোভ-
 মান। পদ্মরাগ-মগ্নিসম্পর্কে উহার তটনিচয়
 পদ্মময় বলিয়াই বিবেচিত হইতেছে এবং
 নানাজাতীয় পুষ্প সূশোভিত তরুলতাময়
 মনোহর কুঞ্জে তীরচতুষ্টয়ের বিশেষ শোভা
 হইয়াছে। তথায় উপস্থিত হইয়া আচমন
 করত কিছুক্ষণ রহিলেন। এই অবকাশে
 কাঞ্চীভণ্ডের মনোহর শিজিত বলয়রাজির
 মধুরধ্বনি শুনিতে পাইলেন। পরক্ষণেই
 আশ্চর্য্য যৌবনসম্পন্ন, আশ্চর্য্য অলঙ্কারে
 অলঙ্কৃত, আশ্চর্য্যাকৃতি, আশ্চর্য্যভাষমাণ
 আশ্চর্য্যাবয়বসম্পন্ন, আশ্চর্য্যবলাসুকু,
 আশ্চর্য্যালোপী, হাস্তে ও দর্শনে আশ্চর্য্য-
 ব্যবহারী, আশ্চর্য্যলাবণ্যযুক্ত, সর্ষবিধ মধুর-
 তায় পরিপূর্ণ, বিচিত্র হাঁসভাবপূর্ণ, অপূর্ষ
 সুন্দর ও স্নিগ্ধ, অধিক কি যাবতীয় আশ্চর্য্য-
 ময় প্রমদা-সমূহকে দেখিতে পাইলেন।

দৃষ্টা তৎপরমাশ্চর্য্যাঃ চিন্তয়ন্তী হৃদা কিম্বং ।
 পাদানুষ্ঠেনালিখন্তী ভুবং নজ্ঞাননা স্থি তা ॥৮৬
 ততস্তাসাং সম্মোহভূদ্বদ্বীনাঞ্চ পরম্পরম্ ।
 কেয়ং মদীয়জাতীয়চিরেণ স্তস্তকৌতুকী ॥৮৭
 ইতি সর্ষাঃ সমালোক্য জ্ঞাতব্যোয়মিত্ত ল্পম্
 আময়্য মজ্ঞগাভিজাঃ কৌতুক স্ফটুমাগতাঃ ।
 আগত্য তাসামেকাথ নাস্য প্রিয়মুদা মতা ।
 গির্যামধুরয়া স্ত্রীত্যা তামুবাচ মনস্বিনী ॥ ৮৯
 প্রিয়মুদোবাচ ।
 কাসি তৎ কস্য কস্যাসি কস্য ত্বঃ প্রাপবল্পভা ।
 জাতা কুন্তাসি কেনামিগ্নানীতা বাগতা স্বয়ম্ ।
 এতচ্চ সর্ষমস্মাকং কথ্যতাং চিন্তয়া কিমু ।
 স্থানেহস্মিন পরমানন্দে কস্যাপি তুঃখমিন্তি কিম্
 ইতি পৃষ্টা তয়া সা তু বিনয়াবনতিং গতা ।
 উবাচ সুশ্বরং তাসাং মোহয়ন্তী মনাসি চ ॥৯২
 অর্জুন উবাচ ।
 কা বাস্মি কস্তা বা কস্থা প্রজাতা কস্য বলভা ।

তাদৃশ পরমাশ্চর্য্য দর্শনে মনে মনে চিন্তিত
 হইলেন ও কিছুক্ষণ নন্তমুখী হইয়া পাদানুষ্ঠ
 ষায়া যুক্তিকা ঘর্ষণ করিতে লাগিলেন। ৭৪—
 ৮৪ এদিকে সেই নারীমণ্ডলী পরম্পর। মূখ-
 দর্শন করিতে থাকিয়া 'আমাদের সজাতীয়া
 এ নারী কে? কোথা হইতেই বা আসিল?
 ইহা জ্ঞানিতে হইবে।' এ বিষয়ে কৌতুকিনী
 হইয়া সকলেই তাহার সন্নিধানে আসিল
 এবং তাহাদের মধ্যে প্রিয়মুদানারী এক
 মনস্বিনী রমণী মধুরবাক্যে সেই পূর্ষদৃষ্টা
 নারীকে বলিতে লাগিল। প্রিয়মুদা কহিল,
 হে রমণি! তুমি কে, কাহার কস্তা, কাহারই
 বা প্রেয়সী, কোথায় জন্মিয়াছ, কে তোমার
 প্রধানে আনিল, স্বয়ং বা আসিয়াছ? এই
 সমুদয় আত্মদিককে বল; চিন্তায় প্রয়োজন
 নাই। এই পরমানন্দকর স্থানে কাহারও
 কিছু তুঃখে বিষয় নাই। তখন রমণীরাপী
 অর্জুন এইরূপে জিজ্ঞাসিত হইয়া বাস্তবর্থে
 সকলকে মোহিত করিয়া অতি বিনীতভাবে
 বলিলেন। অর্জুন কহিলেন, আমি কে, কাহার

আনাতা কেন বা চাজ কিংবাধ শ্রমমাগতা ।২৩
 এতৎকিঞ্চিন্ন জানামি দেবী জানাতি তৎ পুনঃ
 কথিতং জয়তাং তন্মে মধাক্যে প্রত্যয়ো যদি
 অশ্ৰেব দক্ষিণে পার্শ্বে একমাস্তে সরোবরম্ ।
 তজ্জাহঃ স্নাতুমারাতা জাতা তজ্জৈব সংস্থিতা ।২৫
 বিষমোৎকর্ষিত্তা পশ্চাৎ পশ্চাত্তী পরিতো দিশম্
 একমাকাশসমুতং ধ্বনিমশ্রোষমকুতম্ ॥ ২৬
 অনেনৈব পথা সুভ্র গচ্ছ পূর্নসরোবরম্ ।
 উপস্থ্য জলঃ তস্য সাধয়ষ মনোরথম্ ॥ ২৭
 তত্র সন্তি হি সখ্যাস্তে মা সৌধ বরবর্ণিনি ।
 তা হি সম্পাদয়িষ্যস্তি তত্র তে বরমৌপ্সম্ ॥
 ইত্যাকর্ণ্য বচন্ত্য তত্শ্রাদত্বে সমাগতা ।
 বিষাদহর্ষপূর্ণাচ্চা চিন্তাকুলসমাকুলা ॥ ২৯
 আগতাস্ত জলঃ স্পষ্টা নানাবিধশুভধ্বনিম্ ।
 অশ্রোষক্ ততঃ পশ্চাদপশ্যঃ ভবতীঃ পরাঃ ॥

এতন্মাত্ৰঃ বিজ্ঞানামি কারেন মনসা গিয়া ।
 এতদেব ময়া দেব্যাঃ কথিতং যদি যোচতে ।
 কা যুঃ তদুজ্জাঃ কেবাঃ ক জাতাঃ কশ্চ বলভাঃ
 তচ্ছুভা বচনং তস্তাঃ সা বৈ প্রিয়মুদ্রাবীণ্য ॥
 প্রিয়মুদ্রাবাচ ।
 অশ্বেবং প্রাণসখ্যাঃ স্ম তশ্চৈব চ বদং শুভে ।
 বৃন্দাবনকলানাত্ৰ-বিহারদায়িকাঃ স্মথম্ ॥ ১০০
 তা আশ্রয়দিতাস্তেন ব্রজবালা ইহাগতাঃ ।
 এতাঃ শ্রুতিগণাঃ খ্যাতা এতাশ্চ মুনয়স্তথা ।
 বদং বলববালা হি কথিতাস্তে স্বরূপতঃ ॥ ১০৪
 অত্র রাধাপতেরঙ্গাৎ পূর্বা যাঃ প্রেমসৌতমাঃ ।
 নিত্যা নিত্যবিহারিণ্যা নিত্যকলিত্তুবশচরাঃ
 এষা পূর্ণরসা দেবী এষা চ রসমহুয়া ।
 এষা রসালয়া নাম এষা চ রসবল্লরী ।
 রসপীযুষধারেয়মেষা রসতরঙ্গিণী ॥ ১০৬
 রসকল্লোলিনী চেবা ইয়ঞ্চ রসবাণিকা ॥

কস্তা, কাহার প্রিয়তমা, কেবা আমার
 এখানে আনিল কিংবা শ্রমই আসিয়াছি ;
 এ সকল আমি কিছুই জানি না। দেবীই
 সমুদয় জানেন, তিনি যেমন বলিয়াছেন,
 আমি তাহা বলিতেছি। যদি আমার বাক্যে
 বিশ্বাস কর, এই সরোবরের দক্ষিণ পার্শ্বে
 এক সরোবর আছে, তথায় আমি স্নানার্থ
 আসিয়াছিলাম ইহাই জানি। ১৮—১৫।
 তখন সাত্তশয় উৎকর্ষিত্তা হইয়া চতুর্দিকে
 দৃষ্টি সকালন করিতেছি; এই সময় এক
 অপরূপ আকাশবাণী শ্রবণ করিলাম যে,
 সুন্দরি! তুমি এই পথ ধরিয়াই পূর্ন সরো-
 বরে গমন কর, তাহার জলে আচমন
 করিয়া শাভিলাষ সিদ্ধ কর এবং তথায়
 তোমার সখীদিগকে দেখিতে পাইবে; বিষয়
 হইও না; তাঁহারাই তোমার অস্তিত্তিসিদ্ধ
 করিবেন। এই আকাশবাণী শুনিয়াই আমি
 এখানে আসিয়াছি। আমার অন্তর বিষাদ
 ও হর্ষে পরিপূর্ণ। আমি নিতান্ত চিন্তিত
 হইয়াছি এবং এখানে আসিয়া জল স্পর্শ
 করিবামাত্র নানাবিধ মঙ্গলশব্দ শুনিয়াছি,

অনন্তর তোমাদিগকে দেখিতেছি। আমি
 কায়মনোবাক্যে বলিতেছি, ইহাই জানি
 আর কিছুই জানি না; ইহাতে তোমাদের
 অবশ্য বিশ্বাস হইতেছে, এক্ষণে আমি
 জিজ্ঞাসা করি তোমরা কে? কোথায় জন্মি-
 য়াছ? কাহার কস্তা? কাহার পত্নী? বল
 রমণীরূপী অর্জুনের এবংবধ বাক্য শুনিয়া
 সেই প্রিয়মুদ্রাই পুনরায় বলিতে লাগিল।
 প্রিয়মুদ্রা বলিল,—হে শুভে! তুমি যাহা
 বলিলে তাহা ঠিক। ইহার। সেই বৃন্দাবন-
 বিহারী গোবিন্দের প্রাণপ্রয়া সখী ব্রজবালা,
 আর ইহারা শ্রুতিনিচয়, ইহার। মূনিগণ
 আর আমার। যে গোপিকা ইহা যথার্থই
 বলিলাম। পূর্বে রাধাবল্লভের অতিপ্রিয়তমা
 নিত্যবিহারস্থলে র সহচরী যে বয়জন
 শক্তিরূপী গোপিকার নাম শ্রবণ করিয়াছ,
 তাঁহার। নিত্যমুর্তি বলিয়াই আজ এখানেও
 বিরাজ করিতেছেন। ইহাদের নাম নির্দেশ
 করিয়া পড়িচয় বলিতেছি। ১৬—১০৫।
 এই পূর্ণরসা দেবী, ইনি রসতরঙ্গিণী, ইনি
 রসকল্লোলিনী, ইনি রসবাণিকা, ইনিই

অনঙ্গসেনা এঐষব ইয়ঞ্চানঙ্গমালিনী ॥ ১০৭
 মদয়ন্তী ত্রিয়ং বালা চৈষা চ রসবিহ্বলা ।
 ইয়ঞ্চ ললিতা নাম ইয়ং ললিতযৌবনা ॥ ১০৮
 অনঙ্গকুসুম চৈষা ইয়ং মদনমঞ্জরী ।
 এষা কলাবতী নাম ইয়ং রতিকলা স্মৃতা ॥
 ইয়ং কামকলা নাম ত্রিয়ং হি কামদায়িনী ।
 রতলোলা ত্রিয়ং বালা চেয়ং বালা রতোৎসুকা
 এষা চ রতিসর্কষা রতিচিন্তামণিসৌ ।
 নিত্যানন্দা কাচিদেযা নিত্যপ্রেমরসপ্রদা ॥
 অতঃপরং ঞ্চিতগণাঙ্কাসাং কাশ্চিদিমাঃ শৃণু ।
 উদগীতৈষা স্মৃগীতয়ং কলগীতা ত্রিয়ং প্রিয়া ॥
 এষা কলসুন্দরখাতা বালেয়ং কলকাণ্ঠিকা ।
 বিপক্ষীঃ ক্রমপদা হেযা বহুহতা মতা ॥ ১১৩
 এষা বহুপ্রয়োগেয়ং খাতা বহুকলাবলা ।
 ইয়ং কলাবতী খাতা মতা চৈষা ক্রিয়াবতী ॥
 অতঃপরং মুনিগণাঙ্কাসাং কৃতিপদা ইহ ।
 ইয়মুগ্রতপা নাম এষা বহুগুণা স্মৃতা ॥ ১১৫

এষা প্রিয়ব্রতা নাম সুব্রতা চ ইয়ং মতা ।
 সুরেখয়ং মতা বালা সুপক্কেয়ং বহুপ্রদা ॥ ১১৬
 রতুরেখা ত্রিয়ং খাতা মণিগ্রীবী হসৌ মতা ।
 সুপর্ণা চেয়মাকলা সুকলা রতুমালিকা ॥ ১১৭
 ইয়ং সৌদামিনী সুক্রিয়য়ঞ্চ কামদায়িনী ।
 এষা চ ভোগদা খাতা ইয়ং বিধমতা সতী ॥
 এষা চ ধারিণী ধাতী সুরমেধা কাঙ্কিরপ্যসৌ ।
 অপর্ণেযা সুপর্ণেয়ং মতেযা চ সুলক্ষণা ॥ ১১৯
 সুদতীয়ং গুণবতী চৈষা সৌকলিনী মতা ।
 এষা সুলোচনা খাতা ত্রিয়ঞ্চ সূমনাঃ স্মৃতা ॥
 অক্ষতা চ সুশীলা চ রতিসৌখ্যপ্রদায়িনী ॥ ১২১ ॥
 অতঃপরং গোপবালা বয়ঃক্রমগতাঃ য়াঃ ।
 তাসাঞ্চ পরিচী যন্তাঃ কাশ্চিদসুকহাননে ।
 অসৌ চন্দ্রাবলী চল্লিকৈয়ঞ্চৈষা শুভা মতা ।
 এষা চন্দ্রাবলী চল্লিরেখয়ং চল্লিকাপ্যসৌ ॥
 এষা খাতা চন্দ্রমালা মতা চন্দ্রাবলী ত্রিয়ম্ ।
 এষা চল্লপ্রভা চল্লিকলেয়মবলা স্মৃতা ॥ ১২৩

অনঙ্গসেনা, ইনি অনঙ্গমালিনী আর এই
 বালিকা মদয়ন্তী, ইনি বিহ্বলা, ইনি ললিতা,
 ইনি ললিতযৌবনা, এই দেবী অনঙ্গকুসুমা
 ইনি মদনমঞ্জরী, ইহার নাম কলাবতী,
 ইহাকে লোকে রতিকলা বলে, ইনি কাম-
 কলা, ইনি কামদায়িনী, এই বালিকা
 রতলোলা, এই বালিকা রতোৎসুকা, ইহার
 নাম রতিসর্কষা, ইনি রতিচিন্তামণি এবং
 ইনি নিত্যপ্রেমরস প্রদান করেন বলিয়া
 নিত্যানন্দা নামে অভিহিতা হন। অতঃপর
 যে ঞ্চিতগণের উল্লেখ করিয়াছি। তাঁহাদের
 মধ্যে অগ্রবর্তিনী কতকগুলির নাম নির্দেশ
 করিতেছি, শ্রবণ কর। ইনি উদগীতা, ইনি
 কলগীতা, আর ইহার নাম কলসুন্দা, এই বালা
 কলকাণ্ঠিকা, ইনি বিপক্ষী, ইনি ক্রমপদা,
 ইনি বহুহতা, ইনি বহুপ্রয়োগা, আর এই
 অবলা বহুকলা, ইনি কলাবতী ও ইনি ক্রিয়া-
 বতী নামে খাতা। অতঃপর যে মুনিগণ
 ব্রহ্মস্কিতে নিত্য প্রভুর পার্শ্বে, তাঁহাদেরও
 নাম বলিতেছি। ইহার নাম উগ্রতপা, ইনি

বহুগুণা, ইহার নাম প্রিয়ব্রতা, ইনি সুব্রতা,
 এই বালা সুরেখা, ইহার নাম সুপর্ণা, আর
 ইহাকে বহুপ্রদা বলে। ১০৬—১১৬। ইনি
 রতুরেখা নামে খাতা, ইহার নাম মণিগ্রীবী,
 ইনি সুকলা, ইনি আকলা, ইনি সুপর্ণা,
 ইনি রতুমালিকা, এই সুক্রয় নাম সৌদা-
 মিনী, ইনি কামদায়িনী, ইহার নাম
 ভোগদা, ইনি বিধমতা, আর এই চারি
 জনের নাম ধারিণী, ধাতী, সুরমেধা ও কাঙ্কি ।
 ইনি অপর্ণা, আর এই সুলক্ষণা নামী সুপর্ণা-
 নামে অভিহিতা হন। আর এই তিন ব্রহ্ম-
 গীর নাম সুদতী, গুণবতী ও সৌকলিনী
 জানিবে, ইহার নাম সুলোচনা, ইহার নাম
 সূমনা, ইনি অক্ষতা, ইনি সুশীলা, ইনি
 রাতকালে সুখ প্রদান করেন বলিয়া রতি-
 সুখদায়িনী। অতঃপর আমরা গোপবালা
 যে কয়জন এখানে রহিয়াছি, হে পদ্মমুখি !
 তাহাদেরও পরিচয় বলিতেছি শুন। ইনি
 চন্দ্রাবলী, ইনি চল্লিকা, ইনি চল্লিরেখা,
 ইহার নাম চন্দ্রমালা, ইনিও চন্দ্রাবলী, ইনি

এষা বর্ণাবলী বর্ণমালয়ঃ মণিমালিকা । ১২৪
 মল্লীয়ঃ নবমল্লীয়মসৌ শেফালিকা শুভা ।
 বর্ণপ্রভা সমাখ্যাতা সুপ্রভেয়ঃ মণিপ্রভা । ১২৫
 ইয়ং হারাবলী তার্ন-মালিনীয়ঃ শুভা মতা ।
 মালতীরমিয়ঃ যুধী বালস্তী নবমল্লিকা । ১২৬
 সৌগন্ধিকেষু কল্লুরী পদ্মিনীয়ঃ কুমুদতী ।
 এষেব হি রসোজ্জা চিত্তবৃন্দাবনা স্বয়ম্ । ১২৭
 রঞ্জেয়মুকুলী ঠৈষা সুরেখা স্বর্ণরেখিকা ।
 এষা কাঞ্চনমালয়ঃ শতসম্ভৃতিকা পরা । ১২৮
 এভাঃ পল্লিকৃতাঃ সর্বাঃ পরিচোয়পরা অপি ।
 সহিতান্ভিরেতাভিষিহরিয়্যাস ভামিনি । ১২৯
 এহি পূর্কসরস্তৌরে তত্র য়াং বিধিবৎ সাধ ।
 নাপথিযাথ দাস্তামি মন্ত্রঃ সিদ্ধিপ্রদায়কম্ । ১৩
 ইতি তঃ সহসা নীত্বা নাপথিত্বা বধানতঃ ।
 বৃন্দাবনকলানাধ-প্রেয়স্বা মন্ত্রমুত্তমম্ । ১৩১
 গ্রাহয়ামাস সজ্জেকপাদীক্যবিধিপুরঃসরম্ ।

পয়ঃ বরুণবীজস্ত বহুবীজপুষ্পস্বতম্ । ১৩২
 চতুর্থশ্বরস যুক্তং নাদিবিন্দুবিকৃষিতম্ ।
 পুটিতং প্রণবাত্যাক্ষ ত্রৈলোক্যে চাতিত্বলভম্
 মন্ত্রগ্রহণমাত্রেণ সর্বসিদ্ধিঃ প্রজায়তে ।
 পুরশ্চর্য্যাবিধিধানং হোমঃ সখ্যাজপস্ত চ ।
 তপ্তকাঞ্চনগোয়াক্তৌঃ নানালঙ্কারকৃষিতাম্ ।
 আশ্চর্য্যরূপলাবণ্যং সুপ্রসন্ন্যং বরপ্রদাম্ । ১৩৫
 কল্লাস্টৈঃ করবীরাদৈশ্চম্পকৈঃ সরসীকঠৈঃ ।
 মুগন্ধিকুসুমৈরস্তৈঃ সৌগন্ধিকসমাবৃতৈঃ । ১৩৬
 পাদ্যার্থ্যাচমনীয়ৈশ্চ ধূপদীপৈশ্চনোহষ্টৈঃ ।
 নৈবেদৈর্দার্ববিদৈর্দেবৈঃ সাধবৃন্দাচ্ছতেষুলা ।
 সম্পূজ্য বিধিবদেবীং জপ্ত্বা লক্ষমিদং ততঃ ।
 হত্বা চ বিধিনা স্ত্যথা প্রণম্য দগুবভুবি । ১৩৮
 ততঃ সা সংস্ততা দেবী নিমেষরহিতান্তরা ।
 পরিকল্প্য নিজাং ছায়াং মায়ায়া তৎসমীহয়া ।
 পাশ্বেৎথ প্রেয়সীঃ তত্র স্থাপয়িত্বা বলাদিব ।

চন্দ্রপ্রভা, এই অরলা চন্দ্রকলা, ইনি বর্ণা-
 বলী, ইনি বর্ণমালা, ইনি মণিমালিকা, ইহার
 নাম মল্লী, ইনি নবমল্লী, ইনি শেফালিকা,
 ইহার নাম বর্ণপ্রভা, ইনি সুপ্রভা, ইনি মণি-
 প্রভা, ইনি হারাবলী, ইনি তারামালিনী ;
 আর এই আটটা রমণীর নাম যথাক্রমে
 মালতী, যুধী, বাসন্তী, নবমল্লিকা, সৌগন্ধিকা,
 কল্লুরী, পদ্মিনী ও কুমুদতী । ইনি রসোজ্জা,
 ইনি চিত্তবৃন্দাবনা । ইনি উর্ধ্বলী, ইনি
 রক্তা, ইনি সুরেখা, ইহঁর নাম স্বর্ণরেখিকা
 ইনি কাঞ্চনমালা, আর শতসম্ভবন বলিয়া
 ইহার নাম হইয়াছে শতসম্ভৃতিকা ।
 ১১৭—১২৮ । তোমাকে এই কতক রমণী
 পরিচয় দিলাম ; পরে আরও সকলের পর-
 চয় জানিতে পারিবে । হে ভামিনি । আমা-
 দেয় সাহস্ৰ এখানে বিহার করিতে থাক ।
 হে সাধি । আইস তোমাকে পূর্বসরোবরে
 স্নান করাইয়া সিদ্ধিদায়ক মন্ত্র প্রদান করি-
 তেছি । এই বলিয়া প্রিয়মুদা সহসা নারী-
 রূপী অর্জুনকে স্নান করাইয়া বৃন্দাবননাথের
 প্রধান প্রেয়সীর উত্তম মন্ত্রটা দীক্ষিত-

বিধানে উপদেশ দিলেন,—যে মন্ত্রের অর্থে
 বহুবীজ, শেষে বরুণবীজ এবং নাদিবিন্দু-
 শোভিত চতুর্থশ্বরের যোগ আছে, সেই
 ওঙ্কারপুটিত মন্ত্রটা গ্রহণ মাছেই জীবের
 সর্বসিদ্ধি লাভ হয় । ঐ সন্ধে মন্ত্রের পুর-
 শ্চরণবিধি, হোমবিধি ও জপসংখ্যা নিয়মদিগ
 বিবৃত করিলেন । তখন নারীরূপী অর্জুন
 তদীয় উপদেশানুসারে তপ্তকাঞ্চনের স্তায়
 গৌরান্বী নানা অলঙ্কারে বিভূষিতা আশ্চর্য্য-
 রূপ-লাবণ্য যুক্তা বরদায়িনী সর্বদা প্রসন্ন
 পরমা দেবীকে কল্লাস্ট চম্পক করবীর পদ্ম
 সৌগন্ধিক প্রভৃতি যাবতীয় সুগন্ধি পুষ্পধাত্রা
 এবং পাদ্যর্থা আচমনীয় মনোহর ধূপ দীপ
 ও স্থাজনকর্ষুক সংগৃহীত নানাধিবে নৈবে-
 দ্যাদ উপচারে যথাবিধানে পূজ্য, লক্ষসংখ্যক
 মন্ত্রজপ ও শাস্ত্রীয় হোম ও বিবিধ স্তব
 করিয়া কৃতলে দগুবৎ প্রণাম করিলেন ।
 যে দেবী পূর্বে অন্তহিতা হইয়া মায়াবলে
 প্রিয়তমা স্বরূপে মাত্র রাখিয়াছিলেন, তিনই
 তখন এইরূপে পূজ্য স্তব জপ ও সম্ভক্তি
 প্রণামাদিতে বসীভূত হইয়া অর্জুনের প্রীতি

স্বীকৃতিরূপে হস্তী শুক্লৈঃ পূজাক্রপাদিভিঃ ।
 শুভৈবৈৰ্কৃত্যা প্রণামৈশ্চ কৃপয়াবিরকৃত্তনা ॥
 হেমচম্পকবর্ণাভা বিচিত্রাভরণোচ্ছল ।
 অঙ্গপ্রত্যঙ্গলাবণ্য-লালিত্যমধুরাকৃতিঃ ॥ ১৪১
 নিকলকম্পকংপূর্ণ-কলানাথশুভাননা ।
 স্নিগ্ধমুগ্ধস্মিতালোক-জগজ্জয়মনোহরা ॥ ১৪২
 নিজয়া প্রভয়াভ্যাস্তং দ্যোত্যস্তী দিশো দশ ।
 অত্রবীদপি সা দেবী বরদা ভক্তবৎসলা ॥ ১৪৩
 দেবুবাচ ।
 মৎসখীনাং বচঃ সত্যং তেল ত্বং মে প্রিয়া সখি
 সমুদ্ভিত্ত সমাগচ্ছ কামং তে সাধয়াম্যহম্ ॥ ১৪৪
 অর্জুনৌ সা বচো দেব্যাঃ শ্ৰুত্বা চান্মননীবতম্
 পুলকাকুলমুগ্ধাঙ্কী বাস্পাকুলবিলোচনা ॥ ১৪৫
 পপাত চরণে দেব্যাঃ পুনশ্চ প্রেমবিহ্বলা ।
 ততঃ প্রিয়ংবদাং দেবী সমুবাচ সখীমিমাম্ ॥
 দেবুবাচ ।

পাণৌ গৃহীত্বা মৎসঙ্গে সমাশ্রান্ত্য সমানয় ॥ ১৪৬

কৃপাবশতঃ তদীয় মনোরথ-পূরণের জন্ত
 পুনরায় প্রকাশ পাইলেন। তাঁহার রূপ,
 সুবর্ণচম্পকের ছায় কাশিস্ত সম্পন্ন, তিনি
 বিচিত্র আভরণে অলঙ্কৃত, তদীয় অঙ্গ-
 প্রত্যঙ্গে লাবণ্য ও লালিত্য থাকায় বড়ই
 আকৃতির মাদুর্ঘ্য প্রকাশ পাইতেছে, তদীয়
 আশন কলঙ্কহীন শশধরের ছায় শোভা
 পাইতেছে এবং সুন্দর মুহূর্ত্তে ত্রিভুগতের
 মনোমোহন করিতেছে। তিনি নিজদেহপ্রভায়
 দশদিক্ উদ্ভাসিত করিতেছেন। তখন সেই
 ভক্তবৎসলা বরদায়িনী দেবী বলিতে ল গি-
 লেন। দেবী কহিলেন,—হে সুন্দার ।
 আমার সখীয়া যাহা বলিয়াছে তাহা সত্য,
 তুমি আমার প্রিয়সখী হইলে, উঠ আইস,
 তোমার অভীষ্ট সাধন কর। তখন
 অর্জুনের নিজের অঙ্গকুল তাদৃশ দেবীবাচ্য
 শ্রবণ করিয়া গাজে ভোমারু ও নয়নযুগল
 আনন্দবাস্পে পূর্ণ হইল এবং স্বয়ং প্রেমে
 বিহ্বল হইয়া দেবীচরণে পুনরায় নি-
 তিত হইলেন। উদ্বর্ণনে দেবী অস্ত্রতমা সখী

ততঃ প্রিয়ংবদা দেব্যা আঞ্জয়া জাতসন্নম ।
 তাং তথৈব সমাদায় সঙ্কে দেব্যা জগামি হ ॥
 গম্বোত্তরসরস্বতীয়ে শ্রাপয়িত্বা বিধানতঃ ।
 সঙ্কল্পাদিকপূর্ব্বক পূজয়িত্বা যথাবধি ॥ ১৪২
 শ্রীগোকুলকলানাথ-মন্ত্রং তচ্ছ সুসিদ্ধিদম্ ।
 গ্রাহয়ামাস তাং দেবী কৃপয়া হরিবল্লভা ॥ ১৫০
 ত্রহং গোকুলনাথায়্যং পূর্ব্বং মোহনকৃষিতম্ ॥
 সর্কাসিদ্ধিপ্রদং মন্ত্রং সর্কতম্বেষু গোপনতম্ ॥ ১৫১
 গোবিন্দগীত্রবিজ্ঞাসৌ দদৌ ভক্তিমচকলায় ।
 ধ্যানঞ্চ কথিতং তন্তৈ মন্ত্ররাজঞ্চ মোহনম্ ।
 উক্তঞ্চ মোহনে তম্ভৈ স্মৃতিরপ্যস্ত সিদ্ধিদা ।
 নীলোৎপলদলশ্রামং নানালঙ্কারভূষিতম্ ।
 কোটিকন্দর্পলাবণ্যং ধ্যায়েজ্জোসরসাকুলম্ ।
 প্রিয়ংবাদামুবাচেনং রহঃসম্পাদিতোচ্ছয়া ॥ ১৫৩

প্রিয়ংবদাকে বলিলেন। দেবী কহিলেন,—
 তুমি এই নৃত্যনা সখীকে বিশেষ আশ্রিতা
 করিয়া হাতে ধরিয়া আমার সমভিব্যাহারে
 লইয়া আইস। তখন প্রিয়ংবদা দেবীর
 আদেশে ত্রাবতী হইয়া অর্জুনকে লইয়া
 দেবীর সঙ্গে চলিল এবং উত্তরসরোবরের
 তীরে শাস্ত্রবিধানে স্নান করাইয়া পূর্ব্ববৎ
 সঙ্কল্পাদিপূর্ব্বক পূজা করাইলেন। ১২২—১৪২।
 হরিপ্রিয়াদেবী তাঁহার প্রতি কৃপা করিয়া
 শ্রীগোকুলচন্দ্রের সিদ্ধিদায়ক মন্ত্র ও
 গোকুলনাথ নামক সুন্দর ত্রত উপদেশ
 দিলেন, যে মন্ত্রে সর্কাসিদ্ধি লাভ হয় ও
 যাহা সমুদয় তম্ভৈ গোপনীয় আছে।
 গোবিন্দের গানকারিণী দেবী তাঁহাকে
 গোবিন্দেব প্রতি অশ্রী ভক্তি দিলেন
 ও তদীয় ধ্যান ও মন্ত্ররাজ বলিলেন,
 —যাহার স্মরণমাতেও সিদ্ধি হয় বলিয়া
 মোহন তম্ভৈ কথিত আছে। তিনি প্রিয়ং-
 বদাকে গোপনে ডাকিয়া বলিয়া দিলেন, যেম
 নৃত্যন ভক্তা—ভগবানকে মীলকমলের ছায়
 শ্রামল নানা অলঙ্কারে অলঙ্কৃত কোটি কা-
 দেবের লাবণ্যধারী ও রাসকীর্তায় নিহত

রাধিকোবাচ ।

অস্তা যাবদভবেৎ পূর্ণা পুরন্দরগমুত্তমম্ ।
 তাবাক্তি পালয়েনান্ ত্বং সাবধানা সহালতিঃ ॥
 ইত্যুক্তা সা যযৌ কৃষ্ণ-পাদাঙ্কহসপ্রিধিম্ ॥
 ছায়াম'য় ত্ব যাস্ত প্রেয়সীমাং নিধায় চ ।
 তসৌ তত্র যথা পূর্বং রাধিকা কৃষ্ণবল্লভা ॥ ১১৫
 অত্র প্রিয়ং বদাদেশাৎ পদ্মমষ্টদলং স্তমম্ ।
 গোরোচনাভির্শর্খায় কুন্তুমেনাপি চন্দনৈঃ ॥
 এতিনানাবিধৈর্জ্যৈঃ সশ্মশ্রৈঃ সিদ্ধিদায়কম্ ।
 লিখিষ্যঃ যজ্ঞগাজক শুক্লং মন্ত্রং তমভুতম্ ॥ ১১৭
 কৃত্বা স্তানাদিককর্ণাং পাদ্যকাপিঁ যথাবিধি ।
 নানর্জুগন্তবৈঃ পুটেপঃ কুন্তুমেয়শি চন্দনৈঃ ॥
 ধূপদীপেচ নৈবেদৈস্তাস্ত্রলৈর্ধূষবাসনৈঃ ।
 বাসোহলঙ্করমাতৈশ্চ সম্পূজ্যা নন্দনন্দনম্ ॥
 পরিবারৈঃ সমং সর্কৈঃ সাযুধক্ সবাহনম্ ।
 ত্বয়া প্রণমা বিধিবচ্চেতসা স্মরণং যযৌ ॥ ১৬০

আছেন বুকিয়া ধ্যান করে । আরও তোমায় বলিতেছি । রাধিকা বলিলেন,—ইহার যেকাল পর্য্যন্ত উত্তমরূপে পুরন্দরগ পূর্ণ না হয়, তাবৎ তুমি সখীগণের সহিত সাবধানে প্রজ্ঞাপ কর । এই কথা বলিয়া রাধিকা প্রিয়তমা সখীদের প্রতি নিজ ছায়ামাত্র রাখিয়া ক্রীকৃষ্ণের চরণকমল উদ্দেশে গমন করিলেন, তথায় যাইয়া পূর্বমত কৃষ্ণপ্রিয়া রাধিকা হইয়াই থাকিলেন । ১৫০—১৫৫ । এদিকে নারীরূপী অর্জুন প্রিয়ংবদার আদেশে গোরোচনা, কুন্তু ও চন্দন প্রস্তুতি নানা অঙ্গুলেপনক্রব্য দ্বারা অষ্টদলপদ্ম নির্মাণ করত তন্মধ্যে বিশুদ্ধ যন্ত্র ও তাগর মধ্যে ইষ্ট মন্ত্রটী লিখিলেন এবং স্তানাদি করিয়া যথাবিধানে পাদ্য, অর্ঘ্য, নানা ঋতু-সজ্জত পুষ্প, চন্দন, কুন্তু, ধূপদীপ, নৈবেদ্য, মুখ-সৌগন্ধকারী তাম্বুল, বিচিত্র বস্ত্র অলঙ্কার ও মাল্য প্রস্তুতি অশেষ উপচার দ্বারা বাহন অস্ত্র ও পরিবারগণের সহিত নন্দনন্দন ক্রীকৃষ্ণকে পূজা করিলেন । শেষে স্তব করিয়া প্রণাম করত মনে মনে সেইরূপটী স্মরণ

ততো ভক্তিবশো দেবো যশোদানন্দনঃ প্রভুঃ
 শ্মিতাবলোকিতাপাঙ্গ-তরলিতভরেজিতম্ ॥
 উবাচ রাধিকাং দেবী তামানয় ইহাশু চ ॥ ১৬১
 আজ্ঞপ্তা চেব সা দেবী প্রস্থাপ্য শারদাং সখীম্
 তামানিনায় সহসা পুরো রাসসরসাননম্ ॥ ১৬২
 ক্রীকৃষ্ণস্ত পুরস্তাৎ সা সমেত্য প্রেমবিহ্বলা ।
 পশাত কাঞ্চনীভূমৌ পশুন্তী সর্কমঙ্কুতম্ ॥ ১৬৩
 কুন্তুাৎ কথাকুত্থায় শর্কনকুম্মীল্য লোচনে ।
 শ্বেদাঙ্কপুলকোৎকম্প-ভবিভারাকুলা সতী ॥
 দদর্শ প্রথমং তত্র স্থলং চিত্রং মনোরমম্ ॥ ১৬৫
 ততঃ কল্পতরুস্তত্র লসস্মরকতচ্ছদঃ ।
 প্রবালপল্লবৈর্ধূক্ৰুঃ কোমলো হেমদণ্ডকঃ ॥ ১৬৬
 ফটিকপ্রবালমূলশ্চ কামদঃ কামসম্পদাম্ ।
 প্রার্থকাভীষ্টকলদস্তাস্থাষো রত্নমন্দিরম্ ॥ ১৬৭
 রত্নসিংহাসনং তত্র তত্রোষ্টদলপদ্মকম্ ॥
 শঙ্খপদ্মনিধী তত্র সব্যাপসব্যাসংস্থিতৌ ॥ ১৬৮

করিতে লাগিলেন । তখন যশোদানন্দন ভগবান্ ভক্তিতে বশীভূত হইয়া সহাস্ত অপাঙ্গচালনে ইঙ্গিত করিয়া পার্শ্ব-বর্তিনী ক্রীরাধাকে বলিলেন,—শীঘ্র সেই নূতন ভক্তাকে এখানে আনয়ন কর । রাধিকা ক্রীকৃষ্ণের আজ্ঞায় নিজসখী শারদাকে পাঠাইয়া তাঁহাকে আনয়ন করিলেন । অর্জুন ক্রীকৃষ্ণের সম্মুখে আসিয়া সমুদয় শা ব্যাপার দেখিয়া প্রেমে অবশ হইয়া ভূমিতে নিপতিত হইলেন, পরে কষ্টক্রমে উঠিয়া মুহূর্ত্তাবে নয়ন উন্মীলন করিলেন ও সাধিক ভাবের উদয়ে হর্ষ ও অঙ্গপ্রকাশে ভাবে বিভোর হইলেন । তথায় প্রথম দেখিলেন,—বিচিত্র সুবর্ণময় স্থল, তাহাতে প্রার্থীর যাবৎ প্রার্থনাপুরক এক কল্পবৃক্ষ রহিয়াছে, তাহার পাতা মরকত মণির, প্রবাল সকল পল্লবস্থান অধিকার করিয়াছে, তাহার দণ্ডটী সোণার, মূলদেশ ফটিক ও প্রবালময় । তাহার ভলদেশে-ভক্তের অভীষ্টপ্ৰদ রত্ননির্মিত মন্দির, তন্মধ্যে রত্ন-সিংহাসন, তদুপরি অষ্টদল পদ্ম, তাহাতে শঙ্খ

চতুর্দিক্ বধাস্থানে সহিত। কামধেনবঃ ।
 পরিভো নন্দনোদ্যানং মলয়ানিলসেবিতম্ ।
 ঋতুনাং চৈব সর্বেষাং কুসুমানাং মনোহরৈঃ ।
 আর্বোদৈর্কালিতঃ সর্বঃ কালাঙ্করুপরাজিতম্ ।
 মকরলক্ষণাশ্ৰুষ্টি-নীতলং স্তম্বনোহরম্ ॥ ১৭০ ॥
 মকরলক্ষণসাম্বাদ-মস্তানাং ভূরযোষিতাম্ ।
 বৃন্দশো ঋতুভেদেঃ শব্দৈচ্চৈব মুখরিভাস্তরম্ ।
 কলকণ্ঠিকপোতানাং সায়িকান্তকযোষিতাম্ ।
 অস্তাসাং পত্রিকাস্তানাং কলনাদৈর্দিনাদিতম্ ॥
 নৃত্যৈশ্চন্দ্রময়ূরানামাকুলং স্রবর্ধনম্ ॥ ১৭১ ॥
 রশাস্বসেকসংস্কৃষ্ট-তমাজ্ঞনতমুদ্যতিম্ ।
 স্তম্ভনীলকুটিল-কষায়বাসিকুস্তলম্ ॥ ১৭২ ॥
 মদমস্তময়ূরান্য-শিখণ্ডাবন্ধচূড়কম্ ।
 ত্বঙ্গসেবিতসর্বোপ ক্রমপুষ্পাবতঃসকম্ ॥ ১৭৩ ॥
 লোশালকালিবিলসৎ-কপোলাদর্শকাশিনম্ ।

বিচিত্রতিলকোদ্যম-ভালশোভাবিরাজিতম্ ।
 তিলপুষ্পপতঙ্গেশ-চক্ষুঃশূলনাসিকম্ ।
 চাক্রবিধাধরং মন্দ-স্মিতদীপিতমমুগ্ধম্ ॥ ১৭৭ ॥
 বস্ত্রপ্রস্থনসঙ্কাশং ত্রেগ্রবেদকমনোহরম্ ।
 মদোদ্যমভ্রমদভ্রুঙ্গী সহস্রকৃতসেবয়া ॥ ১৭৮ ॥
 সুরক্ষমশঙ্কা রাজমুগ্ধপীনাংসকণ্ঠয়ম্ ।
 মুক্তাগরসুদয়বন্ধঃস্থলকৌস্তভূষিতম্ ॥ ১৭৯ ॥
 শ্রীবৎসলক্ষণং জাহ্নুলঘিবাভমনোহরম্ ।
 গম্ভীরনাভিপকণা ক-মধ্যমধ্যাতিসুন্দরম্ ॥ ১৮০ ॥
 সূজাতক্ষমসদৃশমদূরজাহ্নুশূলম্ ।
 কঙ্কণাঙ্গদমঞ্জারীভূষিতং ভূষণৈঃ পটৈঃ ॥ ১৮১ ॥
 পীতাংশুকলরাবিষ্ট-নিতম্বতটনায়কম্ ।
 লাঘণ্যরপি সৌন্দর্য্যোজ্জ্বিতকোটিমনোভবম্ ॥
 বেণুপ্রবর্তিতৈগীত-রাগৈরপি মনোহরৈঃ ।
 মোহয়ন্তং সুখান্তোষো মজ্জয়ন্তং জগত্শ্রয়ম্ ॥ ১৮৩ ॥

নিধি ও পদ্মনিধি পাশাপাশি রহিয়াছে।
 ১৫৬—১৬৮। আর দেখিলেন,—চতুর্দিকে
 বধাস্থানে কামধেনুরা বিচরণ করিতেছে।
 মলয়পবন-সেবিত নন্দনকাননের অতি
 আশ্চর্য্য সৌন্দর্য্য নিরীক্ষণ করিলেন; উহা
 সকল ঋতুর যাবতীয় পুষ্পের গন্ধে
 আমোদিত আছে। কালাঙ্কর চন্দনে
 সুরভিত্ত, পুষ্পমধুর ধারাবর্ষণে সুশীতল
 এবং মধুরসের আশ্বাদনে মস্তা ভ্রমরী-
 দের মধুরবন্ধারে শব্দিত ও কোকিল
 কপোত শুক সায়িকা প্রভৃতি বিহগ-
 গণের মধুরনিম্নে পরিপূর্ণ রহিয়াছে।
 কোণায়গু বা ময়ূরেরা মত্ত হইয়া নৃত্য
 করিতেছে, সেই মনোহর উদ্যানের শ্রীকৃষ্ণ
 রাসরসে রসিক হইয়া রহিয়াছেন। তাঁহার
 কান্তি তমালপত্রের স্তায়, তদীয় স্নিগ্ধ নীল
 কুটিল কুস্তলভার কষায় রসে স্নোগদীকৃত
 হইয়াছে এবং তিনি মদমত্ত ময়ূরের অঞ্জ-
 পুঙ্খ দ্বারা চূড়া বাঁধিয়াছেন, তাঁহার শিরো-
 ভূষণীকৃত কুসুমরাশিতে ভ্রমরে মধুপান
 করিতেছে, আর দর্পণের মত স্বচ্ছ গণ্ডস্থলে
 চঞ্চল স্নলকা প্রতিবিম্বিত হইয়াই শোভা

পাইতেছে। তদীয় বিচিত্র তিলকে ললাট
 শোভিত হওয়ায় স্বয়ং বিশেষ শোভিত হই-
 য়াছেন এবং তিলফুল ও শুঁকচক্ষুর স্তায়
 নাসিকা শোভা পাইতেছে। আমাদের সেই
 প্রভু বিধকলের মত মনোহর অধরে মুগ্ধ-
 মদ হাস্ত করিয়া অকামীরও কাম উদ্বোধন
 করিতেছেন। বনকুলের গ্রথিত কটীবেছে
 কিবা মধুর হইয়াছেন আর যে পারিজাত
 কুসুমের মালায় স্থল স্বকমুগল সুন্দর
 ভাব ধারণ করিয়াছে, সেই মালায় মদ-
 মত্ত সহস্র ভ্রমরী সৌরভে আকৃষ্ট হইয়া
 ঘুরিতেছে। যে কৌস্তভমণি প্রভুর
 বন্ধঃস্থলের শোভা বৃদ্ধি করিতেছে, সেই
 কৌস্তভের শোভা আবার মুক্তাহারে বৃদ্ধি
 পাইতেছে। প্রভুর বাহ্যুগল আজাহ্নুলঘিত,
 নাভি অতিগম্ভীর, ব্যবহার অতি কোমল,
 জাহ্নুগল কিছু অবিষম হওয়ায় বিশেষ
 শোভা পাইতেছে; কঙ্কণ অঙ্গদ প্রভৃতি
 ভূষণে ভূষিত নিতম্বতট পীতবসন যথো
 আবৃত আছে। তিনি লাঘণ্য ও সৌন্দর্য্যে
 কেটি কামকেও পরাভব করিতেছেন; আর
 বেণুবাদ্যের উচ্চারিত মনোহর গীতধরে

প্রত্যক্ষমদনাবেশ-ধরঃ রাসরসালসম্ ।
 চামরং ব্যজনং মাল্যং গন্ধং চন্দনমেব চ । ১৮৪।
 তাম্বুলং দর্পণং পানপাত্রং চার্চিতপাত্রকম্ ।
 অন্তঃ ক্রীড়াভবং যচ্চ তৎসরঞ্জ পৃথকৃপৃথকৃ
 রসালং বিবিধং যজ্ঞং কলয়ন্তীভিরানরাং ।
 যথাস্থাননিযুক্তাভিঃ পশ্চাত্তীভিস্তদঙ্গিতম্ । ১৮৬।
 তম্বুখাঞ্জোজদস্তাঙ্কি-চঞ্চলাভিরমুক্ৰমাং ।
 শ্রীমত্যা রাধিকাদেব্যা বামভাগে সসদ্রয়ম্ ।
 আরাধয়ন্ত্যা তাম্বুলমর্পয়ন্ত্যা শুচিস্মৃতম্ ।
 সমালোক্যার্জুনৌ যাসৌ মদনাবেশবিহ্বলা ।
 ততস্তাঞ্চ তথা জ্ঞাত্বা হৃষীকেশোহপি সর্কবিং
 তস্তাঃ পাণিঃ গৃহীতৈশ্চ সর্কক্রীড়াবনাস্তরে ।
 যথাকামকরো রেমে মহাযোগেশ্বরো বিভুঃ ।
 ততস্তস্তাঃ স্বহৃদেপে প্রদত্তভূজপল্লবঃ । ১২০।
 আগত্য শারদাং প্রাহ পশ্চিমেহাশ্মিন্ সরোবরে
 নীত্রঃ স্নাপয় তবঙ্গীং ক্রীড়াভাস্তাং মুদুশ্মিতাম্

ততস্তাঃ শারদা দেবী তস্মিন্ ক্রীড়াসরোবরে
 স্নানং কুর্কিত্বা বাটেনাং সা চ জ্ঞাত্বা তথাকারোং
 জলাভ স্তরমাপ্তাসৌ পুনরর্জুনভাং গতঃ ।
 উত্তম্বো যত্র দেবেশঃ শ্রীমদেবকুঠানয়কঃ ।
 দৃষ্ট্বা তমর্জুনং ক্রোধো বিষয়ঃ ভগমানসম্ ।
 মায়ায়া পাপিনা স্পৃষ্ট্বা প্রকৃতং বিদধে পুনঃ ।
 শ্রীকৃষ্ণ উবাচ ।
 ধনঞ্জয়ঃ ভ্রামাশংসে ভবান্ প্রিয়সখো মম ।
 স্বংসমো নাস্তি যে কোহপি রথোবিভূ জগত্রয়ে
 যদ্রহস্তঃ স্তয়া দৃষ্টমহুতুতঞ্চ যৎ পুনঃ ।
 কথ্যতে যদি তৎ কথৈশ্ শপসে মাং তদার্জুন
 সনৎকুমার উবাচ ।
 ইতি প্রসাদমালাদ্য শপথৈশ্চাতনির্বধঃ ।
 যযৌ হৃষ্টমনাস্তস্মাৎ স্বধামাজুতসংস্মৃতিঃ । ১২৭।

সকলকে মোহিত করিতেছেন। অধিক কি
 ত্রিভুবনকে সুখনাগরে ডুবাইতেছেন। প্রভুর
 প্রতিঅর্পণেই কামের আবেশ প্রতীত হই-
 তেছে, সেই শ্রীবৎসচিহ্নিত রাসরসে রসিক
 শ্রীকৃষ্ণকে দেখিলেন। তাঁহার সন্নিধানে
 সখীরা তাঁহার মুখোপরি দৃষ্টি রাখিয়া তদীয়
 ইন্দ্রিত মাজেই চামর, ব্যজন, মাল্য, গন্ধ,
 চন্দন, তাম্বুল, দর্পণ, পানপাত্র-পূজাধার ও
 সরস যন্ত্র প্রভৃতি স্বাবতীয় ক্রীড়াবস্ত্র যথাস্থানে
 যথাক্রমে ব্যবহার করিতেছে। শ্রীমতী
 রাধিকা দেবীও প্রভুর বামপার্শ্ব সলজ্জভাবে
 থাকিয়া প্রভুকে তাম্বুল দিতেছেন। প্রভু
 মধ্যে মধ্যে মুহু হাসিতেছেন, নারীরূপী
 অর্জুন এই প্রকার প্রভুকে দেখিয়া কামা-
 বেশে বিবশ হইলেন। ১৬৯—১৮৮। তখন
 সেই মহাযোগী প্রভু সর্কজ হৃষীকেশ অর্জু-
 নের তাম্বুল মনোভাব জানিতে পারিয়া
 তাহার হাত ধরিয়া ক্রীড়াকাননের মধ্যে
 আনিয়া তাঁহার সহিত যথাস্থানে বিহার
 করিলেন। অনন্তর তাঁহার স্বহৃদেপে
 কল্পপল্লব রাখিয়া সখীজনসন্নিধানে আসিয়া

শারদাকে বলিলেন।—এই ক্রীড়া-পরিশ্রান্তা
 মুহূর্ত্তা নী কুশল্যাকে নীত্র পশ্চিম সরোবরে
 স্নান করাই। শারদাও তাঁহার আদেশে
 অর্জুনকে সেই ক্রীড়াসরোবরে আনিয়া
 স্নান করিতে বলিল। অর্জুন আস্ত
 ছিলেন; স্মৃত্যঃ তাহাই করিতে উদ্যত
 হইলেন। অর্জুন যেমনি জলমধ্যে
 প্রবেশ করিলেন, অমনি পূর্ববৎ অর্জুন-
 রূপ প্রাপ্ত হইয়া দেবদেব বৈকুণ্ঠ-
 নাথের সন্নিধানে উঠিলেন। তখন শ্রীকৃষ্ণ
 অর্জুনকে নিজ মায়ায় বিমনা ও দ্রিষয়
 দেখিয়া পুনরায় পাপিতলস্পর্শে পূর্বভাবে
 পাওয়াইয়া বলিলেন, হে ধনঞ্জয়! তোমাকে
 ছুরি প্রশংসা করিতেছি, তুমি আমার প্রিয়-
 সখা। এই ত্রিভুবনে তোমা ভিন্ন কেহই
 আমার সমুদয় রহস্ত জানিতে পারে নাই।
 আজ তুমি আমার যে যে রহস্ত দেখিলে
 ও স্বয়ং অহুত্ব করিলে, হে অর্জুন! আমার
 দিব্য রহিল, কাহাকেও এ ব্যাপার বলিও
 না। ১৮৯—১৯৬। সনৎকুমার বলিলেন,—
 হে মহাভাগ! তখন অর্জুন শপথ করিয়া
 ভগবানের চিত্তসন্দেহ দূর করত পূর্বস্মৃতি-
 প্রাপ্তে আনন্দিত হইয়াই স্বধামে গমন

ইতি তে কথিতঃ সর্বং রহস্যে যদেগোচরং মম
গোবিন্দস্য তথা চাস্মৈ কথনে শপথন্তব ॥

ঈশ্বর উবাচ ।

ইতি ব্রহ্মা বচন্ত্য সিন্ধিমৌপগবির্গতঃ ।
নয়নারায়ণাবাসে বৃন্দারণ্যমপাব্রজৎ ॥ ১৯৯
তত্রাস্তেহৃদ্যাপি কুব্জস্য নিত্যলীলাবিহারবৎ
নারদেনাপি পুষ্টোহহং মাত্ৰবং তত্রহস্তকম্ ॥
প্রাপ্তং তথাপি তেনেদং প্রকৃতিত্মসুপেত্য চ ।
তুভ্যং যন্তু ময়া প্রোক্তং রহস্যং মেহকারণাৎ
তন্ন কটেশ্চিন্দাখ্যেয়ং ত্বয়া ভদ্রে স্বযোনিবৎ ॥
ইতি ত্রিভগবন্তকুমহিমাধ্যায়মন্তুতম্ ॥
যঃ পঠেচ্ছুপুয়াস্যাপি স রতিং বিন্দতে হরৌ ॥
ইতি ত্রীপাদ্যে পাতালখণ্ডেহর্জুনান্ননন্দো
নাম ত্রিচছারিংশোহধ্যায়ঃ ॥৪৩॥

করিলেন। আমার সাক্ষাতে ঘেরূপ রহস্য
শুটিয়াছিল, সে সমুদয়ই বলিলাম। অর্জু-
নের প্রতি গোবিন্দের স্থায় আমারও
তোমার উপর দিব্য রহিল, এ ব্যাপার
কাহাকেও বলিও না। ঈশ্বর কহিলেন,—
সবৎকুমারের ঈদৃশ বাক্য শ্রবণ করিয়া গুপ-
গবি সেই নর-নারায়ণাশ্রয় তপোবনে সিন্ধি-
প্রাপ্ত হইয়া নিত্য বৃন্দাবনে গমন করিলেন।
তিনি আজও তথায় থাকিয়া ত্রীকুব্জের নিত্য-
লীলা ও বিহারাদি দর্শন করিতেছেন।
পূর্বে নারদ আমাকে জিজ্ঞাসা করিলেও
আমি তাঁহাকে এ রহস্যব্যাপার বলি নাই।
নারদও কিন্তু স্বীয় সিন্ধিবলেই সকল অবগত
হইয়াছেন। এক্ষণে তোমার প্রতি সমধিক
স্নেহকারণে অদ্য সমুদয় রহস্য বর্ণন করি-
লাম। হে ভদ্রে! মাতৃঘোনির স্থায় এই
ব্যাপার অতি গোপনীয় বলিয়া কাহারও
নিকটে বলিও না। ত্রিভগবানের ও তদীয়
ভক্তের মহিমায় পরিপূর্ণ এই অদ্ভুত অধ্যায়
যে ব্যক্তি পাঠ বা শ্রবণ করে, তাহার হরিতে
অকৃত্রিম আনন্দরাগ হইয়া থাকে। ১৯৭—২০২।
ত্রিচছারিংশ অধ্যায় সমাপ্ত ॥ ৪৩

চতুশছারিংশোহধ্যায়ঃ ।

পার্বত্যুবাচ ।

বৃন্দাবনরহস্যক বহবা কথিতং প্রভো ।
কেন পুণ্যবিশেষেণ নারদঃ প্রকৃতিং গতঃ ॥১
ঈশ্বর উবাচ ।
একদাশর্চ্যাবৃত্তান্তং ময়া জিজ্ঞাসিতং পুরা ।
ব্রহ্মণা কথিতং শুভং শ্রুতং কুব্জমুখাভূজাৎ ॥
নারদঃ পুষ্টবান্ মহ্যং তদাহং প্রোক্তবানিদম্
অহং বক্তুং ন শক্কেমি তন্নাহাশ্রয়্যং কথংকন ॥
কিং কুর্বে শপনং তন্তু স্মৃতা সৌদামি মানসে
ইত ব্রহ্মা বচো মহ্যং ত্বম্ভনাঃ সোহভবদৃষদা
তদা ব্রহ্মাণমাহুয় হহমািদষ্টবান্ প্রিয়ে ।
ত্বয়া যৎ কথিতং মহ্যং নারদা বদস্ব তৎ ॥ ১
ব্রহ্মা তদা মম বচো নিশম্য সংনারদঃ ।
জগাম কুব্জসাবধং নভাপৃচ্ছন্তদেব তু ॥ ৬

চতুশছারিংশ অধ্যায় ।

পার্বত্যী কহিলেন,—হে প্রভো! বৃন্দা-
বনের বহুতর রহস্যই বলিলেন; এক্ষণে
শুনিতে ইচ্ছা করি, দেবর্ষি নারদ কোন
পুণ্যবলে পূর্বপ্রকৃতি পাইলেন। ঈশ্বর কহি-
লেন,—প্রিয়ে! একদা রহস্য বিষয় আমি
ব্রহ্মাকে জিজ্ঞাসা করি, তিনি ত্রীকুব্জের মুখ-
কমল হইতে ঘেরূপ শুনিয়াছেন, তাহাই
আমাকে বলিলেন। অতঃপর নারদ
আমাকে ঐ বিষয় জিজ্ঞাসা করিলে আমি
তাঁহাকে বলিলাম যে, আমি কুব্জলীলার
 ষাগঃ সঙ্কীৰ্ত্তিতো বিজ্ঞৈর্কৈর্দিকৌভক্তিসাধকঃ
 চতুর্কিংশতিতত্বানি প্রধানাদীনি সঙ্খ্যয়া ।
 অচেতনানি রাজেন্দ্র পুরুষঃ পঞ্চবংশকঃ ॥১১
 চেতনঃ স সমৃদ্ধিষ্টঃ কর্তা ভোক্তা চ বর্ষণাম্ ।
 আত্মা নিত্যো হৃৎশক্ত হৃদিষ্ঠাতা প্রয়োজকঃ
 ব্যক্তিস্বশ্চেতনো নিত্যঃ কারণানাঞ্চ কারণম্

আরণ্যক উপনিষদ্ পাঠদ্বারা যে বিষ্ণুর
 স্ত্রীতি উপাসনা, তাহাকে বাচিক ভক্তি
 বলে। পঞ্চ ইন্দ্রিয় সংযমপূর্বক বিষ্ণুর
 উদ্দেশে ব্রত, উপবাস ও নিয়ম দ্বারা যে
 ঠাঁহার উত্থান, তাহাকে কায়িক ভক্তি
 বলে। এই কায়িক ভক্তি দ্বারা সকলপ্রকার
 অভীষ্ট সিদ্ধ হয়। পাদ্য, অর্ঘপ্রভৃতি উপ-
 চার ও অস্ত্রাস্ত্র উপহার দ্রব্য প্রদানপূর্বক
 নৃত্যগীত-বাদ্যসহকারে রাত্রিজাগরণ প্রভৃতি
 মহাসমারোহে যে বিষ্ণুর পূজা, ইহাকে
 লৌকিক ভক্তি বলে। ১-৮। ঋক, যজু ও
 সমদেব পাঠ, বেদসংহিতার অধ্যয়ন ও
 হোমাদি দ্বারা যে বিষ্ণুর স্ত্রীতিসাধন, তাহাকে
 বৈদিকী ভক্তি বলে। অমাবস্যা, পূর্ণিমা,
 সংক্রান্তি প্রভৃতি পুণ্যদিবসে বিষ্ণুর উদ্দেশে
 যে ষাগ, বিজগণ তাহাই প্রকৃত বৈদিকী
 ভক্তির কার্য বলিয়া থাকেন। হে রাজেন্দ্র!
 মূল প্রকৃতি প্রভৃতি চতুর্কিংশতি তত্ত্ব অচে-
 তন; পঞ্চবংশিতম তত্ত্ব পুরুষ,—চেতন,
 তিনিই কর্মসমূহের কর্তা ও ভোক্তা বলিয়া
 নির্দিষ্ট হন। তিনিই নিত্য নির্লিপ্ত আত্মা;
 তিনি সকলের অধিষ্ঠাতা হইয়া প্রয়োজক।
 সেই নিত্য আত্মা প্রত্যেক ব্যক্তিতে চেতন-

তত্ত্বসর্বগো ভাবসর্বগো ভূতসর্বগ তত্ত্বঃ ॥ ১১
 সঙ্খ্যায়শ্চ প্রসঙ্খ্যানঃ প্রধানঞ্চ গুণাত্মকম্ ।
 জ্ঞান্বা সাধর্ম্ম্যবৈধর্ম্ম্যো প্রধানশ্চ গুণাত্মনঃ ॥
 কারণত্বঃ ব্রহ্মণশ্চ সাধর্ম্ম্যামিদমুচ্যতে ।
 নানাৎস চাত্ৰ বৈধর্ম্ম্যং প্রধানশ্চ বিদ্বুবৃধাঃ ॥
 তত্ত্বান্তরঞ্চ তত্ত্বানাং কার্যাকারণমেব চ ।
 প্রয়োজনঃ প্রয়োজ্যত্বঃ জ্ঞান্বা তত্ত্বপ্রসঙ্খ্যায়া ॥
 সঙ্খ্যানাং প্রোচ্যতে প্রাজ্ঞৈঃ সর্বতত্ত্বার্থ-
 চিস্তকৈঃ ।
 ইতি মহাত্মা সত্ত্বাবং তত্ত্বসঙ্খ্যাঞ্চ তত্ত্বতঃ ॥
 ব্রহ্মতত্ত্বাধিকং চাপি জ্ঞান্বা তত্ত্বং বিদ্বুবৃধাঃ ।
 সাঙ্খ্যৈঃ কৃতা ভক্তিরেষা প্রোচ্যতেহখ্যা-
 য়িকী নূপ ।
 যোগজামপি বক্ষ্যামি ভক্তিমাধ্যাত্মিকীঃ শৃণু

রূপে অবস্থান করিতেছেন; তিনি নিখিল
 কারণের কারণ। তত্ত্বসৃষ্টি, ভাবসৃষ্টি,
 ভূতসৃষ্টি, সংখ্যার সংখ্যান্ব, ত্রিগুণময়ী
 প্রকৃতি—এসকলই তাঁহার তত্ত্ব হইতে
 নিস্পন্ন। প্রকৃত পক্ষে কিন্তু তাহা নহে;
 ত্রিগুণময়ী প্রকৃতিতে তাঁহার সাধর্ম্ম্য ও
 বৈধর্ম্ম্য দর্শন করিয়া স্মলবুদ্ধিগণ তাঁহাতেই
 এই তুর্কিংশতিতত্ত্বের কারণত্ব ও সাধর্ম্ম্য
 আয়োপ করিয়া থাকে, পরব্রহ্মের চেতন
 ধর্ম্ম এ সকলে থাকিতে পারে বটে; কিন্তু
 বৃধগণ নানাৎস ও বৈধর্ম্ম্য প্রকৃতিরই ধর্ম্ম
 বলিয়া থাকেন। নিখিল তত্ত্বের মর্ম্মার্থবিৎ
 পণ্ডিতগণ পর-পর তত্ত্ব-সমূহকে পূর্বপূর্ব
 তত্ত্বসমূহের কার্য এবং পূর্ব পূর্ব তত্ত্ব-
 সমূহকে পর পর তত্ত্বসমূহের কারণ
 নিশ্চয় করিয়া তত্ত্বসমূহের ক্রমিক সংখ্যান্ব-
 সারে প্রয়োজকত্ব ও প্রয়োজ্যত্ব স্থির
 করিয়াছেন। বৃধগণ এইরূপে প্রতি-
 পদার্থে চেতন পুরুষের চিন্ময়ী সত্তা
 এবং তত্ত্বসংখ্যা সম্যকরূপে অবগত হইয়া
 উক্ত চতুর্কিংশতিতত্ত্বের অভীষ্ট ব্রহ্মতত্ত্ব
 জাত হইয়া থাকেন। হে রাজন! সাংখ্য-
 বিদগণ এইরূপে তত্ত্বনির্ণয় করিয়া পরমেশ্বরের

প্রাণায়ামপরো নিত্যং ধ্যানবান নিরহে প্রিয়ঃ
 তৈক্যভকারতী চাপি বিষয়েভ্যো নিরুস্তিমান
 পশুন্নুদ্যোতিতমুখং ব্রহ্মহৃৎ বটীতটে । ২০
 শ্বেতবর্ণং চতুর্দ্বারং বরদাত্তয়হৃৎকম্ ।
 ধ্যায়মানঃ স্বহৃদয়ে যোগযুক্তো মহেশ্বরম্ ।
 হৃষ্টং স্বচেতসা রাজ্ঞসী তবদ্বন্দ্বং শুলোচনম্ ।
 সাদ্বিকৌ রাজসৌ চৈব তামসৌ ভেদতস্তিবাঃ ।
 ভক্তয়ো বিবিধা জ্ঞেয়া বিফোরমিততেজসঃ ॥
 যথায়ঃ সুসমিদ্ধার্চিঃ করোতোধাসি ভস্মাৎ
 পাপানি ভগবন্ত্ক্রিস্তথা দহতি তৎক্ষণাৎ ॥ ২৩
 ষাবজ্জনো ন শৃণুতে ভূবি বিষ্ণুভক্তিং
 সাক্ষাৎ সুধায়সমশেষরসৈকসারম্ ।
 তাবজ্জরামরণজন্মশতভিঘাত-
 হুঃখানি তানি লভতে বহুদেহজানি ॥ ২৪

যে ভক্তিস্থাপন করেন, তাহাকে আধ্যাত্মিক
 ভক্তি বলে। হে নৃপ! এক্ষণে আপনার
 নিকটে যোগজ্ঞানিত আধ্যাত্মিক ভক্তির কথা
 বলিব, শ্রবণ করুন। (যোগজ্ঞ আধ্যাত্মিক
 ভক্তিলভ কৰিতে হইলে) ইন্দ্রিয়সংযম-
 পূর্বক প্রাণায়াম করত নিত্য ধ্যান করিতে
 হইবে; বাহ্য বিষয় হইতে নিবৃত্ত হইয়া
 ভিক্ষোপজীবী হইয়া যোগব্রত অবলম্বন
 করত হৃদয়মধ্যে, কটীতটে ব্রহ্মহৃৎ ও হস্তে
 বরাভয়ধারী চতুর্দ্বার শ্বেতবর্ণ উজ্জ্বলাস্ত
 মহেশ্বরকে ধ্যান করিতে হইবে। রাজ্ঞসী
 মনে মনে ভাবিতে হইবে,—সেই পীত-
 বসনপরিহিত শুলোচন ভগবান হরি, হৃষ্ট-
 চিত্তে মদীয় হৃদয়মধ্যে অবস্থিতি করিতে-
 ছেন। ২—২১। অমিততেজস্বী বিষ্ণুর
 প্রতি ভক্তি সাত্বিক-রাজসিক ও তাম-
 সিকরূপে আবার নানাপ্রকার। প্রচ্ছ-
 লিত হ্রত্যাশন যেরূপ কাষ্টরাশিকে ক্ষণ-
 কালমধ্যে ভস্মসাৎ করে; তদ্রূপ ভগবদ্-
 ভক্তি তৎক্ষণাৎ পাপরাশি দহন করিয়া থাকে।
 মানব যে, পর্যাস্ত এই পৃথিবীতে নিখিল
 রসের একমাত্র সার সাক্ষাৎ সুধায়স্বরূপ
 বিষ্ণুভক্তি শ্রবণ করিতে না পায়; তাবৎকাল

সাক্ষাৎ কীৰ্ত্তিত এব নিহা
 মহাপ্রভাবো ভাগবাননন্তঃ
 সমস্তশোহঘং নিমহন্তি মেঘঃ
 বায়ুর্ধ্বা তাপুয়িবাস্ককারম্ ॥ ২৫
 ন ভূপ দেবার্চনযজ্ঞতীর্থ-
 স্নানত্রহাচারতঃক্রিয়াক্রিঃ ।
 তথা বিশুদ্ধিঃ লভতেহস্তরাস্তা
 যথা হৃদিস্থে ভগবতানন্তে ॥ ২৬
 কথা বিশুদ্ধা নরনাথ তথ্যা-
 স্তা এব পথ্যা হরিভক্তকথ্যাঃ ।
 সঙ্কীৰ্ত্তাতে যাসু পবিত্রকীৰ্ত্তি-
 বিশুদ্ধমূর্তিনঃদত্তভক্তিঃ ॥ ২৭
 ধাতোহস দৌ ধরণীধর ধর্মধর্ম্যা
 ধাতৈকণা হৃদঃ পুরুষোত্তমস্তা ।
 যতৈষ্টিকী মাং রসৌ তব সৌভগা ত্রী
 শ্রীকৃষ্ণ লক্ষ্মণতশ্রবণে প্রবৃত্তা ॥ ২৮

বহু দেহে জন্মগ্রহণপূর্বক জরা, মৃত্যু জন্ম-
 প্রভৃতি শত শত অভিঘাতকহুঃখ ভোগ
 করে। বায়ু যেরূপ মেঘরাশি অপসারিত
 করে, সূর্য যেরূপ অন্ধকারাশি নাশ
 করেন, সেইরূপ মহাপ্রভাবশালী ভগবান
 অনন্তের নাম কীৰ্ত্তন ও স্মরণ করিলেই
 তিনি চতুর্দিক হইতে (নাম কীৰ্ত্তন ও স্মরণ-
 কারীর) পাপরাশি নাশ করেন। হে ভূপ!
 ভগবান অনন্ত হৃদয়ে থাকিলে অর্থাৎ চিন্তিত
 হইলে অন্তরাশি যেরূপ চিন্তিত লভ
 করে, দেবার্চন, যজ্ঞ, তীর্থ স্নান, ব্রতচরণ
 ও তপস্যা দ্বারাও সেরূপ বিশুদ্ধি লভ
 করিতে পারে না। ২২—২৬। নরনাথ!
 যিনি স্বয়ং লোককে ভক্তি দান করেন,
 সেই পবিত্রকীৰ্ত্তি—বিশুদ্ধমূর্তি ভগবান
 অনন্ত যে সকল কথায় কীৰ্ত্তিত হইয়া
 থাকেন, সেই হরিভক্ত-কথিত কথকথা অতি
 পবিত্র, অতিহিতকর—অতিমধুর। হে
 ধীরপ্রকৃতি মহারজ! হে ধার্মিকপ্রবর!
 তুমি ধৃত! যথার্থই তোমার হৃদয় পুরুষো-
 ত্তমের ধ্যানবিষয়ে একাগ্র হইয়াছে। তোমার

আনারাধ্য হরিং ভক্ত্যা বরদং বিষুংমব্যয়ম্ ।
কৃতঃ শ্রেয়ো ভবেদভূপ পুরুবস্মাশ্মমানিনঃ ॥
মায়াজনরিমা যাহসৌ ভক্ত্যা রাজ্ঞ ন যয়া যযা*
সাধ্যতে সাধুপুরুষৈঃ স্বয়ং জানাতি তন্তুবান্ ॥

ন বিদ্যাতে তে নূপ ধর্মত্ব-

মজ্জাতমেতদ্বিপুলং পুনর্ম্মা ।

যৎ পৃচ্ছসে তীর্থপদপ্রসঙ্গাৎ

কথারসং বৈকবগোরবেণ ॥ ৩১

নাতঃ পরং পরমহোতবিশেষমহোতবঃ

পশ্চামি পুণ্যমুচিতঞ্চ পরস্পরণে ।

সন্তঃ প্রসজ্যা যদনন্তুগাননন্ত-

শ্রেয়োনিধীননিকভাবজু.মা ভক্ত্যন্তু ॥ ৩২

ব্রাহ্মণাঃ সুরভৌ স ৩২ শ্রদ্ধাযাগতপাঃপি চ ।

শ্রুতিস্মৃতিদয়াদীক্ষা-সন্তোষাঃনবো চরেঃ ॥ ৩৩

নিষ্ঠাবতী বুদ্ধি ক্রীকরং স্নেহ পুণ্যকথাশ্রবণে
অবহিত হইয়া নিজ শোভাগ্যবস্তার পরিচয়
দিতেছে। হে ভূপ! যে ব্যক্তি বরপ্রদ
পাপবিনাশী অব্যয় বিষুকে আরাধনা না
করিয়া অহঙ্কীরে মত্ত হইয়া থাকে; তাহার
শ্রেয়োলাভ কোথা হইতে হইবে? রাজ্ঞ!
সাধুগণ, মায়াসম্পর্কশূন্য হইলেও মায়াসম্ভূত
ঐ ভগবান বিষুকে যে যে ভক্তি দ্বারা সাধনা
করিয়া থাকেন, আপনি তাহা অবগত
আছেন। হে নূপ! এট বিপুল ধর্মত্ব
আপনার অজ্ঞাত নহে, তথাপি যে আপনি
তীর্থসেবাপ্রসঙ্গে সেই ধর্মকথা পুনরপি
জিজ্ঞাসা করিলেন, ইহাতে বৈকবধর্মের
উপরে গোরব প্রদর্শন ব্যতীত আর কোন
কারণ নাই। সাধুগণ যে, অনন্ত মঙ্গলের
নিধান, বিবিধ ভাবময়, অনন্ত-গুণকথা
একাগ্রভাবে কীর্জন করেন, ইহা অপেক্ষা
উৎকৃষ্ট অতিসন্তোষকর—অতি পবিত্র কর্ম,
—আর কোথাও দেখিতে পাই না। ব্রাহ্মণ,
গাভী, সত্য, শ্রদ্ধা, যাগ, তপস্যা, শ্রুতি,
স্মৃতি, দয়া, দীক্ষা ও সন্তোষ,

* 'রাজস্ব মায়া' ইতি পাঠঃ ক'চিৎ ।

অ দিত্যশ্চন্দ্রমা বায়ুভূমিরাপোহহরং দিশঃ ।

ব্রহ্মা বিষুশ্চ কুদ্ৰশ্চ সর্কভূতময়ো বিভুঃ ॥ ৩৪

বিশ্বকপং স্বয়ং শক্তো জগদেতচ্চরাচরম্ ।

স্বয়ং ব্রহ্মাণমাবিশ্ব সর্দৈবানং ভূনক্তি চ ॥ ৩৫

ততস্ত তীর্থাস্পদপাদরেণু

ধরাধরাশ্মালয়ভূমিরেখান ।

সভাজ্য সম্পূজয় পুণ্যলক্ষ্মী:

সর্কভূতানখিলায়ভূতান্ ॥ ৩৬

ব্রাহ্মণং বিষুভূক্ত্যা যো বিদ্বাসং সাধু পশুতি ।

স এব বৈকবো যশ্চ স্বস্ত ধর্ম্মে সমাশ্রিতঃ ॥ ৩৭

এতন্তে সর্কমাখ্যানং ভক্তিলক্ষণমর্থিতম্ ।

স্নাতুং গচ্ছামি গঙ্গায়ানং ন কথাবসরোহধিকঃ ॥

প্রাপ্তোহয়ং মাধবো মাসো মাধবস্মাতিবজ্রভঃ

তস্মাপি সপ্তমী শুক্রা গঙ্গায়ামতিদুর্লভা ॥ ৩৯

বৈশাখশুক্লসপ্তম্যাং জাহুবী জহুনা পুয়া ।

শ্রীহরির অঙ্গ। চন্দ্র, সূর্য্য, বায়ু, ভূমি,

জল, আকাশ, দিক, ব্রহ্মা, বিষু, কুদ্ৰ,—

সমস্তই সেই শ্রীহরির অঙ্গ; কারণ, প্রভু—

সর্কভূতময়। এই চরাচর জগৎ সৃজনে

শক্তিমান বিশ্বরূপী ভগবান বিষু স্বয়ং ব্রাহ্মণে

আবিশ্ট হইয়া (ব্রাহ্মণের মুখ দিয়া) সর্কদা

অন্নভোজন করিতেছেন। কৃতএব ষাঁহা-

দের আবাসভূমি সাক্ষাৎ বৈকুণ্ঠধাম; ষাঁহা-

দের পদরেণু তীর্থক্ষেত্রস্বরূপ; ষাঁহার পুণ্য

লক্ষ্মীর সারসর্কস্ব; সেই অখিলের আয়ুরূপী

ব্রাহ্মণদিগকে ভক্তিপূষক পূজা কর। যে

ব্যক্তি বিদ্বান ব্রাহ্মণকে বিষুজ্ঞানে ভক্তি-

নেত্রে অবলোকন করে, যাহার নিজ ধর্ম্মে

অচলা মতি, সেই ব্যক্তিই প্রকৃত বৈকব।

আপনি ভক্তি-লক্ষণ যাহা জিজ্ঞাসা করিয়া-

ছিলেন, তাহা সমস্তই আপনার নিকটে

বলিলাম, এক্ষণে আমি গঙ্গাঙ্গানে যাইতেছি,

আমার কথা কহবার অধিক অবসর নাই।

শ্রীহরির অতিপ্রিয় বৈশাখমাস উপস্থিত।

এই বৈশাখমাসের শুক্রা সপ্তমী গঙ্গায় অতি

দুর্লভ, অর্থাৎ এই সপ্তমীতে গঙ্গাঙ্গান অতি

পুণ্যপ্রদ বলিয়া সকলের ভাগ্যে ঘটে কি

ক্রোধাৎ শীত। পুনস্ত্যক্তা কর্ণরজ্জ্ব দক্ষিণাৎ
 তস্তাং সমর্চ্য়েদেবীং গঙ্গাং গগনমেখলাম্ ।
 স্নান্ধা সম্যগ্বিধানেন স ধৃতঃ স্কুক্রতী নরঃ ॥
 তস্তাং যন্তর্পয়েদেবান পিতৃন মর্ন্তেয়া যথাবিধি
 সাক্ষাৎপশ্চাতি তং গঙ্গা স্নাতকং গতপাতকম্
 ন মাধবসমো মাসো ন গঙ্গাসদৃশী নদী ।
 তুর্লভঃ খলু যোগোহয়ং হরিভক্তৈব্য লভ্যতে
 বিষ্ণুপাদসমুদ্ভূতা ব্রহ্মলোকহুপাগতা ।
 শ্রীমেহশঙ্কটাজুট-বাসিনী তুঃখনাশিনী ॥ ৪৪
 ত্রিভিঃ শ্রোতোভিরশ্রান্তং যা পুনান্ধি জগল্লয়ম্
 স্বর্গারোহণনিঃশ্রেণী সততানন্দকারিনী ॥ ৪৫
 অনেকত্বরিভৌক্যাস-হারিণী তুর্গতারিণী ।

ভজমানজনস্মান্তঃকান্তিকেলিবিলাসিনী ॥৪৬
 সগরাবয়নির্ধাণ-কারিণী ধর্ম্মচারিণী ।
 ত্রিমার্গচারিণী দেবী লোকালঙ্কৃতিকারিণী ।
 দর্শনস্পর্শনস্নান-কীর্ত্তনধ্যানসেবনৈঃ ।
 পুণ্যানুপুণ্যপুরুষান পাবয়ন্তী সহস্রশঃ ॥ ৪৮
 গঙ্গা গঙ্গেতি গঙ্গেতি বৈত্রিসম্ব্যং ত্রিহরিতম্
 সুদূরশ্বেশ্চ তৎপাপং হস্তি জন্মত্রয়াঙ্জিতম্ ।
 যোজ্ঞমানাং সহস্রেশু গঙ্গাং যঃ স্মরতে নরঃ ।
 ত্যঃ প দ্রুতকর্ম্মাসৌ লাভতে পরমাং গতিম্ ॥
 বৈশাখশুক্লসপ্তম্যাং তুর্লভা সা বিশেষতঃ ।
 প্রাপ্যতে জগতীপাল হরিব্রহ্মপ্রসাদতঃ ॥৫১
 ন মাধবসমো মাসো ন মাধবসমো বিভূঃ ।
 পোতো হি ত্বরিতান্তোধৌ মজ্জমানজনস্ম যঃ ।

না সন্দেহ। পূর্বকালে ব্রহ্মমুনি বৈশাখ-
 মাসের শুক্লপক্ষীয় সপ্তমীতিথিতে গঙ্গা-
 দেবীকে ক্রোধে পান করিয়া দক্ষিণকর্ণ-
 বিবর দিয়া পুনরায় ত্যাগ করিয়াছিলেন;
 সেই কারণেই গঙ্গাদেবীর নাম জাহ্নবী
 হইয়াছে। সেই বৈশাখী শুক্লা সপ্তমী
 তিথিতে যথাবিধানে গগনমেখলা গঙ্গা-
 দেবীর পুত্রা ও তাঁহার সলিলে স্নান
 করিলে মানব পুণ্য উপার্জন করিয়া ধ্বজ
 হয়। যে মানব সেই বৈশাখীয় শুক্লা
 সপ্তমীতে যথাবিধানে গঙ্গায় স্নান এবং
 তদীয় সলিলে পিতৃলোক ও দেবলোকের
 তর্পণ করে; সে বীতপাতক হইয়া গঙ্গা-
 দেবীর সাক্ষাৎকার লাভ করে। বৈশাখের
 তুলা মাস নাই। গঙ্গার স্তায় নদীও আর
 নাই, গঙ্গা এবং বৈশাখমাসের যোগ হরি-
 ভক্তিবলেই লব্ধ হইয়া থাকে। ভগবতী
 গঙ্গা বিষ্ণুর পাদপদ্ম হইতে উৎপন্ন হইয়া
 ব্রহ্মলোক হইতে আগমন করিয়া শ্রীমহে-
 খরের জটাভূটে বাস করিতেছেন। তিনি
 সকলের তুঃখনাশিনী; এই জন্মই তিনি
 অবিরত ত্রিধা শ্রোতে বিভক্ত হইয়া প্রবাহিত
 হওয়াতে ত্রিজুবনকে পবিত্র করিতেছেন।
 তিনি জীবগণের স্বর্গারোহণের সোপান;
 সর্ব্বদা লোককে আনন্দ বিতরণ করিতে-

ছেন; পাপরাশি হরণ করিতেছেন;
 তুর্গমে পতিত জীবকে উদ্ধার করিতেছেন;
 সেবকজনের হৃদয়াশ্বত পুণ্যকান্তির সহিত
 সখ্য স্থাপনপুঙ্ক (স্বচ্ছতাসাধর্ম্ম্যে) উল্লাস-
 সহকারে লীলা কারতেছেন। ধর্ম্মচারিণী
 দেবী ত্রিপথগা-সগরবংশ উদ্ধার করিয়াছেন,
 ত্রিলোক অনঙ্কত করিয়া রহিয়াছেন, তাঁহার
 দর্শন, স্পর্শন, নামকীর্ত্তন, ধ্যান, সেবন ও
 তদীয় জলে অবগাহন করিয়া লোকসকল
 পবিত্র হইতেছে, সহস্র সহস্র পাপী পুরুষকে
 তিনি পবিত্র করিতেছেন। যাহারা অতি
 দূরে থাকিয়াও ত্রিসম্ব্যায় গঙ্গা গঙ্গা এই
 নাম উচ্চারণ করে, তাহাদের ত্রিজন্মাঙ্জিত
 পাপরাশি ধ্বংস হয়। যে মানব সহস্র
 যোজনে থাকিয়া গঙ্গা স্মরণ কবে; সে পাপ-
 কারী হইলেও পরমা গতি লাভ করে। হে
 ভূপাল! বিশেষতঃ বৈশাখমাসের শুক্লা-
 সপ্তমীতে গঙ্গাস্নান অতি তুর্লভ, শ্রীহরির ও
 ব্রাহ্মণের প্রসাদেই কেবল উহা ঘটিতে
 পারে। মাধবের (বৈশাখের) তুলা মাস
 আর নাই এবং মাধবের (শ্রীহরির) তুলা
 দেবতাও আর নাই; এই মাধব (বৈশাখ-
 মাস ও শ্রীহরি), পাপনাগরে যয়ব্যাক্তিব

দন্তঃ জপ্তঃ হতঃ স্নাতঃ যজ্ঞস্ত্যামাসি মাধবে
 তদক্ষয়ং তবেদুপ পুণ্যং কোটিশতাধিকম্ ।
 যথা দেবেষু বিশ্বাত্মা দেবো নারায়ণো বিভূঃ ।
 যথা জপোযু গায়ত্রী সরিতাং জাহুবী তথা ॥
 যথোমা সৰ্গনারীণাং তপতাং তাস্করো যথা ।
 আরোগ্যলাভো লাভানাং বিপদানাং দ্বিজো
 যথা ।

পরোপকারঃ পুণ্যানাং বিদ্যানাং নিগমো যথা
 মন্ত্রাণাং প্রণবো যদ্বন্ধ্যানানামাত্মচিন্তনম্ ॥৫৬
 সত্যং স্বধর্ম্মবর্ত্তনং তপসাক্ষ যথা বরম ।
 শৌচানামাত্মশুদ্ধিশ্চ দানানামভয়ং যথা ॥ ৫৭
 গুণানাক্ষ যথা লোভঃকোভো মৃগ্যা গুণঃস্মৃতঃ
 মাসানাং প্রবরো মাসস্তথাসৌ মাধবো মতঃ ।
 ভজ যৎ ক্রিয়তে দানং যজ্ঞঃ স্নানমুশোষণম্ ।
 ভূপোহধ্যয়নপূজাদি তদক্ষয়ফলং স্মৃহম্ ॥ ৫৯
 বৈশাখাস্তানি পাপানি সূর্যাস্তানি তমাসি চ ।

পোতস্বরূপ । হে ছু ! এই মাধবমাসে দান, জপ, হোম, স্নান—ভক্তিপূর্বক যাহা করা যাইবে, তাহা অক্ষয় হইবে; ইহাতে শত-কোটির অধিক পুণ্য লাভ হয়। দেবতার মধ্যে যেমন বিশ্বাত্মা দেব নারায়ণ; জপ্য মন্ত্রের মধ্যে যেমন গায়ত্রী; নদীসমূহের মধ্যে তেমনি জাহুবী। নিগিল রমণী মধ্যে যেমন উমা, তেজস্বী বস্তুর মধ্যে সূর্য্য, লাভের মধ্যে যেমন আরোগ্যলাভ, বিপদ প্রাণীর মধ্যে যেমন ব্রাহ্মণ, পুণ্য-কার্যের মধ্যে যেমন পরোপকার, বিদ্যার মধ্যে যেমন নিগম, মন্ত্রের মধ্যে যেমন প্রণব, ধ্যানের মধ্যে যেমন আত্মচিন্তন, তপস্যার মধ্যে যেমন সত্য ও স্বধর্ম্মাবর্ত্তন, শৌচের মধ্যে যেমন আত্মশুদ্ধি, দানের মধ্যে যেমন অভয়দান, গুণের মধ্যে যেমন নিলোভতা (শ্রেষ্ঠ), মাসের মধ্যে তেমনি বৈশাখমাস সর্বশ্রেষ্ঠ । ৫৫—৫৮ এই বৈশাখমাসে স্নান, দান, উপবাস, যজ্ঞ, তপস্যা, অধ্যয়ন, পূজাদি, যাহা কিছু করা যায়, তৎসমস্তই অক্ষয় ফল প্রদান করে। পরোপকারে

পরোপকারপৈশুশ্চশ্রাস্তানি সুরতানি চ ॥ ৬০
 কার্ত্তিকে মাসি যৎকিঞ্চিৎতুলাসংস্থে দিবাকরো
 স্নানদানাদিকং রাজসংস্তংপরাক্ষিণং ভবেৎ ॥
 তস্মাৎ সহস্রগুণতো মাধে মকরগে রবৌ ।
 ততোহপি শতসংখ্যাকংবৈশাখে মেঘগে রবৌ
 তে ধস্তান্তে সুরভিনো নরা বৈশাখমাসি যে ।
 প্রাতঃ স্নাত্বা বিধানে ন পূজয়ন্তি চ মাধবম্ ॥৬৩
 প্রাতঃ স্নানক্ বৈশাখে যজ্ঞদানমুপোষণম্ ।
 হবিষ্যং ব্রহ্মচর্য্যক মহাপশুকনাশনম্ ॥ ৬৪
 পুনঃ কলিযুগে রাজস্র তপোপাণ্যং ভবিষ্যতি ।
 অশ্বমেধাদিকং যস্মাম্বাহাস্ত্য্যং মাধবস্ত যৎ ॥৬৫
 অশ্বমেধমথঃ পুণ্যং কলৌ নৈব প্রবর্ত্ততে ।
 এব মাধবমাসস্ত হ্রয়মেধসমৌ বিধিঃ ॥ ৬৬
 অশ্বমেধস্ত যৎপুণ্যং স্বর্গমোক্ষফলপ্রদম্ ।
 ন বেৎসৃষ্টি কলৌ পাপজনা হুরিতবুদ্ধয়ঃ ॥৬৭

খলতা প্রকাশে যেমন পুণ্য নষ্ট হয়, সূর্য্যকর্তৃক যেমন অন্ধকার নাশিত হয়, তদ্রূপ বৈশাখ-মাস কর্তৃক পাপরাশির বিনাশ হইয়া থাকে। হে রাজন! সূর্য্য তুলারূপিতে গমন করিলে অর্থাৎ কার্ত্তিকমাসে স্নান-দানাদি যে কোন কার্য্য বরা যায়, তাহার পরাক্ষিণ ফল হয়; সূর্য্য মকররাশিতে গত হইলে অর্থাৎ মাধ-মাসে তাহা অপেক্ষা সহস্রগুণ অধিক ফল হয়, সূর্য্য মেঘরাশি গত হইলে অর্থাৎ বৈশাখমাসে আবার তাহা অপেক্ষা শতভাগ অধিক ফল হয়। যে সকল মানব বৈশাখ-মাসে প্রাতঃস্নান, করিয়া যথাবিধানে মাধবের পূজা করে, তাহার পুণ্যবান, তাহারাই ধন্ত। বৈশাখমাসে প্রাতঃস্নান, যজ্ঞ, দান, উপবাস, হবিষ্য ও ব্রহ্মচর্য্য করিলে মহা-পাতক নাশ হয়। রাজন! কলিযুগের মানব-গণ অশ্বমেধ যজ্ঞ করিতে পারিবে না; এই নিমিত্ত তাহাদের জন্ত অশ্বমেধ-যজ্ঞের সমকল বৈশাখমাসোক্ত্য বিহিত হইয়াছে। কলিযুগে পবিত্র অশ্বমেধ-যজ্ঞের বিধান নাই, এই নিমিত্ত বৈশাখমাসোক্ত, কার্য্যই অশ্ব-মেধের সমান বলিয়া বিধান করা হইয়াছে।

ভস্মনভবৈর্নয়ৈঃ পাঠৈর্গন্তব্যং নরকার্ণবে ।
অতস্ত বিয়লস্তস্ত প্রচারো যেন নির্মিতঃ ॥৬৮
ইতি শ্রীপাদে পাতালখণ্ডে বৈশাখমাহাত্ম্যে
চতুঃপঞ্চাশোঃ অধ্যায়ঃ ॥

পঞ্চপঞ্চাশোঃ অধ্যায়ঃ ।

সূত্র উবাচ ।

ইতি তস্ত বচঃ শ্রুত্বা নারদস্ত মহাত্মনঃ ।
অধরৌষস্ত রাজর্ষির্ক্স্মিত্তো বাক্যমববৌৎ ॥১
অধরৌষ উবাচ ।
মার্গশীর্ষাদিকান্ মাসান্ হিবা পুণ্যান্ মহামুনে
সর্বমাসাধিকং মাসং বৈশাখং কিং প্রশংসসি ॥
সর্কেভ্যোহুপ্যাধিকো যস্মান্নাধবো মাধবপ্রিয়ঃ
কো বিধিস্তত্র কিংদানং কিন্তুপং কা চ দেবতা

কলিয়ুগের পাপমতি পাপিষ্ঠ নরগণ অধমেধ
যজ্ঞের স্বর্গমুক্তিপ্রদ পবিত্র ফলের বিষয়
বুদ্ধিতে পারিবে না ; আয়াসসাধ্য বনিয়া
সে কর্মে প্রবৃত্তই হইবে না, কেবল পাপ-
কর্মে রত থাকিয়া নরকার্ণবে ডুবিতে
থাকিবে। এই নিমিত্ত অধমেধ যজ্ঞের
প্রচার বিয়ল করিয়া বৈশাখমাহাত্ম্য বর্ধিত
করা হইয়াছে। ৫২—৬৮।

চতুঃপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ।

পঞ্চপঞ্চাশ অধ্যায় ।

সূত্র कहिलेन,—राजर्षि, अधरौष महात्मा
नारदर एरैरुप वक्तु श्रवण करिया विस्मित
हइया बलिलेन । अधरौष बलिलेन,—
हे महामुने ! आपनि मार्गशीर्षप्रभृति पवित्र
मास परित्याग करिया वैशाखमासके सकल
मासेर श्रेष्ठ बलिया प्रशंसा करितेहेछेन
केन ? आपनि बलिलेन, माधवमास सकल
मासेर श्रेष्ठ एवं माधवेर प्रिय ; (एकमे
जिज्ञासा करि) एरै वैशाखमासेर अनुष्ठेय

तत्पदाच्छोजरजसा पावितस्तु च मे मुने ।
उपदेशप्रदानेन प्रसादं कर्तुमर्हसि ॥ ४
धर्मज्ञो धर्ममार्गणामुपदेष्टासि वै मुने ।
अमेकोहखिलतत्त्वाः जानासि मुनिसत्तम ॥ ५
कर्त्तव्येपदेष्टा धर्माणामनुमत्त प्रबोजकः ।
शास्त्रविद्विर्मुनिवर स्वर्ध्वंस्ते समतागिनः ॥ ६
व्रतसत्प्रतपोदानैर्बर्षं कलः समवापायते ।
धर्मोपदेशदानेन त्वं सर्वमुपलभायते ॥ ७
तौर्धमानं तपो यज्ञकर्म यंकुरुते सुतम् ॥
अपि त्वंफलतागी श्लाघ्यः प्रवर्तयिता भवेत्
तदर्हसि भवान् पुण्यमुपदेष्टुं कृपानिधे ।
दुर्गभो गुरुसहस्रो देशकालोपपत्तयः ॥ ८
न केचन तथा भावाश्चेतः शीतलयस्ति नः ।

ধর্ম কার্যের অনুষ্ঠানপ্রণালী কি প্রকার ?
ইহাতে কিরূপ দান করিতে হয় ? কি প্রকার
তপস্বা করিতে হয় ? এই মাসের পূজনীয়
দেবতা কে ? হে মুনে ! আপনার পাদ-
পদ্মরজো দানে আমাকে যেমন পবিত্র
করিলেন, তেমনি অনুগ্রহ করিয়া উপদেশ
প্রদান করুন। হে মুনিসত্তম ! আপনি
ধর্মজ্ঞ, ধর্মপথের উপদেষ্টা—আপনি একাই
নিখিল তত্ত্বার্থ অবগত আছেন। মুনিবর !
আপনি ধর্মকার্যের অনুষ্ঠাতা, উপদেষ্টা,
অনুমোদনকর্তা ও প্রবর্তক। আপনি শাস্ত্র-
বিৎ। স্মনিয়াছি—শাস্ত্রবিদগণ ধর্মপিপাসু।
ধর্মোপদেশ শুনিবার জন্য আমার নিতান্ত
কৌতুহল রহিয়াছে। ব্রত, যজ্ঞ, তপস্বা ও
দানে যে ফল পাওয়া যায় ; এক ধর্মোপদেশ
দানে সেই ফল পাওয়া যায়। তৌর্ধমান,
তপস্বা ও যজ্ঞকার্যের অনুষ্ঠানে যে ফল
পাওয়া যায় ; যিনি ঐ সকল সংকর্মে প্রবৃত্ত
দেন, তিনিও সেই ফল প্রাপ্ত হইয়া থাকেন।
অতএব হে কৃপানিধে ! আপনি আমাকে
কৃপা করিয়া ধর্মোপদেশ প্রদান করুন।
যথাকালে উপযুক্ত মদগুরুর সাক্ষাৎকার
বড়ই দুর্লভ ! বিশেষ মৌভাগ্য বলে আপ-
নার সাক্ষাৎকার লাভ করিয়াছি। ভবাদৃশ

রাজ্যলাভায়োগ্যেহপ্যেতে যথা তব সমাগমঃ ॥

সূত উবাচ ।

অথ মন্দমুহুশ্চর-ক্ষুরদন্তপ্রভাঙ্গগঃ ।

অশ্বরৌষং প্রত্যা বাচ নারদো মুনি সত্তমঃ ॥ ১১

নারদ উবাচ ।

শুণু রাজন প্রবক্ষ্যামি হিতায় জগতন্তব ।

বিধিং মাধবমাসস্ত যঃ প্রোক্তো ব্রহ্মণা পুরা ॥

দুর্লভং ভাঃতে বর্ষে জন্ম তস্মায়মুচ্যতা ।

মানুবে দুর্লভকাপ স্ববর্ষে প্রবর্ত্তি-ম্ ॥ ১৩

ততোহপি ভক্তিভূপাল বাহুদেবে সুদুর্লভা ।

তত্রাপি দুর্লভো মাসো মাধবে মাধবপ্রিয়ঃ ॥ ১৪

তমবাধ্য ততো মাসং স্নানদানজপাদিকম্ ।

কুর্কন্তি বিধিনা যে তু ধন্ত স্তে কুহিনো নরাঃ ।

তেষাং দর্শনমাত্রেণ পাপিনোহপি বিকল্যাঘাঃ ।

ভবন্তি ভগবন্তাব-ভাবিতা ধর্ম্মকাজ্জিগ্ণঃ ॥ ১৬

মাধবে মাসি যৈঃ স্নাতং প্রার্ভার্ণয়মসঃসুতৈঃ ।

সাধু ব্যক্তির সমাগমে মন যেকপ শীতল

হয়; রাজ্য লাভ প্রভৃতি কোন সম্পদেও

সেধু হয় না। ১—১০। সূত কহিলেন,—

অনন্তর মুনি সত্তম নামে ঈশ্বং হস্ত করিয়া

(মহারাজ) অশ্বরৌষকে প্রত্যুত্তর দিলেন।

নারদ কহিলেন,—পূর্বকালে ব্রহ্মা আমার

নিকটে বাহা বলিয়াছিলেন, সেই বৈশাখ-

মাসের ধর্ম্মানুষ্ঠানপ্রণালী জগতের হিতার্থে

আপনার নিকটে বলিব শ্রবণ করুন।

প্রথমতঃ কৰ্ম্মক্ষেত্র ভারতবর্ষে জন্মই দুর্লভ,

তাৎহাতে মনুষ্যজন্ম আরও দুর্লভ, মনুষ্যজন্ম

লাভ করিয়া স্বর্ষে প্রবর্ত্তি তদপেকাও

দুর্লভ। হে ভূপাল! বাহুদেবে ভক্তি

তাৎহা অপেকাও অতিদুর্লভ। তাৎহাতেও

আবার মাধবপ্রিয় মাধবমাস আরও দুর্লভ।

সেই কারণে পবিত্র বৈশাখমাসে প্রাপ্ত হইয়া

বাহার্য যথাবিধানে স্নান, দান, জপপ্রভৃতি

ধর্ম্মকাৰ্য্য করেন, তাহারাই ধন্ত কৃষ্ণী পুরুষ।

পাপিগণ তাহাদের দর্শনমাত্রেই বীতপাপ

হইয়া ভগবদ্ভক্ত ও ধর্ম্মকাজ্জিগ্ণ হইয়া

থাকে। বাহার্য বৈশাখমাসে নিয়মযুক্ত

তে কোটিবর্ষপর্য্যন্ত ক্রৌড়ন্তে নন্দনে বনে ॥

যথা ন বারিধিসমো লোকে কোহপি জলাশয়ঃ

তথা মাসো ন বৈশাখসদৃশো মাধবপ্রিয়ঃ ॥ ১৮

তাবৎ পাপানি তিষ্ঠন্তি মনুষ্যাণাং কলেবরে ।

যাবৎ কিল মলধ্বংসী মাসো নায়াতি মাধবঃ ॥

অবশিষ্টদিনান্তে ব পঞ্চ মাসস্ত তন্ত বৈ ।

একাদশীং সমারভ্য সর্বমাসসমামি বৈ ॥ ২০

বৈশাখে পূজিতো দেবো মাধবো মধুহা তু যৈঃ

নানোপচাটৈ রাজৈস্ত্রৈঃ প্রাপ্তঃ জন্মনঃ

ফলম্ ॥ ২১

কিং কিং ন দুর্লভতয়ঃ প্রাশ্যতে মাসি মাধবে

স্নানেন পরমেশস্ত পূজনেন যথাবিধি ॥ ২২

ন দন্তং ন হন্তং জপ্তং ন তৌর্থে মরণং কৃতম্ ।

যৈহি নারায়ণে নৈব ধ্যাতো নিখিলপাপহা ॥ ২৩

হইয়া প্রাতঃস্নান করে, তাহার্য কোটি

বৎসর পর্য্যন্ত নন্দনকাননে ক্রৌড়া করে।

এই ত্রিভুবনে সমুদ্রের তুল্য জলাশয় যেমন

আর নাই; সেইরূপ বৈশাখমাসের তুল্য

বিষ্ণুপ্রিয় মাস আর নাই। পাপধ্বংসী

মাধবমাস যাবৎ না আগত হয়, তাবৎকাল

মনুষ্যশরীরে পাপ অবস্থিতি করে।

বৈশাখমাসের তুল্য বিষ্ণুপ্রিয় মাস আর

নাই। পাপধ্বংসী মাধবমাস যাবৎ না অগত

হয়, তাবৎকাল মনুষ্যশরীরে পাপ অবস্থিতি

করে। বৈশাখমাসের একাদশী হইতে

অবশিষ্ট পাঁচ দিন সম্পূর্ণ মাসের স্তায় পুণ্য

প্রদ অর্থাৎ সম্পূর্ণ মাসে ধর্ম্ম কাৰ্য্যে যে ফল,

ঐ অবশিষ্ট পাঁচদিনের ধর্ম্মকাৰ্য্যেও সেই

পূর্ণমাসের ফল পাওয়া যায়। হে রাজেন্দ্র!

যাহার্য বৈশাখমাসে দেব মধুহৃদনকে বিবিধ

উপচারে পূজা করিয়াছে, তাহাদের জন্ম

সার্থক হইয়াছে। বৈশাখমাসে যথাবিধানে

পরমেশ্বরকে স্নান করাইয়া পূজা করিলে

দুর্লভতয় কোন কোন পুণ্য লাভ না করা

যায়? বাহার্য নিখিলপাপিনী—দেব নারায়ণকে ধ্যান করে নাই; তাহাদের দান,

হোম, জপ, তৌর্থেমণ—সমস্তই বুঝা। হে

ভৈরবঃ জন্ম নৃণাং লোকে জ্ঞাতব্যঃ

নিফলং নৃপ ।

দ্রব্যেণ বিদ্যমানেন্ধু রূপণো যো ভবেন্নরঃ ॥২৪
 অদ্বা ত্রিঃতে যো হি তন্ত্ৰ দ্রব্যং নিরর্থকম্ ।
 তীর্থস্নানাদিতপসা সংকূলে জন্ম লাভাতে ॥২৫
 ন দানেন বিনা ভূপ কিঞ্চিদপূপতিষ্ঠতি ।
 বৈশাখস্নানমাহাশ্রাদপি পঞ্চদিনাশ্রুতং ॥ ২৬
 সংকূলে প্রাপ্যতে জন্ম বৈভবং বিবিধং তথা
 সুপুংঃ সুহৃৎ ভূপ ধনধাত্তবরপ্রিয়ঃ ॥ ২৭
 সুজয় মরণকাপি সুভোগাঃ সুধমেব চ ।
 সপা দানেহধিকা স্ত্রীতিরোদার্থ্যঃ ধৈর্য্যমুত্তমম্ ।
 প্রসাদাত্তস্ত দেবশ্চ বিষ্ণোঽশ্বক মহাস্নানঃ ।
 নারায়ণস্ত জায়ন্তে দিক্কয়ো ভূপ বাহুতাঃ ॥২৯
 উর্জে মাসি তপোমাসি মাধবে মাধবপ্রিয়ে ।
 স্নাত্বা দামোদরঃ ভক্ত্যা মাধবঃ মধুসূদনম্ ॥৩০
 বিশেষণ সমভ্যর্চ্য দত্ত্বা দানানি শক্তিতঃ ।

ঐহিকং সুখমাসাদ্য নরো হরিপদং ব্রজেৎ ।

অনেকজন্মান্বিজিতপাতকাবলী

বিলীয়তে মাধবযজ্ঞনেন ।

স্বর্ঘ্যোদয়ে ভূপ যথা তমিশ্রঃ

বচঃ স্বয়ম্ভুরিদমাশ্রিয়ে ॥ ৩২

চকার বিষ্ণুর্বিপুলপ্রচারঃ

মাসস্ত বৈ মাধবসংজ্ঞকস্ত ।

যমস্ত শুশ্রুৎ বচসা বিচিন্ত্য

মনুষ্যালোং গমিতং চকার ॥ ৩৩

তস্মাদস্মিন সমায়াতে মাধবে মাসি বৈষ্ণবৈঃ ।

স্নাত্ব পুণ্যজলে তীর্থে গঙ্গায়ঃ পাবনে নৃণাম্

রেবায়া বা মহারাজ যমুনে সারদেহথবা ।

প্রাতঃস্বহৃদিত্তে ভানো বিধানেন নৃপোত্তম ॥৩৫

পূজয়িত্বা চ দেবেশং মুকুন্দং মধুসূদনম্ ।

পুত্রগৌত্রবনশ্রেয়োবাহুতানি সুখানি চ ॥৩৬

রাজন! মনুষ্যালোকে তাহাদেয় জন্মই
 বুধা জানিবে। যে ব্যক্তি অর্থ থাকিতেও
 রূপণ,—নারায়ণের অর্চনায় অর্থ ব্যয় করে
 না। দান না করিয়া—কেবল সঞ্চয় করিয়া
 রাখিয়া প্রাণত্যাগ করে, তাহার সে সঞ্চিত
 অর্থ নিরর্থক, কোন কাজেই লাগে না।
 তীর্থস্নান, তপস্বা প্রভৃতি পুণ্যকার্য দ্বারা
 সংকূলে জন্ম লাভ করা যায়। কিন্তু হে
 রাজন! সংকূলে জন্ম লাভ করিয়া অর্থসঞ্চয়
 করত তাহা দান না করিলে কিছুই থাকে
 না। বৈশাখমাসের ঐ একাদশাদি পঞ্চদিনে
 স্নানের মাহাশ্রো সংকূলে জন্ম, বিবিধ
 ঐর্ষ্য, সুপুত্র, সুকুল, ধন-ধাত্ত, ও মনোমত
 পত্নী লাভ হইয়া থাকে। হে ভূপ! মহাশ্রা
 দেবদেব বিষ্ণুর প্রসাদে সুজয়, সুমৃত্যু,
 সুভোগ, সুখ, সঙ্গদা দানে সমাধিক
 আনন্দ, ওদার্থ্য, ও উত্তম ধৈর্য্যপ্রভৃতি সমু-
 দয় অভীষ্ট সিদ্ধ হইয়া থাকে। কার্তিক-
 মাসে, মাঘমাসে, বিষ্ণুপ্রিয় বৈশাখমাসে,
 স্নান, ভক্তিপূর্বক বিশিষ্টরূপে মধুসূদন
 দামোদরের পূজা, এবং যথাশক্তি দান

করিলে মানব ঐহিক সুখ লাভ করিয়া অস্তে
 হরিপদ প্রাপ্ত হয়। হে ভূপ! স্বর্ঘ্যোদয়ে
 যেক্রম অন্ধকার নাশ হয়, সেইরূপ বৈশাখ-
 মাসে (যথানিয়মে) স্নান করিলে বহুজন্মা-
 বিজিত পাতকরাশি নষ্ট হইয়া থাকে, ইহা
 ব্রহ্মা আমার নিকটে বলিয়াছেন। ভগবান্
 বিষ্ণু, মনুষ্যাগণ স্বস্বকর্ম্মফলে ক্লান্তের
 করালকবলে পতিত হইয়া নরকে গমন
 করিতেছে দেখিয়া তাহাদের উদ্ধারার্থ
 মনুষ্যালোকে বৈশাখমাসের সুপ্রচার করিয়া
 দিয়াছেন। অতএব হে মহারাজ! বৈশাখ-
 মাস আসিলে বিষ্ণুভক্তগণ, লোকপাবন গঙ্গা
 সলিলে, রেবাতোয়ে, যমুনাজলে সার-
 দোদকে অথবা অস্ত কোন পুণ্যতীর্থে স্বর্ঘ্যো-
 দয়ের পূর্বেই অরণোদয়কালে যথাবিধানে
 স্নান করবে।” ১১—৩৪। হে নৃপোত্তম!
 অস্তুর দেবদেব মধুসূতা মুকুন্দের পূজা
 করিয়া তৎকলে পুত্রপৌত্র, ধনসম্বৃদ্ধি প্রভৃতি
 অভীষ্ট সুখভোগের পর অক্ষয় স্বর্গ প্রাপ্ত
 হইবে। হে মহাভাগ! তুমিও বৈশাখ-
 মাসের এইরূপ মহিমা অবগত হইয়া মধু-
 সূদনের পূজা কর। বৈশাখমাসে যথা-

অমৃত্যুয় তৎ স্তম্ভে স্বর্গমক্ষয়মাশ্রুয়াৎ ।
 এবং জ্ঞানী মহাভাগ মধুসূদনমর্চ্ছয় ॥ ৩৭
 স্নাত্বা সমাগ্ং বিধানেন বৈশাখে তু বিশেষতঃ
 দেবমায়ায়া গোবিন্দং নারায়ণনাময়ম্ ॥
 প্রাপ্যাসি ত্বং সুখং পুত্রং ধনানি চ হরেঃ পদম্
 দেবদেবং নমস্কৃত্য মাধবং পাপনাশনম্ ॥৩৮
 প্রারভেত ব্রতমিদং পৌর্ণমাস্তাং মধোনূপ ।
 যমৈশ্চ নিয়মৈর্দুর্ভুজঃ শক্ত্যা কিঞ্চিৎপ্রদায় চ ॥
 হবিষ্যচ্ছৃগ্ভূমিশায়ী ব্রহ্মচর্যব্রতে স্থিতঃ ।
 কৃচ্ছাদিতপসা স্কাষো ধ্যায়ন্নারায়ণং হৃদি ॥৪১
 এবং প্রাপ্য চ বৈশাখীং দদ্যাদ্ভুক্তিলাদিকম্ ॥
 ভোজনং বিজয়খ্যোভ্যো ভক্ত্যা ধেনুং
 সদক্ষিণাম্
 অচ্ছিদ্রং প্রার্থয়েচ্চাপি তস্য স্নানস্ত তুমুমান্ ।
 যথা লক্ষ্মীঃ প্রিয়া ভূপ মাধবস্ত জগৎপতেঃ ॥
 তথৈব মাধবো মাসো মধুসূদনবল্লভঃ ।
 এবং বিনিযুক্তো মর্ত্যঃ স্নাত্বা দ্বাদশবৎসরম্ ॥ ৪২

বিধানে স্নান ও নির্মূল দেবনারায়ণকে
 বিশেষরূপে পূজা করিলে পুত্র ধনাদি ঐশ্বর্য
 সুখভোগের পর হরিপদ প্রাপ্ত হইবে। হে
 নূপ! বৈশাখী পৌর্ণমাসী তিথিতে পাপ
 নশী দেবদেব মাধবকে নমস্কার করিয়া এই
 ব্রত আরম্ভ করিবে। যথা,—নিয়মযুক্ত
 হইয়া হবিষ্যাশন, ভূমিশয়ন করত ব্রহ্মচর্য
 ব্রত অবলম্বনপূর্বক যথাশক্তি দান করিবে।
 কৃচ্ছ প্রভৃতি কঠোর তপস্যায় শরীর ক্ষীণ
 করত মনে মনে কেবল নারায়ণকে ধ্যান
 করিবে। বৈশাখী পূর্ণিমায় এইরূপ নিয়মে
 অবস্থানপূর্বক সুব্রাহ্মণদিগকে মধুভিলাদি
 দান, ভোজন ও সদক্ষিণা ধেনু দান
 করিবে। এবং ব্রাহ্মণদিগের নিকটে
 আমার স্নানের কার্য অচ্ছিদ্র হউক, এইরূপ
 প্রার্থনা করিবে। হে ভূপ! লক্ষ্মীদেবী
 জগৎপতি মাধবের যেরূপ প্রিয়পাত্রী; এই
 বৈশাখ মাসও তাঁহার সেইরূপ প্রিয়। মানব
 মধুসূদনের স্ত্রীতিকামনায় দ্বাদশ বৎসর কাল
 এইরূপ বিধানে স্নান ও বিষ্ণুপূজা করিয়া

উদ্দ্যাপনং চরেচ্ছক্ত্যা মধুসূদনকুটুম্বৈ ।
 ইদং মাধবমাসস্ত মহান্বায়াং কথিতং তব ।
 যৎপুরা ব্রহ্মণো বক্ত্বাক্ষু তমাসীন্নয়া নূপ ॥ ৪৫
 ইতি স্ত্রীপাদ্যে পাতালখণ্ডে বৈশাখমাস-
 মাহাত্ম্যে পঞ্চপঞ্চাশোহধ্যায়ঃ ॥৫৫॥

ষট্‌পঞ্চাশোহধ্যায়ঃ ।

সূত উবাচ ।

ইতি তস্য বচঃ শ্রুত্বা নারদস্ত স ভূপতিঃ ।

প্রণম্য বিস্মিতঃ প্রাহ চিন্তয়ন্ননসা হরিম্ ॥ ১

অশ্বরীষ উবাচ ।

কথমেতদ্বিমুহামঃ শ্লথায়াসেন যমুনে ।

প্রাপ্যতে স্নানমাত্মেণ ফলং চৈবাতিহর্লভম্ ॥

নারদ উবাচ ।

সত্যমুক্রং ত্বয়া রাজন্নল্লয়াসেন যমহৎ ।

ফলং সম্প্রাপ্যতে তত্র শ্রদ্ধংস্ব বিধিভাবিতম্ ॥

পরে যথাশক্তি ব্রহ্ম উদ্দ্যাপন করিবে। হে
 রাজন! পূর্বে আমি ব্রহ্মার মুখে বৈশাখ-
 মাহাত্ম্য যেরূপ শুনিয়াছিলাম; তোমার
 নিকট অবিকল ত হাই বলিলাম। ৪৩-৪৫ ।

পঞ্চপঞ্চাশ অধ্যায় সমাপ্ত ॥ ৫৫ ॥

ষট্‌পঞ্চাশ অধ্যায় ।

সূত কহিলেন,—মহা রাজ অশ্বরীষ নার-
 দেব এইরূপ বাক্য শ্রবণ করিয়া সাত্বিক
 বিস্মিত হইলেন এবং তাঁহাকে প্রশ্ন
 করিয়া মনে মনে হরিকে চিন্তা করত কহি-
 লেন। অশ্বরীষ কহিলেন,—হে মুনে! স্বল্প
 আয়াসে কেবল স্নান করিয়াই যে এইরূপ
 অতি হর্লভ ফল পাওয়া যায়, ইহাতে আমার
 সাত্বিক বিস্ময় হইতেছে, কিছুতেই ইহাকে
 বিশ্বাস স্থাপন করিতে পারিত্তি না;
 তাহা হইলে আমরা এরূপ মোহগ্রস্ত হইয়া
 থাকি কেন? এরূপ অনায়াসলভ্য পুণ্য
 কর্মই ত অগ্রে কর্তব্য হইতেছে। নারদ

ধর্ম্মস্ত গত্যঃ স্মৃশ্বা দুর্জয়েঃ হীর্ষিরৈরপি ।
 মুহূর্থে চাত্ৰ বিদ্বাংসোহচিন্ত্যশক্তহয়েঃ কুশৌ
 বিধামিত্রাদয়ো রাজন ধর্ম্মাধিকোন্ম বাহুভাঃ ।
 ব্রাহ্মণঃ সমুপায়াতাঃ স্মৃশ্বা ধর্ম্মগতিস্তঃ ॥ ৫
 অজামিলোহপি ভূপাল দাসীপতিরিত্তি শ্রুতঃ
 ধর্ম্মপত্নীপরিত্যাগী নিত্যং পাপপথি স্থিতঃ ॥ ৬
 স্মিয়মাণঃ স্মৃতস্মেহাৎ প্রোচ্য নারায়ণেতি চ ।
 তদ্ব্যাসনামগ্রহণাৎ পদং লেভে সূদুর্গতম্ ॥ ৭
 অনিচ্ছবাপি দহন্তি স্পৃষ্টো হুভবহো যথা ।
 তথা দহন্তি গোবিন্দনাম ব্যাক্রাদসীরিহম্ ॥
 কানীনস্ত মূনেঃ পৌত্রা ভ্রাতৃজ্ঞায়তিগামিনঃ ।
 গোলকস্ত চ বৈ সপ্তাঃ পুত্রাঃ কুণ্ডাঃ স্বয়ং তথা

কহিলেন,—রাজন! আপনি ঠিক কথাই বলিয়াছেন,—অল্প আয়াসে যে এরূপ মহৎ-ফল লাভ, ইহা বিশ্বাসযোগ্য কথা নহে বটে, কিন্তু কি করিবেন, বিধাতার বাক্য, আপনাকে বিশ্বাস করিতেই হইবে। ধর্ম্মের গতি অতিহুম্ম, ইহা ঈশ্বরের বোধগম্য নহে, অচিন্ত্যশক্তিশালী শ্রীহরির কার্যে বিদ্বানেরাও মোহহস্ত হন, কিসে কি হইতেছে, তাহা কিছুই বুঝিতে পারেন না। রাজন! বিধামিত্র প্রতৃত মহর্ষিগণ জাতিতে ক্ষত্রিয় হইয়াও বহুতর ধর্ম্মানুষ্ঠানে ব্রাহ্মণ হইয়া গিয়াছেন, এবিষয়ে ধর্ম্মের গতি হুম্ম, ইহা স্বীকার ব্যতীত আর বৃথিব্যার উপায় কি? হে ভূপাল! অজামিলও দাসীপতি বলিয়া বিখ্যাত ছিল। সে ধর্ম্মপত্নী পরিত্যাগ করিয়া এক দাসীতে আসক্ত হইয়া সর্বদাই পাপ কর্ম্ম করিত, তাহার পুত্রের নাম ছিল,—“নারায়ণ”। মৃত্যুকালে পুত্রস্মেহে সে নারায়ণ নাম উচ্চারণ করিয়াছিল; সেই নারায়ণনাম গ্রহণের সঙ্গে ভগবান্ নারায়ণের চিন্তা মনোমধ্যে উদ্ভিত হওয়ায়, মৃত্যুর পরে সে সূদুর্গত উত্তম পদ পাইয়াছিল। অনিচ্ছায় অবুদ্ধিপূর্বকও অগ্নিস্পর্শ করিলে যেমন অঙ্গ দগ্ধ হয়, সেইরূপ অন্তঃস্থলে গোবিন্দনাম উচ্চারণ করিলে পাপরাশি দগ্ধ হইয়া

কে পঞ্চাশি চ ভূপাল পাণ্ডবা দ্রৌপদীরতাঃ ।
 তেষাঞ্চ পুণ্যশ্লোকত্বং স্মৃশ্বা ধর্ম্মগতিস্বতঃ ॥ ১০
 বিচিন্ত্রাণি চ কর্ম্মাণি বিচিন্ত্রা ভূতভাবনাঃ ।
 বিচিন্ত্রাণ চ ভূতানি বিচিন্ত্রাঃ কর্ম্মশক্তয়ঃ ॥ ১১
 কদাচিৎ স্মৃকৃতং কর্ম্ম কুটিলং যদবস্থিতম্ ॥
 কেনচিৎ কর্ম্মণা ভূপ শুভেন পরিবন্ধতে ॥ ১২
 ফলং দদাতি স্মমহৎ কারয়পি চ জয়নি ।
 স্মৃশ্বো ধর্ম্মোহতিগহনো মৌয়তে ন যথা তথা ॥
 সৈতস্ত ফলদানস্ত ক্রাণ্ডে ভূপ নিশ্চয়ঃ ।
 যৎ কিঞ্চিৎ স্মৃকৃতং কর্ম্ম ছন্নং পাপান্তেরপি

থাকে। কানীন (১) মূনির পৌত্র, গোলক (২) সন্তান পাণ্ডুর পুত্র ভ্রাতৃপত্নীগামী যুধিষ্ঠিরাদি পঞ্চপাণ্ডব—একে কুণ্ড (৩) সন্তান; তাহাতে আবার পাঁচজনে এক দ্রৌপদীকে বিবাহ করিয়াছিলেন; তাহার কিনা শেষে পুণ্যশ্লোক বলিয়া বিখ্যাত হইলেন; এবিষয়ে ধর্ম্মের গতি হুম্ম ভিন্ন আর কি বলিব? কর্ম্ম সকল বিচিত্র, সৃষ্টি-কর্ত্তারও বিচিত্র, সৃষ্টিপ্রণালী সকলও বিচিত্র; কর্ম্মসমূহের শক্তিও বিচিত্র—তাহার কিরূপ শক্তি, কিছুই বৃথিব্যার উপায় নাই। হে ভূপ! যে স্মৃকৃত এক সময়ে ফল প্রদান না করায় কুটিল অর্থাৎ নির্দীকার হইয়া প্রচ্ছন্নভাবে অবস্থান করিতেছিল, তাহাই আবার অন্ত সময়ে অন্ত কোন শুভ কর্ম্মদ্বারা বুদ্ধিপ্ৰাপ্ত হইয়া বহুকাল প্রচ্ছন্নরূপে নিষ্ফল অবস্থায় থাকিয়া অন্ত কোন জন্মে স্মমহৎ ফল প্রদান করে। ধর্ম্মের গতি অতিহুম্ম,—অতি দুর্দোষ; যেন-তেন প্রকারেণ তাহার অনুমান করবার উপায় নাই। এই পুণ্যের ফলদান অর্থাৎ কোন পুণ্য কখন ফলিবে, তাহার নিশ্চয় কোথাও শুনাও যায়

- (১) অবিবাহিত কস্তার গর্ভজাত সন্তানকে কানীন কহে।
- (২) বিধবার সন্তানকে গোলক বলে।
- (৩) জারজ সন্তানকে কুণ্ড বলে।

ভদ্রাগত্য কৃতঃ কাপি স্বং ফলঞ্চ প্রযচ্ছতি ।
 কৃতস্ত নেহ নাশোহস্তি পুণ্যস্ত হ্রিতস্ত চ ॥১৫
 তথাপি বহুভিঃ পুণ্যৈর্হ্রিতং যতি দারুণম্
 যত্নঃ ভবত্য রাজস্রায়াসাধিক্যতো ভবেৎ ॥
 মহৎপুণ্যঞ্চ তত্রাপি কারণং মে নিশাময় ।
 স্রায়াসমহায়সৌ যদ্যল্পশ্বমহস্বয়োঃ ॥ ১৭
 মহাপুণ্যাস্ততস্তে স্যুঃ সততং কর্বকাদয়ঃ ।
 মন্ত্রোচ্চারঞ্চ (১)সিংহাদৈরায়াসং বহুলং

বৃতঃ ॥ (২)

না। যৎকিঞ্চিৎ সুকৃত কর্মণ্ড—অনেক
 দেখা গিয়াছে যে, বহুতর পাপকর্মে আবৃত
 থাকিয়া বহুকালের পর অতর্কিতভাবে আগ-
 গন করিয়া নিজ ফল প্রদান করিল। তাহার
 কারণ আর কিছুই নহে, অল্পশ্রিত পুণ্যকর্ম
 বা পাপকর্মের কদাপি নাশ হয় না, কোন
 না কোন সময়ে তাহার ফল অবশ্যই ফলিয়া
 থাকে। তাহা হইলেও বহুতর পাপ নাশ
 করিতে হইলে বহুপুণ্যের প্রয়োজন, অল্প-
 পুণ্যে বহু পাপ নাশ কোনক্রমেই হইতে
 পারে না। তবে যে আপনি বলিলেন,
 স্রায়াসে বহুপাপ নাশ কিরূপে হয়, তাহার
 উত্তর এই যে, পাপনাশের প্রতি আয়াসের
 বাহ্য কারণ নহে, পুণ্যের আধিক্যই
 তাহার কারণ। তবে স্রায়াসে যে মহৎ
 পুণ্য হয়, তাহার কারণ পূর্বেই বলিয়াছি।
 ধর্মের গতি—অর্থাৎ, কর্মের শক্তি
 অধিক, কিসে কি হয় কিছুই বলা যায় না।
 আয়াসের (পরিশ্রমের) অল্পতা ও আধিক্য
 যদি পুণ্যের অল্পতা ও আধিক্যের প্রভ
 হেতু হইত, তাহা হইলে শ্রমজীবী কৃষকেরা
 নিশ্চয়ই মহাপুণ্য সঞ্চয় করিত; কারণ
 তাহারা মহাপরিশ্রম করিয়া থাকে। আমা-
 দের স্রায়াসসাধ্য মন্ত্রোচ্চারণ এবং

পঞ্চগব্যং প্রশস্তং বৈ ব্রতাপ্রদেহনে
 ভবেৎ ।

ইতিকর্তব্যবাহুল্যং মহস্বঞ্চ তদল্পতা ॥ ১৯
 জলাগাদিপ্রবেশস্ত প্রদম্ভোভ ব্রতাস্তরাৎ ॥
 ইদমল্পং মহচ্চৈত্রদিতি নৈব নিয়ামকম্ ॥ ২০
 ফলং যচ্ছোদিতং শাস্ত্রে তদেব স্যায়ম্ভূপ ॥
 যথাল্পনাশো মহতা মহশ্রাস্তথাল্পতঃ ।

কিং স্রল্লবিস্কুলিঙ্ঘেন তৃণরাশিঃ প্রদম্ভতে ॥২১
 হত্যাযুতং পাপসহস্রমুগ্রং
 গুরুদ্বন্দ্বানাকোটিনিবেষণঞ্চ ।

স্তেয়াদিপাপানি চ কৃকভক্তৈ-
 রজ্ঞানজাতানি লয়ং ত্রিয়স্তে ॥ ২২

বিস্কৃতভিক্ষিতা বীর যৎকিঞ্চিৎক্রিয়তেহল্পকম্
 সুকৃতং সাধু বিদুষা তদক্ষয়ফলং ভবেৎ ॥২৩

সিংহাদি হিংস্রজন্তুর বহুল আয়াস যদি সমান
 হইত, তাহা হইলে আমাদের মঙ্গলপুত্র পঞ্চ-
 গব্য প্রশস্ত বলিয়া ব্রতের অঙ্গ হইত না।
 ইতি-কর্তব্যের বাহ্য বা অল্পতা, ফলের
 বাহ্য বা অল্পতার প্রতি কারণ হইলে,
 স্রায়াসসাধ্য ব্রতাপেক্ষা জলপ্রবেশ, বা
 অগ্নি প্রবেশ প্রভৃতি কঠোর কঠিনসাধ্য কর্মে-
 রই ফলাধিক্য হইয়া পড়ে। ইহাতে
 আয়াসও অল্প, স্মরণও ইহার ফল অল্প;
 ইহাতে আয়াস অধিক, স্মরণও ফলও
 অধিক, ইহাই নিয়ম নহে। হে নৃপ! শাস্ত্রে
 যে কর্মে যেরূপ ফল নির্দিষ্ট হইয়াছে,
 তাহাই যথার্থ। মহতের দ্বারা যেরূপ
 অল্পের নাশ হয়, সেরূপ অল্প দ্বারাও মহতের
 নাশ হইতে পারে। অল্পমাত্র অগ্নিস্কুলিঙ্ঘে
 রাশীকৃত তৃণ দগ্ধ হয় না কি? ॥১—২১।
 ষাঁহার কৃকভক্ত ষাঁহাদের কৃকভক্তিগুণে
 অসুত জীবহত্যা, কোটি গুরুদারগমন ও
 সুবর্ণপহরণ প্রভৃতি বহুতর অজ্ঞানকৃত
 পাপ নষ্ট হইয়া থাকে। হে বীর! কৃকভক্ত
 বিদ্বান ব্যক্তি যৎকিঞ্চিৎ পুণ্যকর্ম করিলেও
 তাহা অক্ষয় ফল প্রদান করে। অতএব

(১) 'মন্ত্রোচ্চারণ' ইতি কচিং কল্পিতঃ ।

(২) আয়াসবহুলম্বৃতঃ । ইতি ।

সন্দেহো নাজ্জ কর্তব্যো মাধবে মাসি মাধবম্ ।
 সমারাধ্য নরো ভক্ত্যা তত্ত্বাহিতমাগ্নুয়াৎ ॥২৪
 অপত্যং জবিণং রত্নং দারা ধর্ম্যাং হয়া গজাঃ ।
 সুখানি স্বর্গমোক্শৌ চ ন দূরে হরিভক্তিতঃ ॥২৫
 এবং শাস্ত্রোক্তবিধিনা স্বল্পেনাপি ন স শয়ঃ ।
 পাপস্ত মহতোহপি স্তাৎ কয়ো বুদ্ধিঃ সুকর্মণঃ
 কলাধিক্যং ভবেদুচুপ আধিক্যান্ডাবকর্মণো ।
 সূক্ষ্মা ধর্মস্তা বিজ্ঞেয়া গতিস্ত বিবিধৈরপি ॥২৭
 প্রিয়ো মাধবমাসোহয়ং মাধবস্ত মহাশ্বনঃ ।
 একোহপ্যহুষ্টিতো লোকে সমগ্রেপ্পিত্তদায়কঃ
 পুণ্যেন গাঙ্গেন জলেন কালে
 দেশে চ যঃ স্নানপরোহপি চুপ ।
 আ জন্মতো ভাবহতোহপি দাতা
 ন শুদ্ধিমেতীতি মহতঃ মমৈতৎ ॥ ২৯

মানব মাধবমাসে ভক্তিপূর্নক মাধবের পূজা
 করিয়া যে তত্ত্বৎ ফল লাভ করিবে, তদ্বিষয়ে
 সন্দেহ কি? ধন, রত্ন, স্ত্রী, পুত্র, অটালিকা,
 অশ্ব, হস্তী, স্বর্গ ও মুক্তি,—হরিভক্তের
 নিকটে কিছুই দূরবর্তী নহে,—হরিভক্ত
 অন্যায়সেই এ সকল লাভ করিতে পারে ।
 এইরূপ শাস্ত্রোক্ত বিধান অল্পমাত্র পুণ্য-
 কর্ম দ্বারা যে মহাপন্থের ক্ষয় এবং সুকৃতের
 বৃদ্ধি, এ বিষয়ে কোন সন্দেহ নাই । হে
 চুপ! ভক্তি ও কর্ম উভয়ের আধিক্যেই
 কলের আধিক্য হইয়া থাকে। আর
 ধর্মের গতিও যে সূক্ষ্ম, তাহা বিবিধ
 প্রকারেই জানা যাইতে পারে। এই
 মাধবমাস,—মহাশ্বা মাধবের জিয়ার। এই
 মাধবমাসীয় কৃত্যবৎ একটি মাত্র কর্মের
 অহুষ্ঠানেই মানব ইহলোকে সমগ্র অভীষ্ট
 লাভ করিতে পারে। হে চুপ! যে
 ব্যক্তি জন্মাবধি ভাবহুষ্টি অর্থাৎ আধিক্য-
 বুদ্ধিসম্পন্ন ও ভক্তিমান নহে; সে ব্যক্তি
 উপযুক্ত সময়ে উপযুক্ত তীর্থক্ষেত্রে পবিত্র
 গঙ্গাজলে স্নান ও দান করিলেও বিশুদ্ধি
 লাভ করিতে পারে না, ইহাই আমার

গঙ্গাদিতীর্থেষু বসন্তি জীবা
 দেবালয়ে পক্ষিগণাশ্চ নিত্যম্ !
 বিনাশমায়াস্তি কৃতোপবাসা
 ভাবোজ্জ্বলিতা নৈব গতিং লভন্তে ॥ ৩০
 ভাবং ততো হৃৎকমলে নিধায়
 শ্রীমাধবঃ মাধবমাসি ভক্ত্যা ।
 যজেত যঃ স্নানপরো বিশুদ্ধঃ
 পুণ্যং ন শক্তা বয়মস্তু বজুম্ ।
 প্রজালা বহুং ব্রততৈলসিক্তং
 প্রাক্ষিপাবর্শুশিখং স্বকালে ।
 প্রবিশ্ত দধ্বঃ কিল ভাবহুষ্টি
 ন স্বর্গমাপ্নোতি কলং ন চান্তৎ ॥ ৩২
 শ্রদ্ধৎ চুপ তস্মাৎ মাধবস্ত কলং প্রতি ।
 স্বরূপাশি শুভং কর্ম বিকর্মণতনশনম্ ॥৩৩
 যথা হরেনামভয়েন চুপ
 নশন্তি সর্বে হুরিতস্ত বৃন্দাঃ ।

মত। গঙ্গাদি তীর্থে কত জীব বাস করে,
 দেবালয়েও কত পক্ষী অনবরত অবস্থান
 করে, উপবাস করিয়া কত লোক প্রার্থ্যাগ
 করে, কিন্তু তাহারা ভাবহুষ্টি অর্থাৎ
 ভক্তিপূর্নক তত্ত্বৎ কর্মে রত নহে বলিয়া
 সদৃগতি লাভ করিতে পারে না। ২২—৩০।
 অতএব যে ব্যক্তি বৈশাখমাসে হৃৎপদ্মে
 ভাব অর্থাৎ ভক্তি স্থাপনপূর্নক স্নান
 করত বিশুদ্ধভাবে ভক্তি সহকারে
 শ্রীমাধবের পূজা করে, তাহার পুণ্যের
 ইয়তা নির্দেশ করিতে আমি অপারগ।
 যে ব্যক্তি ভাবহুষ্টি, সে অগ্নি জালিত করিয়া
 তাহাতে ব্রত-তৈল প্রক্ষেপের পর, অগ্নিশিখা
 বধাকালে দক্ষিণবর্শে উর্ধ্বে উঠিতে
 থাকিলে, সেই অগ্নিমধ্যে প্রবেশপূর্নক দধ্ব
 হইয়া প্রার্থ্যাগ করিলেও স্বর্গ বা অন্ত
 কোন শুভ ফল পাইতে পারে না। অতএব
 হে রাজন! তুমি বৈশাখমাসের কলের
 প্রতি বিশ্বাস কর, এবং নিজেও শত হুর্ন-
 নাসী এই শুভ কর্মের অহুষ্ঠান কর। হে
 চুপ! হরিনামভয়ে পাণরূপি যেমন অদ্ভুত

নুনং যবৌ মেঘগতে বিভাতে

স্নানেন তীর্থে চ হরিস্তবেন ॥ ৩৪

তেজসা বৈনতেয়স্ত পাপানঃ পরগা ইব ।

বিদ্রবন্তি চ বৈশাখ-স্নানেনোষসি নিশ্চিতম্ ॥

গঙ্গায়ং নর্ষদায়াং বা স্নাত্বা মেঘগতে রবৌ ।

পাপপ্রশমনং স্তোত্রং যঃ পঠেত্তক্তিভাবেতঃ ॥

এককালং দ্বিকালং বা ত্রিসঙ্ঘ্যমপি ভূপতে ।

স যাতি পরমং স্থানং সর্কপাপবিবর্জিতঃ ॥ ৩৭

এতস্তে সর্কমাখ্যাতমধরীষ সমাসতঃ ।

বৈশাখস্নানমাহাশ্মায্যং কিমন্তুক্কোতুমিচ্ছসি ॥ ৩৮

অধরীষ উবাচ ।

পাপপ্রশমনং স্তোত্রং শ্রোতুমিচ্ছামি তে মূনে

যস্ত অরণমাত্রেণ পাপরাশির্কিলীয়তে ॥ ৩৯

যস্তোহস্যন্নুগৃহীতোহস্মি শ্রাবিতোহস্মি

শুভং বিধিম্ ॥

হইয়া যায়, বৈশাখমাসের প্রাতঃকালে কোন

তীর্থক্ষেত্রে স্নান ও ত্রীহরির স্তব করিলেও

ভূজপ পাপ নাশ হইয়া থাকে। যেমন

গরুড়ের প্রতাপে সর্পগণ তাহার নিকট

হইতে দূরে পলায়ন করে, সেইরূপ বৈশাখ

মাসের প্রাতঃস্নানে পাপরাশি দূরে পলা-

য়ন করে; এ বিষয়ে কোন সন্দেহ

নাই। হে ভূপতে! যে ব্যক্তি, বৈশাখ-

মাসে গঙ্গা বা নর্ষদা-নদীতে স্নান করিয়া

একবার, দুইবার বা ত্রিসঙ্ঘ্য ভক্তিভাবে

পাপনাশন স্তব পাঠ করে, সে সকল

পাপ হইতে মুক্ত হইয়া পরম স্থানে গমন

করে। হে মহারাজ অধরীষ! এই আমি

তোমার নিকটে বৈশাখস্নানমাহাশ্মা সয়ুদয়

বলিলাম, এক্ষণে আর কি শুনিতে ইচ্ছা

হয়, তাহা বল। অধরীষ কহিলেন,—

মূনে! যাহার অরণ মাত্রে পাপরাশি

ক্ষয় প্রাপ্ত হয়, সেই পাপপ্রশমন

স্তোত্র আঁপনার নিকটে শুনিতে ইচ্ছা

করি। যাহার শ্রবণ মাত্রেই সঞ্চিত

পাপরাশি নষ্ট হয়; আপনি অল্পপ্রহ-

বিক্রমোৎপত্তিতং যস্ত শ্রবণাদেব হীয়তে ॥ ৪০

চিত্রং কিমত্র মধুসূদনদৈবতস্ত

স্নানস্ত পুণ্যসবনৈরিহ মাধবস্ত ।

স্নানৈরবশ্তবিহিতৈরঘরাশিনাশঃ

স্নানস্ত নামপঠনাদপি তস্ত লোকঃ ॥ ৪১

তদেব পুণ্যং পরমং পবিত্রং

হৃদ্যঞ্চ লোকে সূকৃতেকলভ্যম্ ।

যদ্যচ্যতে কেশবনামধেয়ং

মস্তে মূনে মাধবমাসি ভব্যম্ ॥ ৪২

ধস্তান্ত তে মাধবমাসি নাম

অরাস্ত য়েহহো মধুসূদনস্ত ।

তস্তুৈব মে কিঞ্চিদতশ্চরিত্রং

পুনঃ পবিত্রং বদ মন্তসে চেৎ ॥ ৪৩

স্মৃত উবাচ ।

বচঃ সমাকর্ণ্য হরিপ্রিয়স্ত

শ্রীতো মুনিস্তস্ত নৃপোত্তমস্ত ।

তস্মাধবস্নানস্মুৎসুকোহপি

কথারসেনাহ স মাধবস্ত ॥ ৪৪

পূর্বক সেই শুভ বৈশাখমাসকৃত্য শ্রবণ

করাইয়া আমাকে কৃতার্থ করিলেন। সেই

দেবদেব মধুসূদনের নামোচ্চারণ করিয়া

সামান্ত নিত্য-স্নান করিলে যখন পাপরাশির

নাশ হইয়া থাকে; তখন বৈশাখমাসে

তাঁহার নামোচ্চারণপূর্বক বিহিত পবিত্র

স্নান করিলে যে পাপ নষ্ট হইবে, তাহা

আর বিচিত্র কি? মূনে! আমার

ধারণা; বৈশাখমাসে যে পবিত্র মনোহর

কৃষ্ণনাম উচ্চারণ করা হয়, তাহাই পরম

পুণ্যপ্রদ; এবং লোকের তাহাই একমাত্র

পুণ্যলভ্য। গাঁহার বৈশাখমাসে মধুসূদনের

নাম অরণ করেন, তাঁহারাই ধন্ত; আমার

বিশ্বাস,—তাঁহাদেরই পবিত্র চরিত্র। যদি

পবিত্র বলিয়া কাহার উল্লেখ করিতে চান,

ত, তাঁহাদেরই নামোল্লেখ করুন। স্মৃত

কহিলেন,—মুনিবর নারদ সেই হরিভক্ত

নৃপবরের বাক্য শ্রবণ করিয়া সান্তিশয় শ্রীভ

নারদ উবাচ ।

মন্ত্রে মহীপাল মিথো মুকুন্দ-

কথারসালাপবিধিরিশুদ্ধঃ ।

স্ময়া সমো মাধবমাসধর্ম-

স্নানাবিকোহয়ং হরদৈবতস্ত ॥ ৪৫

জীবিতঃ যন্ত ধর্মার্থে ধর্মো হর্থার্থমেব চ ।

অহে রাজাগি পুণ্যাং তৎ মন্ত্রে বৈষ্ণবং ভূবি

কিঞ্চিদক্যামি তে তাজন বৈশাখমানজং ফলম্

অস্বংপি তাপি নো বক্তুমলঃ বিস্তরতোহখিলম্

যত্র মজ্জনমাশ্ৰেণ পাপা মুক্তিমুপাগতাঃ ।

পুরা তীর্থপ্রসঙ্গেন ভ্রমন্ কোহপি মুনীশ্বরঃ ॥ ৪৬

মুনিশর্ম্মেতি বিখ্যাতো ধর্ম্মায়া সত্যবাক শুচঃ

যুক্তঃ শমদমাভ্যাক্ ক্কান্তিসন্তোষসংযুতঃ ॥ ৪৭

যুক্তশ্চ পিতৃকার্ষোয়ু শ্ৰুতিস্মৃতিবিধানবিৎ ।

হইলেন এবং বৈশাখমাসে গঙ্গাস্নানে যাইতে উৎসুক হইলেও হরিকথারসে বিভোর থাকায় সেদিকে দৃকপাত না করিয়া পুনরায় বলিতে লাগিলেন । নারদ কহিলেন,—মহীপাল! আমার বোধ হইতেছে, পরস্পর দুই জনে কৃষ্ণকথারূপ রসালাপ অতি বিশুদ্ধ ও মধুর, তোমার সঙ্গে আমার এই যে কৃষ্ণকথালাপ চলিতেছে, ইহা বোধ হয় বৈশাখমাসের বিহিত স্নান অপেক্ষাও সমধিক পুণ্যপ্রদ । ৩১—৪৫ । যাহার জীবন ধর্ম্মার্থে, ধর্ম্ম ক্রীহরির ক্রীতিসাধনার্থে, এবং দিব্যরাত্র পুণ্যকর্ম্মের অন্তর্গতানে অভিবাহিত হয়, এই পৃথিবীতে তাহাকেই আমি বৈষ্ণব বলিয়া মনে করি । হে রাজন্! আমি বৈশাখমাসের স্নান-ফল যৎকিঞ্চিং পুণ্যে আপনার নিকটে বলিতে পারিব । আমার পিতৃদেবও ইহা বিস্তৃতভাবে সম্পূর্ণরূপে বলিতে সক্ষম নহেন, সুতরাং আমি কোথা হইতে সম্পূর্ণ বলিব । (এক কথার বলি) বৈশাখমাসে স্নান করিলেই লোক পাপমুক্ত হইয়া থাকে । পুরাকালে মুনিশর্ম্মা নামে এক বিখ্যাত মহর্ষি ছিলেন । তিনি ধার্ম্মিক, সত্যবাদী, পবিত্র-

যুক্তো মধুরবাক্যেয়ু সংযুক্তো হরিপূজনে ॥ ৫০

যুক্তো বৈষ্ণবসংসর্গে ত্রিকালজ্ঞানবান মুনিঃ ।

দয়ালুরতিতেজস্বী তত্ত্ববিদ্বাক্ষণপ্রিয়ঃ ॥ ৫১

মাধবে মাসি রেবায়ান্ স্নানাং প্রতিসঙ্করন্ ।

অগ্রতঃ পক্ পুরুমান দদর্শাতীব দুর্গতান ॥ ৫২

পরস্পরস্ত সংসর্গ-কারিণঃ কৃষ্ণবিগ্রহান ।

বটচ্ছায়ামুপাশ্রিত্য সমাদীনান মহীপতে ॥ ৫৩

ঈকতো দিকু সর্বাশু হরিতোষিয়চেতসঃ ।

তানালোক্য দ্বিজশ্রেষ্ঠশ্চৈতদ্দ্যামাস বিস্মিতঃ ॥ ৫৪

কুতো হেতে নয়া ভীমে বিপিনে দীনশ্চিত্তাঃ

চৌরা বা বিরক্তাকারা দৃশ্যন্তে পাপভাগিনঃ ।

পরস্পরং চ ভাবন্তো ভিন্নাজনং যোপমাঃ ।

সভাব, শমদমগুণশীল, ক্ষমালীল ও সদা

সন্তুষ্ট ছিলেন; শ্রুতি স্মৃতির বিধান জানি-

তেন, সর্বদা পিতৃলোকের পূজা করিতেন,

লোককে মিষ্ট কথা বলিতেন, সর্বদা ক্রীহরির

পূজা এবং প্রায়ই তীর্থ-যাত্রাপ্রসঙ্গে ভ্রমণ

করিতেন । সেই মহর্ষি ভূত-ভবিষ্যৎ বিষয়

জানিতে পারিতেন, বৈষ্ণবের সংসর্গে

কালযাপন করিতেন, সেই তত্ত্বজ্ঞ মুনি

দয়ালু ও অতিশয় তেজস্বী ছিলেন, এবং

ব্রাহ্মণদিগকে অতিশয় ভাল বাসিতেন ।

সেই মহর্ষি মুনিশর্ম্মা একদা বৈশাখ-

মাসে য়েবানদীতে স্নান করিতে যাইতে

যাইতে পথিমধ্যে অতীব দুঃখবহুপন্ন পাঁচটা

পুরুষকে দেখিতে পাইলেন । হে মহীপতে !

সেই পাঁচজন এক বটবৃক্ষের ছায়ায় বসিয়া

ছিল ; তাহাদের আকৃতি কৃষ্ণবর্ণ, দেখিয়া

বোধ হইল তাহারা পরস্পর এক সঙ্গে বাস

করে, তাহারা সেই বটচ্ছায়ায় বসিয়া ধোয়-

তর পাপকর্ম্ম করার উদ্দিষ্ট হইয়া চতুর্দিকে

দৃষ্টিপাত করিতেছিল । দ্বিজবর তাহা-

দিগকে দেখিয়া বিস্মিত হইয়া ভাবিতে

লাগিলেন,—এই ভীষণ কাননে দীনভাবা-

পন্ন এই নরগণ কোথা হইতে আসিল,

ইহাদিগকে চোর বা কল্যাকার পাশী পুরুষ

বলিয়া বোধ হইতেছে ; ইহাদের আকৃতি

যবদেবং স বিপ্রাগ্র্যো বিচারয়তি ধীরধীঃ ॥
 ভাবদাগম্য তে প্রোচুর্বিদ্বাঞ্জলিপুটা মুনিম্ ॥৫॥
 পুরুষা উচুঃ ।

ভব্যাং ভবন্তং পুরুষে'ন্তমং বৈ
 মন্তামহে বিপ্রবর প্রসীদ ।
 যদাঁশ্বত্থং চ বয়ং বিচার্য
 বিজ্ঞাপয়ামঃ শৃণু তদ্বিজ্ঞেস্র ॥ ৫৮

সন্তঃ প্রাতষ্ঠা দীনানাং দৈবাদঙ্কুতপাপ্যনাম ।
 আর্জানামার্জিহস্তারো দর্শনাদেব সাধবঃ ॥ ৫৯
 অহং পঞ্চালদেশীয়ঃ কল্লিয়ো নরবাহনঃ ।
 ব্রাহ্মণং হতবান মোহাচ্ছরেণাক্ষনি পাপকুৎ ॥
 শিখাসুত্রবিহীনশ্চ তিলকেন বিবর্জিতঃ ।
 অটামি জগতীমেতাং ব্রহ্মল্লোহহমিতি ক্রবন
 ব্রহ্মস্মার্যতিপাপায় ভিক্কামন্নঃ প্রদীয়তাষ্ ।

সুচিক্ষণ কঙ্কলরাশির স্তায় ভ্রামবর্ণ; ইহার।
 পরস্পর কি বলাবলি করিতেছে। সেই
 ধীরবুদ্ধি বিপ্রবর যখন এইরূপ বিতর্ক
 করিতেছিলেন, তখন সেই পুরুষগণ তাঁহার
 নিকটে আগমন করিয়া কৃতাজলিপুটে
 কহিল। পুরুষগণ কহিল,—হে বিপ্রবর!
 আমরা আপনাকে মঙ্গলময় পুরুসোত্তম
 বলিয়া মনে করিতেছি, অতএব হেদ্বিজ্ঞেস্র!
 বিচারপূর্বক আমরা আপনার নিবটে সে
 আশ্বত্থং নিবেদন করিব, তাহা আপনি
 শ্রবণ করুন। সাধুগণ, দৈবাৎ পাপকারী
 দীনগণের উদ্ধার করিয়া থাকেন, তাঁহাদের
 সাহায্যব্যতীত তাহাদের আর গুণি নাই।
 সাধুগণ দর্শনদানেই বিপন্নদিগের বিপদ্
 দূর করিয়া থাকেন। আমার নিবাস,—
 পঞ্চালদেশে, আমি জাতিতে কল্লিয়, আমার
 নাম নরবাহন; আমি পৃথিমধ্যে মোহ-
 বশতঃ শরধারা এক ব্রাহ্মণকে হত্যা
 করিয়াছি, সেই পাপে আমি শিখা, বস্ত্র
 সূত্র ও তিলকবিহীন হইয়া “আমি ব্রহ্ম
 হত্যাকারী” এইরূপ ঘোষণা করত পৃথি-
 বীতে বিচরণ করিতেছি। “আমি ব্রহ্ম-
 হত্যাকারী—অতি পাপিষ্ঠ; আমাকে অন্ন

এবং সর্ষেষু তীর্ষেষু ভ্রমন্নক্রান্তি চাগতঃ ॥ ৬২
 ব্রহ্মহত্যা ন মেহদ্যাপি প্রয়াতি মুনিসত্তম ।
 এবং মে বর্ষমেকং হি বাতীতং কুর্ষীতোহননম্ ॥
 দহমানস্ত পাপেন শোকাঙ্কুলিতচেতসঃ ।
 চন্দ্রশর্মাপরো বিপ্রো যোহয়ং সংলক্ষ্যতে দ্বিজ
 গুরুঘাতী স তু ব্রহ্মন মোহাকুলিতমানসঃ ।
 নিবসন্নাগধে দেশে সন্ত্যক্তঃ স্বজনৈস্ততঃ ॥৬৫
 দৈবাদসাবপি মুনে ভ্রমস্নিহ সমাগতঃ ।
 শিখাসুত্রবিহীনশ্চ বিপ্রলিঙ্গবিবর্জিতঃ ॥ ৬৬
 পৃষ্টো ময়া তু বৃত্তান্তং সত্যমেবাদদ্বিজ ।
 বসতা ষড়্গুরোগের্গেহে ক্রোধাকুলিতচেতসা ॥৬৭
 মহামোহগতেনাপি যথা বৈ খাদিতো গুরুঃ ।
 তেন পাপেন দম্বোহসৌ বর্জতে শোকপীড়িতঃ
 তৃতীয়োহয়ং পুনঃ আমি নি দেবশর্মা শ্রমাদ্বিতঃ

ভিক্কা দাও” এই কথা বলিতে বলিতে আমি
 সর্ষতীর্ষে ভ্রমণ করত এই স্থানে আসিয়া
 উপস্থিত হইয়াছি। হে মুনিসত্তম! হে
 অনন্য! আমি এক বৎসরকাল এইরূপ
 অনুতাপ করত কষ্টে অতিবাহিত করি-
 লাম, কিন্তু আমার ব্রহ্মহত্যাপাপের
 অদ্যাপি শাস্তি হইল না। আমি ব্রহ্ম-
 হত্যাপাপে দম্ব; এবং তজ্জনিত শোকে
 একান্ত ব্যাকুল হইয়া পড়িয়াছি। হে দ্বিজ!
 আর এই যে ব্রাহ্মণটিকে দেখিতেছেন;
 ইহার নাম চন্দ্রশর্মা। হে ব্রহ্মন! ইনি
 মোহবশতঃ বিবেকশূন্য হইয়া গুরুহত্যা
 করিয়াছেন; ইনি মগধদেশে বাস করিতেন,
 গুরুহত্যাপাপ করায় ইহার স্বজনবর্ণ ইহাকে
 ভ্যাগ করিয়াছেন। হে মুনে! তৎপরে
 উনি শিখা ও যজ্ঞসুত্রবিহীন এবং সর্ষ প্রকার
 ব্রাহ্মণের চিহ্নবিবর্জিত হইয়া ভ্রমণ করিতে
 করিতে দৈবাৎ এই স্থানে আগমন করেন।
 হে দ্বিজ! তাহার পর আমি উঁহাকে জিজ্ঞাসা
 করিলে উনি আমার নিকটে যথাযথ সত্য
 ঘটনা বিবৃত করেন; উনি গুরুগৃহে বাস-
 কালে মহামোহবশতঃ কোন কারণে ক্রোধে
 অধীর হইয়া গুরুকে হত্যা করিয়াছেন;

সুরাপো ব্রাহ্মণো জাতো মোহবেশ্যপ্রসঙ্গতঃ
 পৃষ্ঠৌ মমায়মপি মে যথাবৃত্তং স্তবেদয়ৎ ।
 আশ্রমশেষ্টিতং পূৰ্ব্বমন্তস্তাপেন পীড়িতঃ ॥ ৭০
 নিরন্তঃ সৰ্বলোকৈশ্চ ভাৰ্য্যাবকুঞ্জনৈরপি ।
 তেন পাপেন সংযুক্তো ভ্রূয়ক্রায়মাগতঃ ॥ ৭১
 চতুর্থো বিধয়ো নাম বৈশ্ণোহয়ং গুরুতল্লগঃ ।
 মোহান্নাসত্রয়ং যাবদেশ্যাত্ৰুতাং চ মাতরম্ ॥ ৭২
 বৃষুঞ্জৈ স বিদেহশ্চাং জাততত্ত্বস্ততশ্চয়ন ।
 ত্ৰুণিতোহন্ত্যাগতশ্চাক্র ভ্রমণাণো মহৌঃ মুনে ॥
 পঞ্চমোহয়ং মহাপাপী পাপিসংসর্গকারকঃ ।
 প্রত্যহং ধনলোভেন চৌৰ্যাদি কৃতবান্ বহু ॥
 বৈশ্ণোহনৌ পাতকৈকঃ ক্রান্তস্ততস্ত্যক্তো জনৈঃ
 স্বয়ম্

নির্বিগ্নমানসো দৈবানন্দনামেহ সঙ্গতঃ ॥ ৭৫

উনি সেই পাপে দগ্ন হইয়া নিতান্ত শোকা-
 কুল অবস্থায় কালযাপন করিতেছেন। হে
 স্বামিন্! আর এই তৃতীয় ব্যক্তির কথা
 শ্রবণ করুন;—ইহার নাম দেবশর্মা,
 ইনি ব্রাহ্মণ হইলেও বেশ্যাসক্ত হইয়া সুরা-
 পান করিতেন, পরিশেষে ভাৰ্য্যা ও বকুঞ্জন
 কর্তৃক পরিত্যক্ত হইয়া ঘোরতর পাপকার্য্য
 করায় অল্পতপ হইয়া ভ্রমণ করিতে করিতে
 এখানে আগমন করেন এবং আমা কর্তৃক
 জিত্বাসিত হইয়া আমার নিকট যথাযথ
 ঘটনা জ্ঞাপন করেন। আর এই চতুর্থ
 ব্যক্তি;—ইহার নাম বিধর, জাতিতে বৈশ্য,
 এ গুরুদার গমন করিয়াছে, এবং তিনমাস
 কালা বিদেহবাসিনী বাভ্যাচাংগী মাতার
 সহিত সহবাস করিয়াছে। হে মুনে! তৎ-
 পরে দুর্নিজের পাপকার্য্য বৃত্তান্ত পারিয়া
 সর্বশেষ অল্পতপ হইয়া পৃথিবী ভ্রমণ করিতে
 করিতে এই স্থানে আগমন করিয়াছে। ঐ
 পঞ্চম ব্যক্তির নাম “নন্দ” ও জাতিতে
 বৈশ্য, ও ব্যক্তিও পাপীদিগের সংসর্গে
 থাকিয়া ঘোরতর পাপ করিয়াছে, ধনলোভে
 প্রতিদিন বহু চৌর্য্য করিয়াছে, পরে
 বহুপাতকাক্রান্ত হওয়ার, স্বজনবর্গকর্তৃক

এবং পঞ্চাপি পাপিষ্ঠাঃ স্থানমেকমুপাগতাঃ ।
 কঃ কস্তাপি ন সম্পর্কং ভোজনচ্ছাদনাদপি ॥
 করোতি চ মহাভাগ বিনা বার্ভাং দ্বিজোত্তম ।
 বিশস্তো কাসনে নৈব ন স্বপন্ত্যোকসংস্তরে ॥ ৭৭
 এবং দুঃখসমাক্রান্তা নানাভীর্থে বৈ গতাঃ ।
 নাস্মকিং পাতকং ঘোরং প্রয়াতি মুনিসত্তম ॥ ৭৮
 দৃষ্টী ভবন্তং দীপ্যন্তং প্রসন্নানি মনাসি নঃ ।
 বদন্তি তুরিতপ্রান্তং সাধোস্তে পুণ্যদর্শনাৎ ॥ ৭৯
 উপায়ং বদ নঃ স্বামিন্ যথা পাপকরো ভবেৎ ।
 জ্ঞায়সে করুণোহস্মাভিস্থন্ত বেদার্থবিৎ প্রভো
 অর্ন্তানাং মার্গমাণানাং দুঃখচ্ছেদমুপাগতঃ ।
 মোহাদবাপ্তপাপানাং সবুদ্ধর্ন্তাসি নিশ্চিতম্ ॥ ১০

পারিত্যক্ত হইয়া, অল্পতপচিত্তে বহির্গমন-
 পূর্ব্বক আমাদের সঙ্গে মিশিয়াছে। এই-
 রূপে আমরা পঞ্চ পাপিষ্ঠ একত্র মিলিত
 হইয়াছি। হে মহাভাগ! দ্বিজোত্তম!
 কেহই আমাদের সংসর্গ বরে ন; আমা-
 দিগের সহিত আহার-ব্যবহার সকলেই
 ত্যাগ করিয়াছে। কেহ আমাদের সংবাদও
 লয় না, আমাদের সহিত একাসনে উপ-
 বেশন বা এক দয্যায় শয়নও কেহই করে
 না। হে মুনিসত্তম! আমরা এইরূপে দুঃখ-
 পাত্তিত হইয়া নানাভীর্থে গমন করিয়াছি;
 কিন্তু কোথাও আমাদের ঘোর পাতকের
 শাস্তি হয় নাই। সম্প্রতি আপনাকে
 তপোদীপ্ত দেখিয়া আমাদের চিত্ত প্রসন্ন
 হইয়াছে। আপনি সাধু, আপনার পবিত্র
 দর্শনে আমাদের পাপ ক্ষয় হইবার উপক্রম
 হইয়াছে—মনে হইতেছে। হে স্বামিন্!
 এক্ষণে যাহাতে আমাদের পাপ ক্ষয় হয়,
 তাহার উপায় বলুন; প্রভো! আপনাকে
 বেদার্থবিৎ ও দয়াময় বলিয়া বোধ হইতেছে।
 আমরা বিপন্ন হইয়া বিপদ নিবারণের উপায়
 অবেষণ করিতেছিলাম, (সৌভাগ্য ক্রমে)
 আপনি আমাদের দুঃখ উচ্ছেদের নিমিত্ত
 উপস্থিত হইয়াছেন। আমরা মোহবশতঃ
 পাপসঞ্চয় করিয়াছি, আপনি নিশ্চয় আমা-

নারদ উবাচ ।

তেষামেবং বচঃ শ্রুত্বা মুনিশর্মা বিজ্ঞোত্তমঃ ।

ইদমাহ বিচার্যৈতান্ করুণাবরুণালয়ঃ ॥ ৮২

মুনিশর্মোবাচ ।

যুগ্মজ্ঞানতঃ প্রাণৈঃ পাপানি সত্যভাষিণঃ ।

অমৃতাপমুতা যস্মাদমুগ্রাহা ময়া ততঃ ॥ ৮৩

শৃণুধ্বং মদ্যঃ সত্যমূর্ক্ববাহুর্দাদাম্যহম্ ।

যময়াদ্ভিন্নসঃ পূর্ব্বঃ শ্রুতং মুনিসমাগমে ॥ ৮৪

তদ্বৃত্তং বেদশাস্ত্রেষু সর্ব্বেষাং প্রত্যয়াবৎস্ ।

বিষ্ণুনারাধিতেনাদৌ স্বয়মুক্তং চ তদ্বৃত্তং ॥ ৮৫

ন তৃপ্তিরশনাদম্ভা ন গুরুর্জনকান্ পরঃ ।

ম পাত্ৰমস্তম্বিশ্রেষ্ঠো ন দেবঃ কেশবাৎ পরঃ

ন গন্ধার্য সমং ভীর্থ্যং ন দানং ধেহুদানবৎ ।

ন গয়ত্র্যা সমং জাপ্যং নৈকাদম্ভা সমং ব্রহ্ম

দেয় উদ্ধার করিবেন । ৪৬—৮১ । নারদ

কহিলেন,—দয়ার সাগর বিজ্ঞোত্তম মুনিশর্মা

তাহাদের এই প্রকার বাক্য শ্রবণ করিয়া

বিচারপূর্ব্বক তাহাদিগকে বর্জিলেন । মুনি-

শর্মা বলিলেন,—তোমরা অজ্ঞানবশতঃ পাপ

করিয়াছ; তোমরা সত্যবাদী এবং এক্ষণে

অমৃতপণ্ড হইয়াছ; সুতরাং তোমাদিগের

উপরে অমুগ্রহ করা আমার উচিত হই-

তেছে । তোমরা আমার কথা শ্রবণ কর ।

অগ্নি উর্ক্ববাহু ভগবান্, সুতরাং আমি তোমা-

দিগের নিকটে মিথ্যা বালব না । পূর্ব্ব

এক সময়ে মুনিদিগের এক সভায় মহর্ষি

অন্ধিরার মুখে আমি যাহা শুনিয়াছি, তাহাই

তোমাদিগের নিকটে বলিতেছি; বেদ-

শাস্ত্রেও তাহা দেখা গিয়াছে, এবং সকলেরই

ভাষা বিশ্বাসযোগ্য; স্বয়ং ভগবান্ বিষ্ণু

আরাধিত হইয়া মহর্ষি অন্ধিরার নিকটে

বথার্থরূপে তাহা বলিয়াছিলেন । যেমন

ভোক্তারের স্থায় তৃপ্তি আর কিছুতে হয়

না, পিতার স্থায় গুরু আর নাই, ব্রাহ্মণের

স্থায় উত্তম দান-পাত্ৰ আর নাই, ভগবান্

কেশব অপেক্ষা উৎকৃষ্ট দেবতা আর নাই,

গন্ধার্য সমান ভীর্থ্য নাই, ধেহুদানের তুল্যা

ন ভাধ্যায়া সমং মিত্রং ন চ ধর্ম্মো দয়াসমঃ ।

ন স্বাতন্ত্র্যসমং দৌখ্যং গার্হস্থ্যান্নাশ্রমঃ পরঃ ॥

ন সত্যং পর আচারো ন সন্তোষসমং সুখম্

ন মাধবসমো মাসো মহাপাপহরঃ পরঃ ॥ ৮৯

বিধিনান্নুষ্ঠিতো ভক্ত্যা যধুসুদনবল্লভঃ ।

গন্ধাদিষু চ ভীর্থেষু বিশেষেণ সুদুর্লভঃ ॥ ৯০

প্রার্শ্বিত্তানি সর্ব্বাণি বাজিমেষধমুখান্তপি ।

তাবৎগজ্জন্তি পাপিষ্ঠা যাবন্ন্যাগতি মাধবঃ ॥ ৯১

বৈশাখে হমলে মাসি যঃ স্নান্যাদ্ভিন্নিতৎপরঃ ।

হরিপাদসমুদ্ভূতে সলিলে বিমলাশয়ঃ ।

স এব সর্ব্বপাপেষু মুক্তো যায়াৎ পরাং গতিম্

মাসে তু বৈ মাধবসংজ্ঞকেহ স্মন

যঃ স্নাত পাটৈঃ স বিমুচ্যতে হি ।

মেঘস্বিতে ভাষাত নর্ম্মদায়াঃ

শশ্বপ্রদে বারিণি বারিতাঘে ॥ ৯৩

দান নাই, গায়ত্রীর সমান জপমন্ত্র নাই,

একদশী ব্রতের তুল্যা ব্রত নাই, ভাধ্যায়

সমান মিত্র নাই, দয়ার স্থায় ধর্ম্ম নাই,

স্বাধীনতার স্থায় সুখ নাই, গৃহস্থাস্রমের

স্থায় আশ্রম নাই, সত্যের স্থায় সদাচার নাই,

সন্তোষের তুল্যা সুখ নাই, সেইরূপ বৈশাখ-

মাসের তুল্যা সর্ব্বপাপহর মাস আর নাই ।

যধুসুদনের প্রিয় বৈশাখমাসে বিহিত

কার্য্য—স্বথাবিধি ভক্তিপূর্ব্বক করিলে ফলের

সীমা নাই, বিশেষতঃ গন্ধাদি ভীর্থ্যে এইরূপ

শুভ মাসের সংযোগ অতি দুর্লভ—সকলের

ভাগ্যে ঘটে না । হে পাপিষ্ঠগণ! বৈশাখ

মাস যাবৎ না আগত হয়, তাবৎকালই অশ-

মেধ-প্রমুখ প্রার্শ্বিত্ত সকল (“পাপ নাশ

করি” বালগা গর্বে) গর্জন করিতে থাকে ।

যে ব্যক্তি পবিত্র বৈশাখমাসে একান্তচিত্তে

হরিধ্যান করত বিশুদ্ধভাবে হরিপাদসমুদ্ভূত

জলে (গন্ধাজলে) স্নান করে; সে নিখিল-

পাপমুক্ত হইয়া পরমা গতি লাভ করে ।

যে ব্যক্তি সূর্য্যের মেঘরাশি সঞ্চায়কালে

অর্থাৎ বৈশাখ মাসে নর্ম্মদা নদীর সুশব্দ

পাপনাশী সলিলে স্নান করে, সে নিশ্চয়ই

দুর্লভা হি মহানন্তো মাধবে মাসি সর্ষভঃ ।
 ততোহপি দুর্লভা গন্ধা যমুনা চাপি নর্ষদা ॥
 পাপাশ্বেতানু তিস্বযু প্রাট্যিকামপি সাদরম্
 যঃ নতি মাধবে মাসি বিপাপঃ স হরিং ব্রজেৎ
 তস্মাদথো সধ ময়া সুকৃতৈকসারে
 বৈশাখমাসি চ ভবন্ত উপেত্য রেবাম্ ।
 মঞ্জস্ত পাতককৃতো মুনিবৃন্দজুষ্টে
 রেবাজলে নিখিলপাপশ্রাপহট্যৈ ॥১৬
 এবমুক্তান্ততঃ সধে মৃদিতা মুনিরা সধ ।
 জগুস্তে পাপিনো রেবাং শংসন্তোহভুত-
 কারিণীম্ ॥১৭
 ষি . স্ত নর্ষদাতৌরং সম্প্রাণ্য হৃষ্টমানসঃ ।
 সম্মৌ বেদোক্তবিধিনা প্রাতঃকালে নরাধিপ ॥
 তে পাপিনঃ পঞ্চ যদৈব রেবা-
 জলে নিমগ্না বচসৈব তস্ত ।

শ্রীমাধবে মাসি বিবর্ণদেহাঃ
 সদ্যাঃসুবর্ণৈককটো বভূবুঃ ॥ ১৯
 পাপপ্রশমনং স্তোত্রং শ্রাবিতা মুনিশর্ষণা ।
 সমকং সর্ষলোকানাং জাতান্তে বরকামরঃ ॥
 তত্রহা মানবাত্মং বিরজান্নানমাভতঃ ।
 ন স্পৃশন্তি চ রাজেন্দ্র পাণিসংসর্গশঙ্করা ॥ ১০১
 মুনিশর্ষীমুরোধেন ততো ধর্মপ্রমাণতঃ ।
 সদ্যো দিব্যাভবদ্বাগী যদৈতে বিপট্টনসঃ ॥
 স্নাতানাং মাধবে মাসি সুক্লন্দহৃদয়াস্তনাম্ ।
 পাপপ্রশমনং স্তোত্রং শ্রবিতামহ সাদরম্ ॥ ১০৩
 সর্ষেবামেব পাপিনাং প্রায়শ্চিত্তমদং পরম্ ।
 যৎপ্রাতর্শ্রীমাধবে মাসি তত্শ্রী ভৌর্ধীবাগহনম্ ॥
 ইত্যেবমাকর্ণ্য গিরং নন্তন্বা-
 মত্যাভুতামাত ততো মহুব্য্যাঃ ।
 শশংসুরেতানপি পঞ্চ পুণ্যান
 বৈশাখমাসঞ্চ মুনিঞ্চ রেবাম্ ॥ ১০৫

পাপযুক্ত হয়। বৈশাখে মহানদী সর্ষভো-
 ভবেই দুর্লভ,—বিশেষ ভাগ্য ব্যতীত
 বৈশাখ মাসে মহানদীস্নান ঘটে না; গন্ধা,
 যমুনা ও নর্ষদা আবার ততোহধিক দুর্লভ।
 বৈশাখমাসে যে পাপী এই নদীত্রয়ের মধ্যে
 অন্ততঃ একটীকেও প্রাপ্ত হইয়া ত্তিকপূর্বক
 স্নান করে; সে বৌতপাপ হইয়া হরিলোকে
 গমন করে। অতএব ভোমরা যখন বহু
 পাতক সঞ্চয় করিয়াছ, তখন পুণ্যের মধ্যে
 সার পুণ্যময় বৈশাখ মাসে ষামার সঙ্গে
 নর্ষদা নদীতে গমন করিয়া নিখিল পাপ-
 ভীতি নিবারণের নিমিত্ত মুনিবৃন্দ-সেবিত
 নর্ষদাসলিলে স্নান কর। মুনিশর্ষীকর্ষক
 এইরূপ উক্ত হইয়া সেই পাপিগণ অদ্ভুত
 শক্তিধারিণী নর্ষদানদীর প্রশংসা করিতে
 করিতে তাঁহার সঙ্গে সঙ্গে যাইতে
 লাগিল। হে নরাধিপ! সেই ব্রাহ্মণ
 মুনিশর্ষী নর্ষদানদীতীরে উপস্থিত হইয়া
 প্রাতঃকালে হৃষ্টচিত্তে বেদোক্ত বিধানে
 সেই নর্ষদা নদীতে স্নান করিলেন। সেই
 পঞ্চ পাপিষ্ঠও মুনিশর্ষীর আদেশে শ্রীবৈশাখ-
 মাসে সেই নর্ষদাসলিলে যেমন অবপাহন

করিল, অমনি তৎক্ষণাৎ বিবর্ণ শরীর হইয়াও
 সুবর্ণের ছায়াকান্তি বিশিষ্ট হইল; তাহাদের
 দেহের পাপকালিমা কোথায় চলিয়া গেল।
 ৮২--১১। তাহার পর মুনি শর্ষী তাহাদিগকে
 পাপপ্রশমন স্তোত্র শুনাইয়া দিলেন! সর্ষ-
 লোকের সমক্ষেই তাহার এইরূপ উৎকৃষ্ট
 দেহকান্তি প্রাপ্ত হইল। হে রাজেন্দ্র!
 তত্রতা জনগণ, স্নানমাত্রেই তাহার এইরূপ
 অবস্থান্তর প্রাপ্ত হইল দেখিয়াও পাছে
 পাপীর সংসর্গ ঘটে এই আশঙ্কা করিয়া
 তাহাদিগকে স্পর্শ করিল না। তাহার পর
 যখন তাহার নিষ্পাপ হইল, তখন মুনিশর্ষীর
 অমুরোধে ধর্মপ্রমাণ দেখাইবার নিমিত্ত তৎ-
 ক্ষণাৎ আকাশবাণী হইল।—বৈশাখমাসের
 প্রাতঃকালে ভগবান্ মুকুলের প্রতি ত্তি-
 মান হইয়া এইরূপ স্নান এবং ত্তিকপূর্বক
 পাপপ্রশমন স্তোত্র শ্রবণ করিলে নিখিল
 পাপের প্রায়শ্চিত্ত হইবে। বৈশাখমাসের
 প্রাতঃকালে ত্তিকপূর্বক তীরে স্নান, ইহা
 এক উত্তম প্রায়শ্চিত্ত। অমন্তর এইপ্রকার
 অন্ত্যাভুত আকাশবাণী শ্রবণ করিয়া ত্তত্রতা

অধাকর্ণয় ভূপাল স্তবং হুরিতনাশম্ ।
 যমাকর্ণ্য নরো ভক্ত্যা মুচ্যতে পাপরাশিভিঃ
 যন্ত শ্রবণমাত্রেন পাপিনঃ শুদ্ধিমাগতাঃ ।
 অস্ত্রেহপি বহবো মুক্তাঃ পাপাদজ্ঞানসম্ভবাং ॥
 পরদারপরদ্রব্য-জীবহিংসাদিকে যদা ।
 প্রবর্ততে নৃণাং চিত্তং প্রায়শ্চিত্তং স্ততিস্তদা ॥
 বিষ্ণবে বিষ্ণবে নিত্যং বিষ্ণবে বিষ্ণবে নমঃ
 নমামি বিষ্ণুং চিত্তস্থমহঙ্কারগতং হৃদিম্ ॥ ১০৯
 চিত্তস্থমীশমব্যক্তমনস্তমপরাজিতম্ ।
 বিষ্ণুমৌক্ত্যমশেষাণামনাদিন্ধনং হরিম্ ॥ ১১০
 বিষ্ণুশ্চিত্তগতো যস্মৈ বিষ্ণুর্বাৎসর্যতশ্চ যৎ ।
 যোহহঙ্কারগতো বিষ্ণুর্ধো বিষ্ণুর্ময়ি সংস্থিতঃ
 কয়োতি কর্কটুতোহসৌ স্বাবরস্ত চরস্ত চ ।
 তৎপাপং নাশমায়াতি তস্মিন্ বিষ্ণৌ বিচিন্তিতে

মানবগণ, এই পাপমুক্ত পঞ্চ পুরুষের, বৈশাখ
 মাসের, মুনিশর্মার এবং নরুদানদীর প্রশ্ন সা
 করিতে লাগিল। হে ভূপাল! অতঃপর
 পাপপ্রশমন স্তোত্র শ্রবণ করুন; ভক্তিপূর্বক
 যাহা শ্রবণ করিলে মানব পাপরাশি হইতে
 মুক্ত হয় এবং যাহা শ্রবণ করিয়াই অপর
 বহুতর পাপী অজ্ঞানকৃত পাপ হইতে মুক্ত
 হইয়া বিমুক্তি লাভ করিয়াছে। যখন মনুষ্য-
 দিগের চিত্ত পরদারসংসর্গ, পরদ্রব্য অপহরণ
 ও জীবহিংসা প্রভৃতি পাপকর্ম্মে প্রবৃত্ত হয়;
 তখন এই পাপপ্রশমনস্তোত্র প্রায়শ্চিত্তের
 কার্য্য করে। প্রতিদিন বিষ্ণুকে প্রণাম কর,
 প্রণাম কর; যিনি মনোমধ্যে—অহঙ্কার
 মধ্যে অবস্থিত করিতেছেন, সেই ক্রীড়ার
 (পাপহারী) বিশ্বব্যাপী—বিষ্ণুকে প্রণাম করি।
 যিনি সকলের চিত্তমধ্যে অবস্থিত, যিনি
 নিখিল জগতের পূজ্য, ষাঁধার আদ্য ও অন্ত
 নাষ্ট; তিনি অনন্ত অব্যক্ত অপরাজিত
 ঈশ্বর। যে বিষ্ণু আমার চিত্তমধ্যে অব-
 স্থিত করিতেছেন, বুদ্ধিতে অবস্থিত
 করিতেছেন, অহঙ্কারে রহিয়াছেন, যে বিষ্ণু
 আমাতে বিদ্যমান রহিয়াছেন, যিনি
 নিখিল স্বাবর-জগতের কর্ত্তারূপ হইয়া

ধ্যাতো হরতি যঃ পাপং স্বপ্নে দৃষ্টশ্চ পাপিনাম্
 তমুপ্রেত্ৰমহং বিষ্ণুং নমামি প্রণতপ্রিয়ম্ ॥১১০
 জগত্যস্মিন্নিরালম্বে হজ্জমকরমব্যয়ম্ ।
 হস্তাবলম্বনং স্তোত্রং বিষ্ণুং বন্দে সনাতনম্ ॥
 সর্কেষরেশ্বর বিভো পরমাত্মরধোক্কজ ।
 হৃষীকেশ হৃষীকেশ হৃষীকেশ নমোহস্ত তে ॥
 নৃসিংহানন্ত গোবিন্দ ভূতভাবন কেশব ।
 তুরক্কং তুরক্কং ধ্যাতং শময়াশু জনার্দিন ॥১১১
 যমধা চিন্ত্যতং তুষ্টিং স্বচিত্তবশবর্ত্তিনা ।
 আকর্ণয় মহাবাহো তচ্ছমং নয় কেশব ॥ ১১২
 ব্রহ্মণ্যদেব গোবিন্দ পরমার্থপরায়ণ ।
 জগন্নাথ জগদ্ধাতাঃ পাপং শময় মেচ্চ্যুত ॥
 যচ্চাপরাধে সায়াহ্নে মধ্যাহ্নে চ তথা নিশি ।

সৃষ্টি করিতেছেন, সেই বিষ্ণুকে চিন্তা
 করিলে নিখিল পাপ নষ্ট হয়। ষাঁধাকে
 ধ্যান করলে, স্বপ্নে দর্শন করিলে পাপী-
 দিগের পাপ দূর হয়, সেই ভক্ত-বৎসল
 উপেন্দ্র বিষ্ণুকে আমি প্রণাম করি। এই
 অবলম্বনশূন্য জগতে ষাঁধার এই স্তোত্র
 হস্তাবলম্বন স্বরূপ; সেই জরামৃত্যুবর্জিত
 অব্যয় সনাতন ক্রীবিষ্ণুকে প্রণাম করি।
 হে নিখিল ঈশ্বরের ঈশ্বর! হে বিভো!
 হে অধোক্কজ (পাপনাশী) পরমাত্মন! হে
 হৃষীকেশ! হৃষীকেশ! হৃষীকেশ! আপ-
 নাকে প্রণাম করি। ১০০—১১৫। হে নৃসিংহ!
 হে অনন্ত! গোবিন্দ! হে ভূতভাবন
 কেশব! হে জনার্দিন! আমি যে পাপ-
 কথা বলিয়াছি, পাপকাথ্য করিয়াছি ও
 পাপাচিন্তা করিয়াছি,—আপনি সত্ত্বর তাহা
 নাশ করুন। হে মহাবাহু কেশব! এ
 দীনের নিবেদনে একবার কর্ণপাত করুন।
 আমি নিজ চিত্তের বশীভূত হইয়া যে পাপ
 চিন্তা করিয়াছি; আপনি তাহা দূর করুন।
 হে ব্রহ্মণ্যদেব গোবিন্দ! হে পরমার্থনিরত!
 হে জগন্নাথ! হে অচ্যুত! হে জগদ্ধাতা!
 আপনি আমার পাপ দূর করুন। হে হৃষী-

কায়েন মনসা বাচা কৃত্তং পাপমজানতা ॥১১১
 জানতা চ হৃষীকেশ পুণ্ডরীকাক্ষ মাধব ।
 নামত্রয়োচ্চারণতঃ সর্গঃ যাতু মম ক্ষরম্ ॥১২০
 শারীরং মে হৃষীকেশ পুণ্ডরীকাক্ষ মানসম্ ।
 পাপং প্রশমমায়াতু বাক্ত্বং মম মাধব ॥ ১২১
 যদুজ্ঞানঃ পিবন্তস্তন্থং স্বপন জাগ্রদ্ যদা স্থিতঃ
 অকার্ষং পাপমর্থার্থঃ কায়েন মনসা গিয়া ॥১২
 মহদল্লং চ যৎপাপং তৃণোনিম্নরকাবহম্ ।
 তৎসর্গং বিলয়ং যাতু বাসুদেবস্ত কীর্তনং ॥
 অস্মিন সঙ্কীর্ণ্তে বিকো যৎপাপং তৎপ্রণশ্তু
 পরং ব্রহ্ম পরং ধম পাবিত্রং পরমঞ্চ যৎ ॥১২৪
 যৎ শ্রাপ্য ন নিবর্ত্তন্তে গন্ধস্পর্শবিবর্জিতম্ ।
 সূরমস্তৎপদং বিকোস্তৎসর্গং মে ভবত্সলম্ ॥
 পাপপ্রশমনং স্তোত্রং যঃ পঠেচ্ছুগ্ধামরঃ ।

শারীরৈর্ম্মানসৈর্কীচা কৃত্তঃ পাপৈঃ শ্রমুচ্যে
 মুক্তঃ পাপগ্রহাদিত্যো যাতি বিকোঃ পরং পদম্
 তস্মাৎসর্গপ্রযজেন স্তোত্রং সর্গাঘনাশনম্ ॥
 প্রায়শ্চিত্তমঘোষণং পঠিতব্যং নয়োকৃত্তমৈঃ ।
 প্রায়শ্চিত্তৈঃ স্তে ত্রজপৈশ্রবৈর্নশ্রুতি পাতকম্ ॥
 ততঃ ন ধ্যাণি সংসদ্যৈ তানি বৈ ভুক্তিমুক্তয়ে
 পুরজন্মানাঙ্কিতং পাপমৈহিকঞ্চ নয়েশ্বর ॥ ১২২
 স্তোত্রশ্চ যঃ সস্ত সদ্য এব বিলীয়তে ।
 পাপক্রমকুঠারোহয়ং পাপেদ্ধনদবাননাঃ ॥ ১৩০
 পাপরাশিতমস্তোমতা-মুরেশ ততো নৃপ ।
 ময়া প্রকাশিতস্তভ্যং তথা লোকানুকম্পয়া ॥
 স্তবোহয়ং যো ময়া প্রাপ্তো রহস্তঃ পিতুরাদয়ঃ
 ইতি তে যমুয়া প্রোক্তং স্তোত্রং পাপপ্রাণশনম্
 অস্তাপি পুণ্যমাহাশ্রয়ং বক্তুং শক্তঃ শয়ং হরিঃ

কেশ! হে পুণ্ডরীকাক্ষ মাধব! আমি
 জ্ঞানতঃ অজ্ঞানতঃ মধ্যাহ্নে, অপরাহ্নে ও
 সায়াহ্নে কায়মনোবাক্যে যে পাপ করিয়াছি;
 আমার সেই পাপ সকল উক্ত “হৃষীকেশ,”
 “পুণ্ডরীকাক্ষ” ও “মাধব” এই তিন নাম
 উচ্চারণেই ক্ষয়প্রাপ্ত হউক। হে বিভো!
 আপনায় “হৃষীকেশ” এই নামে শারীরিক
 পাপ, “পুণ্ডরীকাক্ষ” এই নামে মানসিক
 পাপ এবং “মাধব” এই নামে বাচিক
 পাপ দূর হউক। হে বিভো! আমি
 ভোজনকালে, পানকালে, অবস্থানকালে,
 স্বপনে ও জাগরণে অথের নিমিত্ত কায়-
 মনোবাক্যে যে পাপ করিয়াছি; এবং
 কুলক্ষ্মণ ও নরকাবস্থানের হেতুস্বরূপ অন্ন বা
 মহৎ যে যে পাপ করিয়াছি; আপনায় বাসু-
 দেবনাম-কীর্ত্তনে আমার সে সমস্ত পাপ লয়-
 প্রাপ্ত হউক ॥১১৬—১২০। আমি ইহজন্মে
 যে পাপ করিয়াছি; বিষ্ণুনাম-কীর্ত্তনে তাহা
 নষ্ট হউক। যাহা পরব্রহ্ম, যাহা পরম পবিত্র
 পরম ধাম; গন্ধস্পর্শবিবর্জিত যে অখয়
 ধাম প্রাপ্ত হইয়া সুরিগণ তথা হইতে আর
 প্রত্যাবৃত্ত হন না; বিষ্ণুর সেই পরম পদ
 আমার আশ্রয় হউক; আমি যেন তথা

হইতে আর নিবৃত্ত না হই। যে মানব এই
 পাপপ্রশমন স্তোত্র পাঠ ও শ্রবণ করে; সে
 শারীরিক মানসিক ও বাচিক পাপ হইতে
 মুক্ত হয় এবং পাপগ্রহ প্রভৃতি হৃদয়োগ
 হইতে মুক্ত হইয়া বিষ্ণুর পরম পদ প্রাপ্ত
 হয়। সেই কারণে এই স্তোত্র সকল প্রকা-
 রেই সর্গবধ পাপ নাশ করিয়া থাকে। এই
 স্তোত্র পাপসমূহের প্রায়শ্চিত্তস্বরূপ; অতএব
 ভক্তিমান মনবের ইহা অবশ্য পাঠ্য, স্তোত্র
 পাঠ, মন্ত্রপুণ্ড্রব্রতরূপ প্রায়শ্চিত্তে পাপনাশ
 হইয়া থাকে। অতএব সুখভোগ, মুক্ত
 প্রভৃতি অভীষ্ট সিদ্ধির নিমিত্ত উক্ত স্তোত্র-
 পাঠাদি অবশ্য কর্তব্য। হে নরেশ্বর! এই
 স্তোত্রশ্রবণে পূর্বজন্মানাঙ্কিত এবং ঐহিক
 পাপ সমস্তই সদ্য নষ্ট হইয়া থাকে। হে নৃপ!
 এই স্তোত্র পাপরূপ বৃক্ষের পক্ষে কুঠার-
 স্বরূপ, পাপরূপ ইন্ধনে দাবানলস্বরূপ, পাপ-
 রাশিরূপ অন্ধকারাশির সূর্য্যস্বরূপ, সেই
 কারণেই আমি লোকসমূহের উপর কৃপা
 করিয়া ইহা তোমার নিকটে প্রকাশ করি-
 লাম। আমি পিতৃদেবের নিকট ভক্তিভাবে
 যে পাপনাশন স্তবরূপ পরম গুহ্যবিষয় শ্রবণ
 করিয়াছিলাম; অবিকল “তাৎহাই” তোমায়

বক্তি তেহম গমিষ্যামি গঙ্গায়ামখ সত্তরম্ ।
 নাতুং মাসং সমায়ান্তো মাসানাং মাধবো মহান
 ইতি জ্ঞীপাথে পাভালখণ্ডে বৈশাখমাহাত্ম্যে
 বটপকাশোহধ্যায়ঃ ১৫০ ॥

সপ্তপঞ্চাশোহধ্যায়ঃ ।

সুত উবাচ ।

সুত সমুদ্যক্তো জ্ঞান্বা মুনিং রাজা ততো মুদা ।
 বিধিঃ পপ্রচ্ছ সত্বকিশুঃ শ্রানদানকথোচিতম্ ॥
 অশ্বরায় উবাচ ।

মুনে বৈশাখমাসেস্মিন্ কো বিধিঃ
 কিং তপোহধিকম্ ।
 কিঞ্চ দানং কথং শ্রানং কথং কেশবপূজনম্ ॥
 কুপয়া বদ বিপ্রর্ষে সর্গজন্মং হরিপ্রিয়ঃ ।
 বিশেষতোহপি পূজায়াঃ বিধিঃ তীর্থগদো বদ

নিকটে বলিলাম । এই স্তবের পবিত্র
 মাহাত্ম্য একমাত্র জীহরীই শ্রদ্ধা বলিতে
 সমর্থ । আপনার মঙ্গল হটুক ; মাসশ্রেষ্ঠ
 বৈশাখমাস আগতপ্রায়, আমি গঙ্গাস্নান করি ;
 আর বলিষ করিব না । ১২৪—১৩৪ ।

বটপকাশ অধ্যায় সমাপ্ত ৫৬।

সপ্তপঞ্চাশ অধ্যায় ।

সুত কহিলেন,—মুনিবর নারদ এই
 বলিয়া বাইতে উদ্যত হইতেছেন, দেখিয়া
 রাজা আবার (তীর্থাৎকে বশাইয়া) শ্রান-
 দানের সংকিশুবিধি জিজ্ঞাসা করিলেন ।
 অশ্বরায় কহিলেন,—মুনে ! এই বৈশাখমাসে
 নামদানের বিধি কি প্রকার ? এই মাসে
 কোন কার্য তপস্তার অধিক কল প্রদান
 করে । ইহাতে কিরূপ দান করিতে হয় ?
 কি প্রকারে শ্রান করিতে হয়, কি প্রকারে
 কেশবের পূজা করিতে হয় ? হে বিপ্রর্ষে !
 আপনি সর্গজন্ম এবং জীহরীর প্রিয়পাত্র ;

নারদ উবাচ ।

মেঘসংক্রমণে ভানোশ্রীধবে মাসি সত্তম ।
 মগনদ্যাং নদীতীর্থে নদে সরসি নিকারৈ ॥৪
 দেবখাতে তথা শ্রায়াদ্বখা প্রাপ্তে জলাশয়ে ।
 দীর্ঘিকাং চ কুপাদৌ নিয়মেন হরিঃ স্মরন ॥৫
 মধুমানস্ত শুক্রায়ামেকাদস্তামুপোষয়েৎ ।
 পঞ্চদশাং ততো ধীরো মেবসঙক্রমণেহপি বা
 বৈশাখশ্রাননিয়মং ব্রাহ্মণানামহুজ্জয়া ।
 মধুসুদনমত্যাচর্য কুর্যাৎ স্মনানপূর্বকম্ ॥ ৭
 বৈশাখমখিলং মাসং মেঘসঙক্রমণে রবেঃ ।
 প্রাতঃ সনিয়মশ্রানং জীযতাং মধুসুদনঃ ॥৮
 মধুশুক্লঃ প্রসাদেন ব্রাহ্মণানামহুগ্রহাৎ ।
 নির্ধিয়মস্ত মে পুণ্যং বৈশাখশ্রানমবহম্ ॥৯
 মাধবে মেঘগে ভানো মুয়ায়ে মধুসুদন ।
 প্রাতঃশ্রানেন মে নাথ যথোক্তকলদো ভব ।

আপনার পাদপদ্ম পবিত্র তীর্থস্বরূপ, এই
 মাসে জীহরীকে পূজা করিবার বিশেষ বিধি
 কি ? কুপা করিয়া আমাকে বলুন । নারদ
 কহিলেন, হে সত্তম ! সূর্যের মেঘসংক্রমণদিন
 হইতে আরম্ভ করিয়া সম্পূর্ণ বৈশাখমাসে
 মহানদী, নদীতীর্থ, নদ, সরোবর, নিকা'র,
 দেবখাত, দীর্ঘিকা, কুপ প্রভৃতি যে কোন
 জলাশয় প্রাপ্ত হইয়া সংযত থাকিয়া জীহরীর
 স্মরণপূর্বক শ্রান করিবে । বিশেষতঃ ধীর-
 প্রকৃতি মানব বৈশাখমাসের শুক্রা একাদশী
 তিথিতে উপবাসী থাকিয়া পূর্ণিমা তিথিতে
 স্নানাত হইয়া মধুসুদনের পূজা করিবে ।
 অথবা মেঘসংক্রমণদিন অর্থাৎ চৈত্রসংক্রা-
 ন্তিতে ব্রাহ্মণের অল্পমতি লইয়া বৈশাখমাসে
 প্রাতঃশ্রানের সত্তম করিবে । সত্তমের মন্ত্রার্থ
 এই—“আমি সূর্যের মেঘরাশিসংক্রমণদিন
 হইতে আরম্ভ করিয়া সম্পূর্ণ বৈশাখমাস
 নিয়মপূর্বক প্রাতঃশ্রান করিব ; ইহাতে মধু-
 সুদনের জীতি হটুক । মধুসুদনের প্রসাদে
 এবং ব্রাহ্মণদিগের অল্পগ্রহে আমার প্রাত্য-
 হিক পবিত্র বৈশাখশ্রান নির্ধিয়ে সম্পন্ন
 হটুক । হে মুয়ায়ি মধুসুদন ! হে নাথ !

যথা তে মাধবো মাসো বলভো মধুসূদন ।
 প্রাতঃস্নানেন মে ভস্মিন্ কলদঃ পাপহা ভব ॥
 এবমুক্তাৰ্য্য তন্তীৰ্ণে পদৌ প্রকাম্যা বাগ্ধতঃ ।
 স্মরন্নান্নায়ণঃ দেবঃ স্নানং কুৰ্য্যাদ্বিধানতঃ ॥১২
 তীৰ্থং প্রকল্পয়েদ্ বিদ্যান্মূলমস্তমিমং পঠন ।
 নমো নারায়ণায়ৈতি মূলমস্ত উদাহৃতঃ ॥১৩
 দৰ্ভপাণিস্ত বিধিবদাগস্তঃ শ্রণতো ভূবি ।
 চতুর্হস্তসমায়ুক্তঃ চতুরশ্রং সমস্ততঃ ।
 প্রকল্প্যাবাহয়েগন্ধাঃ মস্ত্ৰেণানেন বৈ নরঃ ॥১৪
 বিষ্ণুপাদশ্রুতাসি বৈষ্ণবৌ বিষ্ণুদেবতা ।
 ত্ৰাহি নশ্বেনসস্ত্রাদ্ভজয়মরণাস্তিকাত্ ॥ ১৫
 তিস্রঃ কোটো বর্ধকোটি চ তীর্থানাং বাহুরত্রবৌ
 দিবি ভুব্যন্তরিত্তে চ তানি তে সস্তি জাহুবি ॥

নন্দিনীতি চ তে নাম বেদেষ্ণু নলিনীতি চ ।
 দক্ষা পৃথী বিষদগন্ধা বিশ্বকায়ী শিবায়ুতা ॥ ১৭
 বিদ্যাধরী মহাদেবী তথা লোকপ্রসাদিনী ।
 ক্ষেমঙ্করী জাহুবী চ শাস্তা শান্তিপ্রদায়িনী ॥
 এতানি পুণ্যনামানি স্নানকালে প্রকীৰ্ত্তয়েৎ ।
 ভবেৎ সন্নিহিতা তেন গন্ধা ত্রিপথগামিনী ।
 সপ্তবারতিজপেন করসম্পূটযোজিতা ॥২০
 মুক্তি বন্ধাজলির্ভূত্বা চতুর্কা বৃষ্ট চ সপ্ত বা ।
 স্নানং কৃত্বা মূঢ়া তদ্বদামস্ত্য তু বিধানতঃ ॥২১
 অশ্রুক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে ।
 যুক্তিকে হর মে পাপং যম্ময়া পূর্বসংকীৰ্ত্তম ॥২২
 উক্লুতাসি বরাহেণ বিষ্ণুনা শতবাহনা ।
 নমস্তে সর্বলোকানাং প্রস্তবারগ্নি সূত্রতে ॥

আমি সৌর বৈশাখমাসে প্রাতঃস্নান করি-
 তেছি; আমাকে যথোক্ত কল প্রদান করুন ।
 হে মধুসূদন! এই বৈশাখমাসে আপনার
 অতি প্রিয়, আপনার এই প্রিয়মাসে আমি
 প্রাতঃস্নান করিতেছি, আমার পাপমাশ
 করিয়া যথোক্ত কল প্রদান করুন । ১—১১ ।
 এইরূপে সঙ্কল্প করিয়া সেই জলাশয়ের তীরে
 (ঘাটে) পাদ প্রকালনপূর্বক সংযতবাক্য
 হইয়া দেব নারায়ণকে স্মরণ করত যথা
 বিধানে স্নান করিবে । স্নানের প্রণালী যথা—
 —বিধান স্নানকর্ত্তা প্রথমে হৃৎতলে প্রণাম
 করিয়া কৃষ্ণহস্তে যথাবিধি আচমন করিয়া
 “নমো নারায়ণায় নমঃ” এই মূল মন্ত্র উচ্চারণ-
 পূর্বক চারিদিকে এক এক হস্ত মাপিয়া চতু-
 র্হস্তবেষ্টিত চতুর্কোণ স্থান চিহ্নিত করত তীর্থ
 কল্পনা করিবে । উক্ত প্রকারে তীর্থ কল্পনা
 করিয়া এই মন্ত্রে গন্ধার আবাহন করিবে ।
 আবাহনমন্ত্রার্থ এই—“হে জাহুবি! আপনি
 বিষ্ণু চরণ হইতে উৎপন্ন; বিষ্ণু আপনার
 দেবতা, এই জন্ত আপনি বৈষ্ণবী, আমি
 জন্মাধিষ্ণু ভূতাপধ্যস্ত যত পাপ করিয়াছি ও
 করি, আপনি সেই পাপ হইতে আমাকে
 রক্ষা করুন । বায়ু বলিয়াছেন, শর্গে, হৃৎতলে
 ও অন্তরীকে যে সাত্তে তিন কোটি তীর্থ

রহিয়াছে; একমাত্র আপনাতে সেই সকল
 তীর্থ বিদ্যমান । আপনার নাম নন্দিনী,
 বেদশাস্ত্রে আপনাকে নলিনী বলে । দক্ষা,
 পৃথী, বিষদগন্ধা, বিশ্বকায়ী, শিবা, অমৃত্তা,
 বিদ্যাধরী, মহাদেবী, লোকপ্রসাদিনী, ক্ষেম-
 ঙ্করী, জাহুবী, শাস্তা ও শান্তিপ্রদায়িনী
 গন্ধার এই পবিত্র নামাবলী স্নানকালে কীৰ্ত্তন
 করিবে । তাহা হইলে ত্রিপথগামিনী গন্ধা
 তথায় সন্নিহিতা হইবেন । পরে পূর্বোক্ত
 “নমো নারায়ণায় নমঃ” এই মন্ত্র সাতবার
 জপ করিয়া কৃতাজলিপুটে সেই মন্ত্রপূত জল
 চারবার ছত্রবার বা সাতবার মস্তকে ক্ষেপণ
 করিবে, অনন্তর যথাবিধি মন্ত্রপাঠপূর্বক
 গাঙ্গে মুক্তিকা লেখন করিবে; মুক্তিকালেপন-
 মন্ত্রার্থ যথা—হে বসুন্ধরে! আপনি (সর্ব-
 লহা) কত অশ্রু রথ কর্ত্তক আক্রমণ এবং
 বামনরূপী বিষ্ণুর পদাক্রমণ সহ করিয়াছেন
 (অন্তএব আমার এই সামান্য অপরাধটুকু
 সহ করিবেন । আমি আপনার একটু মুক্তিকা
 উদ্ধার করিতেছি), হে (উক্লুত) মুক্তিকে!
 আমার পূর্বসংকীৰ্ত্তিত পাপ হরণ কর । শত-
 বাহ রক্ষ বরাহরূপে তোমাকে উদ্ধার করিয়া-
 ছেন । হে সর্বভূতজননি সূত্রতে! আপ-

এবং স্নানান্তে পশ্চাদাচম্য তু বিধানতঃ ।
 উথায় বাসসী শুক্রে শুক্রে তু পরিধাপয়েৎ ॥
 ততস্ত তর্পণং কুর্ধ্যাৎত্রৈলোক্যাপ্যায়নায় বৈ ।
 ব্রাহ্মণং তর্পয়েৎ পূর্বং বিষ্ণুং ক্রদ্ধং প্রজাপতিং
 দেবান্ যক্ষাংস্তথা নাগান্গন্ধর্বাংসরসোহসুরান্
 কুরান্ সর্পান্ স্পর্শাৎশ তরুণ বৈ জন্তুকান্
 খগান ॥ ২৬

বিদ্যাধরান্ জলধরান্ স্তুত্বৈবাকাশগামিনঃ ।
 নিরাধারান্শ যে জীবাঃ পাপকর্ম্মরতাশ্চ যে ॥
 তেষামাপ্যায়নার্থায় দীয়তে সলিলং ময়া ॥ ২৮
 ক্রোধোপবীতী দেবেষু নিবীতী চ ভবেন্নরঃ ।
 মনুষ্যাংস্তর্পয়েন্তু জ্ঞাত্য ঋষিপুত্রান্ স্তথা ॥ ২৯
 সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ ।
 সনৎকুমারশ্চ তথা কপিলশ্চানুরিশ্চ বৈ ॥ ৩০
 বোঢ়ুঃ পঞ্চশিখস্তম্ভমুখ্যা ঋষিস্তুতা ইমে ।
 সর্বেহপি তৃপ্তিমায়াস্ত ময়া দত্তেন বায়ুগা ॥ ৩১
 মরীচিয়ত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যাঃ পুলহং ক্রতুম্ ॥

নাকে নমস্কার করি। ১২—২৩। এইরূপে
 স্নানকার্য সমাধা করিয়া যথাবিধানে আচ-
 মনানন্তর যোত শুক্রে বহুয়ুগল পরিধান
 করিবে। অনন্তর ত্রৈলোক্যের তৃপ্তির
 নিমিত্ত তর্পণ করিবে। প্রথমে ব্রহ্মা, বিষ্ণু,
 ক্রদ্ধ ও প্রজাপতির তর্পণ করিবে। পরে
 দেবতা, যক্ষ, নাগ, গন্ধর্ব্ব, অসুরা, অসুর,
 কুর জীব, সর্প, স্পর্শজাতীয় পক্ষী, তরু,
 জন্তক (কুটিলগামী জীব) খগ, বিদ্যাধর,
 জলচর, যাহারা আকাশগামী, যে সকল জীব
 নিরাধার অর্থাৎ শূন্ডে অবস্থিত, এবং যাহারা
 পাপকর্ম্মে রত, তাহাদের জীতির নিমিত্ত
 আমি জল দান করিতেছি, এই বলিয়া তর্পণ
 করিবে। ভক্তিপূর্ব্বক উপবীতী হইয়া দেবতা,
 ঋষি ও ঋষিপুত্রের তর্পণ করিবে এবং নিবীতী
 হইয়া মনুষ্যতর্পণ করিবে। সনক, সনন্দ,
 কপিল, সনাতন, সনৎকুমার, কপিল, আনুরি,
 বোঢ়ু, পঞ্চশিখ এই প্রেধান ঋষিপুত্রগণ,
 ইহারা সকলে মদন্ত জল দ্বারা তৃপ্তিলাভ
 করুন। তৎপরে মরীচি, অত্রি, অঙ্গিরা,

প্রচেতসং বসিষ্ঠঞ্চ ভৃগুং নারদমেব চ ॥ ৩২
 দেবব্রহ্মঋষীন সর্বাংস্তর্পয়েদক্ষতোচ্চকৈঃ ।
 অবসবাং ততঃ কুর্ধ্যাৎ সবাং জাহ্ন চ ভূতলে
 অগ্নিষাত্ত স্তথা সৌম্যা হবিষ্মন্তস্তথোদ্রপাঃ ।
 কব্যানলান্ বহিষদস্তথা যাতামহানপি ।
 সন্তর্প্যা বিধিবৎসর্বাণি মং মন্ত্রমুদীরয়েৎ ॥ ৩৪
 যেহবান্ধবা বান্ধবা বা যেহস্তজন্মনি বান্ধবাঃ ।
 তে তৃপ্তিমথিলাং যান্তু যেহস্তস্তোয়কাঙ্ক্ষিণঃ
 আচম্য বিধিবৎপশ্চাদালিখেৎ পদ্মমগ্রতঃ ।
 সাঙ্কতৈশ্চ সপুষ্পৈশ্চ সলিলাকরণচন্দনৈঃ ॥ ৩৬
 অর্ঘ্যাং দদ্যাৎ প্রযত্নেন সূর্য্যানামাহুর্কীর্তনৈঃ ॥
 নমস্তে বিষ্ণুরূপায় নমস্তে ব্রহ্মরূপিণে ।
 সহস্রশ্রায়ে নিত্যং নমস্তে সর্ব্বভেজসে ॥ ৩৭

পুলস্ত্য, পুলহ, প্রচেতা, বশিষ্ঠ, ভৃগু ও নার-
 দের তর্পণ করিবে। দেবতা, ব্রহ্মা ও
 ঋষিদিগকে অক্ষতোদক * দ্বারা তর্পণ
 করিবে। তাহার পর প্রাচীনাবীতী হইয়া বাম-
 জাহ্ন ভূতলে স্থাপনপূর্ব্বক অগ্নিষাত্ত, সৌম্য,
 হবিষ্মান, উদ্রপ, কব্যা, অমল, (সুকালী ?)
 বহির্ঘর্দ ও (আজ্যপ) নামক পিত্তগণের
 তর্পণ করিবে। তাহার পর (যমতর্পণ
 করিয়া) পিত্তাদিহ তর্পণ যথাবিধানে সম্পন্ন
 করিয়া এই মন্ত্র পড়িবে। ষাংরা বান্ধব
 নহেন, বা ষাংরা বান্ধব অথবা ষাংরা
 জন্মান্তরের বান্ধব, ষাংরা আমার প্রদত্ত
 জল আকাজ্জা করেন, তাঁহারা সকলে
 তৃপ্তি লাভ করেন। ২৪—৩৫। ইত্যাদি
 প্রকারে তর্পণকার্য সমাধা করিয়া আমেন-
 পূর্ব্বক (সন্ধ্যাদি নিত্য কর্ম্মের পর) পুষ্পো-
 ভাগে একটি পদ্ম অঙ্কন করিবে, তাহার
 পর আতপতগুল, পুষ্প, রক্তচন্দন ও জল
 দ্বারা অর্ঘ্য প্রস্তুত করিয়া সূর্য্যের নাম
 উচ্চারণপূর্ব্বক ভক্তিসহকারে সূর্য্যার্থ্য প্রদান
 করিবে। তৎপরে “হে ভক্তবৎসল,
 সহস্রশ্রামি! আপনাকে নমস্কার! আপনি

নমস্তে ক্রুদ্রবপুয়ে নমস্তে ভক্তবৎসলা ।
 পদ্মনাভ নমস্তেহস্ত কুণ্ডলাঙ্গদভূষিত ॥৩৮
 নমস্তে সর্কীলোকানং সুপ্তানামুপবেধন ।
 সূকৃতঃ ক্রুততর্কৈব সর্কং পশ্যসি সর্কদা ॥ ৩৯
 সত্যাদেব নমস্তেহস্ত প্রসাদ মম ভাস্কর ।
 দিবাকর নমস্তেহস্ত প্রভাকর নমোহস্ত তে ॥৪০
 এবং সূর্য্যং নমস্কৃত্য সপ্তধা তু প্রদক্ষিণম্ ।
 দ্বিজং গাং কাঞ্চনং স্পৃষ্ট্বা পশ্চাচ্চ স্বগৃহং

ব্রজেৎ ॥ ৪১

আশ্রমস্থান্শ সস্পৃজ্য প্রতিমাঞ্চাপি পূজয়েৎ
 পূর্কং ভক্ত্যা চ গোবিন্দং গৃহে চ নিয়তান্নবান
 পূজয়েত্তক্তিতো রাজস্রুভয়ত্র যথাবিধি ॥ ৪৩
 বিশেষাদপি বৈশাখে ষোড়শর্চ যেন্নধূস্বদনম্ ।
 সর্কসংবৎসরং যাবদর্চ্চিত্তেন্নৈন মাধবঃ ॥ ৪৪
 মাধবে মাসি সম্প্রাপ্তে মেঘস্থে কর্ষ্মাস্কিণি ।

ক্রমশ্চি, আপনাকে নমস্কার; আপনি
 বিষ্ণুরূপী, আপনি ব্রহ্মরূপী, আপনাকে নম-
 স্কার। আপনি সর্কীতেজোময় আপনাকে
 নমস্কার। হে কেশ্বরকুণ্ডলভূষিত পদ্ম-
 নাভ! আপনাকে নমস্কার, হে নিখিল
 সুষ্প ব্যক্তির জাগরণকারিন! আপনাকে
 নমস্কার। হে সত্যাদেব। আপনি সূকৃত
 ক্রুত সমস্ত বিষয়ের সর্কদা সাক্ষী, আপ-
 নাকে নমস্কার। হে ভাস্কর! আপনি
 আমার প্রতি প্রসন্ন হউন। হে দিবা-
 কর! আপনাকে নমস্কার; হে প্রভা-
 কর! আপনাকে নমস্কার।" এষ্টরূপে
 সূর্য্যাদেবকে নমস্কার ও সাত বার প্রদক্ষিণ
 করিয়া ব্রাহ্মণ গো ও কাঞ্চন স্পর্শপূর্কক
 নিজগৃহে গমন করিবে। গৃহে গিয়া
 আশ্রমস্থ দেবতাদিগকে পূজা ও প্রতিমা
 পূজা করিবে। রাজন! প্রথমতঃ স্নান
 করিয়াই ভক্তিপূর্কক শ্রীগোবিন্দের পূজা
 করিয়া গৃহে গিয়া আবার সংযতচিত্তে ভক্তি-
 পূর্কক যথাবিধানে পূজা করিবে। বিশেষতঃ
 বে ব্যক্তি বৈশাখমাসে মধুসূদনের পূজা করে;
 সে সংবৎসর ব্যাপিয়া তাঁহার পূজার বে কল,

কেশবশ্রীতয়ে কুর্ধ্যাৎ কেশবব্রতসঞ্চয়ম্ ॥৫৫
 দদ্যাদনেকদানানি ত্রিলাজ্যপ্রভৃতীনি চ ।
 জন্মকোটিসমুত্ত্ব-পাতকাস্তকরণি চ ॥৫৬
 জলারশর্করাধেহ্ন তিলধেহ্নমুখানি চ ।
 বিস্তশাঠ,বিবর্জ্যানি দানানীপ্তিতসিদ্ধয়ে ॥৫৭
 বৈশাখং সকলং মাসং নিত্য্যায়ী জিতেন্দ্রিয়ঃ
 জপন হবিষ্যং ভুজানং সর্কপাশৈঃ প্রমুচ্যতে ॥
 একভুক্তমথো নক্তমযাচিতমতন্ত্রিতঃ ।
 মাধবে মাসি যঃ কুর্ধ্যাৎ স লভেৎ সর্ক-
 মৌপিতম্ ॥৫৯

বৈশাখে বিধিবৎ স্নান-ধর্ম্মং নহ্যদকে বহিঃ ।
 হবিষ্যং ব্রহ্মর্ধ্যঞ্চ ভূষয়া নিঃসহিতঃ ॥ ৫০
 ব্রতং দানং জপো হোমো মধুসূদনপূজনম্ ।
 অপি জন্মসহস্রোথং পাপং হরতি দারুণম্ ॥ ৫১
 যৈথৈব মাধবো ধাতো বিনাশয়তি কাঁষয়ম্ ।

তাহা প্রাপ্ত হয়। নিখিল সংকর্ম্মের সাক্ষী
 অর্থাৎ একমাত্র আধার সৌর বৈশাখমাস
 উপস্থিত হইলে কেশবের শ্রীতির জন্ত কেশ-
 বের পূজারূপ ব্রতসঞ্চয় করিবে। বিষ্ণুর
 উদ্দেশে তিল ঘৃতপ্রভৃতি প্রচুর দান করিবে।
 তাহাতে কোটি জন্মের সঞ্চিত পাতকসকল
 নষ্ট হইয়া যাইবে। অতীষ্ট সিদ্ধির নিয়ন্ত
 বিষ্ণুর উদ্দেশে অর্থসবে রূপণতা না করিয়া,
 অন্ন, জল, শর্করা, তিল, ধেনু প্রভৃতি দান
 করিবে। জিতেন্দ্রিয় হইয়া সম্পূর্ণ বৈশাখ-
 মাস নিত্য্যমান ও হবিষ্যন্ন ভোজন করত
 বিষ্ণুমন্ত্রজপ ও পূজা করিলে সকল পাপ
 হইতে মুক্ত হয় ৩৬—৪৮। বৈশাখমাসে যে
 ব্যক্তি আলস্য পরিত্যাগপূর্কক বিষ্ণুর
 উদ্দেশে দিবাভাগে উপবাসী থাকিয়া একবার
 মাত্র সাতিকালে অযাচিত অন্ন ভোজন করে,
 সে সমুদয় অতীষ্ট লাভ করে। বৈশাখ-
 মাসে নদীসলিলে যথানিয়মে দুইবার স্নান
 এবং ভূষয়ায় শয়ন, বিষ্ণুর উদ্দেশে ব্রত,
 দান, জপ, হোম ও বিষ্ণুর পূজা করত ব্রহ্ম-
 চর্য্য নিয়মে অবস্থান করিলে সহস্রজন্ম-
 সঞ্চিত ষোড়শতর পাপরাশি নষ্ট হইয়া যায়।

তথৈব মাধবে স্নানং নিয়মে ন বিনিশ্চিতম্ ॥ ৫২
 তৌর্থে চান্নদিনং স্নানং তিলৈশ্চ পিতৃতর্পণম্
 দানং ধর্মঘটাদীনাং মধুসুদনপূজনম্ ॥ ৫৩
 মাধবে মাসি কুব্ধীত মধুসুদনতৃষ্ণিদম্ ।
 তিলোদকসুবর্ণান্ন-শর্করাবরয়োহনীঃ ॥ ৫৪
 পানত্রাণাতপত্রাজং কুস্তান দদাদ্ধজ্ঞাত্ৰিসু ।
 ত্ৰিসঙ্ঘাৎ পূজয়েদৌশং ভক্ত্যা চ মধুসুদনম্ ।
 সাক্ষাৎসমলয়া লক্ষ্যা সমুপেতং সমাহিতঃ ॥ ৫৫
 সুবর্ণতলপাত্রেশ্চ ত্ৰাক্ষণান শক্তিতো বহুন ।
 তর্পয়েদুদ্ভপাত্রেষৌ ব্রহ্মহত্যং ব্যাপোহতি ॥ ৫৬
 বৈশাখে মাসি বৈ স্নাত্বা প্রাতর্নদ্যাং সমাহিতঃ
 পূজয়িত্বা হরিং ভক্ত্যা পুষ্পৈঃ কালোক্তবৈঃ
 কঠৈঃ ॥ ৫৭
 পূজয়েদ্ভ্রাক্ষণান্ শক্ত্যা পায়ণলাপবর্জিতঃ ।
 তর্পয়েৎস্নগোদানৈ রক্তটৌর্দ্যর্কনসঙ্করৈঃ ॥ ৫৮
 যশ্যপি নিঃস্রপুক্ণো মাধবে মাসি মাধবম্ ।
 পুষ্পার্চনবিধানেন পূজয়েদ্মধুসুদনম্ ॥ ৫৯

বিষ্ণুধ্যানে যেরূপ পাপনাশ হয়, বৈশাখ-
 মাসে যথানিয়মে স্নান করিলেও সেইরূপ
 পাপনাশ হইয়া থাকে। বৈশাখমাসে মধু-
 সুদনের স্ত্রীতিকামনার প্রত্যহ তীর্থনান,
 তিল দ্বারা পিতৃতর্পণ, ধর্মঘটাদিদান ও মধু-
 সুদনের পূজা করিবে; ত্ৰাক্ষণদিগকে তিল,
 সুবর্ণ, অন্ন, শর্করা, বস্ত্র, ধেনু, পাতুকা, ঙ্গত্র,
 শস্য ও কুস্ত দান করিবে এবং ত্ৰিসঙ্ঘ্যার
 একাগ্রচিত্তে ভক্তিপূর্বক সাক্ষাৎ কমলা-
 সমন্বিত ঈশ্বর মধুসুদনের পূজা করিবে।
 বৈশাখমাসে সুবর্ণপাত্র তিলপূর্ণপাত্র বা দুগ্ধ-
 পূর্ণ পাত্র দান করিয়া বহুতর ত্ৰাক্ষণকে তৃপ্ত
 করিলে ব্রহ্মহত্যাজনিত পাপ নষ্ট হয়।
 বৈশাখমাসে প্রাতঃকালে নদীতে স্নান
 করিয়া একাগ্রচিত্তে ভক্তিপূর্বক তৎকালোৎ-
 পন্ন পুষ্প ও ফলদ্বারা স্ত্রীহারির পূজা এবং
 যথাশক্তি বহুতর ধন, রত্ন, বস্তু, গো প্রভৃতি
 দান করিয়া ত্ৰাক্ষণদিগকে তৃপ্ত করিবে,
 পাষণ্ডিগের সহিত আলাপ করিবে না।
 যাহার কিছুই নাই, সেও বৈশাখমাসে কেবল

সর্বপাপবিনির্মুক্তো যাত্তি সৌহপি পরং পদম্
 আজ্যং বিত্তং তথা শক্ত্যা স্তোকং স্তোকং
 সমাচরেৎ ॥
 স জন্মশতসাহস্রং ন শোকফলভাগ্ভবেৎ ॥ ৬১
 ন চ ব্যাধিভয়ং তস্ত ন দারিদ্ৰ্যং ন বন্ধনম্ ।
 স বিষ্ণুভক্তো জায়েত ধন্তো জন্মানি জন্মানি ৬২
 ষাবদ্যুগসহস্রাণি শতমষ্টোত্তরং ভবেৎ ।
 তাবৎস্বর্গে বসেদ্বীয়ো ভূপতিশ্চ পুনর্ভবেৎ ॥ ৬৩
 ভূপতির্বিবিধান ভোগান ভুক্তো চৈব যথাসুখম্
 মাধবস্ত প্রসাদেন মাধবে লীয়তে ততঃ ॥ ৬৪
 শৃগু রাজেন্দ্র বক্ষ্যামি সমাসামাধবার্চনম্ ।
 বৈদিকং তাত্ত্বিকঞ্চাপি মিশ্রকং পাপনাশনম্ ।
 অনন্তানন্তপায়স্তা নান্তঃ পূজাবিধেনূপ ।
 অথ সতৃক্ষিপ্য গোচ্যেত যথাবদমুপরিশঃ ॥ ৬৬

পুষ্প দ্বারা মধুসুদনের পূজা করিবে। তাহা
 হইলে সে সর্বপাপমুক্ত হইয়া পরমপদ প্রাপ্ত
 হইবে। ৪৯—৬০। যাহার যেমন শক্তি,
 সে সেইরূপ অর্থব্যয় করিয়া স্ত্রীহারির পূজা
 করিবে; স্ত্রীহারি তাঁহার পূজা করিবে।
 ভক্তিপূর্বক, যৎকিঞ্চিৎ ব্যয়েও স্ত্রীহারির
 পূজা করিলে শতসহস্র জন্মের সঞ্চিত পাপ-
 দূর হইবে, কখন শোক-তাপ পাইতে হইবে
 না, তাহার শীড়া, দারিদ্ৰ্য বা বন্ধনভীতি
 কিছুই থাকিবে না, সে জন্মে জন্মে বিষ্ণুভক্ত
 হইয়া কৃতার্থ হইবে। সেই ধীরপ্রকৃতি
 বিষ্ণুভক্ত মানব অষ্টোত্তর শতসহস্র যুগ
 স্বর্গে বাস করিবার পর রাজা হইয়া জন্ম-
 গ্রহণ করিবে। রাজা হইয়া বিবিধ সুখভোগে
 কালযাপন করিয়া স্ত্রীহারির প্রসাদে অস্তে
 ঔহাতে গিয়া লীন হইবে। রাজেন্দ্র!
 এক্ষণে পাপনাশী বৈদিক তাত্ত্বিক ও মিশ্র
 বিষ্ণুপূজা সংক্ষেপে বলিব, শ্রবণ কর। হে
 নূপ! অনন্ত ও অপার মহিমাযুক্ত স্ত্রীহারির
 পূজাবিধিরও অন্ত নাই;—সম্পূর্ণ বলিয়া
 উঠা কঠিন, সুতরাং পূজার আয়ুর্পুঙ্কিক
 অল্পঠানপ্রণালী সংক্ষেপে তোমার নিকট
 কথিত হইতেছে। স্ত্রীহারির পূজাবিধি বিবিধ

বৈদিকস্তাস্ত্রিকো মিশ্রঃ ত্রিবিধোহপি যথঃ ।
 ত্রয়ণামুদিতৈশ্চৈব বিধিনা হরমর্চয়েৎ ॥ ৬৭
 বৈদিকো মিশ্রকো বাপি বিপ্রাদৌনামুদাহৃতঃ ।
 তাস্ত্রিকো বিষ্ণুভক্তস্ত শূদ্রস্থাপি প্রকীর্তিতঃ ॥
 যথা স্বনিগমেনোক্তঃ বিধিব্যঃ প্রাপ্য পুরুষঃ ।
 যজ্ঞেচ্চ ত্রিধিবদ্বিষ্ণুং ব্রহ্মচারী সমাহিতঃ ॥ ৬৯
 অর্চয়েৎ স্বগুণে বায়ো স্বর্ঘ্যে স্বহৃদি বা দ্বিজৈ
 দ্রব্যোণ ভক্তিমুক্তোহর্চয়েৎ স্বগুরুং তদনুজ্ঞয়া ॥
 পূর্বং স্নানং প্রকুব্বীত যৌতনস্তোত্রসঙ্গত্বায়ৈ ।
 উত্তমোরপি চ স্নানং মজ্জৈমুদ্রংগ্রহণাদিনা ॥ ৭১
 সঙ্কোচ্যাপাসনকর্ম্মাণি বেদতজ্জোহিতানি চ ।
 পূজাস্তে কল্পয়েৎ সমাক্ সঙ্কল্পং কর্ম্মপাবনম্ ॥
 শৈলী ধাতুময়ী লৌহী লেপ্যা লেখ্যা চ সৈকতী
 মনোময়ী মণিময়ী প্রক্তিমাষ্টবিধা মতা ॥ ৭৩
 চর্যচর্যেতি দ্বিবিধা প্রতিষ্ঠা জীবমন্দিরম্ ।

—বৈদিক, তাস্ত্রিক ও মিশ্র; এই ত্রিবিধ
 বিধানই ত্রিবিধে পূজা করা যাইতে
 পারে। তন্মধ্যে বৈদিক ও মিশ্রপূজা কেবল
 ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই ত্রিবিধ জাতির
 জন্য বিহিত। তাস্ত্রিক পূজা বিষ্ণুভক্ত শূদ্রেও
 করিতে পারে। মানব ব্রহ্মর্ষ্য অবলম্বন-
 পূর্বক একাগ্রচিত্তে স্ব স্ব নিগমোক্ত বিধানে
 যথাবিধি ত্রিবিধ পূজা করিবে। প্রথমতঃ
 ভক্তপূর্বক গুরুপূজা করিয়া, গুরুর অনুমতি
 লইয়া স্বগুণে, অগ্নির উপরে, সূর্য্যের উপরে
 বা ব্রাহ্মণের উপরে উপচার দ্বারা ত্রিবিধ
 পূজা করিবে। ৬১—৭০। প্রথমতঃ দম্বুধাবন
 করিয়া শরীরশুদ্ধির নিমিত্ত স্নান করিবে,
 এই পূজাস্নানেও প্রাতঃস্নানবৎ স্নানমন্ত্র
 পাঠ এবং গায়ে মৃত্তিকালেপনাদি কর্তব্য।
 স্নানের পর বৈদিক ও তাস্ত্রিক দ্বিবিধ
 সঙ্কোচ্যাপাসন করিয়া পূজার প্রথমে পূজা
 কর্ম্মের সর্বাঙ্গ সম্পন্নতাকারক সঙ্কল্প করিবে।
 পূজার প্রতিমা পাবণময়, স্বর্ণাদি ধাতুময়,
 লৌহময়, লেপময়ী (আলিপনা দ্বারা আকৃত),
 আলেক্ষ্যময়, বালুকাময়, মণিময় ও মনোময়
 (মনঃকল্পিত) এই অষ্টবিধ। প্রতিমা আবার

উদাসীবাহনে ন স্তঃ স্থিরায়্যং কেশবার্চনে ।
 অস্থিরায়্যং বিকল্পং স্তাৎ স্বগুণে তু ভবেদৃশ্যম্
 স্নাপনং স্ববিলেখায়ামস্তজ পরিমার্জনম্ ॥ ৭৫
 দ্রব্যোঃ প্রসিদ্ধৈর্দৈবার্চা প্রতিমাদিষমায়য়া ।
 ভক্তস্ত চ যথালকৈর্ভক্তিভাবেন চৈব হি ॥ ৭৬
 স্নানালঙ্করণক্ষেপ্তমর্চ্যায়ামেব ভূপতে ।
 স্ত্রীকমোপহৃতং শ্রেষ্ঠং কৃষ্ণভক্তেন বার্ধ্যাপি ॥ ৭৭
 গন্ধো ধূপং সূমনসো দৌপোহরাদ্যক কিং পুনঃ
 স্বেচঃ সমভূঃসস্তারঃ প্রাগ্ভূতৈঃ কল্পিতাসনঃ ।
 আসীনশ্চ হৃদ্যগুব্রোহা হর্চ্যায়ামথ সমুখঃ ॥

প্রতিষ্ঠিত ও অপ্রতিষ্ঠিত ভেদে দুই প্রকার।
 প্রতিষ্ঠিত বিষ্ণুপ্রতিমা পূজার আবাহন
 (প্রাণপ্রতিষ্ঠা) ও বিসর্জন করিতে হয় না;
 অপ্রতিষ্ঠিত প্রতিমার শক্ত্যনুসারে বিকল্প
 চলিতে পারে (আবাহন বিসর্জন করিতে
 হইবে, সামান্ত দশোপচারে পূজা করিলে
 আবাহন বিসর্জন না করিলেও চলে। কিন্তু
 স্বগুণে পূজা করিলে আবাহন বিসর্জনাদি
 করিতে হইবে)। আলেক্ষ্যময় প্রতিমা অর্থাৎ
 স্নান করাইলে যে প্রতিমা নষ্ট হইবার
 সম্ভাবনা তাহার স্নান করাইবে না, মাত্র
 মার্জনা করিবে; তাদৃশ প্রতিমা পূজার
 অঙ্গভূত স্নান দর্পণাদিতে করাইবে। ৭১—৭৫।
 প্রতিমাদির উপরে দেবপূজা অকপটচিত্তে
 প্রসিদ্ধ প্রসিদ্ধ উপচার দ্রব্য দ্বারা করিতে
 হইবে। তবে ভক্ত ব্যক্তি ভক্তিভাবে যথা-
 লক্ষ্য দ্রব্যদ্বারাই পূজা করিতে পারে। হে
 ভূপতে! যে কোনরূপে পূজা করা হউক
 না কেন, স্নাপন এবং অভ্যঙ্গনাদি সকল
 পূজাতেই বিধেয়। তবে কৃষ্ণের উপরে
 একান্ত ভক্তিমানের কথা স্বতন্ত্র। সে অন্ধ-
 পূর্বক মাত্র বারি দিয়া পূজা করিলেও তাহাই
 অস্তুর পক্ষে বোধশোপচার। ভক্তিমানের
 কেবল জলদ্বারা পূজাই যথেষ্ট,—গন্ধ,
 পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্যাদি দান, তাহার
 পক্ষে অতি বাহুল্য। প্রথমতঃ স্নানাদি দ্বারা
 শুষ্ক হইয়া আবশ্যিক দ্রব্যাদি আয়োজনপূর্বক

কৃতজ্ঞাসঃ কৃতজ্ঞাসাং হর্ষার্চাং পানিনা স্পৃশেৎ
 কলসং প্রোক্শীয়ক যথাবহুপসাদয়েৎ ।
 ভদ্রভির্দেবযজ্ঞনং দ্রব্যাপ্যাক্শানমেব চ ॥ ৮০
 প্রোক্শ্যপাত্রাণি ত্রীণ্যস্তিষ্ঠৈস্তৈর্জটৈযৈ ক সাদয়েৎ
 পাদ্যার্থ্যাচমনীয়ার্থে ত্রীণি পাত্রাণি দাপয়েৎ ॥
 দ্বতলীর্কা চ শিখয়া গায়ত্র্যা চাভিমন্ত্রয়েৎ ।
 পিণ্ডে বায়ুরিগং শুদ্ধে হুং পদ্মস্থাপয়ান্ বিতোঃ
 অধো জীবকলাং ধায়ন্নঃপাত্তে সিদ্ধভাবিতাম্
 ভবাঙ্কভূতয়া পিণ্ডব্যাপ্তে সম্পূজ্য তন্নয়ঃ ॥ ৮৩
 আবাহার্চাদিষু স্বাপ্য স্তস্তাক্শাং তাঃ

প্রপূজয়েৎ ।

পাদ্যার্থ্যান্নান্নার্হণাদীহু পচয়ান্ প্রকল্পয়েৎ ।
 ধর্মাদিভিত্তি নবতিঃ কল্পয়িত্বানসং হরেঃ ॥ ৮৪
 পদ্মযজ্ঞকলং তত্র কর্ণিকাকেসরোজ্জলম্ ।

উত্তরাস্ত হইয়া প্রতিমার সম্মুখে দর্ভময়
 আসনে উপবেশন করিবে। উপবেশন
 করিয়া (সাধারণ পূজাবৎ স্তম্ভবাচনাদি কর্ম
 সম্পন্ন করার পরে) আত্মশরীরে স্তাস
 করিয়া শ্রীহরির অঙ্গে কল্পস্পর্শপূর্বক স্তাস
 করত পূজা করিবে। যথাযোগ্য এক কলস
 জল এবং এ টী প্রোক্শীপাত্র সম্মুখে আনিয়া
 রাখিবে। সেই প্রোক্শীপাত্র জল দ্বারা
 দেবপূজার উপচারদ্রব্য ও আত্ম-প্রোক্শণ
 করিবে। পাদ্য, অর্ঘ্য ও আচমনীয় দানের
 জন্ত তত্তৎ দ্রব্যপূর্ণ করিয়া তিনটি পাত্রসম্মুখে
 রাখিবে। প্রোক্শীপাত্রস্থ সলিলে সেই পাত্র-
 প্রোক্শণ করিয়া সেই পাত্রে পাদ্য, অর্ঘ্য ও
 আচমনীয় দান করিবে। পূজাকালে গায়ত্রী-
 পাঠ পূর্বক মন্ত্র গৃহিত শিখা বন্ধন করিয়া শ্রী-
 হরির ধ্যান করিবে। ধ্যান করত নিজের
 হৃদয়পদ্মস্থিত শ্রীহরির সূক্ষ্ম জীবাংশ অগ্নি
 বায়ুশোধিত সেই প্রতিমায় স্থাপনপূর্বক
 সেই প্রতিমাস্থিত দেবতা-চৈতন্যের সহিত
 আত্মার অভেদ জ্ঞান করিয়া আবাহন করত
 তন্নয় হইয়া পূজা করিবে। সেই প্রতিমাস্থিত
 জীবকলার আবাহনপূর্বক পাদ্য, অর্ঘ্য,
 নানজলাদি উপচার দানদ্বারা পূজা করিবে।

উভাত্যাং বেদতস্তাত্যাং হরেকৃত্তয়সিদ্ধয়ে ॥ ৮৫
 সূদর্শনং পাকজন্তং গদাসৌধহুর্জলান্ ।
 মুঘলং কোম্ভভং মালাং শ্রীবৎসকোপ পূজয়েৎ
 নন্দোপনন্দং গরুড়ং প্রচণ্ডং চণ্ডমেব হি ।
 বলং মহাবলকৈব মুকুন্দং কুমুদেক্ষণম্ ॥ ৮৭
 হুর্গাং বিনায়কং বাসং বিষক্‌সেনং শুক্ল
 সুরান্ ।
 স্বঘনানেঘতিমুখান্ পূজয়েৎ প্রোক্শাদিভিঃ ।
 চন্দনশৌর্যকর্পূরকুম্ভমাণ্ডকবাসিভিঃ ।
 সলিলৈঃ স্নাপয়েন্নৈর্জৈর্নৃত্যাদা বিত্তবে সতি ॥ ৮৯
 স্বর্ণধর্ম্মীম্ববাকেন মহাপুরুষবিদ্যয়া ।
 পৌক্শেণোপাণি স্ক্লেম সামনীরাজনাদিভিঃ ॥ ৯০
 বস্ত্রোপবৌতভরণ স্রগুগন্ধাদ্যম্বলেপটৈঃ ।
 অলঙ্করীভ স প্রেমাযুতক্লে যথোচিতম্ ॥ ৯১
 পাদ্যমাচমনীয়ক গন্ধং সূমনসে হক্‌তান্ ।

ধর্ম্মাদি নয়টি দ্বারা শ্রীহরির আসন বন্ধনা
 করিয়া ততপরি কর্ণিকা কেশরযুক্ত একটী
 অষ্টদল পদ্ম বিস্তাসপূর্বক বেদোক্ত
 তন্ত্রোক্ত দ্বিবিধ কললাভের নিমিত্ত দ্বিবিধ
 উপায়ে শ্রীহরির পূজা করিবে। অন-
 ত্তর সূদর্শন-চক্র, পাকজন্ত, শঙ্খ, গদা,
 খড়্গ, বাণ, ধনু, লাজল, মুঘল, কোম্ভভ,
 বনমালা, ও শ্রীবৎসচৈতন্যের পূজা করিবে।
 সম্মুখে স্ব স্ব স্থানে অবস্থিত নন্দ, উপ-
 নন্দ, গরুড়, প্রচণ্ড, চণ্ড, বল, মহা-
 বল, মুকুন্দ, কুমুদেক্ষণ, হুর্গা, গণেশ,
 বাস, বিষক্‌সেন গুরু ও অন্তান্ত দেবতা-
 দিগকে প্রোক্শাদি পূর্বক পূজা করিবে।
 বিভিন্ন থাকিলে, প্রতিদিনই চন্দন, উশীর,
 কর্পূর, কুম্ভমাণ্ডক দ্বারা স্নানসিদ্ধি জলে মন্ত্র
 পাঠপূর্বক শ্রীহরিকে স্নান করাইবে। স্বর্ণধর্ম্ম
 মন্ত্র, মহাপুরুষ মন্ত্র ও পুরুষযুক্ত মন্ত্র পাঠ
 সামগান ও নীরাজনাদি দ্বারা শ্রীহরির পূজা
 করিবে। বিষ্ণুভক্ত মানব প্রেমভরে যথা-
 যোগ্য বস্ত্র, যজ্ঞোপবীত অভরণ মালা ও
 গন্ধাদি অম্বলেপন দ্রব্য দ্বারা শ্রীহরিকে অল-
 কৃত করিবে। ১৭ ২১। পূজক, ব্রহ্মপূর্বক শ্রী-

গন্ধধূপোপহার্যাংশ দদ্যাদ্বে শ্রদ্ধার্থকঃ ॥২
 তুপায়সসপীংবি শঙ্কুলাপুণ্যমোদকান্ ।
 নৈবেদ্যং দধিধুন্ধানি নৈকসংক্রান্তি কল্পয়েৎ ॥
 অত্যক্রোদ্ধর্দিনাধর্ষ দন্তধাবান্তিবেচনম্ ।
 অন্নাদ্যং নৃত্যগীতাং পর্কণ্যপ্যবহং নৃপ ॥ ১৪
 বিধিনা বিহিত্তে কুণ্ডে মেখলাবর্তবেদিত্তিঃ ।
 অগ্নিমাধায় পরিভঃ সমুহেৎ পানিনোদকম্ ॥২৫
 পরিভৌধ্যাথ পর্গ্যাক্য দবেধ্যাক যথাবিধি ।
 প্রোক্ষণ্যাসাদ্য জব্যাপি প্রোক্ষ্যায়াব্যাজ্য-
 সেচনম্ ॥ ২৬

তপ্তজ্বালনপ্রথ্যাং শঙ্খক্রগদাযুজৈঃ ।
 লনচ্চতুর্ভুজং শঙ্খং পদ্মাকঙ্কবাসসম্ ॥ ২৫
 ক্ষুরংকিরীটকটক-কটিস্বত্রাস্থলীয়কম্ ।

হরিকে পাদ্য, আচমনীয়, গন্ধ, পুষ্প, আতপ-
 ত্তুল, গন্ধ, ধূপ ও অস্ত্রাশ্র উপচার প্রদান
 করিবে। শুভ্র, পায়স, ঘৃত, শঙ্কু (কর্ণা-
 কৃতি পিষ্টক বিশেষ) অপূপ,মোদক, নৈবেদ্য,
 দধি ধুন্ধ প্রভৃতি প্রচুর আহাৰ্য্য ঐহরিকে
 নিবেদন করিয়া দিবে। হে নৃপ ! প্রতি
 পর্কণ্যদিবসে এইরূপে স্নানজল, দন্তধাবন
 কাঠ ও দর্পণ দানপূর্বক ঐহরিকে স্নান ও
 পূজা করিয়া অন্নাদি দান করিবে, এবং
 নৃত্যগীতাং আমোদ করিবে। পূজা করিয়া
 ঐহরির উদ্দেশে হোম করিবে; যথাবিধানে
 কুণ্ড নির্মাণ করিয়া, তাহার চতুঃপার্শ্বে মেখলা
 বেদি প্রভৃতি রচনা করিয়া তদুপরি বহি-
 স্থাপন করিবে। করস্থ সলিলধারা যথা-
 বিধানে সেই স্থাপিত অগ্নির সমুহন কুশধারা
 আস্তরণ ও পশুযজ্ঞ করিয়া যথাবিধি
 ইথাধান (কাঠ প্রদান) করিবে। প্রোক্ষণী
 পাত্রে আবঞ্জকীয় জব্যাদি সংগ্রহ করিয়া
 প্রোক্ষণপূর্বক অগ্নিতে আজ্যাসেক করিবে।
 অগ্নিমধ্যে ঐবিষ্ণুর ধ্যান কারবে; মনে মনে
 চিন্তা করিবে, অগ্নিমধ্যে তপ্তধ্বর্ণের স্তায়
 কান্তিমান . শঙ্খংক্রগদাপদ্মধারা চতুর্কীছ
 বকে ঐবৎসলাঙ্ঘিত ভগবান ঐহরি বিরাজ
 করিতেছেন, ঐধার পরিধানে পদ্মকঙ্কবৎ

ঐবৎসকং ভ্রাজৎকোত্ততং বনমাগিনম্ ॥২৮
 ধ্যাগ্নরর্চ্য দারুণি হবিষা সযুতানি চ ।
 প্রাস্ত্রাজ্যভাগাবার্যো দদ্যা ভাজ্যপুতং হবিঃ
 অভ্যর্চ্য্যাথ নমস্তুভ্য পার্শ্বেদেভ্যো বলিং হয়েৎ ॥
 মুখবাসক সুরতিং তাবুলক উপাহয়েৎ ॥১০০
 উপযোগঃ গুণসিত্যং কৰ্ম্মণ্যভিরবাক্টরৈঃ ।
 সৎকথাং শ্রাবয়ন্ শ্বশন মুহূর্ত্তঃ ক্ষণিকো ভবেৎ ॥
 স্তবৈকচ্চাবঠেঃ স্তোত্রৈঃ পোর্যঠৈঃ প্রাক্টৈরপি
 ভদ্রা প্রসীদ ভগবসিত্যং বন্দেত দণ্ডবৎ ॥১০২
 শিরস্তংপাদয়োঃ কৃৎবা বাহুভ্যাঞ্চ পরম্পরম্ ।
 প্রপন্নং পাহি মামীশ ভীতং মৃত্যুগ্রহাৰ্ণবাৎ ॥
 ইতি শেবাং হরর্দন্তাং শিরস্তাধায় সাদরম্ ।
 উদ্বাসয়েচ্চেতুর্দ্বাশ্চ জ্যোতির্জ্যোতিষি চাক্ষুঃ
 অর্চাদিযু পদং যত্র শ্রদ্ধাবাস্ত্রজ চার্চয়েৎ ॥

পীতবাস, মস্তকে কিরীট, হস্তে বলয়, অঙ্গু-
 লীতে অঙ্গুরীয়ক, কটীতে কটীস্বত্র, গলে
 বনমালা। এইরূপে ঐহরিকে ধ্যান করিয়া
 হবির্দারা স্তোত্র জলস্ত কাঠের পূজা করত
 আঘার আজ্যভাগ প্রদানপূর্বক পূজা ও নম-
 স্কার করিয়া পার্শ্বদ্বর্গকে পূজোপহার দিবে।
 পরে ঐহরির উদ্দেশে মুখসৌভকর
 দ্রব্য ও সুগন্ধি তাবুল প্রদান করিবে।
 প্রতিদিন এইরূপে ঐহরির পূজা ও পূজার
 উপযোগিতা প্রদর্শন ও স্তব পাঠ করিবে;
 সৎকথা শ্রবণ করিবে ও অপন্নকে শ্রবণ
 করাইবে। এইরূপে মুহূর্ত্তকাল উৎসবময়
 হইয়া থাকিবে। বহুবিধ পৌরাণিক এবং
 লৌকিক স্তোত্র দ্বারা ঐহরিকে স্তব করিয়া
 “হে ভগবন ! নিত্য প্রসন্ন হউন” এই বলিয়া
 দণ্ডবৎ হই। প্রণাম করিবে। ঐহরির
 পদদ্বয়ে মস্তক লয় করিয়া বাহুযুগল দ্বারা
 সেই পদদ্বয় ধারণপূর্বক “হে ঐশ্বর ! আমি
 শরণাগত—বিপন্ন; আমাকে মৃত্যুযজ্ঞরূপ
 দুস্তর সাগর হইতে রক্ষা করুন” এই বলিয়া
 ঐহরির পদপুষ্প সাদরে মস্তকে ধারণ
 করিবে; এবং বিসর্জনীয় হইলে সেই প্রতি-
 মার তেজোমূর্ত্তি আত্মতেজে বিসর্জিত

ସର୍ବଭୂତେଷାଂ ଚିତ୍ତମ୍ ୫ ସର୍ବାନ୍ତାନମସ୍ୟାସ୍ତିତମ୍ ॥ ୧୦୧ ॥
 ଏବଂ କ୍ରିୟାସୋଗପଥେ: ମୁମାନୁ ବୈଦିକତାଦ୍ୱିକୈ:
 ସର୍ବତତ୍ତ୍ୱ ସତ: ସିଦ୍ଧିଃ ହରେକ୍ଷିନ୍ଦ୍ରତ୍ୟାତ୍ମୀପିତାମ୍
 ବିସ୍ତୃତ୍ତାଂ ସମ୍ପ୍ରତିଷ୍ଠାପ୍ୟା ସନ୍ନିବନ୍ଧଃ କାରୟେଦ୍ୱିତମ୍ ।
 ପୁଷ୍ପୋଦ୍ୟାନାନି ସମ୍ୟାପି ପୂଜାକର୍ତ୍ତ୍ତ୍ୱୋପସିଦ୍ଧୟେ ॥
 ପୂଜାଦୀନାଂ ଶ୍ରବାହାର୍ଥଂ ମହାପର୍କ୍ଷନ୍ଧଧାରଣମ୍ ।
 କ୍ଷେତ୍ରାପନପୁରଂଗ୍ରାମାନୁ ଦକ୍ଷା ସାୟୁଜ୍ୟତାମିୟାଂ ॥ ୧୦୮ ॥
 ପ୍ରତିଷ୍ଠାୟା ସାର୍ବଭୌମଂ ସନ୍ନୟା ଭୁବନଦ୍ରୟମ୍ ।
 ପୂଜାଦିନା ବ୍ରହ୍ମଲୋକଂ ତ୍ରିଷ୍ଟୁତଂ ସାମ୍ୟତାମିୟାଂ
 ନାଶ୍ଚମେଧେନ ସଞ୍ଜେନ ଭକ୍ତିସୋଗନ୍ତୁ ବିନ୍ଦତି ।
 ଭକ୍ତିସୋଗଂ ସ ଲଭତ ଏବଂ ସଃ ପୂଜୟେଦ୍ୱରିମ୍ ॥

ଅର୍ଥାତ୍ ଲୀନ କାରବେ । ୧୨—୧୦୮ । ସର୍ବାନ୍ତ-
 ରୂପୀ ବିଷ୍ଣୁ ସର୍ବଭୂତେ ଏବଂ ନିଜ ଆତ୍ମାର
 ଅବସ୍ଥିତ ; ଅତ୍ତଏବ ଶକ୍ତାନ୍ତୁ ହୈମା, ଯେଥାନେ
 ଇଚ୍ଛା ସେହିଥାନେହି ତାହାକେ ଅର୍ଚ୍ଚନା କରା
 ଯାଏ ; କାରଣ ମାନବ ଏହିରୂପେ ସେ କୋନ
 ହାନେହି ବୈଦିକ ତାଦ୍ୱିକ ବିଧିନେ (ଭକ୍ତି-
 ପୂର୍ବକ) ଶ୍ରୀହରିର ପୂଜା କରିଲେ ଶକ୍ତି
 ସିଦ୍ଧିଲାଭ କରନ୍ତା ଥାକେ । ସୁଦୃଢ଼ ମନ୍ଦିର
 ନିର୍ମାଣ କରିବା ବିଷ୍ଣୁପ୍ରତିମା ପ୍ରତିଷ୍ଠା-
 ପୂର୍ବକ ପୂଜା କରିବେ । ପୂଜାକାର୍ଯ୍ୟସିଦ୍ଧିର
 ନିମନ୍ତ ମନ୍ଦିରର ପାଖେ ସମ୍ୟାପି ପୁଷ୍ପୋ-
 ଦ୍ୟାନ କରିବା ରାଧିବେ । ପ୍ରତିପର୍ବେ ମହା-
 ସମାରୋହେ, ଏବଂ ପ୍ରତିଦିନ ଯାହାତେ ଶ୍ରୀ-
 ହରିର ପୂଜା ନିକ୍ଷିପ୍ତେ ଶ୍ରେୟସ୍ତତ୍ତ୍ୱେ ସମ୍ପନ୍ନ
 ହୈତେ ପାରେ ; ଏହିରୂପ ଡାବେ, ଶ୍ରୀହରିର
 ଉଦ୍ଦେଶେ କ୍ଷେତ୍ର, ବିପଣୀ, ନଗର, ଏବଂ ଗ୍ରାମ
 ଉତ୍ସର୍ଗ କରିବା ତତ୍ସମୁଦୟ ଦେବୋତ୍ତର ସମ୍ପତ୍ତି
 କରିବା ଦିଲେ ଅକ୍ଷେ ବିଷ୍ଣୁସାୟୁଜ୍ୟ ପ୍ରାପ୍ତ ହୈବେ ।
 ବିଷ୍ଣୁପ୍ରତିମା-ପ୍ରତିଷ୍ଠାୟ ସାର୍ବଭୌମପଦ, ମନ୍ଦିର-
 ପ୍ରତିଷ୍ଠାୟ ତ୍ରିଲୋକୋର ଆଧିପତ୍ୟପ୍ରାପ୍ତି, ସେହି
 ପ୍ରତିଷ୍ଠିତ ବିଷ୍ଣୁର ପ୍ରାତ୍ୟାହିକ ପୂଜାୟ ବ୍ରହ୍ମଲୋକେ
 ଗମନ ଏବଂ ଉକ୍ତ ତିନିଟି କାର୍ଯ୍ୟ କରିଲେ
 ବିଷ୍ଣୁର ସାମ୍ୟ ଲାଭ ହୈମା ଥାକେ । ଅନ୍ତମେଧ
 ସଞ୍ଜେ ଭକ୍ତିସୋଗ ଲାଭ କରା ଯାଏ ନା, କିନ୍ତୁ
 ଶ୍ରୀହରିର ପୂଜାୟ ଭକ୍ତିସୋଗଲାଭ ହୈମା ଥାକେ ।

ସଂକ୍ରମ୍ୟ ପ୍ରାଣିମାତୃଧୂଳିଧବଳଂ ତଦ୍ଦକ୍ଷତ୍ତଦ୍ଦକ୍ଷୁତ୍ତଂ,
 ନେତ୍ରେ ଚେତନସୋକ୍ଷିତ୍ତେ ସୁକଚିତ୍ରେ ଶାନ୍ତ୍ୟାଃ
 ହରିଦ୍ ଶୁଭ୍ରତେ ।
 ମା ବୁଦ୍ଧିକ୍ଷିମଲେନୁଧୁଧବଳା ଯା ଯାଧବବ୍ୟାପିନୀ
 ମା ଜିହ୍ୱା ସୁହୃତାସିନୀ ନୁପୟୁର୍ଦ୍ଧା ଶୈଳି
 ନାରାୟଣମ୍ ॥ ୧୧୧ ॥
 ମୂଳମନ୍ତ୍ରୋପ କର୍ତ୍ତବ୍ୟଂ ହ୍ରୀଶୂଦ୍ରେରାପି ପୂଜନମ୍ ।
 ଶକ୍ତ୍ୟା ଶୁକ୍ରମାର୍ଗେଣ ତଥାତ୍ତ୍ୱରାପି ବୈକଟ୍ୟେ: ॥ ୧୧୨ ॥
 ଏତନ୍ତେ ସର୍ବମାଧ୍ୟାତଂ ପାବନଂ ଯାଧବାର୍ଚ୍ଚନମ୍ ।
 ବିଶେଷାନ୍ନାଧବେ ମାସି ହ୍ୱମେତଂ କୁକ ଭୂପତେ ।
 ସୂତ ଉବାଚ ।

ଇତ୍ୟେବାଦିଞ୍ଚ ମୁନିର୍ନରେନ୍ଦ୍ର-
 ମାମନ୍ତ୍ୟ ତଂ ମନ୍ତ୍ରବିଦଂ ସତ୍ତାଧ୍ୟାମ୍ ।
 ସ୍ନାତୁଂ ସୟୋ ଯାଧବମାସି ଗଙ୍ଗା-
 ମର୍ତ୍ତ୍ୟାର୍ଚ୍ଚିତନ୍ତେନ ନୁପେଣ ବିପ୍ରଃ ॥ ୧୧୪ ॥
 ବିଧିଂ ସ ରାଜାପି ତଥା ଚକାର
 ବୈଶାଖମାସନ୍ତ ମୁନିପ୍ରଣୀତମ୍ ।

ସେ ଗୃହ ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କର ପ୍ରଣାମକାଳୀନ ଉଦ୍ଧିତ ଧୂଳି-
 ଜାଲେ ଧବାଳତ୍ତ ହୟ, ସେହି ଗୃହହି ଶୁଭ ;
 ସେ ନେତ୍ରସୁଗଲେ ଶ୍ରୀହରିର ଦର୍ଶନଲାଭ ହୟ, ସେହି
 ନେତ୍ରସୁଗଲହି ଅତିସୁନ୍ଦର ଏବଂ ତାହାରହି ତପୋ-
 ବଳ ସମଧିକ ; ନିକ୍ତଳକ୍ତ ଶଶଧର ଏବଂ ନିର୍ଦ୍ଧୁଲ
 ଶକ୍ତ୍ୟର ଶ୍ରୀୟ ନିର୍ଦ୍ଧୁଲା ସେ ବୁଦ୍ଧି ଶ୍ରୀମାଧବେ ସଦା
 ଆସକ୍ତ, ତାହାହି ବୁଦ୍ଧି ; ହେ ନୁପ ! ସେ ଜିହ୍ୱା
 ସର୍ବଦା ନାରାୟଣେର ଶ୍ରବ କରେ, ସେହି ଜିହ୍ୱାହି
 ସୁଧରଜାସିନୀ । ହ୍ରୀ, ଶୂଦ୍ର ଓ ଅପରାପର
 ବୈକଟ୍ୟଗଣ ଶୁକ୍ରପାଦିଷ୍ଠ ବିଧାନେ ମୂଳମନ୍ତ୍ର
 ଘାସା ଶକ୍ତାପୂର୍ବକ ଶ୍ରୀହରିକେ ପୂଜା କରିବେ ।
 ହେ ଭୂପତେ ! ଏହି ଆମି ତୋମାକେ ପାବତ୍ତ
 ବିଷ୍ଣୁପୂଜାର ବିଷୟ ସମକ୍ତ ବାଜିଲାମ, ତୁମ
 ବିଶେଷତ୍ତ; ବୈଶାଖ ମାସେ ଏହି ବିଷ୍ଣୁପୂଜା
 କର । ସୂତ କହିଲେନ,—ମୁନିବର ନାରାୟଣ,
 ସେହି ମନ୍ତ୍ରଜ୍ଞ, ଶ୍ରୀଧ୍ୟାନହ ଆତ୍ମୀନ ନରପତିକେ
 ଏହିରୂପ ଉପଦେଶ ଦିଆ, ସେହି ରାଜପ୍ରସନ୍ତ ପୂଜା
 ଗ୍ରହଣପୂର୍ବକ ଶ୍ରୀହାର ନିକଟ ବିଦାୟ ପ୍ରାପ୍ତ ହୈମା
 ବୈଶାଖ ମାସେ ଗଙ୍ଗାନ୍ତାନ କରିତେ ଗମନ କରି-

পত্ন্যা সমং পুণ্যবিয়া তমেব
স চিন্তয় লোকপবিত্রকীর্তিঃ ॥১১৫
ইতি শ্রীপাণ্ডে পাতালখণ্ডে বৈশাখমাহাশ্বায়
সপ্তপঞ্চাশোহধ্যায়ঃ ॥ ৫৭ ॥

অষ্টপঞ্চাশোহধ্যায়ঃ ।

ঋষয় উচুঃ ।

স্বত স্বত মহাপ্রাজ্ঞ সমাঃ সজীব শাশ্বতীঃ ।
বদ্ববয়ং পুণ্যসময়ং আবিভা জগতো হিতম্ ॥১
বদ ভূয়োহপি ভূয়িষ্ঠং পিবামস্তাবকং বচঃ ।
পায়ং পায়ং ন তপ্যামো বয়ং স্বত তদ্ব্রতমম্ ॥২
স্বত উবাচ ।

অত্রাপ্যদাহরস্তীমমিতিহাসং পুরাতনম্ ।
সংবাদমালিলোকস্ত জগতাং জগদীশিতুঃ ॥ ৩
ষট্শতশ্রীণি চোক্ত্বায়ৈ বিস্তারৈ চ পুনশ্চয়ম্ ।

লেন । সেই-পবিত্রকীর্তি রাজাও নারদোক্ত
সেই সেই বৈশাখকৃত্য অতিপুণ্যকর
মনে করিয়া পত্নীর সহিত তাহার অমুঠান
করিলেন । ১০৫—১১৫ ।

সপ্তপঞ্চশ অধ্যায় সমাপ্ত ॥৫৭॥

অষ্টপঞ্চাশ অধ্যায় ।

ঋষিগণ কহিলেন,—হে স্বত! হে মহা-
পণ্ডিত স্বত! আপনি জগতের হিতকর
পবিত্র আচার শ্রবণ করাইয়া জগতের বড়ট
উপকার করিলেন;—আপনি চিরজীবী
হউন । আপনি আবার উপদেশামৃত দান
করুন; আমরা আপনার বচনামৃত পর্যাণ্ড-
রূপে পান করি । হে স্বত! আপনার এই
উৎকম বাক্যামৃত পুনঃপুনঃ পান করিয়াও
আমাদের পরিতৃপ্তি হইতেছে না । স্বত
কহিলেন,—এ বিষয়ে জগতের আদি পুরুষ
জগদীশ্বরের এক পুরাতন উপাখ্যান কীর্তিত
হইয়া থাকে । আপনারদের নিকটে তাহা বলি-

এবং যুগসংক্রান্তি বোজনানাং বিধায় চ ॥
বাময়া দংষ্ট্রয়োদগৃহ্য চোক্ত্বাসৌ বসুধরা ।
দিব্যং বর্ষসংক্রমঃ বৈ দংষ্ট্রয়া ধারিতা মহী ॥৫
ধর্ম্মাখ্যানপ্রসঙ্গেন সোবাচ বিনয়ান্বিতম্ ॥ ৬
ধরোবাচ ।

এতে দ্বাদশ মাসা বৈ ষট্টিদিনশতজয়ম্ ।
ভেবাঃ কিমুক্তমং পুণ্যং শ্রিয়ঞ্চ তব কেশব ॥৭
পবিত্রঃ কার্ত্তিকো মাসস্তলাসংস্বে দিবাকরে ।
মেঘস্বে মাঘবো মাসো ভাকরে পঠ্যাতে বৃধেঃ
মার্গশীর্ষোহপি মাসানাং পাবনঃ পরিকীর্তিতঃ
এবং মাসাঃ পবিত্রান্তে বাসরাঃ কেহপি
কীর্তিতা ।

যুগাদয়ে যুগান্তান্ত তথা কল্পাদয়ঃ পরে ॥ ৯
সর্কোভ্যোহুপাধিকং মাসমেতেভ্যো
দেব পাবনম্ ॥
সর্ব্বমজময়ং শ্রীমন্মেকং নিশ্চিত্য মে বদ ॥ ১১

তেছি । আদিদেব তগবান্ বিষ্ণু ষট্-
সংক্রম বোজন উক্ত এবং ত্রিসংক্রম বোজন
বিদ্বত এই পৃথিবী নির্মাণ করিয়া ইহার
সংক্রম যুগব্যাপী অস্তিত্ব নির্ধারণ করেন ।
তিনি প্রলয়জলধিমায়া বসুধরাকে বরাহরূপ
ধারণপূর্ব্বক বামদন্তধারা উদ্ধার করিয়া দিব্য
সংক্রম বৎসর সেই দশে ধারণ করিয়াছিলেন;
সেই ১ময়ে বসুধরার দেবী ধর্ম্মকথাপ্রসঙ্গে
বিনীতভাবে প্রকৃত্তকে বলিয়াছিলেন । পৃথিবী
কহিয়াছিলেন,—হে কেশব! এই যে তিনশত
ষাট দিনে দ্বাদশ মাস, ইহার মধ্যে কোন
মাস বা দিন উত্তম পুণ্যপ্রদ এবং আপনার
শ্রিয়? তুমিরাছি সৃষ্টির জুলায়শিশুসংক্রমে
যে কার্ত্তিক মাস এবং মেঘরাশিসংক্রমে যে
বৈশাখ মাস, তাহা পবিত্র বলিয়া কথিত ।
এইরূপ অগ্রহারণ মাসও পবিত্র বলিয়া
কীর্তিত । এইরূপ কতকগুলি মাস ও
কতকগুলি দিন পবিত্র বলিয়া উল্লিখিত
হইয়াছে! যুগাদ্যা তিথি, যুগান্ততিথি এবং
কল্পাদ্যা তিথিও পবিত্র বলিয়া অভিহিত
হইয়া থাকে । হে শ্রীমন্ দেব! কোন

শ্রীবরাহ উবাচ।

বিধিনাবিধিনা চৈবে যে যজন্তি নরা ধরে।
মাধবে মাসি মাং তক্ত্যা তৈস্ত পূজ্যো-
হস্ম্যহং সদা। ১২
হিরণ্যাক্ষো বরারোহে মাধবে তু মধুহঁতঃ।
আদিদৈত্যাবৃত্তাবেতো হস্তা স্বং তু সমুজ্জতা।
জেতাযুগে জয়ীধর্ম্মো জ্ঞানবর্ণব্যবস্থিতঃ।
মাধবে মাসি সজ্জতা তস্ম্যগ্নে মাধবঃ প্রিয়ঃ। ১৪
তৃতীয়ায়ং মাধবে তু যুগং ত্রেতাভিধং সিতে
প্রবৃত্তশ্চ জয়ীধর্ম্মঃ পবিত্রস্তেন কৌর্ভিতঃ। ১৫
অক্ষয়া সোচ্যতে লোকে তৃতীয়া হরিবল্লভা
স্মানে দানেহর্চনে শ্রাদ্ধে জপে পূর্ব্বজতর্পণে
যেহর্চয়ন্তি চ বৈ বিষ্ণুং শ্রাদ্ধং কূর্কন্তি যত্নতঃ
তেষাং দদাম্যহং সর্ব্বং যন্ননোহভীষ্টমুত্তমম্।

মাস ও তিথ্যাদি সকল অপেক্ষা অধিক
পুণ্যপ্রদ এবং সর্ব্বযজ্ঞ স্বরূপ, তাহা আমাকে
ছিন্ন করিয়া বলুন। ১—১১। শ্রীবরাহদেব
কহিলেন,—হে পৃথি! যাহারা বৈশাখমাসে
যথাবিধানে বা অবিধানে ভক্তিপূর্ব্বক
আমাকে পূজা করে; তাহারা আমার
নিত্যপূজার ফল প্রাপ্ত হয়। হে বরা-
রোহে! আমি বৈশাখমাসে আদিদৈত্য
হিরণ্যাক্ষ ও মধুকে বধ করিয়া তোমাকে
উদ্ধার করিয়াছি। ত্রেতাযুগের জয়ী ধর্ম্ম-
স্থাপন; জ্ঞান প্রচার এবং ব্রাহ্মণাদি বর্ণ-
ব্যবস্থাপন এই বৈশাখ মাসেই হইয়া-
ছিল। এই বৈশাখমাস আমার বড়ই
প্রিয়। বৈশাখমাসের গুরুপক্ষীয় তৃতীয়ায়
জেতাযুগের আরম্ভ এবং জয়ীধর্ম্মের প্রচার
হওয়ায় বৈশাখ মাস পবিত্র বলিয়া কৌর্ভিত;
এবং সেই তৃতীয়া তিথিও লোকে অক্ষয়া
ও বিষ্ণুর প্রিয়া বলিয়া কথিত হইয়া থাকে।
ঐ তিথিতে স্নান, দান, পিতৃতর্পণ, শ্রাদ্ধ,
দেবপূজা ও জপে অক্ষয় ফল হইয়া
থাকে। ঐ তিথিতে যাহারা ভক্তি-
পূর্ব্বক বিষ্ণুপূজা ও পিতৃশ্রাদ্ধ করে,
আমি তাহাদিগের সর্ব্বপ্রকার উত্তম মনো-

যে দদত্যপি দানানি ধন্তান্তে ধার্ম্মিকা নরাঃ।
যে যজন্তি হরিন্ নিত্যমধর্করৈর্কিবিধৈধরপি।
মাধবে যজতে যো মাং তেভ্যস্তস্মাদধিকং ফলম্
স্নানং দানং জপো হোমস্তপো যজ্ঞাদিকং ব্রতম্
বৈশাখে যৎকৃতং দেবি তস্য পুণ্যফলং শৃণু।
মবস্তরাণাং কোটীশ্চ দশ পঞ্চ চ সপ্ত চ।
মৎসান্নিধ্যগতাংস্তে বৈ তিষ্ঠন্তি ভয়বর্জ্জিতাঃ।
যদ্যপি স্যুগ্রহাঃ সর্ক্রে জুরা জন্মব্যয়াষ্টকাঃ।
প্রাতঃস্নানেন বৈশাখে সর্ক্রে সৌম্যা ভবন্তি বৈ
বৈশাখে মাসি যো বিপ্রান্ ভোজয়েন্ত্যক্তিতং-
পরঃ।
সিক্ধে সিক্ধে ভবেতৃপ্তিঃ পিতৃণাং যুগসম্ব্যয়া
যচ্ছন্তি তত্র মধুরাধিকভোজনানি
বিপ্রেসু বৈ যবতিলোলদকভোজনাশ্চ।
ছত্রাশ্রয়ণ পদরক্ষণভূষণানি
ধন্তান্ত এষ পরিতোষকরা হি বিষ্ণোঃ। ১৪

রূথ পূর্ণ করি। যাহারা ঐ অক্ষয়া তৃতীয়ায়
দান করে, তাহারা ধার্ম্মিক, তাহারা কৃতার্থ
হয়। প্রতিদিন বিবিধ যজ্ঞরূপ মহাসমারোহে
আমার পূজা করিলে যে ফল, একমাত্র
বৈশাখ মাসে আমাকে পূজা করিলে তদ-
পেক্ষা অধিক ফল হইয়া থাকে। হে দেবি!
বৈশাখ মাসে স্নান, দান, জপ, হোম, তপস্যা,
ও যজ্ঞাদি ব্রত যাহা করা হয়, তাহার পুণ্য-
ফল শ্রবণ কর। বৈশাখমাসে উক্ত কর্ম্মকারী
মানবগণ, আমার নিকটে আগমন করিয়া
স্বাভিংশ কোটি মনুষ্যের নির্ভয়ে অবস্থান
করে। বৈশাখমাসে প্রাতঃস্নান করিলে
নিখিল জুর-গ্রহ প্রতিকূল থাকিলেও কিছুই
অনিষ্ট করিতে পারে না; প্রত্যুত শুভ ফল
প্রদান করিয়া থাকে। বৈশাখমাসে যে
ব্যক্তি ব্রাহ্মণভোজন করায়, তাহার পিতৃগণ
প্রত্যেক অন্তের যত সংখ্যা তত যুগ তৃপ্তি-
লাভ করিয়া থাকে। যাহারা বৈশাখমাসে
ব্রাহ্মণদিগকে অতি মধুর খাদ্য দ্রব্য, যব,
তিল, জল, ছত্র, বস্ত্র, পাটুকা, ও ভূষণপ্রদান
করে, তাহারাষ্ট ধন্য, তাহারাষ্ট প্রকৃত

বিশেষবাদিহ দাতব্যান্তিলা মধুসমবিতা ।
ধর্ম্মায় বৃহতে দৌর্ধ ছরিতক্ষয়হেতবে ॥২৫
এবং কৃতেন যৎ পুণ্যং প্রাপ্যতে মনুঃজ্ঞশ্চ

তৈঃ

তৎ কৈর্গণয়িত্বং শকাং বর্ষকোটিশটৈরপি ।
পুত্রপৌত্রাদিসম্পত্তিং দৌর্ধায়ুশ্চ যথেষ্টম্ ।
ইহাপ্রাপ্তি পরত্রাপি মামেব প্রতিপদ্যতে ॥ ২৭
যঃ পরিত্যজ্য বৈশাখ-ব্রতমস্তদুপাচরেৎ ।
স করস্বং মহারত্নং হিত্বা লোষ্ট্রং হি যাচতে ॥
সূত উবাচ ।

এবং স ভগবান পূর্বমাদিদেবোহবদদ্বিভুঃ ।
মাধবং মাসমুচ্ছ্র জগত্যাং জগতীধরঃ ॥ ২৯
কিমত্র বহনোক্তেন ন তদন্ত মহীশুরাঃ ।
ষদপ্রাপ্যং ভবেন্নাসি মাধবে মাধবার্চনাৎ ॥ ৩০
শুণু বপ্র পুরাব্রতমিহার্থে পরমাত্মতম্ ।
ব্রাহ্মণস্ত চ সংবাদং যমস্ত চ মহায়নঃ ॥ ৩১
মধ্যদেশে মহদগ্রামো ব্রাহ্মণানাং বভূব হ ।

বিষ্ণুকে পরিতুষ্ট করিতে সমর্থ। বিশেষতঃ দৌর্ধ ছরিতক্ষয়, ও বিপুলধর্ম্ম-সঞ্চয়ের নিমিত্ত মধুসহ তিলদান অবশ্য কর্তব্য। এইরূপ কার্য্য করিলে মনুস্যাগণ যে পুণ্য অর্জন করে, তাহা শতকোটি বৎসরেও গণিয়া উঠা যায় না। ইহাতে মানব ইহলোকে পুত্র-পৌত্রাদি সম্পদ, দৌর্ধজীবন, এবং অতীষ্ট বিষয় সকল লাভ করিয়া অস্তে আমাকেই প্রাপ্ত হয়। যে ব্যক্তি বৈশাখব্রত পরিত্যাগ করিয়া অন্য ব্রত করে, সে করস্ব মহারত্ন ত্যাগ করিয়া লোষ্ট্র যাচঞা করে। সূত কহিলেন,—ভূভারধারী সেই ভগবান প্রভু আদিদেব, বৈশাখমাস উদ্দেশ করিয়া পৃথিবীকে এই কথা বলিয়াছিলেন। হে ব্রাহ্মণগণ! অধিক আর কি বলিব, বৈশাখমাসে বিষ্ণুর পূজা করিলে কোন বিষয় হ্রাস্ত হয় না। হে ব্রাহ্মণগণ! এই বিষয়ে ব্রাহ্মণ যমসংবাদরূপ অত্যাস্চর্য্য পুরা কাহিনী আপনাদের নিকটে বলিতেছি, শ্রবণ করুন। মধ্যদেশে গঙ্গা-যমুনার

গঙ্গাযমুনয়োর্ম্মধ্যে যামুনস্ত গিরেররধঃ ॥ ৩২
বিদ্বাংসস্তত্র ভূমিষ্ঠা বিদ্বাংসস্ত্রাবংসস্তদা ।
অথ প্রাহ যমঃ কঞ্চিং পুরুষং কৃষ্ণপিত্তলম্ ॥ ৩৩
রক্তাক্ষমুর্দ্ধচিকুরং কাকজজ্বালনাসিকম্ ।
গচ্ছ ত্বং ভো মহদগ্রামঃ ততো ব্রাহ্মণমানয় ।
বসিষ্ঠগোত্রসম্ভূতং নামতো যজ্ঞদত্তকম্
শমে নিবষ্টিং বিদ্বাংসং যজ্ঞকর্ম্মবিশারদম্ ॥ ৩৫
ন চান্তমানয়েথাষং সগোত্রং তস্ত পার্থিতঃ ।
সংহিতাদিগুণস্তেন তুল্যোহধ্যয়নজ্ঞয়ন ॥ ৩৬
আকৃত্যা চ তথা চিহ্নেঃ সমস্তৈরেব সন্তমঃ ।
তমানয় যথোদ্দষ্টা পূজা কার্য্যা হি তস্ত মে ।
স গতা প্রতিকুলস্ত চকার যমশাসনম্ ।
তমেব চানয়ামাস প্রতিষন্ধো যমেন যঃ ॥ ৩৮
তস্মৈ যমঃ সমুখায় পূজাং কৃত্বা চ ধর্ম্মাবৎ ।
প্রোবাচ নীয়তামেষ সোহপাত্যা নীয়তামিত ॥

মধ্যভাগে যামুন পর্ব্বতের অধোভাগে মহদ-গ্রাম নামে এক গ্রাম ছিল; সেই গ্রামে বহুতর বিদ্বান ব্রাহ্মণ বাস করিতেন। তৎকালে একদিন মহাত্মা যম, রক্তনেত্র উর্দ্ধকেশ কাকজজ্ব কুন্দনাসায়ুক্ত কৃষ্ণপিত্তল নামক কোন দৃতকে ডাকিয়া বলিয়াছিলেন,— ওহে দৃত! তুমি মহদগ্রামে গমন কর; তথায় বসিষ্ঠগোত্রসম্ভূত শমশুণ্ডক যজ্ঞকর্ম্ম-বিশারদ যজ্ঞদত্ত নামে এক বিদ্বান ব্রাহ্মণ আছেন, তাঁহাকে আনয়ন কর; তাঁহার পার্শ্বে তাঁহার বংশে উৎপন্ন আকারে গুণে ও বিদ্যায় তাঁহারই তুল্য আর একজন ব্রাহ্মণ আছেন, দেখিও যেন তাঁহাকে আন-য়ন করিও না, কেবল সেই যজ্ঞদত্ত নামক ব্রাহ্মণকেই আনিবে। আমি তাঁহাকে যথা-নিয়মে পূজা করিব। ২৪—৩৭। অন-ন্তর দৃত তথায় গিয়া তাঁহার আদেশের বিপরীত কার্য্য করিল, যম বাহাকে আনিতে নিষেধ করিয়াছিলেন, দৃত তাহাকেই আন-য়ন করিল। ধর্ম্মাবৎ যম গোত্রোথানপূর্ষক তাঁহাকে পূজা করিয়া দৃতকে আদেশ করি-লেন, ইহাকে লইয়া গিয়া যথাস্থানে রাখিয়া

স্বত উবাচ ।

এবমুক্তে তু বচনে ধর্ম্মরাজেন স দ্বিজঃ ।
উবাচ ধর্ম্মরাজং তং নির্ঝিরো গমনেন বৈ ॥ ৪
ব্রাহ্মণ উবাচ ।

কস্মাদহমিহানীতঃ কস্মাৎ শ্রেয়সে পুনঃ ।
গন্তঃ নৈবোৎসহে তত্র মর্ত্যলোকে পুনঃ
প্রভো ॥৪১

যম উবাচ ।

ইহ কৌণ্ডিন্যুবাঃ পুংসাং বাসঃ পুণ্যবতাং ভবেৎ
অয়ং যে ধর্ম্মরাজস্ত লোকে ধর্ম্মঃ প্রকীর্তিতঃ
সৌখ্যভূমিরিয়ং স্বর্গে ধর্ম্মরাজো মনোহরঃ ।
পুণ্যাপুণ্যাত্মসারেণ জন্মানং সুখদুঃখতঃ ॥৪৩
পাপিনাং যমরূপোহশ্মি নুণাং নিয়মদায়কঃ ।
তথা পুণ্যবতাং সৌখ্যস্বর্গদো ধর্ম্মমুক্তমান ॥৪৪
গচ্ছ বিপ্র স্বমর্দ্যেব নিলয়ং স্বং যথাগতঃ ।
অদ্যাস্তি দশ বর্ষাণি হ্যায়ন্তে পরিকীর্তিতম্ ॥

আইস । স্বত কহিলেন,—ধর্ম্মরাজ এই
কথা বলিলে পর সেই ব্রাহ্মণ গমন করিতে
হইতেছে বলিয়া দ্রুতগতি হইয়া ধর্ম্মরাজকে
কহিলেন । ব্রাহ্মণ কহিলেন,—প্রভো!
আপনি আঘাকে কি জন্মই বা এখানে
আনিলেন, এবং কি জন্মই বা আবার
পাঠাইতেছেন । কিন্তু আমার আর সেই
মর্ত্যলোকে যাইতে ইচ্ছা হইতেছে না ।
যম কহিলেন,—আমি ধর্ম্মরাজ আমার এই
রাজ্যের ধর্ম্ম এই যে, যাহাদের আয়ুঃকাল
হইয়াছে, তাদৃশ পুণ্যাখ্যা ব্যক্তিগণ এই
স্থানে বাস করিতে পাইবেন । ইহা স্বর্গ
সুখ ভোগ করিবার স্থান, আমি এই
স্থানের রাজা । আমি প্রাণীদিগের পাপ-
পুণ্যাত্মসারে দ্রুত ও সুখ প্রদান করিয়া
ধাকি ; যে সকল মানব পাপী, আমি তাহা-
দের যম,—তালাদিগকে নরকভাগ করা-
ইয়া ধাকি ; আর যাহারা পুণ্যবান ; মুক্তি-
মান ধর্ম্মরূপে আমি তাহাদিগকে স্বর্গসুখ
প্রদান করিয়া ধাকি । ৩৮—৪৪ । হে ব্রাহ্মণ!
তুমি অদ্য যেমন আগমন করিয়াছ, তেমনি

কয়ে তবায়ুসঃ প্রাপ্তিলোকস্তাত্ত ভবিষ্যতি ।
প্রষ্টব্যঃ চেৎস্বা হস্তং পৃচ্ছস্ব প্রক্রবামি তে ॥
ত্র মণ উব চ ।

যৎ কৃত্বা স্তুমহৎ পুণ্যং স্বর্গঃ স্মাদ্রবীহ উত্তম ।
সর্বস্ব স্বং প্রয়াশক ধর্ম্মাধর্ম্মবিনিশ্চয়ে ॥ ৪৭
যদি দেব ময়া সমাগুগন্তব্যং নিজমন্দিরম্ ।
তদ্রুক্রহি কর্ম্মণা কেম পতন্তি নরকে নরঃ ॥৪৮
ব্রহ্মস্তু কেন চ স্বর্গঃ স্তব সর্বঃ রূপয়া বদ ॥৪৯
যম উবাচ ।

কর্ম্মণা মনসা বাচা যে ধর্ম্মবিমুখা নরঃ ।
বিস্তুভক্তিবিহীনা যে তে বৈ নিরয়গামিণঃ ॥৫০
পশুস্তি ভেদবুদ্ধ্যা যে ব্রহ্মাণং শক্তয়ং হরিম্ ।
বিরক্তা বিস্তুবিদ্যাশু নরা নিরয়গামিণঃ ॥৫১
শ্বেতবৃন্তিগৃহচ্ছেদং খ্রীং চ্ছেদকং যে নরাঃ ।

গৃহে গমন কর । এখনও তোমার দশবৎসর
আয়ু রহিয়াছে, এই আয়ুঃকাল হইলে আবার
এই স্থানে আসিবে । এক্ষণে যদি তোমার
কিছু জিজ্ঞাস্য থাকে ত জিজ্ঞাসা কর; আমি
তাহার উত্তর দিতেছি । ব্রাহ্মণ বলিলেন,—
দেব ! আপনি সকলের ধর্ম্ম এবং অধ-
র্ম্মের নিরূপণকর্তা, আপনি বলুন, কিরূপ
সুমহৎ পুণ্য অল্পমান করিলে লোকে স্বর্গ
লাভ করিতে পারে । হে দেব ! যদি
আমার নিতান্তই নিজাময়ে ক্রিয়য়া যাইতে
হয়, তবে আপনাকে একটি কথা জিজ্ঞাসা
করিয়া যাই, আপনি রূপা করিয়া বলুন ।
কোন কার্য করিলে লোক নরকগামী হয়
এবং কোন কার্য করিলেই বা স্বর্গগামী
হয় ? যম বলিলেন,—যে সকল লোক ধর্ম্ম-
সঙ্গত কার্য করিতে, ধর্ম্মবিশয়ক চিন্তা
করিতে এবং ধর্ম্মপ্রসঙ্গের জল্পনা করিতে
বিমুখ আর ভগবান বিস্তুর প্রতি যাহাদের
ভক্তি নাই, তাহারা ই নরকগামী হইয়া
থাকে । যাহাদের ব্রহ্মা বিস্তু ও মহেশ্বরে
ভেদজ্ঞান আছে এবং বিস্তুবিদ্যাতে যাহা-
দের অনুরাগ নাই, তাহারা ই নরকগামী
হইয়া থাকে । যাহারা লোকের শ্বেতবৃন্তঃস

আশাচ্ছেদঞ্চ কুর্কৃষ্ণিত্তে নরা নরকোকসঃ ॥৫২
আগতান ভোজনার্থং বৈ ব্রাহ্মণান

বুত্তি মর্ষিতান

যঃ পরীক্ষেত মুঢ়াশ্বা স জ্ঞেয়ো নরকাত্তিথিঃ
অনাথঃ বৈষ্ণবঃ দীনঃ যোগার্হঃ বুদ্ধঃ বে চ
নাহু কাম্পযতে মুঢ়ঃ স জ্ঞেয়ো নরকাত্তিথিঃ ॥
নিয়মাংশু সমাদায় যঃ পশ্চাদজিতেন্দ্রিয়ঃ ।
বিলোপয়তি মুঢ়াশ্বা স বৈ নিরয়ভাজনম্ ॥ ৫৫
শূণু বিপ্র যথা যান্তি নরাঃ স্বর্গং দয়ালবঃ ।
সমার্সেনৈব বক্ষ্যামি কিঞ্চিতে গোৱবাদহম্
যেহর্ষয়ন্তি হরিং দেবঃ বিষ্ণুং জিষ্ণুং সনাতন
নায়ায়ণমজ্জং দেবঃ বিষ্ণুরূপং চতুর্ভুজম্ ॥৫৭
ধায়ন্তি পুরুষঃ দিব্যমুচ্যতে যে স্মরন্তি চ ।
লভন্তে তে হরিম্ভানং ঞ্জিতৈরৈয়া সনাতনৌ ॥
ইদং মেব হি মাজ্জলামিদমেব ধনাজ্জানম্ ॥

করে, বুত্তিচ্ছেদ করে, এবং প্রণয়ে বিচ্ছেদ
ঘটায়, আর কাহাকেও উদ্ধাস্ত করে কিংবা
আশায় নিরাশ করে, তাহারাই নরকবাসী
হয় । যে মুঢ়াশ্বা আহারার্থী অতিথিগণকে
এক- বুত্তিপ্রার্থী ব্রাহ্মণগণকে দানের যোগ্যতা
বিচারের জন্ত পরীক্ষা করে, সে-ই নরক-
গামী হয় । সে মুচমতি দীন, দুঃখী, যোগী,
অনাথ, বৈষ্ণব ও বুদ্ধগণের প্রতি দয়া
প্রকাশ করে না, সেই নরকগামী হয় । যে
পূর্বে ইন্দ্রিয়সংযমের জন্ত নিয়মাদির অনু-
ষ্ঠান করিও পরে অজিতেন্দ্রিয় হইয়া পড়ে
এবং সেই সকল নিয়মাদির আর অনুষ্ঠান
করে না সেই মুঢ়াশ্বারই নরকে বাস হয় ।
হে বিপ্র! আপনি জিজ্ঞাসা করিয়াছেন কি
উপায়ে মনুষ্যগণ স্বর্গগামী হয়, আমি আপ-
নার অনাদর করিতে পারি না তাই সংক্ষেপে
কিঞ্চং বলিতেছি শ্রবণ করুন । ইহাই চির-
ন্তন ঞ্জতি যে, ষাংরা দুষ্টদমনকারী সনাতন
দেব বিশ্বব্যাপী চতুর্ভুজ অনাদি ভগবান
নায়ায়ণকে পূজা করেন, ধ্যান করেন এবং
স্মরণ করেন ষাংরাই বিষ্ণুলোক প্রাপ্ত
হয়েন । এই যে দামোদরের নামকীর্তন,

জীবিতস্ত ফলকৈতদ্দঘদামোদরকীর্তনম্ ॥ ৫৯
কীর্তনাদেব দেবস্ত বিকোরমিতভেজসঃ ।
দুয়িতানি বিলীয়ন্তে তমাংসীব দিনোদয়ে ।
গাথাঃ গায়ন্তি যে নিত্যং বৈষ্ণবীঃ শ্রদ্ধয়াষিতাঃ
ষাধায়নিরতা নিত্যং তে নরাঃ স্বর্গগামিণঃ ॥
বাসুদেবজপাসক্তানপি পাপকৃত্তো জনান ।
নোপসর্পন্ত তান বিপ্র যমদূতাঃ স্মারুণাঃ ॥
নাভ্যং পশ্চামি জম্বুনাং বিহার হরিকীর্তনম্ ।
সর্ষপাপপ্রশমনং প্রায়শ্চিত্তং দ্বিজোত্তম ॥ ৬৩
যে ষাচিতাঃ প্রহস্যন্তি প্রিয়ং দয়া বদন্তি চ ।
ত্যক্তদানকলা যে ত তে নরাঃ স্বর্গগামিণঃ ॥
বর্জয়ন্তি দিব্যাস্বাপঃ নরাঃ সর্ষসহাশ্চ যে ।
সর্ষস্তাশ্রয়ভূতঃ য তে মর্ষ্যাঃ স্বর্গগামিণঃ ॥ ৬৫
দ্বিষতামপি যে দ্বেষান বদন্তঃ হিত্তং কদা ।
কীর্তয়ন্তি গুণাংশ্চৈব তে নরাঃ স্বর্গগামিণঃ ॥

ইহাই মঙ্গল কর্ম, ইহাই প্রকৃত ধনসঞ্চয়,—
ইহাই জীবনের ফল । অমিতভেজা দেব
বিষ্ণুর নাম কীর্তনেই সূর্য্যোদয়ে তমো-
রাশির স্রায় পাপরাশি বিলীন হইয়া যায় ।
যাহারা প্রতিদিন শ্রদ্ধাপূর্ষক বৈষ্ণবী গাথা
গান করে এবং সর্ষদা ষাধ্যায়রত থাকে,
তাংরা স্বর্গে গমন করে । হে বিপ্র! যাহারা
বাসুদেবনামজপে আসক্তচিত্ত, তাংরা পাপ-
কারী হইলেও উগ্রপ্রকৃতি যমদূতগণ তাং-
দের নিকটে যাইতে পারে না । ৫১—৬২ ।
হে দ্বিজোত্তম! একমাত্র শ্রীহরির নাম-
কীর্তন ব্যতীত, জীবদ্দিগের সর্ষপাপনাশক
উত্তম প্রায়শ্চিত্ত আর দেখি না । যাহারা
অন্ত লোক কর্তৃক প্রার্থিত হইয়া আক্লাদ
প্রকাশ করে ও প্রার্থিত বস্ত্ত দান করিয়া
প্রিয় বাক্য বলে, এবং দানকল আকাঙ্ক্ষা
করে না; তাংরা স্বর্গে গমন করে । যে
সকল মানব দিব্যভাগে নিদ্রা যায় না, যাহারা
সহিষ্ণু, এবং সকলের আশ্রয়পাতা সেই
মানবগণ স্বর্গে গমন করে । যাহারা বিষেষ-
বশতঃ শক্রদিগেরও কদাপি অহিত্তাচরণ
করে না, প্রতু্যত তাংদের গুণকীর্তন করে,

ধে শাস্তাঃ পয়দায়ৈষু কর্মণা মনসা গিয়া ।
 রময়ন্তি ন সৰ্ব্বহাস্তে নরাঃ স্বৰ্গগামিণঃ ॥ ৬৭
 যশ্মিন্ কশ্মিন্ কুলে জাতা দয়াবন্তো যশশ্বনঃ
 সাহুক্রোশাঃ সদাচারাস্তে নরাঃ স্বৰ্গগামিণঃ ॥
 ব্রতং রক্ষন্তি যে কোপাঙ্কিয়ং রক্ষন্তি মৎসরাৎ
 বিদ্যাং মানাপমানাত্যাং আত্মানন্ত প্রমাদতঃ ॥
 মতিং রক্ষন্তি যে লোভান্ননো রক্ষন্তি কামতঃ
 ধৰ্ম্মং রক্ষন্তি দুঃসন্ধাস্তে নরাঃ স্বৰ্গগামিণঃ ॥ ৭
 একাদশাঙ্ক বিধিবহুপবাসপরায়ণাঃ ।
 শুক্রে কৃষ্ণে চ যে বিপ্র তে নরাঃ স্বৰ্গগামিণঃ
 মাতেব সৰ্ব্ববালানামৌষধং সৌগিণ্যমিব ।
 রক্ষাৰ্হং সৰ্বলোকানাং নিশ্চিন্তৈক দশী তিথিঃ
 একাদশীসমং কিকিং পাপ ধাণং ন বিদ্যতে ।
 তাযুপোষা বিধানেন তে নরাঃ স্বৰ্গগামিণঃ ॥৭৩

যে ভক্তিমস্তো মধুসূদনশ্চ
 নারায়ণস্তাখিলনায়কশ্চ ।
 সত্যেন হীনো রজসাপি যুক্তো
 গচ্ছন্তি তে নাকমনস্তপুণ্যাঃ ॥ ৭৪
 বেতসীং যমুনাং সীতাং পুণ্যাং গোদাবরীন্দীম্
 সেবন্তে যে শুভাচারঃ স্নানদানপরায়ণাঃ ॥
 ন তে পশুন্তি পশ্যানং নরকশ্চ কদাচন ॥ ৭৬
 যে নৰ্মদায়ামিহ শৰ্মদায়াং
 মজ্জন্তি তুষাস্ত্যপি দৰ্শনেন ।
 বিধৃতপাপাশ্চ মহেশলোকং
 গচ্ছন্তি তে তত্র চিরং রমন্তে ॥ ৭৭
 স্নাতাশ্চৰ্ম্মভীতীরে হিরাজং নিয়তা নরাঃ ।
 ব্যাসাশ্রমে বিশেষেণ তে নরা নাকিনঃ স্মৃতাঃ
 গঙ্গাজলে প্রয়াগে চ কেদারে পুষ্করেহপি বা
 ব্যাসাশ্রমে প্রভাসে ৯ মৃতাস্তে বিষ্ণুগামিনঃ ॥
 দ্বারবত্যাংকুরুক্ষেত্রে যোগাভ্যাসেন বা মৃতাস্তে

তাহারা স্বৰ্গগামী হয় । যাহারা শাশুণ্ডাবলস্বী
 ও কায়মনোবাক্যে কখনই পরস্রীর প্রতি
 আসক্ত হয় না এবং সার্বিকভাবাপন্ন,তাহারা
 স্বৰ্গে গমন করে । যাহারা দয়াযু পর-
 ক্রুঃখমেচনকারী এবং সদাচারী বলিয়া
 বিখ্যাত, তাহারা যে কোন বংশে জন্ম
 গ্রহণ করিলেও (নীচবংশজ হইলেও) স্বৰ্গে
 গমন করে । যাহারা ক্রোধ হইতে ব্রত-
 রক্ষা, মাৎসৰ্য্য হইতে সম্পত্তিরক্ষা, মান
 ও অপমান হইতে বিদ্যারক্ষা, প্রমাদ
 (অনবধানতা) হইতে আত্মরক্ষা, লোভ
 হইতে বুদ্ধিরক্ষা, কাম হইতে মনোরক্ষা,
 এবং কুসংসর্গ হইতে ধৰ্ম্মরক্ষা করে,
 তাহারা স্বৰ্গগামী হয় । হে বিপ্র !
 যাহারা শুক্ল, কৃষ্ণ—উভয়পক্ষীয় একাদশীতে
 যথানিয়মে উপবাস করে, তাহারা স্বৰ্গে গমন
 করে । এই একাদশী তিথি, নিখিল বালু
 কের মাতার স্নায় ও সৌগীদিগের ঔষধের
 স্নায় নিখিল লোকের রক্ষার নিমিত্ত সৃষ্ট
 হইয়াছে । পাপ হইতে রক্ষার উপায় একা-
 দশীর স্নায় আর নাই, যথানিয়মে এই
 একাদশী তিথিতে উপবাস করিলে নরগণ

স্বৰ্গে গমন করে । যাহারা সৰ্ব্বেশ্বর মধু-
 দৈত্য-বিনাশী নারায়ণের প্রতি ভক্তিমান,
 তাহারা রাজসিক প্রকৃতি ও মিথ্যাবাদী
 হইলেও নারায়ণ-ভক্তিবলে অনন্ত পুণ্য-
 সঞ্চয়পূৰ্বক স্বৰ্গে গমন করে ! যাহারা সদা-
 চারী ও যথাবিধানে স্নানদানরত হইয়া,
 বেতসী (নদী বিশেষ), যমুনা, সীতা, ও পবিত্র
 গোদাবরী নদীর সেবা করে ; তাহারা
 কদাপি নরকপথ অবলোকন করে না ।
 যাহারা সুখপ্রদ নৰ্মদা নদীতে স্নান করে
 এবং উক্ত নদীদর্শনে আনন্দলাভ করে,
 তাহারা বীতপাপ হইয়া মহেশলোকে গমন-
 পূৰ্বক তথায় চিরকাল আনন্দে বাস করে ।
 যাহারা চৰ্ম্মভীতী নদীতে স্নান, ও উক্ত
 নদীতীরে ত্রিভাঙ্গ বাস করে এবং বিশে-
 ষতঃ ব্যাসাশ্রমে বাস করে ; তাহারা স্বৰ্গবাসী
 বলিয়া নির্দিষ্ট হইয়া থাকে । যাহারা গঙ্গা-
 জলে, প্রয়াগে, কেদারতীরে, পুষ্কর তীরে,
 ব্যাসাশ্রমে অথবা প্রভাসতীরে প্রাণত্যাগ
 করে ; তাহারা বিষ্ণুলোকে গমন করে ।
 যাহারা, দ্বারবতীতীরে, কুরুক্ষেত্রে অথবা

হরিরত্নাৰ্ণধুগলং বজ্রে যেবাং হরিশ্রিয়াঃ ।
 ত্রিরাত্রমপি যো বিপ্র ছারবত্যাং পুরি স্থিতঃ
 একাদশেশ্রিয়ৈঃ পাপং যৎকৃতং ভবতি দ্বিজ ।
 নরো নিধূর ভুং সৰ্বং ব্রজেৎ স্বৰ্গমিতি স্থিতঃ
 অশ্বমেধসহস্রাণি রাজস্বয়শতানি চ ।
 একাদশ্যপবাসস্ত কলাং নাইস্তি যোড়নীম্ ॥৮১
 একতঃ ক্রতবঃ সৰ্বৈ সৰ্বভীৰ্থতপাংসি চ ।
 মহাদানানি চ ব্রহ্মন ব্রতং বৈষ্ণবমেকতঃ ॥৮০
 বৈষ্ণবব্রতজ্ঞো ধৰ্ম্মো ধৰ্ম্মো যজ্ঞাদিসম্ভবঃ ।
 একত্র তুলিতে ধাত্তা তত্র পূৰ্বোহভবদগুরুকঃ ॥
 হরিবাসস্তত্ত্বনামাচ্যাত্চাত্তভাষণাম্ ।
 নাহং শাস্তা বিশেষেণ তেভ্যো বিপ্র বিভে-
 মাহম্ ॥ ৮৫

যেবাং পুত্রশ্চ পৌত্রশ্চ একাদশ্যমুপোষিতঃ ।
 সহস্রান্না স পুরুষান শতমুদ্বরতে বলাৎ ॥৮৬

যোগভ্যাসদ্বারা প্রাণত্যাগ করে, যাহাদের
 নিজ কুলদেশোচিত ঋতি-স্মৃতিবিহিত আশ-
 হিতকর ধর্ম্মমূলক সদাচারের অন্নধান কর।
 যে অর্থকাম ধর্ম্ম-বিবর্জিত, সকলেরই তাহা
 পরিত্যাগ করা কর্তব্য; একমাত্র ধর্ম্ম দ্বারাই
 অর্থকামাদি-জনিত সমুদয় সুখই প্রাপ্ত হওয়া
 যায়। নৃপতিগণের ইন্দ্রিয়নিচয়ের জয়-

জিতেন্দ্রিয়ো হি শকৌতি পথি স্থাপয়িতুঃ
 প্রজাঃ ॥ ২৫
 অতিপ্রগল্ভললনা-কটাক্ষচপলাঃ শ্রিয়ঃ ।
 বিনয়প্রণিধানেন চিরং তিষ্ঠন্তি ভুবুজাম্ ॥২৬
 কামদর্পাতিশীলানামবিচারি কক্সুণাম্ ।
 সহায়যা প্রণশ্চন্তি সম্পদো মুচচেতসাম্ ॥ ২৭
 বিভূতিনষ্টদৃগ্ভিষ্ম নৃত্যন্তে ন মহাশয়াঃ ।
 নাগতাভিন্ন যাতাভিন্দীভিন্দীয়েতেহসুধিঃ ॥ ২৮
 ব্যসনশ্চ চ মৃত্যোশ্চ ব্যসনং কষ্টমুচ্যতে ।
 ব্যসন্থোহেধো ব্রজতি স্বধাত্যব্যসনী নৃপঃ ॥
 ব্যসনানি চ তঃখানি কামজানি বিশেষতঃ ।
 ত্যজ্ঞ স্মর মনঃ রাজ্য কামং ধর্ম্মবিরোধনম্ ॥৩০
 জ্ঞানামবিবেকায় সুরাণাঞ্চ হুরাস্বনাম্ ।
 ভাগ্যভোগ্যানি রাজ্যানি সন্তি নীতিমতামপি

নৈব স্থিরাণি তানৌহ হুরিতৈরহুসেবিতৈঃ ।
 বিলীয়ন্তে যথা বহ্নি-সংসর্গেণেক্তনানি চ ॥ ৩২
 গচ্ছতন্তুষ্ঠতো বাপি জাগ্রতঃ স্বপতোহপি বা
 ন বিচারপরং চেতো যস্তাসৌ মৃত এব সঃ ॥৩৩
 উপদেষ্টাশমবতাঃ গুরুয়িচ্যুতে যতঃ ।
 কিন্তু আসন্নবিপদামুপদেশাঃ শিরোকৃহাঃ ॥ ৩৪
 বিষয়জরমুৎস্বজ্য সময় স্বস্থয়া ময়া ।
 যুক্ত্যা চ ব্যবহারণ্যা স্বার্থঃ প্রোজেন সাধ্যতে
 অন্তভাচারং যতি শুভং তন্মাদপীতরং ।
 জন্মোশ্চিত্তক শিশুবন্তম্মাত্ৰালায়েবল্লাং ॥৩৬
 উপধাৰ্য্য মতিং রাজন বুদ্ধানাং ধর্ম্মদর্শিনাম্
 নিযচ্ছেৎ পরয়া বুদ্ধ্যা চিত্তমুৎপথগামি যৎ ॥
 ন ধর্ম্মাণুপকূর্ষন্তি ন মিত্রাণি ন বাহুব্যাঃ ।
 ন হস্তপাদচলনং ন দেশান্তরসম্ভ্রমং ॥৩৮

রূপ বোগই অহর্নিশ অমুঠেয়, জিতেন্দ্রিয়
 রাজাই প্রজাগণকে সংপথে স্থাপন করিতে
 সমক্ষ হন। রাজশ্রী, অতি প্রগল্ভা
 ললনাগণের বটাক্ষের স্নায় নিতান্ত চঞ্চল,
 বিনয় ও প্রাণিধান দ্বারাই তাহা চিরস্থায়ী
 হইয়া থাকে। কাম ও দর্পবশে যাছাদিগের
 চরিত্র দুহিত, যাছারা অবিবেচনাপন্থক
 কার্য্য করে, সেই সকল মুচমতি ব্যক্তি-
 দিগের আয়ুর সহিত সমুদয় সম্পৎ বিদ্রষ্ট
 হইয়া থাকে। অনাগন্ত এবং বিগত নদী-
 নিচয় দ্বারা যেমন সাগর বিবর্ধিত হয় না,
 সেইরূপ ক্রম্ব্যমদে যাছাদিগের বিবেকদৃষ্টি
 বিলুপ্ত হয়, মহাশয় ব্যক্তিগণ তাদৃশ জন-
 গণের সহবাসে আনন্দিত হন না। ব্যসন
 ও মৃত্যুর মধ্যে ব্যসনই অধিকতর কষ্টপ্রদ,
 কারণ ব্যসনাসক্ত মানব উত্তরোত্তর অধঃ-
 পতিত হয়, আর ব্যসনশূন্য নৃপতি বৃত হইলে
 স্বর্গগামী হইয়া থাকে। আবার সর্বপ্রকার
 ব্যসনের মধ্যে কামজ ব্যসনই বিশেষরূপ
 হুংখদায়ক; অতএব হে মহারাজ! নিজ
 মঙ্গল চিন্তা কর, ধর্ম্মবিরোধী কাম পরিত্যাগ
 কর! কি জড়, কি দেবতা, কি হুরাস্বা ও
 কি নীতিমান ব্যক্তিগণ সকলেরই রাটজ্যা-

স্বর্ঘ্য সকল ভাগ্যবলে ভোগ্য হইয়া থাকে
 এবং অবিবেকের কারণ হয়। পাপাচরণ
 দ্বারা কদাচ উহা স্থায়ী হয় না, বহ্নিসংসর্গে
 কাঠনিচয়ের স্নায় পাপসংসর্গে বিলীন হইয়া
 যায়। গমনই করুক আর অবস্থানই
 করুক, নিদ্রাই বাড়ুক আর জাগরিতই
 হউক, যাহার চিত্ত সদস্য বিচারে অক্ষম,
 সে নিশ্চয়ই মৃত। যেহেতু অজিতেন্দ্রিয়
 রাজাদিগের গুরুই উপদেষ্টা বলিয়া কথিত
 হয়, সেই হেতুই এইরূপ বলিতেছি,
 কিন্তু আসন্নবিপদ ব্যক্তিগণের নিকট উপ-
 দেশবাক্য সকল কেশতুল্য প্রতীয়মান হয়।
 আমি প্রাজ্ঞ বলিয়াই ব্যবহারাম্বায়ানী স্বীয়
 সদযুক্তি অহুসারে বিষয়জর পরিত্যাগ-
 পন্থক স্বার্থ সাধন করিতেছি। প্রাণিগণের
 চিত্ত শিশুবৎ কখন অন্তভাচারণ ও কখন
 ভদিতর অন্তভাচারণও করিয়া থাকে, এজন্ত
 বলপন্থক ভাছাকে সংকার্ষে নিয়োজিত করা
 বিধেয়। রাজন! ধর্ম্মদপী বুদ্ধদিগের পরা-
 মর্শ লইয়া সদযুক্তি দ্বারা উৎপথগামী চিত্তকে
 মিরমিত করা কর্তব্য। ১২—৩৭। অপথ-
 গামিচিত্ত মানবগণের কি ধর্ম্ম, কি মিত্র, কি
 বাহুব, কি হস্তপাদাদিসঞ্চালন, কি দেশান্তর-

ন কায়ক্রেশ্চৈবৈধৰ্য্যং ন জীৰ্ণায়তনাদয়ঃ ।
 কেবলং তন্ননক্ষত্র জপেনাসাদ্যতে পদম্ ॥৩৯॥
 বিষয়ে বর্ভমানস্ত তস্ম্যচ্চিত্তস্ত সংযমে ।
 যত্নঃ কুৰ্যাদ্‌বুধো রাজ্ঞন ধ্রুবং যত্নেন বা জিতঃ
 তত্ত্বৎকৰ্ম্মকৃতো রাজ্ঞন ভবতা যেন বধিতঃ ।
 মুনিভিশ্চ ফলৈস্তৈস্তৈরতঃ প্যাকর্ণয়াধুনা ॥৪১॥
 মুহুৰ্ত্তাপি মনুষ্যেণ প্রষ্টব্যঃ সুহৃদো বুধাঃ ।
 তে চ পৃষ্টা বদন্তি স্ম তৎকৰ্ত্তব্যং যথোচিতম্
 সৰ্ব্বোপায়েন কৰ্ত্তব্যো নিগ্রহঃ কামকোপয়োঃ
 শ্ৰেয়োহৰ্থিনা যতন্তো হি শ্ৰেয়োঘাতার্থমুদ্যতো
 কামো হি বলবান রাজ্ঞন শরীরস্থো রিপুৰ্মহা
 ন তস্ম বশগো ভূমাজ্জনঃ শ্ৰেয়োহৰ্ভলাযকঃ ॥
 যঃ কামো দেবদেবেন পুরা তেনৈব শূলিনা ।
 ললাটবহ্নিনা দধ্বঃ কৃতোহনক ইতি স্থিতিঃ ॥

গমন, কি শরীরক্রেশাদি ও কি জীর্ণপৰ্য্য-
 টনাদি কিছুই কিছু উপকার করিতে পারে
 না ; কেবল তদুৎগতচিত্ত হইয়া ইষ্টমন্ত্র জপেই
 পরিজ্ঞান হইয়া থাকে । অতএব রাজ্ঞন!
 জ্ঞানী ব্যক্তির বিষয়াসক্ত চিত্তকে নিৰ্ম্মিত
 করিতে সবিশেষ যত্ন করা উচিত ; এজন্য
 যিনি যত্ন দ্বারা চিত্তকে সংযত করিতে
 পারেন, তৎকার্য্যকারী ব্যক্তির যত্নেই
 জয় । রাজ্ঞন ! তুমি স্বীয় বৃথা যত্নকে
 যে কলে বর্জিত করিয়াছ, মুনিগণ স্ম স্ম
 যত্নকে তৎকলে যোজিত করিয়া থাকেন ;
 অতএব এক্ষণে কৰ্ত্তব্য বিষয় শ্রবণ কর ।
 বিষয়োগ্ৰভোগ-বিমোহিত মানবগণের জ্ঞানী
 সুহৃদগণকে কৰ্ত্তব্য বিষয় জিজ্ঞাসা করা
 এবং তাঁহারা বেরূপ বলেন তদনুরূপ কার্য্য
 করাই কৰ্ত্তব্য । কলে, আত্মহিত্তাভিলাষী
 ব্যক্তির সৰ্ব্বপ্রযত্নে কাম-ক্রোধ জয় করা
 কৰ্ত্তব্য । কারণ, কাম-ক্রোধই শ্ৰেয়ো-
 বিঘাতক । রাজ্ঞন ! কাম, শরীরমধ্য-
 বর্তী বলবান মহান শক্র ; এজন্য শ্ৰেয়ো-
 ভিলাষী ব্যক্তি কদাচ তাহার বশীভূত
 হইবেন না । পূর্বে দেবদেব শূলপাণি, পরম
 শক্র বলিয়াই ললাটবহ্নি দ্বারা কামকে দধ

ধৰ্ম্ম এব ততঃ শ্ৰেয়ান্‌ বিধিনা সমলুপ্তিতঃ ।
 ধৈৰ্য্যমালম্ব্য চ ততো ধৰ্ম্মমেব সমাচর ॥ ৪৬
 শ্বাস এব চপলঃ ক্ষণমধ্যে
 যো গতাগতশতানি বিধন্তে ।
 জীবিত্তেহপি তদধীনচেতসা
 কঃ সমাচরতি ধৰ্ম্মবিলম্বম্ ॥ ৪৭
 দশমীমপি যাতস্ত চেতো নাদ্যাপি ভূপতে ।
 বিষয়েভ্যো নিষিদ্ধেভ্যো হা হা ন বিরমেদলম্
 তস্মাৎ সৰ্ব্বং নিফলত্বং প্রয়াতং কামকশ্মলাং
 বয়স্ত্বেপ্যধুনা ভূপ সমাচর হিতং নিজম্ ॥
 বদাম্যহং তব নূপ হিতং সৰ্ব্বোত্তমোত্তমম্ ।
 পুরোহিতো যতন্তেহহং সদসৎকৰ্ম্মভাগপি ॥
 একতঃ সৰ্ব্বপুণ্যানি পাণনাশায় পাপিণাম্ ।
 একতো মাধবো মাসো মাধবস্ত প্রিয়ঃ সদা ॥
 ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুৰ্ব্বন্ধনগমঃ ।

করিয়াছিলেন, তজ্জন্তই কাম অনঙ্গ নামে
 প্রসিদ্ধ । সেই হেতু, বিধাতা ধৰ্ম্মকেই শ্রেষ্ঠ
 বলিয়া উল্লেখ করিয়াছেন ; অতএব তুমি
 ধৈৰ্য্যাবলম্বনপূর্বক ধৰ্ম্মাচরণ কর । জীব-
 গণের শ্বাসবায়ু অতি চঞ্চল, উহা ক্ষণমধ্যেই
 শত শত বার যাত-য়াত করিতেছে, অতএব
 জীবনকে তদধীন জানিয়া কোন ব্যক্তি
 ধৰ্ম্মাচরণে বিলম্ব করিয়া থাকে ? হে
 ভূপতে ! অদ্যাপি তুমি দশমাবস্থা প্রাপ্ত
 হও নাই, কিন্তু হায় ! তুমি দশমদশা
 প্রাপ্ত হইলেও তোমার চিত্ত কখন নিষিদ্ধ
 ভোগ্য বস্তুনিচয় হইতে বিরত হইবে
 না । তজ্জন্তই বলিতেছি, হে ভূপ ! কাম-
 জনিত পাপ বশতঃ তোমার সমস্তই নিফল
 হইয়াছে, অদ্যাপি তোমার ধৰ্ম্মাচরণের
 বয়স আছে ; এই বেলা নিজ হিতকর
 কার্য্য আচরণ কর । হে নূপ ! আমি তোমার
 সৰ্ব্বসৎকৰ্ম্মভাগী পুরোহিত বলিয়াই
 তোমাকে অত্যুত্তম হিতকর বিষয় বলিতেছি
 যে, পাণিগণের পাণনাশের নিমিত্ত একদিকে
 সৰ্ব্বপ্রকার পুণ্য ও একদিকে সদা মাধবপ্রিয়
 মাধবমাস । ৩৮—৫১। ব্রহ্মহত্যা, সুরাপান,

মহাস্তি পাপকাল্পেব কৌর্ভিতানি মুনীশ্বরৈঃ ।
তত্র যমনমা বাচ কার্ধেণাপি কৃতং নরৈঃ ।
নাশয়েন্মাধবেো মাসঃ সর্বং পাপতমো মহৎ ।
দিবাকর ইব ধ্রাত্বঃ নাশয়েন্মুপ সর্বশঃ ।
তথা ঋমাধবেো মাসস্তস্মাকর বিধানতঃ ॥

আ জন্মতোহপি বিহিতানি মহাস্তি রাজন
ঘোরানি তানি হ্রিতানি বিহায় মর্ত্যঃ ।

বৈশাখমা বিহিতাচরণপ্রভাব-

পুণ্যেন তেন হরিশ্মিল্লিমেতি চান্তে ॥৫৫

যদেকমপি বৈশাখমাচরন্তি বিধানতঃ ।

ভাবতঃ পাপিনোহস্যস্তে প্রায়ান্তি হরিশ্মিল্লি
ম্ তস্মান্বমপি রাজেন্দ্রে মাসেস্মিন মাধবেহধুনা

প্রাতঃ স্নাত্বা বিধানেন সমর্চয় মধুদ্বিম্ ॥ ৫৭

ততুলস্তু যথা চর্ম্ম যথা তাম্বাস্ত কালিমা ।

নশ্চেত ক্রিয়য়া রাজংস্তথা পুংসো মলং মহৎ ॥
জীবন্ত ততুলস্তুেব সহজোহপি মলো মহান ।
নশ্চেত ন চ সন্দেহস্তস্মাৎ কর্ম্মোদিতং কুরু ॥

রাজোবাচ ।

কীরোদভবতুল্যাভিঃ শীতলামলরষ্টিভিঃ ।

কথাভিশ্চ বিচিত্রাভিস্থয়াং তোষিতো দ্বিজ ॥

অসাগরোখং পীযুষমদ্রব্যং ব্যসনৌষধম্ ।

দ্রব্যং পায়িতঃ সৌম্য ভবরোগনিবারণম্ ॥

বর্ধপ্রদো নৃণাং পাপ-হানিকুঞ্জীবনৌষধম্ ।

জন্মানুভূত্বাহরো বিপ্র সন্তিঃ সহ সসাগমঃ ॥৬২

যানি যানি হুরাপানি বাহিতানি মহীতলে ।

প্রাপ্যস্তে তানি তাত্তেব সাধুনাপীহ সঙ্গমাৎ ॥

যঃ স্নাতঃ পাপহরয়া সাধুসঙ্গমগঙ্গয়া ।

কিঞ্চস্ত দানৈঃ কিং তৌর্ধৈঃ কিং তপোভিঃ

কিমধ্বরৈঃ ॥ ৬৪

সুবর্ণাপহরণ ও গুরুপত্নীগমনকে মূনিবরণ
মহাপাতক বলিয়াছেন। ঐ সকল পাতকের
মধ্যে বাক্য, মন বা কার্য দ্বারা মানবগণ যে
মহৎ পাপই করুক, মাধবমাস তৎসমুদয়ই
বিনষ্ট করিয়া দেয়। হে নৃপ। দিবাকর
যেমন অন্ধকার বিদূরিত করেন, মাধব-
মাসও তদ্রূপ সর্বপ্রকার পাতককে বিনষ্ট
করিয়া থাকেন; অতএব যথাবিধানে
মাধবমাসীয় কৃত্যের অনুষ্ঠান কর। রাজন!
মানবগণ বৈশাখমাসবিহিত সংকার্ধ্যের অন্-
ষ্ঠানজনিত পুণ্যপ্রভাবে আজন্মাচরিত ঘোর-
তর মহাপাপনিচয় বিদূরিত করিয়া দেহা-
বসানে বৈকুণ্ঠধামে গমন করিয়া থাকেন।
অধিক কি; অশেষপ্রকারে পাপী মানব-
গণ, জীবনের মধ্যে যদি একবার মাত্র
উক্তভাবে যথাবিধি বৈশাখকৃত্যের অনু-
ষ্ঠান করে, তাহা হইলেও পরিণামে বিষ্ণু-
লোকে গমন করে। অতএব হে রাজেন্দ্রে!
তুমিও সম্ভ্রাত এই বৈশাখমাসে প্রতিদিন
শ্রীতঃস্নান করিয়া যথাবিধি মধুদ্বন্দকে
অর্চনা কর। রাজন! কুটনরূপ কার্য দ্বারা
যেমন ততুলাবরণ এবং মার্জনরূপ কার্য-
দ্বারা যেমন তাহার কালিমা বিদূরিত হয়,

উক্ত কার্য দ্বারাও সেইরূপ মানবের মহৎ-
পাপমল তিরোহিত হইয়া থাকে, কুটনাদি
কার্যে ততুলের সহজ মলবৎ উল্লিখিত
কার্যে মানবগণেরও সহজ মহৎ মল যে
বিনষ্ট হয়, ইহাতে কিছুমাত্র সন্দেহ নাই;
অতএব বিহিত বৈশাখকৃত্যের আচরণ
কর। এতাদৃশ বচনাবলী শ্রবণে রাজা বলি-
লেন,—হে দ্বিজ! কীরোদসাগরসমুত্ত-
সুধা-বর্ধণোপম ভবদীয় সুশীতল সুবিমল
বিচিত্রে বচনাবলী শ্রবণে আমি পরম পরি-
তোষ লাভ করিলাম। হে সৌম্য! অদ্য
আপনি আমার অসাগরসমুত্ত পীযুষস্বরূপ
এবং কোনরূপ দ্রব্য না হইলেও ভব-
রোগনিবারক ব্যাসনব্য্যাধির মহৌষধ পান
করাইলেন। ৫২—৬১। হে বিপ্র! সত্যই
সাধুসমাগম মানবগণের বর্ধপ্রদ, জন্মানুভূ-
ত্বাহর, পাপনাশন ও জীবনৌষধস্বরূপ। মহী-
তলে বাহিত যাহা কিছু দ্রব্য দ্রুপ্রাপ্য,
সাধুসঙ্গমে নিঃসন্দেহ তৎসমুদয় প্রাপ্ত হইতে
পায়। যাহ। যে ব্যক্তি সর্বপাপহর সাধুসঙ্গম-
রূপ গঙ্গাজলে স্নান করিতে পারে, তাহার
দান, তর্পণ, তপস্বা বা যজ্ঞে প্রয়োজন কি?

যো যো ভাবঃ পুরা হ্যাসীৎ কামৈকসুখলোলুপঃ
 দর্শনাঘচনাভেহস্য বিপরীতোহভবদ্বিভো ॥
 একজন্মসুখস্বার্থে সহস্রাণি বিলোপয়েৎ ॥
 প্রাজ্ঞো জন্মসহস্রাণি সঙ্কিনোত্যেকজন্মতঃ ॥
 হা হা কামরসাস্বাদ-সুখলালসচেতসা ॥
 ময়া মুচেন ম কৃতং কিঞ্চিদাশ্বহিতং বিজ্ঞ ॥ ৬
 অহো যে মনসো মোহো বদাস্মা যোষিতাঃ

কথং জ্ঞানঞ্চ কিং দানং কো দেবো নিয়মশ্চবঃ
 এতদাচক্ষু বিপ্রর্ষে হুরিতোত্তরগায় মে ॥ ৭২
 যম উবাচ ॥
 ইত্যেবমুক্তো ভগবান্ কশ্চপঃ স দয়ানিধিঃ ॥
 প্রোবাচ বচনং বিপ্র ধর্ম্ম্যং বিশ্বহিতং হি যৎ ॥
 কশ্চপ উবাচ ॥

কৃতে ॥
 পাতিতো ব্যসনে ঘোরে হুঃখোধর্কে হুরত্যয়ে
 ভগবন্ পরিতুষ্টেন বোধিতো বচসা স্বয় ॥
 উপদেশপ্রদানেন ত্বং মামুর্জুর্মহিসি ॥ ৬২
 পুরাচরিতপুণ্যোহহং ভবতা বোধিতোহস্মি য
 স্বংপাদরজসা বাপি বিশেষাদপি পাবিতঃ ॥ ৭০
 বিধিঃ মাধবমাস্তু ক্রহি মে বদতাংবর ॥
 সর্কপাপক্ষয়করো যশ্চা পরিকীর্তিতঃ ॥ ৭১

পূর্কপায়সমাধান-ক্ষয়বুদ্ধা চ তান্ত্রিতে ॥
 পৃষ্টজ্ঞানে ন বক্তব্যঃ বাধমে পাতকশায়ে ॥
 পাপবৃন্তস্ত তু তথা দস্থা ভূপ শুভাং মতিম্ ॥
 বিদ্যাাদানফলঃ সম্যকপ্রাপ্যতে নাত্ সংশয়ঃ ॥
 নাপৃষ্টঃ কশ্চ চিৎক্রয়ান চান্ত্রায়েন পৃচ্ছতঃ ॥
 জ্ঞানল্পপি হি মেধাবী জড়বল্লোক আচরৎ ॥
 বিদ্বশামথ শিষ্যাণাং পুত্রাণাঞ্চ কৃণাবতা ॥

বিভো! পূর্বে আমার একমাত্র কামসুখ-
 বিষয়ক যাহা কিছু মনোভাব ছিল, অদ্য
 আপনার দর্শন ও বচনাবলী শ্রবণে তৎসমু-
 দয়ই বিপরীত হইয়াছে। সত্যই মুঢ় মানব-
 গণ, একজন্মের সুখের নিমিত্ত সহস্র সহস্র
 জন্মের সুখ নষ্ট করে এবং বৃদ্ধিমান্ ব্যক্তি
 এক জন্ম হইতেই সহস্র সহস্র জন্মের সুখ
 সঞ্চয় করিয়া থাকে। হে বিজ্ঞ! হায়!
 আমি মুঢ় বলিয়া কামরসের আস্বাদ-
 জনিত সুখোপভোগে আসক্তচিত্ত হইয়া
 কিছুমাত্র নিজ হিত সাধন করি নাই।
 হায়! আমার মনের কি মোহ! আমি
 যোষিদগুণের নিমিত্ত পরিণামে কেবল হুঃখ-
 ময় অপার ভীষণ ব্যসন-সাগরে আত্মাকে
 পাতিত করিয়াছি। ভগবান! আপনি পরি-
 তুষ্ট হইয়া উদদেশরাক্যে আমায় প্রবোধিত
 করিলেন, এক্ষণে কর্তব্যোপদেশদানে
 আমায় উদ্ধার করুন। আমি পূর্কজন্মে বহু
 পুণ্য করিয়াছিলাম বলিয়াই আপনি আজ
 আমায় প্রবোধ দান করিলেন এবং ভবদীয়
 পাদরজ্জ্বাদানে সর্বিশেষ পবিত্র করিলেন।
 হে বদতাংবর! আপনি হে সর্কপাপ-ক্ষয়কর

মাধবমাসের কথা বলিলেন, এক্ষণে আমায়
 তন্মাসীয় কর্তব্যবিধি বলুন। ঐ মাসে কি
 প্রকারে জ্ঞান, কিরূপ দান, কোন দেবের
 আরাধনা ও কিরূপই বা নিয়ম কর্তব্য? হে
 বিপ্রর্ষে! আপনি আমার হুরিত হইতে নিস্তা-
 রের নিমিত্ত এতবিষয় বলুন। যম বলিলেন,
 —হে বিপ্র! রাজা মহীরথ এইরূপ কহি-
 লেই দয়ানিধি ভগবান্ কশ্চপ, বিশ্বহিতকর
 ধর্ম্মসঙ্গত বাক্য বলিতে আরম্ভ করিলেন।
 কশ্যপ বলিলেন,—হে ভূপ! পূর্কপায়-
 সঙ্গতি জ্ঞানের হানি সন্ধাননায় অর্দ্ধনির্দ্রিত
 ব্যক্তিকে এবং জিজ্ঞাসিত বিষয় যাহার
 জ্ঞান আছে, তাদৃশ লোককে ও পাপাশয়
 অধম ব্যক্তিকেই কোন প্রকারে ধর্ম্মোপদেশ
 দেওয়া কর্তব্য নহে; কিন্তু তদ্বিন্ন পাপ-
 প্রবৃত্ত ব্যক্তিকে সদ্বুদ্ধি দান করিলে যে
 সম্যকরূপ বিদ্যাাদানের ফল লাভ হয়, এ
 বিষয়ে আর সংশয় নাই। ৩২—৭৫। জিজ্ঞা-
 সিত না হইলেও কাহাকে কোন বিষয় বলা
 উচিত নহে এবং যে ব্যক্তি অজ্ঞায়পূর্কক
 কোন বিষয় জিজ্ঞাসা করে, তাহাকেও
 প্রত্যুত্তর দিবে না। সেস্থানে বৃদ্ধমান্
 ব্যক্তি, তবিষয় পরিত্রাত থাকিলেও জড়বৎ

অপুষ্টিমপি বজ্রব্যঃ শ্রেয়ঃ শ্রদ্ধাবতাং হিতম্ । শরীরাদি চ পুরাণ্ডে কালে কালে বিপর্যায়ম্
সাম্প্র তং গুরুদয়যো জ্ঞাতবন্তঃ বচনায়ম্ । সাম্প্র তং ভবতো রাজন মনো ধৰ্ম্মে সমাহিতম্
পুরাচরিতপুণ্যেন কেনাপি চ মনোপতে ॥ ৭৮ তেন হ্যঃ কার্মিয়্যামি মাধবস্নানমুত্তমম্ ॥ ৮৩
পাপাবস্থঃ শরীরঃ তদগতঃ তব মমাশ্রয়াৎ যম উবাচ ।
শ্রবণং কৰ্ম্মশাস্ত্রম্ ধৰ্ম্মাবস্থন্তু তেহভবৎ ॥ ৭৯ ততস্ত কার্মতস্তেন কশ্চপেন পুরোধসা ।
পাপাবস্থমধৰ্ম্মাখাঃ ধৰ্ম্মজ্ঞানবিবৰ্জিতম্ । স নুপো মাধবে মাসি স্নানং দানঞ্চ পূজনম্ ।
অপন্নং সদ্বৃত্তং যন্ধি বিজ্ঞেয়ং তন্ধি ধার্ম্মিকম্ যথা দৃষ্টং পুরা শাস্ত্রে বৈশাখস্নানজঃ বিধিম্ ।
ধৰ্ম্মাধৰ্ম্মোপভোগায় তত্ত্বীয়মতৌল্লিয়ম্ । স মুনিঃ প্রত্ন্যাবাচামৈ ভূপায় চ যথোদি হম্ ।
তস্মাল্লিভেদং দেহং হি বেদবিক্তিরিহোচ্যতে স কার্মতস্তেন বিধানভাবো
ষাবন্ন ধৰ্ম্মভোগন্ত মুক্তিচৈতল্লিভেদকম্ । রাজাপি চ ক্র বিধবস্তদানৌম্ ।
পাপাবস্থং শরীরং তৎ পাপসংক্রমং তদ্রূঢ়্যতে স্ত্রীমাধবে মাসি বধানমৌভাং
ইদানীং গুরুভক্তিঞ্চ কুর্যন্তো বচনং মম । ততো যথাকৰ্ণিতমাদরেণ ॥ ৮৯
শুভতো ধৰ্ম্মরূপন্ত শরীরং তে ব্যবস্থিতম্ প্রাতঃস্নানঞ্চ পাদঞ্চ হৃদ্যঞ্চ হরিপূজনম্ ।
তেনৈব গুন্ধিরমলা জ্ঞাতা ধৰ্ম্মক্ৰিযোচিতা । নৈবেদ্যং ভক্তিভবেন চকার স নুপোস্তমঃ ।
দৈবেন দেহিনাং নাম চেতাংসি চরিতানি চ দানং যথানিয়মপালনমাদরেণ
বৈশাখমাসি বিদধাতি বিধানমেবম্ ।

ব্যবহার করিবে; কেবল, বোধশক্তিমান
শ্রদ্ধাশালী পুত্র ও শিষ্যদিগকেই দয়াপরবশ
হইয়া জিজ্ঞাসা না করিলেও তাহাদিগের
হিতকর বিষয় বলা উচিত । হে মহীপতে !
এক্ষণে তুমি কোনও পূৰ্বপুণ্যকলে আমার
কথায় পবিত্রহৃদয় হইয়াছ; আমার সংসর্গে
তোমার পাপাবস্থাপন্ন শরীর বিগত এবং
ধৰ্ম্মশাস্ত্র শ্রবণে ধৰ্ম্মাবস্থাপন্ন শরীর সত্ত্বত
হইয়াছে । ধৰ্ম্মজ্ঞানবিবৰ্জিত পাপাবস্থাপন্ন
শরীরের নাম অধৰ্ম্মশরীর ও সদাচার-
সম্পন্ন যে অপরবিধ শরীর, তাহা ধার্ম্মিক-
নামক শপীর জ্ঞানিবে । আর ধৰ্ম্ম ও
অধৰ্ম্মভোগার্থ যে তৃতীয় প্রকার শরীর,
তাহা অতৌল্লিয়; তজ্জন্তই বেদবিৎ পণ্ডিত-
গণ ত্রিবিধ দেহ বলিয়া থাকেন । যাবৎ-
কাল না মুক্তি হয়, যাবৎকাল ধৰ্ম্মাধৰ্ম্মভোগ
হয়, তাবৎকালই ঐ ত্রিবিধ শরীর থাকে ।
পাপাবস্থাপন্ন অধৰ্ম্মনামক শরীরকেই বিদ্বৎ-
গণ পাপশরীর বলিয়া উল্লেখ করেন ।
এক্ষণে তুমি গুরুভক্তি ও আমার কথা
শ্রবণ করিতেছ বলিয়া, তোমার ধার্ম্মিক
শরীর হইয়াছে এবং তজ্জন্তই ধৰ্ম্মকার্যো-

শরীরাদি চ পুরাণ্ডে কালে কালে বিপর্যায়ম্
সাম্প্র তং ভবতো রাজন মনো ধৰ্ম্মে সমাহিতম্
তেন হ্যঃ কার্মিয়্যামি মাধবস্নানমুত্তমম্ ॥ ৮৩
যম উবাচ ।
ততস্ত কার্মতস্তেন কশ্চপেন পুরোধসা ।
স নুপো মাধবে মাসি স্নানং দানঞ্চ পূজনম্ ।
যথা দৃষ্টং পুরা শাস্ত্রে বৈশাখস্নানজঃ বিধিম্ ।
স মুনিঃ প্রত্ন্যাবাচামৈ ভূপায় চ যথোদি হম্ ।
স কার্মতস্তেন বিধানভাবো
রাজাপি চ ক্র বিধবস্তদানৌম্ ।
স্ত্রীমাধবে মাসি বধানমৌভাং
ততো যথাকৰ্ণিতমাদরেণ ॥ ৮৯
প্রাতঃস্নানঞ্চ পাদঞ্চ হৃদ্যঞ্চ হরিপূজনম্ ।
নৈবেদ্যং ভক্তিভবেন চকার স নুপোস্তমঃ ।
দানং যথানিয়মপালনমাদরেণ
বৈশাখমাসি বিদধাতি বিধানমেবম্ ।
যো ভক্তিভোতঃস্বহমসৌ প্রতিবৰ্ধমেবং
কৃত্বা প্রয়াতি হরিবধাম মহীসুরাগ্র্য ॥ ৯১

পযুক্ত বিমল পবিত্রতা জন্মিয়াছে । দৈবগতি-
তেই দেহিগণের নাম, চিত্ত, চরিত ও শরীর
সময়ে সময়ে বিপর্যয় প্রাপ্ত হইয়া থাকে ।
রাজন! দৈবগতিতেই সম্প্রতি তোমার মন
ধৰ্ম্মাচরণে প্রবৃত্ত হইয়াছে, তজ্জন্তই আমি
তোমায় মাধবস্নানরূপ অতুত্তম ধৰ্ম্মকার্য
করাইব । ৭৬—৮৬ । অনন্তর সেই পুরো-
হিত কশ্চপ, সেই নুপতিকে বৈশাখমাসে
যথোক্ত স্নান, দান, ও বিষ্ণুপূজা করাইলেন ।
মুনিবর বশ্চপ পূর্বে শাস্ত্রে বৈশাখমাসীয় স্নান
দানাদিবিষয়ক যেরূপ বিধি দেখিয়াছিলেন,
ভূপতিকে তাঁরদ্বয় যথোক্ত করিলেন । তৎ-
কালে বশ্চপ, রাজাকে যেরূপ বিধানে
স্নানাদি করাইতে প্রবৃত্ত হইলেন, রাজাও
তাঁহার মুখে যেমন শুনিলেন, তদনুযায়ী
যথাবিধি বৈশাখমাসে স্নানাদি প্রশংসনীয়
কার্য সকল সাধরে করিলেন । সেই নুপতি,
বৈশাখমাসে প্রতিদিন প্রাতঃস্নান, পাদ্য,
অৰ্ঘ্য ও নৈবেদ্যাদি দ্বারা ভক্তিভাবে হরি-

অথৈতরেষু মাসেষু কামিনীকুচকেলিবান ।
 ভৌগৈককালনো ভূয়ো ভবত্যেব যথাক্রাচ ।
 ন ধৰ্ম্মানয়মৎ রাজ-কার্যেষু ন বিচারণাম্ ।
 কয়োতি কামবশগো হিমা মাসক মাধবম্ ।
 মহতামাপ বিপ্রাশ্রয়ী হ্রুর্নবার্যো মনোভবঃ ।
 শরীরসহজো নুনমনাদক্ষাসনাক্রমঃ ॥ ৯৪
 কেশকঙ্কলশালিনস্তো হুঃপর্ণা . ১.১৮. ১১১ ।
 যস্মাদায়শথা নার্যো দর্শস্ত তূণবন্নয়ম্ ॥ ৯৫
 ঘোরঃ শক্রঃ শরীরত্বঃ পুংসঃ ক যো যথোচিত
 মোহধুময়ঃ পাপো ন কেযামককারকঃ ॥ ৯৬
 ইতি শ্রীপাদ্মে পাতালবধৌ বৈশাখমাহাষ্মে
 ষষ্টিতমোহধ্যায়ঃ ॥ ৬০ ॥

পূজা, এবং সাদরে যথাবোধ দান করিলেন ।
 বিজবর! যে ব্যক্তি প্রাতঃকালে বৈশাখমাসে
 ভক্তভাবে প্রাতঃদান এইরূপ করে, সে
 নিশ্চয়ই বৈকুণ্ঠে গমন করিয়া থাকে ।
 অনন্তর সেই নৃপতি, পুনরায় ভোগাসক্ত
 হইয়া অপর একাদশ মাস কামিনীগণের
 সাহিত যথেষ্ট ক্রোড়া করিতে লাগিলেন ।
 এইরূপে তিনি কামাধান হইয়া বৈশাখমাস
 ব্যতীত অপর কোন মাসেই কোনরূপ ধর্ম্ম
 কার্য বা রাজ-সংক্রান্ত বিচারাদ করিতেন
 না । বিপ্রবর! বস্তুতঃ কাম মহদ্ব্যক্ত-
 দিগেরও হ্রুর্নবার্য, নিশ্চয় জানিবেন ;
 বাসনালাল শরীরের সাহিতই সমুদ্রুত
 হয়, উহার আদ নাই । কেশকঙ্কলশালিনী
 লোচনীপ্রিয় রমণীগণ যখন পুরুষগণকে তূণ-
 বৎ দক্ষ করিয়া ফেলে, তখন উহার লোচন-
 প্রিয় অগ্নিশিখারূপ, উহাদিগের কেশ-
 কলাপই ধুমাবলা ; এজন্ত উহাদিগকে স্পর্শ
 করা উচিত নহে । পুরুষগণের কামই শরীরস্থ
 ঘোরশক্র, মোহধুময় পাপিষ্ঠ কাম কোন
 ব্যক্তিকে না অক্ষ করিয়া থাকে ? ৮৭—৯৬ ।
 ষষ্টিতম অধ্যায় সমাপ্ত । ৬০ ।

একষষ্টিতমোহধ্যায়ঃ ।

যম উবাচ ।

অথ কালকটাক্ষেণ লক্ষিতে নৃপতিস্তপা ।
 যুতোহ'ন্তরতিসেবোখ-ক্ষয়কৌণকলেবরঃ ॥ ১
 নাযমানো মম গণৈস্তাড্যমানো যুক্তধুতঃ ।
 ক্রন্দমানো মহারাবান সংস্রব্রজপাতকম্ ॥ ২
 বিষুদুতৈস্তদাগত্য তানশিখিপ্য মেহন্নগান ।
 ধর্ম্মবানয়ামতু্যক্তা হ্যারোপ্য বোমবাহনম্ ॥ ৩
 নীতো হরিপুরঃ বিপ্রকুয়মানোহম্পরোগণৈঃ ।
 প্রাতঃস্নানেন বৈশাখমাসস্ত ক্ষণপাতকঃ ॥ ৪
 অথ ধর্ম্মবিহীনোহয়মাত মভা চ তৈঃ পুংসঃ ।
 দেবদুতৈরদুরেণ নরকস্ত চ বন্ধনঃ ।
 আনীতো নৃপতির্বিফোর্নিদিশেষহতিবশারদৈঃ
 স গচ্ছন্নপ শশ্রাব জীবা িং ক্রন্দং পুনঃ ।

একষষ্টিতম অধ্যায় ।

যম বলিলেন,—অনন্তর কিয়ৎকালের
 পর সেই নৃপতি কালকটাক্ষে পতিত হই-
 লেন, অতিশয় রতিসেবা-জনিত ক্ষয়রোগে
 ক্রমশঃ কৌণকলেবর হইয়া পঞ্চদশ লাভ
 করিলেন । যমদূতগণ তাঁহাকে যুক্তধুতঃ
 পীড়ন করিতে করিতে লইয়া যাইতে আরম্ভ
 করিলে তিনি নিজপাতক স্মরণ করিয়া
 উঠিলে:স্বরে ক্রন্দন করিতে লাগিলেন । সেই
 সময়ে বিষুদুতগণ আগমনপূর্ব্বক মদীয় সেই
 সকল অনুরগণকে বিদূরিত করিয়া “ইনি
 ধর্ম্মশালী” এইরূপ কথিয়া দিব্য বিমানে
 আরোহণ করিয়া বৈকুণ্ঠধামে লইয়া যাইতে
 আরম্ভ করিল । বিপ্রবর! বৈশাখমাসে
 প্রাতঃস্নানজন্ত নিম্পাপ সেই নৃপবরকে তখন
 অপ্সরা সকল স্তব করিতে লাগিল । অন-
 স্তর আবার বিষ্মানদেশবন্তী সেই দেব-
 দূতগণ সেই নৃপতিকে “ইনি কর্তব্য ধর্ম্ম-
 কার্যবিহীন” মনে করিয়া নরকপথেয় অদূরে
 আনয়ন করিল । তৎকালে নৃপতি, সেই
 পথে গমন করিতে করিতে নরকমধ্যে পীড়্য-

নিরয়ে পচ্যমানানামারাং বিবিধং তদা । ৬
 পাপিনাং কথ্যমানানামাক্রন্দমতিদারুণম্ ।
 ঞ্জস্বা বিস্ময়বান্ বিপ্র রাজাজ্জদতিদ্বঃখিতঃ । ৭
 প্রোবাচ দূতান্ কিময়মাক্রন্দো দারুণঃ ঞ্জতঃ ।
 কিমত্র কারণং তয়ে সৰ্ব্বঃ বকুমিহাহঁথ । ৮
 দূতা উচুঃ ।

জহবন্ত্যক্রমর্থাদাঃ পাপাঃ পুণ্যবিবর্জিতাঃ ।
 নিরয়েষু স্নেহোরেষু তামিশ্রাদিষু পাতিতাঃ । ৯
 কৃতপাত-কনস্তত্র প্রং হ্যাগাদনস্তরম্ ।
 যাম্যং পস্থানমশ্রিত্য দুঃখমশ্রুতি দারুণম্ । ১০
 যমস্ত পুরুষৈর্পারৈঃ কুষ্যমাণা ইতস্ততঃ ।
 অন্ধকারে নিপতিতা ভক্ষ্যন্তে হস্তিদারুণৈঃ ।
 ঞ্জতিঃ শৃগালৈঃ ক্রব্যাদৈঃ কাককঙ্কবকাপিভি ।
 অগ্নিঃ শৈবু কব্যাদৈস্তু জগৈর্গুশ্চিকাদিভিঃ । ১২
 অগ্নিনা দহমানাশ্চ তুদ্যমানাশ্চ কণ্টকৈঃ ।
 ক্রকটৈঃ পাট্যমানাশ্চ পীড়্যমানাশ্চ তুক্ষ্মা । ১৩
 ক্ষুধয়ঃ বাধ্যমানাশ্চ ঘোটৈর্কীর্ণাধিগণৈস্তথা ।

মান রোদ পরায়ণ জীবগণের বিবিধ খেদ-
 সূচক শব্দ শ্রবণ করিলেন। বিপ্র! তিনি
 প্রসীড়িত রোকুদ্যমান পাপিগণের নিদারুণ
 শব্দশ্রবণে অতীব দুঃখিত ও বিস্ময়াবিষ্ট
 হইলেন। অনন্তর তিনি বিস্মদূতগণকে
 কহিলেন,—এ কি দারুণ শব্দ শুনিতেছি?
 ইহার কারণ কি? আমায় এতৎ সমুদয়
 বিষয় বলুন। বিস্মদূতগণ কহিলেন,—
 মর্ধ্যাদাবিহীন পুণ্যবিবর্জিত পাপিষ্ঠ জন্ত
 সকল তামিশ্রাদি ঘোর নরকে পতিত হইয়া
 থাকে। পাপাচারী প্রাণিগণ প্রাণত্যাগানন্তর
 যমমার্গ আশ্রয়পূর্বক দারুণ দুঃখ প্রাপ্ত হয়।
 ১—১০। শৃগাল, কুক্কর, কাক, কঙ্ক, বক,
 অগ্নিমুগ্ধ, বৃক, ব্যাঘ্র, জুজগ, গুশ্চিকাদি এবং
 মাংসানী—রাক্ষসা দমুর্স্তধারী অতিনির্দয়
 ঘোরাকৃতি যমদুঃগণ পাপীড়িগকে ঘোর
 অন্ধকারময় স্থানে নিপাতিত করিয়া ইস্ত-
 স্ততঃ অীকর্ষণ করত ভক্ষণ করিয়া থাকে।
 কোথাও পাপিগণ অগ্নিধারা দহ, কোথাও
 কণ্টকনিচয় দ্বারা বিদ্ধ, কোথাও বরপত্র দ্বারা

পুয়শোণিতগন্ধে মূচ্ছমানাঃ পুনঃপুনঃ । ১৪
 কথ্যন্তে কথিতে তৈলে তাদ্যন্তে মুখলৈঃ কচিৎ
 আয়ুসৌ প্রপচ্যন্তে শিলাসু কচিদেব চ । ১৫
 কচিৎসন্তমথান্নস্ত কচিৎ পুয়মস্বক কচিৎ ।
 কেশশোণি তমাংসাসুগ্-বসাস্থানিকরেষু চ । ১৬
 আশ্চতাঃ কুণপাঃ পশ্চাৎ কীর্ণাসু ভূমিষু কচিৎ
 শাবহুগন্ধনীরজ্জ সজ্জাশ্রিতকোটিষু । ১৭
 করপত্রাশলাপাতপ্তাবিনিষ্ট তলেষু চ ।
 লোহতৈলবসাস্তস্ত-কুটশাখালিসদ্যসু । ১৮
 ক্ষুরকণ্টককৌলোগ্র-জ্বালাক্ষুবিতীতিষু ।
 তপ্তবৈতরগৌপুয়-পুরিতেষু পৃথক্ পৃথক্ । ১৯
 আসপত্রবনোৎকল-নরনারীতনুযু চ ।

ছেদিত, কোথাও ক্ষুধা-তৃণায় পীড়িত,
 কোথাও বিবিধব্যাদিসমূহে ব্যথিত, কোথাও
 পুয়শোণিতগন্ধে পুনঃপুনঃ মূচ্ছিত, কোথাও
 স্ততঃ তৈলে ভক্ষিত, কোথাও ময়লাঘাতে
 তাড়িত ও কোথাও বা লৌহময়ী শিলাভূমিতে
 আক্ষিপ্ত হইতেছে। পাপাচারী ব্যক্তিগণ,
 কোন স্থানে স্বয়ং জুজ্জব্রব্য বমন করিয়া
 স্বয়ংই ভোজন করিতেছে এবং কোথাও পুয়
 ও কোথাও বা শোণিত পান করিতেছে।
 কোথাও কেশ, শোণিত, মাংস, বসা ও
 অধিসমূহে ভূমিতল পরিব্যাপ্ত রহিয়াছে,
 এবং তাদৃশ শোণিতাদিকীর্ণ ভূতলে কোথাও
 বা প্রভূত শব্দেই অবস্থিত রহিয়াছে। কোন
 স্থানে পক্ষতাকার হুগন্ধময় নিবিড় শবরাশি
 দৃষ্ট হইতেছে। তথাকার তলভাগ নিরন্তর
 বরপত্র ও শিলানিচয়পাত-নিবন্ধন অতীব
 অসহনীয় উত্তপ্ত। কোনস্থানে মায়াময়
 শাল্মলী গৃহদকল অবস্থিত রহিয়াছে, ঐ গৃহ-
 সমূহের স্তম্ভসকল, তীক্ষ্ণাগ্রলৌহ, তৈল
 ও বসাদ্বারা পরিব্যাপ্ত এবং তথায় চতু-
 র্দ্ভিক্ ক্ষুর, কণ্টক ও কীলকাদির উগ্র
 প্রভায় হৃদ্বী হওয়ায় সকলেরই ভীতি
 উৎপাদন করিতেছে। পৃথক্ পৃথক্ স্থান
 বৈতরগীন্দীর উত্তপ্ত পুয়সমূহে পরিপূর্ণ।

যোষাঙ্ককারদধন-দারুণেষু মুহূৰ্ভুঃ ॥ ২০
 পচ্যমানা কদম্বশ্চ দারুণং বিবিধৈঃ স্বরৈঃ ।
 কঠেষু বক্রপাশাশ্চ ভূজঙ্গাবেষ্টিতাঃ রুচিং ॥ ২১
 কুটাগারে ভ্রাম্যমাণাঃ শরীরৈর্ধাতনোচিতৈঃ ।
 পীড্যন্তে পাপিনো রাজন্ ক্রন্দন্তোহমী
 বিকর্ষণঃ ॥ ২২
 সহিতং বিষয়াস্বাদৈঃ ক্রন্দনং তৈর্কিষীয়তে ।
 ভূজ্যতে চ কৃতং পূর্বমেতৎসর্বৈশ্চ জন্তভিঃ ॥
 পরস্মীষু কৃতঃ সঙ্গঃ স্ত্রীতয়ে দুঃখদো হি সঃ ।
 মুহূৰ্ত্তবিষয়াস্বাদোহনেককক্সান্ত্রহুঃখদঃ ॥ ২৪
 বপুষন্তব রাজেন্দ্র প্রাতঃনাতস্মা মাধবে ।
 বিধিনা পবনশ্চৈতে প্রাপ্য স্পর্শঞ্চ ভাসনাম্ ॥
 লঙ্কসৌখ্যাঃ ক্ষণং জাতা মহসাপ্যায়িতান্তব ।
 আক্রন্দরহিতা জাতান্তেনৈতে নিরয়ং গতাঃ ॥

মধ্যে মধ্যে অসিপত্রবনে নরনারীগণের
 শরীর ছিন্ন-ভিন্ন হইতেছে। কোথাও ঘোর
 অন্ধকার ও কোথাও বা ভীষণ অগ্নিরাশি
 দেদীপ্যমান হইতেছে। পাপিগণ ঐ সকল
 স্থানে প্রপীড়িত হইয়া বিবিধস্বরে রোদন
 করিতেছে। কোথাও পাপী সকল কঠদেশে
 পাশবদ্ধ ও ভূজঙ্গবেষ্টিত এবং কোথাও বা
 যাতনাভোগোপযোগী শরীরে কুটাগার-
 নিচয়ে ভ্রাম্যমান হইয়া প্রপীড়িত হইতেছে।
 রাজন্! অসংকার্যকারী ঐ পাপাত্মারাই
 ঐরূপ ক্রন্দন করিতেছে। ঐ সকল পাপী
 জন্তগণ পূর্বে যে সকল পাপকার্য্য করিয়াছে,
 তাহারাই এইরূপ ফলভোগ হইতেছে।
 উৎসাহ যে সমস্ত পাপজ বিষয় উপভোগ
 করিয়াছে, তাহারাই উল্লেখের সহিত এইরূপ
 ক্রন্দন করিতেছে। স্ত্রীতির নিমন্ত্রণ লোকে
 যে পরস্মীসঙ্গ করে, তাহা কেবল দুঃখপ্রদ;
 ফলে মুহূৰ্ত্তকাল সুখকর বিষয়াস্বাদে অনেক
 কল্পান্তকাল দুঃখ ভোগ করিতে হয় ১১—২৪
 রাজেন্দ্র! তুমি বৈশাখমাসে যথাবিধি প্রাতঃ
 স্নান করিয়াছিলে বলিয়া পবিত্রতাজনক
 স্বদীয় দেহ-পবনস্পর্শে এই নরকবাসীগণ
 ক্ষণকালের জন্ত সুখী হইয়াছে এবং তোমা-

নামাপি পুণ্যশীলানাং ঋতং সৌখ্যায় কীর্ত্তিতম্
 জায়তে তদ্বপুঃস্পর্শ-বায়ুঃ স্পর্শসুখাবহঃ ॥ ২৬
 যম উবাচ ।
 ইতি দূতবচঃ ঋত্বা স রাজা ককর্ণানিধিঃ ।
 প্রত্যাবাচ হ তান দূতান বিকোরক্তু তকর্ষণঃ ॥ ২৮
 কোমলং হৃদয়ং নুনং সাধুনাং নবনীতবৎ ।
 বহিসস্তাপসস্তপ্তং তদ্যথা দ্রবতি স্কুটম্ ॥ ২৯
 রাজোবাচ ।
 নার্ত্তজন্তুনহং হিন্দ্বা পীড়িতো গন্তুমৎসহে ।
 স পাপিষ্ঠো হি আর্ন্তানাং শোকং নাপহরেৎ
 ক্ষমঃ ॥ ৩০
 মদঙ্গসঙ্গমাৎসৃষ্ট-বায়ুস্পর্শেন তে যদি ।
 জন্তবঃ সুখিনো জাতান্ত্রাস্ত্রাত্র নয়ন্ত মান ॥ ৩১
 পরতাপচ্ছিদো যে তু চন্দনা ইব চন্দনাঃ ।
 পরোপকৃতয়ে যে তু পীড্যন্তে কৃতিনো হি তে

দ্বারা সহসা আপায়িত হইয়াছে বলিয়াই
 অধুনা উগাদিগের ক্রন্দন-ধ্বনি প্রশমিত
 হইতেছে। এই জন্তই পণ্ডিতগণ বলিয়া-
 ছেন,—পুণ্যাগাদিগের নাম শ্রবণেও সুখ
 লাভ হইয়া থাকে; দেখ, স্বদীয় দেহবায়ুস্পর্শে
 নারকাদিগেরও সুখোদয় হইয়াছে। যম
 কহিলেন,—ককর্ণানিধি সেই রাজা, বিষ্ণুদূত-
 গণের এতদ্বাক্য শ্রবণে অদ্ভুতকর্ষা ভগবান
 বিষ্ণু সেই দূতগণকে বক্ষ্যমাণ বাক্য
 বলিয়াছিলেন। সাধুদিগের হৃদয় যখন অস্তের
 সম্ভাপানলে সস্তপ্ত হইলে দ্রবীভূত হয়, তখন
 নিশ্চয়ই উহা নবনীতবৎ কোমল। তজ্জন্তই
 রাজা বলিলেন,—“আমি ক্রেশপীড়িত প্রাণি-
 গণকে পরিভ্যাগ করিয়া দুঃখিত হৃদয়ে
 স্থানান্তরে গমন করিতে ইচ্ছা করি না,” যে
 ব্যক্তি সক্ষম হইয়াও আর্ন্তগণের শোক হরণ
 না করে, সে নিঃসন্দেহ পাপিষ্ঠ। নরকবাসী
 জন্তগণ যদি মদীয় দেহবায়ুস্পর্শে সুখী হইয়া
 থাকে, তবে আমাকে সেই নরকে লইয়া
 চলুন। যাহারা চন্দনবৎ পরসস্তাপহারী,
 তাহারাই প্রাকৃত চন্দনপদবাচ্য এবং যাহারা
 পরোপকরণার্থ ক্রেশ সহ্য করে, তাহারাই

সন্তুষ্ট এব যে লোকে পরদুঃখবিদারণাঃ ।

আর্তিনামাৰ্জিনাশাৰ্থং প্রাণা যেষাং তুণোপমাঃ ।

তৈরিয়ং ধাৰ্য্যতে ভূমিন্‌রৈঃ পরহিতোদ্যতৈঃ ।

মনসো ঘৎ সুখং নিত্যং স স্বর্গো নরকোহপন্নম্ ।

তস্মাৎ পরসুখেনৈব সাধবঃ সুখিনঃ সদা ॥৩৪

বরং নিরয়পাতোহত্র বরং প্রাণবিয়োজনম্ ।

ন পুনঃ কণমার্জিনামাৰ্জিনাশয়তে সুখম্ ॥ ৩৫

দূতা উচুঃ ।

জন্তবো নিরয়ে ঘোরৈ পচ্যন্তে তত্র পাপিনঃ ।

স্বকর্মেবোপভূঞ্জানো মোহস্থানং ন বিদ্যতে ।

যৈন দন্ত্যং ত্তং তীর্থে পুণ্যে স্নানং ন বা

কৃতম্ ।

পুনর্নোপকৃতং নূণং সুকৃতং ন কৃতং পরম্ ।

নেষ্টং ন তপ্তং নো জপ্তং যৈন জষ্টতয়া নূপ ।

পরশ্মিন্নিহ ষোরেষু পচ্যন্তে নিরয়েষু তে ॥ ৩৬

দুঃশীলা যে দুঃপ্রাচারা ব্যবহারেষু নিন্দিতাঃ ।

যথার্থই কৃতী। যাহারা আর্তব্যক্তিগণের আর্তিনিবারণার্থে আত্মপ্রাণকে তুণতুল্য জ্ঞান করে, জগতে সেই সকল পরদুঃখাপহারী মানবই সাধু বলিয়া প্রসিদ্ধ। পরহিতোদ্যত সেই সাধুগণই এই ভূতলকে রক্ষা করিতে-ছেন। যনের যে নিত্য সুখ, তাহাই প্রকৃত স্বর্গ, আর মানসিক ক্লেশই নরক বলিয়া কথিত হয়; তজ্জন্তই সাধু ব্যক্তির সর্বদা পরসুখে সুখী হইয়া থাকেন। এক্ষণে আমার নরকাবস্থান বা প্রাণত্যাগও বরং ভাল; কিন্তু আর্ত ব্যক্তিদ্বিগের আর্তিনাশ ভিন্ন অন্য কিছুতেই আমার কণকালের নিমিত্ত সুখ হইবে না। রাজার দৈদৃশ বাক্য শ্রবণে বিস্মদুতগণ কহিলেন,—পাপিগণ স্ব স্ব কন্দামুসারেই ঘোর নরকে যাতনা ভোগ করিয়া থাকে, ইহাতে তোমার এরূপ মোহ হইবার কোন কারণ নাই। হে নূপ! যাহারা সানন্দচিত্তে দান, হোম, তীর্থস্নান, মানবগণের উপকার, দেবতাপূজন, তপস্চরণ, ইষ্টমন্ত্রপ্রণা বা অন্তপ্রকার স্মৃকৃত না করে; যাহারা দুঃশীল, দুঃপ্রাচারা, ব্যবহার কার্যে

পর্যাপকারিণঃ পাপা-কারিণো দুর্কিবারিণিঃ ॥৩৭

এহি কুপ মহাভাগ গচ্ছামো হরিমন্দিরম্ ।

ন তে পুণ্যবতো যুক্তমিহ স্বাত্মমতঃ পরম্ ॥ ৪০

বিদারিণো হি মর্শ্বোক্ত্যা পাপাঃ পরহৃদাং

হি যে ।

নিরয়েষ্বপি পচ্যন্তে যে পরস্ত্রীবিহারিণঃ ॥ ৪১

রাজোবাচ ।

যদ্যহং স্মকৃতী দূতাঃ কন্দাদশ্মিন মহাভয়ে ।

যাতনামার্গ অনীতঃ কিং ময়া স্মকৃতং ক্ৰ-ম্ ॥

ময়া ন স্মকৃতং তাদৃকৃ কৃতং বৈ কামশালিনা ।

কথং হরিপুরং গস্তা সংশয়ং ছেদুমহঁধ ॥ ৪৩

দূতা উচুঃ ।

স্মকৃতং ন কৃতং সত্যং যদ্য কামবশাশ্বন ।

নেষ্টং যজ্ঞেন বা যজ্ঞাবশিষ্টং ভবতাশিতম্ ॥

কিন্ত মাধবমাসে যদ্বিধিনা বৎসরজয়ম্ ।

প্রাতঃ স্নাতং গুরুবচঃপ্রেরিতেন যদা পুরা ॥

ভক্ত্যা সম্পূজিতো বিশ্ববিবেশো মধুসূদনঃ ।

নিন্দিত, পরাপকারী, দুর্কিবারী ও পাপাচারী তাহারা ই পরলোকে ঘোর নরকযন্ত্রণা ভোগ করিয়া থাকে। হে মহাভাগ কুপ! এস, আমরা এক্ষণে বৈকুণ্ঠে গমন করি; তুমি পুণ্যাত্মা, তোমার আর এখানে থাকা উচিত নহে। যাহারা কটুবাক্যে অপরের মর্শ্ব বিদারণ করে এবং যাহারা পরস্ত্রীতে বিহার করে, তাহাদিগকেও নরকে যন্ত্রণা ভোগ করিতে হয়। ৩২—৪১। তৎশ্রবণে রাজা বলিলেন,— হে বিস্মদুত! আমি যদি পুণ্যাত্মাই হই, তবে কি হেতু আমাকে এই মহাভয়জনক নরকমার্গে আনয়ন করিলেন? আমি কি করিয়াছি? আমি কামপরবশ হইয়া কখন ত স্মকৃত করি নাই, তবে কি প্রকারে বিস্মলোকে গমন করিব। আমার এই সংশয় ছেদন করুন। বিস্মদুতগণ কহিলেন,—তুমি কাম-পরভক্ত হইয়া কোনরূপ স্মকৃত কর নাই সত্য, এবং যজ্ঞভূতান বা যজ্ঞাবশেষ ভোজনও কর নাই যথার্থ, কিন্তু তুমি যে মৃত্যুর পূর্বে গুরুবাক্যানুসারে বৎসরজয় বৈশাখমাসে যথা-

মহাপাপাতিপাপৌষনিহস্তা ভক্তবৎসলঃ ॥৪৬
সর্বেকসারেশ পুনস্তেনৈকেন নরেশ্বর ।
নীয়সে বিষ্ণুভবনং পূজ্যমানো মরুদগণৈঃ ॥৪৭
যথৈব বিষ্ণুলিঙ্গেন জ্ঞাত্যতে তৃণসঞ্চয়ঃ ।
প্রাতঃস্নানেন বৈশাখে তথাষৌষো নরেশ্বর ।
তাবশ্পৃশি পাপানি প্রভবস্তি নরেশ্বর ।
যাবন্ন মাধবে মাসে তীর্থে মজ্জতি চৌষসি ।
বৈশাখে মাসি যো যুক্তো যথোক্তনিয়মৈর্নরঃ ।

ব্রজ্যে ॥৫০

আজন্নতো ন স্কৃতং যবযান্তং পুরা কৃতম্ ।
তেন ত্বং নিরয়স্থানমার্গং নীতো নরেশ্বর ॥৫১
অথ ভূমিপতে তুর্ণমশ্মাভিষ্ণ মরুদগণৈঃ ।
স্বয়মানো বিমানেন গচ্ছ গোবিন্দমন্দিরম্ ॥৫২
যম উবাচ ।

তজ্জ্ঞ ককর্ণবান্ধিস্তেযাং শৌবেন পীড়িতঃ ।

বিধি প্রাতঃস্নান এবং মহাপাতক ও অতি-
পাতকাদি অখিলপাপনিহস্তা ভক্তবৎসল
বিশেষ্বর ভগবান্ মধুসূদনকে ভক্তিসংকরে
পূজা করিয়াছ, হে নরেশ্বর ! অখিল কার্যের
সার একমাত্র সেই কার্য হেতুই দেবগণ-
কর্তৃক পূজ্যমান হইয়া বৈকুণ্ঠধামে নীত হই-
তেছ। নরবর ! স্কুলিঙ্গমাত্র অগ্নিদ্বারাই
যেমন প্রভূত তৃণরাশি তস্মীভূত হয়, এক-
মাত্র বৈশাখমাসে প্রাতঃস্নান দ্বারাও তজ্জপ
নিখিলপাপপুঞ্জ দহ হইয়া যায়। নরেশ্বর !
মানব যাবৎকাল না বৈশাখমাসে উষাকালে
তীর্থেজলে অবগাহন করে, তাবৎকালই
মানবশরীরে বিবিধ পাতক প্রভূত্ব করিয়া
থাকে। যে মানব, বৈশাখমাসে ভগবান্
হরির প্রতি ভক্তিমান হইয়া যথোক্ত নিয়ম-
পরায়ণ হয়, সে রাশি রাশি অতিপাতক হই-
তেও মুক্ত হইয়া বিষ্ণুলোকে গমন কল্পে ।
নরেশ্বর ! তুমি যে জন্মাবধি অস্ত্রপ্রকারে
কোনরূপ স্কৃততাচরণ কর নাই, তজ্জন্মই
নরকমার্গে আনীত হইয়াছ। হে ভূমিপতে !
অন্তঃপর তুমি দেবগণ ও আমাদিগের কর্তৃক
স্বয়মান হইয়া স্বরার বিমানারোহণে বিষ্ণু-

ভূপতিঃ স্ত্রীহরেদুতান বিনয়েনাহ বাভব ॥৫৩
ঐশ্বৰ্য্যস্মাত্তিজাতস্ত গুণানাং স্কৃতস্ত ৫ ।
সন্তঃ ফলং হি মন্তস্তে হার্তানাং পরিরক্ষণম্ ।
যদ্যস্তি স্কৃতং কিঞ্চিদম তেনৈব জন্তবঃ ।
স্বর্গং গচ্ছন্ত মুক্তগাঃ স্থানে চৈযাং বসাম্যহম্
এবং ভূপবচঃ শ্রদ্ধা দূতা বিষ্ণোর্যনোহরাঃ ।
ঔদার্য্যং সন্ত্যমেতস্ত ধ্যায়ন্তো জগত্নূপম্ ॥

দূতা উচুঃ ।

অনেন তব কারুণ্য-ধর্ম্মেণ বচসা নূপ ।
বভূব বুদ্ধির্দীর্ঘস্তু সখিতস্ত বিশেষতঃ ॥৫৭
স্নানং দানং জপো হোমস্তপো দেবর্চনাদিকম্
কৃতং যন্মাধবে মাসি তদনন্তকলং হত্ব ॥৫৮
স্বর্গে যজ্ঞা ৫ দাতা ৫ ক্রৌড়তে ত্রিদেশৈঃ সহ ।
বাপীষু হেমপদ্মাযু কল্পবৃক্ষযুতানু ৫ ।
গীর্য়মানো মুদং যাত্তি সৌধাশ্রমবীগীগণৈঃ ॥ ৫৯

লোকে গমন কর ৥২৫—৫২। যম বলিলেন,—
হে বাভব ! অনন্তর ককর্ণাসাগর ভূপতি
নরকবাসাদিগের হৃৎখে কাতর হইয়া বিষ্ণু-
দূতগণকে সবিদয়ে কহিলেন,—‘আর্জুগণেশ্বর
পরিরক্ষণকেই পণ্ডিতগণ ঐশ্বৰ্য্য, আতিজাত্য,
গুণগ্রাম, ও স্কৃততের ফল মনে করেন ।
অতএব আমার যদি কিঞ্চিৎ স্কৃত থাকে,
তবে সেই পুণ্যে এই নারকী জন্তগণ নিষ্পাপ
হইয়া স্বর্গে গমন করুক, আমি ইহাদিগের
স্থানে বাস করি। বিষ্ণুদূতগণ ভূপালের
এবদ্বিধ মনোহর বাক্য শ্রবণে মনে মনে
তদীয় অকৃত্রিম ঔদার্যের বিষয় চিন্তা করত
নূপতিকে কহিলেন,—হে নূপ ! স্বর্গীয় এতা-
দূশ বাক্যে ও দয়াধর্ম্মে স্বর্গীয় সখিত স্কু-
কৃতের সমধিক বুদ্ধি হইয়াছে। তুমি বৈশাখ-
মাসে স্নান, দান, জপ, হোম, তপশ্চরণ ও
দেবার্চনাদি যাহা কিছু করিয়াছ, তৎসমস্তই
অনন্তফলজনক হইয়াছে। ফলে, যাগ-
কর্তা ৫ দাতা স্বর্গধামে কল্পবৃক্ষবিরাজিত
হেমপদ্ম-সুশোভিত বাপীনিচয়ে ত্রিদেশগণের
সহিত ক্রৌড়া করিয়া থাকে এবং দেবাকনাগণ

জলায়দানতো লোকঃ লভতে বারুণঃ শুভম্
কুলানি হেলয়া সপ্ত সন্তায়তি গোপ্রদঃ ।
হয়ং দত্ত্বা রবেলোকঃ যতি বিদ্যাপ্রদো নয়ঃ
ব্রহ্মলোকঃ তথা হেমদানাদ্যতি সুরালয়ম্ ।
যতি দেহী দয়াক্ষত্ৰা-দানাদৈর্দেবলোকতাম্ ।
মাধবে মাসি যঃ স্নান্না দত্ত্বা সম্পূজ্য মাধবম্ ।
অবাণ্য সকলান কামান প্রয়াতি হরিমন্দিরম্
একতোষপি তপোদান-ক্রতুস্থ ত্যাদিকাঃ ক্রিয়াঃ
একশে বিধিবন্নাসো মাধবশ্চরিতো মহান ॥৬৪
ভস্ম মাধবমাস্ত্য দিনৈকস্ত্যপি ভূপতেঃ ।
ঋতং যৎ সুরুতঃ ভক্তে সর্ষদানাদিকং পরম্
কারুণ্যেন দিনৈকস্ত্য পুণ্যং দেহি ধর্যাপতে ।
নিয়ম্য পচ্যমানেনভ্যো তুঃখিতেনভ্যো দয়ানিধে
ন দয়াসদৃশো ধর্মো ন দয়াসদৃশং তপঃ ।
ন দয়াসদৃশং দানং ন দয়াসদৃশঃ সখা ॥ ৬৭

কর্তৃক স্ক্রয়মান হইয়া পরম আনন্দ উপভোগ
করিতে থাকে। এইরূপ মানব, অন্নজল
দান করিলে সুখময় বারুণলোক প্রাপ্ত হয়।
বে ব্যক্তি গো দান করে, সে অনায়াসে
সপ্তকুল নিস্তার করিয়া থাকে। অশ্ব দান
করিলে সূর্যালোকে ও বিদ্যা দান
করিলে মানব ব্রহ্মলোকে গমন করে
হেমদানে সুরালয় প্রাপ্ত হয়, এবং
দয়, ও কস্ত্রাদানদির ফলে দেবলোক
প্রাপ্ত হয়। মানবগণ মাধবমাসে প্রাতঃ-
স্নান, নারায়ণপূজা ও যথোচিত দান
করিলে সমুদয় অভীষ্ট উপভোগপূর্বক বিষ্ণু-
লোকে গমন করিয়া থাকে। একদিকে
তপোদানযজ্ঞাদি সমুদয় কার্য্য ও একদিকে
বৈশাখমাসে স্নানদানাদি মহৎকার্য্যানুষ্ঠান
জানিবে। ভূপতে! অধিক কি, তুমি বৈশাখ-
মাসের একদিনমাত্রও যে সুরুতাচরণ করি-
য়াছ, তাহা তোমার সর্ষবিধ দানাদি হইতেও
সমধিক কলপ্রদ হইয়াছে। অতএব হে
দয়ানিধে ধর্যাপতে! তুমি কারুণ্যবশতঃ
নরকপীড়িত তুঃখার্ভ এই ব্যক্তিগণকে
বৈশাখমাসী একদিনমাত্রের পুণ্য দান কর।

পুণ্যদঃ পুণ্যমাপ্নোতি নরো লক্ষগুণং সদা ।
কারুণ্যেন বিশেষযুক্তে ধর্ম্মবুদ্ধিস্ততোহভবৎ ॥
তুঃখিতানাং হি ভূতানাং তুঃখোক্তস্তা হি যো নয়
স এব সুরুতী লোকে জ্ঞেয়ো নারায়ণঃশজঃ
মাধবে মাসি পূর্ণায়ঃ স্নানদানাদিকং স্ময়া ।
যতীথে বিহিতং বীর সর্ষাঘবিনিম্নদনম্ ॥ ৭০
তদেভ্যো দেহি বিধিবৎ কৃত্বা সাক্ষ্যে হর্যং
প্রভূম্ ।
ত্রিবাচিকঞ্চ নিয়মাদ্যেনামৌ স্বর্গমাপ্নুয়ুঃ ॥ ৭১
কপোতার্থং স্ময়াংসানি কারুণ্যেন পুরা শিবিঃ
দত্ত্বা দয়ানিধিঃ স্বর্গে স জাতঃ কৌর্্ত্ত্বাবিরিধিঃ ॥
দধীচিরপি রাজর্ষির্দ্বিত্বাস্ত্রিচয়মান্বনঃ ।
ত্রৈলোক্যাকৌমুদীং কৌর্্ত্ত্বং লক্ষবান্ স্বর্গমক্ষয়ম্
সহস্রজ্জিচ্চ রাজর্ষিঃ প্রাগানিষ্টায়মহাযশাঃ ।
ব্রাহ্মণার্থে পরিত্যজ্য গতো লোকান মুক্তমান্

দয়াদৃশ ধর্ম্ম, দয়াসদৃশ তপস্তা, দয়াসদৃশ দান
বা দয়াসদৃশ সখা আর নাই। সর্বসময়েই
পুণ্যপ্রদ মানব লক্ষগুণ অধিক পুণ্য প্রাপ্ত
হয়, বিশেষতঃ তুমি যখন কারুণ্যবশে দান
করিতেছ, তখন তুমি তোমার তাহাপেক্ষাও সম-
ধিক ধর্ম্মবুদ্ধি হইবে। যে মানব, তুঃখিত
ব্যক্তিগণের তুঃখ হরণ করিতে পারে,
সে-ই পরমসুরুতিশালী এবং নারায়ণের
অংশজাত জানিবে; হে বীর! তুমি
বৈশাখ মাসের পূর্ণিমাত্রে তুমি হানে
সর্ষপাপবিনাশন যে স্নান-দানাদি করিয়াছ,
ভগবান্ হরিকে যথাবিধি বারুণ্য সাক্ষ্য
করিয়া ইহাদিগকে দান কর, তাহাতেই
ইহরা নরক হইতে স্বর্গ প্রাপ্ত হইবে।
পূর্বে দয়ানিধি শিবিরাজ দয়াপরবশ হইয়া
কপোতের প্রাণরক্ষার্থ স্ময়াংস দান করিয়া
স্বর্গধামে কৌর্্ত্ত্বাসাগর বলিয়া বিখ্যাত হইয়া-
ছেন। রাজর্ষি দধীচিও নিজ অস্থিচয়
দান করিয়া ত্রৈলোক্যোক্তাসিনী কৌর্্ত্ত্বি ও
অক্ষয় স্বর্গ লাভ করিয়াছেন। মহাযশাঃ
রাজর্ষি সহস্রজিৎও ব্রাহ্মণার্থে স্বীয় প্রিয়প্রাণ
পরিত্যাগ করিয়া সর্ষোক্তম লোকনিচয় প্রাপ্ত

না স্বর্গে নাপবর্গেহপি তৎসুখং লভতে নরঃ ।
 যদার্তজন্তুনির্কীর্ণ-দানোখামিতি নো মতিঃ ৭ ।
 সর্ষেয়ু দানজাহেয়ু পুরাজাতেয়ু ভূপতে ।
 কর্ণগ্য তেন সম্ব্যাতুঃ ধুরি ধৈর্য্যঃ নিয়োজ্য চ
 দৃষ্ট্বা ত্বং ধিয়ং সৌম্য দদ্যাদানসুনিচ্চলাম্ ।
 অস্মাভিরপি তুৎসাহঃ ক্রিয়তে বেদবাদিভিঃ
 যদি তে য়োচেতে রাজরবিলম্বতয়া ততঃ ।
 তদেভ্যো দেহি তৎপুণ্যং যাতনাত্তুঃখদাহকম্
 ইভ্যুক্তঃ স তদা দেবঃ কুত্বা সাক্ষ্যে গদাধরম্
 তেভ্যাপ্রিযাচিকং পুণ্যং দদ্যাবান্বিধিনা দদৌ ৮ ।
 দন্তে মাধমাসস্ত তস্মিন্নেকদিনোদ্ভবে ।
 সুরভে জন্তুবো যাম্যযাতনাত্তুঃখার্জিতাঃ ১৮-
 বিমানবরমারুচান্তে সর্ষেই ত্রিদিবঃ যযুঃ ।

হইয়াছেন। আমরাদিগের বিবেচনায় মানব,
 দুঃখার্হ জীবগণকে শান্তিদান করিয়া যাদৃশ
 সুখলাভ করিতে পারে, স্বর্গ বা মোক্ষ-
 লাভেও তাদৃশ সুখলাভ হয় না। হে
 ভূপতে! পূর্বে মানবগণ বর্জক যত-
 প্রাকার দানক্রিয়া হইয়াছে, তোমার
 এই কার্য দর্শনে আমরা ধীরতা অব-
 লম্বন করিয়াও ইহা যে তৎসমুদয়ের
 মধ্যে কোন প্রকার, তাহা গণনা করিতে
 পারিতেছি না। হে সৌম্য! ত্বদীয়
 দদ্যাদান বিষয়ে সুনিচ্চলা মতি দর্শনে
 বেদবাদী আমরাও ইহাতে উৎসাহ প্রদান
 করিতেছি। রাজন! যদি তোমার একান্ত
 অভিপ্রের্ত হয়, তবে অবিলম্বে ইহাদিগকে
 যাতনাত্তুঃখনাশক স্বীয় তৎপুণ্যফল প্রদান
 কর। তৎকালে সেই দদ্যাবান ভূপতি
 বিষ্ণুদূতগণ কর্তৃক এইরূপ কথিত হইয়া
 দেব গদাধরকে বারত্ময় তৎকার্যের সাক্ষী
 করিয়া সেই নরকবাসীদিগকে যথাবিধি
 পুণ্য দান করিলেন। ভূপতি এইরূপে
 বৈশাখমাসীয় একদিনের মাত্র পুণ্য দান
 করিলেই সেই নরকবাসী জন্তুসবল যম-
 যাতনাত্তুঃখ পরিত্যক্তপূর্বক দিব্যবিমানারো-
 হণে নৃপতিকে সানন্দচিত্তে নিরীক্ষণ, প্রণাম

প্রণমন্তস্তবস্তস্তং পশ্চাত্ত্বঃ সম্প্রহর্ষিতাঃ ৮১

নৃপেণ দত্তং তদবাপ্য পুণ্যং
 বৈশাখমাসস্ত দিনাভিজাতম্ ।
 সর্ষেই যযুস্তে নরকাধিমুক্তা
 দিবং বিমানাধিগতা বিচক্রম ॥ ৮২
 সংস্কৃতমানে মুনিদেবসংজ্ঞে-
 র্ঘন্ত্বিশেষেণ চ লক্ষপুণ্যঃ ।
 পরম পদং যোগিবরৈরলভ্যং
 যযৌ জগন্নাথগণাভবন্দ্যঃ ॥ ৮৩

ইতি শ্রীপদ্মে পাतालখণ্ডে বৈশাখমাহার্যে
 একষষ্টিতমোহধ্যায়ঃ ॥ ৬১ ॥

দ্বিষষ্টিতমোহধ্যায়ঃ ।

যম উবাচ ।

এতন্মাধবমাসস্য সমাসাৎ কিঞ্চিদৌরিতম্ ।
 মাহাত্ম্যং পূর্ণিমায়াশ্চ বিশেষাদ্বিজ্ঞসস্তম ১
 বৈশাখমাসে মধুসূদনস্ত
 প্রিয়ং য এতৎপঠতীতিহাসম্ ।

ও স্মৃতিবাদ করিতে করিতে সুরপুরে গমন
 করিতে থাকিল। বাড়ব! নৃপতি মহৌরথ-
 প্রদত্ত বৈশাখমাসীয় একদিনজাত পুণ্যমাত্র
 প্রাপ্ত হইয়াই সমুদয় নরকবাসিগণ নরক
 হইতে বিমুক্ত হইয়া বিমানে আরোহণ-
 পূর্বক বিচিত্র স্বর্গধামে গমন করিয়াছিল!
 ভূপবর মহৌরথও সমাধিক পুণ্য লাভ
 করিয়া মুনিগণ ও দেবগণ কর্তৃক স্তুত এবং
 বিষ্ণুদূতগণ কর্তৃক অতিবন্দিত হইয়া
 যোগিবরগণজ্ঞাপ্য পরম পদ প্রাপ্ত
 হইলেন। ৬৮-৮৩।

একষষ্টিতম অধ্যায় সমাপ্ত ॥ ৬১ ॥

দ্বিষষ্টিতম অধ্যায় ।

যম বলিলেন,—হে বিজ্ঞসস্তম! আমি
 সংক্ষেপে বৈশাখমাসের বিশেষত্বঃ বৈশাখী
 পূর্ণিমার এই যৎকিঞ্চৎ মাহাত্ম্য তোমায়

স যাতি কৃষ্ণালয়মাত্ত পুতঃ
কল্পনিনেকানিহ মোদতে চ । ২
ধন্তঃ যশস্তমাবুধ্যমিদং স্বস্ত্যয়নঃ মহৎ ।
স্বর্গ্যং শ্রীদং সৌমনস্তং প্রশস্তমথমর্ষণম্ । ৩
ইদং মাধবমাসস্ত মাহাশ্ব্যং মাধবপ্রিয়ম্ ।
চরিত্তং ভূপতেস্তস্ত সংবাদং চাবয়োর্নরঃ । ৪
ঋত্বা পঠিত্বা বিধিবদমুমোদ্য মনঃপ্রিয়ম্ ।
লভেত্ত্বজিত্তং ভগবতি যদা স্ত্যং ক্লেশসঙ্কয়ঃ ।
অথ গচ্ছ মহাভাগ দেবলোকাদিত্যে ভবান ।
নিশাত্য ভূবি তে দেহং রুদন্ত্যাদ্যপি বান্ধবঃ
বিলপ্যামানৈরপি বন্ধুভিস্তে
ন যাবদমৌ তব যচ্ছরীরম্ ।
প্রক্ষিপ্যাতে হস্ত জবেন তাবদ্-
যাতি স্বয়ং সুপ্ত ইব প্রবুদ্ধঃ । ৭
মম প্রসাদাদিহ পুণ্যযোগঃ
ঋতো যথাবস্তমিমং বিধেহি ।

বিধানতো বৈ সময়ে সমং তে
সযাগমোহস্তে ভবিতা সুরৈশ্চ । ৮
স্বত উবাচ ।
ইতি দেববচঃ ঋত্বা নস্তা ধর্ম্মাধিপং ততঃ ।
পুনঃ পপাত স ইহ পরিভূষ্টমনা দ্বিজঃ । ৯
ধর্ম্মরাজপ্রসাদেন তত্তন্ত্রে মহীতলে ।
সংস্রপ্ত ইব চোক্তস্বৌ বন্ধুবর্গসমবিতঃ । ১০
বিধিয়েনং দ্বিজো ভূমৌ বর্ষে বর্ষে চ স স্বয়ম্
চকার কারয়ামাস মাধবভ্রপনং পরম্ । ১১
যমত্রাঙ্কপংবাদো মমায়ং বোধিতো হি বঃ ।
তস্ত মাধবমাসস্ত পুণ্যস্নানপ্রসঙ্গতঃ । ১২
বৈশাখমাসে স তত্তং হরিপ্রিয়ে
স্নানং বিদধ্যাক্ষ দদাদতি ভক্ত্যা ।
দানঞ্চ ধোমঃ সূকৃতং তথা বৃধো
হরেঃ পদং তস্ত ন তুর্লভং কণা । ১৩
যঃ শৃণোত্যেকাচিত্তেন মাহাশ্ব্যং মেঘস্বর্ধ্যজম্

বলিভায় । যে ব্যক্তি বৈশাখ মাসে মধু-
সূদনের এই প্রিয় ইতিহাস পাঠ করে,
সে পবিত্র হইয়া ত্রয়ার বিফুলোকে গমন
কবে এবং তথায় বহুকল্প আনন্দ উপ-
ভোগ করিয়া থাকে । এই ইতিবৃত্ত সর্ব
প্রশংসনীয়, যশস্কর, আশ্বর্ষ্যদিকর, স্বর্গপ্রদ,
ঐর্ষ্যাজনক, চিত্তপ্রসাদকর, পাপনাশন ও
মহৎ স্বস্ত্যয়নস্বরূপ । যে মানব, এই মাধব-
প্রিয় মাধব-মাসমাহাশ্ব্য, ভূপতি মহীরথের
চরিত্র এবং মনঃশ্রীতিকর আমাদিগের এই
সংবাদ যথাবিধি শ্রবণ, পাঠ বা পাঠ্যাদিতে
অমুমোদন করে, সে যদ্বারা সংসারক্লেশ
বিদূরিত হয়, তাদৃশ ভগবদ্ভক্তি লাভ
করিয়া থাকে । হে মহাভাগ ! এক্ষণে তুমি
এই দেবলোক হইতে মনুষ্যালোকে গমন
কর । ত্বদীয় বান্ধবগণ এখনও তোমার
দেহ ভূতলে রাখিয়া রোদন করিতেছে ।
বিলাপপরায়ণ সেই বান্ধবগণ, যাবৎ না
তোমার শরীর অগ্নিতে প্রক্ষেপ করিতেছে,
তুমি তন্নধ্যে ত্রয়য় যাও এবং স্বয়ং নিস্ত্রিত
ব্যক্তির স্থায় প্রবুদ্ধ হও । তুমি মহীয় প্রসাদে

যে পুণ্য-ষোগের বিষয় শ্রবণ করিলে, অতঃ-
পর যথাবিধি তদ্বিষয় আচরণ কর, উল্লি-
খিত পুণ্যাচরণ জন্ত পরিণামে যথাসময়ে
সুরগণের সহিত তোমার সমাগম হইবে ।
১-৮। স্বত বলিলেন,—সেই দ্বিজবর, এইরূপ
দেববাক্য শ্রবণে পরিভূষ্টচিত্ত হইয়া ধর্ম্ম-
রাজকে প্রণামপূর্বক পুনরায় মর্ত্যালোকে
পতিত হইলেন । অনন্তর সেই ব্রাহ্মণ
ধর্ম্মরাজপ্রসাদে মহীতলে আসিয়া প্রস্রপ্ত
ব্যক্তির স্থায় উখিত ও বন্ধুবর্গের সহিত
মিলিত হইলেন এবং ভূতলে প্রতীবর্ষে বন্ধু
বান্ধবদিগকে যথাবিধি বৈশাখস্নানাদি করা-
ইতে লাগিলেন, স্বয়ংও করিতে লাগিলেন ।
মুনিগণ ! বৈশাখমাসীয় পুণ্যজনক প্রাতঃ-
স্নানপ্রসঙ্গে আমি আপনাদিগকে এই যম-
ত্রাঙ্কপংবাদ পরিজ্ঞাত করাইলাম । যে
জানবান ব্যক্তি ভগবান হরির প্রিয় প্রতি-
বৈশাখমাসে ভক্তিসহকারে স্নান দান ও
ধোমাদি সূকৃত আচরণ করে, কদাপি তাহার
হরিপদ তুর্লভ হয় না । যে মানব, একাগ্র
চিত্তে বৈশাখমাসীয় এই মাহাশ্ব্য-কথা

সর্বপাপবিনির্মুক্তো যাতি বিকোঃ পরং পদম্ ।
ঋষয় উচুঃ ।

সূত সূত মহাপ্রাজ্ঞ ঋষ্যতিকরণাস্তনা ।
বৈশাখমাসমাহাষ্ম্য কীর্তিতং পাপনাশনম্ ॥১৫
নিয়মা মধুহৃদ্বর্ষে মাধবে কথিতাস্থয়া ।
পূজনং স্নানদানাদ্যং শ্রোতস্মার্ত্তবিধানতঃ ॥ ১৬
যথা চ মাধবো দেবঃ ক্রীয়তে পাপনাশনঃ ।
অধুনা শ্রোতুমিচ্ছামো ধ্যানং তন্ত মহাস্বনঃ ।
কৃষ্ণস্ত ভক্তবৃন্দানাং প্রিয়স্ত ভবতারণম্ ॥ ১৭
সূত উবাচ ।
শৃণুধ্বং মুনয়ঃ সর্বকৃষ্ণ জগদাত্মনঃ ।
গোণেপগোপী প্রাণস্ত বৃন্দাবনচরস্ত চ ॥ ১৮
একদা নারদঃ পৃষ্টো গোতেমেম দ্বিজোক্তমাঃ
স তস্মৈ প্রাহ যদ্ব্যানং তদ্বক্ষ্যে পাপনাশনম্
নারদ উবাচ ।

সুমপ্রকরসৌরভোদালিতমধিবক'দ্ব্যল্লসৎ-

শ্রবণ করে, সে, সমুদয় পাপ হইতে
বিমুক্ত হইয়া বিশ্বর পরমপদ প্রাপ্ত হইয়া
ধাত। এতৎশ্রবণে ঋষিগণ কহিলেন,—
হে সূত! হে মহাপ্রাজ্ঞ! তুমি কাকণ্য
প্রকাশ করিয়াই আমাদিগের নিকট পাপ-
নাশন বৈশাখমাসমাহাষ্ম্য কীর্তন করিলে।
কিন্তু তুমি যে, বৈশাখমাসে মধুহৃদনের
ঐতিকর বর্ষব্য নিয়ম এবং পূজন ও স্নান-
দির বিষয় উল্লেখ করিয়াছ তৎসমুদয়, যেরূপ
শ্রোতস্মার্ত্তবিধানানুসারে আচরিত হইলে
ভগবান মাধব প্রীত হন তদ্বষর, ও ভক্ত-
প্রিয় মহাত্মা শ্রীকৃষ্ণের পাপবিনাশন ভব-
তারণ ধ্যানের বিষয় এক্ষণে আমরা শুনিতে
ইচ্ছা করি। সূত কহিলেন,—হে মুনিগণ!
শুমন ভবে—গো, গোপ ও গোপীগণের
জীবনস্বরূপ বৃন্দাবন-বিহারী জগন্ময় শ্রীকৃ-
ষ্ণের ধ্যানাদির বিষয় বলিতেছি। হে
দ্বিজোক্তমগণ! একদা গোতম নারদকে
এই বিষয়ে জিজ্ঞাসা করায় তিনি তাঁহাকে
যে ধ্যান বলিয়াছিলেন, আমি সেই সর্বপাপ-
প্রণাশন ধ্যানের বিষয় কহিতেছি। ৯—১১।

সুশাখিনপল্লবপ্রকরনশোভায়ুতম্ ।
প্রফুল্লনবমঞ্জরীললিতবল্লরী-বেষ্টিতঃ
স্মরিত সততঃ শিবং শিতমতিঃ সুবৃন্দাবনম্ ॥
বিকাশিসুমনোরসাস্বদনমঞ্জুলৈঃ সঞ্চয়-
চ্ছিলীমুখমুখোদগৈতুর্ধ্বখরিতাস্তরং কঙ্কঠৈঃ ।
কপোতশুকসারিকা পরকৃতাদিভিঃ পত্রিভি-
রিরীগণমিতস্ততো ভুজগশঙ্কনৃত্যাকুলম্ ॥২১
কলিকদম্বিতুশ্চল্লহর-বিপ্রযাং বারিভি-
কিন্দ্রসরসীকুহোদয়-রজশ্চম্বোদুসটৈঃ ।
প্রদীপতমনোভবব্রজবিলাসিনীবাসসাং
বিলোলনপটৈর্নিষেবিতমনারতং মাক্ণ্ডৈঃ ॥ ২২
প্রবালনবপল্লবং মরকতচ্ছদং মৌক্তিক-
প্রভাপ্রকরকোরকং কমলরাগনানাকলম্ ।
স্ববিষ্টমখিলকুঁভিঃ সন্তহসেবিতং কামদং
তদন্তরপি বল্লকাজ্জিমুদক্ষিতং চিস্তয়েৎ ॥

নারদ বলিয়াছিলেন,—গোতম! পবিত্রাত্মা
মানব, যাহাতে তরুস্বাজিসকল কুসুমনিচয়
সৌরভ ও গলিত মাধ্বীকাদি দ্বারা সমুজ্জিসিত
ও বিনম্রভাবে শোভমান হইতেছে, প্রফুল্ল
নবমঞ্জরী-শোভিত মনোহর লতাজালে
তরুসকল বেষ্টিত আছে। মধুকরণ প্রফুল-
টিত কুসুমসমূহের রসাস্বাদনে লোলুপ হইয়া
ইতস্ততঃ সঞ্চরণ করত গুণগুণ ধ্বনিত
যাহার অভ্যন্তর নিরন্তর নিনাদিত করি-
তেছে। চতুর্দিকে কপোত, শুক, সারিকা
ও কোকিলাদি বিহঙ্গম সকল সুমধুর রব
এবং ময়ূরগণ নৃত্য করিতেছে। মন্দ মন্দ
সমীরণ, বিকচিত কমলনিচয়ের অভ্যন্তরস্থ
পরাগ-সংস্পর্শে ধূসরিত হইয়া যমুনার চঞ্চল
তরঙ্গাবলীর জলকণাসকল বহন করত
মদনোন্মত্ত ব্রজবিলাসিনীদিগের পরিধেয়
বসননিচয় সঞ্চালিত করিতে করিতে নিরন্তর
যাহার সেবা করিতেছে, তাদৃশ কলাগকর
বৃন্দাবনকে অগ্রে চিন্তা করিবে। পরে সেই
বৃন্দাবন মধ্যে যাহার নব পল্লব সকল বিক্রম-
বৎ, কোরকসকল সমুজ্জল মুক্তাবলীবৎ এবং
নানাবিধ ফল সকল স্বর্ণকমলবৎ, সুশোভিত

সুহেমশিখরাচলে উদিতভানুবস্তাসুরা-
 মধোহস্ত কনস্থলৌমমৃতসীকরাসারিণঃ ।
 প্রদীপ্তমণিকুটিমাং কুসুমরেণুপুঞ্জোজ্জ্বালাং
 স্মরয়েৎপুনরতস্ত্রিতে বিগতষট্‌তিরঙ্গাং বৃধঃ ।
 তদভ্রকুটিমনিবিষ্টমহিষ্ঠীযোগ-
 পীঠেহষ্টপত্রমরণং কমলং বিচিস্ত্য ।
 উদ্যদ্বিরোচনসরোচিরমুখ্য মধ্যে
 সর্কস্তুয়েৎ সুখনিবিষ্টমখো মুকুন্দম্ ॥ ২৫
 সুক্রামহেতিদলিতাজ্ঞনমেঘপুঞ্জ-
 প্রত্যঙ্গনৌলজলজন্মসমানভাসম্
 সুনিগ্ননৌলধনকুঞ্চিতকেশজালঃ
 রাজ্ঞন্ননোজ্ঞাশিতকণ্ঠশিখণ্ডচূড়ম্ ॥ ২৬
 রোলদ্বলানিতসুয়জ্ঞমসুসুস্পাদ-
 যুক্তং সযুৎকচনবোৎপলকর্ণপুরম্ ।
 লোলালিভিঃ সুরভতালতলপ্রদীপ্ত-
 গোরোচনোত্তিলকমুঞ্জলচিহ্নিচাপম্ ॥ ২৭

হইতেছে, যত্নতু সতত যাহাতে বিরাজমান,
 য'হা সর্কদা স্থিরভাবে অবস্থিত ও সর্ককাম-
 প্রদ, যাহার পত্রসকল মরকতমণির স্তায়
 সুদৃশ্য, তাদৃশ সুরভত কল্পপাদপকে চিত্ত
 করিবে। অনন্তর জ্ঞানবান ব্যক্তি একাগ্র-
 হৃদয়ে অমৃতসীকরবয়ী সেই কল্পপাদপের
 অধোদেশে স্মমেকশিখরোদিত দিবাকরের
 স্তায় সমুজ্জ্বল, প্রদীপ্ত মণিময় কুটিমশোভিত
 এবং কুসুম-রেণুপুঞ্জ শিঞ্জরিত,ষট্‌বিধবিকার-
 বিহীন স্বর্ণবেদিকা চিন্তা করিবে। তৎপরে
 উল্লিখিত মণিময় কুটিমস্থিত যোগপীঠমধ্যে
 সমুদিত সূর্য্যাসম সমুজ্জ্বল অষ্টদল কমলের
 চিন্তা করিয়া তত্‌পরি সুখাসীন ভগবান্
 শ্রীকৃষ্ণকে ধ্যান করিবে। তাঁহার শরীর-
 কান্তি, অশনিবিদলিত সুনৌল মেঘমালা ও
 অচিরোদগত নীলকমলবৎ কমনীয় ; কেশ-
 কলাপ সুনিগ্ন নৌলবর্ণ কুঞ্চিত ও ঘন
 এবং মস্তকে ময়ূরপুচ্ছের চূড়া বিরাজ-
 মান। তদীয় বর্ণধুগলে প্রস্তুত নবোৎ-
 পল ভ্রমরাবলীবিরাজিত মন্দর পুষ্পবৎ
 শোভা পাইতেছে, ললাটকলকে গোরো-

আপূর্ণশারদগতাঙ্কশশাঙ্কবিষ-
 কাস্তাননং কমলপত্রবিশালনেত্রম্ ॥
 রত্নসুরমকরকুণ্ডলরশ্মিদীপ্ত-
 গণ্ডস্থলীমুকুরমুন্নতচক্রনাসম্ ॥ ২৮
 সিন্দূরসুন্দরভরাধরমিন্দুকুন্দ-
 মন্দারমন্দহসিতদ্যুতিদীপিতাশম্ ।
 বস্ত্রপ্রবালকুসুমপ্রচয়াবক্লিষ্ট-
 ঠৈবেয়কোজ্জ্বলমনোহরকম্বুকণ্ঠম্ ॥ ২৯
 মস্তভ্রমদ্ভ্রমরবৃষ্টাবলদমানং
 সস্তানকপ্রসরদামপরিষ্কৃতাংসম্ ।
 হস্তাবলীভগণরাজিতপীবরোরো-
 ব্যোমস্থলীলসিতকৌশভভানুমন্তম্ ॥ ৩০
 শ্রীবৎসলক্ষণসুলাক্ষিতমুন্নতাংস-
 মাজাহ্নপীনপারিবৃত্তসুজ্জ্বাঃ বাহম্ ॥

চনাবির্নির্মিত সমুজ্জ্বল তিলবাবলীর চতু-
 দিকে আলকুল সঞ্চরণ করায় উহার অপূর্ণ-
 মাধুরী প্রকাশ পাইতেছে এবং সমুজ্জ্বল
 ক্রগুগল যেন শরাসনের স্তায় সৌন্দর্য্য-
 বিস্তার করিতেছে। তাঁহার মুখমণ্ডল,
 নিম্নলক্ষ পূর্ণচন্দের স্তায় মনোহর, লোচন-
 বৃগল কমলপত্রবৎ বিশাল, মুকুরোপম বিমল
 গণ্ডস্থল রত্নরাজি-বিরাজিত মকরাকৃতি
 কুণ্ডল-প্রভায় দেদীপ্যমান, নাসিকা অতি
 সুদৃশ্য ও সমুন্নত। তদীয় অধর, সিন্দূর
 অপেক্ষা সমধিক সুন্দরতর এবং ইন্দু, কুন্দ,
 ও মন্দার পুষ্পোপম মন্দ মন্দ হাস্যদ্যুতিতে
 দিভুমণ্ডল উজ্জ্বলিত হইতেছে। তাঁহার
 কণ্ঠবৎ মনোহর কণ্ঠদেশে বস্ত্র প্রবাল ও
 কুসুমনিচয়ে বিরচিত গ্রীবাভূষণ বিদ্যমান
 থাকায়,উহা অতি সমুজ্জ্বল হইয়াছে। ২০- ২৯
 তাঁহার স্বক্ষদেশে বস্ত্রতরুসুসুমিষ্টিত
 মালাদাম দোহুল্যমান হওয়ায় উহার
 অপূর্ণ শোভা হইয়াছে এবং মধু-
 পানোন্নত ভ্রমরনিকর তত্‌পরি গুনগুনধ্বনি
 করত বিচরণ করিতেছে। তদীয় সুবিহৃত
 উরঃস্থলরূপ ব্যোমালনে রত্নহারাবলী ভারকা-
 রাজির স্তায় এবং কৌশল্যমণি দিবাকরের

আবকুরোদয়মুদারগভৌরনাভিঃ
 ভৃঙ্গাঙ্গনানিকরমঞ্জুলৈরোমরাজিম্ ॥ ৩১
 নানামগিপ্রঘটিতান্ধদকঙ্কগোর্মি-
 গ্ৰৈবেহসারসননুপুয়ত্বদ্বন্ধম্ ।
 দিব্যাক্ষরাগপরিপিক্শিতাক্ষযষ্টি-
 মাপীতবস্ত্রশরিবৌতিনিত্তদ্বিধম্ ॥ ৩২
 চারুক্রজামুহুভূতমনোজ্জঙ্ঘমঃ
 কাহোরিতপ্রপদনিন্দিতকুর্শ্বকাস্তিম্ ।
 মণিক্যাদর্পণসরথরাজরাজদ্-
 রক্তাঙ্গুলিচ্ছদনমুন্দরপাদপদম্ ॥ ৩৩
 মৎশ্চাক্ষুশ্যাদিরদরকৈতুযবাজবৈজ্জঃ
 সংলক্ষিতাকর্ণকরাস্তিম্ ॥ ৩৪
 লাবণ্যদারসমুদায়বিনির্মিত্তাঙ্গঃ
 সৌন্দর্যানিন্দিতমনোভবদেহকাস্তিম্ ॥ ৩৪

স্তায় বিরাজমান হইতেছে । তদীয় বক্ষঃস্থল
 শ্রীবৎসচিহ্নে সুশোভিত, অংসদয় সমুন্নত,
 বাহুযুগল সুগোল, সূঠাম ও আজারুলাদিত,
 উদরদেশে ত্রিবালিধারা বন্ধুর, নাভি গভৌর,
 এবং নাভির উর্দ্ধভাগে যে স্নোমাবলী তাহা
 শ্রেণীবদ্ধ ভৃঙ্গাঙ্গনানিকরের স্তায় মনোহর ।
 তদীয় কলেবর দিব্য অঙ্গরাগে পিক্শিত
 এবং ভূজ্জঘয়ে বিবিধ মণিময় অঙ্গদ ও কঙ্কণ,
 অঙ্গুলীনিচয়ে অঙ্গুরীয়, গ্রীবাদেশে গ্ৰৈবেয়,
 কটিতটে চন্দ্রহার, চরণযুগলে নুপুর, উদর-
 দেশে উদরবন্ধ ও নিভ্রমণ্ডলে পীতবসন
 শোভমান হইতেছে । ঠাঁহার উরু ও জাহ্ন-
 ধর অতি মনোহর, জঙ্ঘাধর বর্জুল ও
 মনোজ্জ, কমণীয় অখট উন্নত । পাদাগ্রভাগ
 দ্বারা কুর্শ্বপৃষ্ঠের সৌন্দর্য্যও নিন্দিত হই-
 তেছে এবং মণিক্য-দর্পণবৎ শোভমান
 নখরাজিধারা বিরাজিত রক্তাঙ্গুলিনিচয়ে
 পাদপদ্যের অসীম সৌন্দর্য্য প্রকাশ পাই-
 তেছে । তদীয় করচরণতলে ধ্বজ, বজ্র,
 অক্ষুশ, মৎস্য, যব, পদ্ম ও বজ্র চিহ্ন শোভ-
 মান হইতেছে । ঠাঁহার সমুদয় অঙ্গ যেন
 অখিল সৌন্দর্য্যের সারভাগ লইয়াই গঠিত
 হইয়াছে । কলে তদীয় শরীরসৌন্দর্য্যে

আস্তারবিল্পপরিপূরিতবেগুরজ-
 লোলৎকরাঙ্গুলিসমীরিতদিব্যরাগৈঃ ।
 শখন্তবৈঃ কৃতনিবিশ্লেসমজ্জঙ্ঘ-
 সন্তানসন্নতমনস্তুমুখাধুয়াশিম্ ॥ ৩৫
 গোতিপুঁধাবুজ্জবিলীনাবলোচনাভি-
 রুধোভরশ্মলিতমহুরমন্দগাভিঃ ।
 দস্তাগ্রদষ্টপরিশিষ্টতুগাঙ্গুরাভি-
 রালম্বিবালখিলতাভিরথাভিবীতম্ ॥ ৩৬
 সস্ত্রমুতস্তনবিভূষণপূর্ণনিশ্চ-
 লাস্ত্রদৃঢ়কারিতকেনিলদ্রুমদৈঃ ।
 বেগুপ্রবর্তিতমনোহরমন্দগীত-
 দস্তোচ্চকর্ণযুগলৈরপি তর্পকৈশ্চ ॥ ৩৭
 প্রত্যগ্রশৃঙ্গমুহুমস্তকসস্ত্রহার-
 সংরস্তভাবনবিলোলমুখরাগ্রপাতেঃ ।
 আমেহুটেরকঁহলসানাগলৈকদগ্র-
 পুটৈশ্চ বৎসতরবৎসতরানিকায়ৈঃ ॥ ৩৮

কন্দর্পের দেহকাস্তিও বিনিন্দিত হইয়া থাকে ।
 অনন্তসুখের সাগরস্বরূপ সেই শ্রীকৃষ্ণ মুখার-
 বিন্দ্যের ফুৎকারে বেগুদর পূর্ণ করিয়া তদু-
 পরি অঙ্গুলিনিচয় সকালন করত দিব্য রাগ-
 রাগীগীদ্বারা অখিল প্রাণিগণকেই তন্নয়
 করিয়া রাখিয়াছেন । হৃদ্বপূর্ণ স্তনভারবশতঃ
 যাহারা মুহুমন্দগামা এবং গমনকালে প্রায়
 যাহাদিগের পদস্থলন হইয়া থাকে, তদুশ খেদু-
 সকল, তদীয় মুখপঙ্কজে লোচনযুগল স্থিরভাবে
 সংলগ্ন রাখিয়া আনন্দে পুচ্ছ উতোলন করিয়া
 ঠাঁহার চতুর্দিকে বেষ্টন করিয়া রাখিয়াছে ।
 তাহাদিগের চর্কিতাবশিষ্ট তুগুদর সকল
 দস্তাগ্রভাগেই অবস্থিত আছে ২০—২১।
 গোবৎসসকল, স্তনপান করিতে করিতে
 তদীয় মনোহর বেগুরব-শ্রবণে স্তনপানে
 বিরত হইয়া উর্দ্ধকর্ণে চতুর্দিকে অবস্থিত
 করিতেছে । তাহাদিগের মুখকুহরমধ্যে
 জননীর ভূষণস্বরূপ হৃদ্বস্ত্রাবী স্তনমণ্ডল স্থির-
 ভাবে অবস্থিত থাকায় ওষ্ঠপ্রান্ত হইতে নিরন্তর
 হৃদ্বক্ষেন ক্ষরিত হইয়া অপূর্ব শোভা বিস্তার
 করিতেছে । গলকদলভূষিত স্থলকায় বৎ-

হবারবক্ষুভি তদিখলৈম্মহন্তি-
 রধ্যাক্তিঃ পৃথুকুস্তরভারথিরৈঃ ।
 উত্তন্তিতক্ষতিপুটীপরিপীতবংশ-
 ধ্বানামৃতোক্তবিকাসিবিশালঘোণৈঃ । ৩৯
 গোপৈঃ সমানশুণশীলবয়োরবিলাস-
 বেষ্টশচ মুচ্ছিতকলশনবেণুবীণৈঃ ।
 মন্দোচ্চভায়পটুগানপটৈরকিলোল-
 দোর্ধ্বলরীললিতলাস্তবিধানদৈকৈঃ । ৪০
 জজ্বাস্তপীবরকটীরতটানিবন্ধ-
 ব্যালোলকিক্তিগিঘটাংরিটৈরটঙ্টিঃ ।
 মুৎস্কস্তরক্ষনখক্টি ৩-কাস্তভূবৈ-
 রব্যক্রমশ্চুবচনৈঃ পৃথুদৈঃ পরীতম্ । ৪১
 অথ সুললিতগোপসুন্দরীগাং
 পৃথুকবরীষ্টনিতম্বমহুরণাম্ ।

সতর ও বৎসতরীসকল শ্রীকৃষ্ণের চতুর্দিকে
 পুচ্ছ উত্তোলন করিয়া অভিনব শৃঙ্গশোভিত
 কোমল মস্তকপ্রহারে পরস্পর যুদ্ধক্রীড়া-
 বাসনায় ক্রমিতলে ঘন ঘন খুরাঘাত করি-
 তেছে। যাহাদিগের হবারবে দিগ্‌গুল
 ক্ষুভিত হয়, যাহাদিগের শরীর ককুদভরে
 ভারাক্রান্ত, নাসাপ্রদেশ সরল চিকণ ও
 বিশাল, তাদৃশ মহাবৃষভগণ তাঁহার চতুঃ-
 পাঞ্চে অবস্থানপূর্বক কর্ণদ্বয় উত্তোলন করিয়া
 তদীয় অমৃতোপম বংশীধ্বনি শ্রবণ করি-
 তেছে। তাঁহার চতুর্দিকে যে সকল
 গোপবালক বিরাজ করিতেছে, তাহা-
 দিগের শুণ, শীল, বয়স, বিলাস ও
 বেশ সমস্তই সেই শ্রীকৃষ্ণের সমান; সক-
 লেই মন্দ ও উচ্চৈঃস্বরে সঙ্গীতে নিপুণ,
 হস্তদ্বয় সফালন-সহকারে মনোহর নৃত্যক্ষম
 এবং বেণু ও বীণার সুমধুরস্বর মুচ্ছনায়
 পারদশী। জজ্বাপ্রান্তে ও বিশাল জঘন-
 প্রদেশে নিবন্ধ কিক্তীগীমালাসকল, তাহা-
 দিগের গমনকালে দৌহুলাম্যান হওয়ায়
 মধুরধ্বনি উৎপাদন করিতেছে ও গলদেশে
 ব্যাজনখবিরচিত কমনীয় অলঙ্কার শোভমান
 হইতেছে এবং সকলেই মধুরভাষী ও

গুরুকুচেরভঙ্করাবলয়-
 ত্রিবলিবিজুস্তিতরোমরাজিভাজাম্ । ৪২
 তদতিক্রিচরচাকবেণুবাদ্যা-
 মৃতরসপল্লবিতাক্রাজ্যপ্তম্ ।
 মুকুলবিমলরম্যরুচরোমোঙ্গম-
 সমলকৃতগাত্রবলরীণাম্ । ৪৩
 তদতিক্রিচরমন্দহাসচন্দ্রো-
 তপশরিজুস্তিতরাগবারিরাশেঃ ।
 তরলতরতরঙ্গভঙ্গবিপ্রফট-
 প্রকরঘনশ্রমবিন্দুসন্ততানাম্ । ৪৪
 তদতিললিতমন্দচিল্লিগাপ-
 চ্যুতনিশিতেক্ষণমারবাণবৃষ্ট্যা ।
 দলিতসকলমম্ববিহ্বলাঙ্গ-
 প্রবিস্ততঃসহবেপথুব্যাখানাম্ । ৪৫
 তদতিক্রিচরবেষকপশোভা-
 মৃতরসপানবিধানলালসানাম্ ।

মোহনমূর্ত্তি। তাঁহার চতুঃপার্শ্ব, নিতম্ব-
 মন্থর, মোহনমূর্ত্তি গোপসুন্দরীগণের নিতম্ব-
 দেশ অতি মনোহর, কবরীবন্ধন অতিবিশাল
 এবং গুরুকুচভরে বিদলিত পরস্পরসংলগ্ন
 ত্রিবলীর উপর মনোহর রোমাঞ্চী বিরাজ
 করিতেছে। তাহাদিগের দেহলতিকা,
 তাদৃশ মনোহর রোমরাজি দ্বারা অলঙ্কৃত
 হওয়ায় বোধ হইতেছে যেন, শ্রীকৃষ্ণের
 সুমধুর বেণুরবরূপ অমৃতরসে পল্লবিত
 মদনরূপ পাদপের মুকুলোদগম হইয়াছে।
 তাহাদিগের সর্বাঙ্গব্যাপক ঘর্ম্মবিন্দুসকল,
 শ্রীকৃষ্ণের অতি মনোহর মৃৎ মৃৎ হান্তরূপ
 চন্দ্রোলোকে বিবর্জিত অমুরাগরূপ সাগরের
 চঞ্চল তরঙ্গবলীর কণাচয়ের স্তায় শোভা
 পাইতেছে। শ্রীকৃষ্ণের অতি মনোমুগ্ধকর
 ক্রচাপনিক্ষিপ্ত সুতীক্ষ্ণ মদনবাণ বর্ষণে
 তাহাদিগের সমুদয় মর্ম্মস্থান বিদলিত ও
 সর্বাঙ্গ জঙ্করিত হওয়াতেই যেন
 তাহাদের কলেবর নিরতিশয় কম্পিত
 হইতেছে। ৩৭—৪৫। শ্রীকৃষ্ণের অতি মনোহর
 বেশ-রূপ শোভারূপ অমৃতরসপানে লোলুপ

প্রণয়সলিলপুরবাহিনীনা-

মলসবিলোলবিলোচনাসুজ্ঞানাম্ ॥ ৪৬

বিশ্রঃসংকবয়ীকলাপবিগলংফুলপ্রস্থনশ্রব-
 শ্মাক্ষীলম্পটচক্রয়ীকঘটয়া সংসেবিতানাং মুহুঃ
 মারোন্মাদমদম্ব মুহুঃগরামালোলকাঞ্চুলস-
 ম্রীবীবিল্লথমানচীনসিচয়ান্তার্চিনিত্ত্বহিমাম্ ॥

শ্লিতললিতপাদাস্তোজমন্দাভঘাত-

চ্ছুরিতমণিতুলাকোট্যাকুলাশামুখানাম্ ॥

চলদধরদলানাং ভুড়ালাপক্ষলাক্ষি-

ষয়সরসিকহানামুল্লসংকুণ্ডলানাম্ ॥ ৪৮

দ্রাঘিষ্ঠশ্বসনসমীরণাভিত্তাপ-

প্রম্লানৌভবদকুণৌষ্ঠপল্লবানাম্ ॥

নানোপায়নবিলসংকরাসুজ্ঞান-

মালৌভিঃ সতত্তনিয়েবিতং সমস্তাৎ ॥ ৪৯

হইয়াই তাহার যেন, প্রণয়রূপ সলিল এবাহে
 জাসমান হইতেছে এবং তাহাদিগের অলস-
 বিলোললোচন সকল যেন সেই সলিলোপরি
 পদ্মবৎ শোভা পাইতেছে। করবী বিল্লথ
 হওয়ায় তাহা হইতে বিগলিত প্রফুল্ল কুমু-
 নিচয়ের মধুপানে লোলুপ হইয়া মধুকর সকল
 মুহূর্ধ্ব গুণ গুণ রবে তাহাদিগের সেবা
 করিতেছে, তাহাদিগের মুহু মুহু বচনাবসী
 মদনমদে মত্ততা হেতু শ্লিত হইতেছে, এবং
 নীবী হইতে বিল্লথ চীন বদনের প্রান্তভাগ
 হইতে প্রকাশমান নিতম্বপ্রভা, বিলোল
 কাঞ্চীদামে উল্লাসিত হইতেছে। তাহাদিগের
 মনোহর চরণাসুজ্ঞ সকল শ্লিত হওয়ায় মণি-
 ময় নুপুরনিচয় ছিন্ন হইয়া চতুর্দিকে নিক্ষেপ
 হইতেছে, এবং তজ্জন্ত শীংকারহেতু
 অধরপল্লব সকল কম্পিত হইতেছে। তাহা-
 দিগের কর্ণে কুণ্ডল শোভা পাইতেছে এবং
 সুল্লর পক্ষভূষিত নীলকমলোপম লোচনদ্বয়
 সকল আলস্তভরে পদ্মকোষকবৎ শোভমান
 হইতেছে। সুদীর্ঘ নিঃশ্বাসমক্ৰতে তাহা-
 দিগের অরুণবর্ণ ওষ্ঠপল্লব সকল প্রম্লান হই-
 তেছে, এবং করকমলনিচয়ে শ্রীকৃষ্ণের শ্রীতি-
 কর নানাবিধ পুজোপহার শোভা পাই-

তাসামায়তলোলনীমনরনব্যাকোশলীলাসুজ-
 শ্রগ্ভিঃ সম্পরিপূজিতাখিলতম্বঃ নানা-

বিলাসাম্পদম্ ॥

তমুদ্মাননপঙ্কজপ্রবিগলশ্মাক্ষীরসাম্বাদিনীং
 বিভ্রাণংপ্রণয়োন্মদাক্ষিমধুকুম্বালাং মনোহারিণীম্
 গোপীগোপপশূনাং

বহিঃস্বরেদগ্ৰতোহস্তগীর্ষণঘটাম্ ॥

 শাস্তং শিবং সত্ত্বগুণং রজোবত্নানুমানতঃ ।
 তমো নীলং তথা চৈব গুণং শঙ্কুস্তথাভক্তং ॥৭৩
 সত্ত্বং রজস্তমশ্চাপি দধার চ পুরা কিল । .
 অতশ্চ ত্রিবিধা পূজা শঙ্করস্ত বিধীয়তে ॥ ৭৪
 রজশ্চ তমসা যুক্তং দারুণং পরিকীর্তিতম্ ।

তচ্ছবণে সদাশিব কহিলেন,—কর্ম্মশক্তি
 ও জ্ঞান মুখ্যেরূপ স্তায় নাশ পাইবে ;
 কতিপয় মনুস্তরাস্তে ব্রহ্মায় নাশ হইবে,
 স্নুতরাং ব্রহ্মা অন্নায়ু হইতেছেন । হে
 ব্রহ্মন ! তুমি রজোগুণাশ্রয়ী হইয়া আমাকে
 ব্রহ্মাণ্ড-মালাভূষিত বেদরক্ষক বলিয়া বুঝিতে
 পারিবে না । ব্রহ্মাণ্ড-সমূহের পালনকার্য্যে
 ব্রহ্মা অপেক্ষা বিষ্ণুর বল ও আয়ু অধিক ;
 মহেশ্বরের বা আমার চতুনিখাণে বিষ্ণুর
 আয়ু পর্য্যবসিত হইবে । ব্রহ্মা অপেক্ষা
 সত্ত্বগুণ অধিক থাকায় বিষ্ণু সত্ত্বগুণাবল্যী
 হউন । সর্বকাল আমাকে জানিতে পারি-
 বেন, কদাচ বিস্মৃত হইবেন না এবং জগতে
 গুঁহার কেবল সাষ্টিকী পূজাই বিহিত হইবে ;
 রাজসৌ বা তামসৌ পূজা নহে । শাস্ত মঙ্গল-
 ময় সত্ত্বগুণাবল্যী মহেশ্বরে রজোগুণেরও
 বিদ্যমানতা থাকায় তিনি নীলবর্ণ তমোগুণও
 ধারণ করেন । সর্বপ্রথমে সত্ত্ব রজ ও তম
 এই গুণ য ধারণ করিয়াছিলেন বলিয়া
 শঙ্করের সাষ্টিকী, রাজসৌ ও তামসৌ এই
 পূজাই বিহিত হইবে । তমোগুণযুক্ত রজকে
 দারুণ কহে ; শঙ্কর, তমোরজো-মিশ্রিত

দারুণাপি ততঃ পূজা শব্দরে গতিদা মতা ॥৭৫
 রজস্ব তমসা যুক্তমলং শাস্ত্রপ্রবর্তকম্ ।
 বিচ্ছিন্নাপি ততঃ পূজা শব্দরে কলদা মতা ॥৭৬
 তমস্চ সৰ্বসংযুক্তং মিশ্রকঞ্চ প্রবর্তকম্ ।
 মিশ্রপূজাপি কলদা শব্দরে লোকশব্দরে ॥ ৭৭
 যাদৃশং তাদৃশং বাপি নিয়মেনার্চনং বিভোঃ
 শব্দরশ্চাণ্ডকলদং যাদৃশশ্চাপি দেহিনঃ ॥ ৭৮
 শত্করবাচ ।

এতৎসংক্ষেপতঃ প্রোক্তং বিধানং ভস্মনোহনঘ
 বক্রশ্ৰোতৃজনানাঞ্চ সমস্তাঘবিনাশনম্ ॥ ৭৯
 অত্র তে কৌতুহিষ্যামি কথাং পাপপ্রপাশিনীম্
 ঋত্বা যামাপ ধৰ্ম্মাশ্চা শিবভক্তিমহুস্তমাম্ ॥
 ইক্ষাকুনাং বিপ্রেশ্ৰো মহাবিদ্যা মহামতিঃ ।
 বহুশাস্ত্রপ্রবীণশ্চ নীতিশাস্ত্রবিশারদঃ ॥ ৮১
 ন যষ্টী ন চ দাতা চ ন দেবানাং চ পূজকঃ ।
 ন চাধ্যাপয়িতা বেদং ন চাখ্যাতা ঋতস্চ চ

দারুণ পূজা দ্বারা পূজিত হইলে উত্তম গতি
 দান করেন । রজস্বতমোমিশ্রিত পূজা
 শাস্ত্র-বিহিত হইলেও তদ্বিচ্ছিন্না অর্থাৎ
 কেবলা রাজসী বা কেবলা তামসী পূজা
 দ্বারা পূজিত হইলেও শব্দর ফলদায়ক
 হন ; সৰ্বসংযুক্ত তমোমিশ্রক নামে অভি-
 হিত ; লোকমঙ্গলকর শব্দর তমঃ-
 সৰ্বমিশ্রিত (মিশ্রক) পূজা দ্বারাও প্রীতি
 প্রাপ্ত হন, সুতরাং উক্ত পূজা সকল । বিভূ
 শব্দর, যে কোন দেহধারী জীব কর্তৃক উল্লি-
 পিত নিয়মসমূহের যে কোন নিয়মদ্বারা পূজিত
 হইলে আণ্ড ফল দান করেন । ৫৭—৭৮ ।
 শত্করহিলেন,—হে অনঘ রাম ! এই আমি
 তোমার নিকট বক্তা ও শ্রোতার সর্বপাপ-
 বিনাশক ভস্মোৎপত্তির বিষয় সংক্ষেপে
 বর্ণন করিলাম । এক্ষণে আমি তোমার
 নিকট সর্বপাপপ্রপাশিনী কথা বর্ণন করিব,
 যাহা শ্রবণ করিয়া ধৰ্ম্মাশ্চা সর্বোত্তমা শিবভক্তি
 প্রাপ্ত হইয়াছিলেন । পূর্বকালে মহাবিদ্যা-
 শালী, উদারবুদ্ধিসম্পন্ন, বহুশাস্ত্রজ্ঞ, নীতি-
 শাস্ত্রবিশারদ ইক্ষাকুনাথক জনৈক শ্রেষ্ঠ
 ব্রাহ্মণ ছিলেন । তিনি কখন কোনপ্রকার

ন পুরাণেতিহাসানাং ঋতীনামাগমস্ত বা ।
 যদ্বাস্তোক্তা তথা দেহসংকারৈকপ্রবর্তকঃ ॥৮০
 তাদৃশশ্চ দ্বিজশাখ সমালক্ষ্যায় যুক্ত্যাগং ।
 লক্ষ্যস্তরে তথৈকস্মিন বৎসরে মাসি পঞ্চমে ॥
 তৃতীয়দিবসে রাজ্যায় পুরাণং ঋতবানিদম্ ।
 স্বসম্পাদিতবিস্তৃত যেন দানং ন বৈ কৃতম্ ॥

দিনে দিনে কুজ্যমানং নিঃসারং স্ত্রাৎক্রমেণ হি
 বর্ধাণ্যেব চ তাবন্তি নরকে পচ্যতে ধ্রুবম্ ॥
 কুমিথোনিসহস্রঞ্চ অমুভূয় ততঃ পরম্ ।
 দদ্বিজো ব্যাধিতোহবকুর্হু স্তভার্থো বহুপ্রজঃ ।
 ধিনে দিনে ভক্ষিতেন যাচিতেন চ জীবনম্ ।
 যত্র কাপি চ বৌজানাং মগ্নানামথ মার্গণাৎ ॥
 লক্কে জীবানবং কস্য ভৃত্যানামথ জীবনম্ ।
 মধ্যে শ্রোত্রবিহীনশ্চ নেত্রহীনঃ খলয়লঃ ॥

যজ্ঞ দান ও দেবপূজা করেন নাই কিম্বা
 বেদ-ঋতি পুরাণ ও তন্ত্রাদির অধ্যয়ন বা
 ব্যাখ্যাও করেন নাই, কবলি সর্বদা আহারে
 ও দেহসংস্কারে যত্নলীল থাকিতেন । সেই
 ব্রাহ্মণ এই প্রকারে লক্ষবর্ষ আয় অতীত
 করিয়া পরবর্তী বৎসরের পঞ্চম মাসের
 তৃতীয় দিবসের রাজ্রিতে বক্ষ্যমাণ পুরাণ-
 বাক্য শ্রবণ করিলেন ;—“যে মানব আধি-
 কৃত সম্পত্তির কিছুমাত্র দান না করিয়া
 যতদিন ভোগ দ্বারা নিঃশেষিত করে, তত-
 দিন সংখ্যক বৎসর নিশ্চয়ই নরক-বস্ত্রণা
 ভোগ করে । সহস্রবার কুমিথোনিতে জন্ম-
 গ্রহণ করিয়া মলমুক্তাদির ভোগানন্তর করিড,
 ব্যাবিযুক্ত ও বন্ধুহীন এবং দুঃস্থভার্যায়ুক্ত ও
 বহু সন্তানের পিতা হইয়া জন্মগ্রহণ করিবে ।
 প্রতিদিন ভিক্ষা দ্বারা জীবিকা করিবে ;
 যখন ভিক্ষাও কুত্রাপি মিলিবে না, তখন
 ঋণবাজাহ্নসন্ধান দ্বারা জীবিকা করিবে ;
 যখন তাহাও অপ্রাপ্য হইবে, তখন তৃত্যবৃত্তি
 অবলম্বনপূর্বক জীবিকা করিবে । এবস্ত্র-
 কারে জীবিকা করিতে করিতে বধির ও
 অন্ধ হইয়া নিয়ত নিঃসারিত মললিঙ্গ হইয়া
 অতীব হেয়তাপ্রাপ্ত ও দুঃখভাগী হইবে ।

এবং পুরাণং ঋত্বাসাবিক্কাকুর্ভূ শত্ৰুখিতঃ ।
 মনসাসিত্তয়চ্ছেদং স্মারং স্মারং দ্বিজাধমঃ ॥ ১
 রূপপুষ্পেঋহিময়ী দুর্গাপি কলবজ্জিতা ।
 তথা পুরাণরহিতা বিদ্যা নো গতিদর্শিনী ॥
 বহুশাস্ত্রং সমভ্যাস্ত বহুন বেদান সবিস্তরান ।
 পুংসোহঋতপুরাণস্ত ন সম্যগ্ঘ্যাতি দর্শনম্ ॥
 শত্ৰুকবাচ ।

এবং চিন্তয়তস্তস্ত হকালমরণস্বভূৎ ।
 যমলোকং গন্তশ্যং যমেন পরিত্যজিতঃ ॥ ১০
 যম উবাচ ।

অনেকপাপযুক্তোহসি পুণ্যং নৈব মহন্তব ।
 ন বেদাধ্যাপনাং প্রাপ্তং পাপঞ্চ বিদিতং তব ॥
 কোটিবর্ষাণি নরকে তব স্থিতিরिति দ্বিজ ।
 আয়ুসস্তি তবাত্মনঃ গম্যতাং পৌর্ষিকী তত্শুঃ
 কুরু পুণ্যং হিতং দানং দেবতাপূজনং জপম্

সেই দ্বিজাধম ইকাকু পুরাণবাক্য শ্রবণ-
 নস্তর অতীব দুঃখিত হইয়া উক্ত বাক্যগুলি
 পুনঃ পুনঃ স্মরণ করিয়া মনে মনে চিন্তা
 করিলেন । যেরূপ সুরূপসম্পন্ন মুন্ময়ী দুর্গা
 পুষ্পরাশি দ্বারা পূজিতা হইলেও ভক্তি
 ব্যতিরেকে কলদায়িনী হন না, সেইরূপ
 মানব বহু শাস্ত্র ও বহু বেদ অধ্যয়নানস্তর
 পুরাণাদির শ্রবণ দ্বারা দেবতা ও যজ্ঞাদির
 প্রতি ভক্তি না করিলে সম্যক্ গতি (জ্ঞান)
 লাভ করিতে পারে না । শত্ৰু কহিলেন,—
 সেই ব্রাহ্মণ এইরূপ চিন্তা করিতে করিতে
 কিঞ্চিৎ আয়ু অবশিষ্ট থাকিলেও মৃত্যুমুখে
 পতিত হইয়া যমলোকে গমন করিল । যম-
 রাজ্য তাহাকে বক্ষ্যমাণ বাক্যসমূহ দ্বারা
 উপদেশ দিলেন । ১৯—২০। যম কহিলেন,—
 হে দ্বিজ ! তুমি অত্যন্ত পাপী, বেদাদির
 অধ্যয়ন দ্বারা কোন মীহৎ পুণ্য লাভ
 কর নাই এবং পাপ কি, তাহাও জানিতে
 পার নাই । তজ্জন্ত তোমাকে কোটিবর্ষ
 নরকে বাস করিতে হইবে; তোমার
 এখনও কিঞ্চিৎ আয়ু আছে, পূর্বদেহে
 গমন কর, অনস্তর লোকহিত, দান, যজ্ঞ,

সাক্ষমধ্যাপনং বিশ্র-ভোজনং ভস্মধারণম্ ।
 ভজ বিশেষণং দেবং দেবদেবমুমাপতিম্ ।
 তস্ত প্রযত্নমাত্রেণ মম লোকং ন গচ্ছসি ॥ ১৭
 যৎকিঞ্চৎপ্রত্যাহং পাপিন পুরাণং শৃণু সাদরম্
 ততস্তজ্জুবগাদেব নেকসে মম যাতনাঃ ॥ ১৮
 যমস্য বচনং ঋত্বা ব্রাহ্মণঃ স্তাঃ যযৌ তত্শুম্ ।
 অথেশপূজনকৃতে যত্নমাত্মায় স দ্বিজঃ ॥ ১৯
 আগমনানিবর্ধ্যাত্ত জাবালিঃ শিবপূজকম্ ।
 তপঃস্বাধ্যায়সম্পন্নং ঋতিস্মৃতিবিবেচকম্ ।
 পুরাণতত্ত্ববেত্তারং লক্ষশিষ্যসমাবৃত্তম্ ॥
 জরাশিখিলসর্কীলঃ বেদবেদাঙ্গপারগম্ ॥
 ত্রুষ্টিকামো যযৌ শৈলং মল্লয়ং চাক্রকন্দরম্ ।
 নানাবিহঙ্গসম্পূর্ণং নানাপুষ্পলতারবৃত্তম্ ॥
 সর্কর্কুসুমোপেতং নানাগন্ধোপশোভিতম্ ॥
 কিম্বরাণঞ্চ মিথুনৈর্গৌতপূর্ণমহাশুভম্ ॥ ১০.৩
 অনেকরূপলাবণ্য-বনিতোষিতপাদপম্ ।

দেবপূজা, জপ, সাক্ষদেবের অধ্যাপন,
 ব্রাহ্মণভোজন, ভস্মধারণ প্রভৃতি পুণ্য
 কর্মের অস্থঠান কর, দেবদেব উমাপতি
 বিশেষণদেবের ভজনা কর; তাঁহার প্রতি
 ভক্তিমান হইলে তোমার আরআমার লোকে
 আসিতে হইবে না । হে পাপন! প্রতি-
 দিন আদরপূর্বক কিঞ্চিৎ কিঞ্চিৎ পুরাণ
 শ্রবণ কর, তজ্জুবণ দ্বারা যমযাতনা হইতে
 অব্যাহতি পাইবে । সেই দ্বিজ, যমবাক্য
 শ্রবণানস্তর স্বীয়দেহে আগমন করিয়া
 প্রযত্নসহকারে শিবার্চন আরম্ভ করিলেন ।
 সেই দ্বিজ, এক সময়ে তপঃস্বাধ্যায়সম্পন্ন,
 ঋতি ও স্মৃতির মীমাংসক, বেদবেদাঙ্গ-
 পারগ, পুরাণতত্ত্ববিৎ, শিবপূজক, লক্ষশিষ্য-
 পরিবৃত্ত, জরা-শিখিলসর্কীল, মূনিবর জাবা-
 লিকে দেখিবার ইচ্ছায় সূচাক কন্দর
 শোভিত, নানাভাজীয় বিহঙ্গসমাকুল,
 নানাবিধ পুষ্পলতা-পরিশোভিত সর্কর্কু-
 সুমুষ্টিত-নানাবিধ সুগন্ধি-কুম্ব-গন্ধা-
 মোদিত কিম্বরামিথুনকর্ষবিনিসৃত সুগীত
 লহরী ব্যাণ্ডকন্দর, অনেক সুকাঙ্ক্ষিবাশিষ্ট

লক্ষ্মানবিচিত্রাভিঃ শ্ৰুগতিঃ শোভিতপাদপম্ ।
 রতিন্দ্রমপ্রস্থপ্তানাং বোধনাদিত্তবট্টপদম্ ।
 কৃষ্ণাঙ্ক চ পিকাঃ কামং বিযুক্তানাং যুক্তে কিল
 নানামুনিগণাকৌর্ণং প্রশাস্তমুগচারণম্ ।
 অপ্সরোগণসঙ্কৌর্ণং গন্ধর্ষণগণসেবিতম্ ॥১০৬
 নানাসিন্ধুখোভুক্ত-গীতপূর্ণবনাস্তরম্ ।
 বিচিত্রকলসম্পূর্ণং নানাংদেবালয়াধিতম্ ॥১০৭
 প্রাসাদশতসম্বাধং নানাগৃহসমধিতম্ ।
 সিংহাননৈর্গজমুখৈকলুকবদনৈরথ ॥১০৮
 অমুখৈবিমুখৈক্রেত্রৈর্দ্বৈক্রৈশ্চ গীমুখৈঃ ।
 কুরুজম্বকগোধাংহি-বানরকমুখৈরপি ॥১০৯
 ব্যাঘ্রবৃশ্চিকভল্লুঙ্কৈ শ্বানগর্দভতুণ্ডকৈঃ ।
 সমস্তজীববদনৈঃ সদৃশাটশ্ৰুগণৈরৈঃ ॥১১০
 বঙ্গীমুখৈবৃকমুখৈঃ শিলাবৈক্রৈরয়োমুখৈঃ ।

ক্কুর ক্কুর বৃক্ষে পরিবেষ্টিত, সুরহং তক-
 রাজীর আশ্রয়, বিচিত্রকুম্মমালা-সুলভিত
 পাদপাবলীবিরাজিত, রতিন্দ্রমহেতু স্নিগ্ধা-
 ভোগানস্তর জাগরিত ভ্রমরগণকৃত-মধুর-
 গুঞ্জন-ধ্বনিবিশিষ্ট, মন্দরাত্ম্য অচলে গমন
 করিয়াছিলেম। ঐ পর্বতে কোকিধ-
 কোকিলাগণ বেচ্ছামুসারে মুহূর্ত্তঃ কুহুধ্বনি
 দ্বারা পরস্পর-বিচ্ছিন্ন নায়কনায়িকাগণের
 সন্মিলন সংঘটন করিতেছে। ঐ পর্বত
 বহুমুনিজনের আবাসস্থল, উহাতে অসংখ্য
 মুগ প্রশান্তভাবে বিচরণ করিতেছে, কোথাও
 বা অপ্সর ও গন্ধর্ষণগণ কেলি করি-
 তেছে। স্থানে স্থানে সিদ্ধকঠনিঃসৃত
 সঙ্গীতধ্বনি দ্বারা বনানস্তর-ভাগ পূর্ণ হই-
 তেছে, নানাজাতীয় বৃক্ষ কলভরে অবনত
 রহিয়াছে, অনেকানেক দেবালয় গৃহ এবং
 প্রসাদসদৃশ অট্টালিকারাজি শোভা পাই-
 তেছে; সিংহানন, গজবদন, পেচকমুখ,
 মুখরহিত, পশ্চামুখ, উগ্রবদন, অর্ধবদন,
 মৃগীমুখ, হরিণ শৃগাল গেধা সর্প বানর ভল্লুক-
 মুখ, ব্যাঘ্র বৃশ্চিক উষ্ট্র কুকুর গর্দভমুখ,
 জাগতিক সমুদয় জীবের বদনসদৃশ
 বদনদ্বারী গুণেশ্বরগণ, রক্ষ, বঙ্গী, শিলা ও

শঙ্খ মুক্তাদিজলজ-বদনৈরুপশোভিতম্ ॥১১১
 অধিকান্দৈরনকৈশ্চ জটিলৈঃ শিখিমুণ্ডিতৈঃ ।
 পত্রিবৈক্রৈর্ধববৈক্রান্তিমিগ্রাহমুখৈরপি ॥১১২
 ঘটটন্তঃ শূর্ণবদনৈঃ কর্ণপাদমুখৈরপি ।
 ঘটামুখৈর্কৈশ্চ মুখৈঃ কিঙ্কণীবদনৈরপি ॥১১৩
 যাদৃগুবস্ত্র জগত্যস্মিন্স্তাদৃশাটশ্ৰুধোমুখৈঃ ।
 কৈশ্চিন্ধুক্তকন্দর্প-রূপলাবণ্যকোমলৈঃ ॥১১৪
 কোটিস্বর্ষাপ্রভৌকৈশ্চন্দ্রকোটিসমগ্রতৈঃ ।
 নানাবর্ণৈর্বিধমুখৈর্বিধরূপৈশ্চতুর্মুখৈঃ ॥১১৫
 দ্বিমুখৈঃ পঞ্চবৈক্রৈশ্চ ত্রিমুখৈঃ ষণ্মুখৈরপি ।
 একানেকমুখৈঃ শাটৈঃ সর্ষাদা সূখিভিসুতম্ ।
 নানাভোগসমুদৈশ্চ রতিকামসমৈরপি ।
 লক্ষ্মীনারায়ণপ্রত্যাঙ্কমেশসমবিগ্রহৈঃ ।
 নানারূপধৈরশ্চাটন্তৈঃ সেবিতং মন্দরাত্মম্ ।
 ধেনবো যত্র বেদাশ্চ মীমাংসাৎসংসমুতাঃ ।
 ধর্ম্মাদয়ঃ সর্বশাণিঃ পুরাণানি চ কৰ্ম্মণা ॥১১৮

লৌহমুখ, গণেশ্বরগণ শঙ্খ শঙ্খক প্রকৃতি
 জলচর জীবের বদনসদৃশ বদন-বিশিষ্ট
 গণেশ্বরগণ, অধিকান্দ, অঙ্গরহিত, জটা-
 ধারী, শিখাধারী, পক্ষিমুখ, বৃষমুখ, তিমি-
 দ্বিল ও নক্রমুখ, ঘট ও সূর্ণাস্ত্র, কর্ণ ও পাদ-
 মুখ, ঘটাবণু ও কিঙ্কণীমুখ, গণেশ্বরগণ,
 সমুদয় পার্থিব জীবের আশ্রয় দ্বার আশ্র-
 ধারী ও অধোমুখ গণেশ্বরগণ, ইত্যন্ততঃ
 সঞ্চরণ করিতেছেন। কেহ কন্দর্পের দ্বায়
 কোমল-রূপলাবণ্যধারী, কেহ কোটিস্বর্ষ্যসম-
 প্রভ, কেহ কোটিচন্দ্র সদৃশ দীপ্তিশালী,
 কেহ বহুবিধবদনশোভিত, কেহ নানারূপধর,
 কেহ বেহ বা একমুখ, দ্বিমুখ, ত্রিমুখ, চতুর্মুখ,
 পঞ্চমুখ বা ষণ্মুখধারী, কেহ কেহ বা সদাশাস্ত্র
 ও বেহ কেহ বা রতি ও কামদেবের দ্বায়
 নানা ভোগসমৃদ্ধি দ্বারা সদা সূখী, কেহ কেহ
 বা লক্ষ্মীনারায়ণ ও উমামহেশ্বরের দ্বায় রূপ-
 শোভিত, এবশ্চকার গণেশ্বরগণ সদা মন্দা-
 রাচলে বিহার করিতেছেন। ১৫—১১৭।
 এই মন্দরপর্বতে বেদসমূহ বেঙ্গ ও মীমাংসা-
 শাস্ত্রসমূহ তাহার বৎসরূপে অবস্থান করিতে-

ସ୍ମୃତୀତିହାସଜାତାନି ଆଗମାଞ୍ଚ ଧରୀରିଗଃ ।
 ହିତାଞ୍ଚ ମନ୍ଦରେ ଯତ୍ନ ସ ଶୈଳଃ ପାପନାଶନଃ ।
 ତତ୍ତ୍ୱ ମଧ୍ୟେ ମହାପୁଣ୍ୟା ପୁରଂ ପରମଶୋଭିତମ୍ ।
 ବାମୀତତ୍ତ୍ୱାଗୋପବନପ୍ରାମାଣ୍ୟତତ୍ତ୍ୱୋଭିତମ୍ ॥୧୨୦॥
 ସଂପ୍ରକାରପରିଧଂ ରହାଟାଳକସଂସୃତମ୍ ।
 ଗୋପୁରୈର୍ଣ୍ଣବତ୍ସିର୍ଗୁକ୍ତଂ ବିଚିତ୍ରଗୃହସଂସୃତମ୍ ॥ ୧୨୧॥
 ଯତ୍ନ ଚାପ୍ରତିମଂ ତେଜ ଉତ୍କଳୀତାଦିବଦ୍ଧିତମ୍ ।
 ତନ୍ମଧ୍ୟେ ନଗରୀ ପୁଣ୍ୟା ତନ୍ମଧ୍ୟେ ଚ ସତ୍ତା ଗୁତ୍ତା ।
 ତତ୍ତ୍ୱାଂ ତତ୍ତ୍ୱାସନଂ ମଧ୍ୟେ ବେଦପାଦଂ ବିଚିତ୍ରିତମ୍ ।
 ମରୋପନିବଦ୍ଧାକ୍ରିଷ୍ଣଂ ପାଦପୀଠଂ ସୁଶୋଭନମ୍ ।
 ପୁରାଣାନ୍ତାଗମାନ୍ତନ୍ତ୍ର ଶକ୍ତିତା ଶିବପାଦୟାଃ ।
 ତତ୍ତ୍ୱାସୀନୋ ମହାଯୋଗୀ ଗୋକ୍ତୀରସଦ୍ୱ୍ୟାକୃତିଃ ॥

ଛେନ ; ସର୍ବବିଧ ଧର୍ମ ପୁରାଣ ସ୍ମୃତି ଇତିହାସ ଓ
 ଆଗମସମୂହ ଅକ୍ଷୁଣ୍ଣ କର୍ମସମୂହେର ସହିତ
 ଦେହପରିଗ୍ରହ କରିয়া ଅବସ୍ଥାନ କରିତେଛେନ ;
 ଏକକ୍ଷ ମନ୍ଦରଶୈଳ ସର୍ବପାପନାଶକ । ତନ୍ମଧ୍ୟେ
 ପରମ ପବିତ୍ର, ଶତ ଶତ ବାମୀ ତତ୍ତ୍ୱାଗ ଉପବନ
 ଶ୍ରୀମାଦ ପ୍ରଭୃତି ଘରା ଅତୀବ ଶୋଭମାନ,
 ସଂପ୍ର ଶ୍ରୀଚୀର ଓ ସଂପ୍ର ପରିଧାନପରିବେଷିତ ରତ୍ନ-
 ନିର୍ମିତ ଅଟାଳକସଂସୃକ୍ତ, ନବ-ସିଂହହାରପରି-
 ଶୋଭିତ ଓ ବିଚିତ୍ରଗୃହବାଳୀ-ବିରାଜିତ ସୁସୁହଂ
 ନଗରୀ ଆଛେ । ଉହାର ଦୀପ୍ତି ଅପ୍ରମେୟ,
 ଉହାତେ ଅତ୍ୟୁତ୍ତ ଓ ଅତିଶୈତଳ ନାହି ।
 ଏତାଦୂର୍ଣ୍ଣ ସୁସୁହଂ ନଗରୀମଧ୍ୟସ୍ତୁ ଅପବିତ୍ର ପୁରୀ-
 ମଧ୍ୟେ ଏକ ଯଜ୍ଞଲକ୍ଷ୍ୟା ମହତୀ ସତ୍ତା ଆଛେ ।
 ସେହି ସତ୍ତାର ମଧ୍ୟସ୍ତଳେ ଗଜାସନ ସଂସ୍ଥାପିତ ;
 ତତ୍ତ୍ୱସମୀପେ ବିଚିତ୍ର ସୁଶୋଭନ ପାଦପୀଠ
 (ପଦଦ୍ୱୟ ସ୍ଥାପନେର ଚୋକୀ) ବିରାଜମାନ
 ଆଛେ, ବେଦଚତୁଷ୍ଟୟ ଉହାର ଚତୁର୍ଥପାଦ (ଚାରିଟା
 ପାୟା) ରୂପେ ଅବସ୍ଥିତ, ତତ୍ତ୍ୱପରି ଉପନିସଂ-
 ସମୂହ ବିକୃତ, ତତ୍ତ୍ୱପରି ପୁରାଣ ଓ ଆଗମସମୂହ
 ମୁଖକର ଆଚ୍ଚରଣରୂପେ ଆକୃତ ରହିଯାଛେ ;
 ଗୋକ୍ତୀରସଦ୍ୱ୍ୟା ଧବଳାକୃତି ମହାଯୋଗୀ ଭଗବାନ
 ନିର୍ବାଣିବ ଗଜାସନୋପରି ଉପବେଶନପୂର୍ବକ ଉକ୍ତ
 ପାଦପୀଠେ ପଦଦ୍ୱୟ ରକ୍ଷା କରିয়া ଉପବିଷ୍ଟ
 ଆଛେନ । ବିଶ୍ୱନିୟନ୍ତା ନିର୍ବାଣିବ ତଥାୟ
 ନର୍କୋଂକର୍ଷସମ୍ପନ୍ନ ଶୋଭନବର୍ଷଦେଶୀୟ ଘୁବାପୁରୁ-

ମନ୍ଦସ୍ଥିତସୁଚାରୀନ୍ତୋ ହ୍ୟଷ୍ଟବର୍ଷବୟଃ ପ୍ରଭୁଃ ।
 ଦଧାର ଉରସା ଯାମାଂ ମଣିକ୍ରଦାକ୍ଷକରିତାମ୍ ॥୧୨୧॥
 ବିଭ୍ରାଣ ଉପବୀତଂ ଚ କର୍ମକାରସମହାତିଃ ।
 ସୁରଭ୍ରକୁଣ୍ଡଲୋ ଦେବଃ କିରୀଟକନକାଧରଃ ॥ ୧୨୨॥
 ନାନାଭୂଷଣସଂସୃକ୍ତୋ ନାନାଗନ୍ଧବିଲେପନଃ ।
 ବାମାକ୍ଷରୁଟଗିରିଜୋ ବୀକ୍ୟାମାନ୍ତଦାନନମ୍ ॥୧୨୩॥
 ମୁକ୍ତାଂ ନକ୍ଷତ୍ରଧୀଂ ବାଲାଂ ନବଯୋବନଶୋଭିତାମ୍ ।
 ଭୃଷିତାଂ ଚାର୍ମକର୍ମାକ୍ତୀଂ ବିଭ୍ରତୀଂ କନକାଧରଃ ॥
 ଆଲିଙ୍ଗ୍ୟ ବାମେନ କରେଂ ଦେବୀଂ
 ଦକ୍ଷେଂ ତତ୍ତ୍ୱା ମୁଖସ୍ପର୍ଶୟା ।
 ସ୍ପୃଷ୍ଟ୍ୱା ଶିରୋ ବାମକରେଂ ତତ୍ତ୍ୱା
 ଦକ୍ଷେଂ କୁର୍ମଂସ୍ତିଳକକ୍ଷ ଦେବଃ ॥ ୧୨୪॥

ଉକ୍ତିବୃଦ୍ଧୟତେ ଦେବଂ ପ୍ରଣବବ୍ୟାଜନେନ ଚ ।
 ପୂଜା କାନ୍ତାପି କୁସୁମେନ୍ଦ୍ରାଳା ଦେବୀୟ ବିଭ୍ରତୀ ।
 ଜ୍ଞପ୍ତିବିସ୍ମୃତିକ୍ରିମିତେ ବିଭ୍ରତ୍ୟୋ ଯୋଗଠାଗରେ ।
 ସମାଧିଃ କାର୍ଯ୍ୟକର୍ତ୍ତାସ୍ୟ ଧାରଣା ଯୋସିଦନ୍ୟା ଚ ।
 ଯମାଞ୍ଚ ନିୟମାଟ୍ଟେବ କିଞ୍ଚରାନ୍ତସ୍ୟ କୀର୍ତ୍ତିତାଃ ।

ସେର ଶ୍ରୀୟ ଉପବିଷ୍ଟ ଆଛେନ ; ତିନି ମନ୍ଦସ୍ଥିତ-
 ବିଭ୍ରାଣ ଉପବୀତ, କର୍ମକାର ବଦନ, କର୍ମବିଳାସିତ ମଣି-
 କ୍ରଦାକ୍ଷକରିତ ଯାମା, କର୍ମକାର-କୁସୁମହାତି-
 ଶୋଭିତ ଯଜ୍ଞୋପବୀତ, ସୁରଭ୍ରକୁଣ୍ଡଳ, କିରୀଟ,
 କନକାଧର ପ୍ରଭୃତି ନାନାବିଧ ଭୂଷଣ ଏବଂ
 ସର୍ବାଙ୍ଗେ ମୁଖାଦି ବିଲେପନ ଧାରଣପୂର୍ବକ
 ବାମାକ୍ଷସ୍ଥିତ-ଗିରିଜାବଦନେ ଶକ୍ତଦୃଷ୍ଟି ହୈହୀ
 ରହିଯାଛେନ । ୧୧୮—୧୨୩ । ଭଗବାନ ଅତି
 ସୁନ୍ଦରୀ, ନକ୍ଷତ୍ରଧୀ, ନବଯୋବନସମ୍ପନ୍ନା, ସର୍ବା-
 ଭୂଷଣଭୂଷିତା, ଶ୍ୱର୍ଣ୍ଣକମଳଧାରିଣୀ ଚାର୍ମକ୍ତୀ ବାଲା-
 ରୁପିଣୀ ଗିରିନନ୍ଦିନୀକେ ବାମାକ୍ଷେ ଆଲିଙ୍ଗନ
 କରିয়া ବାମହସ୍ତ ଘରା ଦେବୀର ମୁଖକ ଧାରଣ ଓ
 ଦକ୍ଷିଣହସ୍ତ ଘରା ଉହାର ମୁଖ ଉତ୍ତମିତ କରିয়া
 ତତ୍ତ୍ୱୀୟ ଲଳାଟେ ତିଳକ ନାମ କରିତେଛେନ ।
 ତତ୍ତ୍ୱଦେବୀ ପ୍ରଣବରୂପ ବ୍ୟାଜନ ଘରା ଭଗବାନେର
 ଅକ୍ଷେ ବାୟୁ ସଂକ୍ଷାଳନ କରିତେଛେନ ; ପୂଜାଦେବୀ
 ଭଗବାନେର ଉଦ୍ଦେଶେ କୁସୁମହାର ବିରଚନ
 କରିତେଛେନ ; ଜ୍ଞପ୍ତି ଓ ବିରଜିନୀରୀ ବନିତା-
 ଦ୍ୱୟ ଜ୍ଞାନଯୋଗ ଓ କର୍ମଯୋଗରୂପ ଚାୟନ୍ଦ୍ର
 ଧାରଣ କରିତେଛେନ, ସମାଧି ଭଗବାନେର

প্রাণায়ামঃ পুরোধাত্ত প্রত্যাহারঃ সুবর্ণধ্বং ।
 ধ্যানক জ্বিণাধ্যক্ষঃ সত্যং সেনাপতিস্তথা ।
 ব্রহ্মপ্রভৃতি কীটান্তাঃ পশবস্তৎপতিঃ শিবঃ ।
 পশূনাং পালকো ধর্ম্মঃ স্যাদধর্ম্মশ্চ তক্ষরঃ ।
 মায়াপাশেন ত্তে বন্ধা যোচনৌ কাশিকামৃতিঃ ।
 নানাবিধাশ্চ প্রমদা দেবদেবমুমাপতিম্ ।
 এতাদৃশমুমানাধঃ কোটিজন্তুরম্মরং ॥ ১৩৫ ॥
 ইষ্টান ভোগানবাধ্যাথ শিবলোকে মহীয়তে
 ব্রহ্মবিষ্ণুমহেশ্বাদ্যাস্তৎপুরদ্বারপালকাঃ ॥ ১৩৬ ॥
 লক্ষ্মীসরস্বতীদেব্যৌ দেহল্যার্চন উক্ষিতৌ ।
 নিযুক্তে দেবদেস্ত দেবাশ্চ সুস্বযোষিতঃ ॥
 দাস্যৌ দেবাঃ সমস্তাশ্চ দাসা যস্ত মহান্বনঃ ।
 এতাদৃশং মহাশৈলমিক্ষাকুঃ সন্দদর্শ হ ॥ ১৩৮ ॥

হুনিং প্রণম্য জাবালিমিদমাহ বচস্তদা ।
 গম্ভকামো মহাশৈলঃ ন শক্তোহস্মি ন
 বা মুনে ॥ ১৩৯ ॥
 ময়ায়ুরঙ্গং কথিতং যমেন জ্ঞানিনা পুরা ।
 নরকশ্চ বহুঃ প্রোক্তঃ কথং শ্রেয়ো ভবিষ্যতি
 জাবালিক্রবাচ ।
 ময়াপি সর্কমেতস্তে জাতং দিব্যেন চক্ষুষা ।
 আর্দ্রদশদিনং ব্রহ্মন বিদ্বানপি ন ধর্ম্মকৃৎ ॥ ১৪১ ॥
 ন তপস্তে হনন্ত্যাসান চ যোগোহল্পকালতঃ ।
 ন দানং ত্রিণাভাবাদসামর্ধ্যাস্তথাইণা ॥ ১৪২ ॥
 ন যজ্ঞো ন ব্রতং পূর্ত্তং ন চ পুণ্যমনাযুযঃ ।
 ন চাধ্যাপনতীর্থাদিসেবা কালবিরোধতঃ ॥ ১৪৩ ॥
 তস্মাৎপাপনাশায় প্রায়শ্চিত্তং ন বিদ্যতে ।
 গতিপ্রদং তথা ধর্ম্মং গচ্ছ বা তিষ্ঠ বা মুনে ॥

কার্যকর্তা, ধারণা সমাধির পত্নী; যম ও
 নিয়মসমূহ তাঁহার কিঙ্কর বলিয়া কথত;
 প্রাণায়াম তাঁহার পুরোহিত ও প্রত্যাহার
 সুবর্ণধারী স্বরূপ; ধ্যান ধনাধ্যক্ষ এবং সত্য
 সেনাপতিরূপে কার্য করেন; কাটপতঙ্গাদি
 হইতে ব্রহ্মা পর্যন্ত জীববৃহ পশুবৎ এবং
 ভগবান্ শিব তাহাদিগের পতিরূপে বিরাজ-
 মান। ধর্ম্ম পশুগণের পালক ও অধর্ম্ম
 তক্ষররূপে অবস্থান করিতেছেন। পশুগণ
 সকলেই মায়ারজ্জু দ্বারা বন্ধ এবং কালী-
 মৃত্যুই তাহাদিগের বন্ধনমোচনের উপায়।
 ব্রহ্মা দয়া অহিংসা প্রভৃতি উত্তমা জৌগণ
 দেবদেব উমাপতির পরিচর্যা করিতেছে।
 কোটি কোটি জন্তু এতাদৃশ উমাপতির
 অল্পসরণ করিয়া থাকেন। তাহার শিব
 রূপায় অভিলাষাক্রমণ বহুভোগ্য বস্তুর
 ভোগানন্তর অস্তে সুধামশিবলোকে বাস
 করে; ব্রহ্মা বিষ্ণু মহেশ্ব প্রভৃতি দেবগণ,
 শিবপুরীর দ্বারপালরূপে নিযুক্ত আছেন।
 ১২৮—১৩৭। লক্ষ্মী ও সরস্বতীদেবী
 শিবপুরীর গৃহদ্বারসমূহের মার্জনকার্যে
 নিযুক্ত আছেন, অস্তান্ত দেবদেবীগণ
 মহাশক্তি উমাপতির দাসত্বে নিযুক্ত আছেন;
 সেই দ্বিজ ইক্ষাকু এতাদৃশ মন্দরশৈল

সন্দর্শন করিলেন। অনন্তর ইক্ষাকু মহর্ষি
 জাবালিকে প্রণামপূর্ব্বক কহিলেন,—হে
 মুনে! আমি মহাশৈল মন্দরে যাইতে
 ইচ্ছা করিলেও সমর্থ হইতেছি না; যেহেতু
 ইতিপূর্বে মহাজ্ঞানী যমরাজ আমাকে
 কহিয়াছেন যে, তোমার আয়ুর অল্পমাত্র
 অবশিষ্ট আছে এবং তুমি বহু নরক ভোগ
 করিবে; অতএব যাগতে আমি শ্রেয়ঃ লাভ
 করিতে পারি তাহার বিধান করুন। মহর্ষি
 জাবালি তদ্বাক্য শ্রবণানন্তর কহিলেন,—
 দ্বিজ! আমি দিব্যচক্ষু দ্বারা তোমার সকল
 বিষয় জ্ঞাত হইয়াছি তোমার আয়ুর আর
 দশদিনমাত্র অবশিষ্ট আছে, তুমি বহুশত্রে
 পণ্ডিত হইলেও কখন কোন ধর্ম্ম কার্যের
 অমুষ্ঠান কর নাই। কখন অল্প কালের
 জন্তুও তপস্বী বা যোগাভ্যাস কর নাই।
 যনের ও সামর্থ্যের সত্তাব সত্ত্বেও দান,
 যজ্ঞ, ব্রত,পূর্ত্তকর্ম্ম (কুপাদিপ্রতিষ্ঠা) ও অদীত
 শাস্ত্রাদির অধ্যাপনা এবং তীর্থাদিতে গমন
 না করিয়া এক্ষণে আয়ুর শেষাবস্থায় উপ-
 নীত হইয়াছ। তদ্বক্তে আমি তোমার
 পাপনাশের উপযুক্ত প্রায়শ্চিত্ত দেখিতেছি

ইক্ষাকুকবাচ ।

যাবজ্জীবং প্রতিজ্ঞায় ক্রিয়তে যো ব্রহ্মো বিজ
তেন পাপপরীহারো ভবিষ্যতি স্মুনিশ্চিতম্ ।
তদযেন ধর্ম্মচর্ষণেণ মম পাপং প্রণশ্চতি ।
কেন বা পুণ্যযোগেন স্বর্গাতিশ্চ ভবিষ্যতি ॥
শরণং ভব বিপ্রর্ষে নরকাদতি বিভ্যতঃ ।
সর্ব্বধর্ম্মফলং প্রাপ্তঃ শরণাগতপালনম্ ॥ ১৪৭
জাবালিকুব্বাচ ।
সত্যং স্বল্পেন কালেন ন তাদৃশ্ভাভ্যতে ব্রহ্মঃ
অমৃতে বনৃতে শকাঃ বক্তুঃ স্বপ্নাস্তবষপি ।
রহস্যমেকং কিকিল্লু যন্ত কস্তাপি নোচ্যতে ॥
ইক্ষাকুকবাচ ।
শরণং পালয় যুনে কালো মে নির্গমিষ্যতি ॥
জাবালিকুব্বাচ ।
মম প্রণাধিকং বিপ্র রহস্যং শ্রুতিচোদিতম্ ।

শিবলিঙ্গার্চনং নাম ব্রহ্মাদিভিরনুষ্ঠিতম্ ॥১৫০
সমস্তপাপশমনং সর্কৌপদ্রবনাশনম্ ।
ভুক্তিমুক্তিপ্রদং তস্মাচ্ছিবপূজাং সমাচর ॥১৫১
নাতিক্রামেদৃশদি যুনে শিবলিঙ্গার্চনং শুভম্
যঃ শঙ্কুপূজাং বিচ্ছিন্দ্যান্তেন চিহ্নঃ
হি মে শিরঃ ॥ ১৫২
বয়ং শূলবিনিক্ষেপো বয়ং শাস্ত্রলিকর্ষণম্ ।
বয়ং প্রাণপরিভ্যাগো নৈব পূজাব্যতিক্রমঃ ॥
বয়ং বহিঃপ্রপতনং বরঞ্চাধঃ শিরঃ কৃতম্ ।
বয়ং স্বমলভুক্তির্কীর্ষা নেশপূজাব্যতিক্রমঃ ॥১৫৩
অপূজয়িত্বা চেশানং যো হি ভুঙক্তে নরাধমঃ
পাপানামরূপাণাং তস্ত ভোজনমুচ্যতে ।
অনুচ্চার্য পদং শক্তোভুঙক্তে যদি চ খাদতি ।
শিবেতি মঙ্গলং নাম যন্ত বাচি প্রবর্ততে ।
তস্মাভবন্তি তস্তাঃ মহাপাতককোটরঃ ॥১৫৬

না। হে বিজ! তোমার কোন সপ্ততিপ্রদ
ধর্ম্ম নাই, অতএব তুমি আমার নিকটে
অবস্থান অথবা অন্তর্ভুক্ত গমন যাহা ইচ্ছা হয়
তাছাই কর। ইক্ষাকু কহিলেন,—হে মহর্ষে!
যাবজ্জীবন প্রতিজ্ঞা কর্ক ধর্ম্মাচরণ করিলে
সেই ধর্ম্ম দ্বারা নিশ্চয় পাপ নাশ হয়।
যে ধর্ম্মচর্চ্যা দ্বারা আমার পাপসমূহ নষ্ট
হইবে এবং যে পুণ্যযোগ দ্বারা আমার
স্বর্গে স্থিতি হইবে, তদ্রূপদেশ দ্বারা আমাকে
কৃতার্থ করুন। হে বিপ্রর্ষে! আমি বিষম-
নয়কভীতি হেতু আপনার শরণাপন্ন হই-
লাম; পণ্ডিতগণ শরণাগতপালনকে সর্ব্ব-
ধর্ম্মের সার বলিয়া বর্ণন করিয়াছেন। ১৩৮
—১৪৮। জাবালি কহিলেন,—হে বিজ!
যদিও তাদৃশ সপ্ততিদায়ক কোন ধর্ম্ম স্বল্প
কালে লব্ধ হইতে পারে না, ইহা সত্য;
তথাপি আমি তোমাকে সংক্ষেপে একটি
অতিশুভ সত্য ধর্ম্মোপদেশ দিতে পারি,
যাহার কিছুমাত্র অশ্রের নিকটে প্রকাশ
করিলে না। ইক্ষাকু কহিলেন,—হে যুনে!
শরণাগতের রক্ষা করুন, আমার আয়ু
অতি সত্ত্বর নিঃশেষিত হইবে। জাবালি

কহিলেন,—হে বিপ্র! ব্রহ্মাদিদ্বারা অনু-
ষ্ঠিত, বেদবিহিত, শিবলিঙ্গার্চননামক অতি
শুভধর্ম্ম আমার প্রাণ অপেক্ষা প্রিয়; উহা
সর্ব্ববিধ পাপ উপদ্রব নষ্ট করিয়া নানাবিধ
ঐহিক সুখ ও মুক্তি প্রদান করিয়া থাকে।
অতএব তুমি শিবপূজারূপ ধর্ম্মাচরণ কর।
হে বিজ! কদাচ এই শুভদায়ক শিব-
পূজার অন্তর্থা করা উচিত নহে; যে
মানব এবভুত শিবার্চনের ব্যতিক্রম উৎ-
পাদন করে, সে নিশ্চয়ই আমার শিরশ্ছেদন
করে। শিবপূজা পরিভ্যাগরূপ ঘোর
মহাপাতক অপেক্ষা স্বীয় অঙ্গে শূল নিক্ষেপ
শাস্ত্রলীকণ্টক ধর্ষণ অথবা প্রাণ পরিভ্যাগও
শ্রেষ্ঠ। বহিঃপ্রবেশ, অধঃশিরা হইয়া অব-
স্থান, অথবা স্বমল ভোজনও শিবপূজা-
ব্যতিক্রম অপেক্ষা শুভকর। যে নরাধম
শিবপূজা না করিয়া বা শঙ্কুর নাম উচ্চা-
রণ না করিয়া অন্নাদি ভক্ষণ করে, তাহার
সেই অন্নাদিকে পাপ বলিয়া যায়; যে বাক্য
দ্বারা শিব এই মঙ্গলময় নাম উচ্চারণ
করে, তৎক্ষণাৎ ঐ নামাঙ্গি দ্বারা তাহার

শিবঃ প্রদক্ষিণীকৃত্য যো নমস্তুতি মানবঃ ।
 তুমেঃ প্রদক্ষিণং কৃত্বা যন্তং পুণ্যমবাধুয়াৎ ।
 প্রদক্ষিণজয়ং কৃত্বা নমস্কারং চ পঞ্চধা ।
 পুনঃ প্রদক্ষিণং কৃত্বা নত্যা যুচ্যেত পাতেকৈঃ ।
 সৰ্ব্ববাদ্যানি যঃ কুৰ্ব্ব্যাৎ কারয়েষা শিবাগরে ।
 বলেন মহতা যুক্তো বেদসেবাজ জায়তে ॥১৫
 শ্রাবয়েদ্বঃ পুরাণানি দেবদেবং ত্রিলোচনম্ ।
 সৰ্ব্বপাপবিনশ্বুক্তো বসেচ্ছিববশে কৃতৌ ।
 তং নিত্যমাদরেণেশো বক্তি বাক্যং প্রিয়ং
 সঙ্গ। ১৬১

এতৎসংক্ষেপতঃ শ্রোক্তমীশপূজনসুত্তমম্ ।
 অন্নায়ুশ্চ ভবান্ বিপ্র শিবপূজনমাচর ॥ ১৬২
 ত্রিকালং বা দ্বিকালং বা এককালমথাপি বা ।
 যামং যামার্কিনমথবা শিবপূজনমাচর ॥ ১৬৩
 বানপ্রস্থঃশ্রমো ত্বা বানপ্রস্থকৃত্যশ্রয়ঃ ।

বানপ্রস্থঃশ্রমেনশ্চ প্রাতঃ পূজয় শঙ্করম্ ॥ ১৬৪
 ত্রীকলেঃ শতপট্টৈশ্চ পদ্মসোগজিতৈরপি ।
 নীটৈর্জপাতিঃ পুরাণৈঃ করবীটৈশ্চ পাটলৈঃ
 তুলস্যা চ রবিদলৈরপরাঞ্জিতয়া তথা ।
 অপার্বার্গদলে কুঞ্জলটীধমনকেন চ ॥ ১৬৬
 সর্কৈরেন্তিঃ সমকলেবিশ্বপট্টৈশ্চ ধৃত্তকৈঃ ।
 দ্রৌণৈঃ শিরীষৈঃ শট্টৈশ্চ দুৰ্ব্বা কোরকৈরপি
 নন্দ্যাবর্ভৈরকঠৈশ্চ ত্রিলমিষ্টৈশ্চ কেবলৈঃ ।
 অট্টৈরপি বধাশক্তি প্রাতঃ সম্পূজয়োচ্ছিবম্ ।
 কর্ণিকারৈশ্চ সৌবর্ণৈর্দুৰ্ব্বৈরপি শিবার্চনম্ ।
 মুকুলৈর্দার্ভৈরদেবং চম্পকৈর্জলজং বিনা ।
 জলজানঞ্চ সর্কৈবাং পত্রাণামকতন্ত চ ।
 কুশপুষ্পং রক্তমুৰ্ব্বকৃত্তমোরপি ॥ ১৭০
 অতৎ কৃত্বা বধা যন্তু তৈলপকং ভবেমুপ ।
 ন তৎপশু্যবিতং শ্রোক্তমপূপাদি গমিষ্যতি ।
 উক্তিভ্যং যৎকলাযুক্তং তৈলকারণারঞ্জরকৈঃ ।
 জলে তৎপ্রোক্তিতং মূলকলশাকাদিকং নৃপ ।

কোটিমহাপাতক ভস্মীভূত হয়; শিবমূর্তি
 প্রদক্ষিণপূর্বক নমস্কার করিলে যে পুণ্য লব্ধ
 হয়, শিবাবিষ্ঠিত ভূমির প্রদক্ষিণ দ্বারাও সেই
 পুণ্য লব্ধ হয়; প্রদক্ষিণক্রমানন্তর অষ্টীকাদি
 পঞ্চবিধ প্রণাম দ্বারাও সেই পুণ্য লব্ধ হইতে
 পারে। ১৪৯—১৫৮। পুনর্বার প্রদক্ষিণ
 করিয়া নমস্কার করিলেই পাতকসমূহ হইতে
 মুক্তি লাভ করিতে পারে। যে মানব শিবা-
 লয়ে নানা প্রকার বাধ্য করে বা করায়, সে
 অতীব বলশালী হইয়া বেদসেবী ব্রাহ্মণরূপে
 পৃথিবীতে জন্ম গ্রহণ করে। যে মানব
 দেবদেব ত্রিলোচনকে পুরাণসমূহ শ্রবণ
 করান, সেই পুণ্যবান্ ব্যক্তি সৰ্ব্বপাপবিন-
 শ্বুক্ত হইয়া শিবলোক বাস করেন। ভগবান্
 মহাদেব তাহাকে সৰ্ব্বদা সাদরে প্রিয় সম্ভাষণ
 করিয়া থাকেন। হে বিপ্র! এই আমি
 তোমার নিকট সৰ্ব্বশ্রেষ্ঠ শিবপূজার বিষয়
 সংক্ষেপে বর্ণন করিলাম, তোমার আয়ু
 অতি অল্পই আছে; অতএব পাপকয়ের
 নিমিত্ত শিবপূজনে রত হও। দিবসের
 ত্রিকাল, দ্বিকাল, এককাল বা একপ্রহর
 অথবা প্রহরার্ধব্যাপক পূজার আচরণ কর।

ভূমি বানপ্রস্থঃশ্রম ও বাণপ্রস্থধর্ম অবলম্বন-
 পূর্বক প্রাতঃকালে পলাশপুষ্পসমূহ দ্বারা
 শঙ্করের পূজা করিবে। ত্রীকল, শতপট্ট
 (পদ্ম), পদ্মসোগজিক, কদম্ব, জপা,
 পুরাণ, করবীর, পাটল, তুলসী, রবিদল,
 অপরাঞ্জিতা, অপার্বার্গদল, কুঞ্জলটী (লতা-
 বিশেষ), বিষপাত্র, ধৃত্তক (ধূতলা),
 দ্রোণ, শিরীষ শক্ত, দুৰ্ব্বা, কোরক,
 নন্দ্যাবর্ভ ও ত্রিলমিষ্টিত আতপ ততুল,
 এই সকল দ্রব্য সমকলদায়ক। সাধারণ-
 সারে উক্ত দ্রব্যসকল এবং অস্তান্ত দ্রব্য
 সংগ্রহ করিয়া প্রাতঃকালে শিবপূজা করিবে।
 স্বর্ণকর্ণিকার ও স্বর্ণদুৰ্ব্বাদ্বারাও শিবপূজা
 করা যায়; কোন প্রকার মুকুল ও চম্পকদ্বারা
 শিবপূজা করিবে না; জলজ সর্ষপ্ৰকার পত্র,
 অক্ষত, কুশপুষ্প স্বর্ণ ও রক্তপুষ্প দ্বারা
 শিবপূজা হইতে পারে। হে রাজন!
 পূজাতে তৈলপক অপূপাদি (পিষ্টক) উপ-
 দ্বায় দেওয়া বাইতে পারে, কিন্তু উহা পশু-
 বিত (বাসি) হইলে হইবে না। তৈল

ন চ পযু্যুযিতং প্রোক্তং গঙ্গাতোয়ঞ্চ সাগরম্ ।
 মহানদীজলং সৰ্ব্বং কেদারজলমেব চ ॥ ১৭০
 হৃদয়পেণ বতীৰ্ণং কুপতীৰ্ণেন রাঘব ।
 তড়াগবাপীসরসাসং কুপেনাপাঞ্চ বভবেৎ ॥ ১৭১
 ততীৰ্ণতোয়ং সৰ্ব্বঞ্চ ন চ পযু্যুযিতং ভবেৎ ।
 ন রাজৌ জলমাহার্ণাং দিবা সম্পাদয়েজ্জলম্ ।
 শস্ত্রমেতৎ তথা ধাৰ্য্যং ন চ পযু্যুযিতং হি তৎ
 এবং বিদিত্বা পূজাং ত্বং শিবলিঙ্গে সযাচয় ॥
 শঙ্করবাচ ।
 এবমুক্তোহর্থ মুনিনা ইক্ষাকুবীক্ষণপ্রিয়ঃ ।
 শিবপূজাপরো কুত্বা দিনাষ্টকমতিষ্ঠত ॥ ১৭৭
 নবমেহৎ দিনে প্রাপ্তে প্রাতঃকালে কৃতার্চনঃ
 মরণাবসরে প্রাপ্তে শিবপূজাং বিধায় সঃ ।
 স্বান্ প্রাণাহুপহারায় তত্যাট্জৈব মহেশিতুঃ ।
 যুতং তমর্থ বিজ্ঞায় যমদূতাঃ সমাগতাঃ ॥ ১৭৯
 যমলোকপ্রাপকা বে বহুমান্ভায় তস্থিরে ।

কার অন্ন ও জীরকমিশ্রিত কল-মূল ও
 শাকাদি নিবেদনান্তে জলে নিক্ষেপ করিতে
 হইবে। হে রাঘব! গঙ্গাজল, সাগরজল,
 কেদারবাহিনী স্রোতস্বতীর জল এবং যে
 সকল হ্রদ, কুপ, তড়াগ, বাপী ও সরোবর
 ভৌরুপে পরিগণিত আছে, তৎসমূহের
 জল পযু্যুযিত হয় না। পূজার্ন জল দিবা-
 ভাগে আহার্য করিবে, রাত্ৰিতে সংগ্রহ
 করিবে না। সদ্যঃসংগৃহীত জলই গ্রাহ্য,
 পযু্যুযিত বায়ি অগ্রাহ্য। হে বিপ্র! তুমি
 এই সকল বিষয় সম্যক্ জ্ঞাত হইয়া শিবলিঙ্গ
 পূজনে রত হও। শঙ্কু কহিলেন,—হে
 রাম! সেই ব্রাহ্মণপ্রিয় ইক্ষাকু, জাবালি
 কর্তৃক এবম্প্রকারে উপদিষ্ট হইয়া অষ্টাহকাল
 শিবপূজা দ্বারা অতিবাহিত করিল। অনন্তর
 নবমদিনে প্রাতঃকালে শিবার্চন সম্পন্ন
 করিয়া যুত্য় সন্নিকট ভাবিয়া অবসর বুঝিয়া
 স্বজীবন উপহার দ্বারা শিবপূজাপূর্বক দেহ
 ত্যাগ করিল। তাহাকে যুত জানিয়া যম-
 দূতগণ তৎসমীপে আগমন করিল। যম-
 দূতগণ ইক্ষাকুকে নরলোকে লইয়া যাঁইবার

শৈবাশ্চাপি সমারাতা দূতা বহুবুধাভয়ঃ ॥ ১৮০
 তেষামন্তোক্তবান্দোহুচুয়ামকে। রামকথ্যতি ।
 অথবা যোক্ষপাণিক শিবদূতমথাদিয়ম্ ॥ ১৮১
 অথ বহিমুখঃ ক্রুদ্ধো যতদূতশতং তমঃ ।
 মহাকাশস্তথা কুত্বা গৃহীত্বা চ কয়েণ তৎ ॥ ১৮২
 শিরাংসি চ ভৈধৈকেনাপীড়্য চিচ্ছেদ শম্পবৎ
 মায়রিত্বা ততো দূতানাঢ়ায়েক্ষাকুমভ্যাগাৎ ।
 নিবেদয়ামাস চ তং বীরভজ্ঞায় ধীমনে ।
 স চাপি শঙ্করায়ার্থ তং প্রাহ চ মহেশ্বরঃ ॥ ১৮৪
 শুয়াষ্টদিনপূজৈব কৃতা কৃশা দিনে দিনে ।
 স্বমলিন্দঃ পুরা মাঞ্চ লিঙ্গং শিলাগ্রমিত্যুত ।
 তেইনৈব পাপযোগেয় শিল্পচক্রো ভবিষ্যসি ।
 শিলাগ্রো বিবরং চক্রং জিহ্বানাসাদিবর্জিক্ ।
 পূর্বং মন্নামবতৃষ্ণাষক্তাচাপি ভবিষ্যসি ।
 অধেশবচনাৎ সোহপি তথাভূতোহভবৎক্ষণাৎ

নিমিত্ত উদ্যোগ করিতেছে, এমত কালে
 বহুবুধাদি শিবদূতগণ তথায় উপস্থিত হই-
 লেন। তখন শিবদূত ও যমদূতগণের মধ্যে
 ইক্ষাকুর অধিকার লইয়া পরস্পর বাদাহু-
 বাদ হইতে লাগিল এবং যমদূতগণ ক্রুদ্ধ
 হইয়া যোক্ষপাণি শিবদূত বহিমুখকে প্রহার
 করিল। অনন্তর শতযমদূতসদৃশ ক্রোধী
 বহিমুখ ক্রুদ্ধ হইয়া বৃহৎ শরীর ধারণপূর্বক
 এক হস্ত দ্বারা ইক্ষাকুকে গ্রহণ ও অপর হস্ত
 দ্বারা যমদূতগণের মস্তকসমূহ ত্তপবৎ ছেদন
 করিয়া কৈলাসে আগমন করিলেন এবং
 তাবৎ বৃহত্তম ধীমান্ বীরভজ্ঞের নিকট বর্ণন
 করিলেন; বীরভজ্ঞও ইক্ষাকুবিষয়ক বৃহত্তম
 শিবের গোচর করিলেন। বীরভজ্ঞের
 বাক্য শ্রবণানন্তর মহেশ্বর ইক্ষাকুর প্রতি
 কহিলেন,—তুমি দিন দিন ক্রীণ হইয়া অষ্ট-
 দিন মাত্র আমার পূজা করিয়াছ,—কিন্তু
 পূর্বে শিবলিঙ্গ, ‘শিল্পের অগ্রভাগ’ এই কথা
 বলিয়া আমার নিন্দা করিয়াছ, সেই পাপ-
 যোগ দ্বারা শিল্পচক্রে হইবে, তোমায় শিল্পের
 অগ্রভাগে বিবর ও চক্রে হইবে এবং তোমায়
 জিহ্বা ও নাসিকাদি থাকিবে না। পূর্বে

শঙ্করবাব ।

য ইদং শৃণুয়ারিত্যং পুরাণাখ্যানমুক্তম্ ।
বিমুক্তপাপবন্ধশ্চ শিবভক্তো ভবিষ্যতি ॥১৮৮
স যাতি চ শিবস্থানে বক্তা চাপি তথা ভবেৎ
যশ্চ বক্তি কথামেনাং হরেশ সদৃশো ভূবি।১৮
উক্তা কথামিমাং পূর্বমধীয়ো নাম ভূমিপঃ ।
স্বর্গং স গত্যবান্ রাজা কৃতপাশোহ্থ ভার্যয়া
ইতি ঈশাম্যে পাতালখণ্ডে বিষ্ণুতিমাহাশ্র্যে
বহুযষ্টিতমোহধ্যায়ঃ ॥৬৬॥

সপ্তবষ্টিতমোহধ্যায়ঃ ।

ঈরাম উবাচ ।

অয়মারশিখো নাম বহিঃ শিবগণঃ শুচিঃ ।
স কথং তাদৃশো ভূতন্তয়ে বদ নমস্তব ॥ ১
শঙ্করবাব ।

অয়মাসীৎ পুরা কশিৎ কজিয়ঃ ক্রোধনঃ সদা

আমার নাম বলিতে বলিয়া বাকশক্তির
অভাব হইবে না। ইক্ষু শিববাক্যান্তে
তৎকথাং তজ্জপ প্রাপ্ত হইল। ১৫২—১৮৭ ।
শঙ্কু কহিলেন,—যে প্রতিদিন এই পবিত্র
পুরাণাখ্যান শ্রবণ করে, সে সমুদয় পাপবন্ধন
হইতে মুক্ত হইয়া শিবভক্তরূপে বিচরণ
করে, এবং অস্ত্রে পুরাণবক্তার সহিত
একত্রে শিবলোকে বাস করে; যে ব্যক্তি
পৃথিবীতে এই শিবমাহাত্ম্যবিষয়ক কথা
কীর্তন করেন, তিনি শিবজুলা হন। পূর্ব-
কালে অধীরনামক রাজা পাপকারী হইলেও
শিবমাহাত্ম্য কীর্তন দ্বারা নিপ্পাপ হইয়া
ভার্য্যার সহিত স্বর্গে গমন করিয়া-
ছিলেন। ১৮৮—১২০ ।

বহুযষ্টিতম অধ্যায় সমাপ্ত ॥ ৬৬ ॥

সপ্তবষ্টিতম অধ্যায় ।

ঈরাম কহিলেন,—ঐ পবিত্রবক্তাব
বহুমুখনামক শিবভূত কিরূপে বহুমুখ হইল,
তাহা আমাকে বলুন। আমি আপনাকে
নমস্কার করি। শঙ্কু কহিলেন,—এই বহু-

মষ্টভার্য্যো নষ্টসেনো নষ্টরাত্ৰৌহস্তি হুঃখিতঃ ।
লক্ষা লুলাপখিতয়ং ক্রিৎ চক্রে সবাংস্রৈঃ ।
ঋগেন মহতা যুক্তঃ পুনশ্চাতীয হুঃখিতঃ ॥ ৩
পুনশ্চ হুঃখিতো রাজা লর্পেণ সূতনাশনাৎ ।
তথাভূক্তো মহীপালস্তত্যাক ক্রিমিপ্যাত ॥ ৪
পরিত্যজ্য সূক্তো চাপি ত্যক্তাচারো কথোদ হ
সূক্তাবথ সমাগম্য প্রাহতুঃ পিত্তরস্বিদম্ ॥ ৫ ॥
পুত্রোব্যচতুঃ ।

কিমর্ধং কল্যতে তাত নষ্টৌ নাযান্তি রোদনাৎ
শরীরশোষণায়ার্থ শোকস্তেহস্য ভবিষ্যতি ॥৬
শোকেন চক্ষুযী নষ্টে কঠৌ নষ্টস্তথা তব ।
অমুঠানং তথা নষ্টং কিমর্ধং পরিত্যপ্যসে ॥৭

মুখ পূর্বজন্মে এক কজিয় হইয়া জন্ম গ্রহণ
করিয়াছিল, সেই কজিয়জন্মে এ সর্পদা
ক্রোধী ছিল, ভার্য্যা রাজ্য ও সৈন্য সকল
নষ্ট হওয়ার সে অতিশয় হুঃখিত হইয়া দুইটা
মহিষ সংগ্রহপূর্বক তিনটা পুত্রকে সঙ্গে লইয়া
কৃষি করিতে আরম্ভ করিয়াছিল। রাজা
হইয়া এইরূপ কৃষিকর্মে প্রবৃত্ত হইল, কিন্তু
তাহাতেও তাহার কোনরূপ অর্থার্জন হইল
না, পরন্তু ঋণজালে জড়িত হইয়া একান্ত
বিপন্ন হইয়া পড়িল; হুর্ভাগ্যক্রমে একটা
পুত্রও সর্পদষ্ট হইয়া প্রাণত্যাগ করিল।
এইরূপ দুঃখবস্থার পতিত হইয়া সেই রাজা
অতি হুঃখে কৃষিকর্মও পরিত্যাগ করিল।
পরে সে পুত্রদ্বয়ের উপরেও স্নেহ-মমতা
ত্যাগ করিয়া অনাচারে থাকিয়া কেবল
রোদন করিতে লাগিল। অনন্তর পুত্রদ্বয়
পিতার নিকটে গিয়া সাহায্য করিতে
লাগিল। ১—৫। পুত্রদ্বয় কহিল,—পিংঃ!
আপনি রোদন করিতেছেন কেন? যে
গিয়াছে তাহার জন্ত রোদন করিলে কি
হইবে? আপনার রোদনে সে কিরিয়া
আসিবে না। আপনার এইরূপ রোদনে
কেবল শরীরকেই কষ্ট দেওয়া হইবে।
দেখুন! শোকে আপনার চক্ষুদুইটা নষ্ট
হইয়াছে, বর্গশর রুদ্ধ হইয়াছে, কাজকর্ম

একো নষ্টো ন চায়াতি রক্ষ পঞ্চ স্থিতানহন ।
বহুনাং রক্ষণং পুণ্যমাশ্রিতানাং বিশেষতঃ । ৮
অশ্রাশ্রিতমমুং শক্ং কথং শোচিতুমর্হসি । ৯
পিতোবাচ ।

পুত্রঃ শক্ং কথং পুত্রৌ যুবাং শক্ং তথা চ মে
অত্যন্তসুখিনং পুত্রং কথং শক্ংসত্যবক্তন । ১

সুভাবৃচতুঃ ।

জায়মানো হরেভাৰ্ঘ্যাং বর্ধমানো হরেজনম্ ।
শ্রিয়মাণস্তথা প্রাণাহক্ৰমং কিমতঃ পরম্ । ১১

সমস্তই পরিত্যাগ করিয়াছেন, অতএব
(আমাদের একান্ত অল্পরোধ) আপনি
এরূপে আর শোক করিবেন না। আপ-
নার একটীমাত্র সন্তান নষ্ট হইয়ায়ছে, তাহার
আর কিরিয়্যা আসিবারও সম্ভাবনা নাই;
অতএব তাহার জন্ম আপনি পাঁচটা প্রাণ
নষ্ট করিতে বসিয়াছেন কেন? এই পঞ্চ
প্রাণকে রক্ষা করুন। একটীকে ভ্যাগ
করিয়া বহুকে রক্ষা করায় পুণ্য আছে,
বিশেষতঃ ইহার আপনার আশ্রিত। আপ-
নার সে পুত্র আপনাকে ছাড়িয়া অপরকে
আশ্রয় করিয়াছে, সুতরাং সে আপনার
শক্ং; তাহার জন্ম শোক করিতেছেন
কেন? পিতা কহিলেন,—বৎসহয়! পুত্র শক্ং
কে বলিল? তাহা হইলে ত তোমরাও
আমার শক্ং? পুত্র অত্যন্ত শুভপ্রদ,
তোমরা তাহাকে শক্ং বলিলে কেন? পুত্র-
হয় কহিল,—পুত্র জন্মিয়া ভাৰ্ঘ্যাহরণ করে, *
বুদ্ধি পাইতে পাইতে অৰ্ধহরণ করে, মরিলে

* ভাৰ্ঘ্যাহরণ করে ইহার তাৎপর্য
এই যে—পুত্রোৎপত্তির পর অধিকাংশ
দ্বীপই স্বামীর প্রতি আর তত ভালবাসা
ধাকে না, বিশেষতঃ পুত্র স্বামীর নেহের
পাত্র না হইলে তাহার স্বামীর উপরে
ভালবাসা একেবারেই থাকে না; এক
মাত্র পুত্রেই তাহার ভালবাসা প্রকাশিত
হয়।

যৎসুখঞ্চ ভয়া প্রোক্তং স্পর্শনালিঙ্গনাদিভিঃ ।
দুঃখোদকমিদং রাজন সর্বমেত্তদ্বদামি তে । ১২
প্রসৃতিকালে পুত্রস্ত ভাৰ্ঘ্যানাশবিচারণা ।
জীবিত্যায়ামথো পত্ন্যায়াম্ভনঃ সুখনাশনম্ । ১৩
বোস্তত্বকৌ তু জাতারাং সংযোগো

নোপপদ্যতে ।

আলিঙ্গনপরে গাঢ় স্তম্ভেনাকং পরিপুতে ।
তথাপি যদি সংযোগঃ শিশুরোদনতা স্রিয়াঃ ।
বৃঢ়ং শিশুগতং চিত্তং ভতে ভৈরবস্তমেব চ । ১৫
অথ চেৎপতিতো ভিত্তে মধ্যোমৈথুনমুদগাভিঃ
য়তিমধ্যে তু বিচ্ছেদে দুঃখং কিঞ্চিদস্মিতম্
সর্বকালে পরিমিতে কদাচিত্ত্রতিসম্ভবঃ ।

প্রাণ হরণ করে, ইহা অপেক্ষা পুত্রের শক্ং-
তার পরিচয় আর কি হইতে পারে? হে
রাজন! তবে যে আপনি পুত্রের অঙ্গস্পর্শ
ও আলিঙ্গনাদিতে সুখের কথা বলিলেন,
—তাহা আপাততঃ অল্পভূত হইলেও
পরিণামে দুঃখদায়ক হয়। তাহা আপনার
নিকট বিস্তৃতভাবে বলিতেছি। প্রথমতঃ
পুত্রের প্রসবকালে ভাৰ্ঘ্যানাশের সম্ভাবনা;
পুত্রপ্রসবের পর ভাৰ্ঘ্যা জীবিত থাকিলেও
পূর্ববৎ সহবাসসুখ আর ঘটে না; সন্তান
হওয়ার পরে কিছুদিন ত অন্তচিহ্নানিব-
ন্ধন ভাৰ্ঘ্যাসহবাস ঘটিতেই পারে না, তাহার
পরেও ভাৰ্ঘ্যাকে গাঢ় আলিঙ্গন করিতে
পাইলে তাহার হৃৎপূর্ণ স্তনভার হইতে হৃৎ
ক্ষয়িত হইয়া সর্বাস্ত্রে লাগিয়া যায়। তাহা-
তেও যদি সহবাস ঘটে ত, সহবাস করিতে
করিতে হয়ত শিশু কাঁদিয়া উঠিল, তাহাতে
সহবাসের বির হইয়া পড়ে, ভাৰ্ঘ্যার চিত্ত
তখন শিশুর উপরে একান্ত আসক্ত
ধাকে; সহবাসে ইচ্ছা করে না। ৬-১৫।
সন্তোগ কালে বালক যদি শয্যা হইতে
পড়িয়া গেল ত সন্তোগ করিতে করি-
ই উঠিতে হয়, সন্তোগ করিতে
করিতে আকস্মিক বিয়ান ঘটিলে বিশেষ
ক্লেশ হইয়া থাকে। এরূপ ক্ষেত্রে সূচাক

তৎকালে ভোজনং নাস্তি স্বাপো নাস্তি চ

ভাৰ্ঘ্যা ॥ ১৭

শিশুনাং রক্ষণে হুংখং ব্যাধিসর্পগ্রহাদিভিঃ ।

ভ্রমতং যৎসুখঞ্চিত্তং যথাকারোহণং পিতৃঃ ॥ ১৮

আলিঙ্গনকৃতং তাত চূষনাদিকৃতং তথা ।

অব্যক্তমধুরোক্ত্যাদি যৎসুখানি নরেশ্বর ॥ ১৯

রতিমধ্যে বিরামস্ত কলাং নারহস্তি ষোড়শীম্ ।

অস্তান্তপি চ দুঃখানি সস্তি পুত্রে সহস্রশঃ ॥ ২০

অনেন কিং স্বং ক্রিয়সে ইহামুত্রবিরোধিনা

ভ্যজ শোকমিমং তস্মাদাণাং পুত্রো স্থিতাবিহ
সংজোবাচ ।

ভ্যজামি শোকং দুর্ভাখং সর্সকার্যবিরোধিনম্

আশ্বনশ্চ হিতং কার্যমিহামুত্র সূতো মম ॥২২

পুরোধসস্ত গচ্ছামি মম পূর্কং মহাশুক্ৰম্ ।

বশিষ্ঠং মূনিবর্ধ্যঞ্চ স দাস্ততি গতিং মম ॥

সহসাস কদাচিৎ হয় ত ঘটে ; সন্তান হইলে
না হয় স্বচ্ছন্দে আহার, না হয় ভাৰ্ঘ্যায় সহিত
এক শয্যায় শয়ন আবার পীড়া সর্পদংশন
প্রভৃতি উপদ্রব হইতে শিশুকে রক্ষা করিতে
কত কষ্ট পাইতে হয় । অতএব হে পিতঃ !
সন্তানকে আলিঙ্গন চূষন ও ক্রোড়ে করায়
যে অপার সুখ হয় এবং তাহার অসুখ
মধুর বাক্য শ্রবণে যে আনন্দ হয়, হে নরে-
শ্বর ! সে সুখ বা আনন্দ সম্ভোগবিলাসিক
সুখের ষোড়শাংশের একাংশেরও যোগ্য
নহে ; পুত্রে আরও সহস্র সহস্র কষ্টের
কারণ বিদ্যমান রহিয়াছে । অতএব ঐহিক
আমুখিক সুখের ব্যাঘাতকর এই পুত্র-
চিহ্নায় আপনার ১৫ কল হইবে ? আপনি
শোক পরিত্যাগ করুন, আমরা ত দুই
ভাই আপনার পুত্র রহিয়াছি । রাজা কহিল,
—ভোমরা দুই পুত্র যখন বর্ডমান রহিয়াছ,
তখন আমি সকল কার্যের বিরোধী দুর্ভাখ
শোক পরিত্যাগ করিতেছি ; এক্ষণে নিজের
ঐহিক-আমুখিক হিতকর কার্য করিতে
হইবে । এক্ষণে আমি মদীয় পূর্বতন
মহাশুক্ৰ মূনিবর বশিষ্ঠ পুরোধিতের

এবমুকা গতৌ বিপ্রং বারাগস্তাং স্থিতং

শুক্ৰম্ ।

দণ্ডবৎ প্রণনামাখ মুনিনা পয়িপূজিতঃ ॥ ২৪

আলিঙ্গিতঃ শিরোহাতৌ দস্তাসনপরিগ্রহঃ ।

উক্তশ্চাগমনং কিস্তে কিং কার্য্যং করবাণি বৈ
রাজোবাচ ।

গতিং প্রযচ্ছ মে বিপ্রং সংসারতারণায় হি ।

ধিসৌহহং কশ্মল্যা শব্দবস্তং শরণং গতঃ ॥
বশিষ্ঠ উবাচ ।

গতিং পশু মহালিঙ্গং বিশেষরমিতি স্থিতম্ ।

এনং পূজয় রাজেন্দ্র দেবদেবং পিনাকিনম্ ॥

যমারাম্য পুরা শক্তিরকৃত্য্যাঃ সূতো মুনিঃ ।

রক্ষসা ভক্তিতশ্চাপি যমলোকং গতৌ ন সঃ

কিঞ্চিৎকালং গতঃ স্বর্গং ব্রহ্মলোকমগাদতঃ

ব্রহ্মলোকাদিমূলোকে ক্রৌড়ব্রাহ্মে সূতো মম

নিকটে গমন করি । তিনি আমাকে উচ্চা-
য়ের উপায় বলিয়া দিবেন । এই বলিয়া
সেই রাজা বারাগসীতে অবস্থিত শুক্ৰ বশি-
ষ্ঠের নিকট গমনপূর্বক তাঁহাকে দণ্ডবৎ
প্রণাম করিল ; বশিষ্ঠ মুনি তাহাকে পরম
সমাদরে আলিঙ্গন ও মস্তকোত্তরণ করিয়া
আসন প্রদানপূর্বক বলিলেন,—তুমি এখানে
কি জন্ম আসিয়াছ, আমায় কি কার্য্য করিতে
হইবে তাহা বল । রাজা কহিল,—বিপ্র !
আপনি আমাকে সংসারমুক্তির উপায় বলিয়া
দিন । আমি বিষয়কার্য্যে অতিশয় কাতর
হইয়া পড়িয়াছি, একারণে আপনার শরণা-
পন্ন হইয়াছি । বশিষ্ঠ কহিলেন,—রাজেন্দ্র !
বিশেষর দেবদেব পিনাকীর মহালিঙ্গই
সংসারমুক্তির একমাত্র উপায় ; অতএব
তাঁহাকে দর্শন ও পূজা কর । পুরাকালে
অকৃত্যতীর গর্ভজাত মদীয় পুত্র মূনিবর
শক্তি ষাঁহাকে আরাধনা করার রাক্ষস-
ভক্তিত হইয়াও যমলোকে গমন করে নাই ।
পরন্তু সে কিছু কাল স্বর্গ-লোকে বাস করিয়া
ব্রহ্মলোকে গমন করে ; পরে ব্রহ্মলোক
হইতে বিমূলোকে গিয়া ক্রৌড়া করিতেছে ।

অম্বু পশু মহারাজ লুককং বনচারিণম্ ।
 পুঞ্জয়ন্তং হি বিবেশং পত্রমার্তৈঃ স্বসম্ভৃতৈঃ
 শমীবৃক্ষস্ত সঙ্ঘটৈস্তথা পুগপ্রসূনকৈঃ ।
 কদম্বকুসুমৈরক্কুসুমৈর্ধু খিকান্তবৈঃ ॥৩১
 এতৈরশ্ৰৈশ্চহেখানং পুঞ্জয়ন্তং বিলোকয় ।
 ইভোহর্ক্ণবামমাত্রেণ ময়িব্যতি তদঙ্কৃতম্ ।
 অন্তকালে সমায়াতে লুককে'হপি শিবায় বৈ
 উপহারপ্রদানায় দৃষ্টবান পার্শতো ঘটম্ ॥ ৩৩
 তং চূতকলসম্পূর্ণং শুভা স্পৃষ্টং বিগর্হিতম্ ।
 সঙ্কলিতোপহারস্ত হত্যাভাল্ল ককস্তথা ।
 ইদং জর্গো শুভং বাক্যং লোকানাং ভক্তি-
 সূচকম্ ॥ ৩৪

পুষ্পাভাবে হরির্মেত্রং কলাভাবেহঙ্গুলং রবিঃ
 লিঙ্গবিশ্বংসনে কিঞ্চ জমদগ্নিঞ্চবিস্তথা ॥ ৩৫
 লিঙ্গপীঠং ভবেদেব গাত্রং নির্ভদ্য দন্তবান্

আর ঐ দেখুন, মহারাজ । এক বনচর ব্যাধ
 স্বকরতোলিত শমীপত্র পুগপুষ্প, কদম্বপুষ্প,
 আকম্পপুষ্প, ও সুধিকা প্রভৃতি পুষ্পদ্বারা
 ভগবান্ বিবেশ্বর ঈশান দেবকে পূজা
 করিতেছে, দেখিবেন এই ব্যক্তি চারিদণ্ড
 পরেই অঙ্কুররূপে প্রাণত্যাগ করিবে ॥
 (বশিষ্ঠদেব এই বলিয়া বিরত হইলে
 সেই রাজা ব্যাধের পূজা দেখিতে লাগিল ।)
 এদিকে সেই ব্যাধ যুতাসময় উপস্থিত
 হইলে, মহেশ্বরকে উপহার দিবার নিমিত্ত
 চতুর্দিকে দৃষ্টিপাত করিয়া কিছুই প্রাপ্ত
 হইল না; পার্শ্বে আকম্পপূর্ণ এক ঘট
 দেখিতে পাইল বটে, কিন্তু তাহা কুরুয়স্পৃষ্ট
 হওয়ায় হুই হইয়াছে বলিয়া উপহাররূপে
 নিবেদন করিতে পারিল না। তখন
 সেই ব্যাধ সঙ্কলিত উপহার না পাইয়া
 লোকের ভক্তিরসের উদ্বীপক এই শুভ
 বাক্য বলিতে লাগিল,—শিবপূজা করিতে
 গিয়া জীহরি পুষ্পাভাবে নেত্র, এবং রবি
 কলাভাবে অঙ্গুল দিগ্নাছিলেন। জমদগ্নি ঋষি
 শিবপূজা করিতে করিতে শিবলিঙ্গ পাত
 হওয়ায় “ইহাই লিঙ্গপীঠ হইবে” এই মনে

অশ্ৰেয়্যাহেবর্ষেইরস্তং সাহসং পরমং কৃতম্ ।
 মমাপিতস্তথা কার্ধামস্তথা দোষভাগহম্ ॥৩৭
 এতশ্চিন্নস্তরে কশ্চিদ্রয়ন্তঃ শিবমন্ত্যাগাৎ ।
 অথ লুক্কৃত্যং পূজামাল্ল ত্যাত্তকয়ং কণাৎ ॥
 বমনঞ্চ তদা চক্রে শিবপীঠে'হথ লুক্ককঃ ।
 শিবাপকারিণকৈঞ্চনং হস্মি নো বেত্যচিন্তয়ৎ ॥
 অথ স্বাস্থবধায়েব যত্নমাস্থায় শঙ্করঃ ।
 উন্নন্তেন যথোক্তুস্তা শিবপূজা ময়া কৃত্য ॥৪০
 লিঙ্গপ্রাবরণে হেবা তদহং মম দেখিনিঃ ।
 প্রাবৃতিশ্চপ্রিয়া স্বদ্য নিশ্চোক্তব্য্যা ময়া ক্রুতম্ ॥
 পূজাবিমোচনায়ৈতৎ কলহানহর্গলং ত্যজেৎ
 ইথাং সঙ্কল্য স তদা তীক্ষ্ণবধিভিনাঙ্কৃতম্ ।
 চক্রেহ'ত্চং দক্ষপাদং ত্চং ছিষ্য কটেরধঃ ॥৪২

করিয়া অঙ্গ কর্তন করিয়া দিয়াছিলেন।
 এইরূপ আরও অনেক শিবোপাসক পরম
 সাহসিক কার্য্য করিয়াছিলেন। অতএব
 আমিও সেইরূপ কোন সাহসের কার্য্য করিব,
 তাহাতে আমার কোন দোষ হইবে না ॥
 ব্যাধ মনে মনে এইরূপ বলিতেছে, এমন
 সময়ে এক উন্নত সেই ব্যাধপ্রতিষ্ঠিত শিব-
 লিঙ্গের নিকটে আসিয়া ব্যাধকৃত পূজা
 কাড়িয়া লইয়া কণকালমধ্যে আহার করিল
 এবং সেই শিবপীঠের উপরে বমন করিল।
 অনন্তর সেই ব্যাধ “এই মহাদেবের
 অনিষ্টকারীকে বধ করি কিনা” এরূপ
 চিন্তা করিয়া, সেই উন্নতকে না মারিয়া
 কল্যাণকামনায় আশ্ববধের সঙ্কল্প করিয়া
 মনে মনে ভাবিল,—এই উন্নত যেমন
 মংকৃত শিবপূজা ভক্ষণ করিল, তেমনি
 আমি এই শিবলিঙ্গ আবৃত করিবার
 জন্ত অদ্যই (এ যাবৎ কোন প্রিয়কার্য্য
 করে নাই বলিয়া) অপ্রিয় গাত্রচর্চ্চ উন্মোচন
 করিয়া প্রদান করিব, এইরূপ করিলেই
 আমার শিবপূজা সাক্ষ হইবে, এবং এই
 উন্নতকৃত বিষ বিদূরিত হইবে ॥ এইরূপ
 সঙ্কল্প করিয়া সেই ব্যাধ তীক্ষ্ণধার খড়্গ
 দ্বারা অন্ততরূপে গাত্রচর্চ্চ ছেদন করিতে

বামপাদং তথা চক্রে কটিপর্যন্তমাস্ত ৫ ।
 হৃষ্টচাবেপিতশৈব তত উর্দ্ধমধাচ্ছিনৎ ॥ ৪৩
 কন্যাসোদরস্বকণ্ঠে বচং নির্ভিন্য লুক্ককঃ ।
 মস্তকস্ত স্বচঞ্চাপি নির্ঝিন্তেদ প্রহৃষ্টবান ॥ ৪৪
 তয়োত্তরতন্তস্মাদ্গাভ্রং নির্ভিন্য বর্জুগম্ ।
 ছিৎস্বাকুলীং সমাদায় দেবার্ণাণ্ডিতবাংস্বচম্ ॥
 আরাণ্ণেব তথা দিব্যরূপঃ স্বক্শচতুর্ভুজঃ ।
 নানাত্বয়ণসংযুক্তঃ স্থিতো বিয়াত শাক্করঃ ॥ ৪৬
 অথ শৈবাঃ সমাধাতা দূতাঃ শতসহস্রশঃ ।
 বিচিত্রমুকুটাকার্যঃ সর্বাভরণকৃষিতাঃ ॥ ৪৭
 ত্রিশূলপাণায়ঃ সর্বে, শুক্লফটিকসম্ভিতাঃ ।
 চতুর্ভুজাঃ সুরূপাশ্চ বিমানবরসংস্থিতাঃ ॥ ৪৮
 সর্বে স্বর্ঘ্যসমাঃ শাস্তা রজ্জ্বাবৎপ্রিয়য়া যুতাঃ ।

হুল্পদ্বীবেলোৎসাহ-বিলাসত্ৰীশভাষিতাঃ ॥ ৫০
 তেজসা স্বর্ঘ্যসদৃশাঃ পুষ্পগুষ্টিমবাকিরন ॥ ৫০
 তৈরাহতো লুক্ককশ্চ নাগচ্ছদবদচ্ছ তান্ ।
 ভাৰ্ঘ্যাবকুঞ্জনোপেতো গচ্ছহহমথবা ন বা ॥
 শৈবাস্তবচনং ক্রুদ্বা বাক্যমেতদধোচিরে ।
 যেন পুণ্যং কৃতং পাপং তেন ভোগ্যং হি
 তৎকলম্ ॥ ৫২

লুক্কক উবাচ ।

অশৈবানাঞ্চ সর্বেষাং ধর্মান্যামেককর্তৃকম্ ।
 মাহেশ্বর্যাণাং ধর্মান্যাম্ কলকং দ্বিবহুখপি ॥ ৫৩
 এতন্নিরন্তরে প্রাপ্তো বীরভজঃ শতাবর্ততঃ ।
 নানাকোটিগণোপেত এহি লুক্কক বজ্জুযুক্ ।
 সর্বাঃ স্বয়োক্ককং তথা সভাৰ্থো জ্ঞাতিবজ্জুযুক্

আরম্ভ করিল। ১৭—৪২। প্রথমতঃ সে দক্ষিণ পদ হইতে কটির অধোভাগ পর্যন্ত সম্পূর্ণ ভক উন্মোচন করিল; পরে বামচরণ হইতে ঐরূপ কটি পর্যন্ত ভক্ উন্মোচন করিল। তাহার পর সেই ব্যাধ অকম্পিত শরীরে ও হৃষ্টচিত্ত হইয়াই দেহের উর্দ্ধভাগের ভক্ উন্মোচন করিতে আরম্ভ করিল; হস্ত, কন্ড, উদর, হৃদয় ও কণ্ঠের চর্মা উন্মোচনপূর্বক হৃষ্টচিত্তে মস্তকের চর্মা ছেদন করিয়া লইল। এইরূপে সমস্ত শরীর বক্শূন্ত করিয়া বর্জুল করিয়া দেখিল, এবং মহানৈবেদ্যে সেই ভক্ এবং অঙ্গুলি ছেদন করিয়া অঙ্গুলি প্রদান করিল। এইরূপ কার্য করিতে করিতে সেই ব্যাধের দেহপিণ্ড চৈতন্তশূন্ত হইলে সম্মুখবর্তী আকাশে নানা ভূষণে ভূষিত সুল্লর সুসোচন চতুর্ভুজ দিব্যমূর্তি আবির্ভূত হইল। অনন্তর শতসহস্র শিবদূত আসিয়া উপস্থিত হইল। ৪৩—৪৭। তাহাদের মস্তকে বিচিত্র মুকুট, অঙ্গে বহুবিধ অলঙ্কার, হস্তে ত্রিশূল; তাহারা সকলেই শুক্লফটিকতুল্য বর্ণশাঙ্গী চতুর্ভুজ ও সুরূপসম্পন্ন; সকলেই উৎকৃষ্ট বিমানে আরোহণপূর্বক আগমন করিয়াছিল। স্বর্ঘ্যের স্তায় তেজস্বী শাস্তপ্রকৃতি

দূতগণ রস্তায় স্তায় সুল্লরী বিলাসিনী প্রিয়-গণ পুত্রগণ ও অন্তান্ত পরিজনবর্গ সমভি-ব্যাহায়ে উৎসাহসহকারে তথায় উপস্থিত হইয়া সেই দিব্যমূর্তিধারী ব্যাধের উপরে পুষ্পগুষ্টি করত সেই ব্যাধকে লইয়া ষাইবার জন্ত আহ্বান করিতে লাগিল। কিন্তু সেই ব্যাধ তাহাদিগের সঙ্গে যাইতে সঙ্গত হইল না, বলিল—আমি ভাৰ্ঘ্য ও বজ্জুবর্গসহ আপনাদিগের সঙ্গে যাইতে চাহি; একাকী যাইতে ইচ্ছা করি না। তাহার ঐ কথা শুনিয়া শিবদূতগণ কহিল,—যে পুণ্য করিয়াছে, সে-ই তাহার কলভোগ করিবে; পাপের কলও যে পাপী, সে-ই ভোগ করিবে; অতএব তুমি পুণ্য করিয়াছ, তোমার ভাৰ্ঘ্যাদি বজ্জুগণ তাহার কলভোগ করিতে পাইবে কেন? ব্যাধ উত্তর করিল,—যাহারা শৈব নহে, তাহারা-ই কেবল স্ব স্ব পুণ্যের কল একাই ভোগ করিয়া থাকে, কিন্তু শৈবদিগের পুণ্যকল বহুলোকে পাইতে পারে। ব্যাধ এইরূপ বলিতেছে এমন সময়ে একত্র উদিত শতস্বর্ঘ্যের স্তায় তেজস্বী বীরভজ বহুকোটিপ্রমথগণ সমভি-ব্যাহায়ে তথায় উপস্থিত হইয়া সেই ব্যাধকে কহিল,—ব্যাধ! তুমি অধাৰ্ণ কথাই বলি-

আরুহেৎ বিমানঞ্চ শিবং গচ্ছাশিবস্ত বঃ ।
 অথ তৎচনাং প্রাপ্তঃ শিবলোকং বিমানগঃ ।
 বশিষ্ঠ উবাচ ।
 কৃষ্টবানসি সৰ্বং স্বমীশপূজাং সমাচর ।
 বিমুক্তপাপবন্ধং শিবলোকং গমিষ্যসি ॥৫৬
 যদি রাজ্যং ত্বয়া প্রার্থ্যং মার্জ্জয়েশাক্ষনং নূপ
 গোময়োকলেপঞ্চ নিত্যমেব সমাচর ॥ ৫৭
 এতাবতা তুমি রাজ্যং ক্রবং তব ভবিষ্যতি ।
 যাবদায়ুস্ত তে রাজ্যমস্তে শিবপদং ভবেৎ ॥
 নৈতাশ্বঃস্ত ভবে রাজ্যসংসিদ্ধিরসু মৃত্যুতঃ ।
 অতো দেহান্তরং প্রাপ্য শিবসেবাপ্রভাবতঃ ॥
 ভবিষ্যতি চ তে রাজ্যং শিবভক্তিঃস্থিরাতদা
 শত্শুক্ৰবাচ ।

অথ কৃৎস্না তথা পূজাং মৃতঃ স্বর্গং গতস্ততঃ ।
 রাজজন্ম পুনঃ প্রাপ্য রাজ্যঞ্চক্রে শিবে রতঃ

তেজ, তুমি ভার্য্যা ও বন্ধুগণসমভিব্যাহারে
 গমন কর; এই বিমানে আরোহণ করিয়া
 শিবের নিকটে গমন কর, তোমার মঙ্গল
 হউক। অনন্তর বীরভদ্রের বাক্যানুসারে
 সেই ব্যাধি বিমানে আরোহণপূর্বক শিব-
 লোকে গমন করিল। অনন্তর বশিষ্ঠ সেই
 রাজাকে বলিলেন,—রাজন! সমস্তই
 দেখিলে ত? এক্ষণে তুমি মহেশ্বরের
 পূজা কর, তাহা হইলে পাপবন্ধন
 হইতে মুক্ত হইয়া শিবলোকে গমন
 করিবে। যদি রাজ্য চাও, তবে শিব-
 মন্দিরের অক্ষন মার্জ্জনা কর এবং প্রতি-
 দিন তথায় গোময়জল লেপন কর। এইরূপ
 করিলে নিশ্চয়ই তোমার পৃথিবীরাজ্য লাভ
 হইবে, এবং যাবজ্জীবন তুমি সেই রাজ্য
 ভোগ করিয়া অস্তে শিবপদ প্রাপ্ত হইবে।
 কিন্তু ইহজন্মে তোমার রাজ্যলাভ ঘটবে না,
 মৃত্যুর পর দেহান্তর প্রাপ্ত হইয়া শিবারাধনার
 প্রভাবে তুমি রাজ্য লাভ করিবে। শিবের
 উপরে তোমার অচলা ভক্তি হইবে। শত্শু
 কহিলেন,—অনন্তর সেই রাজা বশিষ্ঠের
 উপদেশানুসারে শিবপূজা করিয়া স্বর্গে গমন

করাচিৎ দেবস্ত গৃহমভ্যগময়ুঃ ।
 নানাদীপসমোপেতঃ মণিভিন্মগরাভিব ॥৬২
 ভটানামথ সন্মদ একো দীপোহপতন্তুপে ।
 তদাসৌ কুপিতো রাজা দীপমাদায় সত্বরম্ ॥
 দেবালয়পুরে বীর স্তম্ভিকং কোপসংযুতঃ ।
 দম্ভং দেবগৃহং তেন এনশ্চ সমপদ্যত ॥ ৬৪
 অথ দেবপুরস্তত্র দম্ভবেশ্বাদিকং গৃহম্ ।
 নিশ্মাপয়ামাস নৃপো মহেশানমথায়জৎ ॥ ৬৫
 অথ মৃত্যুদিনে প্রাপ্তে রাজারামিভিশ্চক্ষরঃ ।
 ভস্মশায়ী ভস্মশায়ী জপন ক্রত্বং মমার হ ॥৬৬
 শিবলোকং গতঃ সোহসং বীরভদ্রেণ ভাষিতঃ
 ভব স্বং গণশার্দুলো মম বৈ পরিচারকঃ ॥৬৭
 শাক্তরান মম নির্দেশাদানয়ন মমাস্তিকম্ ।

করিল, পরে পুনর্বার জন্মগ্রহণ করিয়া রাজা
 হইল এবং শিবের উপরে সর্বদা ভক্তিমান
 হইয়া রাজ্য পালন করিতে লাগিল। অন-
 তর সেই রাজা একদা, নাগরাজ বাসুকি
 যেমন বিবিধ মণির প্রভায় আলোকিত
 থাকেন, সেইরূপ বহুদীপের প্রভায় আলো-
 কিত এক দেবমন্দিরে গমন করিল;
 অনন্তর তথায় রাজাজ্ঞের সৈনিকগণের
 সন্মুখে (ভিড়ে) একটি প্রদীপ রাজার
 গাত্রে পতিত হইয়া গেল। হে বীর! তখন
 রাজা কুপিত হইয়া সত্বর সেই প্রদীপ লইয়া
 ক্রোধভরে দেবালয়ের অভ্যন্তরে নিক্ষেপ
 করিল, তাহাতে সেই দেবালয় দম্ভ হইয়া
 গেল, রাজারও পাপসঞ্চয় হইল। অনন্তর
 সেই রাজা সেই দেবালয়ের দম্ভ গৃহাদি
 নিশ্মাণ করাইল এবং মহেশ্বরকে পূজা
 করিতে লাগিল। অনন্তর রাজা মৃত্যু-
 দিবস উপস্থিত হইলে শক্লরকে আরাধনা-
 পূর্বক ভস্মে স্নান, ভস্মে শয়ন ও ক্রত্বমন্ত্র
 জপ করিতে করিতে প্রাণত্যাগ করিল।
 পরে সে শিবলোকে গিয়া উপস্থিত হইলে
 বীরভদ্র তাহাকে বলিল,—তুমি প্রথমশ্রেষ্ঠ
 মদীয় পরিচারক হইয়া থাক এবং শিবভক্ত-
 দিগকে আমার আদেশে আমার নিকটে

শিরোহীনো ভবাংশাপি জালাবক্রো
 ভবিষ্যতি । ৬৮
 স উবাচ মহান্বানং বীরভদ্রং গণেশ্বরম্ ।
 চক্রং শোভ্যং তথা জিহ্বা নাসিকাশ্চ
 শিরো গণ ।
 ঐতৈর্কিনা ব্যবহৃতিঃ কথং মে সন্তবিষ্যতি ।
 অভাবে শিরসঃ কিংবা ময়া পাপং কৃতং
 বিভো ॥১০

বীরভদ্র উবাচ ।

অরৈব স্বীকৃত্য পূর্বং দেবী পরমশুল্করী ।
 মহেশভবনে নিত্যং চাতুর্কর্ধ্যকরকটকৈঃ ॥ ৭১
 স্বস্তিকং সর্বতোভদ্রং নন্দ্যাবর্ত্যাদিকং শুভম্
 পয়মুংপলমান্দোলপাদৌ ব্যঞ্জনচামরে ।
 ত্রিশূলং শঙ্খচক্রে চ গদা ধ্বজরথৈব চ ॥ ৭৩
 ত্রিশূলং ভমকং খড়্গাং বুধং ভৃঙ্গীরিটিং শিবম্
 তথাষ্টপদ্রং কমলমস্ত্রদ্বয়াদিকং তথা ॥ ৭৪
 কল্পয়ন্তী প্রতিদিনং সেবতে বুধভধ্বজম্ ।

আনয়ন কর । তোমার মস্তক থাকিবে না, অগ্নিশিখা তোমার মুখ হইবে । ৪৮—৬৮ ।
 তাহার পর সে গণেশ্বর মহান্বা বীরভদ্রকে
 কহিল,—চক্র, কর্ণ, নাসিকা জিহ্বা ও মুখ
 না থাকিলে আমার কার্য্য চলিবে কিরূপে ?
 প্রভো ! আমি এমন কি পাপ করিয়াছি যে,
 আমার মস্তক থাকিবে না । বীরভদ্র
 কহিল,—তুমি জন্মান্তরে এক পরমশুল্করী
 দেবীকৃপিনী বেঞ্জা রাখিয়াছিলে (সেই বেঞ্জা
 অতি সুচরিত্রা ছিল, একমাত্র তোমাতেই
 অস্ত্রর স্তা ছিল, তুমি তখন রাজা ছিলে ।)
 সেই বেঞ্জা প্রতিদিন শিবমন্দিরে গিয়া চতু-
 র্বিধ বণধারা স্বস্তিক, সর্বতোভদ্র, নন্দ্যাবর্ত
 প্রভৃতি শুভ মণ্ডল, পয়, উৎপল, আন্দোল-
 পাল, ব্যঞ্জন, চামর, ত্রিশূল, শঙ্খ, চক্র, গদা,
 ধ্বজ, ভমক, খড়্গা, বুধ, ভৃঙ্গীরিটি, অষ্টদলপয়,
 অস্ত্রাত্রয় ও শিবমূর্ত্তি অঙ্কন করত শিব-
 পূজা করিত । একদা সেই বেঞ্জা দেবালয়ে
 গমনপূর্বক ঐরূপে পূজা করিতেছে, এমন
 সময় এক কারাগ্রিক তথায় প্রবেশ করত

কদাচিদধ সা বেঞ্জা দেবসম্মুখ্যপস্থিতা ॥ ৭০
 রাজাকারাগ্রিকঃ কশ্চিদেববেশ্য সমাবিশৎ ।
 অথ তাং দৃষ্টবাস্তস্ত স ইদং বাক্যমুক্তবান ॥
 কারাগ্রিক উবাচ ।

একান্তসংস্থিতা বেঞ্জা যুবাং স্ববিরো ন চ ।
 স্ববিরং ব্যাধিতং কটমশক্তং ধনবর্জিতম্ ।
 অদীর্ঘমেহনং দীনং পুরুষং যোষিতুংস্বজ্ঞেং ।
 অশ্বশূলং মলচ্ছিরং জড়ং দুর্গন্ধদূষিতম্ ॥ ৭১
 স্বল্পমব্যাসনং নারী দূরতঃ পরিবর্জয়েৎ ।
 তস্মায়ে দৌরতাং বেঞ্জো মৈথুনং জীবয়াম্যমাম্
 বেঞ্জোবাচ ।

নিয়তঃ সর্বজাতীনামিহামৃত্র সুখপ্রদঃ ।
 পাতিব্রত্যাং পরো ধর্ম্মঃ স্ত্রীণামিতি হি শুভম্ ॥
 যদধীন্য যদা বেঞ্জা তদা নাশ্চেন সক্ততা ।
 পতিব্রতেতি বিখ্যাতা তস্মান্তঃ পরিপালয়ে ॥

বেঞ্জাকে দেখিয়া (তাঁহার রূপে মুগ্ধ হইয়া)
 তাহাকে কহিল । ৬৯—৭০ । কারাগ্রিক
 কহিল,—তুমি জাতিতে বেঞ্জা, এবং একা-
 কিনী অবস্থান করিতেছ; আমিও যুবা
 পুরুষ, বৃদ্ধ নহি । স্ত্রীলোককে বৃদ্ধ,
 রোগগ্রস্ত, নপুংসক, অশক্ত, নির্ধন
 অদীর্ঘমেহ, দীন পুরুষকে পরিত্যাগ করিয়া
 থাকে । মৃতকল্প বা শূলরোগগ্রস্ত, জড়প্রকৃতি
 মললিগ্নাদ, দুর্গন্ধদূষিত, অব্যাসনী পুরুষকেই
 বাসনাবীরা দূর হইতে পরিত্যাগ করিয়া
 থাকে ; (কিন্তু আমি ত তাহা নহি) অতএব
 হে বেঞ্জো ! আমার মনোরথ পূর্ণ কর,
 আমাকে শীঘ্র জীবন দান কর । বেঞ্জা উত্তর
 করিল,—আমি শুনিয়াছি,—পাতিব্রত্যা ধর্ম্মই
 স্ত্রীলোকের পরমধর্ম্ম, সেই ধর্ম্মই তাহাদিগের
 ঐহিক আর্ম্মিক সুখ প্রদান করে, এবং
 সকল জাতীয় রমণীরই তাদৃশ ধর্ম্ম থাকিতে
 পারে । বিশেষতঃ বেঞ্জা স্বনন যাহার
 অধীনে থাকিবে, তখন তাহাকে ছাড়িয়া
 অপর কাহাকেও শুভজন্য করিতে পারে না ;
 তখন সে একমাত্র সেই পুরুষকে আশ্রয়
 করিয়া থাকিতে পতিব্রতা বলিয়াই বিখ্যাতা,

কারাজিক উপাচ।

যদি চৈবং মৃত্তিঃ শীঘ্রং ভবিষ্যতি ন সংশয়ঃ ।

অথ রাজাস্তিকং গম্বারাজানমিদমুক্তবান ॥৮২

বেঞ্জা বেঞ্জৈব নো ভাৰ্য্যা নাতি বক্রুঞ্চ

নোচিতম্ ।

ইৎং রাজানমুক্তাথ মণ্ডং চৈবায়নালজম্ ॥৮৫

কিঞ্চিদাদায় তস্মাচ্চ মন্দিরং গন্তবানয়ম্ ।

নিজ্রাবসরমালোক্য প্রস্থজ্য চ করঃ ততঃ ॥৮৫

বস্ত্রঞ্চ বিবরে তত্র মণ্ডং চিক্বেপ দৃষ্টধীঃ ।

এবং কৃশ্বা ততো গম্বা রাজানমিদমুক্তবান ॥

রাজ্জগ্নগতা গম্বাথ বেঞ্জাপ্র্যাং তব যোষিতম্

উথাপয়িত্বা বেঞ্জাং তাং সর্বাঙ্কং দ্রষ্টুমর্হসি ।

উমুক্তবস্ত্রমথবা বসনং পশু যত্নতঃ ।

বেঞ্জাবেশ্মাথ গন্তবান রাজা কারাজিকং বচঃ

সুতরাং আমি ঠাহার অধীনে আছি, এক-
মাত্র ঠাহাকেই ভজনা করিব। ৭৭—৮১।

কারাজিক কহিল,—যদি এইরূপই তোমার
স্বপ্ন হয়, তাহা হইলে শীঘ্রই তোমাকে
মরিতে হইবে সন্দেহ নাই। অনন্তর সেই
কারাজিক ঠাহার বেঞ্জা, সেই রাজার
নিকটে গিয়া (কথাশ্রমসঙ্গে) কহিল,—
মহারাজ! যে—বেঞ্জা,—সে বেঞ্জাই থাকে,
—সে কখনই বিবাহিতা সাক্ষী, ভাৰ্য্যার ছায়
হইতে পারে না; অতএব তাহাকে সাক্ষী
ভাৰ্য্যার মত করিয়া রাখা উচিত নহে।”

সেই দৃষ্টবুদ্ধি কারাজিক রাজাকে এই কথা
বলিয়া কোন সুরোগে সেই বেঞ্জার ভবনে
গিয়া, নিজেভাবেস্বয়ং সেই বেঞ্জার বস্ত্রে আর-
নালের মণ্ড নিক্ষেপ করিয়া আসিল।
এইরূপ করিয়া সে রাজার নিকটে গিয়া
বলিল,—রাজন! আপনি গিয়া একবার
আপনার সেই পতিরতা বেঞ্জাভাৰ্য্যাকে
অবলোকন করুন, তাহাকে উঠাইয়া ভাল
করিয়া তাহার সর্বাঙ্ক দর্শন করুন, অথবা
ভাল করিয়া তাহার উমুক্ত বসনখানিই
দেখুন। অনন্তর রাজা বেঞ্জাগৃহে গমনপূর্বক
দেখিয়া আসিয়া সেই কারাজিককে কহিল,—

ইদমাহ সমিদ্বেয়ং পশ্চেমাং যাসি পশুসি ।

স উপাচ নুপং তত্র ন মে যুক্তমিদং নুপ ॥ ৮৮

ভন্যাতরং বা পিতরং দর্শনায় নিবোজয় ।

তদ্বৃষ্টৌ সর্বমেবেদং ব্যক্তমাণ্ড ভবিষ্যতি ।

আনীতা হথ রাজা তু মাতা বৌক্ততুমুদ্যতা ।

বচনাঙ্কু নুপশ্চৈব বস্ত্রং শোধয়তৌব সা ॥ ৯০

তত্র শ্বিতং মণ্ডমথ বিজ্ঞায়াশ্বা জমর্দয়ং ।

মর্দনাধসনং ক্রিন্নং কিং তদিত্যাহ পার্শ্ববঃ ॥

ন কিঞ্চিদেব নো কিঞ্চিদিতি বেঞ্জাপ্রস্থরপি

বহ্বাক্যেন রাজাথ বসনং বৌক্য শকরা ।

শুক্কক্রিন্নমিদং বাসঃ প্রাঠৈতৎপশুভামিতি ।

অথ দৃষ্ট্বা সমীপস্থান্তধেত্যাচূর্ষটো নুপম্ ॥ ৯০

রাজাথ স্বগৃহং গম্বা দণ্ডাধ্যক্ষমভাষত ।

সে ত নিজেই রহিয়াছে; (তাহার সন্দেহ
সন্দেহ করিবার কোন কারণই নাই,
আমার কথায় বিশ্বাস না হয়) তুমি স্বয়ং
গিয়া দেখিতে পার; (আমার তাহাতে
আপত্তি নাই।) তৎপরে কারাজিক
রাজাকে কহিল,—রাজন! আপনার
কথা আমার ঠিক বোধ হইতেছে না;
আপনি একবার আপনার মাতা বা পিতাকে
দেখিতে বলুন, ঠাহারা দেখিলে সমস্তই
ব্যক্ত হইবে। অনন্তর রাজা মাতাকে
আনাইয়া দেখিতে বলিলে, মাতা গিয়া
দেখিতে উদ্যত হইয়া সেই বেঞ্জার বস্ত্র
পরীক্ষা করিতে লাগিল। অনন্তর রাজমাতা
তাহার বস্ত্রস্থিত মণ্ড লইয়া মর্দন করিল;
মর্দনে বস্ত্র আর্জ হইয়া গেল। তখন রাজা
বেঞ্জাকে জিজ্ঞাসা করিল “একি? বেঞ্জা-
পুত্রী ‘এ কিছু নয়, মহারাজ! এ কিছু নয়’
বারংবার এই কথা বলিল। রাজা, অস্ত
পুরুষের সহিত ইহার সহবাস ঘটয়াছে
আশঙ্কা করিয়া, পার্শ্ব ব্যক্তিবর্গকে কহি-
লেন,—আমার বোধ হইতেছে এই বস্ত্র
শুক্কক্রিন্ন, তোমরাও ইহা পরীক্ষা করিয়া
দেখ। অনন্তর সমীপস্থ ব্যক্তিগণ দেখিয়া
তাথাই বলিল। অনন্তর রাজা স্বগৃহে গিয়া

ইদানীমেব বেষ্টিয়াঃ শিরশ্ছিত্যবিচারয়ন ॥১৪
 দর্শনীয়াং শিরস্তস্তা ঘটিকাভাস্তরে মম ।
 দণ্ডকশ নৃপোক্ত্যাস্তাস্তবা কুত্বা হৃদর্শয়ৎ ॥ ১৫
 বীরভদ্র উবাচ ।

এবং কৃতং ত্বয়া পূর্বং প্রাপ্তঞ্চ কলমদ্যা তে ।
 জালয়েব হি বক্তা ত্বং শ্রোতা ত্রষ্টা চ জিত্রসি
 রসং জানাসি মতিমানতিক্রোধী ভবিষ্যসি ।
 শঙ্কুবচ ।

এবং জালমুখো জাতো রাজা মাহেশ্বরোহক্ষমী
 তস্মাঙ্কু ক্ষময়া ভাবঃ পরত্রেহে সুখেপুসুনা ॥
 য ইদং শৃণুয়ান্নিত্যাং পুণ্যাখ্যানমহুস্তমম ।
 বিমুক্তপাপবন্ধশ্চ শিবলোকে ভবিষ্যতি ॥১২
 জীন্নাম উবাচ ।

মহেশনারমাহাঙ্ক্যাং পূজামাহাঙ্ক্যমেব চ ।
 নমস্কারস্ত মাহাঙ্ক্যাং দৃষ্টিমাহাঙ্ক্যমেব চ ॥ ১০০

দণ্ডাধ্যক্ষকে আদেশ করিল,—তুমি বিচার
 না করিয়া এক্ষণেই বেষ্টিয়ার মস্তক ছেদন
 কর; এক ঘণ্টার মধ্যেই আমাকে তাহার
 মস্তক আনিয়া দেখাও । দণ্ডাধ্যক্ষ রাজার
 আদেশে তৎক্ষণাৎ সেই বেষ্টিয়ার মস্তক
 ছেদন করিয়া রাজাকে দেখাইল ১০—১৫।
 বীরভদ্র তাহাকে কহিল,—তুমি জন্মান্তরে
 এইরূপ কর্ম করিয়াছিলে বলিয়া অদ্য এই
 কল প্রাপ্ত হইলে । তুমি এই বহ্নিশিখারূপ
 মুখ ছায়াই কথ্য কহিবে, শুনিতে পাইবে,
 দেখিতে পাইবে, গন্ধ আভাষণ করিবে, রস
 আশ্বাদন করিবে; তুমি বুদ্ধিমান ও অতি-
 ক্রোধী হইবে । শঙ্কু কহিলেন,—সেই শিব-
 ভক্ত রাজার কমাণ্ডল ছিল না বলিয়া, সে
 বহ্নিমুখ হইয়াছে, অতএব যে ঐহিক ও
 আয়ুর্গিক সুখের আশা করে, তাহাকে কমা-
 ন্দীল হইতে হইবে । যে ব্যক্তি এই অত্যা-
 ত্মর পবিত্র উপাখ্যান শ্রবণ করিবে, সে
 পাপবন্ধন হইতে মুক্ত হইয়া শিবলোকে
 গমন করিবে । জীন্নাম কহিলেন,—হে সন্তম!
 হে ঞ্জো! আপনি মহেশ্বরের নামমাহাঙ্ক্য
 পূজামাহাঙ্ক্য, নমস্কারমাহাঙ্ক্য, দর্শনমাহাঙ্ক্য

জলদানস্ত মাহাঙ্ক্যাং ধূপদানস্ত সত্তম ।
 দীপগন্ধাদিদানস্ত মাহাঙ্ক্যাং বদ মে ঞ্জো ॥
 শঙ্কুবচ ।

একৈকনামাহাঙ্ক্যাং বিস্তরায় হি শক্যতে ।
 সংক্ষেপেণ চ তে বচি শৃণু রাঘব সাদরম ॥
 পুরা ত্রেতাযুগে রাজা বিধৃতো নাম বীর্ঘ্যবান
 মূতে পিতরি বালোহসৌ ভূমিরাজ্যে-
 হভিষেচিতঃ ॥ ১০৩

সমানবয়সঃ সর্বান সমীপস্বাসংকার সঃ ।
 যে বৃদ্ধা যে চ বিদ্বাঃসন্তে চ তস্ত ন সমতাঃ ॥
 যুবানঃ সমতা ত্রষ্টা অকার্য্যকরণান্তথা ।
 সূন্ত্যানয়নদক্ষাশ্চ চোরকর্ম্মবিশারদাঃ ॥ ১০৫
 মাণ্ডবার্ত্তারতা লাস্ত-নিপুণাস্তস্ত সমতাঃ ।
 বশীকরণমন্ত্রজা বজ্রৌষধবিদস্তথা ॥ ১০৬
 গীতনর্ত্তনশীলাশ্চ ধূর্ত্তা দ্যুতবিদঃ শ্রিয়ঃ ।
 পিতৃসম্মতকর্ত্তৃণাং ভ্যাগঞ্চক্রে স পার্ধিবঃ ॥

এবং তাঁহার উদ্দেশে জলদান, ধূপদান,
 দীপদান ও গন্ধাদিদানের মাহাঙ্ক্য আমার
 নিকটে বুলুন । শঙ্কু কহিলেন,—হে রাঘব!
 আমি প্রত্যেকের মাহাঙ্ক্য বিস্তৃতভাবে
 বলিতে পারি না, তবে সংক্ষেপে বলিতেছি,
 তুমি যতসহকারে শ্রবণ কর । পুরাকালে
 ত্রেতাযুগে বিধৃত নামে এক বীর্ঘ্যবান রাজা
 ছিল, পিতৃবিয়োগ হওয়াতে সে বাল্যাবস্থা-
 তেই রাজপদে অভিষিক্ত হয় । অপরিণত-
 বুদ্ধি বালকের হস্তে প্রভুত্ব, সূতরাং সে
 যথোচ্ছাচরণ করিতে আরম্ভ করিল, সমান-
 বয়স্ক অসং লোকদিগকেই সর্বদা সহচর
 অনন্তর এক দিন সেই তুর্কীশ ব্রাহ্মণ প্রশস্ত
 রাজপথের পার্শ্বস্থিত এক গৃহে গমন করিয়া

(১) যাহারা নারায়ণের প্রতি ভক্তিমান,
 তাহারা পরাংপরতর বিষ্ণুপদ প্রাপ্ত হয়,
 যাহারা মহেশ্বরকে ঘেয করে, তাহারা সে
 পদ প্রাপ্ত হয় না ।

মহাদানীনি ভবানি যানি যেষাং য ঙ্গধরঃ ।
স্বর্ঘ্যায়িশশিনেজ্জোহসৌ মহেশঃ স্তাত্মমাপতিঃ
যেযো হি বৈরঃ বিজ্ঞেয়মৌষধে পরমাত্মনি ।
শঙ্কুরুবাচ ।

এবং পুরাণভেদেন সমীর্ণিতমিহ বচঃ ।
চিস্তয়ন পুনরপ্যাহ মাদৃশশ্চ কথং গতিঃ ।
পৌরাণিকোহস্থ তং প্রাহ শৃণু বক্ষ্যামি ত্তে
গতিম্ ।

কুক সর্ষেণ যত্নেন প্রায়শ্চিত্তঃ যথাবিধি ।
ধর্ম্মকাপি যথাশক্তি যথাকালং যথাবিধি ।
বিমুক্তপাপঃ পশ্চাৎশমুস্তমাং গতিমেঘ্যসি ।
পুরাণমথবা নিত্যং শূর্ধাবহিতশ্চ সন ।
নিরাশো বা মহেশানং পুঞ্জয়থ পিনাকিনম্ ।
দেবং বা পুণ্ডরীকাকং কেশবং ক্লেশনাশনম্

পত্নির আদি কারণ বলিয়া মনৌষিগণ তাহাকে
নার বলিয়া থাকেন ; সেই নার অর্থাৎ জল
বিষ্ণুর অয়ন অর্থাৎ বাসস্থান, এই জন্ত
বিষ্ণুকে নারায়ণ কহে । সেই নারায়ণ
যাহাদের প্রধান আশ্রয়, তাহাদিগকে নারায়-
ণপন্নায়ণ কহে । মহাদাদি চতুর্কিংশতি
ভাষের যিনি ঙ্গধর, চল্লি, স্বর্ঘ্য ও অগ্নি
ঐহার নেত্র, সেই দেব উমাপতিকে মহেশ্বর
কহে । সেই পরমাত্মরূপী মহেশ্বরের প্রতি
শক্ৰতা করাকে ঘেব কহে । শঙ্কু কহিলেন,—
এইরূপে পুরাণের ব্যাখ্যা সহকারে কথিত
বাক্য শ্রবণ করিয়া সেই দৃষ্ট ব্রাহ্মণ মনে
মনে উক্ত বাক্যার্থ চিন্তা করত পুনর্বার
কহিল,—(মহাত্মন) মাদৃশ ব্যক্তির কি
প্রকারে সদৃগতি হইবে ? অনন্তর পৌরা-
ণিঃ তাহাকে কহিলেন,—তোমাকে সদৃ-
গতির উপায় বলিতেছি, শ্রবণ কর । তুমি
প্রথমতঃ সর্ষপ্রযত্নে যথারীতি প্রায়শ্চিত্ত
কর এবং প্রায়শ্চিত্তের সঙ্গে সঙ্গে যথাকালে
যথানিয়মে যথাসাধ্য ধর্ম্ম-কর্ম্মের অগ্রষ্ঠান
কর ; তাহা হইলে তুমি পাপমুক্ত হইয়া
সদৃগতি লাভ করিবে । অথবা প্রতিদিন
একত্রিংশতি পুরাণ শ্রবণ কর । কিংবা নিকাম-

সন্ন্যাসমথবা নিত্যং ব্রহ্মজ্ঞানপরো ভব ।
অথবা গচ্ছ কাশীশং মুক্ত্য বা মৃতিমাধুহি ।
গয়াং বা গচ্ছ তত্র স্বঃ শ্রাদ্ধং কর্ত্বুং প্রযত্নতঃ ।
অথবা সর্ষদেবানাং সার্বং পাতকনাশনম্ ।
কৃত্তং কৃত্তপ্রিয়করং জপন প্রত্যাহমাদর্যং । ৫.০.১
ঈশৈশলমথবা গচ্ছ কেদারমথ চেচ্ছয়া ।
অথবা প্রতিবর্ষং তু মাঘনানং শ্রবর্তয় । ৫.০.২
কিমত্র বহ্ননোক্তেন ধর্ম্মভক্তঃ সঙ্গা ভব ।
নৈবঃ নরকবাসন্তে ভবিতা তু দ্বিজাধম । ৫.০.৩
গৌতম উবাচ ।
ঙ্গস্বা সর্ষঃ করিষ্যামি পুরাণং তবতো মুখাৎ
শাস্ত্রং বিশ্বাসহেতুঞ্চ বর্ষ্যকাপি বদন্থ মে । ৫.০.৪
পৌরাণিক উবাচ ।
বর্ষ্যং মাংসং সুরাস্তস্ত্রীভোগাদৃতাং বিকণ্ঠনম্
পাকুব্যমনুতং মায়া দেবদেববিনিন্দনম্ । ৫.০.৫

ভাবে প্রতিদিন মহেশ্বর পিনাকপাণির পূজা
কর । অথবা ক্লেশনাশী দেব পুণ্ডরীকাক
কেশবের অর্চনা কর । অথবা সন্ন্যাস-
ধর্ম্ম অবলম্বন করিয়া নিত্য ব্রহ্মজ্ঞান-
তৎপর হও । কিংবা কাশীতে গিয়া
মুক্তিকামনার বিবেকের পূজা কর ; তাহা
হইলে মুক্তি প্রাপ্ত হইবে । অথবা
গয়ায় গিয়া যথাবিধানে ভক্তিপূর্কক শ্রাদ্ধ
কর । অথবা প্রত্যহ ভক্তিপূর্কক সকল
দেবপূজার সার্বস্বরূপ পাতকনাশী কৃত্তের
প্রীতিকর কৃত্তমন্ত্র জপ কর । কিংবা ঈপর্কত
বা কেদারে গিয়া ইচ্ছামত ধর্ম্ম-কর্ম্ম কর ।
অথবা মাঘমাসে প্রত্যহ প্রতিপন্নান কর ।
হে দ্বিজাধম ! তোমাকে অধিক কথা আর
কি বলিব, তুমি সর্ষাধর্ম্মভক্ত হইয়া থাক,
তাহা হইলে তোমাকে আর নয়ৎ বাস
করিতে হইবে না । গৌতম কহিলেন,—
আপনার মুখে ধর্ম্মবিশ্বাসের হেতু পুরাণ-
শাস্ত্র শ্রবণ করিয়া সমস্ত ধর্ম্মকাধাই করিবে,
একপে কোন্ কোন কাধা নিষিদ্ধ, তাহা
আমাকে বলুন । পৌরাণিক কহিলেন,—
যাংসতক্ষণ, সুরাশাস, পরস্ত্রীসংসর্গ, দ্যুত-

শুক্লং পিতৃবৃদ্ধানাং পুরাণস্মৃতিভাষণাম্ ।
 নিন্দিত্তং শ্বেতবৃদ্ধাকং কতকালাবুর্ভনম্ ॥
 বীজপুরং কুন্তুস্তম্ লোহিতং শৃঙ্গমেব চ ।
 অরকং নালিকেরঞ্চ কুম্মাণ্ডকং তথৈব চ ॥
 কোবিদারকলং তৈলপকং মানবজং পয়ঃ ॥
 বাঞ্জীপসখরীহৃৎ স্মৃতকাক্ষীরমাবিকম্ ॥৫০৮
 ঔষ্ট্রমেকশকক্ষীরং মার্গমাজং নৃশস্তবম্ ।
 বিবৎসানস্কিনীক্ষীরং লবণং চৈব যোগি যৎ
 নালিকেরয়সং কা শ্বেতাজ্জৈ মধু চ সীসকে ।
 কাচে তক্রং করস্তাংশ্চ স্মৃতাজ্জারৈব কারয়েৎ
 হোমং তু মৃগয়ে পাঞ্জে পুরোডাশস্ত রাজতে ॥
 ন সেবেত পরে লোকে শুভাখী তু বিচক্ষণঃ
 পাত্ৰাস্তশূর্ণগ্নেপোহপি তত্র ভক্ষণমেব চ ।
 ক্রমুকস্ত তথা ভক্ষশূর্ণপিত্ত্রাশ্চ চৈব হি ॥৫১২
 ক্রমুকস্তাপি পরস্ত ভক্ষণং ক্রমিয়োগিনঃ ।

ক্রৌড়া, আয়ুপ্লাঘা, নৃশংসতা, মিথ্যাকথন, কপটতাবলম্বন, দেবদেবনিন্দা, পিতৃ-স্থানীয় বৃদ্ধ শুক্ললোকদিগের নিন্দা এবং পুৰাণবক্তা ও স্মৃতিশাস্ত্র পণ্ডিতদিগের নিন্দা সর্বতোভাবে নিষিদ্ধ। শ্বেত বার্তাকু, বর্জুলাকার অলাবু বা তিক্ত অলাবু, বীজপুর (টাবানেবু), কুন্তুস্ত, রক্তশৃঙ্গ, অরক, নালিকেল, অরককুম্মাণ্ড, কোবিদার কল, তৈলপক, মাম্বষীহৃৎ, বাঞ্জী-পদ হৃৎ, গর্দভীহৃৎ, স্মৃতকাগাভীর হৃৎ, মেঘহৃৎ, ঔষ্ট্রহৃৎ, একশকজস্তর হৃৎ, হারিপ-হৃৎ, ছাগহৃৎ, বিবৎস বা স্কিনী অর্থাৎ সদ্যোজাতগর্ভ-গাভীর হৃৎ, লবণসংযুক্ত হৃৎ, কাংশ্চ বা ভাস্মপাঞ্জে নারিকেল জল, সীসক-পাঞ্জে মধু এবং কাচপাঞ্জে তক্র, ও দধি-শ্ৰীকৃত স্মৃতাজ্জ, শঙ্কু, ভক্ষণ করিবে না। পারত্রিক শুভাকাঙ্ক্ষী বিচক্ষণ ব্যক্তি মৃগয় পাঞ্জে হোমীয় পিষ্টক ভক্ষণ করিবে না। চূর্ণলিপ্তপাঞ্জে ভক্ষণ নিষেধ। তবে চূর্ণ-লিপ্ত তাহুল পুগ (সুপারি) ভক্ষণের ব্যৱহা আছে। অভ্যস্তরে যাহার কুমি-

পায়সে লবণথৈব কেবলক কর্যর্পিতম্ ॥৫১২
 সিদ্ধুসৌরাষ্ট্রকাছোজম গধেযু চ সিংহলে ।
 ন দোষায় ভবেস্তত্র ক্ষীরঞ্চ লবণাধিতম্ ॥ ৫১৩
 ক্ষীরণি চ সমস্তানি লবণানি চ যোগিতঃ ।
 দেশেষ স্তম্বু দোষায় পত্ঠৈন্নৈবেহ সংশয়ঃ ॥
 কিমত্র বহনোক্তেন সত্ত্বিনন্দ্যং বিবর্জয়েৎ ॥
 শঙ্কুকাবাচ ।

এবং তস্ত বচঃ শ্রদ্ধা ব্রাহ্মণস্ত মহাভ্রমঃ ।
 শ্বমেব ভবনং গম্বা চিন্তয়ামাস হৃৎখিতঃ ॥ ৫১৬
 যাত্নো যুতুর্দ্দিবা বেতি ন জানাতি মহানপি ।
 পরলোকে সুখং হৃৎখমিহ ভোগবিষয়োধিতম্ ॥
 ক্রিমিকীটমুহুয়াদৈদ্যঃ সুখহৃৎখৈঃ পৃথক্ পৃথক্
 প্রতিজীবং তু হেতুনাং ভেদো হি সুবিনিশ্চয়ঃ
 একস্তাপি হি জীবস্ত নাস্তি চৈকবিধা স্থিতিঃ ।

কীটাদি জন্মিয়াছে, এরূপ সুপারি পক হইলেও আহার করিবে না। সাক্ষাৎ সন্দেহে লবণ দিয়া পায়স ভক্ষণ করিবে না। সিদ্ধু, সৌরাষ্ট্র, কাছোজ, মাগধ ও সিংহল দেশে লবণযুক্ত হৃৎ ভক্ষণে দোষ বলিয়া গণ্য হয় না। তত্ত্বিন্ন অশ্বদেশে লবণযুক্ত করিয়া হৃৎপান বিশেষ দোষাবহ। অধিক আয় কি বালাব; সাধুগণ যে কশ্মীর নিন্দা করেন, তাহা কদাচ করিবে না। শঙ্কু কহিলেন,—মহাত্মা পৌরাণিক ব্রাহ্মণের এই কথা শ্রবণ করিয়া সেই পাপিষ্ঠ ব্রাহ্মণ নিজ ভবনে গমনপূর্বক হৃৎখিতমনে চিন্তা করিতে লাগিল, “মহৎ ব্যক্তিও নিজের যত্ন, দিবা-ভাগে স্নাতিকালে কখন হইবে, তাহা জানিতে পারেন না। ঐহিক ভোগের সহিত পারলৌকিক সুখ-হৃৎখের কোন সম্পর্কই নাই, অর্থাৎ ইহলোকে বেশ সুখে কাণ কাটিতেছে বলিয়া জন্মান্তরেও যে এমনি সুখে কাটিবে, তাহার স্থিরতা কি? ক্রিমিকীট ও মূহুয়া প্রভৃতি প্রত্যেক জীবই পৃথক্ পৃথক্ সুখ-হৃৎখ ভোগ করিয়া থাকে; কেহ কাহারও সহিত সমান সুখী বা হৃৎখী হইতে পারে না। প্রত্যেক জীবইই সুখ-হৃৎখাদির

জন্মকালে মহাজ্ঞানঃ শৈশবেহত্যন্ত্রবোধনম্ ।
 স্বলৎপদেহজ্ঞবিজ্ঞানং বাল্যে চাশ্রয়ং তথৈব চ
 কোমারে জীড়নাসক্তঃ যৌবনে বিষঘোরিতম্
 যৌবনে বিনিবৃন্তে তু দ্রব্যাসম্পাদনেষণা ।
 বার্ককে ভোগলিপ্সা চ ন চ ভোক্তুং ক্ষমো-
 হপি চ ॥ ৫:১

দৃষিকাল্পেয়লালাভিক্সীপলিতকম্পনৈঃ ।
 শাসকাসানিলক্ষিণো হৃষীকৈক্সিকলৈয়ুতঃ ॥
 কিঞ্চিদ্রুত্বঃ * ন শক্ৰোতি ন চ জানাতি কিঞ্চন
 তিষ্ঠতীযু পরজীযু গুহস্থানং প্রদর্শয়ন ॥ ৫:২
 কৌশকুয়মপয়ঃ ক্রুবো জীবিত (১) লক্ষণৈঃ

কুয়তে ক্ষিণৌ বস্তুমুকৃত্য চ বিচালয়ন ॥৫:৪
 ভূজ্ঞানঃ শ্লেষণা গ্রাসঃ গ্রসিত্বং ন চ শকুয়াৎ ॥
 যদা কাসস্তলা জজ্ঞে পায়ুবাযুশ্চ শব্দবান ॥৫:৫
 নিঃসৃতিশ্চ মলস্তাপি শ্লেষনির্গম এব চ ।
 স্তুমাদিভর্ডসনঃ বালতালহাস্তানিদর্শনম্ ॥৫:৬
 শুকনির্গমনাদীনি সক্ষিস্ত্য চ পুনঃ পুনঃ ।
 আহুতো ভোজনাদার্বঃ ভোজ্যারাদি
 বিনিময়ন ॥

চিরমুঞ্চঞ্চ নির্ভবন্তে পুনশ্চিস্তামবাপ্য সঃ ।
 অতিদ্রুতকর্ম্মাহং কথং ভোক্তব্য কথং স্বপে ॥
 কথং তিষ্ঠে কথং গচ্ছে পারলোকঃ কথং
 ভবেৎ ॥

কারণ সকল ভিন্ন ভিন্ন ইহা স্থির । এক
 জীবেরই সকল অবস্থা সমান যায় না ; ভিন্ন
 ভিন্ন কালে ভিন্ন ভিন্ন অবস্থা ঘটয়া থাকে ।
 জন্মের পূর্বে গর্ভাবস্থায় সুন্দর জ্ঞান থাকে,
 ক্ষুধিত হইলে সে ভাবের সম্পূর্ণ পরিবর্তন
 হয় । ক্রমশঃ কিঞ্চিং কিঞ্চিং করিয়া জ্ঞানের
 বিকাশ হইতে থাকে, অতি শৈশবকালে
 অল্প জ্ঞান হয় ; ক্রমে অল্পে অল্পে হাঁটিতে
 হাঁটিতে শিক্ষার সঙ্গে সঙ্গে একটু একটু
 করিয়া জ্ঞানের বিকাশ হইতে থাকে । ক্রমে
 কোমারদশায় উপনীত হইলে মানবক্রীড়ায়
 আসক্ত হয় । যৌবনে বিষয়বাসনা প্রবল
 হইতে থাকে । যৌবনকাল অতীত হইলে
 অর্থ সংগ্রহের বাসনা হয় । বৃদ্ধাবস্থায় ভোগ-
 লালসা উত্তরোত্তর বৃদ্ধি পাইতে থাকে ।
 কিন্তু বিষয়ভোগের ক্ষমতা ক্রমে হ্রাস হয়,
 অবিরত চক্ষে পিচুটা, নাসিকায় শ্লেষা, ও
 মুখে লালা গড়াইতে থাকে । মস্তকের কেশ
 শুক্ল, সর্বাঙ্গ বলিয় ও কম্পাশিত হইয়া
 থাকে । শাস, কাস ও বাতরোগে শরীর
 জীর্ণশীর্ণ, ও ইন্দ্রিয়সকল অবশ হয় । কোন
 কার্যে, সামর্থ্য থাকে না ; জ্ঞানশক্তিও
 লোপ হয় । এই ত অবস্থা, ইহাতেও আবার

অনেক বুদ্ধের কুপ্রবৃত্তি দৃষ্ট হইয়া থাকে ।
 পরজী দেখিলে গুহস্থান প্রদর্শনপূর্বক
 কৌশকুয়নপয় হয় ; কটিদেশের বস্ত্র
 উত্তোলনপূর্বক কুয়ন করিতে থাকেন,
 অথচ এদিকে আহার মুতাকাল সন্নিহিত,
 আহার করিতে করিতে নাসিকা নির্গত
 শ্লেষার সহিত অন্নগ্রাস গলাধঃকরণ করিতে
 হয় ; কাহারও বা মুখে গ্রাস তুলিতে তুলি-
 তেই পড়িয়া যায় । কাসি আরম্ভ হইলে
 সশব্দে অপানবায়ু নির্গত হইতে থাকে, কখন
 বা সেই সঙ্গে মলও নির্গত হইয়া যায় ।
 সর্ষদাই নাসিকা হইতে শ্লেষা নির্গত হইতে
 থাকে । অনেক বুদ্ধের পুত্রবধু প্রভৃটিকে,
 তিরস্কার ও বালকদিগকে উপহাস করা
 ইত্যাদি কর্ম্ম নিতান্ত কর্তব্য মধ্যে গণ্য
 হইয়া যায় । ভাবী বৃদ্ধদশায় ক্রেশ শ্রয়ণ
 করিয়া সেই পাশিষ্ট ব্রাহ্মণ উক্ত প্রকার ভাব-
 নায় আকুল হইয়া পুনঃ পুনঃ চিন্তা করিত ;
 আহারাদি করিতে আহ্বান করিলে সে
 আহারাদির প্রতি বিরক্ত হইয়া খাদ্য দ্রব্য-
 দির নিন্দা করত আহ্বানকারীকে তিরস্কার
 করিত এবং পরিশেষে চিন্তা করিয়া উক্ত নিশাস
 ত্যাগ করিত এবং আরও চিঞ্চাষিত হইয়া
 ভাবিত,—‘আমি অতিশয় পাশিষ্ট,—আমি
 কি প্রকারে ভোজন করিব, কিরূপে নিদ্রা

• দ্রুতমিতি বা পাঠঃ ।

(১) জীবিত ইতি বা পাঠঃ ।

ইতিচিন্তাকুলো নিত্যং ন নমস্ত্যপরাধিতঃ ।
 দ্বিজস্ত সননং গম্বা পুরাণস্তস্ত রাঘব ।
 লক্ষ্মাবাকৃতবক্রশ্চ কিং করোমীত্যভাষত ॥
 ন কিঞ্চিদপুৰ্বাচাসৌ দ্বিজঃ পৌরাণকস্তদা ।
 পাপোহায়মিতি বিজ্ঞায় শিষ্যেণ নিরগাময়ং ॥
 গোতমোহপি বিনির্গত্য ঘাৰ্ঘ্যেৰ চ বহিঃ স্থিতঃ
 সূবাসীনস্ত বিজ্ঞায় পুরাণার্থবিচারকম্ ॥ ৫৩২
 কথং কথমপি প্রাপ্য পীঠং দস্তক্ নাভজং ।
 বিষয়ো ভূতলে রাম পুরাণস্তমভাষত ॥ ৫৩৩
 প্রায়শ্চিত্তং করিষ্যামি তদনৈবৈব বিধীয়তাম্ ।
 ব্রাহ্মণ উবাচ ।
 পাপানি কীর্তয়স্ব ত্বং সৰ্ব্বথৈব কৃতানি তু ।
 স চাপি নাকৃতং কিঞ্চিন্ময়া পাপমিতীরয়ন ॥
 কদন পপাত ভূমাঞ্চ কথং তাতেতি পীড়িতঃ

বাইব, কিরূপে থাকিব, কিরূপে পাইব,
 কিরূপে আমার পরলোক সঙ্গতি হইবে।”
 সৰ্ব্বল এইরূপ ভাবনাগ্রস্ত হইয়া কালযাপন
 করিত। হে রাঘব! ঐ ব্রাহ্মণ গোতম
 এইরূপ দৃষ্টিস্তায় কালযাপন করত একদা
 সেই পৌরাণিক ব্রাহ্মণের বাড়ীতে গিয়া
 লক্ষ্মায় অধোবদন হইয়া বলিল,—“মহাশয় ।
 আমি কি করিব?” পৌরাণিক ব্রাহ্মণ তাহার
 কথায় কোন উত্তর না দিয়া পাণ্ডিত বলিয়া
 শিষ্য দ্বারা তাহাকে বাড়ী হইতে বাহির
 করিয়া দিলেন। ৪৭৩—৫৩১। গোতম নিকা-
 সিত হওয়ার তথা হইতে বহির্গত হইয়া
 ঘরদেপে ভূতলে দীনভাবে উপবেশন
 করিল। গোতমকে ভূতলে উপবিষ্ট দেখিয়া
 পৌরাণিক দয়া করিয়া তাহাকে নিকটে
 আহ্বান করিয়া আসন দিলেন। কিন্তু হে
 রাম! সে আসনে উপবেশন না করিয়া
 ভূতলে উপবেশন করিল এবং (বিনীত-
 ভাবে) পৌরাণিককে কহিল,—“আমি
 প্রায়শ্চিত্ত করিব, আপনি তাহার বিধান
 দিন। পৌরাণিক ব্রাহ্মণ উত্তর করি-
 লেন,—“তুমি কি কি পাপ করিয়াছ,
 তাহা অগ্রে সমস্ত খুলিয়া বল।” তখন

ব্রাহ্মণস্তমথ প্রাহ প্রায়শ্চিত্তং ন বিদ্যতে ॥৫৩৬
 মহাপাপে ত্রিরাবৃত্তে পুনশ্চ যদি চেৎ কৃতম্ ।
 গোতম উবাচ ।
 পৌরাণিক মহাভাগ প্রাপ্যাপি স্বামহং কথম্ ।
 পাপযুক্তে দ্বিজশ্রেষ্ঠ সঙ্গতির্কিকলা ভবেৎ ॥
 পৌরাণিক উবাচ ।
 শাস্ত্রং প্রমাণং সৰ্বকেষাং প্রায়শ্চিত্তবিনির্গয়ে ।
 তদিনা যো হি তদক্রয়াৎ প্রায়শ্চিত্তং ন
 তস্তবেৎ ॥৫৩৮
 সক্রৎকৃতে সক্রৎ প্রে ক্তঃ দ্বিতীয়ে দ্বিগুণং
 ভবেৎ ।
 তৃতীয়ে ত্রিগুণং প্রোক্তং চতুর্থে নাস্তি নিষ্কৃতিঃ
 ত্রয়া কৃতং তু বহুধা চতুর্কিধমপীচ্ছয়া ।
 কথং বক্রমহং শক্ভঃ প্রায়শ্চিত্তং ভবাদৃশে ।

পাণ্ডিত গোতম “এমন পাপ নাই, যাহা আমি
 করি নাই” এই বলিয়া য়োদন করিতে
 করিতে “বাবা; আমার উপায় কি হইবে”
 এই বলিয়া অতি হুঃখিতভাবে ভূতলে
 পতিত হইল। অনন্তর পৌরাণিক তাহাকে
 কহিলেন,—তিন বার মহাপাতক করিয়া
 যদি আর পাপ করিয়া থাক, তাহা হইলে
 তোমার পাপের প্রায়শ্চিত্ত নাই। গোতম
 কহিল,—হে মহাভাগ দ্বিজবর পৌরাণিক!
 আমি আপনায় যখন দর্শন পাইয়াছি, তখন
 পাণ্ডিত কি সে? আপনায় দর্শনেও যদি
 আমার পাপকালন না হইয়া থাকে, তাহা
 হইলে সাধুসঙ্ঘের আর কোন ফল থাকে না।
 পৌরাণিক কহিলেন,—(সে স্মৃতিবাদ থাক)
 সকলেরই প্রায়শ্চিত্ত স্থির করিয়া দিতে
 হইলে শাস্ত্রকেই প্রমাণ করিতে হয়; শাস্ত্র-
 প্রমাণ না লইয়া প্রায়শ্চিত্তের ব্যবস্থা দিলে
 তাহাতে কোন ফলোদয় হয় না। একবার
 পাপ করিলে একবার, দুইবার পাপ করিলে
 দুইবার এবং তিন বার পাপ করিলে তিনবার
 প্রায়শ্চিত্ত করিতে হয়; চতুর্থ ব্যয়, পাপ
 করিলে, তাহার নিষ্কৃতি নাই। তুমি,
 দেখিতেছ চারিবার কি, ইচ্ছাপূর্বক বহুবার

গৌতমোহপি পুনঃ প্রাহ ক গন্তব্যং যয়েতি চ
পৌরাণিকো দ্বিজো রাম তুষ্ণীমেব বভূব হ ॥
গৌতমোহপি মহাশৈলং শ্রিয়া এব জগাম হ ॥
অথ তত্র নদীং সাত্বা দৃষ্টেশং মল্লিকার্জুনম্ ॥
উপবাসক্রমং কৃত্বা শিবরাত্রিমবিন্দত ॥
চতুর্থমুপবাসঞ্চ চকারাতীবজ্জ্বলিতঃ ॥ ৫৪৪
পায়ণং চাপ্যমায়ানং স কৃতবান্ কলবকলৈঃ ॥
অথ প্রদক্ষিণং চক্রে জীর্নশস্ত চ স দ্বিজঃ ॥
গতবান্ মন্দিরং পশ্চাচ্চিস্তয়াতিক্রমঃ স্বসন ॥
কথং পাপনিবৃত্তির্থে তুষ্ণীকৃতস্ত সেন্শ্রুতি ॥
অনন্তমবিচার্যং কিং মৎপাপং স্মমহন্তরম ॥
কস্মিন কোহপি মে ক্রমাৎ প্রায়শ্চিত্তং-

বিধীয়তাম্ ॥

কিন্তু কস্মিন পুরাণে তু ঋতে জ্ঞানং ভবিষ্যতি
ইতি কৃত্বা মতিং সোধয় পুরাণজমভাবত ॥ ৫৪৪

পাপ করিয়াছ ; সুতরাং তোমাকে কি প্রকার
প্রায়শ্চিত্তের ব্যবস্থা প্রদান করি ? গৌতম
পুনর্বার কহিল,—“তবে আমি কোথায়
যাইব ?” হে রাম ! তাহার পর সেই
পৌরাণিক ব্রাহ্মণ মৌনাববদন করিলেন,
আর কোন উত্তর প্রদান করিতে পারিলেন
না। অনন্তর গৌতম পবিত্র জীপর্কতে
গমন করিয়া তথায় নদীতে স্নানপূর্বক
মল্লিকাকুলের স্তায় এক অতি শুভ শিবলিঙ্গ
দর্শন করিল এবং তিন দিন উপবাস করিয়া
শিবরাত্রি করিল, পরে অতীব কষ্টে চতুর্থ
উপবাস করিয়া অমাবস্তা তিথিতে ফল ও
বৃক্ষমূল ভক্ষণ করিল। পরে সেই ব্রাহ্মণ
ভক্তিপূর্বক জীপর্কত প্রদক্ষিণ করিল। পরে
চিন্তায় অতিক্রম সেই ব্রাহ্মণ দীর্ঘনিঃশ্বাস
পন্নিত্যাগ করিতে করিতে নিজ ভবনে
গমন করিল। বাঁকী গিয়া ভাবিতে লাগিল,
—আমার অনন্ত অগম্য ঘোরতর মহা-
পাপের কথা শুনিয়া, “প্রায়শ্চিত্ত কর” এ
কথা আমাকে কেহ বলিবে না ; সেই কারণে
আমি আর কাহাকেও কোন কথা জিজ্ঞাসা
করি না, সর্বদা মৌনাবলম্বন করিয়া

পুরাণমেকং মে তাত ব্যাখ্যাভূঃ ভগবানিতি ॥
জাতকর্মাণিসংস্কারান্ কারয়ন্ত মমাতু বৈ ॥ ৫৪৮
দ্বিজো ত্বা শূণ্যোমাদ্য প্রায়শ্চিত্তং কল্পোম্যতঃ
বিধায় কিং পুরাণং মে ভবিষ্যতি চিকীর্ষিতম্ ॥
অতঃ শক্যং করিষ্যামি পুরাণার্থং বিনিশ্চয়ন ॥
পৌরাণিক উবাচ ॥

যথা তৎ কীর্তয়িষ্যামি পুরাণং পাপনাশনম্ ॥
যথাজ্ঞানং যথাসক্তি যথাশুদ্ধং যথাবিধি ॥ ৫৫২
কিংবা কুচিপুয়ণং তে কীর্তয়িষ্যে ভদেব তু ॥
গৌতম উবাচ ॥

সকলঃ কুচিপুয়ণং মে বক্তব্যং কিং হিতং বদ ॥
ঋতে যস্মিন ভিদা নৈব জায়তে তু হরৌশয়োঃ
পৌরাণিক উবাচ ॥

কৌশ্মোক্তং যৎপুরাণং তদেবরায়ভিদ্ধাতিথম্

রহিয়াছি ; কিন্তু কি প্রকারে আমার পাপ
দূর হইবে। কোন পুরাণ শ্রবণ করিলে
আমার জ্ঞান হইবে ?” এইরূপ চিন্তা
করিয়া সে পুনরপি পৌরাণিকের নিকটে
উপস্থিত হইয়া বলিল। ৫৩২—৫৪৮। “বাবা
ভগবন ! আমার নিকটে একখানি পুরা-
ণের ব্যাখ্যা করুন। অবিলম্বে আমার
জাতকর্মাণি সংস্কার-কার্য সুসম্পন্ন করিয়া
দিন ; তাহার পর আপনাই চেষ্টায় ব্রাহ্মণ
হইয়া আমি পুরাণের ব্যাখ্যা শ্রবণ করি ;
তাহার পর প্রায়শ্চিত্ত করিব। কোন পুরাণ
শ্রবণ করিলে আমার অতীষ্ট সিদ্ধ হইবে,
তাহা বলুন ; আপনার নিকট পুরাণ ব্যাখ্যা
শ্রবণ করিয়া, যাহা আমার শক্তির অঙ্কুরপ,
তাহা করিব। পৌরাণিক কহিলেন,—যাহাতে
তোমার পাপ নাশ হইতে পারে, এরূপ
পুরাণ, আমার জ্ঞান ও শক্তির অঙ্কুরসারে
যথানিয়মে বিস্তৃত করিয়া বলিতেছি। কিংবা
যে পুরাণশ্রবণে তোমার একান্ত আগ্রহ,
তাহাই বলিতেছি। গৌতম কহিল,—
আমার সকল পুরাণ শ্রবণেই আগ্রহ আছে,
একণে যে পুরাণ আমার পক্ষে মঙ্গলকর
এবং যাহাতে শিব-বিষ্ণুর তেদ নাই—এরূপ

শৃণোতি যন্তং প্রথমং তস্ত পাপং বিনশ্চতি ।
 তস্ত বক্তা তু যো বিপ্রস্তস্ত বিদ্বান্ধরং ভবেৎ
 শ্রোতব্যাং মুক্ততে প্রায়ো যদি ভাৰ্য্যা বিনশ্চতি
 কিং চৈকং ত্বকরং বক্ষ্যে শ্রোতবীক্কুর্যনিন্দকম্
 ব্যাখ্যাতিরি যদি শ্রীতির্ক্কুর্দেবপ্রকাশিনী ॥
 আচারদর্শকে পুণ্যে কর্ম্মমোক্ষাদিদর্শকে ।
 তদা তুস্তৌ মহেশঃ স্মাধিক্কুরিষ্টকলপ্রদঃ ।
 পিতরস্তারিতাস্তেন যান্তি তে পরমাং গতিম্ ॥
 ইতি শ্রীপায়ে পাতালখণ্ডে শিবরামাঘবসংবাদে
 একোনসপ্ততিতমোহধ্যায়ঃ ॥ ৬২

কোন পুরাণ বলুন । পৌরাণিক কহিলেন,—
 পূর্ক্কথিত যে পুরাণ, তাহাতেই শিব-বিষ্ণুর
 অভেদ বর্ণনা করা হইয়াছে, এই জন্ত তাহা-
 রই শ্রেষ্ঠতা কথিত হইয়া থাকে । যে ব্যক্তি
 সেই পুরাণ শ্রবণ করে, তাহার পাপ নাশ
 হয় । যিনি সেই পুরাণ পাঠ করেন, তাঁহার
 কোন বিয় হয় না । ভাৰ্য্যা বিনাশে সেই
 পুরাণ শ্রবণই শান্তিপ্রদ বলিয়া নির্দিষ্ট হয় ।
 পুরাণের শ্রোতা ও বক্তা উভয়কে যে
 নিন্দা না করে, তাহার পক্ষে অসাধ্য কর্ম্ম
 কি আছে? যিনি পুরাণ ব্যাখ্যা করিয়া
 সদাচার, পুণ্যকর্ম্ম ও মুক্তি প্রভৃতির পথ
 প্রদর্শন করেন তাঁহার প্রতি যেরূপ ভক্তি করে,
 মহেশ্বর তাহার প্রতি তুষ্ট হন, বিষ্ণু তাহাকে
 অতীষ্ট ফল প্রদান করেন, তাহার ধর্ম্মকর্ম্মের
 পরিসীমা থাকে না এবং তাহা দ্বারা উক্তার
 প্রাপ্ত হইয়া তদীয় পিতৃপুরুষগণ পরমা গতি
 লাভ করেন । ৩৩২—৫৫৮ ।

একোনসপ্ততিতম অধ্যায় সমাপ্ত ॥ ৬২ ॥

সপ্ততিতমোহধ্যায়ঃ ।

শ্রীরাম উবাচ ।

কথং পাতকসজ্বাতসংক্রমে ব্রাহ্মণাধমে ।
 পুরাণজঃ কথং ব্যাখ্যাৎককার হিজসত্তম ॥ ১
 শত্কুৰ্ব্বাচ ।
 অধ্যাপনে চাধ্যয়নে জায়তে চাথ সঙ্গমঃ ।
 সঙ্গতো বৎসরং রাম যাতি পাতকিপাতকম্ ॥
 পুরাণজ্ঞে তু কাঙ্কুৎস্ব সর্ক্কভস্বার্থবেদিনি ।
 অপি পাতকসন্দোহচীর্ণপাপং শ্রণশ্চতি ॥ ৩
 প্রভূতবহ্নিনাশো হি ক্রমরাশির্বিধেব হি ।
 শলভো দীপনাশায় বহ্নিনাশায় ন প্রভূঃ ॥ ৪
 কুতং পাপং তথাস্তেষাং নাশনায় পুরাণিকঃ ।
 ভূতাদিপ্রস্তুমর্ক্ক্যানাং ভূতাদিভয়মোচকঃ ॥ ৫
 সমস্তবানপনয়েদ্বযথা ন স্বয়মাতুরঃ ।

সপ্ততিতম অধ্যায় ।

শ্রীরাম জিজ্ঞাসা করিলেন,—হোষজ-
 সত্তম! যাহাতে রাশি রাশি পাতক বিদ্যা-
 মান, সেই অধম ব্রাহ্মণের নিকটে পৌরাণিক
 কিরূপে পুরাণ ব্যাখ্যা করিলেন;—উক্ত
 মহাপাতকীর সংসর্গে তাহাতেও ত পাপ
 স্পর্শিবার কথা । শত্ৰু উত্তর করিলেন,—
 রাম! পরস্পর অধ্যয়ন ও অধ্যাপনায়
 সংসর্গ হয় বটে এবং একবৎসর সংসর্গ
 করিলে, সংসর্গকর্ত্তা পাতকীর সম্পূর্ণ পাপের
 ভাগী হইয়া থাকেন । কিন্তু হে কাঙ্কুৎস্ব!
 যিনি নিখিল তস্বার্থবিৎ পুরাণজ, তাঁহার
 উক্ত সংসর্গে কোনরূপ ক্ষতি হয় না । পরন্তু
 তাঁহার সংসর্গে পাতকীরই পাপসমূহ নষ্ট
 হইয়া থাকে । অগ্নি যেরূপ বৃক্ষরাশিকে
 তস্ব করিয়া থাকেন, সেইরূপ পৌরাণিক
 আত্মসংসর্গ দ্বারা বহুতর পাতককারীর
 পাপনাশ করিয়া থাকেন; শলভ যেরূপ
 কেবল দীপ-নির্ক্কণেই সমর্থ, প্রভূত অগ্নির
 কিছুই কল্পিতে পারে না, সেইরূপ পাতকী
 ব্যক্তি স্বসংসর্গ দ্বারা সাধারণ পুণ্যবানকে

পৌরাণিকস্তথা পাপং ন কিঞ্চিৎ প্রাপ্তুমর্হতি ।
 আত্মনা চ কৃতং পাপমত্শৈরপি চ যৎ কৃতম্ ।
 পুবাণজ্ঞো নাশয়তি ত্ৰিত্বদৃষ্টং স্বকর্ম্ম বা ॥ ৭ ॥
 ভবানীশে স্বর্ষাকেশে সমবৃত্তিকির্বেকবান্ ।
 লোকবেদক্রিয়াবেত্তা ক্রম্ভজাপানতিস্পৃহঃ ॥ ৮ ॥
 তুষ্টঃ শান্তঃ ক্রিয়াদক্ষঃ প্রভৃতোদ্যোগরুদ্বলী
 যথৈব তে পুরাণজ্ঞো বসিষ্ঠো ভগবানুযিঃ ॥ ৯ ॥
 নিয়োগান্তব ভূপাল হ্রষোধাধ্যায়মধিষ্ঠিতঃ ।
 অপালয়ন্তুং কংক্রাং স্বাক্ষ রক্ষঃ সমাপতৎ ॥
 স চ শুক্রোপদেশেন রাক্ষসস্তামথাভাগাৎ ।
 যুগাসক্তঃ হনিষ্যামি নশ্বথাবসরস্ত্বিত্তি ॥ ১১ ॥

অথ বিপ্রো বিদিত্বৈতদ্বসিষ্ঠস্ত্বিত্তিশ্রিয়ঃ ।
 সুশ্রুং প্রমত্তঃ কাকুৎস্থং রক্ষো হস্তি ন সংশয়ঃ
 ব্রহ্মাবাপ্তবরং তদ্ধি ময়া কার্যং নিবারণম্ ।
 ইতি সঞ্চিন্ত্য বিপ্রাধিঃ সেনামাদায় নির্গতঃ ॥
 রক্ষো হস্তমশক্তস্ত মুতুহীনঃ ততো মুনিঃ ।
 স্বয়ং রাক্ষসো ভূবা বাক্যমাহ মহামুনিঃ ॥ ১৪ ॥
 কিমর্থমাগতোহসৌহ বনঃ মুনিনিষেবিতম্ ।
 স আহ রাজা রক্ষোন্নস্তমহঃ হস্তমাগতঃ ॥ ১৫ ॥
 মুনিরপ্যাহ কিং মে জীবিতেন মুতেন বা ।
 ভুক্তামিষং মদীয়ং তু যুদ্ধং কৃত্বা জয় ব্রজ ॥ ৬ ॥

দৃষিত করিতে সমর্থ হইলেও, পৌরাণিকের কিছুই করিতে পারে না। পৌরাণিক ভূতাদিগ্ৰস্ত মানবদিগের ভূতাদি ভয় দূর করিয়া থাকেন। বৈদ্য যেরূপ মজ্জ্বোধিবলে রোগীকে সুস্থ করে; রোগীর চিকিৎসা করিতে গিয়া সংসর্গদোষে স্বয়ং রোগার্ভ হয় না; সেইরূপ পৌরাণিক অন্তরূত পাপ হরণ করিতে গিয়া কিছুমাত্র সেই পাপের ভাগী হয় না। পুরাণশাস্ত্রবিৎ আত্মকৃত ঘোরতর পাপ এবং পরকৃত পাপ সমস্তই নষ্ট করিয়া থাকেন। তিনি বিবেকী, শিব ও বিষ্ণুর উপরে তাঁহার সমান ভক্তি। তিনি লোকাচার, বেদোক্ত ক্রিয়া সমস্তই জানেন, ক্রম্ভজ জপ করেন; ভোগ্যবস্ততে তাঁহার লালসা অতি অল্প। তিনি তুষ্ট, শান্ত, কার্যদক্ষ, অতিশয় উদ্যমী, ও জিতেশ্রিয়; যেমন তোমাদের পুরোহিত ভগবান্ বশিষ্ঠ ঋষি, পৌরাণিক বলিয়াই ত তুমি উহাকে অঘোধ্যায় প্রতপ্তিত করিয়াছ। হে ভূপাল! প্রকৃতপক্ষে বিবেচনা করিয়া দেখিলে, মনে হয় বশিষ্ঠদেবই ত সমগ্র পৃথিবী পালন করিতেছেন। একদা এক রাক্ষস, শুক্রাচার্যের উপদেশে তোমার নিকটে আগমন করিয়া তুমি যুগয়া করিতেছ দেখিয়া, রাক্ষস “যুগবধ করিবার নিমিত্ত

অন্তমনস্ক হইয়াছে, এই অবসরেই উহার প্রাণনাশ করি, নতুবা আর সুযোগ ঘটবে না।” এই মনে করিয়া তোমাকে আক্রমণ করিয়াছিল। (বোধ হয় তোমার স্মরণ থাকিতে পারে)। অনন্তর তোমার হিতাকাঙ্ক্ষী বিপ্রবর বশিষ্ঠ এই ঘটনা জানিতে পারিয়া মনে মনে ভাবিলেন,—সুশ্রু বা অন্তমনস্ক অবস্থায় ককুৎস্থবংশজ সন্তান রাক্ষস-হস্তে বিনষ্ট হইতে পারে, সন্দেহ নাই। কারণ রাক্ষসজাতি ব্রহ্মার বলে বলীয়ান। অতএব রাক্ষসটাকে দূর করা আমার অবশ্য কর্তব্য হইতেছে, এইরূপ চিন্তা করিয়া বশিষ্ঠ সসৈন্তে বহির্গত হইলেন। এবং কিয়ৎকণ সেই রাক্ষসের সহিত যুদ্ধ করিলেন। কিন্তু কিছুতেই তাহাকে বধ করিতে না পারিয়া পরিশেষে স্বয়ং রাক্ষসমূর্ত্তিপরিগ্রহপূর্ব্বক তাহাকে বধিলেন,—তুমি এই মূনিগণসেবিত কালনমধ্যে কি নিমিত্ত আগমন করিয়াছ? তাহার পর সেই রাক্ষস উত্তর করিল—এই স্থানের রাজা রাক্ষসবধ করিতেছে তুমি আমি তাহাকে বধ করিতে আসিয়াছি। মুনিবর বসিষ্ঠ উত্তর করিলেন,—মে রাজা জীবিত থাকিলেই বা তোমার ক্ষতি কি? মরিলেই বা তোমার লাভ কি? তুমি যদি যুদ্ধে আমার প্রাণবধ করি মাংস ভক্ষণ করিতে পার, তাহা হইলে

রাক্ষস উবাচ ।

কথং স্বং রাক্ষসো মছং ভক্ষণাং ভবিষ্যসি ।
 বসিষ্ঠৌহপ্যথ মাহুয্যামাহায় বিয়তি স্থিতঃ ৷১৭
 নিগীব্য মস্তকে তস্ত মুষ্টিনা তমতাভয়ং ।
 ভাঙ্কিতো রাক্ষসস্তেন ব্যাজীবয়দৃষিষ্ঠ তম্ ৷১৮
 পলায়মানবস্তোস্তং জলাধং তু গতাবুভৌ ।
 ভক্তশ্চেন গ্রহেণাসৌ গৃহীতো রাক্ষসস্তদা ৷১৯
 মুনিঃ পুনরযোধায়ানং পূর্ববৎ সমাতষ্ঠত ৷২০
 শভ্ৰুকবাচ ।
 তস্মাৎ স্বভিমতং কুৰ্য্যাৎ পুরাণজ্ঞো বিমৎসরঃ
 শ্রবণস্ত বিধানং চ কথয়ামি শুভং শৃণু ৷২১
 শুক্রপক্ষে দিনে শুক্রে বারনক্ষত্রযোগতঃ ।
 কল্পে চাপি লয়ে চ গ্রহভারাবলার্বিতে ৷২২
 অমুঢ়ে ন গ্রহে বালে ন চ বুদ্ধৌ গুরৌ স্থিতে

বুঝিতে পারিব তুমি জয়ী হইয়াছ । রাক্ষস
 কহিল,—তুমিও ত রাক্ষস, তবে কিরূপে
 তুমি আমার ভক্ষ্য হইবে।” রাক্ষসের
 কথা শ্রবণ করিয়া বশিষ্ঠ মনুয্যমূর্ত্তি ধারণ-
 পূর্বক আকাশে উত্থিত হইলেন এবং সেই
 রাক্ষসের মস্তকে নিগীবন ত্যাগপূর্বক
 তাহাকে মুষ্টিপ্রহার করিলেন। রাক্ষসও
 বসিষ্ঠের মুষ্টিপ্রহার প্রাপ্ত হইয়া তাঁহাকে
 ভাঙনা করিলে, বশিষ্ঠও তাহাকে পুনরপি
 ভাঙিত করিলেন। আকাশপথে এইরূপ
 পরস্পর ভাড়াভাড়ি করিতে করিতে দুই-
 জনই সমুদ্রে গিয়া পড়িলেন। তখন সেই
 রাক্ষস এক কুষ্ঠীরের কবলে পতিত হইয়া
 প্রাণত্যাগ করিল। মুনিবর বশিষ্ঠ নিকটক
 হইয়া পুনর্বার অযোধায় আগমনপূর্বক
 পূর্ববৎ অবস্থিতি করিতে লাগিলেন।
 ১—২০। শভ্ৰু কহিলেন—অতএব স্পষ্টই
 বুঝা যাইতেছে যে, ষাহার অস্তের প্রতি
 কিছুমাত্র বিদ্বেষ নাই, এরূপ সদাশয়
 পৌরাণিক, যাহা ইচ্ছা করিতে পারেন।
 এক্ষণে পুরাণশ্রবণের শুভদিনের কথা বলি-
 তেছি, শ্রবণ কর। শুক্রপক্ষে বিশুদ্ধ তিথি,
 বার ও নক্ষত্রে, বৃহস্পতির অন্ত, বাল্য ও

ন কৃষ্ণপক্ষে গ্রহণে ন চ নাস্তিকসম্মিথৌ ৷২৩
 পূর্বোক্তলক্ষণোগেভঃ পুরাণং শৃণুয়াদিতি ।
 শুক্রগেহেহথবা শুক্রবেদিকার্যং মঠেহথবা ৷২৪
 নদীতীরে দেবগৃহে সভামণ্ডপ এব চ ।
 রথ্যামঠেহথবা রম্যে পুণ্যশালাসু ষাষৎ ৷২৫
 স্বয়ং নমস্ত বিপ্রেশান পুরাণজ্ঞঃ বিশেষতঃ ।
 আসনং কল্পিতং কুৰ্য্যাদুর্দ্ধং সৰ্ব্ববিশেষিতম্ ।
 এহি ধৰ্ম্মাসনমিতি বক্তব্যং স্মাদানিষ্ঠরম্ ।
 পুরাণপ্রক্রমদিনে স্বং কার্য্যং তদুদীরয়ে ৷২৭
 ব্যাখ্যাভারঃ পুরাণস্ত বস্ত্রাদৈঃ পরিপূজ্য চ ।
 শুভানি দশ্য বস্ত্রাণি স্মৃশ্মাণি চ নবানি চ ৷২৮
 করকণ্ঠবিভূষাদি পাত্রয়াসনম্বেব চ ।

বার্দ্ধক্য অবস্থা নহে এমন বিশুদ্ধকালে,
 শুভকর করণে, শুভলয়ে, চন্দ্র-ভার্য্যশুক্লি-
 যুক্ত সময়ে পুরাণ শ্রবণ করিবে। কৃষ্ণপক্ষে
 বা নাস্তিক লোকের সমীপে পুরাণ শ্রবণ
 করিবে না। চন্দ্রস্বর্ঘ্যের গ্রহণকাল পুরাণ
 শ্রবণের উত্তম সময়, তাহাতে কৃষ্ণক্ষাদি
 দোষ গ্রাহ্য হয় না। ২১—২৩। যে পুরাণ
 পূর্বোক্তলক্ষণাক্রান্ত, তাহাই শ্রোতব্য।
 হে ষাষৎ! বিশুদ্ধ বেদিকায়, মাঠে, নদী-
 তীরে, দেবালয়ে, সভামণ্ডপে, রথ্যাপাৰ্ব্বতী
 পবিত্র মঠে, অথবা যে কোন পবিত্র গৃহে
 উপবেশনপূর্বক উৎকৃষ্ট ত্রা ক্ষণদিককে প্রাণম
 করিয়া পৌরাণিককে বিশিষ্টরূপে অভিবাদন
 করিয়া পুরাণ শ্রবণ করিবে। পুরাণ পাঠ-
 কের আসন বেদির উপরে, শোভবর্গের
 অসন অপেক্ষা উৎকৃষ্ট করিবে। পৌরা-
 ণিকের বসিবার আসন প্রস্তুত করিয়া “ধৰ্ম্মা-
 সনে আসিয়া উপবেশন করন।” অতি
 বিনীত ভাবে এই বলিয়া পুরাণপাঠককে
 আসনে উপবেশন করাইবে। পুরাণপাঠের
 আরম্ভ দিবসে কি কি কার্য্য করিতে হয়,
 তাহা বলিতেছি। ২৪—২৭। প্রথমতঃ
 পুরাণব্যাখ্যাভাকে স্মৃৎ সুল্লর মবীন বস-
 নাদি প্রদান করিয়া পূজা করিবে; বলয়,
 হার প্রস্তুতি অলঙ্কার, পাত্র ও আসন প্রদান-

গন্ধপুষ্পাকটৈঃ পূজ্য তাবুলঃ বিনিবেদ্য চ ।
 তক্রাঘরধরং বিষ্ণুং শশিবর্ণং চতুর্ভুজম্ ।
 প্রসন্নবদনং ধ্যায়েৎ সর্কবিদ্যোপশাস্তয়ে ॥৩০॥
 সভাসদশ্চ সম্পূজ্য গণেশং প্রার্থয়েত্ততঃ ।
 ঐ নম ইত্যাদিমন্ত্রেণ পূজনং ভারতীহুতিঃ ।
 প্রাতঃকালে পুরাণস্ত প্রক্রমং প্রারভেদতি ।
 উপক্রমদিনে রাম ত্রিংশৎ দশ বা শুভাঃ ॥৩২॥
 শ্লোক দ্বিতীয়ে দিবসে ততো দ্বিগুণতঃ শুভাঃ
 তৃতীয়দিবসে রাম ততশ্চাধিকমিষ্যতে ॥৩৩॥
 দিনানামব্যবচ্ছেদাঘ্যাখ্যানং শ্রবণং তথা ;
 ব্যবস্থিত্বির্ধা জাতা তদা পৌরাণিকং গুরুম্ ।
 তাবুলাদি প্রদায়িত্ব পরেহাঃ শৃণুয়াদপি ।
 পুরাণমেবং শ্রোতব্যং দৈনন্দিনমিতি ঙ্গতিঃ ।
 ব্রতরূপেণ যঃ কশ্চিৎ পুরাণং শৃণুয়ন্নরঃ ।
 বদেবং তৎ পুরাণস্ত তত্র যাতি ন সংশয়ঃ ।

পূর্বক গন্ধ-পুষ্প ও আতপ তুল দ্বারা
 পূজা করিয়া পৌরাণিককে তাবুল প্রদান
 করিবে। সর্কবিদ্যশাস্ত্রের নিমিত্ত শ্বেতবসন-
 ধারী চন্দ্রতুলাপ্রসন্নবদন চতুর্ভুজ বিষ্ণুকে
 ধ্যান করিবে। ২৮—৩০। অনন্তর অস্তান্ত
 সভাগণকে যথাসম্ভব পূজা করিয়া গণেশের
 নিকটে প্রার্থনা করিবে। ঐ নম ইত্যাদি
 মন্ত্রদ্বারা পূজা করিয়া সরস্বতীকে প্রণাম
 করিবে। প্রাতঃকালেই পুরাণপাঠের আরম্ভ
 করিতে হয়। রাম পুরাণপাঠের আরম্ভ
 দিবসে দশটি বা পোনেদোটি মাত্র শ্লোক
 পাঠ করিবে। দ্বিতীয় দিবসে তাহার দ্বিগুণ
 শ্লোক পাঠ করিবে। হে রাম! তৃতীয়
 দিবসে পাঠের কোন বিশেষ নিয়ম নাই,
 তবে পূর্কদিন অপেক্ষা অধিক পাঠ করিবে।
 ৩১—৩৩। এই পুরাণের ব্যাখ্যা ও শ্রবণ
 যেন বন্ধ না যায়; বিশেষ কোন কারণে
 কোন দিন বন্ধ যাইলে তৎপরদিন পৌর-
 ণিক গুরুকে তাবুলাদি প্রদান করিয়া শ্রবণ
 করিবে। এইরূপে দৈনন্দিন পুরাণ শ্রবণ
 করিবে, ইহাই বেদশাস্ত্রের কথা। যে কোন
 ব্যক্তি পুরাণশ্রবণকে ব্রত বলিয়া গণ্য
 করিতে পারে; ব্রতক্রমে পুরাণ শ্রবণ

পুরাণং শ্রোতুকামেন শ্লোকৈশ্চকোহপি
 চেচ্ছ্রুতঃ ।
 তদ্দিনে তু কৃতং পাপং নাশয়েত্তু ন সংশয়ঃ ।
 এবং পুরাণং শৃণুয়াচ্চ যত
 স ব্রহ্মহত্যাঙ্কতপাপবন্ধাৎ ।
 সুরাঙ্গীতিঃ স্বর্ণহরশ্চ রাম
 গুরুক্ৰনাগশ্চ বিমুক্তিমৈতি ॥ ৪৮ ॥
 পাপানি চান্তানি কৃতানি পুস্তিঃ
 সর্কপি নশ্চন্তি পুরাকৃতানি ।
 ইহাপি যান্ত দশতাজ্জিতানি
 শ্রোতুর্কিনশ্চন্তি তথা চ বকুঃ ॥ ৩৯ ॥
 কলৌ সমস্তবিপ্রাণাং সর্কজঘৎ ন বিদ্যতে ।
 বিষ্ণুপি ততো ব্যাখ্যা কলদা দানকর্ম্মবৎ ॥ ৪০ ॥
 পুরাণানামভিপ্রায়ং ব্যাসো বেদ ন চাপরঃ ।
 অহং বেদ্যি বিশেষেণ ব্যাসাদপি বিধেয়পি ।
 ন স্বাধায়ন্তপো বাপি ন মজ্জো ন জুহোতমঃ ।
 কলন্তি ন তথা তিষ্যে পুরাণশ্রবণং যথা ॥ ৪২ ॥

করিলে, সেই পুরাণ শ্রোতার গৃহে গমন
 করে, সে বিষয়ে কোন সন্দেহ নাই।
 পুরাণশ্রবণে অভিলষী হইয়া একটি মাত্র
 শ্লোক শ্রবণ করিলেও তদ্দিনকৃত সমস্ত
 পাপ নষ্ট হয়, সে বিষয়ে কোন সন্দেহ
 নাই। রাম! যে ব্যক্তি এইরূপ নিয়মে
 পুরাণ শ্রবণ করে, সে ব্রহ্মহত্যা, সুরাপান,
 স্বর্ণহরণ, ও গুরুপত্নীগমন-জনিত মহাপাতক
 হইতে মুক্ত হয়। পুরাণশ্রোতা ও পুরাণ-
 পাঠক উভয়েরই জন্মান্তর-কৃত এবং ইহজন্মে
 শতবৎসরকৃত সকল পাপ দূর হয়। কলি-
 কালে সকল ব্রাহ্মণের সর্কজতা থাকে না,
 সূতরাং পুরাণব্যাখ্যায় অজ্ঞানকৃত কতি
 'ঘটিলেও দানকার্যের স্তায় কলের কোন
 ব্যাঘাত হয় না। পুরাণসমূহের তাৎপর্যার্থ
 একমাত্র বেদব্যাসই জানেন, অপরে জানে
 না। তবে বেদব্যাস ও বিধাতা অপেক্ষাও
 আমি অধিক জানি। কলিকালে পুরাণ-
 শ্রবণে যেরূপ কল হয়, বেদপাঠ, তপস্যা,
 মন্ত্রগ্রহণ, ও হোমেরূপে কল হয় না।

একৈকশ্রবণাদেব পাতকঃ মহদেব তু ।
 নাশমাপ্নোত্যসন্দেহঃ শ্রীশৈলবর্তনাদিব ॥ ৪৩
 অতো গুরুঃ পুরাণজ্ঞ শ্রোতৃবৃন্দোঘনাশনঃ ।
 ন তস্মাদধিকঃ কশ্চিদগুরুরস্তি গতিপ্রদঃ । ৪
 মন্ত্বেষু গুরবো যে চ বেদশাস্ত্রেষু যে মতাঃ ।
 নেশতে সৰ্ববিজ্ঞানং দাতুং কস্মিন্ন বোধকাঃ ॥
 পিশাচাঃ প্রায়শো। রাম ব্রহ্মরাক্ষসনামিনঃ ।
 বেদমন্ত্রস্ত বেস্তারো দৃষ্টস্তে ন পুরাণবিৎ ॥ ৪
 পুরাণবিমুখো নৈব সৰ্বঃ সৰ্বং হি পশুতি ।
 পুরাণজ্ঞো হি তত্তস্মাৎপাপনাশকরঃ প্রভুঃ ॥ ৪
 তৎপূজা সৰ্বপূজা স্মাৎ সৰ্বদ্রোহস্ত পীড়নম্
 যথা সমস্তদানানাং বিদ্যাাদানং প্রশস্ততে ॥ ৪৮
 পৌরাণিকস্তথা রাম তত্র দানং মহৎ কলম্ ॥
 শ্রীরাম উবাচ ।
 কিংবা পৌরাণিকে দেয়ং কিয়ৎ কৌদৃশমেব চ

শ্রীপৰ্বতে অবস্থানের স্তায় এক একটি
 পুরাণ শ্রবণেই মহাপাতক পর্য্যন্ত নষ্ট হয়,
 এ বিষয়ে কোন সন্দেহ নাই। অতএব
 পুরাণবিৎ গুরু পাপ-বিনাশক বলিয়া শ্রোতার
 বন্দনীয়। তাঁহা অপেক্ষা অধিক গতিদায়ক
 গুরু আর নাই। ঝাঁহার বেদশাস্ত্রে সুপ-
 গিত এবং মন্ত্রগুরু, তাঁহার পুরাণশাস্ত্রে অন-
 ভিজ্ঞ হইলে সৰ্ববিধ জ্ঞান দান করিতে
 সমর্থ হন না, সুতরাং তাঁহার সৰ্বজ্ঞ হইতে
 পারেন না! হে রাম! পুরাণশাস্ত্রে অন-
 ভিজ্ঞ যে সকল বেদমন্ত্রজ্ঞ ব্রাহ্মণ দৃষ্ট হইয়া
 থাকেন, তাঁহাদিগকে আমি পিশাচ বা ব্রহ্ম-
 রাক্ষস নামে অভিহিত করি। পুরাণশাস্ত্রে
 অনভিজ্ঞ হইয়া কেহই সৰ্বজ্ঞতা লাভ
 করিতে পারে না। পুরাণবিৎই সকল পাপ
 নাশ করিতে সমর্থ। নিখিল দানের মধ্যে
 বিদ্যাাদান বেরূপ প্রশস্ত, সেইরূপ পৌরা-
 ণিককে পূজা করা সকল পূজা অপেক্ষা শ্রেষ্ঠ,
 পৌরাণিককে পূজা করিলে সকলের পূজা
 করা হয়, সকল প্রকার অনিষ্ট নিবারণ হয়।
 হে রাম! পৌরাণিককে দান করায় বিদ্যা-
 দানের স্তায় মহাকল হয়। শ্রীরাম জিজ্ঞাসা

পুরাণং কৌদৃশং বৰ্জ্যং বৰ্জ্যঃ কৌদৃকপুরাণবিৎ
 যদ্রসানন্নপানানি স্নেহদ্রব্য্যাণি যানি চ ।
 গৃহং সোপস্করং রাম পুরাণজ্ঞায় দাপয়েৎ ॥ ৫১
 পর্য্যাপ্তান্তেব সৰ্বাণি ত্ৰিধিকানি ফলাধিকান্ ।
 দদ্যাদ্ভব্যমতো ভূয়ঃ সটেলং শোভিতং যুহুঃ ।
 ভূষণানি যথার্থাণি স্বশক্ত্যা প্রতিপাদয়েৎ ।
 গন্ধপুষ্পং প্রতিদিনং কেবলং গন্ধমেব বা ॥ ৫৩
 কেবলং বা তথা পুষ্পং ফলকালে ফলান্তপি ।
 তাবুলঞ্চ তথা দদ্যাদ্ভ্যমক্ষুৰ্য্যাক্ত ভক্তিতঃ ॥ ৫৪
 পুরাণস্ত সমাপ্তৌ তু দদ্যাাদানাদিকং তথা ।
 অধিকস্ত তথা দেয়ং ভূহিরণ্যাদিকং নৃপ ॥ ৫৫
 ন চ তৃক্ষীমুপক্রম্য শ্রোতুমর্থতি কশ্চন ।
 সভাসম্ভিঃ কৃত্য চৈব যা পূজ্যেকেন বা কৃত্য ॥
 দেবস্থানে যথাশক্তি সৰ্বৈঃ পুজনমিষ্যতে ।

করিলেন,—পৌরাণিককে কি প্রকার বস্তু
 কি পরিমাণে দান করিতে হয়; কি প্রকার
 পুরাণ হয়, কি প্রকার পুরাণজ্ঞ নিকৃষ্ট, তাহা
 আমাকে বলুন। শম্ভু কহিলেন,—রাম!
 যদ্রসান্নাশিত অন্ন ও পানীয় দ্রব্য, ঘৃতাদি
 স্নেহদ্রব্য, এবং গৃহস্থালী দ্রব্যসহ গৃহ পৌরা-
 ণিককে দান করিতে হয়। সকল দ্রব্যই
 উপযুক্ত মাত্রায় দান করিতে হয়, উপযুক্ত
 মাত্রায়ও অধিক দান করিলে অধিক ফল
 হইয়া থাকে। উত্তম বস্তু, মহামূল্য অলঙ্কার
 প্রভৃতি নানাদ্রব্য সাধ্যমত পৌরাণিককে
 দেওয়া উচিত। প্রতিদিন গন্ধ-পুষ্প কেবল
 গন্ধ অথবা কেবল পুষ্প দ্বারা পৌরাণিককে
 পূজা করিবে। ফলের সময় ফল প্রদান
 করিবে। ভক্তিপূৰ্বক প্রণাম করিয়া তাবুল
 প্রদান করিবে। রাজন! পুরাণপাঠ
 সমাপ্ত হইলে বস্ত্রাদি প্রদান করিবে, অধি-
 কস্ত সুবর্ণ ও ভূমি প্রভৃতি স্বাবর সম্পত্তি
 দিবে। পুরাণশ্রবণ করিয়া কিছু না দিয়া
 কেহই মৌনভাবে শ্রবণ করিতে পারে না,
 এক ব্যক্তি পৌরাণিককে যেমন পূজা
 করিবে, অন্যান্য সন্ত্যগণেরও সেইরূপ

তীর্থেহপি চ যথা রাম পুণ্যেবায়াতনেষু চ । ৫৭
 স্বশক্ত্যা পূজনং কুর্য্যাৎ পুরাণত্রায় রাঘব ।
 শ্রোতুং লক্ষণং পূর্ষং ময়োক্তং ভবতে নৃপ ।
 পৌরাণিকস্ত সর্বস্ত লক্ষণং কথয়ামি তে ।
 কুলহীনো মহাব্যাধির্শ্বহাপাঙ্গী ভিরদ্ভুতঃ । ৫৯
 শৌচাচারবিহীনশ্চ বেদস্মৃতিবিবর্জিতঃ ।
 অস্তদেবঃ পুতিবচো ব্যক্তশ্চাপ্যাধিকাজ্জবান্ ।
 পরভাষণ্যপতিঃ স্তেনঃ প্রাণিহন্তা নিরাকৃতিঃ ।
 অথ বর্জ্যং পুরাণস্তে কথয়ামি নৃপোত্তম । ৬১
 পূর্ষজৈক্কচ্যমানঞ্চ যৎ প্রোক্তং মুনিভিঃ পঠৈঃ
 ব্যাসাদয়ো মুনিবরা যৎ প্রোচ্ছন্তহৃদীরয়েৎ । ৬২
 পুরাণস্বং পঠেদগ্ৰহঃ ব্যাখ্যাশ্চোচ্চ বিচারয়ন ।
 যয়া কয়্যপি বা রাম ভাষয়া দেশভেদতঃ । ৬৩
 ন দেশভাষ্যরচিতং গ্রন্থং শ্রুত্বা ফলং লভেৎ

ব্যাখ্যা যা কাপি কাকুৎস্থ পুরাণস্ত হিতা হি সা
 তস্মাৎস্বং দেব যাচস্ব ব্যাখ্যাশ্চো যৎ পুরাণকম্
 শত্কৃবাচ ।
 এবং পৌরাণিকেনোক্তং শ্রুতবানপি গো তমঃ
 স্বয়ং বস্ত্রভয়ং প্রাদাদ্ ব্রাহ্মণায় মহাত্মনে । ৬৫
 কৌশ্মং পুরাণং প্রথমং শ্রুতবানিতি ন শ্রুতম্
 দত্তবান্ স্বর্গমধিকং বস্ত্রাণি চ শুভানি চ । ৬৬
 অথ লৈলক্ষণ শ্ৰাব্য বৈকবঃ বামনঃ তথা ।
 পাদ্মঞ্চ গারুড়কৈব সৌরং ব্রাহ্মমধৈব চ । ৬৭
 এবমষ্ট স শ্ৰাব্য পুরাণানি স গো তমঃ ।
 অথ রামায়ণকৈব কৌশ্মমেব পুনশ্চ সঃ । ৬৮
 শিবনারায়ণেভ্যেবং জপকক্রে স্টদৈব হি ।
 অবাণ নিধনক্যাণি স গতো ব্রহ্মাঃ পদম্ । ৬৯
 ব্রহ্মা সম্পূজিতঃ বিপ্রং বিষ্ণুলোকমথাগমৎ ।
 বিষ্ণুনা পূজিতঃ সোহথ জগাম শিবমন্দিরম্ ।

পূজা করা উচিত। বিশেষতঃ দেবালয়ে
 সকলেরই পৌরাণিককে পূজা করা অবশ্য
 বিধেয়। হে রঘুবংশধর রাম! তীর্থক্ষেত্রে
 ও পবিত্র স্থানে গিয়া পৌরাণিককে যথাশক্তি
 পূজা করিবে। রাজন! পুরাণশ্রোতার
 লক্ষণ তোমাকে পূর্ষে বলিয়াছি। এক্ষণে
 পৌরাণিকের লক্ষণ তোমার নিকটে বলি-
 তেছি। অসৎশক্তা মহাব্যাধিগ্রস্ত; মহা-
 পাঙ্গী লোকনিন্দিত শৌচাচারবিবর্জিত; বেদ-
 স্মৃতি বিষয়ে অনভিজ্ঞ, বিকলাঙ্গ, অধিকার,
 পরস্বীগামী, স্বর্ণাপহারী ও প্রাণিহত্যাকারী
 ভিন্ন অপর সকলেই পুরাণশাস্ত্রে সুপণ্ডিত
 হইলে পৌরাণিক বলিয়া গণ্য হইতে
 পারেন। হে নৃপোত্তম! এক্ষণে তোমাকে
 ছয় পুরাণের কথা বলিতেছি। জ্ঞানবান
 প্রাচীন মুনিগণ যে পুরাণ কীর্তন করিয়াছেন,
 ব্যাসাদি প্রধান মুনিগণ যে পুরাণ বলিয়া
 গিয়াছেন, তাহাই পাঠ করিবে, তন্ত্রম অপর
 সকল পুরাণ অপাঠ্য। পুরাণের মধ্যবর্তী
 শেষ বিশেষ অংশসকল পাঠ করিয়া
 শৌচাচারপূর্বক ব্যাখ্যা করিবে। হে রাম!
 দেশভেদে যে কোন ভাষাতেই পুরাণ ব্যাখ্যা
 করা হাইতে পারে; তবে কেবল দেশভাষার

রচিত গ্রন্থ পাঠ করিলে যথোক্ত ফল পাওয়া
 যায় না। হে কাকুৎস্থ! পুরাণের যে
 কোন ব্যক্তির যে কোন ব্যাখ্যাতেই হিত-
 সাধন হইয়া থাকে। অতএব তুমিও “পুরাণ
 ব্যাখ্যা করিব” বলিয়া অল্পমতি লইতে পার।
 ৩৪—৬৪। শত্ৰু কহিতেছেন,—সেই মহাশয়
 পৌরাণিক ব্রাহ্মণও এইরূপে পুরাণ-কথা
 কীর্তন করিলে গোতম (একাগ্রচিত্তে সমস্ত)
 শ্রবণ করিল, শ্রবণ করিয়া তাহাকে তিনধান
 বস্ত্র প্রদান করিল। আমরা শুনিয়াছি—
 প্রথম সে কৃষ্ণপুরাণ শ্রবণ করিয়াছিল, কৃষ্ণ-
 পুরাণ শ্রবণের পর পৌরাণিককে উত্তম
 সুবর্ণ ও বস্ত্র প্রদান করিয়া একে একে
 লিঙ্গপুরাণ, বিষ্ণুপুরাণ, বামনপুরাণ, পদ্ম-
 পুরাণ, গরুড়পুরাণ, সৌরপুরাণ, ব্রহ্মপুরাণ,
 এই আটখানি পুরাণ শ্রবণ করিয়াছিল।
 অনন্তর রামায়ণ শ্রবণ করিয়া আবার কৃষ্ণ-
 পুরাণ শ্রবণ করিয়াছিল। তাহার পর কিছু-
 কাল সর্বদা “শিব” “নারায়ণ” নাম জপ
 করিয়া মৃত্যুমুখে পতিত হইলে পর ব্রহ্মপদ
 প্রাপ্ত হইল। ৬৫—৬৯। ব্রহ্মলোকে উপ-
 স্থিত হইলে ব্রহ্মা উহাকে পূজা করিয়া বিষ্ণু-

একসপ্ততিতমোহধ্যায়ঃ ।

স্বত উবাচ ।

সদ্যাবন্দনকৰ্ম্ম ক্রিয়তা-
মিতি রামো মুনিমাত্তষ্টায়ম্ ।

উৎসাহাতিরপ্যাস্তমুপৈতি
দ্বিজকুলমেতন্নীড়মুগৈতি ॥ ১

স্বয়মপি সদ্যাবন্দনকামো-
ব্রহ্মহুস্তরাদিশমুজ্জ্বিতযান ।

হাহাহুহুতসঙ্গীতীর্কদিপ্রমুখপ্রস্তুতকীৰ্ত্তিঃ ॥ ২

গৌতমীতটমুপেত্যরাঘবো

বায়নন্দনসুধোতপাদমুগঃ

জাঘবৎকৃতকরাবলধনঃ ।

প্রাপহুৎপথনদীপ্ত গৌতমীম্ ।

করষয়ে ধৃতকুশঃ স রাঘবঃ

প্রাগমধরুণদিশামখোস্তমাম্ ॥ ৪

একসপ্ততিতম অধ্যায় ।

স্বত কহিলেন,—অনন্তর রাম সেই শঙ্কুমূনিকে বলিলেন,—সূর্য্যদেব অস্তাচলে যাইতেছেন, পক্ষিকুলও আপন আপন বাসায় গমন করিতেছে; সাংসদ্যার কাল উপস্থিত, অতএব আপনি সদ্যাহুতিক করুন। তৎপরে রাম নিজেও সদ্যাবন্দনা-ভিলাবে আসন হইতে গাত্রেখান করিয়া উত্তর দিকে গমন করিলেন। তৎকালে বন্দীগণ তাঁহার কীৰ্ত্তিগাথা গান করিতে লাগিল, হাহা হুহু নামক সগায় গছরুগণ, তাঁহার বিজয়-সঙ্গীত গাহিতে আরম্ভ করিল রামচন্দ্রে সদ্যাবন্দনাভিলাষে গৌতমী নদী-তীরে উপস্থিত হইলে পবননন্দন হনুমান তাঁহার পদপ্রক্ষালন করিয়া দিলেন। রাম-চন্দ্রে জাঘবানের হস্ত অবলম্বনপূর্ব্বক ধীরে ধীরে সেই গৌতমীনদীর বজুর তটে অব-তরণ করিলেন। ১—৩। অনন্তর রাম হুই হস্তে হস্তকুশ ধারণ করিয়া উত্তরাস্ত হইয়া উপবেশনপূর্ব্বক তিনটি অর্ঘ্য প্রদান করি-লেন এবং আনন্দে উৎফুল্লশরীর হইয়া মনে

দত্তা ততোহর্ঘ্যক্রিভয়ং তথাবিধঃ
প্রহৃষ্টরোমাধ জজ্ঞাপ সোহস্তরে ।
সম্প্রার্থয়িত্বা বক্রণং যথাক্রমং
শঙ্কুং বসিষ্ঠং প্রণনাম রাঘবঃ ॥ ৫
তাভ্যাং কৃতানীরগময়ানঃপদং
হনুমতা কালিতপাদপঙ্কজঃ ।
জুহাব বহ্নীনধ বন্দিমাগধৈঃ
সংস্কৃয়মানোহথ চ নির্ঘয়ো বহিঃ ॥ ৬
প্রহসচ্চক্রকিরণৈঃ সূখালিগুমিবাধরম্ ।
প্রসক্ততারাকুসুমং বিতানমিব সর্কতঃ ॥ ৭
অধাগচ্ছৎ সৌধতলং বৃদ্ধামাতোয়ন কল্লিতম্ ।
নানাসনসমোপেতং সভাস্থানং যথো নৃপঃ ॥
অথ মুনিং হ্যপবেশু স রাঘবঃ
স্বয়মপি প্রথমাসনমাভজৎ ।
কপিগণাঃ পরিতঃ পৃথুবিগ্রহা
রচনয়া স্থিতিমাপ্রতিপেদিরে ॥ ৮

মনে ইষ্টমন্ত্র জপ করিতে লাগিলেন। তাহার পর বক্রণদেবের নিকট প্রার্থনা করিয়া যথাক্রমে শঙ্কু ও বসিষ্ঠকে প্রণাম করি-লেন। অনন্তর শঙ্কু ও বসিষ্ঠ কর্তৃক আলীর্কাদ দ্বারা অভিনন্দিত হইয়া অভি-মত অগ্নিগৃহে গমন করিলেন, তথায় হনু-মাম পদপ্রক্ষালন করিয়া দিলে জীরাম আসনে উপবেশনপূর্ব্বক হোমকার্য্য সমাধা করিয়া তথা হইতে বহির্গত হইলেন; বহি-র্গমনকালে স্তুতিপাঠক ও মাগধগণ তাঁহার বিজয় শোষণ করত স্তব করিতে লাগিল। তথা হইতে বহির্গত হইয়া বৃদ্ধ অমাত্য কর্তৃক সুসজ্জিত সভামণ্ডপে গমন করিলেন; সুধাধবলিত সেই সভাগৃহে বিবিধরত্নখচিত্ত সুনির্ম্মল চন্দ্রোতপে, চারিদিকে নক্ষত্রকুসুমো-জ্জল উদীয়মান পূর্ণচন্দ্রের সুনির্ম্মল আলোকে আলোকিত নভোমণ্ডলের স্তায় অপূর্ব্ব শোভা ধারণ করিয়াছিল। সেই সভাগৃহের অভ্যন্তরে নানা আসন সুসজ্জিত রহিয়াছিল। অনন্তর রামচন্দ্রে সেই শঙ্কু মূনিকে উচ্চাসনে উপবেশন করাইয়া স্বয়ং

পুথাহিতং নৃপমন্তিবৌক্য স দ্বিজো
বচন্তদা সমুচিতমাহ শব্দুঃ ।

ইহ স্থিতো ভবতি সমস্তপুঞ্জিতঃ

কথং কথ্য নৃপবর বর্জতে গুহায়াম্ । ১০

আকর্ণ্যাথ রঘুধহো দ্বিজবচঃ শুক্রায়ু-
সীং কথ্যং,

তত্রহো নিপুং নিবার্ধ্য বচনং সর্কৈঃ
শ্রুতং তৎক্ষণাৎ ।

শুক্রাবাধ কথ্যঃ মহাভূততয়া স্বাক্ষাশ্রয়া-
মস্তথা,

বকোবাধনবার্ণনৌমথ নৃপঃ কিং শ্বেত-
দিত্যাহ চ । ১১

কুস্তশ্রোত্রবধঃ পুরা সমজনি প্রাপ্তো
দশাস্ত্রো বধং,

পশ্চাদিত্যয়মস্তথা বিরচিতং রামায়ণং
ভাষতে ।

কোহয়ং বিপ্রবরঃ সমস্তজনতানাস্তিব-
সম্পাদকো,

রাজ্ঞাং স্থানমুপেত্য বক্তি স ময়া দণ্ডোহথ
পুজ্যোহথ বা । ১২

অথাহ জাধবানমুং রঘুতমং কথ্যং প্রতি ।
রামায়ণং ন তাবকং দ্বিদং হি কল্পিতং মতম্ ।

সমস্তমত্র বিস্তরাধদামি দেব তঙ্কুণু ।
পঙ্কেকহস্ত হৃদ্যতো ময়া শ্রুতং পুরা হৃকুং । ১৩

জাধবস্তং বিজ্ঞাপ্য রামচন্দ্রো বচনমাহ । ১৫
শ্রীরাম উবাচ ।

কৌর্ভয় পুরাণং মে শুক্রায়ুঃ কুতূহলাদহম্ ।
প্রণীতং তৎ কেন চ বিজ্ঞাতম্ । ১৬

জাধবানথ ভবাষে হি । ১৭
বিধাত্রে নমস্তথৈব বিধুভূষণকেশবাভ্যাম্ । ১৭

অথ পুরাতনরামায়ণং কথয়ামি যস্ত শ্রবণে-
নাখিলজয়মসম্পাদিতপাপক্ষয়ো জায়তে । ১৯

রাজাসনে উপবেশন করিলেন। স্থলকায়
বানরগণ চতুঃপার্শ্বে বেষ্টন করিয়া উপবেশন
করিল। দ্বিজবর শব্দু রাজা রাম সুখাসীন
হইয়াছেন দেখিয়া, তৎকালোচিত বাক্যে
কহিলেন,—হে নৃপবর! এই সম্বন্ধিত
লোকসকল সকলের মাস্ত। যদি বল কেন?
একটি গুহ কথ্য আছে, তাহা যে-সে
লোকের সমক্ষে বলা উচিত নহে। রামচন্দ্র
ঠাহার সেই কথ্য শ্রবণ করিয়া গুহ
কথ্য শ্রবণে উৎসুক হইয়া, সম্বাস্থ সকলকে
চূপ করিতে বলিলেন। সকলে একাগ্রচিত্তে
চূপ করিয়া শুনিতে লাগিল; শব্দু পুরা-
কল্পীয় রামায়ণের অন্তরূপ ঘটনার কিয়দংশ
অর্থাৎ পুরাকল্পে, রাম রাবণবধের পর
কুস্তকর্ণকে বধ করিয়াছিলেন, ইত্যাদি রূপে,
নূতন কথা প্রকাশ করিলেন। রাম পুরা-
কল্পের বৃত্তান্ত কিছুই অবগত ছিলেন না,
ব্রাহ্মণের মুখে নিজের স্বাক্ষসবধ কাণ্ড
অন্তপ্রকার শ্রবণ করিয়া কিছু কষ্ট হইয়া
বলিলেন, একি? আমি কুস্তকর্ণকে, প্রথমে
নিহত করি, তাহার পর রাবণ নিহত

হয়। এই ত আমার স্বাক্ষস-বধ ঘটনা।
এই ঘটনা অন্তরূপ করিয়া এবং বিধ নূতন-
প্রকার রামায়ণ বলিতে আরম্ভ করিলেন,
ইনি কে? ইনি কোথাকার ব্রাহ্মণ? রাজ-
সভায় মুখরতা প্রকাশ করত সকল
লোককে নাস্তিক করিতে বসিয়াছেন,
উহাকে আমি দণ্ড দিব, না পূজা করিব?
অনন্তর জাধবান ঐ পুরাকল্পীয় রামায়ণ
কথ্য উল্লেখ করিয়া রঘুনাথকে বলি-
লেন, দেব! উহা আপনার বর্তমান-
চরিত্রবিষয়ক কথ্য নহে, উহা পুরাকল্পের
রামায়ণে আছে। ব্রাহ্মণ মুখে আমি ঐ
পুরাকল্পীয় রামায়ণ শ্রবণ করিয়াছি; আপ-
নার নিকটে বিস্তৃতভাবে উহা বলিতেছি,
শ্রবণ করুন। অনন্তর রামচন্দ্র, জাধবানকে
বিজ্ঞাপন করিয়া বলিলেন,—ঐ পুরাতন
রামায়ণ শ্রবণ করিবার জন্য আমার
অত্যন্ত উৎসুক হইয়াছে, অতএব বল, কে
ঐ রামায়ণ রচনা করিল, কেই বা উহা
অবগত আছে? জাধবান বলিতে লাগি-
লেন,—ব্রাহ্মা, বিষ্ণু ও মহেশ্বরকে প্রণাম

অথ তথাপি দশরথো দশরথসমানরথী
 মহীয়সা বলেন সুমনসং নাম নগরং জিগমিষয়া
 পঙ্কেকংসুতসুতং বসিষ্ঠমাহুয় নমস্তুভা যুনি-
 দস্তাভুজঃ শতাকোহিণীসেনয়া সহাকৃষ্ণ তুরগ-
 দ্ব্যং চন্দ্রসমানশরীরমতিরৌবসমাবিষ্টৌ
 বিষ্টরশ্বসমারাদ্য দণ্ডাযাত্রাং চকার । ২০
 সাধো নাম স্বীয়য়া সেনয়া বৃত্তৌ দশরথান্তি-
 মুখমাষর্যৌ যোক্তুং যুরুধাশ্চোহস্তমভূৎ । ২১
 মাসমেকং যুদ্ধং কৃশ্যা দশরথস্তং সাধ্যং জগ্রাহ
 অথ সাধ্যস্বহুর্ভবণৌ নামান্নপরিবারৌ
 যুযুধে দশরথেন । ২২
 দশরথোহপি সাধ্যস্বহুঃ কুবো ভূষণমব-
 লোক্য যোক্তুমিব নৈচ্ছৎ । ২৩

কথমেতাবুশং হস্মি চান্মিন হতেহস্ত কথং
 পিত্তা ভবিষ্যতি কথংস্তমাতা কথমপ্রৌঢ়-
 যৌবনা প্রিয়া ভাৰ্ঘ্যামুয্য হি দেহে সমা-
 লিঙ্গনচূষনপরিবর্জিনবৌনভয়দলারবিল্পপদানি
 কুসুমানৌব দৃষ্টন্তে । ২৪
 এতৎসমানবর্ণবয়া এতাদৃশশুভগঃ পরম-
 স্ত্রীতিবর্ধনো নাম পুত্রো ভঙ্গুকভঙ্কিতো যুতঃ
 স্মৃতিময়ঃ প্রাপ্যাপি মাং রক্ষয়িতুমিচ্ছতীব মম
 হৃদয়মস্তথা করোতীতি মনসা বিতর্ক্যাত্তি-
 বালকং গ্রহৌতুমারভত । ২৫
 স চ সাধ্যোহপি পরাধীনো বভূব । ২৬

করিয়্যা এই আমি পুরাতন রামায়ণ বলিতে
 আরম্ভ করিলাম, যাহা শ্রবণ করিলে নিখিল-
 জন্ম-সঞ্চিত পাপরাশি নাশ হয়। একাই
 দশরথীর স্তায় রথী রাজা দশরথ অভিবলে
 সুমনা নগর জয় করিতে ইচ্ছুক হইয়া ব্রহ্ম-
 নন্দন বসিষ্ঠকে ডাকাইয়া নমস্কারপূর্বক
 তাঁহার নিকট অল্পমতি প্রার্থনা করিলেন;
 পরে তাঁহার অল্পমতি প্রাপ্ত হইয়া ব্রহ্মাকে
 আরাধনা করিয়া শত অকোহিণী-সমভি-
 ব্যাহারে চন্দ্রের স্তায় শ্বেতবর্ণ উৎকষ্ট অশ্ব
 আরোহণপূর্বক যুদ্ধে যাত্রা করিলেন। সুমনা
 নগরের রাজার নাম সাধ্য, দশরথ যুদ্ধ
 করিতে আসিয়াছেন দেখিয়া সাধ্য নিজ
 সৈন্য-সমভিব্যাহারে দশরথের অভিমুখে
 যুদ্ধ করিতে আসিলেন। উভয়ের পরস্পর
 যুদ্ধ হইতে লাগিল। একমাসকাল যুদ্ধ
 করিয়া দশরথ সাধ্যকে পরাজয় করিলেন।
 তৎপরে সাধ্যপুত্র ভূষণ কতিপয়, দৈমন্ত
 লইয়া দশরথের সহিত যুদ্ধ করিতে আসিল।
 সাধ্যপুত্র ভূষণ, রূপে গুণে বাস্তবিকই
 ভূষণ, পৃথিবীর অলঙ্কার। তাহাকে দেখিয়া
 রাজা দশরথের মনে মেহ ও দয়ার উদয়
 হইল; তিনি ভূষণের সান্ত যুদ্ধ করিতে
 ইচ্ছা করিলেন না। মনে মনে ভাবিলেন,—

এমন সুন্দর বালককে আমি কিরূপে বধ
 করি; ইহাকে বধ করিলে ইহার পিতার কি
 দশা হইবে? ইহার মাতা কিরূপে এই পুত্র-
 শোকে জীবন ধারণ করিবে? আর ইহার
 বালিকা ভাৰ্ঘ্যার দশাই বা কি হইবে? আহা
 এই বালকের গায়ে এখনও পিতামাতা ও
 বালিকা পতীর আলিঙ্গন-চূষনাদির চিহ্ন
 রহিয়াছে; ইহার কি সুন্দর অবয়বসৌভব
 যেন পদ্মপুষ্পের নূতন দল (পাপড়ি); যেন
 অভিনব কুসুম ফুটিয়া রহিয়াছে। আহা!
 আমারও এক পুত্র ছিল, তাহারও এইরূপ
 বয়স, এইরূপই সুন্দর অবয়ব, দেখিলে চক্ষু
 জুড়াইত, আমার আনন্দের পরিসীমা থাকিত
 না; হৃয়দৃষ্টবশতঃ বাহা আমার ভঙ্গুক-
 ভঙ্কিত হইয়া প্রাণ হারাইয়াছে। এই
 বালককে দেখিয়া আমার সেই পুত্রের কথা
 সমস্ত মনে পড়িতেছে; তথাপি ইহাকে
 দেখিয়া আমি পুত্রশোক ভুলিয়া জীবন
 রক্ষা করিতে পারিব; ইহাকে দেখিয়া
 অন্ন পরিত্যাগের পরিবর্তে আমার মনে অস্ত
 ভাবের উদয় হইতেছে। মনে মনে এইরূপ
 চিন্তা করিয়া রাজা সেই শিশুকে হস্তগত
 করিতে চেষ্টা করিলেন। কৌশলে তাহাকে
 আয়ত্ত করিলেন। ৪—২৫। সাধ্য পুত্রের
 সহিত পরাধীন হইয়া পড়িলেন। সাধ্যপুত্র

স চ কুমারেন সহ পরাজয়ধেদমমত্বা সুখ-
মধ্যবাস চ । ২৭

স দশরথোহপি তত্র মাংসং স্থিত্বা তৎ-
পুত্রসন্দর্শনসুখমবলোক্যচিন্তয়ৎ । ২৮

অহো সর্বদুঃখাপনোদনক্ষমমেতনুখাব-
লোকনং পুত্রসম্বন্ধনং নাম । ২৯

সর্বযাত্রিকোহপি মম জয়ঃ পুত্রবিয়েগমমু-
শ্রয়তো হুঃখায় কেবলং ভবতি তদন্ত পৃচ্ছাং
করোমি কথমৌদ্রশো জায়তে পুত্র ইতি
বিতর্ক্য তমপৃচ্ছৎ । ৩০

সাধোহপি সকলসৌক্ষমার্গং কিত্তীশায়া-
দিশৎ ॥ ৩১

ভূষণের প্রতি বাৎসল্য ভাবের উদয় হও-
য়ায় দশরথ তাহাদিগের প্রতি কোনরূপ
অত্যাচার করিলেন না; পরন্তু রাজ্য
প্রত্যর্পণপূর্বক তাঁহার সহিত সৌহার্দ্য স্থাপন
করিলেন; সুতরাং সাধ্য পরাজিত হই-
য়াও দশরথের স্নেহপাত্র হইলেন বলিয়া
মনে কোনরূপ কষ্ট অনুভব করিলেন না,
বরং পরম সুখে বাস করিতে লাগিলেন।
দশরথ সাধ্যভবনে একমাস কাল থাকিয়া
সাধ্যপুত্র ভূষণকে দেখিয়া সুখ বোধ করিতে
লাগিলেন। ভূষণকে দেখিয়া অনির্ভরচনীয়
আনন্দ হইতেছে,—তাই মনে মনে ভাবি-
লেন,—আহা! পুত্রমুখদর্শন কি সুখকর,
ইহাতে সকল দুঃখের অবসান হয়; পরের
পুত্র দেখিয়া এই সুখ; না জানি নিজের
পুত্র হইলে কত সুখ হইত! পুত্র থাকিলে
সকল দুঃখের অবসান হয়। আমি সকল
রাজ্য জয় করিয়াছি; কিন্তু পুত্রবিহীন মনে
হইলে আমার এ জয়ে কোন সুখ বোধ
হয় না, প্রত্যুত কেবল দুঃখের কারণ হই-
তেছে, অতএব কি প্রকারে এরূপ পুত্র জন্মে,
ইহাকে একবার তাহা জিজ্ঞাসা করি। মনে
মনে এইরূপ তর্ক করিয়া সাধ্যকে জিজ্ঞাসা
করিলেন। সাধ্য রাজাকে মুক্তিলাভের
নিখিল উপায় বলিয়া দিয়া বলিলেন,—

হরীশানো সহারাধ্য সর্ষেকাদশীকপোষ্য
দ্বাদশীষু ব্রাহ্মণানারাধ্য তৎকালভবং কল-
পূর্বমন্নাদ্যং ব্যঞ্জনং পুষ্পং বা জ্ঞায়েন
সম্পাদ্য কপিলাশ্বতেন কেশবঃ স্রপয়িত্বা
যুগচূর্ণেন সংলিপ্য স্বাদ্দকেন স্রাপয়িত্বা
সুরভিপটীরং স্বয়মুদ্বৃষ্টং যুগনাভ্যাগক্রসারেণ
বা সমেতং দেবাজে সর্বমুপলিপ্য তুলসী-
দলৈর্গুথিকাকরবীরনীলোৎপলকমলকোকনদ-
দ্রোণকুমুমকরবকদমনকগিরিকর্ণিকা-কেতকী-
দলপূর্বৈর্ধ্বাসম্ভবমভ্যর্চ্য দ্বাদশাঙ্করেন
পুরুষসৃঞ্জন বা নান্না বা ষোড়শোপচারেণ
বারাধ্য প্রণম্য নৃত্যং কৃত্বা দেবং ক্ষমাপয়েৎ ॥

তথা ত্রতানি চ বিচিত্রাণি নারায়ণপ্রীণনায়
কুর্ধ্যাৎ ॥ ৩৩

প্রসন্নো ভগবান মুনিমুপিত্তং পুত্রং যচ্ছতি
তদমুমারাদ্যযশ্বেতি দশরথমুক্তবান ॥ ৩৪

আপনি যুগপৎ শিব ও বিষ্ণুর পূজা করিয়া
সমস্ত একাদশীতে উপবাস করিবেন;
দ্বাদশীতে ব্রাহ্মণদিগকে পূজা করিয়া
তৎকালভব কলমূল, অন্ন-ব্যঞ্জন ও
পুষ্পাদি প্রদান করিবেন। বিষ্ণুর অঙ্গে
প্রচুর পরিমাণে কপলাগাভীর ঘৃত,
মাখাইয়া যুগচূর্ণ লেপনপূর্বক সুগন্ধি জলে
বিষ্ণুকে স্নান করাইবেন। তৎপরে উৎকৃষ্ট
চন্দন, নিজে ঘাসিয়া লইয়া তাহাতে কঙ্করী
ও অশুকের সারভাগ মিশ্রিত করিয়া দেব
বিষ্ণুর অঙ্গে মাখাইয়া দিবেন। তাহার
পর প্রচুর তুলসীপত্র, যুধী, করবীর,
নীলোৎপল, কমল, রক্তপদ্ম, দ্রোণপুষ্প,
মরুপুষ্প, বক, দমনকপুষ্প গিরিকর্ণিকাপুষ্প,
কেতকীপুষ্প প্রভৃতি নানাবিধ পুষ্প দ্বারা
যথাবিধানে বিষ্ণুর পূজা করিবেন। দ্বাদ-
শাঙ্কর মন্ত্র, পুরুষসৃঞ্জ মন্ত্র, অথবা মাত্র
বিষ্ণুর নাম মন্ত্রে ষোড়শোপচারে পূজানস্তর
প্রণাম করিয়া নৃত্যাস্তে ক্ষমা প্রার্থনা করি-
বেন। ২৬—৩২। নারায়ণের প্রীতি কামনায়
এইরূপ নানাবিধ ব্রত করিবেন। ভগবান্

স চাপি সাধ্যং ততঃ স্বাপ্য গন্ধাযোধ্যাঃ
তথা সর্বং কৃতবান ॥৩৫

অথ পুত্রকামেষ্টো সমাশ্ৰায়ামাহবনৌদাদ-
যজ্ঞো মূর্তিমান ভূতঃ শঙ্খচক্রগদাপাণিরূপ-
তিষ্ঠৎ ॥

রাজানং বরং যুগীষেভ্যাজুবান ॥৩৭

স চ রাজা বত্রে পুত্রানতিথার্শ্বিকান
দৌর্ধায়ুষশ্চতুরো লোকোপকারকান্ দেহীতি ॥

অথ রাজমহিষ্যশ্চতস্রঃ কৌশল্যা সুমিত্রা
সুরূপা সুবেবা চেতি রাজানমক্রবন্ দেবপ্রতি-
ঘোষমেকেন পুরেণ ভবিতব্যম্ ॥৩৯

অথ কোশল্যোবাচ ॥

এয যদি প্রসন্নো দেবস্তদয়মুৎপদ্যতাং মম ॥৪০
রাজোবাচ মম দিষ্টং তদয়ঃ প্রার্থ্যতে হরিঃ ॥

বিষ্ণু প্রসন্ন হইলে অভীষ্ট পুত্র প্রদান করিয়া
ধাকেন ; অতএব আপনি উহাকে আরা-
ধনা করুন। দশরথ সাধের নিকট এই কথা
শ্রবণ করিয়া ঠাঁহাকে তদায় রাজ্যে প্রতি-
ষ্ঠিত করিয়া অযোধ্যায় আগমনপূর্বক ঠাঁহার
আদেশানুসারে সমস্ত কার্য্য করিলেন,
পুত্রকামনায় বিষ্ণুর উদ্দেশে যাগ করিলেন।
অনন্তর পুত্রোপ্তি যজ্ঞ সমাপ্ত হইলে যজ্ঞাগ্নি
হইতে শঙ্খ-চক্র-গদাহস্ত মূর্তিমান নারায়ণ
উথিত হইলেন। উথিত হইয়া রাজাকে
“বর প্রার্থনা কর” এই কথা বলিলেন।
রাজা প্রার্থনা করিলেন,—আমাকে দৌর্ধ-
জীবী লোকোপকারী অতি ধার্ম্মিক চারিটা
পুত্র দান করুন। অনন্তর কৌশল্যা,
সুমিত্রা, সুরূপা, সুবেশা, এই চারি রাজ-
মহিষী রাজার নিকটে আসিয়া বলিলেন,—
আমাদের প্রত্যেকের গর্ভে যেন এক একটা
পুত্র জন্মে। অনন্তর কৌশল্যা বলিলেন,
যদি এই দেবতা প্রসন্ন হইয়া থাকেন, তবে
হীনই আমার গর্ভে জন্মগ্রহণ করুন। রাজা
বলিলেন,—ভাঁহা হয় ত আমার বড়ই
সৌভাগ্যের কথা, আচ্ছা আমি এই বিষ্ণুকে

বিষ্ণো প্রসাদ দেবেশ কমলাপতে শঙ্খ-
চক্রগদাধর বিভীষণসৃষ্টিসমস্তলোকপালাদি-
পুঞ্জিতপাদযুগল শাশ্বত হরে নমস্তে নমস্ত
এবং স্ততো ভগবানথ রাজানমাহ ॥ ৪২

মাধব উবাচ ॥

তব পুত্রো ভবিষ্যামি কৌশল্যায়ামথ
চক্রং প্রবিবেশ হরিস্তং চক্রং হি চতুর্কী
বিভজ্য ভাৰ্ঘ্যাভ্যো দন্তবান ॥ ৪৩

অথ কৌশল্যায়ঃ রামো লক্ষ্মণঃ সুমি-
ত্রায়ঃ সুরূপায়াং ভরতঃ সুবেশায়াং শক্রশ্নো
জজ্ঞে ॥ ৪৪

যাৎ পুষ্পবৃষ্টিশ্চ পপাত ॥ অথ চতুরাননঃ
স্বয়মুপেত্য জাতকর্মাদিকাঃ ক্রিয়াশ্চক্রে ॥ ৪৫
ত্রিভুবনাভিন্নামতয়া রাম ইতি নাম চক্রে,
রূপশৌর্য্যাদিলক্ষ্মীযোগ্যতয়া লক্ষ্মণ ইতা-

প্রার্থনা করি। এই বলিয়া রাজা বিষ্ণুকে
স্তব করিতে লাগিলেন,—“হে বিষ্ণো!
হে দেবেশ! হে কমলাপতে! আপনি
প্রসন্ন হউন। হে শঙ্খ-চক্র গদাধর! আপ-
নাকে নমস্কার। হে অরিভয়ঙ্কর! এই জগ-
দ্বাসী সমস্ত লোক এমন কি লোকপালগণও
আপনার পাদপদ্ম পূজা করিয়া থাকেন,
আপনি সনাতন দেব। হে হরে! আপ-
নাকে পুনঃপুনঃ প্রণাম করি। রাজা এই-
রূপে স্তব করিতে লাগিলে ভগবান ঠাঁহাকে
বলিলেন,—আচ্ছা, আমি কৌশল্যাগর্ভে
তোমার পুত্র হইয়া জন্ম গ্রহণ করিব। এই
বলিয়া বিষ্ণু যজ্ঞিয় চক্রেতে প্রবেশ করিলেন।
রাজা সেই চক্র চারি-ভাগ করিয়া চারি
ভাৰ্ঘ্যাকে প্রদান করিলেন। অনন্তর
কৌশল্যার গর্ভে রাম, সুমিত্রার গর্ভে লক্ষ্মণ,
সুরূপার গর্ভে ভরত, এবং সুবেশার গর্ভে
শক্র জন্মগ্রহণ করিলেন। ঠাঁহাদের জন্ম-
কালে আকাশ হইতে পুষ্পবৃষ্টি হইতে
লাগিল। অনন্তর স্বয়ং ব্রহ্মা আসিয়া
ঠাঁহাদের জাতকর্মাদি সংস্কারকার্য্য
সম্পাদন করিলেন। ব্রহ্মা ঠাঁহাদের

পরন্তু, ভুবং ভায়ান্তারয়তীতি ভরতঃ, শক্রন হন্তীতি শক্রয় ইতি নামানি কৃষা ব্রহ্মা স্বভবনং জগাম শিশবশ্চ বৃদ্ধিমেষ ॥ ৪৬

অথ পাদসংকারিণং বালচন্দ্রদক্ষাশদর্শং বিশ্বাধরমুরতিলপ্রস্থননাসং পুরশ্চলিকা-লক্ষমানরত্নপত্রকং শ্রবণলোললক্ষমানকুণ্ডলং বক্ষঃস্থলবিচলিতস্থলমুক্তাহারং বিলসৎকার্ত্ত-স্বয়বাহুবলয়ং শিঞ্জমণিকঙ্কণরত্নাসুলীয়-হেম মণিরচিতশ্রোণীসূত্রং শিঞ্জরুপুরোপশোভিত-পাদমঙ্গুলীয়োপশোভিত--পাদ--মধ্যাসূলিকং বজ্রাক্ষুশ-সরোজলাঙ্ঘনশোভিতোক্ষ-পাদতলং তুণীরসদৃশজঙ্ঘাং করিকরসদৃশোক্ষং বিস্তৃত-জঘনং স্তম্ভমধ্যম্ ॥ বর্জুলাবর্তকং গভীর-

নামকরণ করিলেন, ত্রিভুবনের মধ্যে অতি রমণীয় বলিয়া জ্যেষ্ঠের নাম রাম রাখিলেন, সৌন্দর্য্য-শোভাাদি লক্ষ্যের আধার বলিয়া স্মৃতিভাগবতজাত সন্তানের নাম লক্ষণ, পৃথি-বীর ভায়ান্তরণ করিতে সমর্থ বলিয়া সুরপানন্দনের নাম ভরত এবং শক্র বধ করিতে নিপুণ বলিয়া সুবেশাপুত্রের নাম শক্রয় রাখিলেন। ব্রহ্মা নামকরণান্তে স্বভবনে গমন করিলেন। এদিকে বালক গণ দিন দিন বৃদ্ধি পাইতে লাগিল। ৩৩—৪৬। অনন্তর রাম হাঁটিতে শিখিলেন, নবোদিত চন্দ্রের স্থায় তাঁহার অবয়ব অতি সুন্দর। তাঁহার অধর বিহকলের স্থায় আরক্ত; তিলফুলের স্থায় উন্নত নাসিকা; পুরো-ভাগে বিলম্বিত কেশদামে রত্নপদা দোহলা-মান; কর্ণে লোল কুণ্ডল এবং বক্ষঃস্থলে স্থল মুক্তাহার বিলম্বিত। তাঁহার দুই বাহুতে সুন্দর স্বর্ণবলয়, মণিকাঞ্চন ও রত্নাসুরীয়ক, কটাটতে সুবর্ণ মণিরচিত কটি-সূত্র; পদযুগল মধুরশব্দকারী নৃপুর দ্বারা শোভিত, চরণের মধ্যমা অঙ্গুলিতে মনো-হর অঙ্গুরীয়ক, পদতলে বজ্রাক্ষুশ-পদ্মচিহ্ন সুশোভিত। তুণীরতুল্য জঙ্ঘা, করিকরগুণের স্থায় উরু, বিস্তৃত জঘন, মধ্যভাগ অতি-

নাভিমিশ্রনৌশিশলাবিশালবক্ষঃস্থলং বধুগ্রীবং চন্দ্রবিহঙ্গসদৃশবদনমর্দ্বন্দ্বেন্দ্রসদৃশললাটং নীল-কুটিলকুণ্ডলং ক্রৌড়াসক্তং ধূলিভরিপাণ্ডুরং ফুল্পপদ্মদলারক্তবিলোললোচনং মহেশ্বর-মিবোদ্ধুলিতভূক্তিং মহেশ্বরমিব দিগম্বরং রামং কুমারং রাজা দশরথো দৃষ্ট্বা হর্ষপরিপূর্ণ-হৃদয়ঃ পুত্রমালিন্দ্য চূড়িতা বক্ষস্তালিলিঙ্গ দৃঢ়ম্ ॥ ৪৭

অথ কুমারোহপি পার্শ্বেনাক্ষমারোপ্য কল-কলিতলোচনো যৎকিঞ্চিৎপূবাচ যাচমানমিত-স্ততো বৌক্ষ্যমাণস্তাত গচ্ছে শয়ে তাত ক্রৌড়ামি তাতেত্যাদি পুত্রসুখমন্তুভুয়ান্তুয় নির্বৃতিং যযৌ। অথ কদাচিত্তোক্তুম্যাগতে রাজনি রামচন্দ্রো বালক্রৌড়াসক্তহৃদয়ো বহু-ক্রৌড়নককরকমল উৎপ্লুতধাবমানো নরপতি-

স্তম্ভ; নাভিগর্ভ গোলাকার ও গভীর, বক্ষঃস্থল ইন্দ্রনীলমণিরয় কলকের স্থায় বিশাল, শব্দে স্থায় গ্রীবা, পূর্ণচন্দ্রের স্থায় বদন, অর্দ্ধচন্দ্রাকৃতি ললাট, মস্তকের কেশদাম নীল কুটিল; তাঁহার চঞ্চল নয়ন বিকসিত রক্তপদের স্থায় লোহিতবর্ণ; মহেশ্বরের স্থায় দিগম্বর বেশে তিনি সর্বাঙ্গে ধূলি মাখিয়া সর্বাঙ্গে ভস্মবলিত মহেশ্বরের স্থায় ক্রৌড়া করিতে লাগিলেন। তদর্শনে রাজা দশরথের আনন্দের সীমা রহিল না; হর্ষ-প্লুত হৃদয়ে তিনি পুত্রকে জোড়ে করিয়া কখন চুদন, কখন বুকে করিয়া গাঢ় আলি-দন করিতে লাগিলেন। কুমার রামও কখন পার্শ্বদেশ দিয়া রাজার অঙ্গে আরো-হণ করেন; কত কি পিতার কাছে আকার করেন; রাজার সর্বাঙ্গ পুত্রের দিকে দৃষ্টি; পুত্রও “বাবা! যাই বাবা! ওই, বাবা। খেলা করি,” ইত্যাদিরূপে কত কথা বলেন। রাজা পুত্র পাইয়া বড়ই সুখী; সুখের পর সুখ, কত সুখ কত তৃপ্তি অল্পভব করিতে লাগিলেন। একদিন রাজা ভোজন করিতে বসিয়াছেন, সম্মুখে মণিধাচক্র

ପୁରୀସ୍ଥିତମପିଧାଚିତସୁବର୍ଣ୍ଣତାଞ୍ଜନସ୍ତମସଂ ବାମ-
କରେଣ ଗୃହୀତ୍ବା ରାଜମି ଚିକ୍ଷେପ । ୫୮

ଇଦମପି ରାଜା ସୁଧାୟ ଯେନ ଏତାଦୃଷ୍ଟାନ୍ତ-
ସ୍ଥାନି ଚକାର ରାମଚକ୍ରେ । ୫୯

ଅଥ କଦାଚିଞ୍ଚ ଜ୍ଞୌଢ଼ମାନେ ରାମେ ବାତ୍ୟା
ରାମମପାତୟଦ୍ରାମଞ୍ଚ କ୍ରଦନ୍ନପତଂ । ୬୦

ଏତସ୍ମିନ୍ନନ୍ତରେ ବ୍ରହ୍ମରାକ୍ଷସୋ ରାମମଗୃହ୍ଣା-
ଦ୍ରାମଞ୍ଚ ମୁର୍ଚ୍ଛାମାପ ହ । ୬୧

ଅଥ ସହଚରୋ ବାଳ ଇତନ୍ତତୋ ରୋକ୍ଷୟାଣୋ
ରାମଂ ତଥାବିଧଂ ରାଜେ ବ୍ୟାଞ୍ଜାପୟଂ । ୬୨

ଅଥ ରାଜା ରାମମାଦାୟ ବସିଷ୍ଠମାହ କିମିଦଂ
ରାମସ୍ତୋତି ପ୍ରସଞ୍ଚ । ୬୩

ଅଥ ବସିଷ୍ଠୋ ତସ୍ମାଦାୟାଭିମନ୍ତ୍ୟ ବ୍ରହ୍ମ-
ରାକ୍ଷସଂ ମୋଚୟାମାସ ପ୍ରସଞ୍ଚ କୋ ଭବାନିତି । ୬୪

ସୁବର୍ଣ୍ଣପାତ୍ରେ ଅଗ୍ର ବ୍ୟଞ୍ଜନ ଟାଣିଆଛେ, ରାଜା
ଆହାର କରିତେଛେନ, ଏମତ ସମୟେ ରାମଚକ୍ରେ
ଖେଳା କରିତେ କରିତେ କତକଞ୍ଚୁଳି ଖେଳନା-
ଞ୍ଜବ୍ୟ ହାତେ କରିୟା ଲାଫାହିତେ ଲାଫାହିତେ
ପିତାହର ନିକଟେ ଦୋଢ଼ିୟା ଆସିୟା ସମ୍ଭୁଷିତ
ଅଗ୍ର ବ୍ୟଞ୍ଜନ ବାମହସ୍ତେ ଲଈୟା ରାଜାର ଗାତ୍ରେ
ନିକ୍ଷେପ କରିଲେନ । ରାଜାର ତାହାତେହି
କତ ଅନନ୍ଦ । ରାମଚକ୍ରେ ଏହିରୂପ ଆରଠ କତ
ଖେଳା କରିୟାହିଲେନ । ଏକାଦିନ ରାମ ଖେଳା
କରିତେଛେନ, ଏମନ ସମୟେ ଏକରୂପ ବାତାସ
ଆସିୟା ତାହାକେ ଫେଲିୟା ଦିଲ ; ରାମ
ପଢ଼ିୟା ଗିୟା କାନ୍ଦିତେ ଲାଗିଲେନ । ଇତ୍ୟା-
ସରେ ଏକ ବ୍ରହ୍ମରାକ୍ଷସ ଆସିୟା ରାମକେ ଗ୍ରହଣ
କରିଲ ; ରାମ ମୁର୍ଚ୍ଛିତ ହଇଲେନ । ଊହାର
ସହଚର ଅସ୍ତ୍ରାନ୍ତ ବାଳକେରା ଊହାର ଏହିରୂପ
ଅବସ୍ଥା ଦେଖିୟା ଚାଟକାର କରିତେ କରିତେ
ରାଜାର କାଛେ ଗିୟା ରାମେର ଏହିରୂପ ଅବସ୍ଥାର
କଥା ବାଲିଲ । ଅନନ୍ତର ରାଜା ତାତାତାଢ଼ି
ଆସିୟା ମୁର୍ଚ୍ଛିତ ଅବସ୍ଥାର ରାମକେ ଲଈୟା
ବସିଷ୍ଠଦେବେର ନିକଟେ ଗମନ କରିଲେନ ଏବଂ
“ରାମେର ଏ କି ହଇନ,” ବାଲିୟା ଊହାକେ ପ୍ରଶ୍ନ
କରିଲେନ । ୫୭—୬୦ । ବସିଷ୍ଠଦେବ ରାମେର
ଗାତ୍ରେ ଯଜ୍ଞପୁତ ତସ୍ମ ନିକ୍ଷେପ କରିୟା ବ୍ରହ୍ମ-

ସ ଚାହାଞ୍ଚେ ବେଦଗର୍ବିତୋ ବ୍ରାହ୍ମଣୋ ବହୁଃ
ପରଧନମପହତ୍ୟା ବ୍ରହ୍ମରାକ୍ଷସୋ ଜାତୋ ଯେ
ନିକ୍ରାନ୍ତିଃ ବିଚାରୟ । ୬୫

ବସିଷ୍ଠ ଉବାଚ ।

ଇଦମିତଃ ପରମେକବର୍ଷଶତୋପତୋଗ୍ୟଃ ରାକ୍ଷ-
ସଂସଂ ନରକମ୍ । ୬୬

ଭାଗିରଥୀସ୍ନାନମେକଂ ଶିବାୟ ବିଷ୍ଣୁପଞ୍ଚଶତଂ
ସମର୍ପ୍ୟ ତତଃ ସ୍ନାତ୍ବା ପାପାଦ୍ଵିମୁକ୍ତୋ ଭବସୌତି ।
କଦାଚିତ୍ତାଦୃଶଂ କୃତପୁଣ୍ୟଂ ତବ ପଦଂ ପ୍ରସଞ୍ଚାମି
ତଦ୍ଘ୍ନିମି ଶିଷ୍ଟଗତିଂ ଭଞ୍ଜେତି ବସିଷ୍ଠବାକ୍ୟ-
ମାକର୍ଣ୍ୟ ବ୍ରହ୍ମରାକ୍ଷସୋ ବସିଷ୍ଠୋପଦିଷ୍ଠପୁଣ୍ୟବିଶା-
ଦିଦ୍ୟାଶରୀରୋ ଭୃତ୍ବା ନମଃକ୍ତ୍ବା ଶ୍ଵର୍ଗଂ ଜଗାମ । ୬୭

ଅଥ ରାମଂ ପ୍ରାପ୍ତେ କାଳ ଉପନୀୟ ବସିଷ୍ଠୋ
ବେଦାନନ୍ଦ୍ୟାପୟାମାସ ସଢ଼ଞ୍ଜାନି ସ୍ତ୍ରୀମାଂସାହସ୍ୟଂ
ନୀତିଶାନ୍ତଂ ଚାଧ୍ୟାପୟାମାସ । ୬୮

ରାକ୍ଷସ ହଇତେ ମୁକ୍ତ କରିଲେନ ; ବ୍ରହ୍ମରାକ୍ଷସ
ରାମକେ ଛାଡ଼ିୟା ଦିଲେ ବସିଷ୍ଠ ତାହାକେ
ଜିଞ୍ଜାସା କରିଲେନ,—“ତୁମି କେ ?” ବ୍ରହ୍ମ-
ରାକ୍ଷସ ଉତ୍ତର କରିଲ, ଆମି ଏକଜନ ବେଦ-
ଗର୍ବିତ ବ୍ରାହ୍ମଣ ; ବହୁବାର ପରସ୍ତ ଅପହରଣ
କରାତେ ଆମି ବ୍ରହ୍ମରାକ୍ଷସ ହଇୟାହି ; ଏକ୍ଷ୍ଣେ
ଆମାର ଉଦ୍ଧାରେର ଉପାୟ କି ? ତାହା ବଲୁନ ।
ବସିଷ୍ଠ ବାଲିଲେନ,—ଏଥନଠ ତୋମାକେ ଏକ-
ଶତ ବର୍ଷ ରାକ୍ଷସ ଥାକିୟା ନରକେ ବାସ କଲିତେ ।
ହଇବେ । ତବେ ଯଦି ଏକବାର ଗଞ୍ଜାସ୍ନାନ
କରିୟା ଶିବକେ ଏକଶତ ବିଷ୍ଣୁପତ୍ର ପ୍ରଦାନ-
ପୂର୍ବକ ପୁନଃନୀର ସ୍ନାନ କରିତେ ପାର, ତାହା
ହଇଲେ ପାପମୁକ୍ତ ହଇବେ । ଆର ଆମି
ତୋମାକେ ହସ୍ତ ତ କୋନ ପୁଣ୍ୟମୟ ଧାମେ ପ୍ରେରଣ
କରିତେ ପାରିବ । ତୁମି ଏଥନ ହଇତେ ଶିଷ୍ଟ-
ଭାବ ଧାରଣ କର, କାହାରଠ ଉପରେ ଅତ୍ୟା-
ଚାର କରିଠ ନା । ବସିଷ୍ଠେର ଏହି କଥା ଶ୍ରବଣ
କରିୟା ବ୍ରହ୍ମରାକ୍ଷସ ବସିଷ୍ଠେର ଉପଦେଶ ଯତ
ପୁଣ୍ୟକର୍ମ କରାତେ ଦିବ୍ୟ ଶରୀର ପ୍ରାପ୍ତ ହଇୟା
ବସିଷ୍ଠକେ ନମଃକାରପୂର୍ବକ ଶ୍ଵର୍ଗେ ଗମନ କରିଲ ।
ଅନନ୍ତର ରାମେର ଉପନୟନେର କାଳ ଉପସ୍ଥିତ
“ହଇଲେ ବସିଷ୍ଠଦେବ ଊହାକେ ଉପନୟନ ଦିୟା

অথ ধনুর্বেদমাযুর্বেদং ভরতগান্ধর্ববান্ধ-
শাকুনবিবিধযুদ্ধশাস্ত্রাণি চ ॥ ৫২

অথ বিবাহং বর্ভুকামেন রাজ্ঞা দশরথেন
নানাদেশজনপতীন প্রতি দূতাঃ প্রেরিতাঃ ॥ ৬০

অথ কশ্চিচ্ছৌভ্রমাগতা রাজানমিদমববী-
জাজন বিদর্ভদেশাধিপতির্বেদেহো নাম রাজা
তস্ত পুত্রৌ বৈদেহৌ হোমলক্ষা রূপেণ লক্ষ্মীসমা
সর্কলক্ষণসম্পন্নী রামযোগ্যা বিদ্যতে স চ
তাং দাতুং রাজা রামায়োদযুক্তস্তদগম্যতাং
নীভ্রমিতি ॥ ৬১

অথ বসিষ্ঠাদান প্রেরয়ামাস তে চ তত্র
গত্বা তান্ধ নিরীক্ষ্য লগ্নং নিশ্চিত্যাযোধ্যায়া-
মেত্য রাজান মুক্তা রামসংহিতাঃ পৃথ্বীপতি-
সমেতাঃ শীঘ্রং বিবিধকরিতুরগশকটশিবিকা-

যড়ঙ্গ বেদ, দ্বিবিধ যৌমাংশাস্ত্র ও নীতি-
শাস্ত্র অধ্যয়ন করাইলেন। রাম বশিষ্ঠের
নিকট উক্ত শাস্ত্র শিক্ষার পরে ধনুর্বেদ,
আয়ুর্বেদ, নাট্যশাস্ত্র, শিল্পশাস্ত্র, বাণ্যবিদ্যা,
সামুদ্রিক ও নানাবিধ যুদ্ধবিদ্যা শিক্ষা করি-
লেন। অনন্তর রাজা দশরথ রামের বিবাহ
দিবার অভিপ্রায় করিয়া ভাল কথার সন্ধান
লইবার জন্ত নানাদেশীয় রাজাদিগের
নিকটে দূত পাঠাইলেন। এক দূত অবি-
লম্বে প্রত্যাগমন করিয়া রাজাকে সংবাদ
দিল,—রাজন! বিদর্ভ দেশের রাজা
বিদেহের একটি কন্যা আছে; সেটিকে
তিনি যজ্ঞ করিয়া প্রাপ্ত হইয়াছেন; কন্যাটি
রূপে লক্ষ্মীতুল্যা, সর্কলক্ষণসম্পন্নী, সর্কংশে
আপনার রামের উপযুক্ত; সেই রাজাও
রামকে কন্যাটি দান করিতে উদ্যুক্ত
আছেন, অতএব সত্বর হউন। ৫৪—৬২।
রাজা দশরথ দূতমুখে এই বৃত্তান্ত অবগত
হইয়া বশিষ্ঠাদিকে তথায় প্রেরণ করিলেন;
বশিষ্ঠপ্রভৃতি তথায় কন্যা দেখিয়া লগ্নপত্র স্থির
করিয়া অযোধ্যায় প্রত্যাগত হইয়া রাজাকে
সংবাদ দিলেন। রাজা দশরথ বশিষ্ঠাদির
মুখে সমস্ত শ্রবণ করিয়া রামাদিকে সঙ্গে

ন্দোলিকান্তিরতিসুভগরূপভোগ-বিলাসক্রিয়া-
নিপুণা হি বিদিত্তিববিধচেষ্টা গন্ধর্ষকামশাস্ত্র-
কুশলা মুহকঠিনপৃথুপয়োধরাসন্নকর্থাঃ স্থূল-
স্থল্লললাটবিন্দদশনচ্ছদমুখপঙ্কজাঃ কুটিল-
কুস্তলদীর্ঘকেশধাম্মলাঃ কনকপত্রকর্ণাঃ স্নান-
চেঃয়োথিতরোমশোভিতা জপারক্তদশনা
বিশদবিস্ফুরচ্ছকরালোচনাঃ শুক্রিকাসদৃশ-
শ্রবণা নক্ষত্রসদৃশস্থূলমুক্তাফলোপশোভিত-
নাসাপুটা মুকুরসদৃশকপোলাস্তিলপ্রস্থন-
নাসিকা আনন্মধ্যপ্রদেশচূচুকা ইন্দ্রগোপ-
প্রতীকীশাধরপুটদশনক্ধতাঃ সমদীর্ঘকাক-
প্রদর্শনাস্থিত--সর্কপ্রদেশবর্ভুলানতিমাংসলাঃ

লইয়া বহুবধ-লোক-সমভিব্যাহারে পুঞ্জের
বিবাহ দিবার নিমিত্ত মিথিলায় যাত্রা করি-
লেন; সঙ্গে বহুবধ যান-বাহন চলিল;
বিবাহমঙ্গলকর্ম্য করিবার নিমিত্ত বহুতর
নারীও হাতী, ঘোড়া, গাড়া, পাকী ও
ডুলীতে আরোহণ করিয়া তাঁহাদের সঙ্গে
গমন করিলেন। সেই রমণীগণ সকলেই
রূপবতী, সকলেই বিবিধ সজ্জায় সুসজ্জিতা;
সেই বিলাসিনীরা সকলেই সুচতুরা কার্য্য-
দক্ষা সঙ্গীত ও কামশাস্ত্রোবশেষ ব্যুৎপন্নী;
হাংদের কোমল কঠিন পীনপয়োধর উচ্চ-
তায় কর্ণদেশ পর্য্যন্ত উঠিয়াছে; তাঁহাদের
ললাট স্থূল স্থল্ল, অধরঃ বিহ্বোপম এবং
মুগ্মগুল প্রফুল্ল-কমলতুল্যা। তাঁহাদের
কুটিল কুস্তল ও দীর্ঘ কেশদাম বেণীবন্ধ, কর্ণে
সুবর্ণময় পত্র, সদ্যঃস্নাত বলিয়া তাঁহাদের
শরীর রোমাঞ্চিত, দস্ত জবাফুলের স্তায়
আরক্ত, নয়ন শফরী-মংস্তের স্তায় বিশদ
চঞ্চল; কর্ণ ঝিল্লকের স্তায়, নাসা নক্ষত্রতুল্যা
স্থূল মুক্তায় সুশোভিত; গণ্ডস্থল দর্পণের
স্তায় স্বচ্ছ, নাসিকা তিলফুলের স্তায়, স্তনাগ্র-
মধ্যভাগ ঈষৎ আনত (ডোব খাওয়া);
অধরের দস্তক্ধতচ্ছ ইন্দ্রগোপকোটের স্তায়
প্রতীয়মান। সর্কাক্ষ হষ্ট-পুষ্ট মানান-সই
দীর্ঘ ও বর্ভুল, কিন্তু অতি মাংসলু নহে।

পিণ্ডকাগ্রস্থিনীব্যো বলিতবাহুমালা অনতিচির-
কালোখিতরোমতয়া হরিদ্রাবর্ণতয়া চ কর্ণি-
কান্নদলসদৃশবাহুমালা মুহুর্নিক্ণবর্তুলস্বস্মমধ্য
প্রদেশাঃ কঠিনস্থলবর্তুলামময়চূচকপরস্পরস্বা-
নাক্রমণস্পর্কপয়োধরমধ্যলক্ষপদক-পয়োধরো-
পরিচঞ্চল-বিবিধমণিময়হারোপশোভিতবক্ষঃ-
স্থলাঃ পয়োধরপরিতো লক্ষপদতয়া তরুণ-
দৃষ্টিপরস্পরয়াসমানয়া নাভিকূশোপরিতন-
রোম-রাজ্যোপশোভিতোদর-প্রদেশাভজ্য-
মানমধ্যস্থলীকরণ এব বলীত্রয়োপশোভিতা
মুষ্টিগ্রাহমধ্যাঃ করিকরোপমজঘনপ্রদেশা
আরোমশমুহুর্নিক্ণামলাসমজাঘাঃ কদলীস্তস্ত-

পন্নিধেয়-বসনের নীবিগ্রস্থি বং
বাহুয় অগ্রভাগ ঈষৎ আনত, হরিদ্রার স্নায়
বর্ণ এবং রোমের উপগম হইতেছে বলিয়া
ঊর্ধ্বাঙ্গের কক্ষদেশ (বগল) কর্ণকায়-
কুম্বমের পাপড়ির স্নায় শোভা পাইতেছিল,
মধ্যভাগ কোমল স্নিক্ণ বর্তুল ও ক্ষীণ।
ঊর্ধ্বাঙ্গের আময় চূচক স্থল কঠিন বর্তুলা-
কার পয়োধরযুগল এতই ঘনসন্নিবিষ্ট যে,
দেখিলে বোধ হয় যেন স্পর্কাসহকারে উভয়ে
উভয়ের স্থান আক্রমণ করিতেছে; বক্ষঃস্থল
বিলম্বিত বিবিধ-মণিময় বহুগুণিত হারের
মধ্যবস্তী গুণ সেই ঘনসন্নিবিষ্ট স্তনযুগলের
অস্তরালে স্থান না পাইয়া উপরিভাগে স্থলিয়া
স্থলিয়া বক্ষঃস্থলের শোভা বাড়াইতেছিল।
নাভিকূশের উপরি ভাগে অচিরোদগত
রোমরাজি, সমশ্রেণীতে উর্দ্ধদিকে উখিত
হইয়া শোভা পাইতেছিল, দেখিলে বোধ
হয় যেন যুবকদিগের দৃষ্টিরাজি স্তনোপরি
আশ্রয় না পাইয়া নিম্নে উর্দ্ধাভিমুখী হইয়া
শোভা পাইতেছে। মধ্যভাগ ভাঙ্গিয়া
যাইবার উপক্রম হইয়াছে দেখিয়া কেহ যেন
ত্রিবলী দ্বারা বন্ধন করিয়া মধ্যভাগকে স্পৃদূত
করিয়া রাখিয়াছে। কলে ঊর্ধ্বাঙ্গের মধ্য-
ভাগ মুষ্টি দ্বারা অনায়াসে গ্রহণ করা যাইতে
পারে; ঊর্ধ্বাঙ্গের নিতম্বের পশ্চাদ্ভাগ হস্ত-

সন্নিভোকয়ুগলা আময়জাম্বকশকুং শবতু ল-
পিণ্ডিকারহিতজ্জ্বা আময়গুলফা আস্থস্ব-
স্নিক্ণাদীর্ঘদীর্ঘাঙ্গুলিপাদা নুপুরবাহুয়মানমদনা
হংসমতজ্জগমনা দক্ষিণাকৃষ্টস্পর্শিকচ্ছাগ্রা
উপরিবচ্ছঃ নীবিং কৃত্বা করদ্বয়যুতা বস্ত্র-
প্রদেশকঠম প্রাবৃত্যাপন্নবসনপন্নিতাগাবৃত্তস্তন-
বসনাপন্নভাগে বামাংস এব দক্ষিণ-
পার্শ্বাগতেন দশাভাগেন নাভিপ্রান্তেন
প্রবিশিনোপশোভিত--গাত্র-বষ্টয়োঘোষিতে
বিবাহমঙ্গলকর্মকরণায়ানেকশ আগচ্ছন। ৬২

গুণের স্নায় প্রতীয়মান। ঊর্ধ্বাঙ্গের কোমল
স্নিক্ণ অসমান নির্মল জাহুতে অল্প অল্প
রোমোপগম হইতেছে। ঊর্ধ্বাঙ্গের উর্ধ্ব-
যুগল; কদলীকাণ্ডের স্নায় জাহুর অগ্রভাগ
উর্ধ্ব আয়তন হইতে ক্রমশঃ সরু হইয়া
গিয়াছে। জ্জ্বা বর্তুল অথচ পিণ্ডাকৃতি
নহে। পায়ের গ্রন্থি আময়। পায়ের
অঙ্গুলিগুলি অপেক্ষাকৃত সরু অথচ তত
দীর্ঘ নহে এবং স্নিক্ণ। ঊর্ধ্বাঙ্গের চরণে নুপুর
বাজতোছিল,—সেই নুপুররবে যেন কাম-
দেব আহুত হইতোছিলেন। ঊর্ধ্বাঙ্গের গতি,
হংস ও মাতঙ্গের স্নায়; ঊর্ধ্বাঙ্গের কৌচার
অগ্রভাগ, চরণের বৃদ্ধাঙ্গুলি পর্যন্ত স্পর্শ
করিয়াছে, বস্ত্রের খুট কৌচার আবৃত।
গায়ে কাঁচুলি। কাঁচুলি-শোভিত বামস্বক্ষে
পরিধানবস্ত্রের কৌচার অবশিষ্ট অংশ, দক্ষিণ
পার্শ্ব দিয়া ঘুরাইয়া দেওয়া হইয়াছে আবার
সেই বামস্বক্ষে হইতে সেই বস্ত্রের শেষ প্রান্ত-
টুকু লইয়া নাভির নিকট পরিধানবস্ত্রের
বন্ধনমধ্যে প্রবেশিত করা হইয়াছে; কিন্তু
হস্তদ্বয়, কণ্ঠ এবং উদর প্রভৃতি স্থান পরি-
ধান বস্ত্র দ্বারা সম্পূর্ণ আবৃত নহে। (তাহার
আবরণ কার্য কাঁচুলিদ্বারা সম্পাদিত হইয়া
ছিল) (১) এবংবিধ বহুতর রমণী বিবাহমঙ্গল

(১) এইস্থলে বুঝিতে হইবে, ঊর্ধ্বাঙ্গের মধ্য-
রাস্ত্রীয় স্ত্রীলোকদিগের স্নায় বস্ত্র পরিধান ও
বেশভূষা করিয়াছিলেন।

বালিকাশ্চ বিদ্যাজ্ঞানশোভিতগ
যষ্টয় উত্তরকুচকমলকুটালবিবিধহারোপী-
শোভিতবকসো যৎকিঞ্চিদ্ধারিণোহতিচপল-
যুগতয়ো বৃদ্ধবনিভাশ্চ গচ্ছন ॥ ৬০

অথ বিদেহপুরতঃ ক্রোশমাংজে চূতবনি-
কায়ঃ বিবিধবিটপ-বিল্লার-প্রদেশ বিবিধ-
বিহঙ্গ-কৃষ্ণভাকর্ণমস্তকর্ণ-বনচবিশশাবক্যাং
মহাভাজতনির্শিতোচ্চনৌচপ্রাসাদোপশোভিত-
প্রদেশবিবিধবিহঙ্গায়াঃ হেমবকুলসংবীত-
ভসিতোল্ললিতশরীরজটিল-মুনিগণধ্যানোপা-
সনোপশোভিত-বৃক্ষমালায়াঃ বিবিধ-বিদ্যা-
ধরবধু-স্তনভার্য্যভিভূত-বিরচিত-তরঙ্গসরসী-

করিবায় নিমিত্ত ঠাঁহাদের সঙ্গে যাত্রা করিয়া-
ছিলেন; কতকগুলি বালিকা ঠাঁহাদের
সঙ্গে গিয়াছিল, তাহাদের শরীরকান্তি
সৌন্দামিনীর স্তায়-সমুজ্জল, কুচকমল মাং
বিকশিত হইতে আরম্ভ হইয়াছে; তহুপরি
বিবিধ হার বিলম্বিত 'ধাকায় বক্'স্থলের
অপূর্ক শোভা হইয়াছিল। তাহাদের গতি
অতি চঞ্চল অথচ মনোহর। তাহাদের
কথাবর্তী শিশুদিগের মত অসম্বন্ধ। কতক-
গুলি বৃদ্ধা রমণীও সেই সঙ্গে যাত্রা করিয়া-
ছিলেন। অনন্তর রাজা দশরথ বিদেহনগরে
পৌছিয়া বিদেহরাজার ভবনের এককোশ
দূরে এক 'আম্রকাননে মজ্জী, পুরোহিত ও
রামাদির সহিত উপনিবেশ সংস্থাপনপূর্বক
সুখে অবস্থিত করিলেন। তথায় সুবর্ণ-
নির্মিত বিবিধ-অট্টালিকাসমূহ সুসজ্জিত
ছিল; তরুসাজির বিস্তৃত শাখাসমূহে বিবিধ
বিহঙ্গ কূজন করিতেছিল, কাননমধ্যচারী
হরিশ-শাবকেরা একমনে সেই পঙ্করব
শুনিতেছিল; বৃক্ষমূলে উপবেশন করিয়া
সর্ব্বাঙ্গে ভ্রম্মধবলিত সুবর্ণবকুলপরিধায়ী
জটধারী মুনিগণ ধ্যান ও উপাসনা করিতে-
ছিলেন। বহুতর বিদ্যাধরবধুয়া আসিয়া
তথাকার সরোবরে স্নান করিতেছিলেন।
সরোবরের তরঙ্গমালা ঠাঁহাদের উন্নত

যুভায়াংসরস্তীরমিলিতসৈরজৌযুবতি-ভিন্নারুয়-
মানতরুণজনয়াঃ নানাবর্ণ-কুসুমসৌরভ-
বাসিতাশেবপ্রদেশায়ামিত্তত্তে। শিরঃসয়া
প্রদর্শিতফারশকরীবিলাচনতরলচন্দ্রা প্রভা-
বিলসিত-শরীরবেষ্টাজনয়াঃ বিবিধাশ্চর্ধ্য-
যুভায়াঃ দশরথঃ সামাত্য-পুরোহিতাভিরাম-
রামাদিপুত্রসহিতঃ স্তম্ববাস ॥ ৬৪

অথ বৈদোহোহপি মিথিলাং নানাপতাকো-
পশোভিতাঃ বিবিধপ্রাসাদগোপুরাং দেবভায়-
ভনোপশোভিতাযস্তোজ্ঞ-কেলি--চতুরযুবতি-
জনানুকৌর্ণাশূরী-বিরচিতমহাপ্রায়াঃ সুকেলি-
জনোপশোভিতবিশিখাঃ বিবিধপণ্যোপ-
শোভিতরথ্যাঃ তত্র ব্রহ্মছোবশোভিতমঠাং
প্রতিমন্দিরঃ মীমাংসাদিবিদ্যাধ্যানসম্পাদ-

পয়োধরভারে প্রতিঘাত প্রাপ্ত হইতেছিল।
ব্যভিচারিণী যুবতীরা সরোবরতীরে আগ-
মন করিয়া যুবকদিগকে আহ্বান করিতে-
ছিল। তজ্জন্ম সমস্ত প্রদেশ নানাবর্ণ বিবিধ
বনকুসুমে সুবাসিত হইয়াছিল। বারনারী-
গণ উজ্জলবেশে বিভূষিত হইয়া তথায়
অবস্থানপূর্বক কুৎসিতাভিপ্রায়ে ইতস্ততঃ
শফরীচঞ্চল বিশাল নেত্রে কটাক্ষবিক্ষেপ
করিতেছিল। এবং সেইস্থানে আরও
বিবিধ অদ্ভুত দৃশ্যও ছিল। এদিকে বিদেহ-
রাজ মিথিলানগরী নানাবিধ পতাকায় সুশো-
ভিত করিলেন। তথায় অনেক অট্টালিকা,
বহুতর সিংহদ্বার, স্থানে স্থানে সুন্দর দেবা-
লয় এবং পথিকদিগের তৃষ্ণানিবারণার্থ
উশীরবিরচিত সুবৃহৎ পানীয়শালা, স্থাপন
করিয়াছিলেন; পরম্পর-বলাসক্রৌড়া-নিরতা
বহুতর সুচতুরা যুবতী এবং প্রত্যেক রাস্তা-
তেই ক্রৌড়ালোলুপ জনগণ আমোদ করিতে-
ছিল। রাস্তার দুই পার্শ্বে দোকান, দোকানে
নানাবিধ পণ্যদ্রব্য সজ্জিত রাখিয়াছে। স্থানে
স্থানে বেদবিদ্যালয়; তথায় অনবরত বেদ-
পাঠ হইতেছে। প্রত্যেক মন্দিরে মীমাং-

সৌমাধ্যয়নাঃ সুপুণ্যহবির্গন্ধসামাদিশ্বরপদক্রম-
 ঞ্চিত্ত্রিক্রাঙ্গণবাটিকামনেকপরিবৃতমন্দির-প্রবেশ
 নিক্রীতাঙ্কুর-কুসুমামক্ষর্ষ্যবেষাঃ মুহূৰ্ণবসন-
 তাশূলরক্তদন্তচ্ছদকামিনীঃ মুহূৰ্ণবচন-
 বচন--করসংজ্ঞা বিরিং-প্রতিবচন-বিবিধো-
 পায়নাহরণকরজনোপশোভিতাঃ মুহূৰ্ণবল-
 জঘন-পরিবীত-বস্ত্রোপরিভাগেন স্নিগ্ধবর্জুল-
 পরম্পর-সজ্জর্ষণয়োধর-মধ্য-প্রদেশশোভিত-
 বামাংসকর্ণোপশোভিতবনিতাং বিবিধমুক্তা-

সাদি শাস্ত্রের ব্যাখ্যা হইতেছে। প্রত্যেক
 ব্রাহ্মণের বাঙীতে সামাদি বেদ মন্ত্র উচ্চা-
 রণের স্বর শ্রবণগোচর হইতেছে, এবং
 যজ্ঞয় হবির গন্ধ বহির্গত হইতেছে। তথায়
 বহুতর ধনী লোকের বাস ; প্রত্যেক ধনি-
 লোকের বাঙীতে প্রবেশ করিতে গেলে,
 দ্বারদেশে অঙ্কুরপুষ্প সাজান রহিয়াছে দেখা
 যায় ; তথায় যাজ্ঞিকলোকের তই বাহুল্য
 যে, গমন করিলে মনে হয়, নগরী যেন
 যাজ্ঞিক-বেশে বিরাজ করিতেছে। তথা-
 কার রমণীগণ কোমল বসন পরিধান করে,
 সর্বদা অধর তাশূলরাগে রঞ্জিত করে ;
 সেখানে লোকে লোকারণ্য। নানাদিক্
 হইতে জনগণ বিবিধ উপঢোকন হস্তে উপ-
 স্থিত হইতেছে। লোকের কোলাহলে
 কাহারও কথা শুনা যায় না ; কোথাও তাহা-
 দিগকে হস্ত-সঙ্কেতে উত্তর দেওয়া হইতেছে,
 কোথাও বা উচ্চ কথায়, কোথাও ধীরে ধীরে
 কোমল কথায় লোকের কোলাহল নিবারণ
 করা হইতেছে। রমণীগণ কটীভটে পরিহিত
 কোমল শ্বেত বসনের অঞ্চল দ্বারা, পৃষ্ঠ-
 দিক্ দিয়া ঘুরাইয়া বামকক্ষ ও কণ্ঠ বেষ্টন-
 পূর্বক স্নিগ্ধ বর্জুল পরম্পর ঘনসন্নবিষ্ট স্তন-
 যুগল আবরণ করিয়া ঐ বস্ত্রাঞ্চলের অগ্রভাগ
 উদয়ের মধ্যবর্তী বস্ত্রাঞ্চলের অভ্যন্তরে
 প্রবেশ করাইয়া দিয়াছেন। যেখানে দৃষ্টিপাত
 করা যায়, সেখানেই বিবিধ বেশভূষায় সুস-
 জ্জিতা রমণী ; তাহাদের গলে বিবিধ মুক্তা-

হারজপাসঙ্কাশদশনচ্ছদমল্লাস-মালাকারসহ-
 শ্রোপশোভিতাঃ পুণ্যাসবসাধনমন্দিয়াঃ তত্র
 তত্র বিচিত্রে-তোরণাঃ বিশুদ্ধবীথিকাং তত্র তত্র
 স্থাপিতকল্পপাদপাং রস্তাবিভূষিতদ্বায়াং পুরীং
 শোভিতাং শোভয়ামাস ॥ ৬৫

অর্থাৎকলনাথঃ বিলাসিত্তো নিশাদূর্বা-
 ক্ষত--মন্ত্রমঙ্গলকজ্জলিতকৈশিক--ধর্ম্মগ্নতৈল-
 গ্রন্থিতজটোপশোভিতসৌমস্তনীর্ষশোভিতনাসা-
 মুখবিচিত্রাস্তরণা হেমপাতাবস্থিতাজ্যগুণ্ডগুণ্ড-
 ফলাদিসৌভাগ্যদ্রব্যামুহূৰ্ণস্বীভিঃ স্ত্রীভিরস্তৈ-
 রপি শোভিতজনেঃ স রাজা নির্জগাম ॥ ৬৬
 তদানীং মঙ্গলতুর্ধ্যাঘোষা দেবত্বস্তুতি-
 ভেরিনিগণমর্দলশঙ্খাদিনাদাঃ প্রাহর্ষভুবুঃ ॥ ৬৭

হার ; জবাফুলের ছায় রক্তবর্ণ অধরের মন্দ
 হাস্যই কেবল দৃষ্টিগোচর হয় ; স্থানে স্থানে
 বীধাচারীদের পবিত্র সুরাশোধান মন্দির ;
 স্থানে স্থানে বিচিত্র তোরণ, সর্বত্র পথ সুস-
 জ্জিত ; স্থানে স্থানে কল্পবৃক্ষ স্থাপিত ;
 দ্বারসকল কদলীবৃক্ষে বিভূষিত। অনন্তর
 রাজা দশরথ বরের সহিত উপস্থিত
 হইয়াছেন শ্রবণ করিয়া বিদেহরাজা বরকে
 মাঙ্গল্য ক্রিয়াপূর্বক প্রত্যাদ্গমন করি-
 বার নিমিত্ত রমণীগণ সমভিব্যাহারে বহু-
 তর সুসজ্জিত লোক সঙ্গে লইয়া বাটী
 হইতে বাহির্গত হইলেন। রমণীগণ
 সূচাক্রুরূপে কেশবন্ধনপূর্বক সর্বাঙ্গে অল-
 ক্ষারে বিভূষিত হইলেন ; নাসিকায়
 বিচিত্র আভরণ ধারণ করিলেন। তাঁহাদের
 তৈলচক্রণ বন্ধ কেশধাম সীমস্তে বিভূষিত ;
 হস্তে হরিদ্রা, দূর্বা, আতপ তণ্ডুল, স্মৃত
 গুণ্ডুলপূর্ণ সুবর্ণপাত্র এবং কল প্রভৃতি নানা-
 বিধ মাঙ্গল্য দ্রব্য, নয়নে কজ্জল। তাঁহার,
 রামকে প্রত্যাদ্গমন করিয়া লইবার নিমিত্ত
 এইরূপে সুসজ্জিত হইয়া মাঙ্গল্যদ্রব্যহস্তে
 রাজার পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিলেন।
 তৎকালে মঙ্গলতুর্ধ্যাবাদ্য বাজিয়া উঠিল,
 'অস্তরীক্ষে দেবত্বস্তুতির্বা' হইতে লাগিল,

গায়কাস্ত মঙ্গলানি জন্তুঃ ॥ ৬৮

মঙ্গলবেদবাক্যানুপাঠেন বৈদিকা ব্রাহ্মণাঃ
কুলপাঠকা ভেরীঘোষণে কুৎসমাকাশম-
পুরয়ন ॥ ৬৯

অথাত্তোক্তাক্ষতাঃ পুংসম্প্রীকূর্ষস্তঃ সূত-
বন্দিজনাঙ্কিতঃ স্ত্রয়মানাঃ পুরং প্রবিবিস্তঃ ॥ ৭০
বিদেহনগর্যাং পশ্চিমভাগে নিশ্চিতঃ
মন্দিরঃ দশরথঃ প্রবিবেশ ॥ ৭১

অবশিষ্টাশ্চ ঘণাঘোষণ্যং বিভবনং বিবিস্তঃ ॥ ৭২
অথ নারদো মিথিলাং তপানীমৈবোগচ্ছৎ ॥ ৭৩

বিদেহোহপি দেবর্ষিমভিপূজ্য স্বাগতঃ
পৃষ্ট্বা ভোজনঞ্চ কারয়িত্বা সুখাসীনায় মুনয়ে
সঘনসারতাস্থলং দত্ত্বা ব্যক্তাপয়ৎ ॥ ৭৪

চতুর্দিক্ হইতে ভেরী, মঙ্গলশব্দ প্রভৃতি
বাদ্যের উচ্চ নিনাদ উখিত হইতে লাগিল।
গায়কেরা মঙ্গল গান করিতে লাগিল।
বৈদিক ব্রাহ্মণগণ মঙ্গল বেদমন্ত্র পাঠ করিতে
লাগিলেন। কুলকনর্ভনকারীগণ (ঘটকগণ)
ভেরীধ্বনির স্তায় উচ্চস্বরে কুলমহিমা কীর্ভন
করিয়া সমস্ত আকাশমণ্ডল প্রতিধ্বনিত
করিতে লাগিলেন। অনন্তর বিদেহরাজ
সপরিজনে দুর্ধা আতপতগুলাদি দ্বারা সমা-
গত বরপক্ষীয়দিগকে সংবর্দ্ধনা করিলেন;
সূতবন্দী প্রভৃতি স্ত্রীপাঠকগণ তাঁহাদিগকে
স্তব করিতে লাগিল। তাঁহার বিদেহরাজ-
দত্ত উপঢৌকন গ্রহণ করিয়া নির্দিষ্ট নারী-
গণमध्ये প্রবেশ করিলেন। তাঁহাদের
ধাকিবার জন্ত বিদেহনগরীর পশ্চিমদিকে
বাসস্থান নির্দিষ্ট হইয়াছিল; দশরথ সেই
সুন্নয়্য নব নিশ্চিত ভবনে প্রবেশ করিলেন,
তাঁহার অন্ত্যস্ত সহযাত্রীগণও নির্দিষ্ট স্ব স্ব
উপযুক্ত গৃহে প্রবেশপূর্বক অবস্থিতি করি-
লেন। ৬৩—৭২। তৎকালে নারদ মিথিলা
নগরীতে আগমন করিলেন, বিদেহরাজ
দেবর্ষি নারদকে পূজা করিয়া কুশল জিজ্ঞাসা
করিলেন, পরে তাঁহাকে আহার করাই-
লেন। আহারান্তে মহর্ষি সুখাসীন হইলেন,

যৌ বিবাহে ভবানিহ স্বাত্মমর্হতি কারয়তে
বিবাহম্ ॥ ৭৫

নারদ উবাচ ।

যৌ হি নঃ প্রঃ সূর্য্যনক্ষত্রদর্শনং ভত্র
বিবাহো ন কর্তব্য ইতি ॥ ৭৬

অথ মোহুর্ভিকং বৃদ্ধগার্গ্যমাহুয় রাজা
পপ্রচ্ছ ক বিবাহমুহুর্ভিকঃ ॥ ৭৭

স ইতি গার্গং উবাচ ॥ ৭৮

রাজা চ নারদং গার্গ্যঃ চৌরীক্য ভো
ইদমিথমিতি পপ্রচ্ছ ॥ ৭৯

অথ নারদো গার্গ্যমুবাচ কথমুক্তলয়ং
দাস্তাস ॥ ৮০

অথ গার্গ্যো বিষঘটিকাশ্চ বিহায় লয়ং
দাস্তামীতুবাচ ॥ ৮১

নারদোহপি ব্রহ্মবচনানি কিং ন জানাসী-
ত্বাত্তবান্ গার্গ্যম্ ॥ ৮২

গার্গ্যেণ পৃষ্টস্তান্ দোষানপঠৎ ॥ ৮৩

রাজা তাঁহাকে কর্পূরবাসিত তাস্থল প্রদান
করিয়া বলিলেন,—“কল্যা আমি কস্তার
বিবাহ দিব, অতএব আপনি উপস্থিত
ধাকিয়া বিবাহকাৰ্য্য সম্পাদন করুন। নারদ
কহিলেন,—কল্যকার কর্মকালীন সূর্য্যযুক্ত
নক্ষত্রের সহিত যোগ করিলে ষষ্ঠ হয়,
সুতরাং দশযোগভঙ্গ হওয়ায় উক্ত দিবসে
কি প্রকারে বিবাহ দিবে? অনন্তর রাজা
বৃদ্ধ জ্যোতিষিদ্ গার্গ্যকে ডাকিয়া বলি-
লেন,—আপনি কোন সময়ে বিবাহের লয়
করিয়াছেন? গার্গ্য বলিলেন,—“কল্যা”।
অনন্তর রাজা নারদ ও গার্গ্যের মুখে
দিকে দৃষ্টিপাত করিয়া বলিলেন,—মহাশয়-
গণ! আপনাদের একরূপ মতভেদ হইল
কেন? নারদ গার্গ্যকে বলিলেন—আপনি
উক্ত লয়ে কিরূপে বিবাহ দিবেন? গার্গ্য
বলিলেন,—“বিষনাড়ী বিশেষ দোষাবহ,
বিষনাড়ী পারিত্যাগ করিয়া যে শুভলয়
পাইব, তাহাতেই বিবাহ দিব।” নারদ
বলিলেন,—আপনি কি ব্রহ্মবচন জানেন না।
৭৫—৮২। তৎপরে গার্গ্য ঐ ব্রহ্মবচনের

ত্রিভুবনমূর্ত্তে বেদপুরাণমূর্ত্তে যজ্ঞমূর্ত্তে স্তোত্র-
মূর্ত্তে শাস্ত্রমূর্ত্তে, স্বধামূর্ত্তে নারায়ণমূর্ত্তে সৰ্ব
দেবতামূর্ত্তে ত্রয়োময় ত্রয়োপ্রমাণ ত্রয়োনেত্র
সামপ্রিয় বসুধারাপ্রিয় ভক্তিপ্রিয় ভক্তসুল-
ভাভক্তবিদূরম্ভতিপ্রিয় ধূপপ্রিয় দীপপ্রিয়
যতক্ষীরপ্রিয় দ্রোণকবরবীরপ্রিয় শ্রীপত্রপ্রিয়
কমলকঙ্কারপ্রিয় নন্দ্যাবর্ষপ্রিয় বকুলপ্রিয়
যুথিকাপ্রিয় কোকনদপ্রিয় গৌত্মজলাবাসপ্রিয়
যমনিয়মপ্রিয় নিয়তেল্লিয়প্রিয় জপপ্রিয় জ্ঞান-
প্রিয় গানপ্রিয়, গায়ত্রীপ্রিয় পঞ্চব্রহ্মপ্রিয় সদা-
চারপ্রিয় গোত্রোৎসাদিকমলভবহরিয়হরনয়ন-
সমর্চিতপাদকমলজয়প্রদ হরিপ্রার্থিতজলোৎ-

যজ্ঞমান এ অষ্টমূর্ত্তি পরিগ্রহ করিয়া রহিয়া-
ছেন, নিখিল জগৎ আপনাই মূর্ত্তি । আপনি
লোক মূর্ত্তি, আপনি ত্রিভুবনমূর্ত্তি বেদ-পুরাণ
আপনার মূর্ত্তি । আপনি যত্ন-মূর্ত্তি, স্তোত্র-
মূর্ত্তি, শাস্ত্রমূর্ত্তি, স্বধামূর্ত্তি ও নারায়ণ মূর্ত্তিতে
বিরাজমান রহিয়াছেন, সমস্ত দেবতা আপ-
নার মূর্ত্তি । আপনি বেদমন্ত্র, আপনি বেদ-
সমূহের প্রমাণ এবং বেদসমূহও আপনাকে
প্রমাণ করিয়া থাকে । তিন বেদ আপনার
তিন নেত্র । আপনি সামপ্রিয়, বসুধারাপ্রিয়,
ভক্তিপ্রিয়, যাহা ভক্তজনের সুলভ, অভক্তের
পক্ষে নিতান্ত দুর্ভভ, তাদৃশ স্ভতি আপনার
প্রিয়, আপনি ধূপপ্রিয়, দীপপ্রিয়, আপনি
যত্নদুগ্ধপ্রিয়, আপনি দ্রোণকবরবীরপুষ্পপ্রিয়,
বিশ্বপত্রপ্রিয়, কমলকঙ্কার পুষ্প-প্রিয়, নন্দ্যা-
বর্ষমণ্ডল-প্রিয়, এবং বকুল, যুথিকা ও
কোকনদ-পুষ্পপ্রিয় । গৌত্মবালে জলে বাস
আপনার প্রিয় । আপনি যমনিয়মপ্রিয় ;
জিতেল্লিয় ব্যক্তি আপনার প্রিয় । আপনি
জপপ্রিয় । শ্রদ্ধাপূর্বক প্রদত্ত দ্রব্যে আপনার
শ্রীতি । গানে আপনার শ্রীতি । গায়ত্রীতে
আপনার শ্রীতি । পঞ্চব্রহ্মে আপনার শ্রীতি ।
আপনি সদাচারে তুষ্ট হন । ব্রহ্মা বিষ্ণু,
প্রভৃতি দেবগণ আপনার পাদপদ্ম পূজা
করিয়া থাকেন । শ্রীহরির প্রার্থনায় আপনি

পাটিতচক্রপ্রদর্শকৃৎস্মৃতিযুক্তপ্রদ স্মৃতিমঙ্গল
প্রদমহাং জয় নমস্তে নমস্তে । ১০০

ইতি স্তোত্রমাকর্ষ্য ভগবান ভবো রাজন
মুরাচ বরদোহৎ বরং বৃণু ॥ ১ ১

রাজোবাচ ।

মম কস্তা বৈদেহী রামায় দিৎসিতা স্বয়ংবরে
কুলরূপবলোৎসাহসম্পন্নানেকভূপরাক্ষসবিপ্রা-
দিসর্বপ্রাণিসমাগমে রামাধিকবলো যদি তাম-
গ্রহীতদা বচনমনুতঃ মম পাপঞ্চ ভবিষ্যতি,
প্রভূত দশরথোহপি সর্কানেবাগতান বিজে-
তুমলং ক্ষত্রকদনশ্চ রামো যদায়াস্ভতি তহি
মম সূতাং কিং করিষ্যতি বা কিং িং বা
প্রেষয়িষ্যতি কৌদৃশং কারয়িষ্যতি মম কিংবা
করিষ্যতি সর্কথা হি প্রভূতবলবাহনো নর-

জল হইতে স্পর্শনচক্র উত্তোলন করিয়া-
ছিলেন । আপনিই পৃথিবীতে স্মৃতি-
শাস্ত্রোক্ত যুক্তি, এবং স্মৃতিশাস্ত্রোক্ত শুভকর্ম
সকলের প্রচার করিয়াছেন । আপনার
জয় হউক । আপনাকে পুনঃপুনঃ নমস্কার ।
এইরূপ স্তব শ্রবণ করিয়া ভগবান মহেশ্বর
রাজাকে বলিলেন,—আমি বর দিতে আসি-
য়াছি, তুমি বর প্রার্থনা কর । রাজা বলি-
লেন,—আমি রামকে বৈদেহী কস্তা সম্প্রদান
করিতে .ইচ্ছা করিয়াছি । কিন্তু স্বয়ংবর-
ক্ষেত্রে বহুতর রূপবান সংকুলজাত বলোৎ-
সাহসম্পন্ন, রাজা রাক্ষস ব্রাহ্মণ প্রভৃতি
বিবিধ লোক সমাগত হইয়াছেন ; সুতরাং
ইহাদের মধ্যে রাম অপেক্ষা অধিক বল-
শালী কেহ যদি বলপূর্বক আমার কস্তাকে
গ্রহণ করেন, তাহা হইলে আমি দশরথের
নিকট মিথ্যাবাদী হইব, আমার পাপ হইবে,
দশরথ মনে করিলে উপযুক্তপুত্র রামের
সাংঘো সমস্ত আগত ব্যক্তিকে পরাজয়
করিতে পাবেন । রামচন্দ্র যদি ক্ষত্রিয় বধ
করিতে উদ্ভূত হন, তাহা হইলে আমার
কস্তাকে কি করিবেন, কোথায পাঠাইবেন ;
কিরূপ কার্য্যই বা করাইবেন, আমারই বা

পতিরশেষমপি ত্রিভুবনঃ হস্তাৎ কিমুচ
মামঙ্গনস্বঃ কিমুচ বহুনা ভবানেব শরণঃ
মমোপায়ঃ বদ যথা বিবাহে শ্রেয়ো ভবিষ্যতি
রামশ্চ জামাতা ভবিষ্যতি ॥ ১০২

শম্ভুরপি তথা করোমীত্বাচ রাম এব
নাথঃ সীতায় ভবিষ্যতি রামঃ চ কুত্বা স্বস্ত্য-
দৈব করিষ্যামি গৃহণাজগবৎ ধনুর্বিদম্ ॥ ১০৩
রাজোবাচ ।

কিমনেনাজগবেন ধনুশ্বা স্বয়ংবরে সীতাং
রামং প্রাপয় ॥ ১০৪

শম্ভুরবাচ ।

ইদং ধনুর্নসজ্যঃ মে যন্ত সজ্যং করিষ্যতি ।
তস্মৈ দেয়া ময়া সীতা প্রতিজ্ঞামেবমাচর ॥ ১০৫
ইত্যেবমুক্তা ভগবান গণৈরস্তুর্দধে হরঃ ।

কি করিবেন ? আমি মহা ভাবনায় পড়ি-
লাম ; ফলে, দশরথের প্রচুর সৈন্ত-সামন্ত,
তিনি মনে করিলে সমস্ত ত্রিভুবন ধ্বংস
করিতে পারেন। আমি ত অতি দুর্বল,
আমার ত কথাই নাই। প্রথমে তাঁহার
নিকট, রামকে কত দিব স্বীকার করিয়া
বিষম সমস্তায় পড়িগছি ; এক্ষণে আপনি
আমার রক্ষাকর্তা ; যাহাতে রামই আমার
জামাতা হন, বিবাহকার্য্য নিৰ্ব্বিঘ্নে সম্পন্ন
হয় ; তাহার উপায় বলুন। শম্ভু বলি-
লেন,—আচ্ছা, তাহাই হইবে ; রামই
সীতার স্বামী হইবেন ; অথবা আমি
রামেরই শুভ করিয়া যাইব। তুমি আমার
এই পিনাক ধনু গ্রহণ কর। রাজা বলি-
লেন,—আমি আপনার পিনাক ধনু লইয়া
কি করিব ? এই স্বয়ংবরে যাহাতে রামের
সহিত সীতার বিবাহ হয়, তাহাই করুন ।
১০৬—১০৪ । শম্ভু কহিলেন,—আমি ত
তাহাই করিতেছি। তুমি এই ধনু লও ;
এই ধনুতে জ্যারোপণ করা রহিল না, যে
ব্যক্তি ইহাতে জ্যারোপণ করিতে পারিবে,
তাহাকেই তুমি সীতা দিবে, এইরূপ প্রতিজ্ঞা
কর। ভগবান হর এই বলিয়া •প্রমথ-

অখাদাতুঃ ধনু রাজান শশাকৃতিঘতঃ ॥ ১০৬
অখোল্ললঃ শতপহশ্রগজবলঃ সমাহ্লয়
গৃহণেত্বাচ ॥ ১০৭

স চাপি মাতুলঃ নহাট্টগাসঃ কুহোৎপ্লুত্যা
ধত্ত্বাভাঃ করাতাযুদ্ধবার জাহ্নপর্ঘ্য-
শ্বম্ ॥ ১০৮

মাতুলো মারীচঃ শ্ৰুত্বৈকাকৌ বিপ্রবেষঃ
কুত্বা বিদেহমযাচত বৈশ্বদেবাস্তে প্রাপ্ত-
মতিথিং মামবেহি ॥ ১০৯

রাজোবাচ ।

স্বাগতং ভো ইদং ব্রহ্মমানসং নিষীদেতি ॥ ১১০

স চাতিথিস্তথৈতুক্তা নিষদাদ ॥ ১১১

অথ রাজা জলমাদায় পাদৌ প্রক্ষাল্য গন্ধ-
পুষ্পাক্ষতৈরভ্যর্চ্য মহাজং তস্মৈ নিবেদ্য
ভোজনায় প্রার্থয়ামাস ॥ ১১২

গণের সহিত অস্থহিত হইলেন। তৎপরে
রাজা বহুতর আয়াস করিয়াও সেই ধনু
উত্তোলন করিতে পারিলেন না। অন-
ন্তর রাজা শত সহস্র হস্তীর স্তায় বলশালী
উৎসলকে ডাকিয়া বলিলেন,—তুমি এই
ধনুকথানি ধরিয়া তুল। উৎসল তদীয়
মাতুল মারীচকে প্রণাম করিয়া অট্টহাসি
হাসিয়া লক্ষ প্রদান করিয়া ছই হস্তে ধরিয়া
সেই ধনু অতিকষ্টে জাহ্ন পর্য্যন্ত তুলিল।
তাহার মাতুল মারীচ দূরে অবস্থান করিতে-
ছিল, সে সমস্ত শ্রবণ করিয়া ব্রাহ্মণের
বেশধারণপূর্ব্বক এককৌ বিদেহরাজের
নিকট আসিয়া প্রার্থনা করিল,—মহাশয় !
আপনার বৈশ্বদেব বলি কৰ্ম্মাবসানে আমি
একজন অতিথি আসিলাম। আমার
আতিথ্য করুন। রাজা বলিলেন,—ভো
ব্রহ্মন ! আপনার মঙ্গল ত ? এই আসন,
উপবেশন করুন। সেই অতিথি তথাক্ত
বলিয়া আসনে উপবেশন করিলেন।
অনন্তর রাজা স্বহস্তে জল আনিয়া
অতিথির পদপ্রক্ষালন করিয়া দিলেন,
গন্ধ পুষ্প অক্ষত দ্বারা তাঁহার পূজা

স চাপি তদন্নং ষড়্রসোপেতং সৌবর্ণ-
ভাজনগতমীক্ষমাণ ইবেতন্ততো বিলোকয়-
মাস । ১১৩

তন্নিরৈবাবসরে সীতা পদ্মকিঙ্করপ্রভেদ-
দারুণববনং বিভ্রতী নীলকুটিলকুন্তলৈশ্চল-
দভির্ধ্বনাং মনাংস্মাকর্ষয়ন্তিরিদং প্রেক্ষমাণদৃষ্টি-
ভগ্নশকলৈরিব স্ত্রীণাং চিন্তমীদৃশমিতদর্শয়ন্তি-
রিবোপশোভিতললাটানঙ্গচাপশুক্লঃ পদ্মপদ্মা-
রুণবিলোচনা তিলপ্রস্থননাসা মুহূনিধ-
রোমশকপোলানন্তরারক্তোষ্ঠা রক্তাননমণি-
কণিকানিতদাড়িমীদশনা জপারুণাধরাতিশো-

করিলেন। পরে তাঁহাকে একটি বড়
ছাগল নিবেদন করিয়া আহার করিতে
অনুরোধ করিলেন; সুবর্ণপাত্রে ষড়্রসা-
বিত নানাখাদ্য সাজাইয়া দিলেন। মারীচ
খাদ্যদ্রব্যের দিকে দৃষ্টিপাত করিতে করিতে
এক একবার এদিক ওদিক তাকাইতে
লাগিল এবং সেই খাদ্য আহার করিতে
লাগিল। সেই সময়ে সীতাদেবী তাহার
সম্মুখে আসিয়া পড়িলেন। সীতার পরি-
ধানে পদ্মকিঙ্করের স্নায় অরুণবর্ণ বসন।
তাঁহার মস্তকের কেশপাশের পার্শ্ববর্তী অল-
কদাম বাতাসে কম্পিত হইতেছিল। তাহাতে
বোধ হইতেছিল, এই অলকদাম, এইরূপে
চঞ্চল হইয়া প্রকাশ করিতেছে যে, স্ত্রীজা-
তির চিত্তও এইরূপই চঞ্চল। কিম্বা যুবা-
দিগের চিত্ত আকর্ষণ করিবার জন্তই এই-
রূপ চঞ্চল হইতেছে, অথবা ইহা চঞ্চল
অলকদাম নহে,—দর্শকবৃন্দের ভয় দৃষ্টিমালা
যেন উহার কেশপাশে লয় হইয়া এইরূপ
কাঁপিতেছে। ঐ চঞ্চল অলকদাম নির্প-
ত্তিত হওয়ায় সীতার ললাট এবং কামধনু-
বৎ সুলভ ক্রয়ুগলের অপূর্ণ শোভা হইয়া-
ছিল। নয়নদ্বয় রক্ত পদ্মের পাপড়ির স্নায়
অরুণবর্ণ। নাসিকা তিলফুলের স্নায়
সুন্দর। গণ্ডস্থল কোমলচিকণ, তাহাতে
রোমের লেশমাত্র নাই। ওষ্ঠ রক্তবর্ণ,

ভিত্তিবিবৃকা শুক্লিকর্ণা সমদৌর্ধকঠাতিমাংসল-
বক্ষঃ পীনোত্তিরকুচকুটীলানেকহারোপ-
শোভিতা স্ত্রুভগাঙ্করানতিমাংসলবাহুলতা
মুদ্রায়তসমানাস্কুলিশিখা পদ্মারুণপল্লবা বিবিধ-
বহুরত্নাস্কুলিভূষণা মুষ্টিগ্রাহমধ্যা সুরোম-
রাজিগজ্জীরনাভিঃ পৃথুজঘনা করিকরোক-
কুণীরজজ্জা স্পাদকমলা নুপুরাদিপাদ-
বিভূষণা পদাস্কুলিভূষিতা বিকসিতসৌগন্ধিকং
বিদধতী ভুজ্জানমারীচেন্দ্র পুরতশ্চাগতা । ১১৪
বীক্ষ্যাসাবচিন্তয়দেনাং কথমপহরামি
কথমালিঙ্গামি কথমন্তদৃষৎকিঞ্চৎকরোমী-
তোবমবসরমলভমানস্তৃক্ষীমেব বিনির্গতঃ । ১১৫

দন্ত রক্তবর্ণ ক্ষুদ্র মণিধণ্ড এবং দাড়িম বীজের
স্নায় আরক্তবর্ণ। জবাকুলের স্নায় রক্তবর্ণ
অধরে সীতার চিবুকের অপূর্ণ শোভা
হইয়াছে। বাহুলতা অতি স্থূলও নহে,
অতিক্ৰীণও নহে, সুন্দর—কর্ণধূগল ঝিহু-
কের স্নায় আকৃতিবিশিষ্ট। কণ্ঠ সমদৌর্ধ;
বক্ষঃস্থল অতি মাংসল, তত্পরি পীন পয়ো-
ধরের পুষ্পাকারবৎ সামান্ত উদগম মাত্র
হইয়াছে। তাহার উপরে বিবিধ হার
শোভা পাইতেছে। পদের অঙ্গুলিসমূহের
অগ্রভাগ অয়ত সমান অথচ সুন্দর, পদতল
রক্তপদ্মের স্নায় আরক্তবর্ণ, পদাস্কুলিতে
বহুবিধ রত্নাস্করীয়ক, মধ্যভাগ মুষ্টিগ্রাহ;
নাতি গভীর, তাহাতে অল্প অল্প রোমরাজি
উখিত হইতেছে। নিতম্বভাগ স্থূল বিস্তৃত,
উরুধূগল হস্তশুণ্ডের স্নায় সরল ও ক্রম-
স্থূল, জজ্জা বাণাধার জুগীরবৎ মনোরম।
অতি মনোহর পাদপদ্ম নুপুরাদি অল-
কারে সুশোভিত। পদের অঙ্গুলি সকল
বিবিধ অঙ্গুরীয় দ্বারা বিভূষিত। সীতা
প্রফুল্ল কঙ্কার পুষ্পহস্তে মারীচের
সম্মুখে হঠাৎ আসিয়া পড়িলেন। মারীচ
তাঁহাকে দেখিয়া ভাবিতে লাগিল,—
ইহাঁকে কিরূপে অপহরণ করি, কিরূপে
একবার আলিঙ্গন করিতে পারি, কিরূপে

অথ দেবধনুঃসজ্জীকরণায় যতমানাহ-
স্পৃষ্ণিকয়া বিদ্যমানা অন্তোন্ততিরঙ্কারেণ
মহেশ্বঃ প্রাপ ধনুকৃতমং প্রান্তদ্বয়াপায়ং নাব-
নময়িতুং শশাক ॥ ১১৬

অথ সূর্যো ধনুর্বাদায় নময়ন্তেব নিপপাত ॥ ১১৭
বাযুর্কলবতাং শ্রেষ্ঠো জগ্রাহাজগবমথ
শ্বেনৈব করেণোৎকর্ষয়ন্তঃ পপাত ॥ ১১৮

ধনুশ্চ বায়োকুপরি পপাত ॥ ১১৯

অহসংস্তদা সর্কে ॥ ১২০

এতশ্চিন্নস্তরে তুরগবরমাকহ বাণাসুরঃ
সংশ্বাহরেকানেকশিরোভিদ্দৈত্যঃ পরিবৃত্তঃ
প্রহ্লাদসমেতো বিদেহপুরৌমাজগাম ॥ ১২১

আরও কিছু করিতে পারি, এইরূপ ভাবিতে
ভাবিতে মার্মৌচ অভিপ্রায় মত কার্য
করিতে না পারিয়া আস্তে আস্তে তথা
হইতে সরিয়া পড়িল। তাহার পর দেবতা
হইতে আরম্ভ করিয়া মর্তব্যাসী মান্তগণ্য
রাজা পর্যন্ত সকলেই স্বয়ংবরের সংবাদ
পাইয়া তথায় আসিলেন; “আমি অগ্রে
জ্যায়োপণ করিব।” এইরূপ অহমিকা-
সহকারে সকলেই সেই মহাদেবধনুতে
জ্যায়োপণ করিতে চেষ্টা করিলেন।
“আমি অগ্রে যাইব” ইত্যাদি প্রকার গর্বি-
প্রকাশ করিয়া সকলেই পরস্পরকে তির-
স্কার করিতে আরম্ভ করিলেন। প্রথমে
দেবরাজ ইন্দ্র সেই বিশাল ধনু গ্রহণ করি-
লেন, কিন্তু বহুক্ষণ চেষ্টা করিয়াও ধনু নত
করিতে পারিলেন না। অনন্তর সূর্যদেব
ধনু নমন করিতে গিয়া পড়িয়া গেলেন।
তৎপরে বলবানদিগের অগ্রগণ্য বায়ুদেব
সেই পিনাক ধনু স্বহস্তে ধরিয়া তুলিতে
গিয়াই ধনুকের নিম্নে পড়িলেন। ধনু
জাঁহার উপরে পড়িয়া গেল। তাহা দেখিয়া
সকলেই হাস্য করিয়া উঠিল। ১০৫—১২০।
ঐ সময়ে সহস্রবাহ বাণাসুর, একশিরা,
ত্রিশিরা প্রভৃতি বহুতর অসুরকে সঙ্গে
লইয়া প্রহ্লাদের সহিত উৎকৃষ্ট অখে

অথ স্ববিভুষণোস্তাসিতাঃ দিশাং কুর্কন
স তেজসাপযশসো দেবতাঃ কুর্কনানাবিধ-
গীতিং শৃণন দ্ব্যঙ্গুলমাংগেণ শক্তো বিব্ররামা ॥ ১২২
প্রহ্লাদো বলিষ্ঠেবদধাবাতে অথ বিরেমতুঃ ॥

অথ রাক্ষসেযু তুষ্ণীভূতেষু রাজানো-
হতি বলিনঃ সমাগতা জ্যাবন্ধাশক্তা অপ-
সৃত্য তসুঃ ॥ ১২৪

অথ ব্রাহ্মণাঃ সমাগতাঃ ১২৫

অথ বিশ্বামিত্রো ধনুর্বাদায়ৈকাক্সলপর্যাস্তং
কৃত্বা বিব্ররাম নিবৃত্তাশ্চাপরে ॥ ১২৬

অথ দিনমাঞ্জে ধনুষি তুষ্ণীভূতে রাধবঃ
সহানুজৈরগত্য ধনুর্নিরীক্ষ্যোপাস্পৃশৎ ॥ ১২৭

আরোহণপূর্বক বিদেহনগরে আগমন করি-
লেন। বাণাসুর দৈত্যদিগের রাজা।
জাঁহার গাত্রে মহামূল্য বহুবিধ অলঙ্কার।
অলঙ্কারচ্ছটায় চতুর্দিক আলোকিত হই-
য়াছে, তিনি বলদর্পে দেবতাদিগের অপ-
যশ ঘোষণা করিতে করিতে সভামধ্যে
প্রবেশ করিলেন। তৎকালে সভায় বিবিধ
গীতি হইতেছিল; তিনি গান শুনিতে
শুনিতে তাজিল্যসহকারে গিয়া সেই ধনু
গ্রহণ করিলেন; কিন্তু দুই অঙ্গুলির অধিক
উত্তোলন করিতে সমর্থ না হইয়া, পরাশ্রয়
হইয়া সরিয়া পড়িলেন। তাহার পর বলি
ও প্রহ্লাদ আসিয়া ধনু স্পর্শ করিয়াই ক্রান্ত
হইলেন। অসুর ও রাক্ষসেরা সকলেই
একে একে অপারগ হইয়া ক্রান্ত হইলে
বড় বড় রাজারা আসিলেন, পরিশেষে
কৃতকার্য হইতে না পারিয়া সকলেই
সরিয়া দাঁড়াইলেন। তাহার পর ব্রাহ্মণেরা
আসিলেন, ব্রাহ্মণের মধ্যে বিশ্বামিত্রে কিছু
ক্ষত্রিঘবীর্ঘ আছে; প্রথমে তিনিই বল-
দর্পে ধনু গ্রহণ করিয়া অতিকষ্টে ধনু
নোয়াইলেন। ধনুকের অগ্রের নিকটে
জ্যা আনয়ন করিয়া এক অঙ্গুলির জন্ত
তিনি পরাইতে পারিলেন না; পরিশ্রান্ত
হইয়া ক্রান্ত হইলেন; বিশ্বামিত্র পারিলেন

অথ রাজকুমারাঃ শতশঃ সমাগতাঃ সর্বা-
ভরণভূষিতা ধনুর্দৃষ্টা পস্পৃশুর্ম চ চালনক্ষমাঃ
অথ দাশরথিপ্রমুখাঃ কুমারাঃ সমাগতাঃ ॥১২৯

অথ বেত্রবর্ষরপাণয়ঃ সমাগম্ন সর্বানৈ-
বাপসারয়ামাসুঃ ॥ ১৩০

অথ রামো লক্ষ্মণহস্তং গৃহীত্বা সর্বাভরণ-
ভূষিতো ধনুর্দাসাদ্য স্পৃষ্ট্বা নহ্মা প্রদক্ষণীকৃত্য
ধনুর্দাদায়োদ্ধবায় ॥ ১৩১

তদাদানসময়ে সর্ব এবেত্য সহসমুচরত
ভয়ঃ মহারথা ইতি ॥১৩২

অথ রামো ধনুর্জ্যাহ্নানমবনমযা ধনুর্ষ
জাহ্নঃ কৃত্বা সজ্যমেককরেণোৎপাদয়ন
কোট্যা স্তদাপয়ৎ ॥ ১৩৩

না দেখিয়া আর কোন ব্রাহ্মণ অগ্রসর হই-
লেন না। অনন্তর সর্বাঙ্গে অলঙ্কারভূষিত
আরও শত শত রাজপুত্র আসিয়া ধনু
দেখিয়া মাত্র স্পর্শ করিলেন; কিন্তু উস্তো-
লন দুরের কথা, কেহ চালন করিতে পারি-
লেন না। এইরূপে একে একে সকলেই
যখন অপারগ হইয়া মৌনাবলম্বন করিলেন,
তখন দশরথের পুত্রেরা আসিলেন। রাম
অল্পজবর্গের সহিত ধনু দর্শন করিয়া স্পর্শ
করিলেন। বেত্রহস্ত প্রহরীরা আসিয়া তখন
সকল লোককে সরাইয়া দিল। সর্বাঙ্গে
অলঙ্কারভূষিত রাম লক্ষ্মণের হস্ত ধারণ-
পূর্বক ধনুকের নিকট গিয়া স্পর্শ করিয়া
প্রণাম ও প্রদক্ষিণ করিলেন। পরে ধনু
হস্তে উস্তোলন করিলেন। তিনি যখন
ধনু উস্তোলন করিলেন, তখন সকলে হাস্ত
করিয়া বলিতে লাগিল,—ইহার স্পর্শ
দেখ, বড় বড় মহারথী যাহাতে পরা-
শ্রু্য হইয়াছে, সামান্য বালক হইয়া সেই
কার্যে অগ্রসর হইল। অনন্তর রাম ধনু-
কের অগ্রভাগ ধারণপূর্বক নোয়াইয়া ধনু-
কের মধ্যভাগে জাহ্ন রাখিয়া একহস্তে
অগ্রভাগে জ্যারোপণ করিলেন। রাম

অথ সজ্জীকৃতং দৃষ্ট্বা সর্ব এব নাসাগ্রস্ত-
স্তাজুলয়োভবন ॥১৩৪

রামোহপি জ্যামনুনাদয়ংস্তেন নাদেন
সর্কেষাং মনাংসি ক্ষুভিতান্ত্রাসন স্তকরোৎ ॥১৩৫
রামেণ সজ্জিতং ধনুর্ষিত সর্কত্র বাদঃ
সজ্যতো জনকোহপি সীতাং রামায় দদৌ ॥১৩৬
রাজভিষ্চ যুদ্ধং কৃত্বা নিজ্জিত্য স্বপুত্রী-
মগাৎ ॥১৩৭

অথ দশরথো রামং যৌবরাজ্যোহভিষিচ্য
সুখীবভুব ॥১৩৮

সর্বপ্রজারঞ্জনান্চ রামো রাজানুমত ইতি
সর্বপ্রজাবাদোহভূৎ ॥ ১৩৯

অথ কেকয়দেশাবিপত্তিত-য়া সুবেষা
রামং রাজানমসহমানা রাজানমুবাচ মম
বরদানাবসর ইতি ॥ ১৪০

ধনুতে জ্যারোপণ করিলেন, দেখিয়া সক-
লেই অবাঞ্ছিত হইয়া নাসিকার অগ্রভাগে
অঙ্গুলি স্তম্ভ করিলেন। রামও জ্যানিনাদ
করত গেলি নিনাদে সকলের চিন্তকোভ
উৎপাদন করিলেন। রাম ধনুতে জ্যারো-
পণ করিয়াছেন, এই সংবাদ ক্ষণকালমধ্যে
সর্কত্র প্রচারিত হইয়া পড়িল; রাম ধনুতে
জ্যারোপণ করিয়াছেন, সকলের মুখেই
এই কথা। তখন জনক রামকে সীতা
প্রদান করিলেন। অশ্রান্ত রাজগণ আপনা-
দিগকে অপমানিত বোধ করিয়া রামের
সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন, রাম
ঔহাদিগকে যুদ্ধে জয় করিয়া সীতাকে লইয়া
নিজ রাজধানীতে গমন করিলেন। অন-
ন্তর দশরথ রামকে যৌবরাজ্যে অভি-
ষিক্ত করিয়া সুখী হইলেন। রাম অল্পকাল
মধ্যেই প্রজারঞ্জন করিয়া সকলের প্রিয়পাত্র
হইয়া উঠিলেন। প্রজারা সকলেই ঔহার
যশোঘোষণা করিতে লাগিল। অনন্তর
কেকয়রাজের কস্তা সুবেশা—যিনি ভয়ভের
জননী, রাম রাজা হইয়াছেন এ সংবাদ
ঔহার সহ হইল না, তিনি রাজাকে

ঐজাচিস্তয়ৎ কিং দেয়মিতি । ১৪১

দেবুবাচ ।

চতুর্দশ বর্ষাণি রামো বনং বিশতু
পালয়তু রাজ্যং ভরতঃ । ১৪২

রাজা চানুভবচনদেবভয়াৎ কথং কথ-
মপি স্বীচকার । ১৪৩

অথ বসিষ্ঠঃ ভাবিতম্বাবোচত রামো
বনায় নির্গচ্ছত্যস্ত কিংবা ভবেদিতি বিচার্য
শুভাশুভং ক্রহি । ১৪৪

বসিষ্ঠো বিচার্য সহসং রাজানমুবাচ । ১৪৫

গত্বা বনং নিখিলানববৌরহস্তা

শস্তোরনেকবিধপূজনমাতনোতি ।

সীতাবিযোগকৃষিতঃ কপিসেনয়া চ

ভৌত্বোদধিং দশমুখঞ্চ নিহস্তি রামঃ । ১৪৬

বলিলেন,—“আমাকে বর দিবার সময় উপ-
স্থিত” । রাজা মনে মনে ভাবিলেন, “তাই
ত, কি বর দিব।” তাহার পর সুবেশা
বলিলেন, “রাম চতুর্দশ বৎসর বনে বাস
করুক, ভরত রাজ্য পালন করুক।” রাজা
পূর্বে সুবেশাকে মনোমত বর দিবেন
বলিয়া স্বীকার পাইয়াছিলেন, এই জন্তই,
পাছে মিথ্যাবাদী হইতে হয়, এই ভয়ে অতি
কষ্টে স্বীকার করিলেন । তৎপরে বশিষ্ঠকে
ডাকিয়া জিজ্ঞাসা করিলেন,—সুবেশার বর-
গ্রহণানুসারে রাম বনে যাইতেছেন, এক্ষণে
আমি রামের ভবিষ্যৎ শুভাশুভ ঘটনা
জানিয়া মনের উৎকণ্ঠা দূর করিতে ইচ্ছা
করি ; বৎস আমার কি বনে বনে কেবল
কষ্ট ভোগ করিবে, না সুখী হইতে পারিবে,
আপনি ত্রিকালদশা, বিচার করিয়া দেখিয়া
আমাকে তাহা বলুন । বশিষ্ঠ বিচার করিয়া
গণনা করিয়া বলিলেন,—আপনার রাম বনে
গিয়া নিখিল দৈত্য-রাক্ষস বধ করিবেন এবং
অনেক প্রকারে শিব পূজা করিবেন ।
তৎপরে রাবণ ইহার সাতাকে হরণ করিয়া
লইয়া যাইবে, তাহাতে ইনি ক্রুদ্ধ হইয়া
বানরসৈন্যসহ সমুদ্র উত্তরণপূর্বক দশাননকে

আগম্য রাজ্যং রঘুনন্দনোহপি

বহুনি বর্ষাণি সমাতনোতি । ১৪৭

প্রশস্তকীর্তিনিখিলেহপি লোকে

শর্ষণে দেবেন চিরং স্তবাৎসীৎ ।

সুপুত্রযুক্তো বহুযজ্ঞযাজী

পরীকৃতঃ সর্বশুণাধিকশ্চ । ১৪৮

ইতি বসিষ্ঠবচনং শ্রুত্বা দশরথো রাম-

শুণাননুশ্চরন্নিত্যুবাচ শ্রেয়ো মে মরণং

রামস্ত নির্গমনেতি । ১৪৯

অথ রামো মাতরং পিতরং গুরুঞ্চ বসিষ্ঠঃ

পিতৃপত্নীর্নিমন্তত্য বনায় জগাম । ১৫০

অথোপবনে দিনমেকং স্থিত্বা জটাঃ

কাময়িত্বা বহুলং বাসসং ধৃত্বৈকোপবীতী

কৃতদন্তশুদ্ধিরেকেনোপবীতেন জটা বদ্ধা

ভস্মোল্লিস্তসর্বাঙ্গো ভসিতনিষ্ঠরকায়ো

যুক্তাকলদাম্য মণিবাত্যস্তকুজ্রাকমালামুরসি

বধ করিবেন । তাহার পর অযোধ্যায়
প্রত্যাগত হইয়া বহু বৎসর রাজত্ব করি-
বেন । ত্রিজগতে ইহার কীর্তি ঘোষিত
হইবে । ইনি মহাদেবের সহিত বহুকাল
অবাস্থতি করিবেন, সর্বাধি গুণে উৎকর্ষ
লাভ করিয়া বহু যজ্ঞ করিবেন, উত্তম পুত্র
লাভ করিবেন । ১২১—১৪৮ । দশরথ বশি-
ষ্ঠের এই কথা শ্রবণ করিয়া মনে মনে
রামের গুণের বিষয় আন্দোলন করত
বলিলেন,—রাম যখন অযোধ্যা ছাড়িয়া
বনে গমন করিতেছে, তখন আমার
মরণই মঙ্গল।” অনন্তর রাম মাতা, পিতা,
গুরু বশিষ্ঠ এবং অস্তান্ত সপত্নীমাতাকে
প্রণাম করিয়া বনে যাত্রা করিলেন ।
প্রথমে একদিন উদ্যানে থাকিয়া জটানিশ্রাণ
করিলেন, বহুল পরিধান করিলেন, দন্ত
ধাবন করিলেন, সর্বাঙ্গে ভস্ম মাখিলেন,
ভস্ম মাখিয়া এমন কোমল সুন্দর দেহ
কর্কশ করিয়া ফেলিলেন, এক উপবীত
দ্বারা জটাবন্ধন এবং এক উপবীত গজল
পরিধান করিলেন ; আর মণি-খচিত কুজ্রাক

দধানোহন্নভুযণাধিভূষিতসীতাসহায়ো লক্ষণা-
নুচয়ো বিবেশ বনাস্তরম্ ॥১৫১

অথানেকরাক্ষসাস্তশ্মিরিজঘান ভবানিব
নিখিলককার ॥১৫২

সীতাপহরগাদি নিখিলমপি ভবতো যথা
তথাত্থাথ সুগ্রীবাম্ভব্যমুকপর্ষিতঃ রামো
জগাম ॥১৫৩

নবিভ্ছ্যায়াচূতবৃক্ষমাসাদ্য লক্ষণসহায়ঃ
পরিভ্রম্যকল্পয়ৎ ॥ ১৫৪

বৃক্ষে তু ধন্বী আরোপ্যাসীনলক্ষণাক্তে
শিরঃ ক্লৃষা হরিচর্ম্মশয্যাশয়নো লক্ষিতাঃ
গীতিং শৃণ্বন মুক্ষফলং নিরীক্ষমাণো বানর-
মেকং মণিকুণ্ডলং হেমপিঙ্গলংসুদৃঢ়বঙ্কমোঞ্জী-
কোপীনমচ্ছোপবাতিনমতিচক্লফল-মাদায়া-

মালা গলে ধারণ করিলেন। সীতাদেবী
সামান্ত পরিচ্ছদ ও অলঙ্কার পরিধান
করিয়া তাঁহার অন্নগামিনী হইলেন।
লক্ষণ অন্নচয়ের স্নায় পশ্চাৎ পশ্চাৎ চলি-
লেন। তাঁহার এইরূপে সজ্জিত হইয়া
কাননমধ্যে প্রবেশ করিলেন। অনন্তর
সেই রাম আপনার স্নায় বনবাসী হইয়া
রাক্ষসবর্ধাদি অদ্ভুত কর্ম্ম সকল করিলেন।
আপনার যেরূপ সীতাহরণাদি ব্যাপার
ঘটিয়াছিল, তাঁহারও সেইরূপ সীতাহরণাদি
ব্যাপার ঘটিল। তাহার পর, রাম যথায়
সুগ্রীবের আশ্রয়, সেই ঋষ্যমুকপর্ষিতে
গমন করিলেন। তথায় ঘনচ্ছায় এক
আম্রবৃক্ষের তলে আশ্রয় গ্রহণ করিলেন;
সঙ্গে একমাত্র লক্ষণ। রাম বৃক্ষশাখায়
ধনুর্ধারণ বুলাইয়া রাখিলেন। লক্ষণ
বৃক্ষতলে বসিয়া রহিলেন। রাম লক্ষণের
ক্রোড়ে মস্তক রাখিয়া যুগচর্ম্মে শয়ন
করিলেন। শয়ান থাকিয়া রাম বৃক্ষের
উপর হইতে গীতিধ্বনি শ্রবণ করিয়া বৃক্ষের
ফল সকল খেদিকে লক্ষিত ছিল, সেই
শাখার দিকে দৃষ্টিপাত করিয়া দেখিলেন,
একটি বানর শাখায় বসিয়া আম্রফলের দিকে

অনি বিক্ষিপন্তঃ পুষ্পমঞ্জরীশ্চ কিরন্তঃ গান-
মন্নুকুর্ষন্তঃ ব্যজনেন রামং বীজয়ন্তমাক্রহ
শাখামপি তথা বীজয়ন্তমাবদ্ধচূতফলমাক্রঃ
রামো বীক্ষ্য লক্ষ্মণমভাষত,—লক্ষণ!
কোহয়ং কপিরিতি ॥ ১৫৫

লক্ষণোহপি ন জান ইতুবাচ ॥ ১৫৬
অথ রামঃ সমাহূয় কস্ত ত্বং কিং নামেত্য-
পৃচ্ছৎ ॥ ১৫৭

স চ সুগ্রীবস্ত হনুমানিত্যুবাচ রামং নন্দা
সুগ্রীবমেত্য নন্দা দেব নারায়ণ ইবাপরঃ
পুরুষো যুবা মেঘশ্রামো জটাজাহ্নুবাহরভীব-
যশস্বী সূর্য্যসঙ্কাশেন সহাপরেন করেণে-
বাস্তেহধরচূতচ্ছায়াধঃসংস্থিতৌ সর্ব্বলক্ষণ-

লক্ষ্য করিতেছে আর গান করিতেছে;
কখন তাঁহার দিকে ফল নিক্ষেপ করিতেছে,
কখন পুষ্পমঞ্জরী ছড়াইয়া দিতেছে, কখন
রামের অভিমুখে বায়ুসঞ্চালন করিতেছে,
কখন বা শাখা সঞ্চালন করিতেছে। তাহার
বর্ণ সুবর্ণের স্নায় পিঙ্গলবর্ণ, কর্ণে কুণ্ডল,
নির্ম্মল মঞ্জোপবীত। কটিতটে সুদৃঢ়ভাবে
বদ্ধ মোঞ্জী-কোপীন! সেই বানর শাখাব-
স্থিত হইয়া অতিশয় চপলতা প্রকাশ করি-
তেছে, কণকাল স্থিত হইয়া থাকিতে
পারিতেছে না। রাম তাহাকে দেখিয়া
লক্ষণকে বলিলেন,—“লক্ষণ! এই বানরটি
কে? ১৪২—১৫৫। লক্ষণ বলিলেন,—
“আমি জানি না।” তাহার পর রাম
সেই বানরকে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন
—“তুমি কে, কাহার লোক? তোমার
নাম কি? বানর “আমি সুগ্রীবের
লোক, আমার নাম হনুমান” এই কথা
বলিয়া রামকে প্রণাম করিয়া সুগ্রীবের
নিকটে গিয়া প্রণাম করিয়া বলিল,—দেব!
ষিভীয় নারায়ণের স্নায় ঘনচ্ছায় এক যুবা-
পুরুষকে দেখিয়া আসিলাম। তাঁহার মস্তকে
জটা, অজাহ্নুস্বিত বাহু দেখিয়া বোধ হইল
তিনি অতীব যশস্বী। তাঁহার সঙ্গে সূর্য্য-

সম্পন্নো রাজপুত্রো দৃষ্টাবৃক্ষশ্চ তাভ্যাং ।
সুগ্রীবায় নিবেদয়েতি তস্ময়ি নিবেদিতম ॥১৫৮

অথ সুগ্রীবঃ সত্বরমুখায় পাদসলিলার্চ-
নাদিদ্রব্যাদায় পাদপ্রক্ষালনাদিকং কৃত্বা
কলানি সমর্প্য ব্যজ্ঞাপয়ং কৌ যুবাঃ কিমর্থ-
ঃমাগতো রাজপুত্রো তপস্বিনাবিতি ॥ ১৫৯

সুগ্রীববচনমাকর্ণ্য লক্ষ্মণেনাভাষয়দ্রামঃ ॥১৬০

দশরথতনয়াবাং রামলক্ষ্মণে দুষ্টনিগ্রহ-
শিষ্টপয়িপালনায় বনং গতাবিতি ॥ ১৬১

অথ সুগ্রীবো যুবয়োরূপকারমপকারঃ
কার্যমস্তৌতি লক্ষ্যং ৩ । অস্তথা সেনাসমেতা-
বাগমিষ্যতঃ ॥ ১৬২

লক্ষ্মণোহস্তি কার্ধ্যাস্তরম্ । অমুয্য ভার্ধ্যাঃ

কেনাপহতা ন জ্ঞাতা ভামবেষ্টুমাগতো তদেবা-
বয়োঃ কার্ধ্যমস্তান্নুযুক্তিকং তদর্থমপি জলমিৎ
তন্নাবঃ । অপি পাতালং প্রবিশাবঃ । অপি
নাকং সাধয়াবঃ । অপি মহেশ্রং পাতয়াবঃ ।
অপি বলিনং হনাবঃ । কিমপি কুর্বহে ॥১৬৪
সুগ্রীব উবাচ ।

রাবণেনাপহৃতয়া কদাচিদ্ধ্রয়মাণাগতয়া
বিভূষণানি কানিচৈৎপরিত্যক্তানি গতানি
ময়া সংগৃহীতানি তানি দর্শয়ামীত্যাতাভাষ্য
রামং মন্দিরমাগময্য দর্শয়ামাস ॥ ১৬৫

রামোহপি নিরীক্য নিশ্চিত্য প্রকৃত্য ক
গতোহসৌ রাবণ ইতি পপ্রচ্ছ ॥ ১৬৬

তুল্য তেজস্বী তাঁহার দ্বিতীয় বাহর স্তায়
অপর একটি পুরুষ রহিয়াছেন। তাঁহার
পথিপার্শ্ব এক আম্রবৃক্ষের তলে অবস্থিতি
করিতেছেন। তাঁহাদের রাজ্যোচিত লক্ষণ
দেখিয়া বোধ হইল, তাঁহার্য কোন রাজার
পুত্র হইবেন। তাঁহার্য আমাকে ডাকিয়া
বলিলেন, ‘সুগ্রীবকে গিয়া আমাদের কথা
বল’ তাই আপনার নিকটে সংবাদ দিতে
আসিয়াছি। অনন্তর সুগ্রীব ভাড়াভাড়ি
উঠিয়া পদপ্রক্ষালন-জল ও পূজাদি দ্রব্য
লইয়া রামের নিকটে আগমন করিলেন
এবং তাঁহাদের পদপ্রক্ষালনাদি করিয়া দিয়া
আহারার্থ কতকগুলি ফল প্রদান করিয়া
বলিলেন,—আপনার্য কে? কি নিমিত্ত
এখানে আগমন করিয়াছেন? দেখিতেছি
আপনার্য রাজপুত্র হইয়া তপস্বী হইয়াছেন।
সুগ্রীবের কথা শ্রবণ করিয়া রাম লক্ষ্মণ দ্বারা
বলাইলেন,—আমরা দশরথের পুত্র, আম-
দের নাম রাম-লক্ষ্মণ, দুষ্টের দমন ও শিষ্টের
রক্ষণার্থ আমরা বনে আসিয়াছি। অনন্তর
সুগ্রীব বলিলেন,—আমার বোধ হইতেছে,
আপনার্যের বনে আগমনের অস্ত কোন
উদ্দেশ্য আছে; তাহা না হইলে সৈন্ত লইয়া
আসিতেন। লক্ষ্মণ উত্তর করিলেন,—হী অস্ত

একটু কার্ধ্য আছে; ইহার ভার্ধ্যাকে কে
অপহরণ করিয়াছে; আমরা তাহার সন্ধান
পাইতেছি না; তাঁহাকে অবেষণ করিয়া
বেড়াইতেছি; আপাততঃ তাহাই আমাদের
কার্ধ্য; অস্ত সকল আনুযুক্তিক হইয়া
দাঁড়াইয়াছে। তাঁহার উদ্ধারের জন্ত
আমরা সমুদ্র পার হইতে প্রস্তুত আছি,
পাতালে প্রবেশ করিতে পারি, স্বর্গে
যাইতে উদ্যত হইতেছি; ইন্দ্রকে রাজ্যচ্যুত
করিতে প্রস্তুত; বলিকে মারিতে উদ্যত।
তাঁহার জন্ত আমরা সকল কার্ধ্যই অসাধ্য
হইলেও করিতে প্রস্তুত হইতেছি। সুগ্রীব
বলিলেন,—ইতোমধ্যে রাবণ এক রমণীকে
অপহরণ করিয়া লইয়া গিয়াছে। সেই
রমণীটি যাইবার সময় (রোদন করিতে
করিতে) আমাদের এই স্থানে কতকগুলি
অলঙ্কার কেলিয়া গিয়াছেন; আমি তাহা
সংগ্রহ করিয়া রাখিয়াছি। আপনাকে
দেখাইতেছি, দেখুন দেখি, অলঙ্কারগুলি
আপনার ভার্ধ্যার কি না? এই বলিয়া
সুগ্রীব রামকে বাড়াইতে লইয়া গিয় অলঙ্কার-
গুলি দেখাইলেন। রাম সেই অলঙ্কারগুলি
দেখিবামাত্র সীতার বলিয়া চিনিতে পারিয়া
কিয়ৎক্ষণ রোদন করিলেন, তাহার পর
সুগ্রীবকে জিজ্ঞাসা করিলেন,—সেই রাবণ

স চ দক্ষিণামাশাং গত ইতি বভাষে । ১৬৭

অথ রামশ্চেন সখ্যমকরোদপৃচ্ছ চ
কিমর্থমিহ ভাৰ্ঘ্যাহীনঃ স্থিত ইতি । ১৬৮
কপিকবাচ ।

মম ভ্রাতা বালী মহাবলো মম ভাৰ্ঘ্যঃ
রাজ্যাকাপহতা কিকিঙ্কায়ামান্তে যুদ্ধেন চাহং
পরাজিতঃ । ১৬৯

তদ্বদায় সৰ্ব্বথা মম চিন্তা যথানে ত্রয়া
নিহন্ততে তথা ময়পি সাগরং বন্ধা পরতটে
লঙ্কায়ং স্থিতাং সীতাং রাবণেনাপহতাং তব
সমর্পণমীত্যভাষ্য শপথং কৃত্বা স্মগ্ৰীবো
বালিনাতিবলিনা যুদ্ধায়াহুয় তেন যুযুধে । ১৭০
রামোহ্যপনস্তরমনিচ্ছয়াবালিনং নাহরং ।

কোন দিকে গিয়াছে ?” স্মগ্ৰীব উত্তর করি-
লেন,—“সে দক্ষিণ দিকে গিয়াছে।”
অনন্তর রাম স্মগ্ৰীবের সহিত সোহর্দ
স্থাপন করিয়া জিজ্ঞাসা করিলেন,—তুমি
কি জন্ত এখানে ভাৰ্ঘ্যাহীন হইয়া রহি-
য়াছ ?” স্মগ্ৰীব বলিলেন,—বালী নামে
আমার এক ভ্রাতা আছে, সে অতি বলবান ;
সে আমার রাজ্য ও ভাৰ্ঘ্যাকে কাড়িয়া লইয়া
কিকিঙ্কায় বাস করিতেছে ; আমি যুদ্ধে
তাহার নিকটে গিয়া গিয়াছি । কিরূপে
তাহাকে মারিতে পারি, আমার মনোমধ্যে
সন্দেহই এই চিন্তা । আপনি যদি তাহাকে
মারিয়া ফেলিতে পারেন, তাহা হইলে আমি
সাগরবন্ধন করিয়া সাগরের ওপারে অব-
স্থিত রাবণহতা সীতাকে উদ্ধার করিয়া
আপনাকে দিতে পারি । এই বলিয়া শপথ
করিয়া স্মগ্ৰীব সেই অতি বলবান বালীকে
যুদ্ধের নিমিত্ত আহ্বান করিয়া তাহার সহিত
যুদ্ধ করিতে লাগিলেন । তাঁহাদের যুদ্ধ-
কালে রাম বালীকে মারিবার জন্ত যুদ্ধের
আড়ালে থাকিয়া লক্ষ্য করিতে লাগিলেন ;
কিন্তু দুই ভ্রাতারই একরূপ আকৃতি ; তাহা-
দের মধ্যে কে বালী, তাহা তিনি স্থির
করিতে না পারিয়া মারিতে পারিলেন না ।

অথ স্মগ্ৰীবঃ পলায়িতো রামমিদমভাষত তব
চিন্তমবজায় প্রবৃন্তো মরণায় । ১৭১

রামোহপি যুবয়োর্কিশেষজ্ঞানান্নয়া তুকাই-
ভূতং চিহ্নিতং ত্রাং নিরীক্ষ্য তং হস্মি । ১৭২

অথ স্মগ্ৰীবশিচ্ছং কৃত্বা বালিনং যুদ্ধায়াহুয়
সমতিষ্ঠত । ১৭৩

তারা বভাষে বালিনং সহায়বানিব লক্ষ্যতে
স্মগ্ৰীবো নো চেদেবং নঃস্থয়তি জাতং ময়া
রামলক্ষণৌ দশরথননয়ো নারায়ণশৌ ভূভা-
রাবতারায় সমাগতো তাবস্ত সহায়ভূতো ॥১৭৪
বালুবাচ ।

নীতিমান রাম ইতি ময়া ক্রতো ন হি বল-
বন্তং বিহায় তুর্কলং ভজতে তাদৃশঃ সমায়াতু

অনন্তর স্মগ্ৰীব বালীর হস্তে সাতিশয় প্রহার
প্রাপ্ত হইয়া পলাইয়া আসিয়া রামকে
বলিলেন,—“আপনার মনের ভাব না
জানিয়া মারিতে গিয়াছিলাম । এখনই
বালী আমাকে মারিয়া ফেলিয়াছিল ।”
রাম উত্তর করিলেন,—তোমাদের দুই
ভ্রাতার মধ্যে কে বালী, আমি তাহা নিশ্চয়
করিতে পারি নাই,—বলিয়া বাণ নিক্ষেপ
করিতে পারি নাই, এক্ষণে তুমি কোন চিহ্ন
ধারণ করিয়া যুদ্ধ করিতে যাও, আমি
বালীকে বধ করিতেছি । ১৫৬—১৭২ ।
অনন্তর স্মগ্ৰীব চিহ্নধারণ করিয়া বালীকে
পুনরপি যুদ্ধের নিমিত্ত ডাকিয়া যুদ্ধ-সজ্জিত
হইলেন । পরাজিত হইয়াও স্মগ্ৰীব
পুনরবার বালীকে যুদ্ধার্থ আহ্বান করিতে-
ছেন দেখিয়া তারা বালীকে বলিলেন,—
বোধ হয় স্মগ্ৰীব কাহারও সহায়তা পাইয়াছে,
তাহা না হইলে পরাজিত হইয়া তোমাকে
আবার ডাকিত না । এতক্ষণের পর
বুঝিয়াছি, দশরথের পুত্র রাম লক্ষণ,—
ঈহার নারায়ণের অংশ, ভূভার-হরণের
নিমিত্ত মর্ত্যলোকে অবতীর্ণ হইয়াছেন,
ঈহার স্মগ্ৰীবের সপায় হইয়াছেন । বালী
বলিলেন, আমি বুঝিয়াছি—রাম নীতিমান ।

বা রামঃ প্রতিবলমধিকং কৃৎষা বিভেতি বীরো
যদি রামঃ স্বয়ং যুদ্ধায় যাত্তদা যুদ্ধং কর্তব্য-
মিত্যাভাষ্য তারাং সম্ভাব্য সুগ্রীবযুদ্ধায়
নির্ধাতঃ ॥ ১৭৫

অথ মুষ্টিযুদ্ধমস্তোহস্তমভূৎ ॥ ১৭৬

রামোহপি বালিনং জঘান পপাত চ ॥

বাল্যাহ চাশস্বযুদ্ধে বাণঘাতোত্থ শোণিত
সর্বাঙ্গো বভূব ॥ ১৭৮

অথ তারা চাঙ্গদশ সমাগত্য ব্যাধিতো
বভূবভূঃ ॥ ১৭৮

অথ রাঘবং বানরাঃ সমায়তা বাল্য
পাস্তে নিপেতু কুরুতুশ্চ ॥ ১৮০

অথ তারা রামমাবভাষে শাস্ত্রকুশলাঃ শুরা
ধার্মিকা রাঘবাঃ পুরা চাপি রাম কথং

আমি সুগ্রীবের অপেক্ষা বলবান । বল-
বানকে পাইলে তিনি কখনও দুর্বলের
আশ্রয় গ্রহণ করিবেন না । নীতিমান বীর
পুরুষ আপনা অপেক্ষা বলবান প্রতিপক্ষ
দেখিলে ভয় পাইয়া পরাভূত হইয়া থাকেন ।
আর যদি রাম একান্তই আমার সহিত যুদ্ধ
করিতে আসেন, তাহা হইলে অবশু তাঁহার
সহিত যুদ্ধ করিব । এই বলিয়া তারার
নিকট বিদায় গ্রহণ করিয়া বালী সুগ্রীবের
সহিত যুদ্ধ করিতে বহির্গত হইলেন । অন-
ন্তর বালী ও সুগ্রীব উভয়ে পরস্পর মুষ্টিযুদ্ধ
করিতে লাগিলেন । ইত্যবসরে রাম
অস্ত্রালাে থাকিয়া বালীকে শরঘাত করি-
লেন । বালী আহত হইবামাত্র পতিত হইয়া
বলিলেন,—“আমাদিগের ত অস্ত্রযুদ্ধ হই-
তেছে না, তবে কে এরূপ অস্ত্রঘাত করিল ?
দেখিতে দেখিতে বালীর সর্বাঙ্গ রক্তাক্ত
হইয়া গেল । অনন্তর তারা ও অঙ্গদ
আসিয়া বালীকে তদবস্থ দেখিয়া ব্যথিত
হইলেন । অনন্তর অন্তান্ত বানরেরা তথায়
রামের নিকটে আগমন করিয়া সেই নিহত
বালীর চতুঃপার্শ্বপতিত হইয়া রোদন করিতে
আরম্ভ করিল । অনন্তর তারা রামকে

পাপমকাষীঃ । ন কলধর্ম্যং জানীষে রাজগণ-
সেবিতম্ ॥ ১৮১

অস্তোহস্তং যুধ্যতোবুদ্ধে জয়ো বা মরণং

ভবেৎ ॥

অস্তো যদি তয়োহস্তাদ্ বক্ষহা স নিগদাতে ॥

কিং বৈরেণ বালিনমাহ নঃ কিং বৈরম্ ॥

যদি মাংসার্থমভোজ্যাং বানরমাংসম্ ॥ ১৮৩

যদ্যাশ্নোহপ্রিয়াং সুখাভাবাদপরেষামপি
তথাভাবং মনুসেহহো বিমোহাদযদি মামা-
দাতুমিদং কৃতমেকপত্নীবতং তব ॥ ১৮৪

কহিলেন,—শুনিয়াছি ; রঘুবংশীয় রাজারা
বীর শাস্ত্রজ্ঞ এবং ধার্মিক । তাঁহারা এই
রূপ অধার্মিক কাপুরুষের মত কার্য
করেন না, তবে কেন রাম ! আপনি এই-
রূপ পাপ কার্য করিলেন । আপনি নিশ্চয়ই
কত্রিয়ধর্ম্য—যাহা সকল রাজারাই পালন
করিয়া গিয়াছেন, তাহা জানেন না । যুদ্ধ-
ক্ষেত্রে পরস্পর যুদ্ধ করিতে করিতে জয় বা
মৃত্যু অবশুভাবী ইহা জানিয়াই লোকে যুদ্ধ
করিতে গিয়া থাকে ; এরূপ ক্ষেত্রে যোদ্ধা
যোদ্ধাকে মারিলে দোষের হয় না । কিন্তু
তৃতীয় ব্যক্তি আসিয়া যদি অলক্ষিতভাবে
তাহাদের কাহাকেও বধ করে, তাহা হইলে
তাঁহার ব্রহ্মহত্যা করার পাপ হয় । আপনি
বালীকে মারিয়া বৈরনির্ধাতন করি-
লেন ? তাহাই যদি করিয়া থাকেন ত
বলুন, বালীর সহিত আপনার কি শত্রুতা
ছিল ? যদি মাংসার্থী হইয়া বালীকে বধ
করিয়া থাকেন, তাহা হইলে আপনার সে
কার্য বুঝা হইয়াছে, কারণ বানরের মাংস
অভক্ষ্য । যদি নিজে অশুখী আছেন
বলিয়া অপরকেও অশুখী করিবার ইচ্ছায়
এইরূপ কার্য করিয়া থাকেন, তাহা হইলে
আপনার অতি দুর্বুদ্ধি বলিতে হইবে ।
কলে আপনার শ্রায় মহাশ্রা ব্যক্তির এরূপ
পরসুখদ্রেষ হওয়া সম্ভাবিত নহে । তবে
বোধ হয়, আমাকে গ্রহণ করিবার জন্ত

যদি রাবণহৃতাং সীতামানেতুঃ সুগ্রীব-
সহায়কৃতমেবমতো মহদস্তরং বলবুদ্ধেন মহা-
বলেন বালিনা । ১৮৫

সন্তাবেন দিনকরাবর্জিতান্তরে সীতা-
মানেতুঃ সমর্থেন স্মরণাগতরাবণদানসমর্থেন
বানরস্বাজেন পঞ্চাশৎপরার্কীবানরভল্লুকসেনা-
বতাস্বকার্ষেণ সিধ্যতে ইতি কিং সুগ্রীবে-
ণাঙ্গবীর্যেণ সপ্তপরার্কসেনাপতিনা কপিণা
কিং সিধ্যতি কার্যং বচনবতা । ১৮৬

অহোহস্তানং সর্গং দেব ভদ্রং যতুক্তো-
হসি । ১৮৭

বক্তি চ রামঃ পৃথিবীপতিনা ময়া তুষ্টে-

এই দুষ্কর্ম করিয়াছেন; তাই বা বিশ্বাস
করি কিরূপে? কারণ শুনিয়াছি, আপনি
একপত্নীব্রত, পরদারে দৃষ্টিপাতও করেন
না; তবে রাবণ আপনার সীতাকে
অপহরণ করিয়া লইয়াছে, সেই সীতাকে
উদ্ধার করিবার জন্ত সুগ্রীবের সাহায্য
গ্ৰহণাভিলাষে যদি এই কার্য করিয়া থাকেন,
তাহা হইলে আপনার এ কার্য অতি অন্তায়
হইয়াছে। আপনি জানেন না, মহাবল-
শালী বালী ও সুগ্রীবে অনেক প্রভেদ;
আপনি বালী দ্বারা যে কাজ পাইতেন,
সুগ্রীব দ্বারা তাহার শতাংশের একাংশও
পাইবেন না। বালীর সহিত সন্তাব করিলে
দেখিতেন, বালী সূর্যাস্তের মধ্যে সীতাকে
আনিয়া দিতে পারিতেন; রাবণকেও
বলপূর্বক আপনার নিকটে আনিয়া আপ-
নার শরণাপন্ন করিতেন। বালী বানরের
রাজা; পঞ্চাশৎপরার্ক বানর ও ভল্লুক
বালীর সৈন্য; এক বালী দ্বারাই আপনার
সকল কার্য সিদ্ধ হইত। সুগ্রীবের দ্বারা
আপনার কি কাজ হইবে? সুগ্রীব কেবল
কথায় মজবুত; ক্ষমতা অতি সামান্য;
দণ্ড পরার্কি মাত্র ইহার সৈন্য। দেব! আপ-
নার আশ্চর্য্য হর্ষহুঙ্কি উপস্থিত; আমি
মাখনাকে ভাল কথাই বলিলাম। স্বাম উত্তর

নিগ্রহণং কার্য্যং শিষ্টপরিপালনঞ্চ বালিনা
সুগ্রীবমহিবীকৃমাপহতা রাজ্যঞ্চ । অতশ্চ ন
তাদৃগ্ধে দোষঃ । ১৮৮

তারোবাচ। সুগ্রীবোহপি তর্হি বধ্যো
হৃন্দুভিনা যুধ্যতা বালিনা বিলং প্রবিষ্টেন বৎ-
সরং তত্রোষিতং তদস্তরে চ মামপহত্য
রাজ্যঞ্চ কৃতং সুগ্রীবেণ তৎ পূর্বমপি পশ্যন্তঃ
হস্তম্ । ১৮৯

রামোবাচ। কিমৎকালপূর্বমিদঞ্চ বদ।

তারোবাচ। যষ্টিবর্ষসহস্রাদক্ষীগণীতিতমে
বর্ষে রক্ষোযুদ্ধে সুগ্রীবেণ রাজ্যমপহতং
পুনশ্চ বর্ষান্তরে প্রাপ্তেন বালিনা সুগ্রীবঃ
পলায়িতোহপহত্য তস্ম ভার্ঘ্যা রাজ্যঞ্চাপহতং

করিলেন,—আমি রাজা, ছষ্টের দমন ও
শিষ্টের পালন আমার অবশ্যকর্তব্য। বালী
সুগ্রীবের রাজ্য ও তদীয় পত্নী কুমাকে অপ-
হরণ করিয়া অতি হৃষ্টতা প্রকাশ করিয়াছে,
সুতরাং তাহাকে বধ করা আমার অন্তায়
হয় নাই। তারা বলিলেন,—আপনি যদি
তাই বলেন, তবে সুগ্রীবও আপনার বধ্য;
এক সময়ে সুগ্রীবও বিলক্ষণ হৃষ্ট-স্বভাবের
পরিচয় দিয়াছে,—হৃন্দুভির সহিত যুদ্ধ
করিতে বালী যখন গর্ভমধ্যে প্রবিষ্ট হইয়া
একবৎসর তথায় বাস করিয়াছিলেন, সেই
অবসরে সুগ্রীব আমাকে অপহরণ করিয়া
বালীর স্থান অধিকারপূর্বক রাজত্ব করিয়া
ছিল; অতএব সুগ্রীবকে আপনার প্রথমে
বধ করা উচিত, তাহার পর বালীকে। রাম
বলিলেন,—এ কত কালের কথা, বল দেখি।
তার উত্তর করিলেন,—ষাটহাজার বৎসর
পূর্বে অশীতিবৎসর বয়সকালে হৃন্দুভি রাক্ষ-
সের সহিত বালীর যুদ্ধ হয়, সেই সময়ে
সুগ্রীব বালীর রাজ্য অপহরণ করে; পরে
এক বৎসরের পর বালী যুদ্ধ করিয়া প্রত্যা-
গত হইলে সুগ্রীব পলায়ন করে; তখন
বালী ক্রোধে সুগ্রীবের ভার্ঘ্যা এবং রাজ্য

ভাস্মিয়েব দিনে ভবতঃ পিতৃর্দশরথস্থ্যভি-
বেকঃ ॥ ১১১

রাম উবাচ ।

ময়া পিতৃষুশাসনাজ্যগততৃষ্ণনিগ্রহঃ
কৃতঃ গুরুবচনস্থালজ্বনীয়বাস্তদপহরণ-
বেলায়াং যো রাজা স নাচরৎ ॥ ১১২

অথবা স্বতন্ত্রৌ মৃগো মৃগয়োহঁতশ্চ বালী
মৃগাণামস্তোচ্ছাদারণাদ্যজুগুপ্সা চ সতো মম
মৃগয়াবৎ অথ বিমৃগাণাম্ ॥ ১১৩

চলিতাস্তবদ্বানাং চলদ্ভ্রাস্তপয়ায়িণাম্ ।

অথাবসৃজতাং সঙ্গমুঞ্জুক্তা মৃগয়া তথা ॥ ১১৪

মৃগয়াশাস্ত্রবিধিতে মৃগয়েয়ং ময়া কৃতা ।

দর্শনাদর্শনাভ্যাক ধাবাধাবানস্তথা ॥ ১১৫

অবরোহাৎ পরং স্থানং সাধয়ানাং প্রভিদ্যতে
রাজ্যক মৃগয়া ধর্ম্মো বিনা আমিষভোজনম্ ॥

অথ রামবচনমাকর্ণ্য সর্ব্ব এব প্রাকম্পয়ন
শিরাংসি ॥ ১১৭

বালী বভাষে রামমঞ্জলিং মস্তকে নিধায়
নমস্তে রাম শৃগু বচনং মম ॥ ১১৮

অপহরণ করিয়াছিলেন। সেইদিনে আপ-
নার পিতা দশরথের রাজ্যাভিষেক হয়।
রাম বলিলেন,—আমি পিতার আদেশে
আমার রাজ্যমধ্যবস্তী দুষ্টির নিগ্রহ করি-
য়াছি। গুরুজনের আদেশ লঙ্ঘন করা
উচিত নহে, তাই এ কার্য করিয়াছি; তবে
সুগ্রীব যে সময়ে বালার ভার্যা ও রাজ্য
অপহরণ করিয়াছিল, তখন যিনি রাজা
ছিলেন, তিনি উহাকে শাসন করেন নাই!
তাই বালয়া তখনকার বিচার এখন আমি
করি কিরূপে? অথবা বালী ও সুগ্রীব
